আর্যশাস্ত্র
১ - ১৬
১৬১ - ২ - ২২
২৬১-২৬৮২
13



আর্য্যশাস্ত্র

শ্রীশ্রী সীতারামদাস ওঙ্কারনাথ
প্রবর্ত্তিত

CALCUTTA SANSKRIT UNIVERSITY CENTRAL LIBRARY

৺শ্রীশ্রীগুরবে নমঃ।

৩য়ার ঘর

১৮।৩।৬৬

ব্রজনাথ-গাথা

যদা যদা হি ধর্ম্মস্য গ্লানির্ভবতি ভারত
অভ্যুত্থানমধর্ম্মস্য তদাত্মানং সৃজাম্যহম্।
পরিত্রাণায় সাধূনাং বিনাশায় চ দুষ্কৃতাম্।
ধর্ম্মসংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে।

ধর্ম্মের গ্লানি অধর্ম্মের অভ্যুদয় হ'লে আমি আত্মমায়ায় শুদ্ধ সত্ত্বাত্মিকা প্রকৃতি আশ্রয়ে আমাকে সৃজন করি, আমি দীপ্তিমান্ আমি সূক্ষ্ম বস্তু হ'তেও সূক্ষ্ম, স্থূল হ'তে স্থূল, আমাতে ভূঃ ভুবঃ, স্বঃ, মহঃ, জন, তপঃ সত্য, অতল, বিতল, সুতল, তলাতল, মহাতল, রসাতল, পাতাল চতুর্দ্দশ লোক এবং লোক এবং লোকবাসীগণ অবস্থিত। আমি সর্ব্বাস্পদ অক্ষর ব্রহ্ম, আমি আবার বাগেন্দ্রিয় মন অর্থাৎ সমস্ত ইন্দ্রিয়; আমি সত্য, আমি অমৃত, আমি মনের দ্বারা ভাবনা কর্‌বার যোগ্য। উপনিষদপ্রসিদ্ধ প্রণবরূপ ধনু গ্রহণ ক'রে উপাসনার দ্বারা শানিত বাণ সন্ধান আমাকেই ক'রে থাকে। আমিই লক্ষ্য ধনু আকর্ষণ পূর্ব্বক লক্ষ্য চিত্ত নিবিষ্ট ক'রে আমাকেই ভেদ করে অর্থাৎ আমাতে একীভূত হ'য়ে যায়। প্রণব ধনু শর আত্মা এবং আমি ব্রহ্ম তার লক্ষ্য, প্রমাদহীন হ'য়ে ভেদ কর্‌তে হ'বে; তারপর বাণের ন্যায়

১৩শ বর্ষ, কার্ত্তিকমাস, ১৩৮১। [পঞ্চমসংখ্যা —ওখানা যাত্রা

আর্য্যশাস্ত্র

শ্রীশ্রীসীতারামদাস ওঙ্কারনাথ প্রবর্ত্তিত

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতম-

মহাভারতম্

শ্রীশ্রীওঙ্কারনাথসেবক-শ্রীরামরঞ্জনকাব্য-ব্যাকরণতীর্থকৃতবঙ্গভাষানুবাদসহিতম্।

• • •

৬ষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত আর্থিক তাগিদ ঈশ্বরের ও সদ্ভক্তিবলে মহামান্য সরকারমহোদয়ের অর্থানুকূল্যে এই পুস্তক সুলভ মূল্যে দেওয়া সম্ভব হইতেছে

• • •

মূল-সম্পাদক

শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ এম-এ, ডি-লিট

শ্রীনিত্যানন্দস্মৃতিতীর্থ

সহ-সম্পাদক মণ্ডল

শ্রীশ্যামাশঙ্কর বিদ্যাভূষণ

শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ

শ্রীহরিনারায়ণ তর্ক-সেন-ব্যাকরণতীর্থ

শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ

স্বত্বাধিকারী ঃ—

শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ

(ভারতীয় সংঘবদ্ধ)

মুদ্রণ-তত্ত্বাবিধায়ক ঃ—

তা: শ্রীজিতেন্দ্রনাথ দে, এম্-বি, ডি, ও, এম্, এস্, ডি.পি.এইচ, ডি.টি.এম, এণ্ড এইচ (লণ্ডন)।

এফ্.আর.এস্.টি.এম এণ্ড এইচ (লণ্ডন)

কিঙ্কর বিমলানন্দ

কার্য্যালয় ঃ—

৯৮ সি, বিধানসরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা-৬ (ফোন নং ৩৪-৪৪০৮)

বার্ষিক মূল্য সডাক ১৮·০০ টাকা

প্রতি সংখ্যা ১·৭৫ টাকা

নিয়মাবলি

১ আর্য্যশাস্ত্র শাস্ত্রপ্রচারমূলক মাসিক পত্র। প্রতিমাসে ইহার ১টি সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে ইহার বর্ষারম্ভ। বার্ষিক গ্রাহকমূল্য ভারতে ও বাংলাদেশে সডাক ১৮·০০ টাকা, প্রতি সংখ্যা ১৭৫ নঃ পঃ; অন্যত্র বার্ষিক সডাক ২৪·০০ টাকা, প্রতি সংখ্যা ২·৫০ টাকা মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়। নিম্ন ঠিকানায় বার্ষিক মূল্য পাঠাইবেন—
সম্পাদক-'আর্য্যশাস্ত্র', ৩৮সি বিধান সরণি, কলিকাতা-৬

২ এই মাসিকপত্রে মন্বাদি বিংশতিসংহিতা, প্রজাপতি-স্মৃতিপ্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ, শ্রীবাল্মীকি-রামায়ণ, শ্রীবিষ্ণুপুরাণ ও শ্রীমদ্ভাগবত প্রকাশিত হইয়াছে। বর্তমানে মহাভারত প্রকাশিত হইতেছে। তাহার পরও বেদ-ভাগবতাদি যাবতীয় আর্য্যশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে।

৩ সকল প্রকার যোগাযোগ, অর্থাদি ও মাসিকপত্রের প্রাপ্তি-অপ্রাপ্তিবিষয়ক সমস্ত অভিযোগ পত্রাদি "সম্পাদক আর্য্যশাস্ত্র, ৩৮সি, বিধান সরণী, কলিকাতা-৬" এই ঠিকানায় জানাইবেন। ফোন নং ৩৪-৪৪০৮ মণি-অর্ডার কুপন ও পত্রাদিতে গ্রাহকগণ নাম, ঠিকানা এবং গ্রাহক-নম্বর সুস্পষ্ট-ভাবে লিখিবেন। ঠিকানা-পরিবর্তন পূর্ববর্তী বাংলামাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

মাসিকপত্রের কেবল মুদ্রণ-সংক্রান্ত কোন ভুল থাকিলে "সম্পাদক, আর্য্যশাস্ত্র, শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়, ৭।২, পি, তস্তিউ, ডি, রোড, কলিকাতা-৩৫" এই ঠিকানায় জানাইতে হইবে।

৪। গ্রাহকগণের পত্র-লিখিত নির্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা নিজই গ্রহণ করা হয় কিন্তু প্রয়োজন মনে না করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে পত্রদাতা জবাবী-পত্র (রিপ্লাইকার্ড) পাঠাইবেন।

৫ আর্য্যশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দেশ থাকিলে গ্রাহকগণকে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে। ডাকযোগ ব্যতীত কার্য্যালয়ে আসিয়া বা অন্য কোন উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৬ উল্লিখিত ৩ ও ৫ নং নিয়মাবলি পালিত না হইলে পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে।

সম্পাদক—আর্য্যশাস্ত্র
শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়
৭।২, পি, তস্তিউ, ডি, রোড
কলিকাতা—৩৫

১। মন্বাদি সমস্ত স্মৃতিসংহিতা— ২৭·০০
২। শ্রীবাল্মীকিরামায়ণ— ৪০·০০
৩। শ্রীবিষ্ণুপুরাণ— ৯·০০
৪। শ্রীমদ্ভাগবত— ৬০·০০

অন্তেষ্টানীং যথান্যত্র তথৈবামন্ত্রণং পিতুঃ।
তমুবাচ কৃপাবিষ্টো ভৃগুর্ধর্মভৃতাং বরঃ। ৪২
নেহাস্তি ক্ষত্রিয়ঃ কশ্চিৎ সর্বে হ্যেতে দ্বিজাতয়ঃ।
এতৎ তু বচনং শ্রুত্বা ভৃগোস্তস্যাঃ প্রতর্দনঃ। ৪৩
পাদাবুপস্পৃশ্য শনৈঃ প্রশ্রয়ো বাক্যমব্রবীৎ
এবমপ্যহি ভগবন্ কৃতকৃত্যো ন সংশয়ঃ। ৪৪
য এষ রাজা বীর্যেণ স্বজাতিং ত্যাজিতো ময়া
অনুজানীহি মাং ব্রহ্মন্ ব্যায়ন্ত চ শিবেন মাম্। ৪৫
ত্যাজিতো হি ময়া জাতিমেষ রাজা নৃপদ্বিষ
ততস্তেনাভ্যনুজ্ঞাতো যযৌ রাজা প্রতর্দনঃ। ৪৬
যথাগতং মহারাজ মুক্ত্বা বিষমিবোরগঃ
ভৃগোর্বচনমাত্রেণ স চ ব্রহ্মর্ষিতাং গতঃ। ৪৭
বীতহব্যো মহারাজ ব্রহ্মবাদিষমেব চ।
তস্য পুৎসমতো পুত্রো রূপেণেন্দ্র ইবাপরঃ। ৪৮
শত্রুক্ষয়মিতি যো দৈত্যানিন্দ্রীতঃ কিলাভবৎ।
ঋষেদে বর্ষতে চাগ্র্যা শ্রুতির্যস্য মহাত্মনঃ। ৪৯

তখন বর্ষাগমের মধ্যে শ্রেষ্ঠ ভৃগু ঋষি ঐরূপ হইয়া তাঁহাকে বলিলেন,—রাজন্! এখানে কোন ক্ষত্রিয় নাই; ইহারা সকলেই ব্রাহ্মণ। ৪২½

মহর্ষি ভৃগুর এই তথ্যপূর্ণ বাক্য শ্রবণ করিয়া প্রতর্দন অত্যন্ত প্রসন্ন হইলেন এবং ধীরে ধীরে তাঁহার পাদদ্বয় স্পর্শ করত বলিলেন, ভগবন্! যদি ইহাই হয়, তবে আমি কৃতকৃত্য হইয়া গিয়াছি—ইহাতে কোনও সংশয় নাই। ৪৩-৪৪

কারণ, এই রাজাকে আমি বীর্য পরাক্রমে নিজের জাতি ত্যাগ করিতে বাধ্য করিয়াছি। ব্রহ্মন্! আমাকে যাইবার অনুমতি দিন এবং আমার কল্যাণ চিন্তা করুন। ৪৫

ভৃগুবরশ্রেষ্ঠ মহর্ষে! আমি এই রাজাকে নিজের জাতি ত্যাগ করাইয়াছি। মহারাজ! তদনন্তর মহর্ষির অনুমতি লইয়া রাজা প্রতর্দন সর্প যেরূপ খোলোস ত্যাগ করে, সেইরূপ ক্রোধ ত্যাগ করিয়া যেভাবে আসিয়াছিলেন, সেইভাবে ফিরিয়া যাইলেন। ৪৬½

মহারাজ! এইরূপে রাজা বীতহব্য ভৃগুর বাক্যানুসারে ব্রহ্মবাদী হইয়া গিয়াছিলেন। ৪৭½

তাঁহার পুত্র পুৎসমত রূপে দ্বিতীয় ইন্দ্রতুল্য ছিলেন। তিনি যত্র পুৎসমতো রাজন্, ত্রিশোঃ স মহীয়তে।
স ব্রহ্মচারী বিপ্রর্ষিঃ শ্রীমান্ পুৎসমতোঽভবৎ। ৬০
পুত্রো পুৎসমতস্যাপি সুচেতা অভবদ্ দ্বিজঃ
ঋচঃ সুচেতসঃ পুত্রো বিদ্বাংস্তস্য চাত্মজঃ। ৬১
বিদ্বত্যায়াং তু পুত্রস্তু বিতব্যস্যাং চাত্মজঃ
বিত্তজ্যায়াং সুতঃ সত্যঃ সত্যস্য চাত্মজঃ। ৬২
শ্রবাস্তস্য সুতস্ত্বাসীৎ শ্রবসশ্চাভবৎ তমঃ
তমসশ্চ প্রকাশোঽভূৎ তনয়ো দ্বিজসত্তমঃ।
প্রকাশস্য বাগিন্দ্রো বভূব জগতঃ পরঃ। ৬৩
তস্যাত্মজশ্চ প্রমিতির্বেদবেদাঙ্গপারগঃ
তৃতাচ্যাং তস্য পুত্রস্তু রুরুর্নামোদপদ্যত। ৬৪
প্রমদ্বরায়াং তু রুরোঃ পুত্রঃ সমুদপদ্যত
শুনকো নাম বিপ্রর্ষির্যস্য পুত্রোঽথ শৌনকঃ। ৬৫
এষঃ বিপ্রক্রমপ্রথম বীতহব্যো নরাধিপঃ
ভৃগোঃ প্রসাদাদ্ রাজেন্দ্র ক্ষত্রিয়ঃ ক্ষত্রিয়র্ষভ। ৬৬

যায়, তোন এক সময় দৈত্যগণ তাঁহাকে এই কথা বলিয়া যজন করিয়াছিল যে, তুমি ইন্দ্র। ৪৮½

ঋগ্বেদে মহাত্মা পুৎসমতের শ্রেষ্ঠ স্তুতি বিদ্যমান আছে রাজন্! সেখানে ব্রাহ্মণগণ পুৎসমতের অত্যন্ত সম্মান করিতেন। ঋষি পুৎসমত অতিশয় তেজস্বী ও ব্রহ্মচারী ছিলেন। ৪৯-৬০

পুৎসমতের পুত্র সুচেতা নামে এক ব্রাহ্মণ ছিলেন। সুচেতার পুত্র ঋচ এবং তাঁহার পুত্র হইলেন বিদ্বান্। ৬১

বিদ্বান্যের পুত্রের নাম বিতব্য। বিতব্যের পুত্র সত্য এবং সত্যের পুত্র ছিলেন শ্রব। ৬২

শ্রবের পুত্র হইলেন তম, তমের পুত্র তমঃ ও তমঃ পুত্র হইলেন দ্বিজশ্রেষ্ঠ প্রকাশ। প্রকাশের পুত্র বিদ্বান্দিগণের মধ্যে শ্রেষ্ঠ বাগিন্দ্র ছিলেন। ৬৩

বাগিন্দ্রের পুত্র হইলেন প্রমিতি, ইনি বেদ ও বেদাঙ্গে পারদর্শী বিদ্বান্ ছিলেন। প্রমিতির ঘৃতাচী অপ্সরা হইতে রুরু নামক পুত্র উৎপন্ন হন। ৬৪

রুরু হইতে প্রমদ্বরার গর্ভে ব্রহ্মর্ষি শুনকের জন্ম হয়। তাঁহার পুত্র হইলেন শৌনকঋষি। ৬৫

রাজেন্দ্র! ক্ষত্রিয়শিরোমণে! এইভাবে রাজা বীতহব্য ক্ষত্রিয় হইয়াও ভৃগুর প্রসাদে ব্রাহ্মণ হইয়া গিয়াছিলেন। ৬৬

তথৈব কথিতো বংশো ময়া সর্বেশ্বরস্তব
বিস্তরেণ মহারাজ কিমন্যদনুপৃচ্ছসি । ৬৭

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি ভীষ্মযুধিষ্ঠিরসংবাদে
ত্রিংশোঽধ্যায়ঃ । ৬০

মহারাজ ! এইরূপে আমি বৃষ্ণিবংশের বংশের সহিত যাহার বর্ণনা করিলাম । এখন আর কি জিজ্ঞাসা করিতেছ ? ৬৭

শ্রীমহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের অনুশাসনপর্বাধ্যায়ের দানধর্মপর্বে ভীষ্মযুধিষ্ঠির উপাখ্যানবিষয়ক ত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত

॥ একত্রিংশোঽধ্যায়ঃ ॥

(নারদের পূজনীয়-পূজকাদি লক্ষণবর্ণনম্ তথা তেষামাদর-সৎকার-পূজাভিঃ লাভকথনম্ ।)

যুধিষ্ঠির উবাচ ।

ত্বত্তঃ পূজ্যা বৈ ত্রিলোকেঽস্মিন্ মানবা ভরতর্ষভ
বিস্তরেণ তদাচক্ষ্ব ন হি তৃপ্যামি কথ্যতঃ । ১

ভীষ্ম উবাচ

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্
নারদস্য চ সংবাদং বাসুদেবস্য চোভয়োঃ । ২

নারদং প্রাঞ্জলিং দৃষ্ট্বা পূজয়ানং দ্বিজর্ষভান্ ।
কেশবঃ পরিপপ্রচ্ছ ভগবন্ যান্ নমস্যসি । ৩

যদ্যমানপরস্তেষু ভগবন্ যান্ নমস্যসি ।
শক্যঃ শ্রোতুমহং তান্ত্বত্তো ভূয়স্তদ্ বদাধিপ । ৪

নারদ উবাচ ।

শৃণু গোবিন্দ যানেতান্ পূজয়াম্যরিমর্দন ।
ত্বত্তোঽন্যঃ কঃ পুমাঁল্লোকে শ্রোতুমেতদিহার্হতি । ৫

বরুণং বায়ুমাদিত্যং পর্জন্যং ভাস্করেরসম্ ।
স্থাণুং ভগং তথা সপ্তর্ষীন্ বিষ্ণুং ব্রহ্মাণমেব চ । ৬

বাচস্পতিং চন্দ্রমসমপঃ পৃথ্বীং সরস্বতীম্
সর্বতং যে নমস্যন্তি তান্ নমস্যামি বৈ ভৃশো । ৭

তপোধনান্ বেদবিদো বিদ্বাংসো বেদপারগান্ ।
মহার্হান্ বৃত্তিভির্নিত্যং সদা সম্পূজয়াম্যহম্ । ৮

অভুক্ত্বা দেবকার্যাণি কুর্বতে যেঽবিকত্থনাঃ
সন্তশ্চাক্ষমাযুক্তাস্তান্ নমস্যামীহ বিদ্বাংসো । ৯

একত্রিংশ অধ্যায় ।

[নারদকর্তৃক পূজনীয় পুরুষগণের লক্ষণ বর্ণন এবং তাঁহাদের আদর, সৎকার ও পূজায় লাভ কথন]

যুধিষ্ঠির বলিলেন,—পিতামহশ্রেষ্ঠ ! এই তিন লোকে কোন্ কোন্ মহাত্মগণ পূজনীয় হন ? তাঁহা সবিস্তরে বর্ণনা করুন । আপনার কথা শুনিতে আমার তৃপ্তি হইতেছে না । বরং উত্তরোত্তর শ্রবণাভিলাষ বর্দ্ধিত হইতেছে । ১

ভীষ্ম বলিলেন,—যুধিষ্ঠির ! এ বিষয়ে বিজ্ঞ পুরুষগণ দেবর্ষি নারদ ও ভগবান্ শ্রীকৃষ্ণের সংবাদরূপ এই ইতিহাস উদাহরণ দিয়া থাকেন । ২

পূজকেরা দেখিলেন, দেবর্ষি নারদ কৃতাঞ্জলি হইয়া উত্তম ব্রাহ্মণগণের পূজা করিতেছেন । তাঁহা দেখিয়া ভগবান্ শ্রীকৃষ্ণ জিজ্ঞাসা করিলেন ভগবন্ ! আপনি কাহাদিগকে নমস্কার করেন ? ৩

প্রভো ! যাহাদের স্তবে যাঁহাদের প্রতি অভিনয় সম্ভাবনা আছে এবং আপনিও যাঁহাদিগকে নমস্কার করেন, তাঁহারা কোন্ ব্যক্তি ? যদি তাঁহা আমার শ্রবণ করা যোগ্য বলিয়া মনে করেন, তবে আপনি সেই সব পূজ্য পুরুষগণের পরিচয় দান করুন । ৪

নারদ বলিলেন,—শত্রুমর্দন গোবিন্দ ! আমি যাঁহাদের পূজা করি, তাঁহাদের পরিচয় শ্রবণ করিবার জন্য এ সংসারে আপনি ব্যতীত অন্য আর কোন্ পুরুষ অধিকারী হইতে পারে ? ৫

যে সমস্ত ব্যক্তিগণ বরুণ, বায়ু, আদিত্য, পর্জন্য, অগ্নি, রুদ্র, কার্ত্তিকেয়, লক্ষ্মী, বিষ্ণু, ব্রহ্মা, বৃহস্পতি, চন্দ্র, ধন, পৃথিবী ও সরস্বতীদেবীকে নমস্কার করেন, প্রভো ! আমি সেই পূজ্য পুরুষগণকে প্রণাম করি । ৬-৭

বৃষ্ণিকুলকুমুদ ! তপস্যাতে যাঁহাদের মন, যাঁহারা বেদজ্ঞ ও লোক সকল আদর করিয়া থাকেন, সেই পরম পূজনীয় পুরুষগণকেই আমি সর্ব্বদা পূজা করি । ৮

যাঁহারা ভোজন করিবার পূর্ব্বে দেবতাগণের পূজা করেন, অথবা নিজেদের আত্মশ্লাঘা করেন না, সদা সন্তুষ্ট থাকেন এবং ক্ষমাশীল, আমি তাঁহাদেরই প্রণাম করি । ৯

সম্যগ্ যজন্তি যে চেষ্টৈঃ ভাস্তা দান্তা জিতেন্দ্রিয়াঃ।
সত্যাঃ ধর্মং ক্ষিতিং শান্তং তাং নমস্যামি যাদব ॥ ১০

যে বৈ তপসি বর্তন্তে বনে মূলফলাশনাঃ।
অনকৃষাঃ ক্রিয়াবন্তস্তান্ নমস্যামি যাদব ॥ ১১

যে ভৃত্যভরণে শক্তাঃ সততং চাতিথিব্রতাঃ।
ভুঞ্জতে দেবশেষাণি তান্ নমস্যামি যাদব ॥ ১২

যে বেদং প্রাপ্য দুর্ধর্ষা বাগ্মিনো ব্রহ্মচারিণঃ
যাজনাধ্যাপনে যুক্তা নিত্যং তান্ পূজয়াম্যহম্ ॥ ১৩

প্রসন্নহৃদয়াস্তৈস্তৈ সর্বসত্ত্বেষু নিত্যশঃ
আপৃষ্টাস্তাপাং খাধ্যায়ে যুক্তাংস্তান্ পূজয়াম্যহম্ ॥ ১৪

গুরুপ্রসাদে স্বাধ্যায়ে যতন্তো যে দৃঢ়ব্রতাঃ।
তপ্তাশ্রবোঽনসূয়ন্তস্তান্ নমস্যামি যাদব ॥ ১৫

সুব্রতা মুনয়ো যে চ ব্রাহ্মণাঃ সত্যসঙ্গরাঃ
যোগাচারা দ্রব্যকরাণাং তান্ নমস্যামি যাদব ॥ ১৬

ভৈক্ষ্যচর্য্যাসু নিরতা ঋষয়ো গুরুকুলাশ্রয়াঃ
নিঃসুখা নির্নমা যে তু তান্ নমস্যামি যাদব ॥ ১৭

নিরস্তা নিষ্প্রতিদ্বন্দ্বা নিষ্ক্রীকা নিষ্পরিগ্রহাঃ
যে বেদং প্রাপ্য দুর্ধর্ষা বাগ্মিনো ব্রহ্মবাদিনঃ ॥ ১৮

অহিংসানিরতা যে চ যে চ সত্যব্রতা নরাঃ
দান্তাঃ শমপরাস্তৈস্তৈ তান্ নমস্যামি কেশব ॥ ১৯

দেবতাতিথিপূজাসু যুক্তা যে গৃহমেধিনঃ।
কপোতবৃত্তয়ো নিত্যং তান্ নমস্যামি যাদব ॥ ২০

যেষাং ত্রিবর্গঃ কৃত্যেষু বর্ততে নোপহীয়তে।
শিষ্টাচারপ্রবৃত্তাংস্তান্ নমস্যামাহং সদা ॥ ২১

ব্রাহ্মণাঃ শ্রুতসম্পন্না যে ত্রিবর্গমুপাসিতাঃ।
অলোলুপাঃ পুণ্যশীলাস্তান্ নমস্যামি কেশব ॥ ২২

বহুদক্ষিণ! যাঁহারা বিধি অনুসারে যজ্ঞানুষ্ঠান করেন, যাঁহারা ভগবান্ জিতেন্দ্রিয়, মনকে বশীভূত করিয়া ধ্যানে এবং সত্য, ধর্ম, পৃথিবী ও দোষ পূজা করেন, তাঁহাদিগকেই আমি প্রণাম করি ॥ ১০

যাদব! যাঁহারা বনে ফল-মূল ভক্ষণ করিয়া তপস্যা করিতে থাকেন, কোনরূপ কিছুই সংগ্রহ করিয়া রাখেন না এবং ক্রিয়া-নিষ্ঠ, তাঁহাদিগকে আমি প্রণাম করি ॥ ১১

যাঁহারা ভাতা-পিতা, আত্মীয়-স্বজন, এবং সেবকগণ ভরণ পোষণ-যোগ্য ব্যক্তিদিগকে পালন করিতে সমর্থ, যাঁহারা সর্ব্বদা অতিথিসেবাব্রত গ্রহণ করিয়া অবস্থান করেন এবং যাঁহারা যে যজ্ঞ হইতে অবশিষ্ট অন্নই ভোজন করেন, আমি তাঁহাদিগকেই প্রণাম করি ॥ ১২

যাঁহারা বেদাধ্যয়ন করিয়া দুর্ধর্ষ হইয়াছেন, যাঁহারা বাগ্মী, ব্রহ্মচর্য্য পালন করেন এবং যজ্ঞ করাইতে ও বেদ পড়াইতে সমর্থ, আমি তাঁহাদেরই সদা পূজা করি ॥ ১৩

যাঁহারা নিত্য-নিয়ত সমস্ত প্রাণিগণের প্রতি প্রসন্নচিত্ত থাকেন এবং প্রাতঃকাল হইতে দ্বিপ্রহর কাল পর্য্যন্ত বেদের স্বাধ্যায়ে নিরত থাকেন, আমি তাঁহাদেরই পূজা করি ॥ ১৪

বহুদক্ষিণবর! যাঁহারা ওজস্বী প্রসন্নতাবিধানে ও স্বাধ্যায় করিবার জন্য সর্ব্বদা যত্নশীল থাকেন, যাঁহারা কখনও ব্রতভঙ্গ করেন না, যাঁহারা গুরুজনগণের সেবা করেন এবং কাহারও দোষ-দর্শন করেন না, আমি তাঁহাদিগকে প্রণাম করি ॥ ১৫

বহুদক্ষিণ! যাঁহারা উত্তমব্রতপালনকারী, মনঃশীল, সত্যপ্রতিজ্ঞ এবং দ্রব্য-সম্ভারকে নিয়মানুসারে যজ্ঞে বহন করেন, আমি সেই সব ব্রাহ্মণগণকে প্রণাম করি ॥ ১৬

বহুধনকৃষ্ণ! যাঁহারা গুরুকুলে বাস করিয়া ভিক্ষার দ্বারা জীবন নির্ব্বাহ করেন, তপস্যায় যাঁহাদের শরীর কৃশ হইয়া গিয়াছে এবং যাঁহারা কখনও মন ও প্রণাম ক্রিয়া করেন না, আমি তাঁহা যেরূপ প্রণাম করি ॥ ১৭

কেশব! যাঁহাদের মনে মমতা নাই, যাঁহারা প্রতিদ্বন্দ্বিরহিত, লজ্জাকে ত্যাগ করিতে পারিয়াছেন, যাঁহারা প্রয়োজন-শূন্য হইয়াছেন, যাঁহারা বেদের জ্ঞান যথাপ্রাপ্ত হইয়া দুষ্কর হইয়া গিয়াছেন, যাঁহারা প্রবচনকুশল ও ব্রহ্মবাদী, যাঁহারা অহিংসাব্রত ধারিয়া সজ্জন সত্য-ব্রত গ্রহণ করিয়াছেন এবং যাঁহারা ইন্দ্রিয় সংযম ও মনোনিগ্রহ সাধনে নিরত থাকেন, তাঁহাদিগকেই আমি নমস্কার করি ॥ ১৮-১৯

বহুধনজাত দোষিক! যে গৃহস্থ ব্রাহ্মণগণ সদা কপোতবৃত্তি অবলম্বন করত দেবতা ও অতিথিসেবার পূজার লাগিয়া থাকেন, তাঁহাদিগকে আমি প্রণাম করি ॥ ২০

যাঁহাদের সকল কার্য্যে ধর্ম, অর্থ ও কাম—এই তিন বর্গের নির্ব্বাহ হয়, কোনও একটিরও হানি হইতে যেন না এবং যাঁহারা শিষ্টাচারসমূহ পালনে নিরত থাকেন, তাঁহাদিগকেও আমি নমস্কার করি ॥ ২১

কেশব! যে ব্রাহ্মণ বেদশাস্ত্রের জ্ঞানসম্পন্ন, ধর্ম, অর্থ ও কাম-

অব্রতাশ্চ বাহুতজ্ঞাশ্চ সুব্রতজ্ঞাশ্চ যে সদা
ব্রতৈশ্চৈব বিবিধৈর্যুক্তাংস্তান্ নমস্যামি মাধব ॥ ১৩
অযোনীনগ্নিযোনীংশ্চ ব্রহ্মযোনিগতাংশ্চৈব চ
সর্বভূতাত্মযোনীংশ্চ তান্ নমস্যামাহং সদা ॥ ১৪
নিত্যমেতান্ নমস্যামি কৃষ্ণ লোকহরানৃষীন্
লোকজ্যেষ্ঠান্ কুলজ্যেষ্ঠাংস্তথৈবাগ্নিকিতাংস্তথা ॥ ১৫
তস্মাৎ ত্বমপি বার্ষ্ণেয় দ্বিজান্ পূজয় নিত্যদা।
পূজিতাঃ পূজয়ন্ত্যাশু হি সুখং দাস্যন্তি তেঽনঘ ॥ ১৬
অস্মিঁল্লোকে সদা ক্ষেমং পরত্র চ সুখপ্রদাঃ
তস্মাৎ ব্রাহ্মণানা বৈ প্রদাস্যন্তি সুখং তব ॥ ১৭
যে সর্বাতিথয়ো নিত্যা মৌনী চ ব্রাহ্মণেষু চ
নিত্যং সত্যে স্থিতিরতা দুর্গাণ্যতিতরন্তি তে ॥ ১৮
নিত্যা শমপরা যে চ তথা যে চানসূয়কাঃ।
নিত্যস্বাধ্যায়িনো যে চ দুর্গাণ্যতিতরন্তি তে ॥ ১৯
সর্বান্ দেবান্ নমস্যন্তি যে চৈকা বেদমাশ্রিতাঃ।
শ্রদ্দধানাশ্চ দান্তাশ্চ দুর্গাণ্যতিতরন্তি তে ॥ ৩০
তথৈব বিপ্রপ্রবরান্ নমস্কৃত্য যতব্রতাঃ
ভবন্তি যে দানরতা দুর্গাণ্যতিতরন্তি তে ॥ ৩১
তপশ্বিনশ্চ যে নিত্যা কৌমারব্রহ্মচারিণঃ।
তপসা ভাবিতাত্মানো দুর্গাণ্যতিতরন্তি তে ॥ ৩২
দেবতাতিথি-ভৃত্যানাং পিতৃণাং চার্চনে রতাঃ।
শিষ্টান্নভোজিনো যে চ দুর্গাণ্যতিতরন্তি তে ॥ ৩৩
অগ্নিহোত্রং বিধিবৎ প্রণতা ধারয়ন্তি যে
প্রাপ্তা সোমাহুতিং চৈব দুর্গাণ্যতিতরন্তি তে ॥ ৩৪
মাতাপিত্রোর্যুক্তরূপং চ সম্যগ্ বর্ততি যে সদা।
যথা বৃষ্ণির্মহাবাহুর্লোকাংস্তরতি বিশ্রুতঃ ॥ ৩৫

এই দ্বিবর্গের অনুষ্ঠান করেন, যাঁহাদের মধ্যে লোলুপতা নাই এবং যাঁহারা সত্যবিহিত পুণ্যাত্মা, আমি তাঁহাদেরই প্রশংসা করি। ১১

যাদব! যাঁহারা নানাবিধ ব্রত পালন করিতে করিতে কেবল জল ও বায়ুপান করিয়া অবস্থান করেন এবং যাঁহারা যজ্ঞাবশিষ্ট অন্নই ভোজন করেন, আমি তাঁহাদিগকে প্রশংসা করি। ১২

যাঁহাদের স্ত্রী নাই অর্থাৎ যাঁহারা ব্রহ্মচর্য ব্রতপালন করেন, যাঁহারা অগ্নিহোত্র কার্যে নিরত থাকেন, যাঁহারা বেদ ধারণ করেন এবং সমস্ত প্রাণিগণের আত্মা পরমাত্মাকেই সকলের কারণ বলিয়া মনে করেন, আমি তাঁহাদিগকেই সদা বন্দনা করি। ১৩

যে কৃষ্ণ! যাঁহারা লোকসকল সৃষ্টি করেন, সংসারে সর্বাপেক্ষা শ্রেষ্ঠ, উত্তম বংশে উৎপন্ন, অজ্ঞানরূপ অন্ধকার নাশ করেন এবং সূর্যস্বরূপ জগৎকে জ্ঞানালোক প্রদান করেন, সেই ঋষিগণকে আমি সদা প্রণাম করি। ১৪

বৃষ্ণিকুলধুরন্ধর শ্রেষ্ঠি! অতএব আপনিও সর্বদা ব্রাহ্মণগণকে পূজা করুন। নিশ্চয় শ্রীকৃষ্ণ! সেই পূজনীয় ব্রাহ্মণগণ পূজিত হইলে পর আপনাকে তাঁহারা নিজেদের আশীর্বাদের দ্বারা সুখ প্রদান করিবেন। ১৬

এই সব ব্রাহ্মণ সর্বদা ইহলোক ও পরলোকেও সুখ প্রদান করিতে করিতে বিচরণ করেন। ইঁহারা সন্তুষ্ট হইলে পর আপনাকে অবশ্যই সুখ প্রদান করিবেন। ১৭

যাঁহারা নিত্য সকল অতিথির আদর-সৎকার করেন এবং দো-ব্রাহ্মণ ও সত্যের উপর সর্বদা প্রীতি অক্ষুণ্ণ রাখেন, তাঁহারা সর্ববিধ মহাসঙ্কট হইতে উত্তীর্ণ হইয়া যান। ১৮

যাঁহারা সর্বদা নিজেদের মনকে বশীভূত রাখেন, কাহারও দোষ দর্শন করেন না এবং প্রতিদিন স্বাধ্যায়ে নিরত থাকেন, তাঁহারাও দুর্গম সঙ্কট পার হইয়া যান। ১৯

যাঁহারা সকল দেবতাকে প্রণাম করেন, একমাত্র বেদের আশ্রয় গ্রহণ করেন, শ্রদ্ধাবান ও ইন্দ্রিয়গণকে সংযত রাখেন, তাঁহারাও দুস্তর সঙ্কট হইতে মুক্ত হইয়া যান ॥৩০

এইরূপ যাঁহারা নিয়মপূর্বক ব্রত পালন করেন, শ্রেষ্ঠ ব্রাহ্মণগণকে নমস্কার করিয়া তাঁহাদের দেয় বস্তু দান করেন, তাঁহারা দুস্তর বিপদ হইতেও উত্তীর্ণ হন। ৩১

যাঁহারা তপস্বী, আবাল্য ব্রহ্মচারী ও তপস্যার দ্বারা শুদ্ধ অন্তঃকরণবিশিষ্ট, তাঁহারাও দুর্গম সঙ্কট পার হইয়া যান ॥ ৩২

যাঁহারা দেবতা, অতিথি, পোষ্যবর্গ ও পিতৃগণের পূজায় নিরত থাকেন এবং যজ্ঞাবশিষ্ট অন্ন ভোজন করেন, তাঁহারাও দুর্গম সঙ্কট হইতে মুক্ত হইয়া যান ॥ ৩৩

যাঁহারা বিধি অনুসারে অগ্নি স্থাপনা করত সদা অগ্নিহোত্রের উপাসনা ও বন্দনা করিতে করিতে সর্বদা সেই অগ্নিকে হবন করেন এবং তাঁহার দ্বারা সোমরসের আহুতি দেন, তাঁহারা দুস্তর বিপদ হইতে উত্তীর্ণ হন। ৩৪

বৃষ্ণিবংশধুরন্ধর কৃষ্ণ! যাঁহারা আপনার ন্যায় মাতা-পিতা ও গুরুজনগণের প্রতি পূর্ণতঃ ন্যায়যুক্ত আচরণ করেন, তাঁহারাও

তস্মাৎ ত্বমপি কৌন্তেয় পিতৃ-দেব-দ্বিজাতিষীন্
সম্যক্ পূজয়সে নিত্যং গতিমিষ্টামবাপ্স্যসি ॥৩৬

ইতি শ্রীমহাভারতে সহস্রসাহ্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি কৃষ্ণ-নারদসংবাদে
একত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩ ॥

নষ্ট হইতে পার হইয়া যান—ইহা বলিয়া নারদ বিরত হইলেন। ৩৫

কৃষ্ণীনন্দন যুধিষ্ঠির! অতএব যদি তুমিও সর্বদা দেবতা, পিতৃ গণ, ব্রাহ্মণ ও অতিথিদিগকে সর্বতোভাবে পূজা এবং আত্মসংযম করিতে থাক, তাহা হইলে তুমি অতীষ্ট গতিলাভ হইবে॥ ৩৬

শ্রীমহর্ষি বেদব্যাসপ্রণীত শতসহস্রশ্লোকী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বাধ্যায়ের দানধর্মপর্বে কৃষ্ণ ও নারদের সংবাদবিষয়ক একত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত

॥ দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥

(রাজর্ষি-বৃষদর্ভেন (উশীনরের বা) শরণাগত-কপোতস্য রক্ষা, তৎপ্রত্যাবেষাকশ্যেন-লোকপ্রাপ্তি।)

যুধিষ্ঠির উবাচ।

পিতামহ মহাপ্রাজ্ঞ সর্বশাস্ত্রবিশারদ।
ঘণ্টোঽহং শ্রোতুমিচ্ছামি ধর্মং ভরতসত্তম ॥ ১
শরণাগতং যে রক্ষন্তি ভূতগ্রামা চতুর্বিধম্।
কিং তস্য ভরতশ্রেষ্ঠ ফলং ভবতি ভারত ॥ ২

ভীষ্ম উবাচ।

ইহ শৃণু মহাপ্রাজ্ঞ ধর্মপুত্র মহাযশঃ।
ইতিহাসং পুরাবৃত্তং শরণার্থং মহাফলম্ ॥ ৩
প্রপাত্যমানঃ শ্যেনেন কপোতঃ প্রিয়দর্শনঃ।

বৃষদর্ভং মহাত্মানং নরেন্দ্রং শরণং গতঃ ॥ ৪
স ত্বং দৃষ্ট্বা বিভুস্তস্মা ত্রাসমুপাগতম্
আশ্বাস্যাশ্বসিহীত্যাহ ন তেঽস্তি ভয়মণ্ডত ॥ ৫
ততং তে সুমহৎ কস্মাৎ কৃত্র কিং বা কৃতং ত্বয়া
যেন ত্বমিহ সম্প্রাপ্তো বিসংজ্ঞো ভ্রান্তচেতনঃ ॥ ৬
নবনীলোৎপলাশীতশ্চারুবর্ণসুদর্শন
দাড়িমাশোকপুষ্পাক্ষ ন ত্রসস্যতঃ ভয় ॥ ৭
মৎসকাশমনুপ্রাপ্তো ন ত্বাং কশ্চিৎ সমুৎসহেৎ
মনসা প্রেষণং কর্তুং রক্ষ্যমাণপুরস্কৃতম্ ॥ ৮

দ্বাত্রিংশ অধ্যায়

[রাজর্ষি বৃষদর্ভ (বা উশীনর) কর্তৃক শরণাগত কপোতের রক্ষা এবং সেই প্রভাবে অক্ষয় লোকপ্রাপ্তি।]

যুধিষ্ঠির বলিলেন,—মহাত্মন্ পিতামহ! আপনি সমস্ত শাস্ত্রের জ্ঞানে নিপুণ, অতএব আমি আপনার নিকট হইতেই ধর্মবিষয়ক উপদেশ শুনিতে অভিলাষী হইয়াছি। ১

ভরতশ্রেষ্ঠ! আপনি এখন ইহা বলুন যে, যাহারা শরণাগত অশ্ব, শিশু, বেদজ্ঞ ও উদ্ভিজ্জ—এই চারিপ্রকার প্রাণিগণকে সর্বদা রক্ষা করেন, তাঁহাদের প্রকৃতপক্ষে কোন্ ফল লাভ হইয়া থাকে? ২

ভীষ্ম বলিলেন,—মহাপ্রাজ্ঞ! মহাযশস্বী ধর্মপুত্র যুধিষ্ঠির! শরণাগতকে রক্ষা করিলে যে মহাফল লাভ হয়, সেই বিষয়ে তুমি এই এক প্রাচীন ইতিহাস শ্রবণ কর। ৩

কোন এক সময়ের ঘটনা, এক বাজপক্ষী কোন একটি সুন্দর কপোতকে (পায়রাকে) বিনাশ করিবার জন্য আঘাত করিয়া প্রাণনাশ করিতে লাগিল, তখন সেই কপোত রাজপক্ষীর ভয়ে ভীত হইয়া পলায়ন করত মহাত্মাগ রাজা বৃষদর্ভের (উশীনরের) শরণাগত হইল। ৪

তখনতঃ নিজের কোলে পতিত সেই কপোতকে দেখিয়া বিভু অর্থাৎ কর্তৃসমর্থশালী রাজা উশীনর সেই পক্ষীকে আশ্বাস দিয়া বলিলেন—অয়ি! তুমি শান্ত হও। এখানে তোমার কোনও ভয় নাই। ৫

বল, তোমার এই অতিশয় ভয় কোথায় ও কাহা হইতে প্রাপ্ত হইয়াছ? তুমি কি অপরাধ করিয়াছ? যাহার জন্য তোমার চেতনা যেন ভ্রান্ত হইয়া গিয়াছে এবং তুমি লজ্জা ধারাইয়া ফেলিয়াছ? ৬

নূতন নীল-পদ্মের ন্যায় তোমার মনোহর কান্তি, তুমি যেখিতেও অতিশয় সুন্দর। তোমার চক্ষুদ্বয় দাড়িম্ব ও অশোক পুষ্পের ন্যায় রক্তবর্ণ। তুমি ভীত হইও না। আমি তোমাকে অভয়দান করিলাম। ৭

এখন তুমি আমার নিকটে আসিয়াছ, অতএব রক্ষ্যমাণের

কাশিরাজাঃ তদৈবেষ বৃদ্ধঃ জীবিতং তথা।
তাভ্যেতা তব বিপ্রর্ষে কপোত ন ভয়ং তব ॥৯

শ্যেন উবাচ

মমৈতদ্ বিহিতা ভক্ষ্যা ন রাজান্নাদুমর্হসি
অতিক্রান্তক্ষ প্রাপ্তক্ষ প্রবদ্যাদ্যোপপাদিতম্ ॥ ১০

মাংসেক ক্রবিষং চাসা মজ্জা মেদশ্চ যে হিতম্
পরিতোষকরো হ্যেষ মম ভক্ষাগ্রতো তব ॥ ১১

ক্ষুধা মে বাধতেঽত্যুগ্রা ক্ষুধা নির্দহতীব মাম্।
মুমূর্ষোর্ন হি শক্যামি রাজন্ মন্ত্রয়িতুং ক্ষুধাম্ ॥ ১২

ময়া জন্তুসূতো হ্যেষ মৎপক্ষনবধিষ্কৃতঃ।
কিন্তিদ্বক্ষ্যামি নিঃশ্বাসঃ ন রাজন্ গোন্তু মর্হসি ॥ ৩

যদি ত্বাবিহতে রাজন্ প্রভূতং রক্ষণে নৃণাম

যেচনস্য ক্ষুধার্তস্য ন তু প্রভূতযোত্তম ॥ ১৪

যদি বৈরিষু ভূত্যেষু ভক্তনব্যবহারযোঃ
বিবরোদ্ঘিন্নিরাণাঞ্চ আকাশে বা পরাক্রম ॥ ১৫

প্রভূতা হি পরাক্রমা সম্যক্ পক্ষবিরেষু তে
যদি ত্বমিহ বর্ষার্থী মামপি ত্রাতুমর্হসি ॥ ১৬

ভীষ উবাচ।

ক্রুষ্টা শ্যেনস্য তদ্ বাক্যং রাজবিশ্বিষ্মঃ গতঃ।
সন্ত্রাব্য চৈনং তদ্বাক্যং তদর্থং প্রত্যভাষত ॥ ১৭

রাজোবাচ

গোবৃষো বা বরাহো বা মৃগো বা মহিষোঽপি বা।
তদর্থমদ্য ক্রিয়তাং ক্ষুধাপ্রশমনায় তে ॥ ৮

শরণাগতস্য ন ত্যাগোঽস্তীতি মে ব্রতমাহিতম্।
ন মুঞ্চতি যমাজ্ঞানি দ্বিজোঽয়ং পক্ষ বৈ দ্বিজ ॥ ১৯

রক্ষকপ্রধান রাজার) সম্মুখে অবস্থিত আছ এখানে তোমাকে কেহই মনের কথাও বলিতে সাহস করিবে না। ৮

কপোত। আজই আমি তোমার রক্ষার জন্য এই ক্ষণি রাজা অর্থাৎ প্রকাশবান উশীনর রাজা এবং নিজের জীবনকেও ত্যাগ করিয়া দিব। তুমি এই কথার উপর বিশ্বাস করিয়া নিশ্চিন্ত হইয়া যাও। এখন তোমার আর কোনও ভয় নাই। ৯

এই সময়ে সেই বাজপক্ষীও সন্ধানে আসিল এবং বলিল রাজন্! বিধাতা এই কপোতকে আমার ভোজনরূপে নির্দিষ্ট করিয়া দিয়াছেন। আপনি ইহাকে রক্ষা করিবেন না। ইহার জীবন চলিয়াই গিয়াছে; কারণ, ইহাকে আমি প্রাপ্ত হইয়াছি। আমি অতিদূর পথের পথিক ইহাকে লাভ করিয়াছি। ১০

ইহার রক্ত, মাংস, মজ্জা ও মেদ সবই আমার পক্ষে হিতকর। এই কপোত আমার ক্ষুধা শান্ত করিয়া আমাকে পূর্ণরূপে তৃপ্তি করিবে, অতএব আপনি আমার এই আহারের সম্মুখে বাধা দিয়া নষ্ট করিবেন না। ১১

অত্যন্ত পিপাসা আমাকে কষ্ট দিতেছে। ক্ষুধার জ্বালা যেন আমাকে দগ্ধ করিয়া দিতেছে রাজন্! ইহাকে মুক্ত করিয়া দিন। আমি ক্ষুধার বেগকে সহ্য করিতে পারিতেছি না। ১২

আমি অতিদূর হইতে ইহার পক্ষাঘাতসহকারে আসিতেছি। এই কপোত আমার পক্ষ ও নখের আঘাতে ক্ষত বিক্ষত হইয়া গিয়াছে। এখন আর কিছু বাদ ইহার অবশিষ্ট আছে। রাজন্! এরূপ অবস্থায় আপনি ইহাকে রক্ষা করিবেন না। ১৩

হেহ রাজন্! নিজ দেশে বাসকারী মনুষ্যগণকে রক্ষা করিবার জন্যই আপনি রাজা হইয়াছেন। ক্ষুধা ও পিপাসা পীড়িত পক্ষীদের আপনি রক্ষক নন। ১৪

যদি আপনার মধ্যে শক্তি থাকে, তবে বৈরী, ভৃত্য ও ভজনগণ এবং বাসী-প্রতিবাসীদিগের ব্যবহারে ও উদ্ভিন্নগণের বিবরসমূহের উপরই নিজের পরাক্রম প্রকাশ করুন। আকাশে বিচরণকারীদিগের উপর নিজের বলপ্রয়োগ করিবেন না। ১৫

যাহারা আপনার আশ্রিতরক্ষারী পক্ষকোটির অন্তর্গত, তাহাদের উপর পরাক্রম করিয়া নিজের প্রভুত্ব প্রকাশ করাই আপনার উচিত কার্য। যদি আপনি বর্ষার জন্য এখানে এই কপোতকে রক্ষা করেন, তবে ক্ষুধার্ত আমার দিকেও আপনি একবার দৃষ্টিপাত করুন। ১৬

ভীষ বলিলেন,—যুধিষ্ঠির! রাজপক্ষীর এই কথা শ্রবণ করিয়া রাজর্ষি উশীনর বিস্মিত হইলেন। তিনি তাহার কথার প্রত্যুত্তর করিয়া কপোতকে রক্ষা করিবার জন্য এই কথা বলিলেন। ১৭

রাজা বলিলেন,—বাজ! তুমি যদি ইচ্ছা কর, তাহা হইলে তোমার ক্ষুধার শান্তির জন্য আজ তোমাকে ভোজনের নিমিত্ত গোরু, বরাহ, মৃগ অথবা মহিষ মাংস প্রস্তুত করিয়া দিব। ১৮

পক্ষিন। আমি শরণাগতকে ত্যাগ করিতে পারিব না—ইহা আমার ব্রত। আমি একপ ব্রতই গ্রহণ করিয়াছি। দেখ, এই পক্ষী তখনতঃ আমার অধনতল ত্যাগ করিতেছে না। ১৯

শুক উবাচ

ন বরাহং ন চোকাখং ন চাজানং বিবিধান্ দ্বিজান্।
ভক্ষয়ামি মহারাজ কিমর্থন্তেন তেন মে ॥ ২০

যজ্ঞে যে বিধিতো ভক্তাঃ পুরা দেবৈঃ সনাতনঃ
শুনাঃ কপোতান্ খাদন্তি বিধিরেষা সনাতনী ॥ ২১

উশীনর কপোতে তু যদি স্নেহস্ত্বয়ীদৃশ।
তত্তস্য মে প্রযচ্ছাশু ত্বমাংসং তুলয়া ধৃতম্ ॥ ২২

রাজোবাচ।

মহাননুগ্রহো মেঽয়ং যত্ত্বমেবমিহাগথ মাম্
বাঢ়মেব করিষ্যামীত্যুক্ত্বা তুলাং রাজসত্তমঃ ॥ ২৩

উৎকৃত্যোৎকৃত্য মাংসানি তুলয়া সমতোলয়ৎ
অন্তঃপুরে ততস্তস্য স্ত্রিয়ো মন্ত্রিভূমিষ্ঠাঃ ॥ ২৪

হাহাকৃতা বিনিষ্ক্রান্তাঃ শ্রুত্বা পক্ষয়ঃ খিতাঃ
তাসাং ক্রন্দিতশব্দেন মন্ত্রি-ভৃত্যজনস্য চ ॥ ২৫

যজ্ঞের সুমহান্ নাদো দেবগন্ধর্বনিঃস্বনঃ
নিরুদ্ধে গগনং সর্বং শুক্লং দেবৈঃ সমন্ততঃ ॥ ২৬

মহী প্রচলিতা চাসীৎ তস্য সত্ত্বেন কর্ষণা
স রাজা পার্শ্বতশ্চৈব বাহুত্যামুদ্ধতঃ স্বয়ং ॥ ২৭

তানি মাংসানি সংস্থিত্য তুলায়াং পুরুষর্ষভঃ
তথাপি ন সমত্বেন কপোতেন বরুথ ॥ ২৮

অস্থিভূতো যদা রাজা নির্মাংসো ক্রুধিরস্রবঃ
তুলাং ত্যক্ত্বা সমারূঢ়ঃ স্বং মাংসমুদমৃদ্যত ॥ ২৯

ততঃ সেন্দ্রাস্তদা লোকাস্তং নরেন্দ্রমুপস্থিতাঃ।
তেষাঞ্চক্রাশিরেগন্ত্রং বাদিত্রা দেবদুন্দুভিঃ ॥ ৩০

অমৃতেনাভিষিক্তশ্চ বৃষদর্ভো নরেশ্বরঃ।
দিব্যৈশ্চ সুস্রুবৈর্গান্ধৈস্তস্তিষ্টঃ পুনঃ পুনঃ ॥ ৩১

দেব-গন্ধর্বসঙ্ঘাস্তৈরুপগীতশ্চ সর্বতঃ
বৃত্তস্তৈশ্চোপগীতশ্চ পিতামহ ইব প্রভুঃ ॥ ৩২

রাজন্যকী বলিল —মহারাজ! আমি না খাইব, না পোষুষ, এবং না অন্য প্রকার শক্তিগণের মাংস ভক্ষণ করিব। যাহা খাদ্যের ভোজন, তাহা লইয়া আমি কি করিব? ২০

যজ্ঞ দেবগণ সনাতনকাল হইতে আমার জন্য যে ভাগ নির্দিষ্ট করিয়া দিয়াছেন, তাহাই আমার প্রয়োজন। প্রাচীনকাল হইতেই সকল লোকে ইহা জানে যে, শ্বান কপোত ভক্ষণ করে ॥ ২১

নিষ্পাপ মহারাজ উশীনর! যদি আপনার এই কপোতের উপর স্নেহ থাকে, তবে আপনি আমাকে তুলাদণ্ডে ইহার সমপরিমাণ মাংস আপনারই দেহ হইতে ছেদন করিয়া প্রদান করুন ॥ ২২

রাজা বলিলেন,—বাঢ়! তুমি এই কথা বলিয়া আমাকে অতিশয় অনুগ্রহ করিয়াছ। আচ্ছা, আমি তাহাই করিব। এই কথা বলিয়া নৃপশ্রেষ্ঠ উশীনর আপন দেহ হইতে মাংস ছেদন করিয়া করিয়া উহা তুলাদণ্ডে রাখিতে আরম্ভ করিলেন ॥ ২৩-২৪

এই সংবাদ শ্রবণ করত অন্তঃপুরের ভূমিষ্ঠবাসিনী রাজীগণ অত্যন্ত দুঃখিতা হইয়া হাহাকার করিতে করিতে বাহির হইয়া আসিলেন ॥ ২৫

তাঁহাদের রোদন শব্দে এবং মন্ত্রী ও ভৃত্যজনগণের হাহাকার শব্দে দেবের যজ্ঞীয় গর্জনের ন্যায় সেখানে মহাকোলাহল হইতে লাগিল ॥ ২৬

সমস্ত ভূমি আকাশ পরিপূর্ণ করিয়া দেবগণের আস্ফালিত হইয়া যাইল। তাঁহার সত্ত্ব কর্ষণের প্রভাবে পৃথিবী কাঁপিতে লাগিলেন ॥ ২৭

রাজা নিজের পার্শ্বভাগ দুইহস্ত ও তথা হইতে বহু মাংস ছেদন করিয়া সত্ত্ব তুলা পূরণ করিতে লাগিলেন। তথাপি সেই মাংসরাশি কপোতের সমপরিমাণ হইল না ॥ ২৮-২৯

যখন রাজার শরীরের মাংস শেষ হইয়া যাইল এবং ছেদের দ্বারা প্রবাহিত হইতে হইতে কেবল অস্থিমাত্র অবশিষ্ট রহিল, তখন তিনি মাংস ছেদন করিয়া দিয়া পরিশেষে তুলারোহণ করিলেন ॥ ২৯

তখন ইন্দ্রাদি দেবগণ সহ ত্রিলোকের সকল প্রাণী সেই নরেন্দ্রের নিকট আসিয়া উপস্থিত হইলেন। বহু দেবদুন্দুভি আকাশে বাজিতে আরম্ভ হইল। সুস্থিরভাবে করিতে লাগিলেন ॥ ৩০

বহু দেবতা তাঁহা বৃষদর্ভকে অমৃতের দ্বারা স্নান করাইলেন এবং তাঁহার উপর অত্যন্ত সুগন্ধময় দিব্য পুষ্পসমূহ বারংবার বর্ষণ করিতে লাগিলেন ॥ ৩১

দেব ও গন্ধর্বসমূদয় এবং অপ্সরাগণ তাঁহাকে চারিদিকে পরিবৃত করিয়া বৃত্ত ও গান করিতে আরম্ভ করিলেন। তিনি তাঁহাদের মধ্যভাগে স্থিতাবস্থ ব্রহ্মার ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ৩২

হেমপ্রাসাদসম্বাধং মণি-কাঞ্চনতোরণম্।
স বৈদূর্য্যমণিস্তম্ভং বিমানং সমধিষ্ঠিতঃ ॥ ৩৩
স রাজর্ষির্দিবং প্রাপ্য কর্ম্মণা তেন শাশ্বতম্।
সরণাগতেভ্যশ্চ বৈ ত্বং কুরু সর্বা যুধিষ্ঠির ॥৩৪
ভক্তানামনুরক্তানামার্জ্জবানাঞ্চ সর্ব্বতঃ।
ন্যস্তদণ্ডে মহাবাহো পরত্র সুখমেধতে ॥ ৩৫
সাধুবৃত্তো হি যো রাজা সদ্বৃত্তমনুতিষ্ঠতি।
কিং ন প্রাপ্তং ভবেৎ তেন ব্যবাত্তেনেহ কর্ম্মণা ॥ ৩৬

স রাজর্ষির্যুধিষ্ঠির ধীরঃ সত্যপরাক্রমঃ।
কাশীনামীশ্বরঃ প্রাপ্তো লোকেষু কর্ম্মণা ॥
যোঽপ্যন্যঃ কারয়েদেবং শরণাগতরক্ষণম্
সোঽপি গচ্ছেত তামেব গতিং ভরতসত্তম ॥ ৩৮
ইদং বৃত্তং হি রাজর্ষের্বর্ত্তয়ন্ত্য কীর্ত্তয়ন্।
পুত্রবান্ বৈ ভবেল্লোকে সুহৃদ্বান্ ধন্য বিন্দতি ॥ ৩৯
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মপর্ব্বণি স্তেন-কপোতসংবাদে
দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩২

এই সময়ে এক দিব্য বিমান আসিয়া উপস্থিত হইল, যাহার মধ্যে স্বর্ণ নির্ম্মিত প্রাসাদ ছিল, যাহা ও স্বর্ণনির্ম্মিত তোরণদ্বার ছিল এবং বৈদূর্য্যমণি নির্ম্মিত স্তম্ভ শোভা পাইতেছিল। ৩০

রাজর্ষি উশীনর সেই দিব্য বিমানে আরোহণ করত সেই পুণ্য-কর্ম্মের প্রভাবে স্বর্গলোকে গমন করিলেন। যুধিষ্ঠির! তুমিও শরণাগতদিগের রক্ষা নিমিত্তে সর্ব্বদা তৎপর হইয়া থাক। যে রাজা নিজের ভক্ত, প্রেমী ও শরণাগত ব্যক্তিগণকে রক্ষা করেন এবং সকল প্রাণীর প্রতিই দয়া করেন, তিনি পরলোকে সুখলাভ করিয়া থাকেন। ৩৪-৩৫

যে রাজা সদাচারী হইয়া সকলের সহিত সদ্ব্যবহার করেন, তিনি নিজের ঐ সকল সদাচারীর কর্ম্মের দ্বারা কোন্ বস্তু না লাভ করিয়া থাকেন? ৩৬

সত্যপরাক্রমী, ধীর ও গুণবান্ কাশীপতি রাজর্ষি উশীনর নিজের পুণ্য কর্ম্মের দ্বারা তিনি লোকে বিখ্যাত হইয়া গিয়াছেন। ৩৭

ভরতশ্রেষ্ঠ! যদি অন্য কোনও রাজা নিজের শরণাগতকে রক্ষা করিয়া থাকেন, তবে তিনিও সেইরূপ গতিই প্রাপ্ত হন। ৩৮

রাজর্ষি বৃষদর্ভের (উশীনরের) এই চরিত্র যিনি সর্ব্বদা শ্রবণ ও বর্ণনা করেন, তিনি সংসারে পুণ্যাত্মা হইয়া যান। ৩৯

শ্রীমহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্ব্বান্তর্গত দানধর্ম্মপর্ব্বে শ্যেন ও কপোতের সংবাদ-বিষয়ক দ্বাত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

॥ ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥

[ব্রাহ্মণদানাদ্যুত্তমবর্ণনম্]।

যুধিষ্ঠির উবাচ।

কিং রাজ্ঞঃ সর্ব্বকৃত্যানাং গরীয়ঃ স্যাৎ পিতামহ
কুর্ব্বন্ কিং কম নৃপাঃকশ্চো লোকো সমশ্নুতে ॥ ১

ভীষ্ম উবাচ

এতদ্ রাজ্ঞঃ কৃতাকৃতমভিপ্রেক্ষন্ ভবেত্ত।
ব্রাহ্মণানামনুজ্ঞানমস্তান্তঃ সুখমিচ্ছতা ॥ ২

কর্ত্তব্যং পার্থিবেন্দ্রেণ ভবৈব ভরতর্ষভ।
জ্যোত্তিষ্মান্ ব্রাহ্মণান্ বৃদ্ধান্ নিত্যমেবোপলক্ষয়েৎ ॥ ৩
পৌর-জানপদাংশ্চাপি ব্রাহ্মণাংশ্চ বহুশ্রুতান্
সান্ত্বেন ভোগদানেন নমস্কারৈস্তথার্চয়েৎ ॥ ৪
এতৎ কৃত্যতমং রাজ্ঞো নিত্যমেবোপলক্ষয়েৎ।
যথাঽঽখ্যানং যথা পূজা ভবৈতান প্রতিপাদয়েৎ ॥ ৫

ত্রয়স্ত্রিংশ অধ্যায়।

[ব্রাহ্মণের মহত্ত্ব বর্ণন।]

যুধিষ্ঠির বলিলেন,—পিতামহ! রাজার সমস্ত কার্য্যে কাহার মহত্ত্ব সর্ব্বাপেক্ষা অধিক? কোন্ কর্ম্মের অনুষ্ঠানকারী রাজা ইহলোক ও পরলোক উভয়লোকের সুখ ভোগ করেন? ১

ভীষ্ম বলিলেন, ভারত! রাজসিংহাসনে অভিষিক্ত হইয়া রাজ্যশাসনকারী রাজার সকলকার্য করা হইল কি—তিনি ব্রাহ্মণগণের সেবা-পূজা করিবেন ভরতশ্রেষ্ঠ! অতএব সুখ লাভ করিতে অভিলাষী রাজার ইহাই করা উচিত। ২।

রাজা যেরূপ ব্রাহ্মণ ও বৃষগণকে সর্ব্বদাই সম্মান করিবেন। নগর ও জনপদসমূহে বসবাসকারী বহুশ্রুত ব্রাহ্মণগণের মধুর বাক্য বলিয়া, উত্তম ভোগসমূহ প্রদান করিয়া এবং আদরের সহিত স্তব স্তুতি নতি করিয়া প্রণাম করত সম্মানিত করিবেন। ৩-৪

রাজা যেভাবে নিজেকে ও নিজের পুত্রগণকে রক্ষা করেন, সেইভাবে এই ব্রাহ্মণগণের রক্ষার প্রতিবিধান করিবেন। ইহাই

যে চাপ্যেষাং পূজকাস্তান্ দৃঢ়ং প্রতিপূজয়েৎ।
তেষু শান্তেষু তস্য রাষ্ট্রং সর্বদেব বিরাজতে ॥ ৬
তে পূজ্যাস্তে নমস্কার্যা মান্যাস্তে পিতরো যথা।
তেষেব যাস্ত্র লোকানাং ভূতানামিব বাসবে ॥ ৭
অস্তিচারৈরুপায়ৈশ্চ দণ্ডেনোপি চেতসা।
নিগৃহ্যা কুপিতাঃ কৃত্স্নং ক্রুদ্ধাঃ সন্তাপয়ন্তি হি ॥ ৮
নাস্তুষেষাং প্রশস্যানি ন দিশশ্চাপ্যাপ্নুবন্তি।
কুপিতাঃ সমুদীক্ষন্তে দাবেষ্বগ্নিমিবা ঈব ॥ ৯
বিদ্যুত্যেষাং সাহসিকা গুণাস্তেষামকীর্তি হি
কৃপা ইব তৃণচ্ছন্না বিণ্মূত্রা দৌত্রিবাপরে ॥ ১০
প্রসজ্জকারিণঃ কেচিৎ কার্পাসমৃষয়ো পরে
(মান্যাস্তেষাং সাধবো যে ন নিন্দ্যাশ্চাপ্যসাধবঃ)
সন্তি চৈবামস্তিশঠাস্তেষ্বেবান্তে তপাত্মনঃ ॥ ১১

রাজার প্রধান কর্তব্য, ইহাদের উপর তিনি সদা বিশেষ দৃষ্টি রাখিবেন ॥ ৫

যাহারা এই ব্রাহ্মণগণের পূজনীয়, সেই পূজ্যগণকেও দৃঢ়ির চিত্তে পূজা করিবেন ; কারণ, তাঁহারা শান্ত থাকিলেই সম্পূর্ণ রাষ্ট্র শান্ত ও সুখী থাকে ॥ ৬

রাজার পক্ষে ব্রাহ্মণগণই পিতার ন্যায় পূজনীয়, মান্যনীয় ও মাননীয়। যেরূপ প্রাণিগণের জীবন জলবর্ষণকারী ইন্দ্রেরই উপর নির্ভর, সেইরূপ জগতের জীবনযাত্রাও ব্রাহ্মণগণেরই উপর অবলম্বিত ॥ ৭

এই সত্যপরাক্রমী ব্রাহ্মণগণ যখন কুপিত হইয়া উহাদের দণ্ড করেন, তখন অভিচার বা অন্যান্য উপায়সমূহের দ্বারা সমস্ত রাজাই নিজের বিরোধীদিগকে ভস্মীভূত করেন অর্থাৎ তাহাদের সর্বনাশ করিয়া থাকেন ॥ ৮

আমি ইহাদের অন্ত দেখিতে পাই না। ইহাদের জন্য কোনও দিকের দ্বার বন্ধ থাকে না। ইহারা যখন কুপিত হন, তখন তাঁহারা দাবানলের শিখাসদৃশ হইয়া যান এবং সেইজন্যই লোকের দৃষ্টিতে দেখিতে থাকেন ॥ ৯

সাধুগণ পূজ্যগণও ইহাদের নিকট হইতে ভয় পান ; কারণ, ইহাদের মধ্যে ওগুলি অধিক থাকে। এই ব্রাহ্মণগণের মধ্যে অনেকে তৃণাচ্ছাদিত কূপের ন্যায় নিজেদের ভেতরে অজ্ঞান করিয়া রাখেন এবং অনেকে নির্মল আকাশের ন্যায় প্রকাশিত হইতে থাকেন ॥ ১০

কৃমি-গোরক্ষকাশ্চৈকে তৈক্ষ্যমস্তেঽপ্যনুষ্ঠিতাঃ
চৌরাশ্চাজ্ঞেঽবৃত্তাশ্চান্যে তথান্তে নট-নর্তকাঃ ॥ ১২
সর্বকর্মসমাচ্ছাস্তে পাণ্ডিবোঽধিতরেষু চ।
বিবিধাকারবৃত্তান্ত ব্রাহ্মণা ভরতর্ষভ ॥ ১৩
নানাকর্মসু রক্তানাং ষড়ঙ্গযোগজীবিনাম্।
ধর্মজ্ঞানাং সতাং তেষাং নিত্যমেবাদ্ভুতং বপুঃ ॥ ১৪
লিঙ্গং পুরাণং দেবত্বানাঞ্চ মনুষ্যোরগ-রক্ষসাম্।
পুরাণোক্তে মহাত্মানো ব্রাহ্মণা বৈ জনাধিপ ॥ ১৫
নৈতে দৈবৈর্ন পিতৃভির্ন গন্ধর্বৈর্ন রাক্ষসৈঃ
মানুষৈর্ন পিশাচৈশ্চ শক্যা ভেত্তুং দ্বিজাতয়ঃ ॥ ১৬
অজৈবং দৈবতং কুর্যা দেবতং চাপ্যদৈবতম্
যদিচ্ছেদ্যঃ স রাজা স্যাদ্ যো নেষ্টঃ স পরাত্মবৎ ॥ ১৭

যত ব্রাহ্মণ ছাকারী হন এবং অনেকে আবার কার্পাসের ন্যায় কোমল হইয়া থাকেন। ইহাদের মধ্যে যাঁহারা শ্রেষ্ঠ, তাঁহাদের সম্মান করিবে এবং কিন্তু যাহারা শ্রেষ্ঠ নন, তাহাদের নিন্দ করিবে না। এই ব্রাহ্মণগণের মধ্যে অনেকে অত্যন্ত শঠ হন এবং অন্যেরা তপস্বী হন ॥ ১১

অনেকে কৃমিকার্য করিয়াও জীবিকা অর্জন করেন, কেহ বা ভিক্ষাবৃত্তিতে জীবিকানির্বাহ করেন, যাহ ব্রাহ্মণ চুরি করে অনেকে বিদ্যা কথা বলেন এবং যাহ ব্রাহ্মণ আবার নট ও নর্তকের কার্য করিয়া থাকেন ॥ ১২

ভরতশ্রেষ্ঠ ! এই ব্রাহ্মণ ব্রাহ্মণের নিকটে ও অন্য ব্যক্তিগণের নিকটে সর্বপ্রকার কার্য করিতে সমর্থ হন এবং অনেক ব্রাহ্ম নানাপ্রকার আকার ধারণ করেন ॥ ১৩

নানাপ্রকার কার্যে ব্যাপৃত ও বহুবিধ কর্মের দ্বারা জীবিকা অর্জনকারী এই ধর্মজ্ঞ ও সৎপুরুষ ব্রাহ্মণগণের সকলেরই রূপ করিবে ॥ ১৪

জনাধিপ ! প্রাচীনকাল হইতেই এই মহাত্মাগণ ব্রাহ্মণ দেবতা, পিতৃপুরুষ, মনুষ্য, নাগ ও রাক্ষসসকলের দ্বারা পূজনীয় ॥ ১৫

এই দ্বিজগণ না দেবতা, না পিতৃপুরুষ, না গন্ধর্ব, না রাক্ষ না অসুর এবং না পিশাচগণের দ্বারা কখনও ভিন্ন হন ॥ ১৬

ইঁহারা যদি ইচ্ছা করেন, তবে যাঁহারা দেবতা নন, তাঁহাদিগ দেবতা করিতে পারেন এবং যাঁহারা দেবতা, তাঁহাদের দেবত্ব করিয়া থাকেন। ইঁহারা যাঁহাকে রাজা করিতে ইচ্ছুক

পরিবাদক যে কুর্যুর্ব্রাহ্মণানামচেতসঃ
সত্যা ব্রবীমি তে রাজন্ বিনশ্যেয়ুর্ন সংশয়ঃ ॥ ১৮
নিন্দা-প্রশংসাকুশলাঃ কীর্তাঃকীর্তিপরায়ণাঃ।
পরিমুষ্যন্তি তে রাজন্ সততং দ্বিষতাং দ্বিজাঃ ॥ ১৯
ব্রাহ্মণা যং প্রশংসন্তি পূজ্যঃ স প্রথতে
ব্রাহ্মণৈর্যঃ পরাকৃষ্টঃ পরাকৃষ্যাৎ স্বয়াদপি সঃ ॥ ২০
শকা যবন-কাম্বোজাস্তাতাঃ ক্ষত্রিয়জাতয়ঃ
বৃষলত্বং পরিগতা ব্রাহ্মণানামদর্শনাৎ ॥ ২১
দ্রাবিড়াশ্চ কলিঙ্গাশ্চ পুলিন্দাশ্চাপ্যশীনরাঃ
কোলিসর্পা মাহিষকাস্তাতাঃ ক্ষত্রিয়জাতয়ঃ ॥ ২২
বৃষলত্বং পরিগতা ব্রাহ্মণানামদর্শনাৎ
ক্রোড়ান্ পরাভবন্তেতো ন তদ্বো রোচতাং বয়ং ॥ ২৩

যস্তু সর্বমিদং হন্যাদ্ ব্রাহ্মণশ্চ ন তৎসমঃ।
ব্রহ্মঘ্নো মহান্ দোষ ইত্যাহুঃ পরমর্ষয়ঃ ॥ ২৪
পরিবাদো দ্বিজাতীনাং ন শ্রোতব্যঃ কথঞ্চন।
আসীতাধোমুখস্তূষ্ণী সহ্যাদ্ বজ্রেচ্ছ বা ॥ ২৫
ন স জাতোঽজনিষ্যদ্ বা পৃথিব্যামিহ কশ্চন
যো ব্রাহ্মণবিরোধেন সুখং জীবিতুমুৎসহেৎ ॥ ২৬
দুর্গ্রাহ্যো মুষ্টিনা বায়ুর্দুঃস্পর্শঃ পাশিনা শশী।
দুর্ধর্ষা পৃথিবী রাজন্ দুর্ধর্ষা ব্রাহ্মণা ভুবি ॥ ২৭

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি ব্রাহ্মণপ্রশংসা নাম
ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩৩

[তুমিই রাজা হইয়া থাকো এবং যাহাকে রাজাসনে দেখিতে ইচ্ছা করেন না, তিনি পরাভবপ্রাপ্ত হন। ১৭

রাজন্! আমি তোমাকে এই সত্য কথা বলিয়া দিলাম, যে মূঢ় ব্যক্তিরা ব্রাহ্মণগণের নিন্দা করে, তাহারা নষ্ট হইয়া যায়—ইহাতে কোনও সংশয় নাই। ১৮

নিন্দা ও প্রশংসায় নিপুণ এবং লোকসকলের যশ ও অপযশ বর্ধন করিতে তৎপর দ্বিজগণ নিজেদের প্রতি সদা দ্বেষকারী ব্যক্তিদিগের উপর কুপিত হইয়া উঠেন। ১৯

ব্রাহ্মণগণ যাঁহার প্রশংসা করেন, সেই পূজ্য ব্যক্তিরও লাভ করিয়া থাকেন এবং ব্রাহ্মণগণ যাঁহাকে অভিশাপ দেন, তাহার তৎক্ষণাৎ পরাভব প্রাপ্তি হয়। ২০

শক, যবন, ও কাম্বোজাদি ক্ষত্রিয়গণ প্রথমে ক্ষত্রিয় ছিলেন; কিন্তু ব্রাহ্মণদিগের কৃপা দৃষ্টি হইতে বঞ্চিত হওয়ায় তাঁহারা বৃষল (শূদ্র ও ম্লেচ্ছ) হইয়া যান। ২১

দ্রবিড়ী বীরগণের মধ্যে ম্লেচ্ছ নরেশ। দ্রাবিড় কলিঙ্গ, পুলিন্দ, উশীনর, কোলিসর্প ও মাহিষকাদি ক্ষত্রিয় জাতিরাও ব্রাহ্মণগণের কৃপাদৃষ্টি না পাওয়ায় শূদ্র হইয়া গিয়াছে। ব্রাহ্মণের নিকটে পরাজয় হইলে কল্যাণ লাভ হয় এবং তাঁহাদের পরাজিত করিলে সে জয় জয় বলিয়া গণ্য হয় না কারণ, তাহা অকল্যাণকর। ২২-২৩

যে ব্যক্তি এই সম্পূর্ণ জগৎকে জয় করে এবং যে ব্যক্তি ব্রাহ্মণকে বধ করে, এই উভয়েরই পাপ সমান। ঋষিগণ বলিয়াছেন—ব্রহ্মঘ্নতা মহাপাপ। ২৪

ব্রাহ্মণগণের নিন্দা কোন প্রকারেই শুনা উচিত নয় যেখানে তাঁহাদের নিন্দা হয়, সেখানে অধোমুখে নীরবে বসিয়া থাকিবে কিংবা সেস্থান হইতে উঠিয়া চলিয়া যাইবে। ২৫

এ জগতে এরূপ কোনও মানুষ জন্মগ্রহণ করে নাই এবং ভবিষ্যতে করিবেও না, যে মানুষ ব্রাহ্মণের সহিত বিরোধ করিয়া সুখের সহিত জীবিত থাকিবার সাহস করিতে পারে। ২৬

রাজন্! বায়ুকে মুষ্টির দ্বারা ধরিয়া রাখা, চন্দ্রকে হস্তের দ্বারা স্পর্শ করা এবং পৃথিবীকে তুলিয়া ধরা যেরূপ অত্যন্ত কঠিন কার্য, সেইরূপ এই পৃথিবীতে ব্রাহ্মণগণকে জয় করা দুষ্কর কার্য। ২৭

শ্রীমহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে ব্রাহ্মণের প্রশংসাসূচক ত্রয়স্ত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

॥ চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ ॥

[শ্রেষ্ঠ-ব্রাহ্মণাদি প্রশংসা ।

ভীষ্ম উবাচ

ব্রাহ্মণানেব সততং তৃপ্তাঃ সম্পরিপূজয়েৎ
এতে হি সোমরাজান ঈশ্বরা সুখদুঃখয়োঃ । ১

এতে তৌরসলক্ষণৈরঙ্গৈস্তৈস্তৈ র্বিমিশ্রকৈঃ ।
সদা পূজ্যা নমস্কার্যৈ রক্ষ্যাশ্চ পিতৃবদ্নৃপৈঃ । ২

ততো রাষ্ট্রস্য বাস্তিহি তৃপ্তানামিব বাসবাৎ
জায়তাং রত্নবর্ষঞ্চ রাষ্ট্রে বৈ ব্রাহ্মণঃ শুচিঃ । ৩

মহারত্নং রাজ্ঞস্ত এইবাঃ শক্রত্রাপনঃ
ব্রাহ্মণং জাতিসম্পন্নং ধর্মজ্ঞং সংশিতব্রতম্ । ৪

বাসয়েত গৃহে রাজন্ ন তস্মাৎ পরমস্তি বৈ
ব্রাহ্মণেভ্যো হবির্দত্তা প্রতিগৃহ্নন্তি দেবতাঃ । ৫

পিতরঃ সর্বভূতানাং নৈবেভ্যো বিদ্যতে পরম্ ।
আদিত্যচন্দ্রমা বায়ুরাপো ভূতস্বরং দিবঃ । ৬

সর্বে ব্রাহ্মণমাবিশ্য সদাব্রহ্মপভুঞ্জতে
ন তস্মাদস্তি পিতরো যস্য বিপ্রা ন ভুঞ্জতে । ৭

যেষাঞ্চাপ্যস্ত নাস্তীতি পাপশ্চ ব্রাহ্মণা দ্বিষ ।
ব্রাহ্মণেষু তু তুষ্টেষু প্রীয়ন্তে পিতরঃ সদা । ৮

তথৈব দেবতা রাজন্ নাত্র কার্যা বিচারণা
তথৈব ঋষয়ঃ প্রীয়ন্তে যেষাং তুষ্যতি তদ্বিজঃ । ৯

ন চ প্রেত্য বিনশ্যন্তি ন চ পরাং গতিম্ ।
যেন যেনৈব হবিষা ব্রাহ্মণাস্তর্পয়েন্নরঃ । ১০

তেন তেনৈব প্রীয়ন্তে পিতরো দেবতাস্তথা ।
ব্রাহ্মণেভ্যো হবির্দত্তা প্রতিগৃহ্নন্তি দেবতাঃ । ১১

ব্রাহ্মণাদেব তদ্ ভূতা প্রভবন্তি যতঃ প্রজাঃ । ১১

যতস্ত্বায়ঃ প্রভবন্তি প্রেত্য যত্র চ গচ্ছন্তি
যেষৈব মার্গঃ স্বর্গস্য তথৈব নরকস্য চ । ১২

চতুস্ত্রিংশ অধ্যায়

[শ্রেষ্ঠ ব্রাহ্মণগণের প্রশংসা ।]

ভীষ্ম বলিলেন,—যুধিষ্ঠির ! ব্রাহ্মণগণের সর্বদাই উত্তম-রূপে সমাদর সহকারে পূজা করা উচিত। চন্দ্র হইলেন ইঁহাদের রাজা। ইঁহারা যাহাকে সুখ ও দুঃখ এই উভয়ই প্রদান করিতে সমর্থ । ১

ব্রাহ্মণের কর্তব্য হইল—তাঁহারা উত্তম ক্রোধ, আত্মরক্ষণ এবং জিজ্ঞাসা করিয়া প্রভৃত অন্যান্য মনোবাঞ্ছিত পদার্থ দান করত নমস্কারাদি দ্বারা সর্বদা তাঁহাদের পূজা করিবেন ও পিতার ন্যায় তাঁহাদের সদা পালন-পোষণ করিবেন, তবেই এই ব্রাহ্মণগণের দ্বারা রাজ্যে সেইভাবে শান্তি থাকিতে পারে, যেরূপ ইন্দ্রের নিকট হইতে বৃষ্টিপাত হইলে পর সমস্ত প্রাণিগণের সুখ-শান্তি লাভ হয় । ২-৩

সকলের এই কথাটাই বলা উচিত যে, রাজ্যে ব্রহ্মতেজ-সম্পন্ন পবিত্র ব্রাহ্মণ উৎপন্ন হইল এবং সজ্জনগণের সদাচারক যজ্ঞাদি ক্রিয়ার উৎপত্তি হইল । ৪

রাজন্ ! বিশুদ্ধ জাতিসম্পন্ন ও তীক্ষ্ণ ব্রতপালনকারী ধর্মজ্ঞ ব্রাহ্মণকে নিজের গৃহে বাস করাইবেন। ইহা হইতে শ্রেষ্ঠ আর কোনও পুণ্য কর্ম নাই । ৫

ব্রাহ্মণগণকে যে হবিষ্য অর্পণ করা হয়, তাহা দেবতারা গ্রহণ করেন ; কারণ, ব্রাহ্মণ সমস্ত প্রাণিগণেরই পিতা। ইঁহাদের অপেক্ষা শ্রেষ্ঠ আর কোন প্রাণী নাই । ৬

সূর্য, চন্দ্র, বায়ু, জল, পৃথিবী, আকাশ ও দিক্‌সমূহ—ইঁহাদের সকলের অধিষ্ঠাত্রী দেবতা সদা ব্রাহ্মণগণের শরীরে প্রবেশ করত অন্ন ভোজন করিয়া থাকেন । ৭

ব্রাহ্মণগণ যাহার অন্ন ভোজন করেন না, তাহার অন্য পিতৃগণও স্বীকার করেন না সেই ব্রাহ্মণদ্রোহী পাপাত্মার অন্য দেবতারাও গ্রহণ করেন না । ৮

রাজন্ ! যদি ব্রাহ্মণগণ সন্তুষ্ট থাকেন, তাহা হইলে পিতৃগণ সন্তুষ্ট থাকেন এবং দেবতারাও সদা প্রসন্ন থাকেন এবিষয়ে কোনরূপ অন্য বিচার করা উচিত নহে । ৮-৯

এইরূপে সেই দেবতাগণও প্রসন্ন থাকেন, তাঁহাদের প্রসন্ন হইলে ব্রাহ্মণদিগের উপযোগে ব্যবহৃত হয়। তাঁহারা মৃত্যুর পর নষ্ট হন না, উত্তম গতি লাভ করিয়া থাকেন । ৯-১০

যাহারা যে যে হবিষ্যের দ্বারা ব্রাহ্মণগণের তৃপ্তি সাধন করেন সেই সেই হবিষ্যের দ্বারা দেবতা এবং পিতৃগণও তৃপ্ত হইয়া যান । ১০-১১

যাহা হইতে সমস্ত প্রজা উৎপন্ন হয়, সেই যজ্ঞাদি কার্য ব্রাহ্মণগণ হইতেই সম্পন্ন হইয়া থাকে। জীব যেখান হইতে উৎপন্ন হয় এবং মৃত্যুর পর যে স্থানে গমন করে, সেই স্বর্গকে, স্বর্গ নরকের মার্গকে এবং ভূত, বর্তমান ও ভবিষ্যৎকে ব্রাহ্মণ জানেন । ব্রাহ্মণ মনুষ্যগণের মধ্যে সর্বশ্রেষ্ঠ। অতএব শ্রেষ্ঠ

জাগর্ত্তানাগর্ত্তে চৈতে ব্রাহ্মণো দ্বিপদাঃ বরঃ।
ব্রাহ্মণো ভরতশ্রেষ্ঠ যথার্থঃ বৈব বেদ যঃ। ৩
যে চৈবমনুবর্ত্তন্তে তেন যান্তি পরাভবম্
ন তে প্রেত্য বিনশ্যন্তি গচ্ছন্তি ন পরাভবম্ ॥১৪
যত্র ব্রাহ্মণবাক্যং গ্রাহ্যং প্রতিগৃহ্যতে বৈ বচঃ।
কৃতাত্মানো মহাত্মানস্তে ন যান্তি পরাভবম্ ॥ ১৫
অস্মিন্নাগার প্রত্যক্ষা তেজসা চ বলেন চ
ব্রাহ্মণেষেব সাধ্যন্তি তেজাংসি চ বলানি চ ॥ ১৬
কৃশবস্ত্রালঙ্কারান্ কীর্ণানাজিনসংহতান্
ভরতাত্তো বৈরতব্যানৈলান্ড ভরতর্ষভ ॥ ১৭
চিত্রানুবাক্যাপাত্রয়ন্তে কৃষ্ণাজিনবাসসঃ।
প্রক্ষিপ্যাথ চ কৃত্তান্ বৈ পারশ্বানিনয়ন্তে ॥ ১৮
যং কিঞ্চিৎ কথ্যতে লোকে শ্রূয়তে পঠ্যতেঽপি বা
তৎ তৎ ব্রাহ্মণেষেব পূচ্যতেঽস্মিন্নিহ দারুণ ॥ ১৯

যিনি যথার্থ জানেন ও তাঁহার পালন করেন, তিনিই যথার্থ ব্রাহ্মণ ॥ ১১-১৩

যে সব যাদব ব্রাহ্মণগণের অনুসরণ করেন, তাঁহাদের কখনও পরাভব প্রাপ্তি হয় না। ১৪

ব্রাহ্মণের মুখ হইতে যে বাণী নির্গত হয়, তাহা যাঁহারা শিরোধার্য্য করেন, সেই সমস্ত কৃতমনকে আত্মভাবে দর্শনকারী মহাত্মা পুরুষগণ কখনও পরাভব প্রাপ্ত হন না। ১৫

যাঁহা তেজ ও বলের দ্বারা সমস্তকারী ক্ষত্রিয়গণের তেজ এবং বল ব্রাহ্মণদিগের সম্মুখে আসিয়াই শান্ত হইয়া যায়। ১৬

ভরতশ্রেষ্ঠ! কৃশকলেবর ব্রাহ্মণগণ জীর্ণবস্ত্রপরিধানে, অজিনাবসনধারী সন্ন্যাসগণ নীলবর্ণীয় রাজাদিগকে এবং ভরতবংশ বৈরত ও ঐলাদি পুত্রদিগকে পরাজিত করিয়াছিলেন। ১৭

ক্ষত্রিয়গণের নিকট নানাপ্রকারের বিচিত্র অনুশাসন ছিল, তথাপি কৃষ্ণমৃগচর্ম্মধারী এই ব্রাহ্মণেরা তাঁহাদের জয় করিয়া ছিলেন। ক্ষত্রিয়ের কর্ত্তব্য হইল—ব্রাহ্মণগণকে জলপূর্ণ কুম্ভসকল দান করিয়া তাঁহারা পারলৌকিক কার্য্য আরম্ভ করিবেন। ১৮

সংসারে যাহা কিছু বলা হয়, শুনা যায় ও পাঠ করা হয়, এই সব কিছুই কাহে ওতপ্রোতভাবে স্থিত অগ্নির ন্যায় ব্রাহ্মণগণের মধ্যেই অবস্থিত আছে ॥ ১৯

ভরতশ্রেষ্ঠ! এ বিষয়ে অভিজ্ঞ পুরুষগণ ভগবান্ শ্রীকৃষ্ণ ও

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
সংবাদং বাসুদেবস্য পৃথিব্যাশ্চ ভরতর্ষভ ॥ ২০
বাসুদেব উবাচ।
মাতরং সর্বভূতানাং পৃচ্ছে ত্বাং সংশয়ং শুভে।
কেনস্বিৎ কর্মণা পাপং ঘোরোদর্কং নরো গৃহী ॥ ২১
পৃথিব্যুবাচ
ব্রাহ্মণানেব সেবেত পবিত্রং হ্যেতদুত্তমম্।
ব্রাহ্মণান্ সেবমানস্য যশঃ সর্বা প্রসূয়তে
অতো বৃদ্ধিরতঃ কীর্তিরতো বৃদ্ধিঃ প্রজায়তে ॥ ২২
মহারাজশ্চ রাজন্ত ঐক্ষ্বাকঃ শক্রতাপনঃ।
ইতি হ্যাহ নারদঃ প্রাহ সততং সর্বভূতেষু ॥ ২৩
ব্রাহ্মণা জাতিসম্পন্নাঃ বর্ষজ্ঞাঃ সংশিতব্রতাঃ শুচিম্
অপরেদ্যুঃ পরেদ্যুশ্চ পরত্যেষ্যেব বেঽপরে ॥ ২৪
ব্রাহ্মণা যা প্রবাংসন্তি স মনুষ্যঃ প্রবর্ধতে
অথ যো ব্রাহ্মণান্ দ্বেষ্টি পরাভবতি সোঽচিরাৎ ॥ ২৫

পৃথিবীর সংবাদরূপ এই প্রাচীন ইতিহাস উদাহরণ দিয়া থাকেন। ২০

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন,—শুভে! তুমি সমস্ত প্রাণিগণের ধাত্রী, সেই জন্য আমি তোমাকে এক সন্দেহ জিজ্ঞাসা করিব। গৃহস্থ মানুষ কোন্ কর্মের অনুষ্ঠানে নিজের পাপ নাশ করিতে সমর্থ হয়? ২১

পৃথিবী বলিলেন, ভগবন্! ইহার জন্য মানুষের ব্রাহ্মণগণেরই সেবা করা উচিত ইহাই সর্বাপেক্ষা পবিত্র ও উত্তম কার্য্য। ব্রাহ্মণগণের সেবাকারী পুরুষের সমস্ত যশোগুণ বৃদ্ধি হইয়া যায়। ইহা হইতে ঐশ্বর্য্য, ইহা হইতে কীর্ত্তি ও ইহা হইতে উত্তম বুদ্ধির লাভ হয় ॥ ২২

সদা সর্বপ্রকার সমৃদ্ধির জন্য নারদ আমাকে বলিয়াছিলেন – পঞ্চসন্ধ্যাকারী মহাযশী ঋষিরা হইয়া উৎপন্ন হইয়াও যাজনা করিবে ॥ ২৩

উত্তম জাতি সম্পন্ন, বর্ষজ্ঞ, কঠোরব্রত পালনকারী ও পবিত্র ব্রাহ্মণ হইয়া জন্মগ্রহণ করিয়াছেও ইচ্ছা রাখিবে। ক্ষুদ্র-মধ্যে সর্বপ্রকার মানুষ হইতে যিনি শ্রেষ্ঠ, তাহা হইতেও ব্রাহ্মণ শ্রেষ্ঠ বলিয়া কথিত হন। এমন ব্রাহ্মণগণ যাঁহার প্রশংসা করেন, সেই মানুষের বৃদ্ধি হয় এবং ব্রাহ্মণেরা যাঁহার নিন্দা করেন, সেই মানুষ সমস্ত পরাভব প্রাপ্ত হয় ॥ ২৪-২৫

যথা মহার্ণবে ক্ষিপ্ত আমলোষ্টো বিনশ্যতি
তথা দুষ্কৃতিজং সর্বং পরাভাবায় কল্পতে ॥ ১৬
পশ্য চন্দ্রে কৃতং লক্ষ্ম সমুদ্রো লবণোদকঃ।
তথা তপসমাবেশ মবেহ্যঃ পরিচিহ্নিতঃ ॥ ১৭
তেষামেব প্রভাবেন সহস্রনয়নো হরেঃ।
শতক্রতুঃ সমভবৎ পশ্য মাধব যাদৃশম্ ॥ ১৮
ইচ্ছন্ কীর্তিং ভূতিং লোকাংস্তপ মধুসূদন।
ব্রাহ্মণানুমতে তিষ্ঠেৎ পুরুষঃ শুচিরাত্মবান্ ॥ ১৯

ভীষ্ম উবাচ
ইত্যেতদ্ বচনং শ্রুত্বা বেদিস্থা মধুসূদনঃ।
সাধু সাধ্বিতি কৌরব্য মেনিরে প্রত্যপূজয়ৎ ॥ ৩০
এতাং শ্রুত্বোপমাং পার্থ প্রযতো ব্রাহ্মণর্ষভান্।
সততং পূজয়েদ্ যস্তু ততঃ শ্রেয়োঽভিপদ্যতে ॥ ৩১
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি পৃথ্বী-বাসুদেবসংবাদে
চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩৪

যেরূপ মহাসাগরে নিক্ষিপ্ত কাঁচা মৃত্তিকার ঢিল শীঘ্র গলিয়া নষ্ট হইয়া যায়, সেইরূপ ব্রাহ্মণগণের নিন্দা লাভ করিলেই সমস্ত সুকৃত নষ্ট হইয়া যায় ॥ ১৬

মাধব! দেখুন, ব্রাহ্মণগণের কিরূপ প্রভাব, যাঁহারা চন্দ্রে কলঙ্কলেপন করিয়া দিয়াছেন, সমুদ্রের জলকে লবণাক্ত করিয়াছেন এবং যেখানে ইন্দ্রের গমনে এত হাজার তপশ্চিহ্ন উৎপন্ন করিয়া দিয়াছেন এবং তাঁহাদেরই প্রভাবে সেই সব আবার শুদ্ধ হেতু পরিণত হইয়া গিয়াছে, যাহার ফলে শতযজ্ঞকারী ইন্দ্র 'শতক্রতু' নামে প্রসিদ্ধ হইয়াছেন ॥ ১৭-১৮

মধুসূদন! যিনি কীর্তি, ঐশ্বর্য ও উত্তম লোকসকল লাভ করিতে বাসনা করেন, তাঁহাকে সংযতচিত্তে সেই পূজ্য ব্রাহ্মণগণের আজ্ঞানুবর্তী হইয়া থাকিবেন ॥ ১৯

ভীষ্ম বলিলেন,—কুরুনন্দন! পৃথিবীদেবীর এই বাক্য শ্রবণ করিয়া ভগবান্ মধুসূদন বলিলেন, উত্তম, উত্তম, তুমি সত্য কথা বলিয়াছ। এই কথা বলিয়া তিনি পৃথিবীদেবীর অভিনন্দন সমাদর করিলেন ॥ ৩০

কুন্তীনন্দন! এই শ্রুতি ও ব্রাহ্মণ-সংবাদ শ্রবণ করিয়া ভূমি সর্বদা পবিত্রভাবে শ্রেষ্ঠ ব্রাহ্মণগণের পূজা করিতে থাক। ইহাতে তুমি কল্যাণ লাভ করিবে ॥ ৩১

শ্রীমহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে পৃথিবীদেবী ও ভগবান্ শ্রীকৃষ্ণের সংবাদবিষয়ক চতুস্ত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত

॥ পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥

[ব্রহ্মণা ব্রাহ্মণানাং মাহাত্ম্যবর্ণনম্]

ভীষ্ম উবাচ
জন্মনৈব মহাভাগো ব্রাহ্মণো নাম জায়তে।
নমস্যঃ সর্বভূতানামতিথিঃ প্রস্তুতাগ্রভুক্ ॥ ১
সর্বার্থাঃ সুলভস্তাত ব্রাহ্মণাঃ সুমনামুখাঃ।
গৌতিমঙ্গলযুক্তাতিরুদ্যন্তি পূজিতাঃ ॥ ২
সর্বাংস্তো দ্বিজতাত ব্রাহ্মণা ভাতমন্যবঃ।
গীর্ভিরারুপযুক্তাতিরাভিরুদ্যন্তপূজিতাঃ ॥ ৩
অত্র গাথাঃ পুরাগীতাঃ কীর্তয়ন্তি পুরাবিদঃ
সৃষ্ট্বা দ্বিজাতীন্ ধাতা হি যথাপূর্বং সমাদদৎ ॥ ৪

পঞ্চত্রিংশ অধ্যায়।

[ব্রহ্ম কর্তৃক ব্রাহ্মণগণের মাহাত্ম্য বর্ণন]

ভীষ্ম বলিলেন,—যুধিষ্ঠির! ব্রাহ্মণ জন্মের দ্বারাই মহাভাগ্যশালী, সমস্ত প্রাণিগণের বন্দনীয় অতিথি ও প্রথম ভোজন পাইবার অধিকারী ॥ ১

তাত! ব্রাহ্মণগণ সকল মনোরথসিদ্ধিকারী, সকলের সুহৃদ্ এবং দেবতাগণের মুখ। তাঁহারা পূজিত হইয়া নিজেদের যজমানদিগের কল্যাণ চিন্তা করেন ॥ ২

তাত! আমাদের শত্রুগণের দ্বারা পূজিত না হওয়ায় তাহাদের প্রতি কুপিত হইয়া এই ব্রাহ্মণগণ অভিশাপপূর্ণ স্তবের দ্বারা তাহাদের সকলকে নষ্ট করিয়া দিবেন ॥ ৩

এ বিষয়ে পুরাবিৎ পুরুষগণ কর্তৃক পুরাকালে গীত যে গাথা কীর্তিত হয়—প্রজাপতি ব্রহ্মা ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যগণ

ন চাস্তরিহ কর্তব্যঃ কিঞ্জিদ্‌যজ্ঞ যথাবিধি
ওত্তো গোপায়তে ব্রহ্ম ত্রেতো যজ্ঞেন শোভনম্ ॥ ৫
অমেব কুর্বতাং কর্ম শ্রৈষ্ঠ্যং ব্রাহ্মী ভবিষ্যতি।
প্রমাণং সর্বভূতানাং প্রগ্রহাস্ত ভবিষ্যত ॥ ৬
ন শৌক্র কর্ম কর্তব্যং ব্রাহ্মণেন বিপশ্চিতা।
শৌক্র হি কুর্বতঃ কর্ম ধর্মঃ সমূপহন্যতে ॥ ৭
শ্রীশ্চ বৃদ্ধিশ্চ তেজশ্চ বিবৃদ্ধিশ্চ প্রভাপিনী।
স্বাধ্যায়ে চৈব সাধ্যায়াং বিপুলাং প্রতিপদ্যতে ॥ ৮
হুত্বা চাহবনীয়স্থং মহাভাগো প্রতিষ্ঠিতাঃ।
অগ্রভোজাঃ প্রভূতাশ্চ ক্রিয়া ব্রাহ্ম্যাস্তুকল্পিতাঃ ॥৯
শ্রদ্ধয়া পরয়া যুক্তা জনজিহোহসত্তমা।
দমস্বাধ্যায়নিরতাঃ সর্বান্ কামানবাপ্নুয়াৎ ॥ ১০
যজ্ঞেন মানুষে লোকে যজ্ঞ দেবেষু কিঞ্চন
সর্বং তু তপসা সাধ্যং তপো হি মহিমেন ॥ ১১

(মুখৎসন্ধানানাং প্রীতিঃ পাবনাঃ ক্ষত্রিয়াঃ ক্রিয়ম্
অমুত্রেহ সমারাম্ভি বৈশ্য-শূদ্রাদিকাস্তথা।
অরক্ষিতাস্তু মুখ্যাভিরিতরে যান্তি বিপ্লবম্।
মুখস্তেজোহৃতা লোকাস্তস্ত রক্ষণ জগত্রয়ম্ ॥)
ইত্যেষ ব্রহ্মণীতাস্তে সমাখ্যাতো মহাত্মভি।
বিপ্রাণামনুকম্পার্থং তেন প্রোক্তো হি ধীমতা ॥ ১২
ভৃগুস্তেবাচ বলা মন্তে যথা রাজন্তপশ্চিনঃ
ত্বরাসম্পন্নাঃ চণ্ডাশ্চ ক্রুরাঃ ক্ষিপ্রকারিণঃ ॥ ১৩
সন্তোবাঃ সিংহসত্ত্বাশ্চ ব্যাঘ্রসত্ত্বাস্তথাপরে।
বরাহ-মৃগসত্ত্বাশ্চ জলসত্ত্বাস্তথাপরে ॥১৪
সর্পসত্ত্বসমাঃ কেচিৎ তথান্যে মকরসত্ত্বসঃ।
বিতাস্তুথাস্তিনঃ কেচিৎ তথা চক্ষুর্হণোঽপরে ॥ ১৫
সন্তি চাশীবিষসমাঃ সন্তি মন্দাস্তথাপরে।
বিবিধানীহ বৃত্তানি ব্রাহ্মণানাং মুণিস্তিঃ ॥ ১৬

পূর্ববৎ উৎপন্ন করিয়া তাঁহাদের উপদেশ করিলেন—তোমাদের পক্ষে বিধি অনুসারে যজ্ঞপালন এবং ব্রাহ্মণশ্রেষ্ঠের সেবা ব্যতীত অন্য কোন কর্তব্য নাই। ব্রাহ্মণগণকে যদি রক্ষা করা হয়, তবে তাঁহারা তোমাদের রক্ষিত হইয়া ত্রিভুবনকে রক্ষা করিয়া থাকেন অতএব ব্রাহ্মণগণের সেবায় তোমাদের পরম কল্যাণ লাভ হইবে। ৪-৫

ব্রাহ্মণের ইন্দ্রাসন পরিত্যাগ করিলেই তোমাদের ব্রাহ্মী লক্ষ্মী প্রাপ্তি হইবে। তোমরা সমস্ত ভূতগণের পক্ষে প্রমাণভূত এবং তাহাদের বলীয়ত্রণধারী হও ॥ ৬

বিদ্বান্ ব্রাহ্মণের শূদ্রোচিত কর্ম করা উচিত নয়। শূদ্রের কর্ম করিলে তাঁহার ধর্ম নষ্ট হইয়া যায়। ৭

স্বধর্মপালন করিলে লক্ষ্মী, বৃদ্ধি, তেজ ও প্রভাযুক্ত শ্রৈষ্ঠ্য লাভ হয় এবং স্বাধ্যায়েরও অত্যধিক মাহাত্ম্য উপলব্ধি হইবে। ৮

ব্রাহ্মণগণ আহবনীয় অগ্নিতে অবস্থিত দেবতাগণকে হোমের দ্বারা তৃপ্ত করত মহৎ সৌভাগ্যপূর্ণ পদে প্রতিষ্ঠিত হন। তাঁহারা ব্রাহ্মী বিদ্যার উত্তম পাত্র হইয়া যজ্ঞসমূহের অগ্রে ভোজন পাইবার অধিকারী হইয়া থাকেন ॥ ৯

হিজগণ! যদি তোমরা কোন প্রাণীর সহিত দ্রোহ না করিয়া প্রাণ পরম শ্রদ্ধাসম্পন্ন হইয়া ইন্দ্রিয় সংযম ও স্বাধ্যায়ে নিরত থাক, তবে সমস্ত কামনা পূর্ণ করিতে সমর্থ হইবে ॥ ১০

মনুষ্যলোকে ও দেবলোকে যাহা কিছু ভোগ্য বস্তু আছে, সেই সবই জ্ঞান, নিয়ম ও তপস্যার দ্বারা প্রাপ্ত হওয়া যায় ॥ ১১

(তোমাদের সমাজের পবিত্র ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রাদি প্রাণীরা ইহলোক এবং পরলোকেও প্রীতি ও সম্পত্তি লাভ করিয়া থাকে। যাহারা তোমাদের বিরোধী, তাহারা তোমাদের দ্বারা অরক্ষিত হওয়ায় বিনাশপ্রাপ্ত হইবে। তোমাদের তেজেই এই লোকসকল বিধৃত আছে; অতএব তোমরা এই ত্রিলোককে রক্ষা করিবে।)

নিষ্পাপ মুণিগণ! এইরূপে ব্রহ্ম কর্তৃক নীত প্রাণিসমূহ আমি তোমাকে বলিলাম। সেই পরম বুদ্ধিমান্ ব্রাহ্মণগণের প্রতি কৃপা করিবার জন্যই এই কথা বলিয়াছিলেন ॥ ১২

আমি ব্রাহ্মণগণের বল তপস্যা দ্বারাই জন্য অধিক বলিয়াই মনে করি। তাঁহারা দুর্মুখ, রুষ্টও শেগশালী ও ক্ষিপ্রকারী হন ॥ ১৩

ব্রাহ্মণগণের মধ্যে কেহ সিংহতুল্য শক্তিশালী ও অনেকে ব্যাঘ্রসমূহ পরাক্রমশালী হন। বহু শক্তি বরাহ ও মৃগের সমান হইয়া থাকে। অনেকে আবার জলজন্তুতুল্য শক্তিশালী হন ॥ ১৪

তাঁহাদের স্পর্শ সর্পের সমান হয় এবং তাঁহাদের স্পর্শ আবার মকরসমূহ হয়। কেহ কেহ শাপ দিয়া বধ করেন, অনেকে আবার ক্রোধপূর্ণ দৃষ্টি দিয়াই ভস্ম করিয়া থাকেন ॥ ১৫

বহু ব্রাহ্মণ বিষধর সর্পসমূহ সদৃশ হন, অনেকে আবার মন্দস্বভাব হইয়া থাকেন। মুণিগণ! এ জগতে ব্রাহ্মণগণের স্বভাব ও আচার-ব্যবহার অনেক প্রকার হয় ॥ ১৬

মেকলা দ্রাবিড়া লাটাঃ পৌণ্ড্রাঃ কাম্বোজিরাতথা
শৌণ্ডিকা দরদা দার্বাশ্চৌরাঃ শবর-বর্বরাঃ। ১৭
কিরাতা যবনাশ্চৈব তাঙ্গাঃ ক্ষত্রিয়জাতয়ঃ
বৃষলত্বমনুপ্রাপ্তা ব্রাহ্মণানামদর্শনাৎ। ১৮
ব্রাহ্মণানাং পরিত্যাগাদসুরাঃ সলিলেশয়াঃ।
ব্রাহ্মণানাং প্রসাদাচ্চ দেবাঃ স্বর্গনিবাসিনঃ। ১৯
অথৈতা স্ফটিকাকাশসঙ্কাশো হিমবান্ গিরিঃ
অধ্যর্ধা যোজনা গঙ্গা দুর্গতা ব্রাহ্মণা ভুবি। ২০

ন ব্রাহ্মণবিরোধেন শক্যা যাস্যন্তি বসুন্ধরা
ব্রাহ্মণা হি মহাত্মানো দেবানামপি দেবতাঃ। ২১
তান্ পূজয়স্ব সততং মানেন পরিচর্যয়া।
যদীচ্ছসি মহীং ভোক্তুমিমাং সাগরমেখলাম্। ২২
প্রতিগ্রহেণ তেজো হি বিপ্রাণাং সম্প্রযুজ্যতে নঃ
প্রতিগ্রহং যে নেচ্ছন্তুপ্তেভ্যো রক্ষণং দ্বিজা নৃপ। ২৩
ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি ব্রাহ্মণপ্রশংসায়াং
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি ব্রাহ্মণপ্রশংসায়াং
পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ৩৫

মেকল, দ্রাবিড়, লাট, পৌণ্ড্র, কাম্বোজ, শৌণ্ডিক, দরদ, দার্ব, চৌর, শবর, বর্বর, কিরাত ও যবন ইঁহারা সকলে প্রথমে ক্ষত্রিয় ছিল, কিন্তু ব্রাহ্মণগণের সহিত ঈর্ষ্যা করায় নীচ হইয়া গিয়াছে। ১৭-১৮

ব্রাহ্মণগণকে তিরস্কার করায় অসুরগণকে সমুদ্রে বাস করিতে হইয়াছে এবং ব্রাহ্মণগণের কৃপাপ্রসাদে দেবতারা স্বর্গলোকে বাস করিতেছেন। ১৯

যেরূপ আকাশকে স্পর্শ করা, হিমালয়কে নিতম্বিত করা এবং বীণানির্ঘোষ করিয়া গঙ্গার প্রবাহকে রুদ্ধ করা অসম্ভব, সেইরূপ এই ভূতলে ব্রাহ্মণগণকে ভয় করা সর্বথা অসম্ভবই। ২০

ব্রাহ্মণবিরোধ করিয়া কখনও কোন রাজা বসুন্ধরা ভোগ করিতে পারেন না, কারণ, এই বসুন্ধরা ব্রাহ্মণেরা দেবতাদিগেরও দেবতা। ২১

যুধিষ্ঠির! যদি তুমি এই সমুদ্র পর্যন্ত পৃথিবীর রাজ্য ভোগ করিতে বাসনা কর, তবে দান ও সেবার দ্বারা সর্বদা ব্রাহ্মণগণের পূজা করিতে থাক। ২২

নিষ্পাপ নৃপ যুধিষ্ঠির! দান গ্রহণ করিলে ব্রাহ্মণদের তেজ নষ্ট হইয়া যায় সেইজন্য তাঁহারা দান গ্রহণ করিতে ইচ্ছুক হন না, সেইজন্য ব্রাহ্মণদিগের নিকট হইতে তোমার নিজ ধনের রক্ষা করা উচিত। ২৩

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে ব্রাহ্মণের প্রশংসাবিষয়ক পঞ্চত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত

॥ ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ ॥

[ব্রাহ্মণপ্রশংসাবিষয়ে ইন্দ্র-নহুষসংবাদবর্ণনম্]

ভীষ্ম উবাচ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
শক্র-নহুষসংবাদং তমিবোধ যুধিষ্ঠির। ১

শক্রো যজ্ঞভাগত্রয়েণ ত্রীণি ত্বা রজোগুণঃ
বিস্তীর্ণং বহমাস্যাং প্রশ্নং পপ্রচ্ছ নহুষম্। ২

শক্র উবাচ।

কেন নহুষ বৃত্তেন ব্রহ্মভূতানিতিষ্ঠসি
শ্রেষ্ঠঃ ত্বা কেন মন্যন্তে তন্ত্ব বৈ প্রব্রূহি তত্ত্বতঃ। ৩

ষট্‌ত্রিংশ অধ্যায়।

[ব্রাহ্মণের প্রশংসাবিষয়ে ইন্দ্র ও নহুষাসুরের সংবাদ বর্ণন।]

ভীষ্ম বলিলেন,—যুধিষ্ঠির! এবিষয়ে অভিজ্ঞ পুরুষগণ এক্ষণে ইন্দ্র ও নহুষাসুরের সংবাদরূপ এই প্রাচীন ইতিহাস উদাহরণ দিয়া থাকেন, তুমি তাহা শ্রবণ কর। ১

পূর্বকালের ঘটনা, একদিন দেবরাজ ইন্দ্র অজ্ঞাতরূপে ত্রয়োদশদিবস (সপ্তাহ) ওঁকারাদি তপস্যা করিয়া এক বিরাট রূপ আহরণ করত নহুষাসুরের নিকট গমন করিলেন। তিনি সেস্থানে উপস্থিত হইয়া তাঁহাকে জিজ্ঞাসা করিলেন। ২

ইন্দ্র বলিলেন,—নহুষাসুর! কিরূপ আচরণ করিয়া তুমি নিজ জাতির উপর অধিপতা করিতেছ? তাহারা কি তোমাকে সর্বশ্রেষ্ঠ বলিয়া মনে করে? ইহা যথার্থ ভাবে বল।

শঙ্কর উবাচ।

নাস্মরামি যদা বিপ্রান্ বাহ্মণেষু চ মে মতম্।
শাস্ত্রাণি যদতো যত্রান্ সম্যগামি যথাশ্রুতম্ ॥ ৪
শ্রুত্বা চ নাবজানামি নাপরাধ্যামি কর্হিচিৎ।
অর্চ্যাংশ্চাভ্যর্চয়ামি শাশ্বে পৃচ্ছামি চৌদ্যতাম্ ॥৫
তে বিদ্বাংসঃ প্রতাষন্তে সম্পৃচ্ছন্তে চ মাং সদা।
প্রমত্তেষ্বপ্রমত্তোঽস্মি সদা সুপ্তেষু জাগৃমি ॥ ৬
তে মাং শাস্ত্রপথে যুক্তং ব্রহ্মণ্যমনসূয়কম্।
সমাসিঞ্চন্তি শাস্ত্রার্থাঃ শৌক্রং মন্ত্রিব মক্ষিকাঃ ॥ ৭
যচ্চ ভাষন্তি সন্তশ্চাত্তচ্চ পৃচ্ছামি মেধয়া।
সমাধিমাস্থানো নিত্যমনুলোমমচিন্তয়ন্ ॥ ৮
সোঽহং বাগগ্রমুষ্টানাং ব্রহ্মণানামবলেহকঃ
খণ্ডয়ানবিজিঞ্চামি নক্ষত্রাণীব চন্দ্রমাঃ ॥ ৯

এতৎ পৃথিব্যামমৃতমেতচ্ছ্রুত্বা সুভাষিতম্।
যৎ ব্রাহ্মণমৃষাচ্ছাস্ত্রান্নিত্যং শ্রুত্বা প্রবর্ততে ॥ ১০
এতৎ কারণমাচার্য্য পৃষ্টা দেবাসুরাঃ পুরা।
মুহ্যন্ পিতা মে ভ্রষ্টাত্মা বিশিষ্টঃ সমপদ্যত ॥ ১১
পৃষ্টা চ ব্রাহ্মণানাং তু মহিমানং মহাত্মনাম্।
পর্য্যপৃচ্ছং কথমসৌ সিদ্ধ ইতি নিশাকরম্ ॥ ১২

সোম উবাচ।

ব্রাহ্মণাস্তপসা সর্বে সিধ্যন্তে বাহুলাঃ সদা।
ভুজতীর্থাংশ্চ রাজানো বাগগ্রাংশ্চ দ্বিজাতয়ঃ ॥ ১৩
প্রণবা চাপ্যাধীয়ন্ত ব্রাহ্মীর্ষ্যংস্তীর্থন্।
নির্মুক্তারপি নির্বাণো যদি স্যাৎ সমদর্শনঃ ॥ ১৪
অপি চ জ্ঞানসম্পন্নঃ সর্বান্ বেদান পিতুর্মুখে
ব্রাহ্মণান ইতীহাদ্য প্রাহ্য ইত্যেব তা বিদুঃ ॥ ১৫

শঙ্করকে যদিলেন, আমি ব্রাহ্মণগণকে কখনও লোষ দর্শন করি না। তাঁহাদের ব্রতাদিও আমি নিজের মত বলিয়া মনে করি এবং শাস্ত্রপ্রবক্তা বিপ্রগণের আমি সর্ব্বদা সম্মান করি—তাঁহাদের যথাসাধ্য সুখসাধনের চেষ্টা করি। ৪

তাঁহাদের বাক্য শুনিয়া আমি কখনও তাহা অবহেলা করি না। আমি তাঁহাদের কখনও অপরাধ করি না। তাঁহাদের পূজা করিয়া সূক্ষ্ম জিজ্ঞাসা করি এবং বুদ্ধিমান্ ব্রাহ্মণগণের পরম্পর স্পর্শ করি। ৫

তাঁহারাও অন্যান্য বিষয় হইয়া আমায় সতত কথাবার্ত্তা বলেন এবং আমাকে সদা নানাবিধয়ে জিজ্ঞাসা করেন। ব্রাহ্মণগণ নিজেরই বিষয়ে অসাবধান থাকিলেও আমি সর্ব্বদা তাঁহাদের বিষয়ে সাবধানে থাকি। তাঁহারা নিদ্রিত থাকিলেও আমি জাগরিত থাকি। ৬

আমাকে শাস্ত্রপথে পরিচালী, ব্রাহ্মণভক্ত ও অসূয়াবর্জী জানিয়াই সেই উপদেষ্টা ব্রাহ্মণগণ আমার প্রতি সেইভাবে সন্তুষ্টচিত্তবরণ অমৃত সিঞ্চন করেন, যেরূপ মৌমাছিরা মধুচক্রে মধুসেচন করে। ৭

সন্তুষ্ট হইয়া তাঁহারা আমাকে যাহা কিছু বলেন, তাহাই আমি নিজবুদ্ধি অনুসারে গ্রহণ করি। সদা ব্রাহ্মণগণেই যাঁর নিষ্ঠা; অমৃত রাশি এবং নিত্যা তাঁহাদের প্রতি অনুকূল বিচার-সন্তান থাকি। ৮

তাঁহাদের বাক্য হইতে যে উপদেশের মধু-রস প্রবাহিত হয়, আমি তাহা আস্বাদন করি, সেইজন্য নক্ষত্রমণ্ডলের উপর চন্দ্রের ন্যায় আমি ধর্ম্মাভিলাষের উপর আধিপত্য করিয়া থাকি। ৯

ব্রাহ্মণগণের মুখে শাস্ত্রের উপদেশ শ্রবণ করিয়া মানুষ এইজন্যে ধর্ম্মপরায়ণ আচরণ করে, এই আচরণ করায় পৃথিবীতে সর্ব্বোত্তম অমৃত ও সর্ব্বোত্তম সৃষ্টি।

এই কারণকে জানিয়া অর্থাৎ ব্রাহ্মণের উপদেশ অনুসারে চলাই অমৃত—এই বিষয়কে ভালভাবে বুঝিয়া পূর্ব্বকালে দেবাসুর-সংগ্রাম উপস্থিত দেখিয়া আমার পিতা মনে মনে প্রশ্ন ও বিশিষ্ট হইয়াছিলেন। ১১

যদ্যপি ব্রাহ্মণগণের এই মহিমা দেখিয়া তিনি চন্দ্রকে জিজ্ঞাসা করিয়াছিলেন—বিশাখত। এই ব্রাহ্মণগণের কিরূপে সিদ্ধি লাভ হইয়াছে? ১২

চন্দ্র বলিলেন,—ব্রাহ্মণগণ সদা ব্রাহ্মণগণ তপস্যার দ্বারাই সিদ্ধি প্রাপ্ত হইয়াছেন। ইঁহাদের বল সর্ব্বদা ইঁহাদের বাক্যেই অবস্থান করে অর্থাৎ ইঁহারা বাক্‌শক্তিসম্পন্ন। রাজাদের বল তাঁহাদের বাহু এবং ব্রাহ্মণগণের বল অর্থাৎ বল তাঁহাদের বাক্য। ১৩

ব্রাহ্মণ প্রথমে গুরুগৃহে ব্রহ্মচর্য্য পালন করিতে করিতে বেদ সহ তদুক্ত নিয়ম করিয়া প্রণবসহ বেদাধ্যয়ন করিবেন। তারপর বেদে কোন ত্যাগ করিয়া শাস্ত্রভাবে সন্ন্যাস গ্রহণ করিতে হয়। যদি সন্ন্যাসী হন, তবে সর্ব্বত্র সমদৃষ্টি রাখিবেন। ১৪

যিনি পিতৃগৃহে থাকিয়া সম্পূর্ণ বেদ অধ্যয়ন করেন, তিনি জ্ঞানী ও প্রশংসনীয় হইলেও বিদ্বানগণ তাঁহাকে গ্রামীণ বলিয়াই জানেন। (প্রকৃত পক্ষে গুরুগৃহে বেদ সঙ্গ করিয়া বাস সহ বেদাধ্যয়ন করাই শ্রেষ্ঠ বলিয়া অভিহিত হয়) ১৫

ভূমিরেতৌ নিগিরতি সর্পো বিলশয়ানিব
রাজানং চাপ্যযোদ্ধারং ব্রাহ্মণং চাপ্রবাসিনম্ ॥ ১৬
অভিমানাদ্ধ্রিয়ো হন্তি পুরুষস্তাত্রমেবসঃ।
গর্ভেণ দ্বাবপি হন্তা গৃহবাসেন চ দ্বিজঃ ॥ ১৭
(বিদ্যাবিনো লোকবিনশ্তপোবলসমন্বিতাঃ
বিদ্যাপূজ্যাস্তু বন্দ্যাশ্চ দ্বিজা লোকনমস্কৃতিঃ)
ইত্যেতদ্ধ্যে পিতা প্রাহ সোমাদত্তস্য শৃণ্বতঃ।

ব্রাহ্মণান্ পূজয়ামাস তচ্ছ্রুত্বা ভরতর্ষভঃ মহাব্রতান্ ॥ ১৮

ভীষ্ম উবাচ।

শ্রুত্বৈতদ্ বচনং শক্রো দানবেন্দ্রমুবাচ হ
দ্বিজান্ সম্পূজয়ামাস মহেন্দ্রস্তদনন্তরম্ ॥ ১৯

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি ব্রাহ্মণপ্রশংসায়াম্
অষ্টনবতিতমোঽধ্যায়ঃ ॥ ৩৬

যেরূপ সর্প গর্তে দ্বিজ মূষিকদিগকে গ্রাস করে, সেইরূপ অযোগ্য ক্ষত্রিয়কে এবং বিদ্যার গুরু প্রবাসে বাস করেন নাই, এতাদৃশ ব্রাহ্মণকে এই পৃথিবী গ্রাস করিয়া থাকেন অর্থাৎ তাঁহাদের প্রতিষ্ঠা হইতে দেন না। ১৬

যেসকল পুরুষের মধ্যে যে অভিমান হয়, তাহা তাহার স্ত্রীকে (সন্তানকে) নাশ করিয়া দেয়। গর্ভধারণ করিলে কন্যা মৃত্যুকে হইয়া যায় এবং সদা গৃহে বসবাসকারী ব্রাহ্মণও মৃত্যুকে হইয়া যান। ১৭

(যাহারা উহলোক ও পরলোক এই উভয় লোকেরই জ্ঞানহীন

করিয়া বাসনা করেন, তাঁহাদের বিদ্যা, লৌকিক আচার-ব্যবহার বিষয়ে অজ্ঞতা, তপস্যা এবং শক্তিশালী ব্রাহ্মণদলের সদা পূজা ও বন্দনা করা উচিত।)

অনুভবশীল ব্যক্তির নিকট হইতে এই কথা শ্রবণ করিয়া আবার পিতা মহাব্রতধারী ব্রাহ্মণদলের পূজা করেন। অধিক সেইভাবে তাঁহাদের পূজা করি। ১৮

ভীষ্ম বলিলেন,—ভরত! দেবরাজ বচনের মুখ হইতে এই কথা শ্রবণ করিয়া ইন্দ্র ব্রাহ্মণদলের পূজা আরম্ভ করিলেন ইহাতে তিনি মহেন্দ্র পদ প্রাপ্ত হন। ১৯

শ্রীমহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে ৩৬ অধ্যায়ে প্রসঙ্গক্রমে ইন্দ্র ও নমুচিসংবাদ সংক্রান্তবিষয়ক ষট্‌ত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত

॥ সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥

(দানপাত্রস্য পরীক্ষাকথনম্)

যুধিষ্ঠির উবাচ।

অপূর্বঞ্চ ভবেৎ পাত্রমবশ্যমিহ চিন্তিতম্।
দুরাগতাগতা চাপি কিং পাত্রং স্যাৎ পিতামহ ॥ ১

ভীষ্ম উবাচ

ক্ষিপ্রা ভবতি কেনাস্তিদুপায়ং তত্রতমুত্তমম্

যো যো যাচেত যৎ কিঞ্চিৎ সর্বং দদ্যান্ন ইত্যপি ॥ ২

অশীতিতম ভূত্যাবর্গমিত্যেতদনুশুশ্রুম
শীতিতম ভৃত্যাবর্গং হি আত্মানমপকর্ষতি ॥ ৩

অপূর্বং ভাবয়েৎ পাত্রং যচ্চাপি স্যাচ্চিরোন্তিতম্
দুরাদভ্যাগতং চাপি তৎপাত্রমিতি বৃত্তয়ঃ ॥ ৪

সপ্তত্রিংশ অধ্যায়

[দানপাত্রের পরীক্ষা কথন।]

যুধিষ্ঠির বলিলেন,- পিতামহ! দানের পাত্র কোন্ ব্যক্তি? অপরিচিত পুরুষ যা বহুদিন ধরিয়া যে ব্যক্তি নিকটে বাস করে, সেই ব্যক্তি অথবা দূর দেশ হইতে আগত অন্য কোনও মানুষ? এই তিন জনের মধ্যে কাহাকে দানের উত্তম পাত্র বলিয়া বিবেচনা করা হইবে? ১

ভীষ্ম বলিলেন,—যুধিষ্ঠির! যে যাচকগণের যজ্ঞ, শুভ দক্ষিণা বা আত্মীয়-স্বজনদের ভরণ-পোষণাদি কার্যাই অতিরেকে হইয়া থাকে এবং তাঁহারাও আবার উত্তম যৌনব্রত গ্রহণ

করিয়া আত্মদান করাই প্রয়োজন থাকে। ইহাদের মধ্যে যে যাচক যে কোনও বস্তু যাচ্ঞা করিবেন, তাঁহাদের সকলকে এই কথা বলা উচিত যে, 'আমি দিব'—অর্থাৎ তাঁহাকেও নিরাশ করিবে না। ২

কিন্তু আমরা শুনিয়াছি যে, যাহাদের ভরণ পোষণের ভার নিজের উপরেই আছে, সেই পোষ্যবর্গকে কোনরূপ কষ্ট না দিয়া দাতার দান করা উচিত। যে ব্যক্তি পোষ্যবর্গকে কষ্ট দিয়া কিংবা ক্ষুধার্তাবস্থায় রাখিয়া দান করে, সেই ব্যক্তি নিজেকে অধঃপাতিত করিয়া থাকে। ৩

এই দৃষ্টি অনুসারে বিচার করিলে পর যিনি অপরিচিত

যুধিষ্ঠির উবাচ

অপীড়য়া চ কৃতানাং পরিত্রাণেন্দ্রয়া তথা।
পাত্রং বিদ্যাং তু তত্ত্বেন যত্নে দত্তং ন সন্তপেৎ॥ ৪

ভীষ্ম উবাচ।

ঋষিঞ্চ পুরোহিতাচার্য্যান্ পিতৃ-সম্বন্ধি বান্ধবান্।
সর্বে পূজার্হ মানার্হাশ্চ শ্রুতবৃত্তোপসূচকান্॥ ৬

অতোঽন্যথা বর্ত্তমানাঃ সর্বে নার্হন্তি সৎক্রিয়াম্
তস্মাদ্বিদ্যাঃ পরীক্ষেত পুরুষান্ প্রাপ্তয়ে বৈ। ৭

অক্রোধঃ সত্যবচনমসংবিভাগ এব আর্জবম্
ভর্ত্তব্যেষ্বনুকম্পানুস্তুষ্টিশ্চিন্তা দমঃ শমঃ॥ ৮

যস্মিন্নেতানি দৃশ্যন্তে ন চাকার্য্যাণি ভারত
তস্যাবহো নিবিষ্টানি তৎপাত্র মানমর্হতি॥ ৯

তথা চিরোষিতঃ চাপি সম্প্রত্যাগতএব চ।

অপূর্বং চৈব পূর্বঞ্চ তৎপাত্রং মানমর্হতি॥১০

অপ্রাধান্যাক্ষ বেদানাং শাস্ত্রাণাং চাতিলঙ্ঘনম্
অব্যবস্থা চ সর্বত্র এতদ্বাহ্মণমানম্॥ ১১

ভবেৎ পণ্ডিতমানী যো ব্রাহ্মণো বেদনিন্দকঃ।
আন্বীক্ষিকীং তর্কবিদ্যামনুরক্তো নিরর্থিকাম্॥ ১২

হেতুবাদান্ ব্রুবন্ সংসু বিদ্বেত্যহেতুবাদিকঃ।
আক্রোষ্টা চাভিবক্তা চ ব্রাহ্মণানাং সদৈব হি॥ ১৩

সর্বাভিশঙ্কী মুদুদ্ধ বাল' কটুকবাগপি
ঘোরবাক্যাদৃশন্তাত নরা যানা হি তং বিদুঃ॥ ১৪

যথা বা ভবিতুশ্চৈব যত্নে চৈবাবসজ্জতে
এবং সন্তুষ্যমাণার্থং সর্বমাত্মবয়ং চ॥ ১৫

লোকযাত্রা চ দ্রষ্টব্যা ধর্মশ্চাত্মস্তিতাশ্চি চ
এবং নরো বর্তমানঃ প্রাপ্নুয়াদ্ভূতিমুত্তমাম্॥ ১৬

যদ্যপি যদ্বিয়া যিনি নিজের সহিত বাস করিতেছেন অথবা যিনি পূর্ব হইতে আসিয়াছেন এই তিন জনকেই বিদ্বান্ পুরুষগণ দানপাত্র বলিয়া মনে করেন।।

যুধিষ্ঠির বলিলেন, পিতামহ! কোনও প্রাণীকে পীড়া না দিয়া এবং ধর্মের দ্বারা দরিদ্র না করিয়া দান করা উচিত, কিন্তু পাত্রের যথার্থ পরিচয় কিরূপে হইতে পারে? যাহাকে দান করিলে আর পরে অনুতাপ করিতে হইবে না?।৫

ভীষ্ম বলিলেন,—বৎস ঋত্বিক্ (যেরূপ যজ্ঞাদি কার্য্যকারী), পুরোহিত (যেরূপযোহিত পূজাকর্মাদি দেবপূজা-শ্রাদ্ধাদি কর্মকারী), আচার্য্য, পিতৃ, শ্বশুর, বান্ধব, বিদ্বান্ ও বোদ্ধাদিরহিত বান্ধব—ইহারা সকলেই পূজনীয় ও মাননীয়।৬

ইহাদের হইতে ভিন্ন আচারহীনাদি যে সব মনুষ্য, তাহারা সকলে সৎকারের পাত্র নহে, অতএব দ্বারা বিশেষ বিবেচনা করিয়া নিজে সুপাত্র পুরুষগণের পরীক্ষা করিবে।৭

ভারত! অক্রোধ, সত্যভাষণ, অহিংসা, ইন্দ্রিয়সংযম, সরলতা, স্রোহহীনতা, নিরভিমান, লজ্জা, সহনশীলতা, দম ও শমগুণসমূহ—এই সব গুণ যাহাদের মধ্যে স্বভাবতই দেখা যায় এবং কখনই কার্য্য করিতে দেখা যাইবে না, তাঁহারাই দানের উত্তম পাত্র ও সম্মানের অধিকারী।৮-৯

যে ব্যক্তি যদ্বিয়া যিনি নিজের সহিত বাস করেন এবং যিনি ভবনালেই আসিয়াছেন, তিনি পূর্ব পরিচিত বা অপরিচিত যাহাই হউন, সেই ব্যক্তিই দানের পাত্র ও সম্মানের অধিকারী।১০

বেদসকলকে অপ্রাধান্যিক মনে করা, শাস্ত্রের অনুশাসন লঙ্ঘন করা এবং সর্বত্র অব্যবস্থা বিস্তার করা—এ সবই নিন্দের লক্ষণ।১১

যে ব্রাহ্মণ স্বীয় পাণ্ডিত্যের অভিমানবশতঃ বৃথা তর্ক অবলম্বন করিয়া বেদের নিন্দা করে, আন্বীক্ষিকী অর্থাৎ যুক্তিবাদসমন্বিত নিরর্থক তর্কবিদ্যার অনুরাগী, সৎপুরুষগণের সভায় মিথ্যা তর্কের দ্বারা জয় লাভ করে, শাস্ত্রানুকূল যুক্তিসমূহ প্রতিপাদন করিতে পারে না, অন্যদের প্রতি আক্রোশ করে, ব্রাহ্মণগণের প্রতি অভিযোগ (অবমাননাপূর্ণ বাক্য) প্রয়োগ করে, যে সকলের উপর সন্দেহ করে, যে বালকের ন্যায় মূর্খগণের ন্যায় ব্যবহার করে এবং কটু কথা বলে, তাত! এরূপ ব্যক্তিকে অপমৃত বলিয়া জানিবে। বিদ্বান্‌গণ এতাদৃশ ব্যক্তিকে মৃদুর বলিয়াই মনে করেন।১২-১৪

যেরূপ মৃদুর হয় করিতে ও যেমন করিতে প্রযুক্ত হইয়া থাকে, সেইরূপ পূর্বোক্ত ব্যক্তির আত্মাপের জন্য ও পাত্রনকল বর্জন করিবার জন্য সকলে প্রযুক্ত হয়। (এরূপ ব্যক্তি দানপাত্র নহে।)।১৫

ব্যক্তির আপাতক ব্যবহারের প্রতি দৃষ্টি রাখা উচিত। সব ও নিজের কল্যাণের উপায়সমূহের উপর বিচার করা কর্তব্য। এরূপ করিলে পর মানুষ সকলের উন্নতি লাভ করে।১৬

অনমুজ্ঞা দেবানামৃষীণাঞ্চ তথৈব চ
পিতৃণামথ বিপ্রাণামতিথীনাঞ্চ পঞ্চমম্ । ৭
পর্য্যায়েণ বিগুহ্যেন স্থানবৈগুণ্যেন কর্হিচা
এবং দুষ্যন্তঃ কর্ত্তারি কুর্বন্ বর্ষাণ্ড ত্রীণ্যুতে ॥ ৮

ইতি শ্রীমন্মহাভারতে অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি পাত্রলক্ষণাখ্যা-
নমুত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩৭

যিনি যাগ-যজ্ঞাদি করিয়া দেব ঋণ হইতে, বেদাধ্যয়ন করিয়া ঋষি-ঋণ হইতে, জ্ঞেষ্ঠ পুত্রোৎপাদন ও শ্রাদ্ধাদি করিয়া পিতৃ-ঋণ হইতে, দান করিয়া ব্রাহ্মণদের ঋণ হইতে এবং আত্মসংযমের দ্বারা অতিথি-ঋণ হইতে মুক্ত হন ও ক্রমশঃ নিষ্পাপ এবং বিনয় পূর্ণ প্রণয়ের দ্বারা পাত্রোক্ত লক্ষণসমূহ অর্জ্জন করেন, সেই পুরুষ কখনও অধঃপতিত হন না। ১১-১৮

শ্রীবেদব্যাস-বিরচিত অষ্টাদশপর্ব্বী সংহিতা মহাভারতে অনুশাসনপর্ব্বান্তর্গত দানধর্ম্মপর্বে পাত্রের পরীক্ষাবিষয়ক সপ্তত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অষ্টত্রিংশোঽধ্যায়ঃ ॥

[পঞ্চচূড়োপাখ্যান সহিত নারদসমীপে স্ত্রীগণের দোষকথনম্]

যুধিষ্ঠির উবাচ।

স্ত্রীণাং স্বভাবমিচ্ছামি শ্রোতুং ভরতসত্তম
স্ত্রিয়ো হি মূলং দোষাণাং লঘুচিত্তা হি তাঃ স্মৃতাঃ ॥ ১

ভীষ্ম উবাচ

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্
নারদস্য চ সংবাদং পুষ্পবন্ত্যা পঞ্চচূড়য়া ॥ ২

লোকানমুচরন্ সর্বান্ দেবর্ষির্নারদঃ পুরা
দদর্শাকাশগং ব্রাহ্মীং পঞ্চচূড়ামনিন্দিতাম্ ॥ ৩
তাং দৃষ্ট্বা চারুসর্বাঙ্গীং পদ্মগন্ধাসমং মুনিঃ।
সংশয়ো হ্যস্তি কশ্চিন্মে ত্বয়ি তত্ত্বে সুমধ্যমে ॥ ৪

ভীষ্ম উবাচ

এবমুক্তাথ সা বিপ্রং প্রত্যুবাচার্থ নারদম্
বিষয়ে সতি বক্ষ্যামি সমর্থং মন্যসে চ মাম্ ॥ ৫

নারদ উবাচ

ন ত্বামবিষয়ে তত্ত্বে নিয়োক্ষ্যামি কথঞ্চন
স্ত্রীণাং স্বভাবমিচ্ছামি ত্বতঃ শ্রোতুং বরাননে ॥ ৬

ভীষ্ম উবাচ।

এতচ্ছ্রুত্বা বচস্তস্য দেবর্ষেরুগ্রতেজসঃ
প্রত্যুবাচ ন বক্ষ্যামি স্ত্রী সতী নিন্দিতুং স্ত্রিয়ঃ ॥ ৭
বিধিরাত্তে স্ত্রিয়ো যান্ত যাদৃশাংশ্চ স্বভাবতঃ।
ন মামর্হসি দেবর্ষে নিযোক্তুং কার্য্য ঈদৃশে ॥ ৮

অষ্টত্রিংশ অধ্যায়।

[পঞ্চচূড়া অপ্সরা কর্ত্তৃক নারদের নিকট স্ত্রীগণের দোষ বর্ণন]

যুধিষ্ঠির বলিলেন,—ভরতশ্রেষ্ঠ! আমি স্ত্রীগণের স্বভাব শ্রবণ করিতে অভিলাষী হইয়াছি, কারণ, সমস্ত দোষের মূল হইল এই স্ত্রীগণ। যেহেতু ইহারা লঘুচিত্তা অর্থাৎ অতি অল্পেই ইহাদের হৃদয় বিচলিত হইয়া যায় সেইজন্য ইহারা বায়ুর ন্যায় চঞ্চলচিত্তা। ১

ভীষ্ম বলিলেন,—রাজন্! এ বিষয়ে দেবর্ষি নারদের পঞ্চচূড়া অপ্সরার সহিত যে সংবাদ হইয়াছিল, সেই প্রাচীন ইতিহাস মহাভাগণ এস্থলে উদাহরণ দিয়া থাকেন। ২

পুরাকালের ঘটনা, সমস্ত লোকসমূহে বিচরণ করিতে করিতে দেবর্ষি নারদ একদিন ব্রহ্মলোকের অনিন্দ্যসুন্দরী অপ্সরা পঞ্চচূড়াকে দেখিতে পাইলেন। ৩

মনোহর সর্ব্বাঙ্গসুন্দরী সেই অপ্সরাকে দেখিয়া মুনি তাহার নিকটে নিজের প্রশ্ন করিলেন—সুন্দরি! আমার হৃদয়ে এক সন্দেহ রহিয়াছে। সেই বিষয়ে তুমি আমাকে যথার্থ কথা বল ॥ ৪

ভীষ্ম বলিলেন,—যুধিষ্ঠির! নারদের এই কথা শ্রবণ করি অপ্সরা পঞ্চচূড়া তাঁহাকে বলিলেন—ঋষি আপনি আমার আপনার প্রশ্নের উত্তর দান করিতে সমর্থ বলিয়া মনে করেন এ তাহা বলিবার যোগ্য বলিয়া বিবেচনা করেন, তবে উহা অব বলিব। ৫

নারদ বলিলেন,—ভদ্রে! আমি তোমাকে এমন প্রশ্ন করি না, যাহা তোমার বলিবার যোগ্য হইবে না অথবা তোমা জ্ঞানের বিষয় হইবে না। সুমুখি! আমি তোমার নিকট হই স্ত্রীগণের স্বভাব শুনিতে বাসনা করি। ৬

ভীষ্ম বলিলেন,—রাজন্! নারদের এই বাক্য শ্রবণ কর সেই অপ্সরাশ্রেষ্ঠা পঞ্চচূড়া বলিলেন—দেবর্ষি আমি স্ত্রী হ স্ত্রীগণের নিন্দা করিতে পারিব না। ৭

সংসারে যে সব স্ত্রী আছেন ও তাঁহাদের যেরূপ স্বভাব, সবই আপনি জ্ঞাত আছেন; অতএব দেববর্ষে! আপনি কার্য্যে আমাকে নিযুক্ত করিবেন না ॥ ৮

ভাষুবাচ স দেবর্ষিঃ সত্যং যদ্ যুদ্যতে
মৃষাবাদে ভবেদ্ দোষঃ সত্যে দোষো ন বিদ্যতে ॥ ৯
ইত্যুক্তা স কৃতমতিরুত্থাচ্চাবহাসিনী
স্ত্রীদোষান্ শাশ্বতান্ সত্যান্ ভাষিষ্যে সম্প্রচক্রমে ॥১০
পঞ্চচূড়োবাচ
কুলীনা রূপবতাশ্চ নাথবত্যশ্চ যোষিতঃ
মর্য্যাদাসু ন তিষ্ঠন্তি স দোষঃ স্ত্রীষু নারদ ॥ ১১
ন স্ত্রীভ্যঃ কিঞ্চিদস্তীহ বৈ পাপীয়স্তরমস্তি বৈ
স্ত্রিয়ো হি বৃদ্ধা দোষাণাং তথা ত্বমপি বেত্থ হ ॥ ১২
সমাজ্ঞাতাবুভিষণ্ডঃ প্রতিরূপান্ বশে স্থিতান্।
পতীনন্তরবাসাস্তু নানা নার্য্যঃ প্রতীক্ষিতুম্ ॥১৩
অনন্তর্ধ্বরঃ স্ত্রীণামস্মাকং তদস্তি প্রেতো।
পাপীয়সো নরান্ যদ্ বৈ লজ্জা ত্যক্তুং ভজামহে ॥১৪
স্ত্রিয়ং হি যঃ প্রার্থয়তে সানিকর্ষক গচ্ছতি।
ঈশ্বরঃ কুরুতে সেবাঃ ভবেদ্বেচ্ছন্তি যোষিতঃ ॥ ১৫

অনধিষ্ঠানমূঢ়ানাং ভর্তারং পরিভবন্তু চ।
মর্য্যাদায়ামমর্য্যাদাঃ স্ত্রিয়স্তিষ্ঠন্তি তদ্ভর্তৃষু ॥১৬
নাসাং কশ্চিদ্নমস্যোঽস্তি নাসাং বয়সি নিশ্চয়ঃ।
বিরূপং রূপবন্তং বা পুমাংসিত্বোপ ভুঞ্জতে ॥ ১৭
ন ভয়াল্লাপানুক্রোশাদ্ভার্থদ্বেষ্যাৎ কথঞ্চন
ন জ্ঞাতিকুলসম্বন্ধাৎ স্ত্রিয়স্তিষ্ঠন্তু তদ্ভর্তৃষু ॥ ১৮
যৌবনে বর্ত্তমানানাং মৃষ্টান্নরসবাসসাম্।
নারীণাং স্বৈরবৃত্তীনাং স্পৃহয়ন্তি কুলস্ত্রিয়ঃ ॥ ১৯
যান্ত শব্দং বহুমতা যাচ্যন্তে দয়িতাঃ স্ত্রিয়ঃ।
অপি তাঃ সম্প্রযচ্ছন্তে কৃত্বাঽঽত্মভর্তৃবাসনৈঃ ॥ ২০
পঞ্চস্বপ চ দেবর্ষে যে চাহুঃ কুৎসিতা নরাঃ।
স্ত্রীণামন্যো লোকেঽস্মিন্ নাস্তি কশ্চিদ্বহাধমঃ ॥ ২১
যদি পুংসাং গতিত্রাণং কথঞ্চিদ্রোপপদ্যতে
অপাস্তোস্তং প্রবর্ত্তন্তে ন হি তিষ্ঠন্তি তদ্ভর্তৃষু ॥ ২২

তখন দেবর্ষি তাহাকে বলিলেন—সুব্রতে! তুমি সত্য কথা বল বিথ্যা বলিলে পাপ হয়। সত্য কথা বলিলে কোন দোষ হইবে না॥ ৯

তিনি এইভাবে বৃত্তান্তটি পঞ্চ মুখসাধারণ অজ্ঞতা বলিবার জন্য কৃত্রিমভাবে স্ত্রীগণের সত্য স্বাভাবিক দোষসমূহ বলিতে আরম্ভ করিলেন॥ ১০

পঞ্চচূড়া বলিলেন—নারদ! কুলীনা, রূপবতী ও সনাথা যুবতী-গণও মর্য্যাদার মধ্যে (কৌলিক নিয়মমধ্যে) থাকিতে পারেন না—ইহাই স্ত্রীগণের দোষ॥ ১১

স্ত্রীগণ অপেক্ষা অধিক পাপিষ্ঠ আর কেহই নাই; স্ত্রীত্বই সমস্ত দোষের মূল, এই কথা আপনিও জানেন॥ ১২

যদি স্ত্রীগণের অন্যের সহিত মিলনের সংযোগ আসে, তবে তাহারা সমস্তবলিতে বিদ্যাজ্ঞ, ধনবান্, অরূপম রূপসৌন্দর্য্যশালী ও নিজেদের বশীভূত পতিদিগেরও প্রতীক্ষা করে না॥ ১৩

প্রভো! স্ত্রীগণ আমাদের ইহাই সর্ব্বাপেক্ষা অধিক পাপ যে, আমরা লজ্জাত্যাগ করিয়া পাপী পুরুষগণকেও স্বীকার করিয়া থাকি॥ ১৪

যে পুরুষ কোন স্ত্রীকে কামনা করে, তাহার নিকটে যাইয়া উপস্থিত হয় এবং তাহার যদি অল্পও সেবা করে, তবে তাহাকেও যুবতী স্ত্রীগণ ইচ্ছা করে॥ ১৫

স্ত্রীগণের মধ্যে নিজেদের কোন মর্য্যাদার চিহ্ন থাকে না। যখন তাহাদের কামনাকারী কোন পুরুষ তাহারা না পায় এবং পতিজনগণের ভয় মনে থাকে এবং পতি নিকটেই থাকে, তখনই এই স্ত্রীগণ মর্য্যাদার মধ্যে অবস্থান করে॥ ১৬

ঈশ্বরের পক্ষে এমন কোন পুরুষ নাই, যে অগম্য হইতে পারে তাহাদের বয়সেরও কোন নিশ্চয় থাকে না। কেহ রূপবান্ হউক বা কুরূপ হউক, সে পুরুষ—এই বুদ্ধিতেই স্ত্রীগণ তাহাকে উপভোগ করে॥ ১৭

স্ত্রীগণ না ভয়ে, না লোভে, না অনুরোধে এবং না জাতি বা কুলের সম্বন্ধেই পতির নিকট অবস্থান করে॥ ১৮

যৌবনে অবস্থিত, সুন্দর অন্নভোজন ও বস্ত্রে সুশোভিত এবং স্বেচ্ছাচারিণী স্ত্রীগণের চরিত্র দেখিয়া কত কুলবতী স্ত্রীরাও সেই-রূপ হইবারই বাসনা করিতে থাকে॥ ১৯

যাহারা সদা বহুসম্মানিত ও পতির প্রিয় স্ত্রী, যাহাদের ভাল-ভাবে রক্ষা করা হয়, তাহারাও নিজেদের দ্বারে আগত কুব্জ, অন্ধ, পঙ্গু ও বামনগণের সহিত আলাপ করিয়া থাকে॥ ২০

মহামুনি দেবর্ষে! যাহারা পঞ্চ পুরুষ অজ্ঞাত কুৎসিত বলিয়া, তাহাদের প্রতিও স্ত্রীগণের আসক্তি আসে। এ জগতে কোনও পুরুষ স্ত্রীদিগের পক্ষে অগম্য নয়॥ ২১

ব্রাহ্মণ! যদি স্ত্রীগণের কোনরূপেই পুরুষপ্রাপ্তি সম্ভব না হয় এবং পতিও দূরে থাকে, তবে তাহারা পরস্পরই চরিত্র উপায়ে মৈথুনে প্রবৃত্ত হইয়া থাকে॥ ২২

অন্যাসাং পুরুষাণাং হি ভয়াৎ পরিভয়সা চ।
বধবন্ধভয়াচ্চাপি স্বয়ং গুপ্তা ভবন্তি তাঃ ॥ ২৩
চলস্বভাবা দুঃসেব্যা দুষ্প্রাপ্যা ভাবতত্ত্বতঃ।
প্রাজ্ঞস্য পুরুষস্যেহ যথা বাচস্তথা স্ত্রিয়ঃ ॥ ২৪
নাস্তিস্মৃপ্যতি কাষ্ঠানাং নাপগানাং মহোদধিঃ।
নান্তকঃ সর্বভূতানাং ন পুংসাং বামলোচনাঃ ॥ ২৫
ইত্যেতচ্চ দেবর্ষে রহস্যং সর্বযোষিতাম্
সৃষ্টৈব পুরুষং হ্যুগ্রং যোনিঃ প্রক্ষিপ্যতে স্ত্রিয়াঃ ॥২৬
কামানপি দাতারং কর্তারং মনসাং প্রিয়ম্।
রক্ষিতারং ন মুহ্যন্তি স্বতর্তারমমলং স্ত্রিয়ঃ ॥ ২৭
ন কামভোগান্ বিপুলান্ নালঙ্কারান্ ন সংশ্রয়ান্

তথৈব যত্ন মন্যন্তে যথা হ্যন্যেষু পুরুষেষু ॥ ২৮
অন্তকঃ পবনো মৃত্যুঃ পাতালং বড়বামুখম্।
ক্ষুরধারা বিষং সর্পো বহ্নিরিত্যেতকৃতং স্ত্রিয়ঃ ॥ ২৯
যতশ্চ ভূতানি মহান্তি পঞ্চ
যতশ্চ লোকা বিহিতা বিধাত্রা
যতঃ পুমাংসঃ প্রমদাশ্চ নির্মিতা-
স্তথৈব দোষাঃ প্রমদাসু নারদ ॥ ৩০

ইতি শ্রীমন্মহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি পঞ্চচূড়া-নারদসংবাদে
অষ্টাত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩৮

অন্য পুরুষ না পাইলে,গৃহমধ্যে অন্য ব্যক্তিগণের ভয় থাকিলে এবং বধ ও বন্ধনের ভয়েই স্ত্রীগণ গৃহে রক্ষিত থাকে। ২৩

শ্রীগণের স্বভাব চঞ্চল। তাহাদের সেবা করাও অতিশয় কঠিন কার্য্য। ইহাদের অভিপ্রায় সেইভাবে সর্বত্র বুঝা যায় না, যেরূপ বিদ্বান্ পুরুষগণের বাক্য দুর্বোধ্য বলিয়া মনে হয়। ২৪

যেরূপ অগ্নি কখনও কাষ্ঠের দ্বারা তৃপ্ত হয় না, সমুদ্র নদীসকলের দ্বারা তৃপ্তি লাভ করে না, মৃত্যু সমস্ত প্রাণিগণকে গ্রাস করে পরিতৃপ্ত হয় না, সেইরূপ সুলোচনা যুবতীরা বহু পুরুষগণের দ্বারা কখনও তৃপ্ত হয় না। ২৫

দেবর্ষে! সমস্ত রমণীগণের সম্বন্ধে এই এক অতি গোপন কথা আছে যে, কোন সুন্দর পুরুষকে দেখিলেই স্ত্রীর যোনি বিশেষ ভাবে প্লাবিত হয়। ২৬

সমস্ত কামনা পূর্ণকারী এবং মনের প্রিয়কারী পতিও যদি তাহার রক্ষার উৎসব থাকে, তবে স্ত্রী মনের সেই পতিরও বাসনা করিতে পারে না। ২৭

তাহারা বিপুল ভোগ-ভোগ সামগ্রী, উৎকৃষ্ট অলঙ্কারসমূহ এবং সর্বোত্তম প্রাসাদসকলকেও তাদৃশ যত্ন দেয় না, যেরূপ রক্ষিতাদের জন্য অলঙ্কারাদি তাহারা যত্ন দেয়। ২৮

যমরাজ, বায়ু, মৃত্যু, পাতাল, বড়বানল, ক্ষুরের ধার, বিষ, সর্প ও অগ্নি—এই সব বিনাশের হেতু একদিকে এবং স্ত্রী একাকিনী একদিকে—এই উক্তিই সমান। ২৯

নারদ! যাহা হইতে পঞ্চ মহাভূত উৎপন্ন হইয়াছে, যাহা হইতে বিধাতা সমস্ত লোকসমূহ সৃষ্টি করিয়াছেন এবং যাহা পুরুষ ও স্ত্রীগণ সকলেই সৃষ্ট হইয়াছে, তাহা হইতেই এই স্ত্রীদিগে দোষসমূহও উচিত হইয়াছে অর্থাৎ এই সব স্ত্রীগণের স্বাভাবিক দোষ। ৩০

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে পঞ্চচূড়া ও নারদের সংবাদ বিষয়ক অষ্টাত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একোনচত্বারিংশোঽধ্যায়ঃ ॥

[স্ত্রীণাং রক্ষাবিষয়ে যুধিষ্ঠির-নহু প্রশ্নঃ]

যুধিষ্ঠির উবাচ।

ইমে বৈ মানবা লোকে স্ত্রীষু সজ্জন্ত্যতীক্ষ্ণধীঃ।
মোহেন পরমাবিষ্টা দেবমায়ৈব পার্থিব ॥ ১

স্ত্রিয়শ্চ পুরুষদ্বেষে প্রভাষ্যঃ লোকসাক্ষিকম্।
অত্র মে সংশয়স্তীব্রো হৃদি সম্পরিবর্ততে ॥ ২

কথমাসাং নরাঃ সঙ্গং কুর্বতে কৃতলক্ষণম্।
স্ত্রিয়ো বা কেন বৃত্তেন বিশ্বসন্তে ভবঃ পুনঃ ॥ ৩

ইতি তাঃ পুরুষব্যাঘ্র তথা সন্ত্যক্ত রক্ষিতুম্।
প্রভবঃ পুরুষেণেহ তন্মে ব্যাখ্যাতুমর্হসি ॥ ৪

এতা হি রমমাণাশ্চ বঞ্চয়ন্তীহ মানবান্।
ন চাসাং বৃত্ত আস্থেয়ঃ পুরুষো হ্যকৃতাগমঃ ॥ ৫

গাবো নবতৃণাদীব গৃহ্ণন্তোঽত্র নবং নবম্।
পশ্যন্তশ্চ ন বা মায়া মায়া চ নমুচেরপি ॥ ৬

বলেঃ কৃষ্ণীনসৈন্যেব সর্বান্তা যোষিতো বিভূঃ।
রমন্তাঃ প্রমদন্ত্যেতা রুদন্তঃ প্রক্রুশন্তি চ ॥ ৭

অপ্রিয়াঃ প্রিয়বাক্যৈশ্চ গৃহ্নতে কালযোগতঃ।
উদনা বেদ যচ্ছাস্ত্রং যচ্চ বেদ বৃহস্পতিঃ ॥ ৮

স্ত্রীবৃত্ত্যা ন বিশিষ্যন্তে তাস্ত রক্ষ্যাঃ কথং নরৈঃ।
অনৃতং সত্যমিত্যাহুঃ সত্যং চাপি তথানৃতম্ ॥ ৯

ইতি তাস্তাঃ কথং বীর শক্যাঃ পুরুষৈরিহ।
স্ত্রীণাং বৃত্তার্থনির্বাদমর্থশাস্ত্রাণি শত্রুহন্ ॥ ১০

বৃহস্পতিপ্রভৃতিভিঃ প্রোক্তঃ সন্তিঃ কৃতানি বৈ।
সম্পৃক্তমানাঃ পুরুষৈর্বিমুহ্যন্তি মনো নৃপ ॥ ১১

অপাস্তাংস্ত তথা রাজন্ বিকুর্বন্তি মনঃ স্ত্রিয়ঃ।
ইমাঃ প্রজা মহারাজো ব্রূহি কা ইতি নঃ প্রভুম্ ॥ ১২

একোনচত্বারিংশ অধ্যায়।

[শ্রীগণের রক্ষা বিষয়ে বৃষ্ণিবীর প্রশ্ন।]

যুধিষ্ঠির বলিলেন,—কৃষ্ণ! সংসারের এই সব মনুষ্যগণ বিধাতা কর্তৃক উৎপন্ন মোহে অত্যন্ত আবিষ্ট হইয়া সর্ব্বদাই স্ত্রীসঙ্গে আসক্ত থাকে। ১

এইভাবে স্ত্রীগণ পুরুষসঙ্গে আসক্ত থাকে। এই কথা প্রত্যক্ষ দেখা যাইতেছে এবং লোকসকলই তাহার সাক্ষী। এই বিষয় লইয়া আমার মনে তীব্র সংশয় বিদ্যমান আছে। ২

কৃষ্ণসখা! পুরুষেরা কেন এই স্ত্রীগণের সঙ্গ করে? অথবা স্ত্রীগণই কি নিখিল পুরুষ অনুরক্ত ও পুনরায় বিরক্ত হয়? ৩

পুরুষশ্রেষ্ঠ! পুরুষ যৌবনে উন্মত্ত স্ত্রীগণকে কিভাবে রক্ষা করিতে পারে? ইহা সবিস্তারে আমায় নিকট বলুন॥

এই স্ত্রীগণ রমণ করিতে করিতেই এদেশাগত পুরুষদিগকে প্রতারণা করে। ইহাদের রমণে আগত কোন পুরুষই নিজেকে রক্ষা করিতে পারে না। ৫

যেরূপ গোগণ নব নব ঘাসে চরিতে থাকে, সেইরূপ স্ত্রীগণও নব নব পুরুষকে গ্রহণ করিয়া থাকে। নমুচিসূদনের যে মায়া এবং মধুহি, বলি ও কৃষ্ণীনসীর যে মায়া, সে সবই এই যুবতীরা জানে। ৬॥

পুরুষকে হাসিতে দেখিয়া এই স্ত্রীগণ হাসিয়া থাকে। তাহাকে রোদন করিতে দেখিয়া ইহারাও রোদন করে এবং সুযোগ পাইলেই অপ্রিয় পুরুষকে প্রিয় বাক্যের দ্বারা বশীভূত করিয়া থাকে। ৭॥

যে নীতিশাস্ত্র শুক্রাচার্য্য জানেন, যাহা বৃহস্পতি জানেন, তাহাও স্ত্রীবুদ্ধি অপেক্ষা বিশেষ নহে। এরূপ স্ত্রীগণকে পুরুষেরা কিভাবে রক্ষা করিতে পারে? ৮॥

বীর! যাহারা বিশ্বাসে সত্য বলে এবং সত্য হইলেও তাহাকে মিথ্যা বলে, এরূপ স্ত্রীগণকে পুরুষেরা কিভাবে রক্ষা করিতে সমর্থ হয়? ৯॥

শত্রুনাশন বীর! আমার ত' ইহাই মনে হয় যে, স্ত্রীগণের বুদ্ধিতে যে অর্থ নিহিত থাকে, তাহাই নিরর্থ (সারাংশ) লইয়া বৃহস্পতি প্রভৃতি পুরুষগণ নীতিশাস্ত্র প্রণয়ন করিয়াছেন। ১০॥

হে নৃপ! পুরুষগণের দ্বারা সম্মানিতা হইলেও এই রমণীরা তাহাদের মন বিকৃত করিয়া দেয় এবং তাহাদের দ্বারা তিরস্কৃত হইলে পরও তাহাদের মনে বিকার উৎপন্ন করিয়া থাকে। ১১॥

মহারাজ! আমরা শুনিয়াছি যে, ঔরসপুত্র প্রজাগণ অতিশয় ধার্ম্মিক হয় (যেরূপ সাবিত্রী প্রভৃতির জীবনে প্রত্যক্ষ দেখা গিয়াছে); তথাপিও এই স্ত্রীগণ সম্মানিত হইলে বা অসম্মানিত হইলে, সবাই পুরুষদের মনে বিকার উৎপন্ন করিয়া থাকে।

সংকৃতাসংকৃতান্যাপি বিকুর্বন্তি মনঃ সদা
কথাঃ শক্যো রক্ষিতুং স্ত্রীভিরিতি মে সংশয়ো মহান্ ॥১৩
তথা ব্রূহি মহাভাগ কুরুণাং বংশবর্ধন
যদি শক্যা কুরুশ্রেষ্ঠ রক্ষা তাসাং কদাচন ॥
কর্তুং বা কৃতপূর্বা বা ত্বয়ে ব্যাখ্যাতুমর্হসি ॥ ১৪

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি স্ত্রীপুংসাবকথনে
একোনচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৩৯॥

সুতরাং ঈদৃশের রক্ষা কে করিতে পারে? ঈদৃশী আমার মনে তীব্র সংশয় বিদ্যমান রহিয়াছে ॥ ১২-১৩

এই স্ত্রীগণকে রক্ষা করা যায়, তবে তাহা আমাকে বলুন। যদি কেহ পূর্ব্বে কোন স্ত্রীকে রক্ষা করিয়া থাকে, তাহা হইলে ইহাও আমার নিকট সবিস্তরে বর্ণনা করুন। ১৪

শ্রীময়ঋষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে স্ত্রীপুংসাবকথনবিষয়ক একোনচত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত

চত্বারিংশোঽধ্যায়ঃ।

[ভৃগুবংশজাতের বিপুলের যোগবলদ্বারা গুরুপত্নী দেহে প্রবিষ্ট হওয়া রক্ষণবিষয়বর্ণনম্]

শ্রীভগ উবাচ

এবমেব মহাবাহো নাত্র মিথ্যাস্তি কিঞ্চন
যথা ব্রবীষি কৌরব্য নারীং প্রতি জনাধিপ ॥ ১
অত্র তে বর্তয়িষ্যামি ইতিহাসং পুরাতনম্
যথা রক্ষা কৃতা পূর্বং বিপুলেন মহাত্মনা ॥ ২
প্রমথ্যাল্প যথা সৃষ্টা ব্রহ্মণা ভরতর্ষভ।
যমর্থং তচ্চ তে তাত প্রবক্ষ্যামি নরাধিপ ॥ ৩
ন হি স্ত্রীভ্যঃ পরং পুংসঃ কিঞ্চিদস্তীতি বৈ।
অগ্নির্হি প্রমথা দীপ্তো মায়াশ্চ ময়জা বিভো ॥ ৪

ভগবান্ বলিলেন,—মহাবাহো! কুরুনন্দন! ঐরূপই এই বিষয়। জনাধিপ! নারীগণের সম্বন্ধে তুমি যাহা কিছু বলিলে, ইহাতে অল্পও মিথ্যা নাই। ১

এ বিষয়ে আমি তোমাকে এক প্রাচীন ইতিহাস বলিব, পূর্ব্বকালে মহাত্মা বিপুল কিভাবে এক স্ত্রীকে (গুরুপত্নীকে) রক্ষা করিয়াছিলেন। ২

ভরতশ্রেষ্ঠ! তাত! নরনাথ! ব্রহ্মা যেভাবে এবং যে উদ্দেশ্যে মৃত্যুগণের সৃষ্টি করিয়াছিলেন, সেই সব আমি তোমাকে বলিব। ৩

পুংস্ জীগণ অপেক্ষা পাপিষ্ঠ আর কেহই নাই। যৌবনমদে উন্মত্তা স্ত্রীগণ প্রকৃতপক্ষে প্রজ্বলিত অগ্নির সমান। ক্ষুরধারা নিভ শর্পী যন্নিরিত্তোক্তঃ স্ত্রিয়ঃ প্রজা ইমা মহাবাহো বার্হিকা ইতি নঃ শ্রুতম্ ॥৫
স্বয়ং গচ্ছন্তি দেবত্বং অন্যো দেবানিয়াদ্ভয়ম্
অথাত্মগচ্ছন্ দেবত্বে পিতামহমচিন্তয় ॥ ৬
নিবেদ্য মানসং চাপি তৃতীয়াসন্নধোমুখাঃ
তেষামন্তর্গতং জ্ঞাত্বা দেবানাং স পিতামহঃ ॥ ৭
মানবানাং প্রমোহার্থং কৃত্যা নার্য্যোঽসৃজৎ প্রভুঃ
পূর্বসর্গে তু কৌন্তেয় সাধ্বাঃ নার্যা ইহাভবন্ ॥৮

ক্ষুরের ধার, বিষ, সর্প ও অগ্নি—এই সব বিনাশের হেতু এক দিকে এবং তরুণী স্ত্রী একদিকে। মহাবাহো! পূর্ব্বে এই সমস্ত প্রজাই বার্হিক ছিলেন। ইহা আমরা শুনিয়াছি। এই প্রজার সমস্ত দেবত্ব প্রাপ্ত হইতেন। ইহাতে দেবতাগণ ভীত হইয়া পড়িলেন। ৫।

অতঃপর তখন এই দেবগণ ব্রহ্মার নিকটে গমন করিলে এবং তাঁহাকে নিজেদের মনের কথা নিবেদন করিয়া নীরবে অধোমুখ হইয়া উপবিষ্ট হইলেন। ৬।

সেই দেবতাগণের মনের কথা জানিয়া ভগবান্ ব্রহ্মা মহর্ষি পিতামহ মোহপ্রদ করিবার জন্য কৃত্যারূপিণী নারীসমূহকে সৃষ্টি করিলেন ॥৭।

সৃষ্টির প্রারম্ভে এই সব স্ত্রীগণ পতিব্রতা ছিলেন। কৃত্যারূপিণী সৃষ্টা স্ত্রীরা ত' প্রজাপতির এই নূতন সৃ

অসাধ্যস্তু সমুৎপন্নঃ কৃতাঃ সর্গাঃ প্রজাপতেঃ
তাভ্যঃ কামান্ যথাকামং প্রাদাদ্ ভ স লিতাসয়ঃ ॥ ৯
তাঃ কামলুব্ধাঃ প্রমদাঃ প্রেরয়ন্ত্যো নরান্ সদা।
ক্রোধং কামস্য যেবেশ্ম সহায়ং চাসৃজৎ প্রভুঃ ॥ ১০
অসজ্জন্ত প্রজাঃ সর্বাঃ কাম-ক্রোধবশং গতাঃ
(ত্রিভানাক গুরাণাক মহাগুরু-নৃপাধীনাম্
অন্যাং স্ত্রীসঙ্গকামেভ্যঃ যাজনাত্যো নিরন্তরা ॥
অরক্তমনসাং নিত্যং রক্তসর্গাবলম্বনাম্
তপোদমার্চনধ্যানমুক্তানাং শুক্তিকুত্তমা ॥)
ন চ স্ত্রীণাং ক্রিয়াঃ কাশ্চিদ্ ইতি ধর্মো ব্যবস্থিতঃ ॥ ১১
নিবিদ্রিতা তুদাত্মানং স্থিতেঽনুমতিরি স্মৃতিঃ।
সন্ত্যাসনমলঙ্কারমন্নপানার্চনাদিষু ॥ ১২
দুর্বাগৃহীতাঃ রতিং নৈব লভন্তে স্ত্রীতাঃ প্রজাপতিঃ
ন তাসাং রক্ষণং কর্তুং পুংসাং সর্বত্র সর্বদা ॥ ১৩

অপি বিদ্বৎকৃতা তাত কৃত্যন্ত পুরুষৈরিহ
বাচা চ ব্যবহৈর্বা ক্রৈশ্যৈর্ বিবিধৈস্তথা ॥ ১৪
ন শক্যা রক্ষিতুং নার্যাস্তা হি নিত্যমসংস্থাঃ।
ইহ তু পুরুষব্যাঘ্র পুরুত্তাঞ্চ্ছ্রবানহম্ ॥ ১৫
যথা রক্ষা কৃতা পূর্বং বিপুলেন গুরুত্বিতাঃ।
অধিরাজমহাভাগো দেবলঃ তি বিশ্রুতঃ ॥ ১৬
তস্য তাখ্যা ক্রাচর্নাম রূপেণাসদৃশী ভুবি।
তস্যা রূপেণ সম্মত্তা দেব-গন্ধর্ব-দানবাঃ ॥ ১৭
বিশেষেণ তু রাজেন্দ্র বৃত্রহা পাকশাসনঃ
নারীণাং চরিতজ্ঞশ্চ দেবকর্মা মহামুনিঃ ॥ ১৮
যথাশাস্ত্র যথোৎসাহং তাখ্যাঃ তামত্যরক্ষত
পুরুষত্বক ভাজাতে পঞ্চস্ত্রীকাচারিণঃ ॥ ১৯
তস্মাদ্ বলেন তাখ্যায়া রক্ষণং স চকার হ।
স কদাচিদ্ভূমন্তাত যজ্ঞং কর্তুমনাস্তদা ॥ ২০

হইতে উৎপন্না হইয়াছে। প্রজাপতি ইহাদিগকে তাহাদের ইচ্ছানুসারে কামভোগ প্রদান করিলেন। ৮-৯

এই প্রমদা যুবতীগণ কামলোলুপ হইয়া পুরুষদিগকে সদা যাচ্ঞা করিতে লাগিল। দেবেশ্বর প্রভাবান্ ব্রহ্ম কামের সহায়তায় তত ক্রোধকে উৎপন্ন করিলেন। এই কাম ও ক্রোধের বশীভূত হইয়া স্ত্রী এবং পুরুষরূপী সমস্ত প্রজারা পরস্পর পরস্পরের প্রতি আসক্ত হইয়া পড়িল। ১০-১

(ব্রাহ্মণ, গুরু, মহাগুরু ও রাজা— এই সকলকে ছাড়িয়া অন্য সকলের স্ত্রীর অধিক সঙ্গের দ্বারা নিয়ত কামমোহিত হইয়া সর্বদা রক্ত হইতে হয়।

যাহাদের মন কখনও আসক্ত হয় না যাহারা ব্রহ্মচর্য পালন পূর্বক নিজেদের অন্তঃকরণকে নির্মল করিয়াছেন এবং যাহারা তপস্যা, ইন্দ্রিয়সংযম ও ধ্যান-পূজায় নিরত থাকেন, তাঁহাদেরই উত্তম শুক্তি হয়।)

স্ত্রীগণের জন্য কোনও বৈধিক কর্ম করিবার বিধান নাই। ইহাই ধর্মশাস্ত্রের ব্যবস্থা। স্ত্রীগণ ইন্দ্রিয়পুষ্টা অথবা তাহারা নিজেদের ইন্দ্রিয়দিগকে বশীভূত রাখিতে অসমর্থ, শাস্ত্রজ্ঞানরহিত এবং অনর্থের মূল। ইহাই তাহাদের বিষয়ে শ্রুতির বাক্য। প্রজাপতি স্ত্রীগণকে সন্ধ্যা, আসন অলঙ্কার, অন্নপান, অর্চনাদিতে দুর্বলপ্রিয়তা ও রতি প্রদান করিয়াছেন। ১১-১৩½

তাত! লোকেরা কখনও স্বয়ং পুরুষও স্ত্রীগণকে কোন-প্রকারে রক্ষা করিতে পারেন না, সুতরাং অন্য সাধারণ পুরুষ-দিগের কথা আর কি বলিবার আছে। ১৩½

বাক্যের দ্বারা এবং বল ও বন্ধনের দ্বারা তত্ত্ব করিয়া অথবা নানাপ্রকার ক্লেশ দিয়াও স্ত্রীগণকে রক্ষা করা যায় না, তাহা তাহারা নিজেরা অসংযমশীল। ১৪½

পুরুষশ্রেষ্ঠ! বহুপূর্বে আমি ইহা শুনিয়াছিলাম যে, প্রাচীন-কালে মহারাজ বিপুল নিজের গুরুপত্নীকে বেভাবে রক্ষা করিয়াছিলেন; এখন আমি তাহাই তোমাকে বলিব। ১৫½

পুরাকালে দেবশর্মা নামে এক মহাভাগ্যশালী জ্ঞান ছিলেন। তাঁহার কচি নামে তত্ত্বলে অতিতীব্র সুন্দরী এক স্ত্রী ছিলেন। ১৬½

তাঁহার রূপ দেখিয়া দেবতা, গন্ধর্ব ও দানবগণও উত্তপ্ত হইয়া যাইতেন। রাজেন্দ্র! বৃত্রহন্তা পাকশাসন ইন্দ্র সেই স্ত্রীর প্রতি বিশেষভাবে আসক্ত হইয়া পড়িলেন। ১৭½

মহামুনি দেবশর্মা নারীগণের চরিত্র জানিতেন; অতএব তিনি যথাশাস্ত্র উৎসাহসহকারে তাঁহাকে রক্ষা করিতে লাগিলেন। ১৮½

তিনি ইহাও জানিতেন যে, ইন্দ্র অতিশয় পরস্ত্রীলম্পট, সেইজন্য তিনি নিজের স্ত্রীকে যত্নসহকারে তাঁহার নিকট হইতে রক্ষা করিতেছিলেন। ১৯½

তাত! এক সময় ঋষি যজ্ঞ করিবার মনস্থ করিলেন। সেই সময় তিনি এই চিন্তা করিলেন যে, আমি যদি যজ্ঞে ব্রতী হই, তবে আবার স্ত্রী কিভাবে রক্ষিতা হইবে? ২০½

ভার্য্যাসংরক্ষণং ভার্য্যাঃ কথং স্যাদিতি চিন্তয়ং
ইত্যাবিধানং মনসা স সঞ্চিন্ত্য মহাতপাঃ ॥ ২১
আহূয় দয়িতাঃ শিষ্যাঃ বিপুলঃ প্রাহ ভার্গবম্।

দেবশর্ম্মোবাচ

যজস্বারো গমিষ্যামি রুচিরে চেত্রে সুরেশ্বরঃ ॥ ২২
যতঃ প্রার্থয়তে নিত্যং তাং রক্ষস্ব যথাবলম্
অপ্রমত্তেন তে ভাব্যং সদা প্রতি পুরন্দরম্ ॥ ২৩
স হি রূপাণি কুরুতে বিবিধানি তপোবলাৎ।

ভীষ্ম উবাচ

ইত্যুক্তো বিপুলস্তেন তপস্বী নিয়তেন্দ্রিয়ঃ ॥ ২৪
সদৈবোদ্যতকল্পা রাজন্নরক্ষদমলপ্রভাম্।
ধর্ষঞ্চঃ সত্যবাদী চ তথেতি প্রত্যভাষত।
পুনস্তেষাং মহারাজ পপ্রচ্ছ প্রস্থিতং গুরুম্ ॥ ২৫

বিপুল উবাচ।

ক্বানি রূপাণি শক্রস্য ভবত্যাগচ্ছতো মুনে
বপুস্তেজশ্চ কীদৃগ্ বৈ তন্মে ব্যাখ্যাতুমর্হসি ॥ ২৬

ভীষ্ম উবাচ।

ততঃ স তস্যবাক্যেন বিপুলায় মহাত্মনে।
আচষ্টেন্দ্রস্য যদ্রূপং মায়াং শক্রস্য ভারত ॥ ২৭

দেবশর্ম্মোবাচ।

বহুমায়ঃ স বিপ্রর্ষে ভগবান্ পাকশাসনঃ
ভ্রাজতে বিকুরুতে ভাবান্ বহুরূপ মুহুর্মুহুঃ ॥ ২৮
কিরীটী বজ্রধৃগ্ ধন্বী মুকুটী বহুকুণ্ডলঃ ॥ ২৯
ভবত্যথ মুহূর্তেন চাণ্ডালসমদর্শনঃ
শিখী জটী চীরবাসাঃ পুনর্ভবতি পুত্রক ॥ ৩০
বৃহচ্ছরীরস্ত পুনশ্চীরবাসাঃ পুনঃ কৃশঃ
গৌরঃ শ্যামঃ কৃষ্ণবর্ণঃ বিকুরুতে পুনঃ ॥ ৩১
বিরূপো রূপবাংশ্চৈব যুবা বৃদ্ধস্তথৈব চ
ব্রাহ্মণঃ ক্ষত্রিয়শ্চৈব বৈশ্যঃ শূদ্রস্তথৈব চ ॥ ৩২
প্রতিলোমোঽনুলোমশ্চ তথাত্মা সর্বরূপধৃঃ
শুক-বায়স-কৃষ্ণাভী হংস-কোকিলরূপবান্ ॥ ৩৩

তারপর সেই তপস্বী মনে মনেই তাঁহার একটা উপায় চিন্তা করিয়া নিজের প্রিয় শিষ্য ভৃগুবংশজাত বিপুলকে আহ্বান করিয়া বলিলেন ॥ ২১॥

দেবশর্ম্মা বলিলেন, বৎস! আমি যজ্ঞ করিবার জন্য যাইব। তুমি আমার এই পত্নী রক্ষিবে সাধ্যানুসারে চেষ্টা করিবে; কারণ, দেবরাজ ইন্দ্র সর্বদা ইহাতে লাভ করিবার চেষ্টায় আছে ॥ ২২॥

তপোধন! তুমি ইন্দ্র হইতে সর্বদা সাবধানে থাকিবে, কারণ, সে অনেকপ্রকার রূপ ধারণ করিতে পারে ॥ ২৩॥

ভীষ্ম বলিলেন, রাজন্! গুরু এই কথা বলিলে পর অগ্নি ও সূর্য্যতুল্য তেজস্বী, জিতেন্দ্রিয়, সর্বদা কঠোর তপস্যায় নিরত, ধর্ষঞ্চ এবং সত্যবাদী বিপুল 'তাহাই হইবে' এই কথা বলিয়া তাঁহার আজ্ঞা শিরোধার্য করিয়া লইলেন মহারাজ! তারপর যখন গুরুদেব যজ্ঞে উদ্যোগ প্রস্থান করিতে লাগিলেন, তখন তিনি পুনরায় এই কথা জিজ্ঞাসা করিলেন ॥ ২৪-২৫

বিপুল বলিলেন,—মুনে! ইন্দ্র যখন আসেন, তখন তাঁহার কোন্ কোন্ রূপ হয় এবং সেই সময় তাঁহার শরীর ও তেজ কিরূপ হয়? ইহা আমাকে বিস্তৃতভাবে বলুন ॥ ২৬

ভীষ্ম বলিলেন,—তারপর ভগবান্ দেবশর্ম্মা 'মহাত্মা বিপুলকে ইন্দ্রের যথাযথভাবে বলিতে আরম্ভ করিলেন ॥ ২৭

দেবশর্ম্মা বলিলেন, ব্রহ্মর্ষে! ভগবান্ পাকশাসন ইন্দ্র বহুবিধ মায়া জানেন। তিনি বারংবার বহুপ্রকার রূপ পরিবর্তন করিতে পারেন ॥ ২৮

পুত্র! তিনি কখনও মস্তকে কিরীট-মুকুট, বর্মে কুণ্ডল এবং হস্তে বজ্র ও ধনু ধারণ করিয়া আসেন। আবার কখনও এক মুহূর্তেই চণ্ডালের সমান শ্রীহীনবেশ ধরেন, কখনও কখনও শিখা, জটা, চীরবস্ত্র (কৌপীন ও বহির্বাস) ধারণ করিয়া আসেন ॥ ২৯-৩০

কখনও বিশাল ও হৃষ্ট-পুষ্ট শরীর ধারণ করেন, আবার কখনও দুর্বল শরীরে কৃশ হইয়া যান। কখনও গৌর, কখনও শ্যাম এবং কখনও কৃষ্ণবর্ণের রূপ পরিবর্তন করিয়া থাকেন ॥ ৩১

তিনি এককালে কুরূপ এবং পরক্ষণেই রূপবান্ হইয়া যান। কখনও যুবক হন, আবার কখনও বৃদ্ধ হইয়া থাকেন। কখনও ব্রাহ্মণ হইয়া আসেন এবং কখনও ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র রূপও ধারণ করেন ॥ ৩২

এই ইন্দ্র কখনও অনুলোম সঙ্কর-রূপ ধারণ করেন, কখনও বিলোম সঙ্কর-রূপধারী হন। তিনি শুক, কাক, হংস ও কোকিলের রূপও ধারণ করিয়া থাকেন ॥ ৩৩

সিংহ ব্যাঘ্র-গজাদাঞ্চ রূপং ধারয়তে পুনঃ।
বৈবা বৈতাসবো রাজ্ঞঃ বপুর্ধারয়তেঽপি চ ॥ ৩৪
অক্ষুণো বাধুভয়াজ্ঞঃ শঙ্কুনিধিকৃতস্তথা
চতুষ্পাদ্ বহুরূপশ্চ পুনর্ভবতি বালিশঃ ॥ ৩৫
মক্ষিকা-মশকাদীনাং বপুর্ধারয়তেঽপি চ
ন শক্যস্তস্য গ্রহণে কর্তুং বিপুল কেনচিৎ ॥ ৩৬
অপি বিদ্ধকৃতা তাত যেন নষ্টাস্মিন্ তনয়ং
পুনরন্তর্হিতঃ শক্রঃ সৃজতে জ্ঞানচক্ষুষা ॥ ৩৭
বায়ুভূতশ্চ স পুনর্দেবরাজো ভবত্যুত
এবা রূপাণি সর্বাণি কৃত্বা পাকশাসনঃ ॥ ৩৮
তস্মাদ্ বিপুল যত্নেন রক্ষেমাং বধূমাত্মনঃ।
যথা রুচিং নাসলিহেদ্ দেবেন্দ্রো ভৃগুসত্তম ॥ ৩৯
ক্রতাবুপরিচিতে ক্রুদ্ধঃ ক্রবিং বেগ ত্বরান্বিতঃ
প্রমাথাদ্যং স মূর্দ্ধানমক্রাক্রোদ্ গগনং তদা ॥ ৪০

তিনি সিংহ, ব্যাঘ্র ও গজাদির রূপ বারংবার ধারণ করেন। দেবতা, দৈত্য ও রাজাদিগের রূপ ধারণ করিয়া থাকেন। ৩৪

তিনি কখনও হন পুষ্ট, কখনও বায়ুরোগে আক্রান্তদেহা এবং কখনও পঙ্গু হইয়া যান, কখনও বিকৃত বেশধারী হন, কখনও চতুষ্পাদ পশু হন, কখন বহুরূপী ও মূর্খের ন্যায় হইয়া আসেন। ৩৫

তিনি মাছি ও মশা প্রভৃতিরও রূপ ধারণ করেন। বিপুল! কেহই তাঁহাকে ধরিতে পারে না। তাত! অন্য সকলের কথা আর কি বলিবার আছে? তিনি এই বিশ্বরচনাকে রচনা করিয়াছেন, সেই বিধাতাও তাঁহাকে নিজের বশীভূত করিতে পারেন না। অন্তর্হিত হইলে পর ইন্দ্রকে কেবল জ্ঞান-চক্ষুর দ্বারাই দেখিতে পাওয়া যায়। ৩৬-৩৭

তাহাপর তিনি বায়ুভূত হইয়া দেবরাজরূপে প্রকাশিত হন। এইভাবে পাকশাসন ইন্দ্র সর্ব্বদা নব নব রূপ ধারণ করেন ও পরিবর্ত্তন করেন। ৩৮

ভৃগুশ্রেষ্ঠ বিপুল! সেইজন্য তুমি যত্নসহকারে এই ভদ্র-মহিলা কর্তৃক রক্ষা করিবে, যাহাতে ক্রতাগ্রা দেবরাজ ইন্দ্র যজ্ঞে যাগীয় দ্রব্যের রূপ ধারণ করিয়া অভিলাষী হইয়াই তাঁর আমার পত্নী রুচিকে স্পর্শ করিতে না পারেন। ৩৯

ভারতশ্রেষ্ঠ! এই কথা বলিয়া মহাভাগ দেবশর্মা মুনি যজ্ঞ করিবার জন্য গমন করিলেন। ৪০

দেবশর্মা মহাভাগস্তত্তো ভরতসত্তম
বিপুলস্তু বচঃ শ্রুত্বা গুরোশ্চিন্তাবৃপেরিবান্ ॥ ৪১
রক্ষাঞ্চ পরমাং চক্রে দেবরাজাদ্বরাবলাৎ।
কিং নু শক্যা ময়া কর্তুং গুরুরাত্মাভিরক্ষণে ॥৪২
মায়াবী হি সুরেন্দ্রোঽসৌ দুর্ধর্ষশ্চাপি বীর্য্যবান্।
নাশিরাত্মাশ্রমং শক্যো রক্ষিতুং পাকশাসনঃ ॥ ৪৩
উটজং বা তথা ভূত্ব -নাবিশেৎসন্নপত্তা।
বায়ুরূপেণ বা শক্রো গুরুপত্নীং প্রধর্ষয়েৎ ॥ ৪৪
তস্মাদ্রিয়া সম্প্রবিদ্ধ রুচিং স্যান্নাহমস্তু বৈ
অথবা পৌরুষেণেহ ন শক্যা রক্ষিতুং ময়া ॥ ৪৫
বহুরূপো হি ভগবান্ শ্রূয়তে পাকশাসনঃ
সোঽহং যোগবলাদেনাং রক্ষিষ্যে পাকশাসনাৎ ॥৪৬
গাত্রাণি গাত্রৈরন্তাস্যা সম্প্রবেক্ষ্যে হি রক্ষিতুম্
যদ্যাস্থিষ্টেমিমাং পত্নীমন্যো পশ্যতি যে গুরুঃ ॥ ৪৭

গুরুর যাত্রা গমন করিলে বিপুল অত্যন্ত চিন্তান্বিত হইয়া পড়িলেন এবং মহাবল দেবরাজ ইন্দ্র হইতে গুরুর স্ত্রীকে অতিমাত্র যত্নসহকারে রক্ষিত করা করিতে লাগিলেন। ৪১½

তিনি মনে মনে চিন্তা করিলেন, আমি গুরুপত্নীকে রক্ষা করিবার জন্য কি করিতে পারি? হায়, এই দেবরাজ ইন্দ্র মায়াবী, দুর্ধর্ষ ও মহাপরাক্রমশালী। ৪২½

কুটীর বা আশ্রমের দ্বার বন্ধ করিয়া দিলেও পাকশাসন ইন্দ্রের আগমন রুদ্ধ করা যাইবে না, যেহেতু তিনি বহুবিধ রূপ ধারণ করিতে পারেন। ৪৩½

যদিই আজ ইন্দ্র বায়ুরূপ ধারণ করিয়া আসেন এবং গুরু পত্নীকে ধর্ষিত করিয়া ফেলেন, সেইজন্য আজ আমি কুটিরেরই দরজায় প্রবেশ করিয়া থাকিব। ৪৪½

অথবা পুরুষার্থের দ্বারা আমি ইঁহাকে রক্ষা করিতে পারি না, কারণ, ঐশ্বর্যশালী পাকশাসন ইন্দ্র বহুরূপী বলিয়া শুনা যায়। অতএব আমি যোগবল অবলম্বন করিয়াই ইন্দ্র হইতে ইঁহাকে রক্ষা করিব। ৪৫-৪৬

আমি গুরুপত্নীকে রক্ষা করিবার জন্য নিজের সমস্ত অঙ্গ-প্রত্যঙ্গের দ্বারা ইঁহার সর্ব্বাঙ্গ জুড়িয়া প্রবেশ করিব। যদি আজ আমার গুরুদেব নিজের এই পত্নীকে অন্য কোন পুরুষের দ্বারা ধর্ষিতা হইতে দেখেন, তবে তিনি কুপিত হইয়া নিঃসন্দেহে আমাকে অভিশাপ প্রদান করিবেন; কারণ, এই মহাতপস্বী গুরুদেব দিব্য জ্ঞানসম্পন্ন। ৪৭½

অন্যাস্ত্যসংশয়ঃ কোপাদ্ দিগ্ধাঙ্গানো মহাতপাঃ।
ন চেয়ং রক্ষিতুং শক্যা বধাদ্যা প্রমদা নৃভিঃ ॥ ৪৮
মায়াবী হি সুরেন্দ্রোঽসাবতো প্রাপ্তোঽস্মি সংশয়ম্।
অবশ্যং করণীয়া হি গুরোরিহ হি শাসনম্ ॥ ৪৯
যদি দ্বেষ্মদহং সূর্য্যামাস্তর্য্যাং স্যাং কৃতা ময়া
যোগেনাথ প্রবেশো হি গুরুপত্ন্যাঃ কলেবরে ॥ ৫০
এবমেব শরীরেঽস্মিন্ নিবৎস্যামি সমাহিতঃ।
অনক্তঃ পদ্মপত্রস্থো জলবিন্দুর্যথাঽচলঃ ॥ ৫১
নির্মুক্তস্য রজঃরূপাদ্যাপরাধো ভবেন্মম
যথা হি শূন্যাং পথিকঃ সভামধ্যাবসেৎ পথি ॥ ৫২
তথাঽধ্যাবাসয়িষ্যামি গুরুপত্ন্যাঃ কলেবরম্
এবমেব শরীরেঽস্মিন্ নিবৎস্যামি সমাহিতঃ ॥ ৫৩
ইত্যেবং বর্ষমালোক্য বেরবেধেষ্বনুক্ষণম্ সর্বশঃ
তপস্তপ্ত বিপুলঃ দৃষ্ট্বা গুরোরাত্মন এব চ ॥ ৫৪

ইতি নিশ্চিত্য মনসা রক্ষার্থং প্রতি স ভার্গবঃ
অন্তর্হিতঃ পরা দক্ষা যথা তচ্ছৃণু পার্থিব ॥ ৫৫
গুরুপত্ন্যাঃ সভাশীলো বিপুলঃ স মহাতপাঃ
উপাসীনামনিন্দ্যাঙ্গীং কথাভিঃ সমলোভয়ৎ ॥ ৫৬
নেত্রাভ্যাং নেত্ররশ্মিভ্যাং সংযোজ্য রশ্মিভিঃ।
বিবেশ বিপুলঃ কায়মাকাশঃ পবনো যথা ॥ ৫৭
লক্ষণা লক্ষণেনৈব বয়সা বয়সেন চ
অবিচেষ্টচিত্তিষ্ঠন্ বৈ ছায়েবানুবিধিতো মুনিঃ ॥ ৫৮
ততো বিহৃত্য বিপুলো গুরুপত্ন্যাঃ কলেবরম্
উবাস রক্ষনে যুক্তো ন চ সা তমবুধ্যত ॥ ৫৯
যং কালং নাগতো রাজন্ গুরুস্তস্য মহাত্মনঃ।
ক্রুরঃ সমাপা স্বগৃহং তং কালং সোঽত্যরক্ষত ॥ ৬০

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিত্যায়াং বৈয়াসিক্যা
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি বিপুলোপাখ্যানে
চত্বারিংশোঽধ্যায়ঃ ॥ ৪০

অন্য যুবতীদলের ন্যায় এই গুরুপত্নীকেও বলপূর্বক নিগ্রহ দ্বারা রক্ষা করা যাইবে না; যেহেতু এই দেবরাজ ইন্দ্র মায়াবী। অহো! আমি অতিশয় সংশয়াপন্ন অবস্থায় পতিত হইয়াছি ॥ ৪৮-৪৯

এ বিষয়ে গুরুদেব যে আজ্ঞা দিয়াছেন, তাহা অবশ্যই আমার পালন করা উচিত। যদি ইঁহা আমি করিতে পারি, তবে আমার দ্বারা এই এক আশ্চর্যজনক কার্য্য সম্পন্ন হইবে ॥ ৫০।

অতএব আমাকে গুরুপত্নীর দেহে যোগবলেই প্রবেশ করিতে হইবে। যেরূপ পদ্মপত্রের উপর পতিত জলবিন্দু নির্লিপ্তভাবে স্থির থাকে, সেইরূপ আমিও অনাসক্তভাবে গুরুপত্নীর দেহে বাস করিব ॥ ৫১-৫১

আমি রজোগুণ হইতে মুক্ত, অতএব আমার দ্বারা কোন অপরাধ হইতে পারে না, যেরূপ কোন পথিক কোন সময়ে শূন্য গৃহশালায় প্রয়োজনবোধে অবস্থান করে, সেইরূপ আমিও শান্ত ভাবাপন্ন হইয়া গুরুপত্নীর শরীরে বাস করিব। এইভাবে ইঁহার দেহে আমার বাস করা সম্ভব হইবে ॥ ৫২-৫৩

কৃপাল! এইরূপে বৎসর দিকে লক্ষ্য রাখিয়া, বেদবাদ্যের উপর পর্য্যালোচনা করিয়া এবং গুরুদেবের প্রকৃত তপস্যার দিকে দৃষ্টি রাখিয়া তৃতীয়বৎসরান্তে বিপুল গুরুপত্নীকে রক্ষা করিবার জন্য নিজের মনে পূর্বোক্ত উপায় নিশ্চিত করিয়া তাহার রক্ষার সর্বপ্রকার চেষ্টা করিলেন। উহা আমি বলিতেছি, তুমি শ্রবণ কর ॥ ৫৪-৫৫

ধর্মজ্ঞপত্নী বিপুল গুরুপত্নীর নিকটে উপবিষ্ট হইলেন এবং পার্শ্বেই উপবিষ্টা অনিন্দ্যসুন্দরাঙ্গী সেই রূপবিহীনা নারীকে নানাপ্রকার কথাবার্ত্তা শুনাইয়া লোভ দেখাইলেন ॥ ৫৬

তারপর নিজের দুই চক্ষুকে তিনি তাঁহার দুই চক্ষুর সহিত নিবদ্ধ করিলেন এবং স্বীয় চক্ষুরশ্মিগণকে তাঁহার চক্ষুরশ্মির সহিত সংযুক্ত করিয়া দিলেন। অনন্তর সেই পথ দিয়া আকাশে প্রবিষ্ট বায়ুর ন্যায় তাঁহার শরীরে প্রবেশ করিলেন ॥ ৫৭

তিনি লক্ষণের দ্বারা লক্ষণে এবং বয়সের দ্বারা বয়সে প্রবিষ্ট হইয়া কোন চেষ্টা না করিতে করিতে স্থিরভাবে অবস্থান করিলেন। সেই সময় অন্তর্হিত বিপুল মুনি ছায়ার ন্যায় প্রবিষ্ট হইতে লাগিলেন ॥ ৫৮

বিপুল গুরুপত্নীর শরীরকে যুক্তির করিয়া তাঁহার রক্ষার্থে নিযুক্ত থাকিয়া সেখানে বাস করিতে লাগিলেন। তিনি অতিরিক্ত তাঁহাকে কোনরূপেই জানিতে পারিলেন না ॥ ৫৯

রাজন্! যতক্ষণ মহাত্মা বিপুলের গুরুদেব বন্ধ সমাধি হইতে নিজ দেহে ফিরিয়া না আসিলেন, ততক্ষণ বিপুল সেই নিজের গুরু-পত্নীকে রক্ষা করিতে লাগিলেন ॥ ৬০

শ্রীমদ্ভারতে বেদব্যাস-রচিত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে বিপুলের উপাখ্যানবিষয়ক চত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

॥ একচত্বারিংশোঽধ্যায়ঃ ॥

[বিপুলের দেবরাজের গুরুপত্নী রম্ভা, গুরুশাপে বরলাভঃ]

ভীষ্ম উবাচ

ততঃ কদাচিদ্ দেবেন্দ্রো দিব্যরূপধরঃ প্রভুঃ।
ইয়েষ তদ্বিনাশায় তপসশ্চাত্মনো বিভুঃ ॥ ১

রূপমপ্রতিমং কৃত্বা লোভনীয়ং জগৎপতিঃ।
দর্শনীয়তমো ভূত্বা প্রবিবেশ তমাশ্রমম্ ॥ ২

স দদর্শ তমাসীনং বিপুলং কলেবরম্।
নিশ্চেষ্টং স্তম্ভনিহতং যথা লেখ্যগতং তথা ॥ ৩

রুচিরে রুচিরাপাঙ্গীং পীনশ্রোণিপয়োধরাম্।
পদ্মপত্রবিশালাক্ষীং সম্পূর্ণেন্দুনিভাননাম্ ॥ ৪

সা তমালোক্য সহসা প্রত্যুত্থাতুমিয়েষ হ।
রূপেণ বিস্মিতা কোঽয়মিত্যেব বরুমিচ্ছতী ॥ ৫

উত্থাতুকামা তু সতী বিহ্বলা বিপুলেন সা।
নিগৃহীতা মহেন্দ্রেণ ন শশাক বিচেষ্টিতুম্ ॥ ৬

তামাবভাষে দেবেন্দ্রঃ সান্ত্বং পরমবল্গুনা।
স্মরমর্থয়মাণা বিদ্ধি দেবেন্দ্রং মাং শুচিস্মিতে ॥ ৭

ত্রিদশানামনঙ্গেন ত্বৎসম্ভুক্তেন বৈ।
অং সম্ভ্রান্তা হি মাং শুভ্রে পূজা কালোঽতিবর্ততে ॥ ৮

অয়মেবংগতস্ত্বদ্য শক্রঃ শুক্লায় বিপুলো মন্নিঃ।
গুরুপত্ন্যাঃ শরীরস্থা দর্শনং ত্রিদশাধিপম্ ॥ ৯

ন শশাক চ সা রম্ভা পত্ন্যাস্থাতুমনিন্দিতা।
বক্তুং নাশকদ রাজন্ হ্রিয়া বিপুলেন সা ॥ ১০

আকারং গুরুপত্ন্যাস্তু স বিজ্ঞায় কৃগূঢ়য়ঃ।
নিজগ্রাহ বলাত্তেজা যোগেন বলবৎ প্রভো ॥ ১১

বরন্তু যোগসংস্তম্ভাস্তস্যাঃ সর্বেন্দ্রিয়াণি সঃ।
স্থাণ্বিকারাং দৃষ্ট্বা তু পুনরেব শচীপতিঃ ॥ ১২

একচত্বারিংশ অধ্যায়।

[বিপুল কর্তৃক দেবরাজ ওঁহতে গুরুপত্নীকে রক্ষা এবং গুরুদেব হইতে তাঁহার বর লাভ।]

ভীষ্ম বলিলেন, রাজন্! অনন্তর কোন সময়ে দেবরাজ ইন্দ্র 'এই তপোনিষ্ঠা রমণীর তপস্যা বিনাশ করিবার উপযুক্ত সময়' এরূপ চিন্তা করিয়া দিব্যরূপ ও সুন্দর শরীর ধারণ করত সেই আশ্রমে আসিলেন ॥১॥

জনার্দন! দেবরাজ ইন্দ্র অতুলনীয় লোভনীয় রূপ ধারণ করত অত্যন্ত দর্শনীয় হইয়া সেই আশ্রমে প্রবেশ করিলেন ॥২॥

সেই স্থানে উপস্থিত হইয়া তিনি দেখিলেন যে, বিপুলের শরীর চিত্রলিখিতের ন্যায় নিশ্চেষ্ট হইয়া রহিয়াছে এবং তাঁহার নয়নদ্বয় স্থির ॥৩॥

অন্যদিকে সুনিতম্বা ও পীনপয়োধর প্রশোভিতা, বিকসিত কমলদলের ন্যায় বিশাল নেত্রযুক্তা এবং মনোহর কটাক্ষসমন্বিতা পূর্ণচন্দ্রাননা রম্ভা বসিয়া আছেন দেখিলেন ॥৪॥

ইন্দ্রকে দেখিয়া তিনি সহসা তাঁহার সৎকারের জন্য উত্থিত হইবার বাসনা করিলেন। ইন্দ্রের সুন্দর রূপ দেখিয়া তিনি বিস্মিতা হইলেন, যেন তাঁহাকে জিজ্ঞাসা করিতে ইচ্ছুক হইয়া কহিলেন যে, আপনি কে? ॥৫॥

নরেন্দ্র! তিনি যেই উঠিবার ইচ্ছা করিলেন, তখন বিপুল তাঁহার গতিরোধ করিয়া দিলেন। তিনি গুম্ভিতা হইয়া যাওয়ায় কোনও চেষ্টাও করিতে পারিলেন না ॥৬॥

তখন দেবরাজ ইন্দ্র অতিশয় মধুর বাক্যে তাঁহাকে ভুলাইতে বুঝাইতে বলিলেন—পবিত্র হাস্যবদনে দেবি! আমাকে দেবগণের রাজা ইন্দ্র বলিয়া জানিও। আমি তোমারই জন্য এখানে আসিয়াছি ॥৭॥

তোমার চিন্তা করিতে করিতে আমার হৃদয়ে যে কাম উৎপন্ন হইয়াছে, সে আমাকে অত্যন্ত তপ্ত দিতেছে। সেইজন্য আমি তোমার নিকট আসিয়াছি। সুন্দরি! এখন বিলম্ব করিও না, সময় চলিয়া যাইতেছে ॥৮॥

দেবরাজ ইন্দ্রের এই কথা গুরুপত্নীর দেহে স্থিত বিপুলমুনি শ্রবণ করিলেন এবং তাঁহাকে স্তম্ভনও করিলেন ॥৯॥

রাজন্! সেই ধনিনাম্বরক্ষী তপি বিপুলের দ্বারা স্তম্ভিতা হইয়া যাওয়ায় উঠিতে পারিলেন না এবং ইন্দ্রকে কোন উত্তর দিতেও পারিলেন না ॥১০॥

প্রভো! গুরুপত্নীর আকার ও চেষ্টা দেখিয়া গূঢ়রহস্যময় বিপুল তাঁহার মনোভাব জানিতে পারিলেন; অতএব মহাতেজস্বী মুনি যোগের দ্বারা সবলে তাঁহাকে সংযত করিয়া রাখিলেন ॥১১॥

তিনি গুরুপত্নী স্থিত সমস্ত ইন্দ্রিয়গণকে যোগসমন্বিত বন্ধনে আবদ্ধ করিলেন। রাজন্! যোগবলে মোহিত হইয়া স্থাণুর ন্যায় বিকারশূন্য দেখিয়া শচীপতি ইন্দ্র লজ্জিত হইলেন এবং পুনরায়

ঊবাচ স্ত্রীড়িতো রাজন্ত্বাং সোপবলমোহিতান্।
এবমেতৎ ততঃ সা তু প্রতিবক্তুমিয়েষ হ ॥ ১৩
স তাং বাচং গুরোঃ পত্ন্যাঃ বিপুলঃ পর্যবর্তয়ৎ।
ভোঃ কিমাগমনে কৃত্যমিতি তস্যাশ্চ নিঃসৃতা ॥ ১৪
বভূবাচ্ছাদসদৃশাদ্ বাণী সংস্তম্ভরূপিণী।
ব্রীড়িতা সা তু তদ্বাক্যমুক্ত্বা পরবশা তদা ॥ ১৫
পুরন্দরস্ত তচ্ছ্রুত্বা বভূব বিমনা ভৃশম্।
স তদৈবৃত্তমাজ্ঞায় দেবরাজো বিশাম্পতে। ৬
অবৈক্ষত সহস্রাক্ষস্তদা দিব্যেন চক্ষুষা
স দদর্শ মুনিং তত্রা ভার্যাসংস্তম্ভগোচরম্ ॥ ১৭
প্রতিবিম্বাম্বয়াদর্শে গুরুপত্ন্যাঃ শরীরজম্
স তং ঘোরেণ তপসা যুক্তং দৃষ্ট্বা পুরন্দরঃ। ১৮
প্রাবেপত ভৃশত্রস্তঃ শাপভীতস্তদা দ্বিজো
বিসৃজ্য গুরুপত্ন্যাস্তু বিপুলঃ সুমহাতপাঃ
ঋষভেবরয়াবিদ্ধ শক্রং ভীতমথাব্রবীৎ ॥ ১৯

বিপুল উবাচ

অভিদ্রেহ্যির দুর্বুদ্ধে পাপাত্মক পুরন্দর
ন ত্বিহ স্থাস্যসি চিরং দেবাচার্যা মাতুর্যাতুধা। ২০
কিং তু ত্বমিত্যুক্তা শক্র ন ত্রপসে তে ত্রিত্বম্
দৌত্তমেনাসি যদ্যুক্তো জ্ঞাতুশ্চিত্তবিচিত্তকঃ। ২১
জানে ত্বাং বালিশমতিং কৃতজ্ঞানমনস্বিনম্
মন্যেহং রক্ষতে মূঢ় গুরুং পাপ যথাগতম্। ২২
নাহং ত্বামদ্য মুঞ্চামি দৃষ্টেঃ কি ঘত্তেজসা
কৃপাত্মমানস্য ন তে মুহুর্মিষ্যামি বাসব। ২৩
স চ ঘোরতমো ঘোরান্ গুরুত্বে পাপচেতসম্।
দৃষ্ট্বা ত্বাং নির্দহেদ্ ক্রোধাদগ্নিস্তপ্তেন চক্ষুষা। ২৪
নৈবং তু শক্র কর্তব্যং পুনর্মাজ্ঞাস্ত তে দ্বিজাঃ
যা গাবঃ সন্তুমামাঃ স্যুরুরং ত্রস্তমলাদিব। ২৫

ঊবাচ ত্রীড়িতো রাজন্ত্বাং সোপবলমোহিতান্।
এবমেতৎ ততঃ সা তু প্রতিবক্তুমিয়েষ হ ॥ ১৩
স তাং বাচং গুরোঃ পত্ন্যাঃ বিপুলঃ পর্যবর্তয়ৎ।
ভোঃ কিমাগমনে কৃত্যমিতি তস্যাশ্চ নিঃসৃতা ॥ ১৪
বভূবাচ্ছাদসদৃশাদ্ বাণী সংস্তম্ভরূপিণী।
ব্রীড়িতা সা তু তদ্বাক্যমুক্ত্বা পরবশা তদা ॥ ১৫
পুরন্দরস্ত তচ্ছ্রুত্বা বভূব বিমনা ভৃশম্।
স তদৈবৃত্তমাজ্ঞায় দেবরাজো বিশাম্পতে। ৬
অবৈক্ষত সহস্রাক্ষস্তদা দিব্যেন চক্ষুষা
স দদর্শ মুনিং তত্রা ভার্যাসংস্তম্ভগোচরম্ ॥ ১৭
প্রতিবিম্বাম্বয়াদর্শে গুরুপত্ন্যাঃ শরীরজম্
স তং ঘোরেণ তপসা যুক্তং দৃষ্ট্বা পুরন্দরঃ। ১৮
প্রাবেপত ভৃশত্রস্তঃ শাপভীতস্তদা দ্বিজো
বিসৃজ্য গুরুপত্ন্যাস্তু বিপুলঃ সুমহাতপাঃ
ঋষভেবরয়াবিদ্ধ শক্রং ভীতমথাব্রবীৎ ॥ ১৯

অবরোঽস্মীতি বদ্ধবুদ্ধিঃ সমাধায় প্রবর্ত্তসে
যাবদ্বদ্ধা ন তপসা বশাস্যা নাম কিঞ্চন । ২৬

ভীষ্ম উবাচ ।

তচ্ছ্রুত্বা বচনং শক্রো বিপুলস্য মহাত্মনঃ
অকিঞ্চিদ্ভূতঃ ব্রীড়ার্ত্তস্তত্রৈবান্তরধীয়ত । ২৭

মুহূর্ত্তমাত্রে তস্মিংস্তু দেবশর্ম্মা মহাতপাঃ
কৃত্বা যজ্ঞঃ যযাতিমাজগাম ক্ষয়াশ্রমম্ । ২৮

আগতেঽথ গুরৌ রাজন্ বিপুলঃ প্রিয়কৃৎ তদা ।
রক্ষিতায় গুরবে ভার্য্যাং ভূয়েঽপ্যনিন্দিতাম্ । ২৯

অভিবাদ্য চ শান্তাত্মা স গুরুং গুরুবৎসলঃ
বিপুলঃ পর্ণশালায়িষ্ঠদ্ দণ্ডাপূর্ব্বমবস্থিতঃ । ৩০

বিশ্রান্তায় ততস্তস্মৈ সত্যাসীনায় ভার্য্যয়া
নিবেদয়ামাস তদা বিপুলঃ শত্রুকর্ষণ তৎ ৩১ ।

তচ্ছ্রুত্বা স মুনিশ্রেষ্ঠো বিপুলস্য প্রতাপবান্ ।
বভূব শীল-বৃত্তাভ্যাং তপসা নিয়মেন চ । ৩২

বিপুলস্য গুরৌ বৃত্তিং ভক্তিমাত্মনি তৎপ্রভুঃ
ধর্ম্মে চ বিবিধাং দৃষ্ট্বা সাধু সাধ্বিত্যভাষত । ৩৩

প্রতিলভ্য চ ধর্ম্মাত্মা শিষ্যং ধর্ম্মপরায়ণম্ ।
বরেণচ্ছন্দয়ামাস দেবশর্ম্মা মহামতিঃ । ৩৪

স্বিষ্টিকৃৎ ধর্ম্মে তস্যাহ স তস্মান্ গুরুবৎসলঃ ।
অনুজ্ঞাতস্তু গুরুণা চরিষ্যামীত্যুবাচ তং । ৩৫

ততৈব দেবশর্ম্মাপি সভার্য্যঃ স মহাতপাঃ ।
নির্ব্বৃত্যৌ বলবৃত্রঘ্নশ্চচার বিজনে বনে । ৩৬

ইতি শ্রীমহাভারতে সহস্রাহ্ব্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মপর্ব্বণি বিপুলোপাখ্যানে
একচত্বারিংশোঽধ্যায়ঃ ৪১

আমি "অবর" —এইরূপ বুদ্ধি অবলম্বন করিয়া যদি তুমি স্বেচ্ছাচারে প্রবৃত্ত হও, তবে (আমি তোমাকে সচেতন করিয়া দিতেছি যে,) আমি তোমাকে বলিতেছি, তুমি কোনও তপস্বীকে অবধারনা করিও না ভাই, তপস্যার দ্বারা কোনও কার্য্য অসাধ্য থাকে না (তপস্বীরা অবজ্ঞাকারীকে বিনষ্ট করিতে পারেন) । ২৬

ভীষ্ম বলিলেন,—যুধিষ্ঠির ! মহাত্মা বিপুলের এই কথা শ্রবণ করিয়া ইন্দ্র অত্যন্ত লজ্জিত হইলেন এবং কোন কিছু উত্তর না দিয়াই তিনি অন্তর্হিত হইয়া গেলেন । ২৭

তাঁহার যাইবার পর একমুহূর্ত্ত মধ্যেই মহাতপস্বী দেবশর্ম্মা ইচ্ছানুসারে যজ্ঞপূর্ণ করিয়া নিজ আশ্রমে ফিরিয়া আসিলেন । ২৮

রাজন্ ! গুরুদেব আসিলে পর তাঁহার প্রিয় কার্য্যকারী বিপুল নিজের দ্বারা সুরক্ষিত তাঁহার অগ্নিহোত্রী ভার্য্যা অহিংসনীয়ে তাঁহার নিকট সমর্পণ করিলেন । ২৯

শান্তচিত্ত গুরুপ্রেমী বিপুল গুরুদেবকে প্রণাম করত পূর্ব্বের ন্যায় নির্ভীত হইয়া তাঁহার সেবায় উপস্থিত হইলেন । ৩০

তখন গুরুদেব বিশ্রাম করত নিজ পত্নীর সহিত উপবিষ্ট হইলেন, তখন বিপুল ইন্দ্রের সেই সব কর্ম্ম তাঁহাকে নিবেদন করিলেন । ৩১

ইহা শ্রবণ করিয়া প্রতাপশালী মুনি দেবশর্ম্মা বিপুলের শীল, সদাচার, তপস্যা ও নিয়মে অত্যন্ত সন্তুষ্ট হইলেন । ৩২

বিপুলের গুরুসেবাবৃত্তি, নিজের প্রতি ভক্তি ও ধর্ম্মবিষয়ে দৃঢ়তা দেখিয়া গুরু 'সাধু, সাধু' বলিয়া তাঁহার প্রশংসা করিলেন । ৩৩

মহামতি ধর্ম্মাত্মা দেবশর্ম্মা নিজের ধর্ম্মপরায়ণ শিষ্য বিপুলকে প্রাপ্ত হইয়া তাঁহার ইচ্ছানুসারে বর প্রার্থনা করিতে বলিলেন । ৩৪

গুরুবৎসল বিপুল গুরুদেবের নিকট হইতে এই বর প্রার্থনা করিলেন যে, আমি ধর্ম্মেই যে সতত অবস্থান করিতে পারি । তাহাতে গুরুদেবের আজ্ঞা লইয়া তিনি সর্ব্বোক্ত তপস্যা আরম্ভ করিলেন । ৩৫

মহাতপস্বী দেবশর্ম্মাও বল এবং বৃত্রাসুরবধকারী ইন্দ্র হইতে নির্ভীত হইয়া পত্নীসহ সেই নির্জ্জন বনে বিচরণ করিতে লাগিলেন । ৩৬

ঋষিপ্রবর বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্ব্বান্তর্গত দানধর্ম্মপর্ব্বে বিপুলের উপাখ্যানবিষয়ক একচত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ।

॥ দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥

[গুরুসেবাজন্য দিব্যপুষ্পপ্রাপ্তির বিপুলের ঔদ্ধত্য প্রদর্শন, বজ্রকৃত্কর্তৃক স্তম্ভন]

ভীষ্ম উবাচ

বিপুলস্ত্বতরোৎ তীব্রং তপঃ কৃত্বা সুদুশ্চরম্ । তপোযুক্তমথাত্মানমমন্যত স ধীর্যবান্ ॥ ১

স তেন কর্মণা স্পর্ধন্ পৃথিবীং পৃথিবীপতে । চচার গতভীঃ প্রীতো লব্ধকীর্তিধরো নৃপ ॥ ২

উত্তো লোকো জিতো চাপি ত্রিদিবমাক্রমত্ত প্রভুঃ । কর্মণা তেন কৌরব্য তপসা বিপুলেন চ ॥ ৩

অথ কালে ব্যতিক্রান্তে রুচিরে রুচিরং কৃতবন্তম্ । রুচা তপিস্বিনী আসীৎ প্রকৃতবরবাসবম্ ॥ ৪

এতস্মিন্নেব কালে তু দিব্যা কাচিদ্ বরাঙ্গনা । বিভ্রতী পরমং রূপং তপসাপ্তং বিদাংবরা ॥ ৫

তস্যাঃ শরীরাৎ পুষ্পাণি পতিতানি মহীতলে । তস্যাস্তত্রৈব বিদুষে দিব্যাস্তস্যাঃ তাতত ॥ ৬

দ্বিচত্বারিংশ অধ্যায়।

[গুরুসেবের আজ্ঞায় দিব্যপুষ্প আনিয়া বিপুল কর্তৃক তাঁহাকে প্রদান এবং নিজের কৃত দুষ্কর্মের স্মরণ]

ভীষ্ম বলিলেন,—রাজন্! বিপুল গুরুসেবের আজ্ঞা পালন করত অতিশয় কঠোর তপস্যা করিলেন। ইহাতে তাঁহার শক্তি বর্দ্ধিত হইল এবং নিজেকে তিনি তপস্বী বলিয়াই মনে করিতে লাগিলেন। ১

পৃথিবীপতে! বিপুল সেই তপস্যার দ্বারা মনে মনে গর্ব্ব অনুভব করত অন্য ব্যক্তিদিগের উপর স্পর্দ্ধা করিতে লাগিলেন। নৃপ যুধিষ্ঠির! তিনি গুরুসেবের নিকট হইতে কীর্ত্তি ও বরলাভ করিয়াছিলেন; অতএব তিনি নির্ভয় ও নষ্টচিত্ত হইয়া পৃথিবীতে বিচরণ করিতে থাকিলেন। ২

কুরুনন্দন! শক্তিশালী বিপুল সেই গুরুসেবী-সাধুজনসেবী কর্ম এবং প্রকৃত তপস্যার দ্বারা এই বুদ্ধিতে লাগিলেন যে, আমি উত্তম লোক জয় করিয়াছি। ৩

কুরুকুলের আনন্দবর্দ্ধন যুধিষ্ঠির! তদনন্তর কিছুকাল অতিক্রান্ত হইলে পর গুরুসেবী রুচির জ্যেষ্ঠা ভগিনীর গৃহে বিবাহোৎসবের সুযোগ উপস্থিত হইল, যাহাতে প্রচুর ধনরাশি দান হইয়াছিল। ৪

তাতস্তস্মাৎ অতো রাজন্ রুচির্দলিতলোচনা তদা নিমন্ত্রকস্তস্য অজেতা: ক্ষিপ্রমাগমৎ ॥ ৭

তস্যা হি ভগিনী তাত জ্যেষ্ঠা নাম্না প্রভাবতী । ভার্যা চিত্ররথস্যাথ বভূবাত্মেবরস্য বৈ ॥ ৮

পিনদ্ধ তানি পুষ্পাণি কেশেষু বরবর্ণিনী । আমন্ত্রিতা ততোঽগচ্ছদ্ রুচিরং রুচিরপতেস্তু গৃহম্ ॥ ৯

পুষ্পাণি তানি দৃষ্ট্বা তু বরাঙ্গেন্দ্রবরাঙ্গনা । ভগিনীং চোদয়ামাস পুষ্পার্থে চারুলোচনা ॥ ১০

সা তত্রৈ সর্বমাচষ্ট রুচিঃ শুক্লচিরাননা । ভগিনী ত্বাহ তাং সর্বমুপপন্নং তথেতি ॥ ১১

ততো বিপুলমাহূয়া দেবরূপা মহাতপাঃ পুষ্পার্থে চোদয়ামাস গচ্ছ গচ্ছেতি ভারত ॥ ১২

এই সময়েই সে দিব্যাঙ্গনাদের সুন্দরী দিব্যাঙ্গনা পরম মনোহর রূপ ধারণ করত আকাশ পথেই কোথাও গমন করিতেছিলেন। ৫

ভারত! তাঁহার শরীর হইতে দিব্য সুগন্ধযুক্ত কিছু পুষ্প দেবসম্পর্কার আজয়ের নিকটে ভূতলে পতিত হইল। ৬

রাজন্! তখন মনোহরবরনা রুচি সেই সব পুষ্প গ্রহণ করিলেন। এই সময়েই অতঃপর হইতে তাঁহাকে বিবাহে নিমন্ত্রণ জানাইবার জন্য এক নিমন্ত্রক সত্বর আসিয়া উপস্থিত হইলেন। ৭

ভারত! প্রভাবতী নামে তাঁহার জ্যেষ্ঠা ভগিনী অজাতশত্রু চিত্ররথের ভার্যা ছিলেন। ৮

সেই দিব্য পুষ্পসমূহ নিজ কেশে ধারণ করিয়া সুন্দরী রুচি অজাতশত্রু চিত্ররথের গৃহে আমন্ত্রিতা হইয়া আসিলেন। ৯

সেই সময় সুন্দরলোচনা অজাতশত্রুপত্নী প্রভাবতী সেই পুষ্পসমূহ দর্শন করত নিজের ভগিনী রুচিকে সেইরূপ পুষ্প আনিয়া দিবার জন্য অনুরোধ করিলেন। ১০

আহ্বানে রুচিরা সেই সুন্দরী রুচি ভগিনী-কথিত সমস্ত বৃত্তান্ত নিজের স্বামীকে বলিলেন। তাহা শুনিয়া তিনি বলিলে সেই কথা স্বীকার করিয়া লইলেন। ১১

ভারত! তখন মহাতপস্বী দেবরূপা বিপুলকে আহ্বান করিয়া আনাইয়া তাঁহাকে পুষ্প আনিবার জন্য প্রেরিত করিলেন এবং বলিলেন—তুমি যাও, যাও (এই পুষ্প লইয়া এস)। ১২

বিপুলস্তু গুরোর্বাক্যমবিচার্য্য মহাতপাঃ
স তথেত্যব্রবীদ্ রাজংস্তত সেনা জগাম হ ॥ ১৩
যস্মিন্ দেশে তু তাস্তাসন্ পতিতানি নভস্তলাৎ
অন্যাস্বপি তত্রাসন্ কুসুমান্যপরাণ্যপি ॥ ১৪
স তত্তানি তদগ্রাহ দিব্যানি রুচিরাণি চ
প্রাণ্ডানি যেন তপসা দিবাস্তানি ভারত ॥ ১৫
সম্প্রাপ্য তানি প্রীতাত্মা গুরোর্বচনকারকঃ
তদা জগাম দুর্গন্ধ চন্দ্রকমালিনীম্ ॥ ১৬
স বনে নির্জনে তাত দদর্শ মিথুনং নৃণাম্
চক্রবৎ পরিবর্ত্তন্তং পৃথীন্তা পানিনা কবম্ ॥ ১৭
তত্রৈকস্তূর্ণমগমৎ তৎপদে চ বিচেষ্টয়ন্।
একস্তু ন তদা রাজংস্তত্রকুস্তু: কলহ: ততঃ ॥ ১৮
স্ব শ্রীয়: গচ্ছতীত্যেকোঽব্রবীদেনাং তদা পরঃ।
নেতি নেতি চ তৌ রাজন পরস্পরমযোচেতাং ॥ ১৯

রাজন্! গুরুদেবের আজ্ঞা পালন করিয়া মহাতপস্বী বিপুল সেই কথার উপর কোনরূপ অন্য বিচার না করিয়া 'আজ্ঞা, তাহাই হইবে' এই কথা বলিয়া সেই স্থানের দিকে গমন করিলেন, যে-স্থানে সেই পুষ্প পতিত হইয়াছিল। যে স্থানে আরও বহু পুষ্প পতিত ছিল, সে সব পুষ্প তখনও ম্লান হইয়া যায় নাই। ১৩-১৪

ভারত! তদনন্তর নিজের তপস্যার দ্বারা প্রাপ্ত সেই দিব্য সুগন্ধযুক্ত মনোহরদিব্য পুষ্পসমূহ বিপুল তুলিয়া লইলেন। ১৫

গুরুদেবের আজ্ঞা পালনকারী বিপুল সেই সব পুষ্প প্রাপ্ত হইয়া মনে মনে অত্যন্ত প্রসন্নতা লাভ করিলেন এবং অতি সত্বর চন্দ্রাবতকমলে পরিপূর্ণ চন্দ্রমালিনীর দিকে গমন করিলেন। ১৬

তাত! এক নির্জন বনে আসিলে পর তিনি দুইটি-পুরুষের এক যুগলকে দেখিতে পাইলেন। যাহারা পরস্পরের হস্ত ধারণ করিয়া চক্রবৎ ঘুরিতেছিল। ১৭

রাজন্! তাহাদের মধ্যে একজন নিজের স্থানে সত্বর ঘুরিয়া আসিল, কিন্তু অন্য জন তাহা করিতে পারিল না। ইহা দেখিয়া তখন পরস্পর বিবাদ করিতে লাগিল। ১৮

যে রাজন্! একজন বলিল, তুমি শীঘ্র শীঘ্র গমন করিতেছ। অপরে বলিল- না। এইভাবে উত্তরে উত্তরের প্রতি দোষারোপ করিতে করিতে 'না, না' এই কথা বলিতেছিল। ১৯

এইরূপে উত্তরে উত্তরের প্রতি স্পর্ধা করিয়া তাহারা দুইজনে

তয়োর্বিস্পর্দতোরেবং শপথোঽভূন্মহান্ তদা।
সহসোদ্ধিন্ন বিপুলা ততো বাক্যমথোচতুঃ ॥ ২০
আবয়োরনৃতাগ্রাহ্যে যস্যাভূদ্ বিজস্য বৈ।
বিপুলস্য পরে লোকে সা গতিঃ সা তবেদিতি ॥ ২১
এবমুক্ত্বা তু বিপুলো বিস্ময়ন্নেবমুক্তবৎ
এবং তীব্রতপাশ্চার্য্য কষ্টেনায়ং পরিশ্রমঃ ॥ ২২
মিথুনস্যাস্য কিং যে স্যাৎ কৃতা পাপং যথা গতিঃ।
অনিষ্টা সর্বভূতানাং কীর্তিতানেন বৈ হৃতা ॥ ২৩
এবং সঞ্চিন্তয়ন্নেব বিপুলো রাজসত্তম।
অথাত্ম বুধ্যা দীনমনা দধ্যৌ দুষ্কৃতমাত্মনঃ ॥ ২৪
ততঃ বড়ক্তান পুরুষানবৈক্ষত ফাল্গুন রাজতৈঃ
অপশ্যদ্ ভীষণাকারান্ বৈ লোমহর্ষাণ্বিতাংস্তথা ॥ ২৫
দুর্গন্ধঃ শপথা তেন যঃ কৃতো মিথুনেন তু
বিপুলং বৈ সমুদ্দিশ্য তেঽপি বাক্যমথোচুরন্ ॥ ২৬

শপথ করিবার উদ্যোগ করিল। তাহাদের এই সময়ে সহসা বিপুলকে লক্ষ্য করিয়া তাহারা দুইজনে বলিল। ২০

আমাদের উভয়ের মধ্যে যে মিথ্যা কথা বলিবে, তাহার সেই গতি হইবে, যাহা পরলোকে ব্রাহ্মণ বিপুলের জন্য নির্দিষ্ট হইয়াছে। ২১

ইহা শুনিয়া বিপুলের মুখ বিষণ্ণ হইয়া উঠিল। আমি এরূপ কঠোর তপস্যা করিতেছি, তথাপি আমার এরূপ দুর্গতি হইবে? তাহা হইলে ত' তপস্যা করিবার এই ফলের পরিশ্রম কষ্টসাধ্যই সিদ্ধ হইল। ২২

আমার এরূপ কি পাপ আছে, যাহার জন্য আমার এই দুর্গতি হইবে, যাহা সকল প্রাণীর পক্ষেই অনিষ্টে এবং এই পুরুষ-যুগলের যাহা প্রাপ্তি হইবে? আজ ইহারা আমার সম্মুখে যাহা বর্ণনা করিল। ২৩

নৃপশ্রেষ্ঠ! এইরূপ চিন্তা করিতে করিতেই বিপুল অযৌক্তিক হইয়া নিজের দুষ্কর্ম স্মরণ করিতে লাগিলেন। ২৪

ন তু জাত্যা সমা লোকে ব্রাহ্মণ্যাঃ ক্ষত্রিয়া ভবেৎ
ব্রাহ্মণ্যাঃ প্রথমঃ পুত্রো ক্ষত্রিয়ান্ স্যাদ্ রাজসত্তম ॥ ৩৮
দ্বিতীয়ো দ্বিষ্যেঽপি সংহার্য্যঃ পিতৃবিত্তাদ্ যুধিষ্ঠির।
যদা ন সদৃশী ভার্য্যা ব্রাহ্মণ্যাঃ ক্ষত্রিয়া ভবেৎ ॥ ৩৯
ক্ষত্রিয়ায়াস্তথা বৈশ্যো ন ভার্য্যা সদৃশী ভবেৎ।
শ্রৈষ্ঠ্যং রাজ্ঞাঃ কৌশল্যং ক্ষত্রিয়ায়াঃ যুধিষ্ঠির ॥৪০
বিধিতঃ দৃষ্যতে রাজন্ সাগরান্তাং মেদিনীম্।
ক্ষত্রিয়ো হি যথর্দ্ধেন শ্রিয়ঃ প্রাপ্নোতি দুর্লভাম্ ॥
রাজা বধ্যতরো রাজন্ রক্ষ্যো নান্যত্র ক্ষত্রিয়াৎ ॥ ৪১

ব্রাহ্মণা হি মহারাজ্যা দেবানামপি দেবতাঃ।
তেষু রাজন্ প্রদত্তেষু পূজনীয়া বিধিপূর্ব্বকম্ ॥ ৪২
প্রণীতমুষিভিঃ পূর্ব্বং যঃ শাস্ত্রতরব্যয়ম্
লুপ্যমানং অবর্ষেণ ক্ষত্রিয়ো হ্রেষ রক্ষতি ॥ ৪৩
যস্যাভিহিংসয়া যজ্ঞং ধনং হারাংশ্চ সর্ব্বশঃ
সর্ব্বেষামেব বর্ণানাং ত্রাতা ভবতি পার্থিবঃ ॥ ৪৪
তৃতীয়ান্ স্যাৎ ক্ষত্রিয়াপুত্রো বৈশ্যাপুত্রাস্ত্র সপ্তমঃ।
তৃতীয়েনাপি হর্ত্তব্যঃ পিতৃবিত্তাদ্ যুধিষ্ঠির ॥ ৪৫

যুধিষ্ঠির উবাচ

উক্তং তে বিবিধং রাজন্ ব্রাহ্মণস্য পিতামহ।
ইতরেষাং তু বর্ণানাং কথং বৈ নিয়মো ভবেৎ ॥ ৪৬

ভীষ্ম উবাচ

ক্ষত্রিয়স্যাপি তাতো যে বিধিস্তে কুরুনন্দন
তৃতীয়া চ ভবেচ্ছ্রেষ্ঠা ন তু দৃষ্টাস্তুতা স্মৃতা ॥৪৭
এষ এব ক্রমো হি স্যাৎ ক্ষত্রিয়াণাং যুধিষ্ঠির
অতোঽন্যা তু ভবেৎ কার্য্যা ক্ষত্রিয়স্য তু জন্মনি ॥ ৪৮

মহারাজ কুরুনন্দন। যাহাও যে ধর্ম্মশাস্ত্র বলিয়াছেন, উশনাতেও এই সনাতন ধর্ম্মই বর্ণিত আছে—দেখা যায়।৩৫

যুধিষ্ঠির! যদি ব্রাহ্মণ কামের বশীভূত হইয়া এই শাস্ত্রীয় পদ্ধতির বিপরীত আচরণ করে, তবে সেই ব্রাহ্মণ চণ্ডাল বলিয়া কথিত হয়, যেরূপ পূর্ব্বে এবিষয়ে বলা হইয়াছে।৩৬

রাজন্! ব্রাহ্মণের সমানই যে ক্ষত্রিয়ার পুত্র হইবে, তাহাতেও উভয় বর্ণসঙ্করে পার্থক্য থাকিবে।৩৭

ক্ষত্রিয়-কন্যা কখনও নিজের জাতির ন্যায় ব্রাহ্মণ-কন্যার সমান হইতে পারে না। নৃপশ্রেষ্ঠ! এইরূপে ব্রাহ্মণীর পুত্র ক্ষত্রিয়ার পুত্র হইতে প্রথম ও জ্যেষ্ঠ হইবে। যুধিষ্ঠির! সেইজন্য পিতার ধনের মধ্যে ব্রাহ্মণীর পুত্রকে অধিক ভাগ প্রদান করিতে হইবে।৩৮।

যেরূপ ক্ষত্রিয়া কখনও ব্রাহ্মণীর সমান হইতে পারে না, সেইরূপ বৈশ্যাও কদাপি ক্ষত্রিয়ার তুল্য হইবে না।৩৯।

রাজা যুধিষ্ঠির! লক্ষ্মী, রাজা ও কোষ—এই সব ক্ষত্রিয়ের কুলেই থাকিতে দেখা যায়। রাজন্! ক্ষত্রিয় নিজের বর্ণানুসারে সমস্ত পর্য্যন্ত পৃথিবী এবং বিশাল সম্পত্তি লাভ করিতে পারে। নরনাথ! রাজা (ক্ষত্রিয়) ধর্ম্মপালনকারী। ক্ষত্রিয় ব্যতীত আর কাহারও দ্বারা রক্ষার কার্য্য হইতে পারে না।৪০-৪১

রাজন্! মহারাজ! ব্রাহ্মণ দেবতাগণেরও দেবতা। অতএব তাঁহার বিধি অনুসারে পূজা-আদি সৎকার করিয়া তাঁহাকেই তাঁহার সম্পত্তি সমর্পণ করিবে।৪২

ঋষিগণের দ্বারা প্রতিপাদিত আদিকাল সনাতন ধর্ম্মে ক্ষীয়মান জানিয়াই ক্ষত্রিয় নিজের বন্ধুবান্ধবকে তাঁহাকে রক্ষা করেন।৪৩

যজ্ঞমানের দ্বারা অপহৃত সকল ধর্ম্মের ধন এবং স্ত্রীজনের রাজা রক্ষা করেন বলিয়া তিনিই সকলের রক্ষক হন।৪৪

এই সব দুষ্টের দ্বারা ক্ষত্রিয়ার পুত্র বৈশ্যার পুত্র হইতে শ্রেষ্ঠ হয়—ইহাতে কোনও সংশয় নাই। যুধিষ্ঠির! সেইজন্য শ্রৈষ্ঠ্য ধন হইতে তাহারও বিশেষ ভাগ গ্রহণ করা উচিত।৪৫

যুধিষ্ঠির বলিলেন,—পিতামহ! আপনি ব্রাহ্মণের ধনে বিভাগ বিধি অনুসারে বলিলেন এখন ইহা বলুন যে, অন্য বর্ণ সকলের ধনের বিভাগ কোন্ নিয়মে হইবে?৪৬

ভীষ্ম বলিলেন,—কুরুনন্দন! ক্ষত্রিয়ের সম্বন্ধে দুই বর্ণের (ক্ষত্রিয় ও বৈশ্যের) ভার্য্যা শাস্ত্রবিহিত। তৃতীয়া সুতা তাহার ভার্য্যা হইতে পারে। কিন্তু শাস্ত্রের দ্বারা তাহার সমর্থন হয় না।৪৭

জননাথ যুধিষ্ঠির! ক্ষত্রিয়গণেরও বিভাগ এই ক্রমেই হইবে ক্ষত্রিয়ের ধন আট ভাগে বিভক্ত করা কর্ত্তব্য।৪৮

ক্ষত্রিয়াস্তু হরেৎ পুত্রশ্চতুরোঽংশান্ পিতুর্ধনাৎ
যুদ্ধাবহারিকং যচ্চ পিতুঃ সাৎ স হরেৎ তু তৎ। ৪৯
বৈশ্যাপুত্রশ্চ ভাগার্হান্ পুত্রাপুত্রস্তথাষ্টমম্।
সোঽপি দত্তঃ হরেৎ পিত্র্যং ন্যস্তঃ হর্তুমর্হতি। ৫০
একৈব হি ভবেদ্ ভার্য্যা বৈশ্যস্য কুরুনন্দন।
দ্বিতীয়া তু ভবেদ্ভৃত্যা ন তু দৃষ্টান্ততঃ স্মৃতা। ৫১
বৈশ্যস্য বর্ত্তমানস্য বৈশ্যায়াঃ ভরতর্ষভ।
শূদ্রায়াং চাপি কৌন্তেয় তস্যাংবিধিনিয়মঃ স্মৃতঃ। ৫২
পঞ্চমা তু ভবেৎ কার্য্যা বৈশ্যস্য ভরতর্ষভ।
তয়োরপত্যে বক্ষ্যামি বিভাগঞ্চ জনাধিপ। ৫৩
বৈশ্যাপুত্রেণ হর্ত্তব্যাঃ ক্ষত্রিয়াংশাস্ত্রয়ঃ পিতুর্ধনাৎ
পঞ্চমস্তু স্মৃতো ভাগঃ শূদ্রাপুত্রায় ভারত। ৫৪
সোঽপি দত্তঃ হরেৎ পিত্র্যং ন্যস্তঃ হর্তুমর্হতি।
ত্রিভির্বৈশ্যৈঃ সদা ভাতঃ শূদ্রোঽংশেহরেদ্ধনাৎ ভবেৎ। ৫৫

ক্ষত্রিয়ার পুত্র সেই পৈতৃক ধনের চার ভাগ স্বয়ং গ্রহণ করিবে এবং পিতার যে যুদ্ধসাধন থাকিবে, তাহাও সে গ্রহণ করিবে। ৪৯

বৈশ্য ধনের তিন ভাগ বৈশ্যার পুত্র গ্রহণ করিবে এবং অবশিষ্ট অষ্টম ভাগ শূদ্রার পুত্র গ্রহণ করিবে। ৫০

কুরুনন্দন! বৈশ্যের একজন বৈধকর্ত্তা ধর্ম্মানুসারে ভার্য্যা হইবে। দ্বিতীয়া স্ত্রীকে তাহার ভার্য্যা হইতে পারে, কিন্তু শাস্ত্রে তাহার কোনও সমর্থন পাওয়া যায় না। ৫১

ভরতর্ষভ! কুরুকুলাগ্র! বৈশ্যের যদি বৈশ্যা ও শূদ্রা, এই দুই ভার্য্যার গর্ভ হইতে পুত্র উৎপন্ন হয়, তবে তাহার পক্ষেও ধন-বিভাগের এইরূপ নিয়ম আছে। ৫২

ভরতর্ষভ জনাধিপ! বৈশ্যের ধনকে পাঁচ ভাগে বিভক্ত করিতে হইবে। তাহার পর বৈশ্য ও শূদ্রার পুত্রগণের মধ্যে কিভাবে ধনের বিভাগ হইবে, তাহা বলিতেছি। ৫৩

ভরতনন্দন! সেই পৈতৃক ধনের চার ভাগ বৈশ্যাপুত্র গ্রহণ করিবে এবং পঞ্চমভাগ শূদ্রাপুত্রের ভাগ বলিয়া কথিত হয়। ৫৪

তাহার পিতা প্রদান করিলে পরই শূদ্রাপুত্র গ্রহণ করিতে পারে। পিতাকর্ত্তৃক প্রদত্ত না হইলে পর শূদ্রাপুত্রের উহাতে কোনও অধিকার নাই। তিন বর্ণের দ্বারা উৎপন্ন পুত্র সদা ধন না বিভাজে যোগ্য হয়। ৫৫

শূদ্রের একজনই নিজ জাতিভুক্ত স্ত্রী ভার্য্যা হইবে। দ্বিতীয়া শূদ্রস্য স্যাৎ সবর্ণৈব ভার্য্যা নান্যা কথঞ্চন
সমভাগাস্তু পুত্রাঃ স্যুর্যদি পুত্রশতং ভবেৎ। ৫৬
জাতানাং সমবর্ণায়াঃ পুত্রাণামবিশেষতঃ।
সর্ব্বেষামেব বর্ণানাং সমভাগো ধনাৎ স্মৃতা। ৫৭
জ্যেষ্ঠেন জাতো জ্যেষ্ঠঃ স্যাদ্যবকাশো বঃ প্রবানতঃ।
এষ দায়াবধিঃ পার্থ পূর্ব্বমুক্তঃ স্বয়ম্ভুবা। ৫৮
সমবর্ণাসু জাতানাং বিশেষোঽস্ত্যপরো নৃপ
বিবাহবৈশিষ্ট্যকৃতঃ পূর্ব্বপূর্বো বিধিস্মৃতে। ৫৯
হরেজ্জ্যেষ্ঠঃ প্রধানাংশমেকং তুল্যাসু জ্ঞেষ্বপি
মধ্যমো মধ্যমং চৈব কনীয়াংস্তু কনীয়সম্। ৬০
এবং জাতিষু সর্ব্বাসু সবর্ণঃ জ্যেষ্ঠজাতঃ স্মৃতঃ
মহর্ষিভিশ্চ চৈতস্য বৈ মার্গাঃ কাশ্যপোঽব্রবীৎ। ৬১

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি বিবাহধর্মে ত্রিকৃথবিভাগো
নাম সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ। ৪৭

ভার্য্যা কোনওদেশে হইবে না। তাহার সকল পুত্র, তাহাতে শত পুত্রও হইতে পারে, সকলের সমান অধিকার হইবে। ৫৬

সমস্ত বর্ণের সকল পুত্রের, যাহারা সমান বর্ণের স্ত্রী হইতে উৎপন্ন হইয়াছে তাহাদের সকলের পৈতৃক ধনে সাধারণভাবে সমান ভাগ বলিয়া কথিত আছে। ৫৭

কুরুনন্দন! জ্যেষ্ঠ পুত্রের ভাগও জ্যেষ্ঠ হইবে। তাহার প্রধানতঃ একভাগ অধিক হইয়া থাকে। পূর্ব্বকালে স্বয়ম্ভু ব্রহ্মা পৈতৃক ধনের বিভাগের এইরূপ বিধিই বলিয়াছেন। ৫৮

হে নৃপ! সমান বর্ণের স্ত্রী হইতে যে সব পুত্র উৎপন্ন হইবে, তাহাদের প্রতি এই বিধির বিশেষ ব্যবস্থা লক্ষ্য রাখিতে হইবে। বিবাহের বৈশিষ্ট্যের জন্যই সেই সব পুত্রদলেরও বৈশিষ্ট্য স্বভাবতই আসিয়া থাকে। অর্থাৎ প্রথমে বিবাহিতা স্ত্রী হইতে উৎপন্ন জ্যেষ্ঠ এবং দ্বিতীয় বিবাহিতা স্ত্রী হইতে উৎপন্ন পুত্র কনিষ্ঠ হয়। ৫৯

তুল্য বর্ণের স্ত্রীদের হইতেও উৎপন্ন পুত্রসকলের মধ্যে যে জ্যেষ্ঠ হইবে, সে এক ভাগ জ্যেষ্ঠাংশ গ্রহণ করিতে পারে। মধ্যম পুত্রের মধ্যম ও কনিষ্ঠ পুত্রের কনিষ্ঠভাগ গ্রহণ করা উচিত। ৬০

এইভাবে সকল জাতিতেই সমান বর্ণের স্ত্রী হইতে উৎপন্ন পুত্রই জ্যেষ্ঠ হয়। মহর্ষিগণও মহর্ষি কাশ্যপও এই কথাই বলিয়াছেন। ৬১

শ্রীমহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্ব্বান্তর্গত দানধর্মপর্ব্বে বিবাহধর্ম্মের অন্তর্গত পৈতৃক-ধনের বিভাগনামক সপ্তচত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

॥ অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥

(বর্ণসঙ্করসন্তানানামুৎপত্তেঃ সবিস্তরং বর্ণনম্)

যুধিষ্ঠির উবাচ

অর্থাদ্বোভয়াদ্ বা কামাদ্ বা বর্ণানাং চাপ্যনিশ্চয়াৎ।
অজ্ঞানাদ্ বাপি বর্ণানাং জায়তে বর্ণসঙ্করঃ। ১
তেষামেতেন বিধিনা জ্ঞাতীনাং বর্ণসঙ্করে।
কো ধর্মঃ কানি কর্মাণি তন্মে ব্রূহি পিতামহ। ২

ভীষ্ম উবাচ।

চাতুর্বর্ণ্যস্য কর্মাণি চাতুর্বর্ণ্যস্য কেবলম্।
অসৃজৎ স হি যজ্ঞার্থে পূর্বমেব প্রজাপতিঃ। ৩
ভার্য্যাস্তিস্রো বিপ্রস্য দ্বয়োরাত্মা প্রজায়তে।
আনুপূর্ব্যাদ্ দ্বয়োর্হীনো মাতৃজাতৌ প্রসূয়তে। ৪
পরং শব্দাদ্ ব্রাহ্মণস্যৈব পুত্রঃ
পূত্রাপুত্রঃ পারশবং তমাহুঃ।

অষ্টচত্বারিংশ অধ্যায়।

[বর্ণসঙ্কর সন্তানগণের উৎপত্তির সবিস্তরে বর্ণন]

যুধিষ্ঠির বলিলেন,—পিতামহ! ধন পাইয়া কিংবা ধনের লোভে পড়িয়া অথবা কামনার বশীভূত হইয়া যখন উচ্চবর্ণের স্ত্রী নীচবর্ণের পুরুষের সহিত সঙ্গত স্থাপিত করে, তখন বর্ণসঙ্কর সন্তান উৎপন্ন হয়। বর্ণসঙ্করের নিশ্চয় অথবা জানা না হইলেও বর্ণ সঙ্করের উৎপত্তি হয়। এই রীতি অনুসারে বর্ণসঙ্করের বিস্তারের দ্বারা উৎপন্ন যে সব মনুষ্য, তাহাদের ধর্ম কি? তাহাদের কর্ম-সমূহই বা কি? এই সব আমাকে বলুন। ১-২

ভীষ্ম বলিলেন,—পূর্বকালে প্রজাপতি ব্রহ্মা যজ্ঞের জন্য কেবল ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র এই চার বর্ণ এবং তাহাদের পৃথক্ পৃথক্ কর্মসমূহ সৃষ্টি করিয়াছিলেন। ৩

ব্রাহ্মণের যে তিনজন ভার্যা (ব্রাহ্মণী, ক্ষত্রিয়া, বৈশ্যা ও শূদ্রা) কথিত হইয়াছে, তাহাদের মধ্যে দুইজন ব্রাহ্মণী ও ক্ষত্রিয়া ভার্যার গর্ভ হইতে ব্রাহ্মণই উৎপন্ন হয় এবং শেষ দুই ভার্যা বৈশ্যা ও শূদ্রার গর্ভ হইতে যে পুত্র জন্মগ্রহণ করে, সে ব্রাহ্মণ হইতে হীন ক্রমশঃ মাতার জাতি প্রাপ্ত হয় বলিয়া জানিবে। ৪

শূদ্রার গর্ভ হইতে উৎপন্ন ব্রাহ্মণের যে পুত্র, সে পর হইতে অর্থাৎ শূদ্র হইতে পর—উৎকৃষ্ট বলিয়া কথিত হইয়াছে, সেইজন্য ঋষিগণ তাহাকে 'পারশব' বলিয়া থাকেন। তাহার

তুল্যব্রতঃ স্মৃতা কুলস্য স স্যাৎ
ষট্চরিত্রং নিত্যমধো ন তুষ্যাৎ। ৫
সর্বানুপায়ানপি সম্প্রধার্য
সমুদ্ধরেৎ স্মৃতা কুলস্য তুষ্যম্।
জ্যেষ্ঠো যবীয়ানপি যো দ্বিজস্য
তুষ্যেদ্বয়া দানপরায়ণঃ স্যাৎ। ৬
ত্রিষ্ঠঃ ক্ষত্রিয়সম্ভবাদ্ দ্বয়োরাত্মাস্য জায়তে।
হীনবর্ণাবৃতীয়ায়াঃ শূদ্রা উগ্রা ইতি স্মৃতিঃ। ৭
যে চাপি ভার্যে বৈশ্যস্য দ্বয়োরাত্মাস্য জায়তে।
শূদ্রা শূদ্রস্য চাপ্যেকা শূদ্রমেব প্রজায়তে। ৮
অতোঽবিশিষ্টত্বমথো গুরুদারপ্রধর্ষকঃ
বাজ্ঞ বর্ণং জনয়তি চাতুর্বর্ণ্যাবসায়িনম্। ৯

নিজের কুলেরই সেবা করা উচিত এবং নিজের এই সেবারত আচার কখনও পরিত্যাগ করা উচিত নয়। ৫

শূদ্রাপুত্র সর্বপ্রকারে উপায় বিচার বিবেচনা করিয়া নিজে কুলপরম্পরাকে উদ্ধার করিবে। সে যদিও জ্যেষ্ঠ হইলেও ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য অপেক্ষা কনিষ্ঠ বলিয়াই পরিগণিত হয় অতএব তাহার ব্রাহ্মণাদি ত্রৈবর্ণিকের সেবা করিতে করিতে দানপরায়ণ হওয়া উচিত। ৬

ক্ষত্রিয়ের ক্ষত্রিয়া, বৈশ্যা ও শূদ্রা—এই তিনজন ভার্যা হয় তাহাদের মধ্যে ক্ষত্রিয়া ও বৈশ্যার গর্ভ হইতে ক্ষত্রিয় সম্পর্কে পুত্র উৎপন্ন হয়, সে ক্ষত্রিয়ই হইয়া থাকে। তৃতীয়া ভার্যা শূদ্রার গর্ভ হইতে হীন বর্ণ শূদ্রই জন্মগ্রহণ করে, তাহাকে 'উগ্র' বলা হয়। ইহাই ধর্মশাস্ত্রের নির্দেশ। ৭

বৈশ্যের দুইজন ভার্যা—বৈশ্যা ও শূদ্রা। এই দুই ভার্যা গর্ভ হইতে যে পুত্র উৎপন্ন হয়, সে বৈশ্যই হইয়া থাকে। শূদ্রে একজনই ভার্যা শূদ্রা, সে শূদ্রেরই জন্মদান করে। ৮

অতএব বর্ণসঙ্করের মধ্যে নিম্নশ্রেণী অথবা শূদ্র যদি উত্তম গণের অর্থাৎ ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যগণের স্ত্রীগণের সহিত সহবাস করে, তবে সে চারি বর্ণের দ্বারা নিন্দিত বর্ণ বহিষ্কৃতে (চণ্ডালাদির) জন্মদান করে। ৯

বিপ্রায়াং ক্ষত্রিয়ো রাজ্ঞ্যাং শূদ্র: ক্ষোত্রিয়াংপরম্
বৈশ্যো বৈশ্যেকং চাপি মৌদ্গল্যমপবর্তিতম্ ॥ ১০
শূদ্রস্তাগোলমন্ত্রাগ্র: ধ্বজ্য: বাহ্যবাসিনম্ ।
ব্রাহ্মণ্যাং সম্প্রজায়ন্ত ইত্যেতে কুলপাংসনা:
এতে মন্তিমজা: শ্রেষ্ঠ বর্ণসঙ্করজা: প্রভো ॥ ১১
বন্দী তু জায়তে বৈশ্যাদ্বাগ্যবো বাহ্যজীবন: ।
শূদ্রান্নিষাদো মৎস্যঘ্ন: ক্ষত্রিয়ায়াং ব্রাত্যিকুরাৎ ॥ ১২
শূদ্রাদায়োগবশ্চাপি বৈশ্যায়াং গ্রামযাজিন্ ।
ব্রাহ্মণৈরপ্রতিগ্রাহ্যস্তথা ধাবনজীবন: ॥ ১৩
এতেঽপি সদৃশান্ বর্ণান্ জনয়ন্তি স্বযোনিষু ।

ক্ষত্রিয় ব্রাহ্মণীর সহিত সহবাস করিয়া তাহার গর্ভ হইতে 'সূত' জাতির পুত্র উৎপন্ন করে যে বর্ণ বর্ধিতক ও স্তুতি কর্ম-কারী (এবং রথীর কার্যকারী) হইয়া থাকে। এইরূপ বৈশ্য যদি ব্রাহ্মণীর সহিত সহবাস করে, তবে সে সন্তানরূপে 'বৈদেহক' জাতির পুত্র উৎপন্ন করে, যাহার দ্বারা অন্তঃপুর রক্ষার কার্য করান হয় এবং সেই জন্য তাহাকে 'মৌদ্গল্য'-ও বলা হয়।

এইভাবে শূদ্র ব্রাহ্মণীর সহিত সহবাস করিয়া অন্যান্য অন্যান্য চণ্ডালের জন্মদান করে। সে গ্রামের বাহিরে বাস করে এবং ব্যবহার্য ব্যক্তির প্রাণহরণাদি কার্য করে প্রভাবশালী বৃত্তিধারীগণের ঘাতক শ্রেণী বুঝিতে। ব্রাহ্মণীর সহিত নীচ বর্ণের পুরুষগণের সংসর্গ হইলে পর এই সব কুলাঙ্গার পুত্র হয় এবং তাহাকে বর্ণসঙ্কর বলা হইয়া থাকে। ১১

বৈশ্যের দ্বারা ক্ষত্রিয়াদি ত্রিঃ গর্ভ হইতে উৎপন্ন পুত্রকে 'বন্দী' ও 'মাগধ' বলা হয়। তাহারা সকল লোকের প্রশংসা করিয়া নিজেদের জীবিকা অর্জন করে। এইরূপ পুত্র যদি ক্ষত্রিয়-জাতির স্ত্রীর সহিত প্রতিলোম সহবাস করে, তবে উহাতে যথাক্রমে 'নিষাদ' জাতির উৎপত্তি হয়। ১২

এবং শূদ্র যদি বৈশ্য জাতির স্ত্রীর সহিত ব্রাত্য বর্ণের (বৈশ্যের) আজ্ঞা গ্রহণ করে, তবে উহার দ্বারা 'আয়োগব' জাতির পুত্র উৎপন্ন হয়। সে তক্ষার (বর্ধকি—তক্ষার কার্য করিয়া যোগাড়িত ধনের দ্বারা জীবননির্বাহ করিয়া থাকে। ইহার দান ব্রাহ্মণের গ্রহণ করা উচিত নয়। ১৩

এই সব বর্ণসঙ্করগণ যখন স্বীয় জাতির স্ত্রীর সহিত সহবাস করে, তখন সে নিজেরই তুল্য বর্ণবিশিষ্ট পুত্রগণের জন্মদান করিয়া থাকে এবং যখন সে নিজের অপেক্ষা হীন জাতির স্ত্রীর সহিত সংসর্গ করে, তখন নীচ সন্তানগণের উৎপত্তি হয় এই সব সন্তান নিজের মাতার জাতি প্রাপ্ত হয়। ১৪

যেরূপ চার বর্ণের যথা সবাসবর্ণা স্ত্রীরও নিজ বর্ণ হইতে এক বর্ণ নীচের বর্ণের স্ত্রীর গর্ভ হইতে যে পুত্র উৎপন্ন হয়, তাহাকে নিজেরই তুল্য বর্ণ বলিয়া ধারণ করা হয় এবং আরও এক বর্ণের ব্যবধান দিয়া নীচ বর্ণের স্ত্রী হইতে উৎপন্ন পুত্র প্রথম বর্ণ হইতে বাহ্য—মাতার জাতি প্রাপ্ত হয়, সেইরূপ অম্বষ্ঠ, পারশব, উগ্র, পুক্কস, বৈদেহক, চাণ্ডাল, মাগধ, নিষাদ ও আয়োগব—ইহারা যখন নিজ জাতিতে এবং নিজ অপেক্ষা একশ্রেণী হীন জাতিতে সন্তান উৎপন্ন করে, তখন সেই সন্তান পিতার জাতি প্রাপ্ত হয় এবং যখন এক জাতি অন্তর নীচ জাতিতে সন্তান উৎপন্ন করে, তখন সেই সব সন্তান পিতার জাতি হইতে হীন মাতার জাতি প্রাপ্ত হয়। ১৫

এইভাবে বর্ণসঙ্কর বাহ্যবেরাও সমান জাতির স্ত্রীতে নিজেরই সমান বর্ণযুক্ত পুত্রের জন্মদান করে এবং যদি পরস্পর বিভিন্ন জাতির স্ত্রীগণের সহিত তাহাদের সংসর্গ হয়, তবে তাহারা নিজ অপেক্ষাও নিম্নতর সন্তানগণের জন্মদান করে। ১৬

যেরূপ পুত্র ব্রাহ্মণীর গর্ভ হইতে চণ্ডাল নামক বাহ্য (বর্ণ বহির্ভূত) পুত্র উৎপন্ন করে, সেইরূপ এই বাহ্য জাতির বাহ্যরত ব্রাহ্মণাদি চার বর্ণের এবং বাহ্যরত জাতির স্ত্রীগণের সহিত সংসর্গ করিয়া নিজ অপেক্ষাও নীচ জাতি বিশিষ্ট পুত্রের জন্ম দেয়। ১৭

এইরূপে বাহ্য ও বাহ্যরত জাতির স্ত্রীগণের সহিত সহবাস করিলে পর প্রতিলোম বর্ণসঙ্করের সৃষ্টি বাড়িয়া যায়। ক্রমশঃ হীন হইতেও হীন জাতির বালক জন্ম গ্রহণ করে। এই সঙ্কর জাতির সংখ্যা সাধারণতঃ গণনের। ১৮

অগম্যাগমনাচ্চৈব জায়তে বর্ণসঙ্করঃ।
যাজ্ঞানাম্নুজায়ন্তে সৈরন্ধ্র্যাং মাগধেষু চ ॥
প্রাপণোপচারজ্ঞদাসাঃ দাসজীবনম্ ॥ ১৯
অক্তশ্চায়োগবং সূতে বাগুরাবন্তজীবনম্
মৈত্রেয়কস্তু মৈত্রেয়ঃ সম্প্রসূতেঽথ মাধুকম্ ॥ ২০
নিষাদো মদগুরং সূতে দাসো নাবোপজীবিনম্
মৃতপাং চাপি চণ্ডালঃ শ্বপাকমিতি বিশ্রুতম ॥ ২১
চতুরো মাগধী সূতে ক্রূরান্ মাংসোপজীবিনঃ।
মাংসঃ খাদ্যকরঃ ক্ষৌত্র সৌগন্ধিতি বিশ্রুতম ॥ ২২
মৈত্রেয়কাস্তু পাপিষ্ঠা ক্রূরঃ মাংসোপজীবিনম্
নিষাদাদ্ব্রহ্মচারীতঃ অবযানপ্রযায়িনম্ ॥ ২৩

অবৈধ্য স্ত্রীর সহিত সবর্ণের ওরসে পর বর্ণসঙ্কর সন্তানের উৎপত্তি হয়। মাগধ জাতির মৈত্রেয়ী পত্নীগর্ভজা অন্যান্য স্ত্রীর সহিত যদি বাস জাতীয় পুরুষের সংসর্গ হয়, তবে তাহা হইতে যে পুত্র উৎপন্ন হয় সে দ্বারা প্রকৃতি পুরুষগণের প্রসাধন ও তাম্বূলের পরীতে অক্ষরাগ লেপনাদি সেবা করিয়া অতিশয় হইয়া থাকে এবং দাস না হইলেও দাসবৃত্তির দ্বারা জীবননির্ব্বাহ করে। ১৯

মাগধজাতির অযোগব ভেদ মৈত্রেয় জাতির স্ত্রীর সহিত যদি আয়োগব জাতির পুরুষ সংসর্গ করে, তবে সে আয়োগব জাতির পুত্রই উৎপন্ন করিয়া থাকে। সে বনমধ্যে বাস করিয়া পশু পক্ষী বধিয়াই কায্য করত জীবনির্ব্বাহ করে। এই জাতির স্ত্রীর সহিত যদি মৈত্রেয় জাতির পুরুষ সংসর্গ করে, তাহা হইলে সে মতপায়ী 'মৈত্রেয়ক' জাতির পুত্রকে জন্ম দিয়া থাকে। ২০

নিষাদ মাগধমৈত্রীর গর্ভ হইতে 'মদ্গুর' জাতির পুত্র উৎপন্ন করে। ইহার অন্য নাম হইল 'দাস'। সে নৌকা চালাইয়া নিজের জীবিকা অর্জ্জন করে। চাণ্ডাল ও মাগধ-মৈত্রীর সংযোগে 'শ্বপাক' নামে কথিত অধম চাণ্ডালের উৎপত্তি হয়। সে মৃতদেহের বস্ত্রাদি কাড়িয়া লইয়া থাকে। ২১

এইরূপ মাগধজাতির মৈত্রেয়ী স্ত্রী আয়োগবাদি চার জাতির পুরুষের সহিত সংসর্গ করিয়া যথাক্রমে জীবিকা অর্জ্জনকারী পূর্ব্বোক্ত চারিপ্রকার ক্রূর পুত্রগণকে উৎপন্ন করে। ইহা ব্যতীত অন্য চারপ্রকার পুত্রও মাগধী মৈত্রেয়ী হইতে জন্মলাভ করে। তাহাদের নাম, খাদ্যকর, ক্ষৌত্র ও সৌগন্ধ এই চার নামে প্রসিদ্ধি হয়। ২২

আয়োগব জাতির পাপিষ্ঠা স্ত্রী মৈত্রেয় জাতির পুরুষের সহিত সবর্ণাগম করিয়া অত্যন্ত ক্রূর মাংসজীবী পুত্র উৎপন্ন করে। এই

চাণ্ডালাৎ পুষ্কসঃ চাপি ধন্বাব-গুজ্ঞোজিনম্
মৃতচৈলপ্রতিচ্ছন্ন শ্চিত্রভাজনভোজিনম্ ॥ ২৪
আয়োগবীষু জায়ন্তে হীনবর্ণাস্তু তে ত্রয়ঃ।
ক্ষুদ্রা বৈদেহকাদ্ভো বর্ত্তিত্রাণপ্রতিগ্রহাঃ ॥ ২৫
করাবরো নিষাদ্যাং তু চর্ম্মকারঃ প্রসূয়তে
চাণ্ডাল্যাং পাণ্ডুসৌপাকস্তন্তবায়ত্বমাগতঃ ॥ ২৬
আহিণ্ডকো নিষাদেন বৈদেহ্যাং সম্প্রসূয়তে।
চণ্ডালেন তু সৌপাকস্তণ্ডনস্যত্বমাগতঃ ॥ ২৭
নিষাদী চাপি চাণ্ডাল্যাং পুত্রমন্তেবসায়িনম্
শ্মশানগোচরঃ সূতে ঘাণ্ডেরশি বহিষ্কৃতম্ ॥ ২৮

স্ত্রী নিষাদের সংযোগে মহাপাপ নামক জাতির জন্ম দেয়। এই জাতির বাসস্থান গ্রামের বাহিরে বনের মধ্যে হইয়া থাকে। ২৩

এই পাপিষ্ঠা স্ত্রী যখন চাণ্ডালের সহিত সংসর্গ করে, তখন পুষ্কস (পুক্কস) জাতির সৃষ্টি করিয়া থাকে এই পুষ্কস জাতি, অশ্ব ও হাতীর মাংস ভক্ষণ করে। সে গরুরের বস্ত্র লইয়া পরিধান করে এবং তার দ্বারে ভোজন করে। ২৪

এইভাবে এই তিন নীচ জাতির মহত্ত আয়োগবীতে জন্মগ্রহণ করিয়াছে অর্থাৎ ইহারা আয়োগবীর সন্তান। নিষাদজাতির স্ত্রী যদি বৈদেহক জাতির পুরুষের সহিত সংসর্গ করে, তবে সে ক্ষুদ্র, অক্ষ ও কারাবর নামক জাতির পুত্রগণকে জন্মদান করিয়া থাকে। ইহাদের মধ্যে ক্ষুদ্র ও অক্ষ এই দুইয়ের বাহিরে বাস করে এবং বনমধ্যে পশুগণকে বধ করিয়া জীবিকা অর্জ্জন করে। কারাবর মৃতব্যক্তিদের চক্ষের ব্যবসা করে, সেইজন্য তাকে শ্বপাকের মা চাণ্ডার বলা হয়। ২৫।

চাণ্ডাল পুরুষ ও নিষাদ জাতির স্ত্রীর সংযোগে পাণ্ডুসৌপাক জাতির জন্ম হয়। এই জাতি বাঁশের দ্বারা নানাবিধ (ঝুড়া, ঝুড়ী প্রভৃতি) পাত্র প্রস্তুত করিয়া জীবিকা অর্জ্জন করে বৈদেহ জাতির স্ত্রীর সহিত নিষাদের সম্পর্ক হইলে পর আহিণ্ডকের জন্ম হয়, কিন্তু এই স্ত্রী যখন চাণ্ডালের সহিত সম্পর্ক স্থাপিত করে, তখন তাহা হইতে সৌপাকের উৎপত্তি হয়। সৌপাকের জীবিকাবৃত্তি চাণ্ডালেরই তুল্য। ২৬-২৭

নিষাদ জাতির স্ত্রীতে চাণ্ডালের যৌগ হইতে অন্তেবসায়ীর জন্ম হয়। এই জাতির বাসস্থান সর্ব্বদা শ্মশানেই থাকে নিষাদাদির ন্যায় জাতি বলিয়াই ইহাদের বহিষ্কৃত বা অন্ত্যজ বলিয়া মনে করে। ২৮

উভয়োস্তু সন্ততের ভাতাঃ পিতৃমাতৃব্যতিক্রমাৎ
প্রজ্ঞয়া বা প্রকাশা বা বেদিতব্যাঃ স্বকর্মভিঃ ।১৯
চতুর্ণামেব বর্ণানাং ধর্ম্যো নাস্তীহ বিদ্যতে
বর্ণানাং ধর্ম্য এবেষু সংখ্যা নাস্তীহ কস্যচিৎ । ৩০
যদৃচ্ছয়োপসম্পন্নৈর্ব্রহ্মসাধুবিধিকৃতৈঃ ।
যাত্রা যাত্রৈস্ত ভায়ন্তে যথাবৃত্তি যথাস্ত্রয়ম্ । ৩১
চতুষ্পথশ্মশানানি শৈলাংশ্চান্যান্ বনস্পতীন্ ।
কার্ষ্ণায়সমলঙ্কারাঃ পরিগৃহ্য চ নিত্যশঃ । ৩২
যদেষুরুহেতে বিদ্যাতা বর্ত্তয়ন্তঃ স্বকর্মভিঃ ।
মুক্তস্তো বাপালঙ্কারাংস্তথোপকরণানি চ । ৩৩
গো-ব্রাহ্মণার্থে সাঙ্গ্রাম্যাঃ কূর্যাণা বৈ ন সংশয়ঃ ।
আনৃশংস্যমনুক্রোশঃ সত্যবাক্যঃ ক্ষমা তথা । ৩৪
স্বশরীরৈরপি ত্রাণং যাত্রানাং নিষ্কিঞ্চনম্
ভবন্তি মনুজব্যাঘ্র তত্র যে নাস্তি সংশয়ঃ । ৩৫
যথোপদেশং পরিকীর্ত্তিতাস্তু
নরঃ প্রজাতেন বিচারী বুদ্ধিমান্
নিহীনযোনিত্বি মুক্তোঽধমাধমৈরং
ভিজীর্ণমাণঃ হি যথোপলো জলে ।৩৬
অবিদ্বাংসমলং লোকে বিদ্বাংসমপি বা পুনঃ ।
নয়ন্তি ত্রপথং নার্যঃ কাম-ক্রোধবশানুগম্ ।৩৭
অন্তাবন্ধৈব নারীণাং নরাণামীহ যুবনম্ ।
অন্তার্থা ন প্রসজ্জন্তে প্রমদাসু বিপশ্চিতঃ । ৩৮
যুধিষ্ঠির উবাচ ।
বর্ণাপেতমবিজ্ঞায় নরং কলুষযোনিজম্ ।
আর্য্যরূপমিবানার্য্যং কথং বিদ্যামহে বয়ম্ ।৩৯

এইভাবে মাতা-পিতার ব্যতিক্রম বর্ণান্তর-সংযোগ) হইতে এই সব বর্ণসঙ্কর জাতির উদ্ভব হইয়াছে। ইহাদের মধ্যে অনেকের জাতি প্রকাশিত হয় এবং অনেকের জাতি আমার জন্ম থাকে। তাহাদের সকলকে তাহাদের কর্মের দ্বারা চিনিতে হইবে । ২৯

শাস্ত্রে চারিবর্ণেরই ধর্ম নির্দিষ্ট হইয়াছে, অন্য কাহারও নহে। বর্ণহীন বর্ণসঙ্কর জাতিসমূহের তাহারও বর্ণসঙ্করী ভেদ ও উপভেদের সংখ্যা এ সংসারে নাই । ৩০

যাহারা জাতির বিচার না করিয়া যেচ্ছাচারে অন্য বর্ণের স্ত্রীর সহিত সঙ্গমন করে, যাহারা যজ্ঞের অধিকার হইতে ও সাধু-পুরুষগণ হইতে বঞ্চিত, এরূপ বর্ণসঙ্কর সমূহগণ হইতেই বর্ণসঙ্কর সন্তানের উৎপত্তি হয় এবং তাহারা নিজ নিজ কৃতির অনুরূপ কার্য করত ভিন্ন ভিন্ন প্রকারের আজীবিকা ও আশ্রয় অবলম্বন করে । ৩১

এরূপ বহুজনগণ সর্বদা লোকের অলক্ষ্যে বাস করিয়া চতুষ্পথ (চৌরাস্তা), শ্মশান, পর্বত এবং বৃক্ষসকলের নীচেতে বাস করে । ৩২

ইহাদের কর্ত্তব্য হইল—ইহারা অলঙ্কার ও অস্ত্রাদি উপকরণ সকল নিধান করিবে এবং নিজেদের উদ্যোগে জীবিকা অর্জন করিতে করিতে প্রত্যহ ভয়ে বাস করিবে । ৩৩

পুরুষশ্রেষ্ঠ ! যদি ইহারা গো ও ব্রাহ্মণের সহায়তা করে, কৃতজ্ঞতাপূর্ণ কার্য পরিত্যাগ করিয়া দেয়, সকলের প্রতি দয়া করে, সত্য কথা বলে, অন্যের অপরাধ ক্ষমা করে এবং নিজের দেহকে কষ্ট দিয়াও অপরকে রক্ষা করে, তবে এই সব বর্ণসঙ্কর মনুষ্যগণের পরিত্রাণাদির উদ্ভব হইতে পারে—ইহাতে কোনও সংশয় নাই । ৩৪-৩৫

ভাজন্ ! যেরূপ শুকি-মৃগনিদন উপদেশ করিয়াছেন, তদনুসারে কথিত বর্ণ ও মাতৃজাতির স্ত্রীগণে বুদ্ধিমান্ মানুষের নিজের হিতাহিত ভালভাবে 'যথায় করিয়াই সন্তান উৎপাদন করা উচিত , কারণ, নীচযোনিতে উৎপন্ন পুরুষ তদনন্তর পাপ হইতে ইহজন্মে নিজেকে সেইভাবে নিমজ্জিত করে, যেরূপ জলে আবদ্ধ কঠিন প্রস্তর জল সহযোগে করিয়া পরে হইতে অতিসামান্য মানুষকে জলের তলদেশে নিমজ্জিত করিয়া থাকে । ৩

সংসারে যেন মূর্খ হইতে বা জ্ঞানী হইতে, কাম ও ক্রোধের বশীভূত সকল মানুষকে এই নারীরা অবশ্যই কুপথে লইয়া যাইতে সমর্থ হয় । ৩৭

এ জগতে পুরুষগণকে বলহীন করিয়া ফেলাই হইল নারী-দিগের স্বভাব। অতএব বিবেকী পুরুষগণ যুবতী স্ত্রীসকলের প্রতি অত্যন্ত আসক্ত হন না । ৩৮

যুধিষ্ঠির বলিলেন,—পিতামহ ! যাহারা চারি বর্ণ হইতে বহিষ্কৃত, বর্ণসঙ্কর মানুষ হইতে উৎপন্ন ও অনার্য হইয়াও আমাদের দেখিতে আর্য্যের ন্যায় প্রতীত হয়, তাহাদিগকে আমরা কিভাবে চিনিতে পারিব ? ৩৯

ভীষ্ম উবাচ।

যোনিসম্ভবমূলে জ্ঞাত্বা নানাভাবসমন্বিতম্।
কর্মভিঃ সঙ্কলাচারৈর্বিদ্বাংস্তা যোনিশুদ্ধতা। ৪০
আনার্যাচরণাচারাঃ ক্রূরকর্মপ্রিয়াস্তথা।
পুরুষং যান্তরন্ত্যীহ লোকে কলুষযোনিজম্। ৪১
পিত্র্যং বা ভজতে শীলং মাতৃজং বা তথোভয়ম্।
ন কথঞ্চন সঙ্কীর্ণঃ প্রকৃতিং যাং বিমুঞ্চতি। ৪২
যথৈব সর্ষপো রূপে যাতাপিত্রোর্হি জায়তে
ব্যাখ্যাস্তিত্রৈস্তথা যোনিং পুরুষং যাং বিমুঞ্চতি ৪৩
ফলে প্রোতসি সংক্ষয়ে বসা স্যাদ্ যোনিসম্ভবঃ
সাক্ষ্যয়ত্যেব তজ্জীলা নান্যোঽন্নমধবা রস। ৪৪
আর্যারূপসমাচারো চরন্ত কৃতকে পথি।
সুসর্বমন্তবর্ণং বা ধর্মীণং যান্তি নিশ্চয়ে। ৪৫
নানাবৃত্তেষু ভূতেষু নানাজাতিষু চ

তমসবৃত্তসমঃ লোকে সৃষ্টিঃ ন বিবর্ততে। ৪৬
পরীক্ষেমিহ সন্তানে ন তস্য পরিকৃন্তনে
ভোক্তৃমধ্যাবরং সত্ত্বং তুল্যাসত্ত্ব প্রযোজয়তে। ৪৭
জ্যায়াংসমপি শীলেন হিনীনং নৈব পূজয়েৎ
অপি শূদ্রং ধর্মজ্ঞং সদ্বৃত্তমভিপূজয়েৎ। ৪৮
আত্মানমাত্মনাত্মানি হি কর্মভিরন্বয়ঃ
সুশীলঃ চরিত্রকুশলৈঃ শুভাশুভৈঃ
প্রবীয়মাণ্ড কুলং তথা নরঃ
পুনঃ প্রকাশং কুরুতে স্বকর্মভিঃ। ৪৯
যোনিদোষাস্তু সর্বাসু সঙ্কীর্ণাসিত্বভাস্তু ৫

যত্রাত্মাবং ন জনয়েদ্ বৃষস্যা ভবিবর্জয়েৎ। ৫০
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দান-ধর্মপর্বণি বিবাহধর্মে বর্ণসঙ্কর-
কথনে অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ। ৪৮

ভীষ্ম বলিলেন,—দুষ্টযোনি যাতাপিতা কলুষিত যোনিতে উৎপন্ন হয়, তাহারা এমন নানাপ্রকার চেষ্টাযুক্ত হয়, যাহা সৎপুরুষদিগের আচরণের বিপরীত অতএব তাহাদের কর্ম-সমূহের দ্বারাই তাহাদের চিনিতে হইবে। এই জন্যে সজ্জনোচিত আচরণের দ্বারা যোনির শুদ্ধতার জ্ঞান লাভ করিতে হইবে। ৪০

এজগতে অনার্যাচার, অনাচার, ক্রূরতা ও অকর্মণ্যতা আদি দোষসমূহ মানুষকে কলুষিত যোনি হইতে উৎপন্ন (বর্ণসঙ্কর) বলিয়া পরিচয় দিয়া থাকে। ৪১

বর্ণসঙ্কর মানুষ নিজের পিতা বা মাতার অথবা উভয়েরই স্বভাবের অনুসরণ করে। সে কোন রূপেই নিজের প্রকৃতিকে লঙ্ঘন করিয়া রাখিতে পারে না। ৪২

যেরূপ ধান্য নিজের ভিন্ন-ভিন্ন গাত্রবর্ণ ও রূপের দ্বারা মাতা-পিতার সমানই হয়, সেইরূপ মানুষও নিজের যোনিরই অনুসরণ করে। ৪৩

যদিও ফল ও বীর্য শুষ্ক থাকে অর্থাৎ যে কোন্ ফলে জন্মিয়াছে এবং কোন্ বীর্য হইতে উৎপন্ন হইয়াছে, এই বিষয় ব্যক্তি হইতে জানা যায় না, তথাপি যাহার জন্ম সত্বর যোনি হইতে হইয়াছে, সেই মানুষ অন্ন বিষয়ে পিতার স্বভাব আশ্রয় করিয়া থাকে। ৪৪

যে ব্যক্তি কৃত্রিম পথের আশ্রয় লইয়া শ্রেষ্ঠ পুরুষগণের অনুসরণ আচরণ করে, সে ধর্ম বা কাঁচা-শুদ্ধ ধর্মের কিংবা সত্বর ধর্মের? ৪৫

উহা কিন্তু করিবার সময় তাহার স্বভাবই সব কিছু নির্ণয় করে। ৪৬

ধর্মাচরণ প্রসঙ্গে নানা প্রকার আচার ব্যবহারে রত থাকে, নানাবিধ কর্মের আশ্রয় গ্রহণ করে, অন্যের আচরণ যাহাতে এরূপ কোন বস্তু নাই, যাহা তাহার হৃদয়কে পরিপূর্ণভাবে প্রকাশ করিতে পারে। ৪৭

বর্ণসঙ্করের শারীর বৃদ্ধি লাভ হইলে পরে সে তাহার স্বভাবকে স্বভাব হইতে দূরে রাখিতে পারে না। উত্তম, মধ্যম যা নিকৃষ্ট যে প্রকার স্বভাবের দ্বারা তাহার শরীর নির্মিত হইয়াছে, সেইরূপ স্বভাবই তাহার আচরণরূপে বলিয়া প্রতিভাত হয়। ৪৮

উচ্চ জাতির মানুষও যদি উত্তম শীল অর্থাৎ স্বভাব হইতে চ্যুত হইয়া থাকে, তবে তাহার আদর সৎকার করিবে না এবং শূদ্রও যদি ধর্মজ্ঞ ও সদাচারী হয়, তাহা হইলে তাহার বিশেষ সম্মান করা উচিত। ৪৯

মানুষ নিজের শুভাশুভ কর্ম, শীল, আচরণ ও কুলের দ্বারা নিজের পরিচয় দিয়া থাকে। যদি তাহার কুল নষ্ট হইয়া গিয়া থাকে, তবে সে নিজের কর্মসমূহের দ্বারা তাহাকে সম্যক্ প্রকাশিত করে। ৫০

এই সব দোষের নীচ যোনিতে অথবা অন্য কোনও নীচ জাতিতে বিদ্বান্ পুরুষ সন্তানোৎপাদন করিবেন না, উহাকে সর্বতোভাবে পরিত্যাগ করিয়া দিবেন। ৫১

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে বিবাহ ধর্মপ্রসঙ্গে বর্ণসঙ্করের উৎপত্তিবর্ণন বিষয়ক অষ্টচত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

॥ একোনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ।

(নানাবিধ-পুত্রাণাং বর্ণনম্)

যুধিষ্ঠির উবাচ ।

ঋষি ভাত কুরুশ্রেষ্ঠ বর্ণানাং যে পৃথক্ পৃথক্
কীদৃশাঃ কীদৃশাশ্চাপি পুত্রাঃ ভবন্ত কে চ যে ॥ ১
দ্বিপ্রবাদাঃ সুরূপাঃ ভ্রূয়ন্তে পুত্রকারিতাঃ
অত্র নো মুহ্যতাঃ রাজন্ সংশয়ঃ ছেত্তুমর্হসি । ২

ভীষ্ম উবাচ

আত্মা পুত্রশ্চ বিজ্ঞেয়স্তুল্যানন্যতরশ্চ যঃ
নিকৃষ্টস্তু দ্বিজেঃ সুতঃ প্রেষ্যত্বমাগতঃ ॥ ৩
পতিতস্য তু ভার্য্যায়া তত্র নুনমবেত্তা
তথা ধনকৃতো পুত্রাবধিকৃতৌ তথাপরঃ । ৪
যড়পত্যাসম্ভাশ্চাপি কানীনাদয়শ্চাপরে
ইত্যেতে বৈ সমাখ্যাতাস্তান বিজ্ঞানীহি ভারত ॥ ৫

একোনপঞ্চাশত্তম অধ্যায়।

[নানা প্রকার পুত্রগণের বর্ণন]

যুধিষ্ঠির বলিলেন—তাত! পিতামহ! আপনি বর্ণ-সকলের সম্বন্ধে পৃথক্ পৃথক্ ভাবে যে কথা বলিলেন যে, কোন্ স্ত্রীর গর্ভ হইতে কিরূপ পুত্র উৎপন্ন হয়? এবং কোন্ পুত্র কাহার হয়? ১

পুত্রগণের উৎপত্তি সম্বন্ধে বহুলধার বিভিন্ন কথা শুনা যায়। রাজন্! এবিষয়ে আমরা মোহিত হইয়া পড়িয়াছি, (সেইজন্য কোন নিশ্চয় করিতে পারিতেছি না), অতএব আপনি আমাদের এই সংশয় ছেদন করুন। ২

ভীষ্ম বলিলেন,—ধর্ম্ম-পত্নীর সংযোগে কোনও তৃতীয়ের দ্বারাধন এবং না অর্থাৎ যে পতির দ্বারা হইতেই উৎপন্ন হয়, সেই 'অনন্যতর' অর্থাৎ নিজের আত্মা বলিয়াই জানিবে। দ্বিতীয় পুত্র 'নিকৃষ্ট' এবং তৃতীয় পুত্র 'প্রেষ্যত্ব' বলিয়া কথিত হয় নিকৃষ্ট ও প্রেষ্যত্ব' এই দুই পুত্র ক্ষেত্রেরই দুই প্রকার ভেদ। ৩। ৪

পতিত পুরুষের নিজ স্ত্রীর গর্ভ হইতে যদিই উৎপাদিত পুত্র চতুর্থ শ্রেণীর পুত্র। ইহা ব্যতীত 'ধনকৃত' ও 'কৃত' পুত্রও হয়। এই সব বিভিন্ন ছয় প্রকার পুত্র। সপ্তম পুত্র হইল 'অপবিদ্ধ' (যে মূর্খতা অথবা ভয়ের ভাবে পতির গর্ভে আসিয়া থাকে এবং বিবাহের পর বিবাহকারীর গৃহে আসিয়া যাহার জন্ম হয়, এরূপ পুত্রকে বলে অপবিদ্ধ)। ৫

যুধিষ্ঠির উবাচ

ষড়পত্যাসম্ভাঃ কে স্যুঃ কে বাপ্যনন্যতরাস্তথা
এতন্মে সর্বং যথাতত্ত্বং ব্যাখ্যাতুং যে ক্ষমাধিপ ॥ ৬

ভীষ্ম উবাচ।

ত্রিষু বর্ণেষু যে পুত্রা ব্রাহ্মণস্য যুধিষ্ঠির।
বর্ণয়োশ্চ দ্বয়োঃ সাত্ত্বা যৌ রাজন্নুচ্যতে ভারত ॥ ৭
একো দ্বিতু বর্ণ একস্য ত্বজাতৈরেবলক্ষিতঃ
ষড়পত্যাসম্ভাস্তে হি তথৈবানন্যজান্ শৃণু ॥ ৮।
চাণ্ডালো ব্রাত্য-বৈদেহৌ চ ব্রাহ্মণ্যাং ক্ষত্রিয়াসু চ
বৈশ্যাত্রাত্যাং বৈব সূতস্ত্রয়স্তেঽপসদাস্মৃতঃ ॥ ৯
মাগধো বাময়ন্তৈব যৌ বৈশ্যেনোপলক্ষিতৌ।
ব্রাহ্মণ্যাং ক্ষত্রিয়ায়াঞ্চ ক্ষত্রিয়ৈকঃ এব তু ॥ ১০

অষ্টম পুত্র 'কানীন' কন্যা অবস্থায় জাত পুত্র।। ইহাদের অতিরিক্ত ছয় 'অপত্যসম' (অনুলোম) পুত্র হয় এবং ছয় 'অপসদ' (প্রতিলোম) পুত্র হয়। এইভাবে ঐ সবের সংখ্যা হইল তিন। ভারত! এইরূপে পুত্রগণের ভেদ কথিত হইয়াছে। তুমি ইহাদের প্রত্যেককে পুত্র বলিয়াই জানিবে। ৫

যুধিষ্ঠির বলিলেন, পিতামহ! ছয় প্রকারের অপত্যসম পুত্র কাহারা? এবং কাহাদের অপসদ পুত্র বলা হয়? এই সব আপনি আমাকে যথাযথভাবে বলুন। ৬

ভীষ্ম বলিলেন,—যুধিষ্ঠির! ব্রাহ্মণের ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র—এই তিন বর্ণের স্ত্রী হইতে যে পুত্র উৎপন্ন হয়, ইহাকে তিন প্রকারের অপত্যসম বলা হইয়া থাকে। ভারত! ক্ষত্রিয়ের বৈশ্য ও শূদ্র জাতির স্ত্রী হইতে পুত্র হয়, উহা দুই প্রকার অপত্যসম পুত্র এবং বৈশ্যের শূদ্রজাতির স্ত্রী হইতে যে পুত্র হয়, তাহা এক প্রকার অপত্যসম পুত্র। এইভাবে এই প্রকরণে অপত্যসম পুত্রগণের বিস্তৃত বর্ণন করান হইয়াছে। এইরূপ এই ছয় প্রকার 'অপত্যসম' অর্থাৎ 'অনুলোম' পুত্র কথিত হইল। এখন 'অপসদ' অর্থাৎ 'প্রতিলোম' পুত্রগণের বর্ণনা শ্রবণ কর। ৭-৮

ব্রাহ্মণী, ক্ষত্রিয়া ও বৈশ্যা এই তিন বর্ণের স্ত্রী হইতে পুত্রের দ্বারা যে তিন পুত্র উৎপাদিত হয়, তাহারা ক্রমশঃ চাণ্ডাল, ব্রাত্য ও বৈদেহ বলিয়া কথিত হইয়া থাকে। অপসদের এই তিনপ্রকার ভেদ। ৯

ব্রাহ্মণী ও ক্ষত্রিয়ার গর্ভ হইতে বৈশ্যের দ্বারা যে দুই পুত্র

ব্রাহ্মণ্যাঃ লক্ষ্যতে সূত ইত্যেতৎপ্রসদ্য মৃতাঃ
পুত্রা ব্রূহি ন শক্যন্তে মিথ্যাকর্তুং নরাধিপ। ১১

যুধিষ্ঠির উবাচ

ক্ষেত্রজং কেচিদেবাহুঃ সুতং কেচিত্তু গুরুতম্।
দ্বয্যাবেতৌ সুতৌ ধর্ম তত্ত্বে ব্রূহি পিতামহ। ১২

ভীষ্ম উবাচ।

রেতজো বা ভবেৎ পুত্রজাতো বা ক্ষেত্রজো ভবেৎ।
অমুষ্যৈবেতি পুত্রো বৈ ভিত্ত্বা তু সময়ং কথম্। ১৩

ভীষ্ম উবাচ।

আত্মজঃ পুত্রমুৎপাদ্য যস্যাজ্ঞেয়ে কারণান্তরে।
ন তত্র কারণং রেতঃ স ক্ষেত্রস্যামিনো ভবেৎ। ১৪
পুত্রকামো হি পুত্রার্থে যং সৃষ্টিং বিশ্বাস্যতে
ক্ষেত্রজস্তু প্রমাণং স্যাদ্ন বৈ তত্রাত্মজঃ সুতঃ। ১৫
অত্রত্র ক্ষেত্রজঃ পুত্রো লক্ষ্যতে ভরতর্ষভ
ন ত্বাত্মা শক্যতে হন্তুং দৃষ্টান্তোপগতো জলৌ। ১৭
কৃচ্ছ্রি কৃতকঃ পুত্রঃ সাধ্রেবাদেব লক্ষ্যতে।
ন তত্র রেতঃ ক্ষেত্রং বা যত্র লক্ষ্যেত ভারত। ১৮

যুধিষ্ঠির উবাচ

কীদৃশঃ কৃতকঃ পুত্রঃ সাধ্রেবাদেব লক্ষ্যতে
ব্রূহি ক্ষেত্রং প্রমাণং বা যত্র লক্ষ্যো ন ভারত। ১৯

ভীষ্ম উবাচ।

মাতাপিতৃভ্যাং সন্ত্যক্তঃ পথি যস্তু প্রকল্পতে
ন চাস্য মাতাপিতরৌ ভবেতাং স হি কৃত্রিমঃ। ২০

উৎপন্ন হয়, তাহারা ক্রমশঃ বাপের এবং মাতৃক নামে দুই প্রকারের অপদস্থ পুত্ররূপে পরিলক্ষিত হইয়া থাকে। কলিযুগে একটি শ্রেষ্ঠ পুত্র দেখা যায়, যে রাজর্ষি হইতে জন্মগ্রহণ করে। তাহাকে 'সূত' বলিয়া অভিহিত করা হয়। ইই দুই প্রকার অপদস্থ অর্থাৎ প্রতিলোম পুত্র স্বীকৃত হইয়াছে। নরনাথ! এই সব পুত্রকে বিদ্যা বলা যায় না। ১০-১১

যুধিষ্ঠির বলিলেন, পিতামহ! অনেক মানুষ নিজের পত্নীর গর্ভ হইতে উৎপন্ন যে তো পুত্রকে নিজেরই পুত্র বলিয়া মনে করে এবং অনেক মানুষ আবার নিজের ভার্যা হইতে উৎপন্ন পুত্রকে ঔরসপুত্র বলিয়া মনে করে। আচ্ছা, ইহাদের কি উভয়েই সমানকোটির পুত্র? ইহাদের উপর কাহার অধিকার হয়? ইহাদের অধ্যাধিনী স্ত্রীর পতির অথবা গর্ভধানকারী পুরুষের? ইহা আমাকে বলুন। ১২

ভীষ্ম বলিলেন,—রাজন্! নিজের ভার্যা হইতে উৎপন্ন পুত্র ও ঔরস পুত্রই, ক্ষেত্রজ পুত্রও যদি গর্ভধানকারী পিতার দ্বারা পরিত্যক্ত হয়, তবে সেই পুত্রও নিজেরই পুত্র হইয়া থাকে। এই কথা সদাসর্বদা অযুচ্য পুত্রের বিষয়ের যুক্তিতে হইবে। ইহার তাৎপর্য হইল এই যে ভার্যাধারণকারী পুরুষ যদি নিজের অন্য পরিত্যাগ করে, তাহা হইলে সেই ক্ষেত্রজ ও অযুচ্য পুত্র ক্ষেত্রপতিরই বলিয়া স্বীকৃত হয়, অন্যথা সেই পুত্রের উপর ভার্যা-ধারণকারীরই স্বত্ব থাকে। ১৩

যুধিষ্ঠির বলিলেন,—আমরা ভার্যা হইতে উৎপন্ন পুত্রকেই পুত্র বলিয়া বুঝিয়া থাকি। ভার্যা ব্যতীত ক্ষেত্রজ পুত্রের আগমন 'কোথায় হইতে হইতে পারে? এবং অযুচ্যকে আমরা কিভাবে সময়ে ওরে পুত্ররূপে বুঝিতে পারিব?

ভীষ্ম বলিলেন, পুত্র! যে মানুষ নিজের বীর্যের দ্বারা উৎপন্ন করিয়া অন্যান্য কাহ-সকলের কন্যা তাহাকে পাণিত্যাগ করে, তাহার সেই পুত্রের উপর কোন ভার্যাধারণের নিষিদ্ধ অধিকার থাকে না। এই পুত্র সেই ক্ষেত্রের পতিরই হইয়া যায়। ১৪

প্রজানাথ! পুত্রার্থিনী পুরুষ পুত্রের ওজই যে গর্ভবতী কন্যাকে ভার্যারূপে গ্রহণ করে, তাহার ক্ষেত্রজ পুত্র সেই বিবাহকারী পতিরই বলিয়া স্বীকৃত হয়। এখানে গর্ভধারণ কারীর অধিকার থাকে না। ১৬

ভরতশ্রেষ্ঠ! অন্যত্রের ক্ষেত্রে উৎপন্ন পুত্র দ্বিতীয় লক্ষণসমূহের দ্বারা লক্ষিত হয় যে, সে কাহার পুত্র? কোনও ব্যক্তি নিজের স্বত্বকে গোপন করিতে পারে না উহা স্বতই প্রকাশ হইয়া থাকে। ১৭

ভরতসত্তম! কোন কোনস্থলে কৃত্রিম পুত্রও দেখা যায়। তাহাকে গ্রহণ করিলে বা নিজের বলিয়া মনে করিলেই নিজের হইয়া যায়। এখানে বীর্য বা ক্ষেত্রকে পুত্রত্বের নিশ্চয়ে তাহা হইতে দেখা যায় না। ১৮

যুধিষ্ঠির বলিলেন,—ভারত! যেস্থলে বীর্য বা ক্ষেত্র কোন পুত্রত্ব নিশ্চয়ে প্রমাণ হইতে দেখা যায় না, তাহাকে লক্ষ্য করা যাইবে নিজের পুত্ররূপে গৃহ হয়, সেই কৃত্রিম পুত্র কিভাবে হয়? ১৯

ভীষ্ম বলিলেন,—যুধিষ্ঠির! যাতা-পিতা যাহাকে সম্পূর্ণ রূপে পরিত্যাগ করিয়া দেয় এবং অনুসন্ধান করিলে পরও যাহা

অস্যাধিকস্য স্বামিত্বং যস্মিন্ সম্প্রতি লভ্যতে
যো বর্ণঃ পোষ্যতে তেন তস্যবর্ণস্য জায়তে ॥ ২১

যুধিষ্ঠির উবাচ।

কথমস্য প্রযোক্তব্যঃ সংস্কারঃ কন্যা বা কথম্
দেয়া কস্যা কথা চোক্ত তন্মে ব্রূহি পিতামহ ॥ ২২

ভীষ্ম উবাচ

আত্মবৎ তস্য কুর্যাৎ সংস্কারং স্বামিবৎ তথা
ত্যক্তো মাতাপিতৃভ্যাং যঃ সবর্ণঃ প্রতিপদ্যতে ॥ ২৩

তদ্দেশাত্রবন্ধুভ্যঃ তস্য কুর্যাৎ সংস্কারমুচ্যত
অথ দেহ্যা তু কন্যা স্যাৎ তন্নিবর্ণস্য যুধিষ্ঠির ॥ ২৪

সংস্কর্তুঃ বর্ণগোত্রেণ মাতৃবর্ণাদিনিশ্চয়ে।
কানীনাধ্যূঢ়জৌ বাপি বিজেয়ৌ পুত্র কিঞ্চিদৌ ॥ ২৫

তাবপি স্বামিবৎ মুক্তৌ সংস্কার্যাবিতি নিশ্চয়ঃ
ক্ষেত্রজৌ বাপ্যপসদৌ যেঽধ্যূঢ়াদ্যেষু চাপ্যুত ॥ ২৬

আত্মবন্ বৈ প্রযুঞ্জীরন্ সংস্কারান্ ব্রাহ্মণাদয়ঃ।
ধর্মশাস্ত্রেষু বর্ণানাং নিশ্চয়োঽয়ং প্রদৃশ্যতে ॥ ২৭

এতৎ তে সর্বমাখ্যাতং কিং ভূয়ঃ শ্রোতুমিচ্ছসি ॥ ২৮

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি বিবাহযযে পুত্র-
প্রতিনিধিকথনে একোনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৪৯

যাতা-পিতার পরিচয় পাওয়া যায় না, দেহ বালককে যে ব্যক্তি পালন করে, তাহার এই বালক ঔরস পুত্র হইয়া যায় ॥ ২১

বর্তমানকালে যে ব্যক্তিকে সেই অনাথ বালকের স্বামী (পরিপালনকর্তা) হইতে দেখা যাইবে এবং যে তাহার পালন-পোষণ করে, তাহার যে বর্ণ, সেই বালকেরও তাহার বর্ণ হইয়া থাকে ॥২১

যুধিষ্ঠির বলিলেন,—পিতামহ! এরূপ বালকের সংস্কার কিরূপ এবং কোন্ জাতি অনুসারে তাহার সংস্কার করিতে হইবে? যাহাকে যে কোন বর্ণের, ইহা কিরূপে জানা যাইবে? কিভাবে ও কোন্ জাতির কন্যার সহিত তাহার বিবাহ দিতে হইবে? ইহা আমাকে বলুন ॥ ২২

ভীষ্ম বলিলেন,—পুত্র! যাহাকে যাতা-পিতা ত্যাগ করিয়া দিয়াছে, সেই বালক নিজের স্বামীর (পালক পিতার) বর্ণ প্রাপ্ত হয়। সেইজন্য তাহার পালনকর্তার কর্তব্য হইল—সে নিজেরই বর্ণানুসারে সেই বালকের সংস্কার করিবে ॥ ২৩

যদি হইতে আবশ্যক যুধিষ্ঠির! পালক পিতার গোত্র বন্ধুগণের যেরূপ সংস্কার করা হয়, সেইরূপ সংস্কার এই বালকেরও করিতে হইবে এবং তাহারই বর্ণের কন্যার সহিত এই বালকের বিবাহও দিতে হইবে ॥ ২৪

পুত্র! যদি তাহার যাতার বর্ণ ও গোত্রের পরিচয় নির্ণয় করা যায়, তবে সেই বালকের সংস্কার করিবার জন্য যাতারই বর্ণ ও গোত্র গ্রহণ করিতে হইবে। কানীন ও অধ্যূঢ়জ—এই দুই প্রকারের পুত্রই নিকৃষ্ট বলিয়া জানিতে হইবে ॥ ২৫

এই দুই প্রকারের পুত্রকেও নিজেরই সমান সংস্কার করিবে ইহাই শাস্ত্রের সিদ্ধান্ত। ব্রাহ্মণাদি কর্তৃক বর্ণ হইল—তাঁহারা ক্ষেত্রজ, অপসদ ও অধ্যূঢ়জ—এই সকল প্রকার পুত্রগণকেই নিজের সমান সংস্কার করিবেন। বর্ণসকলের সংস্কারসম্বন্ধে ধর্মশাস্ত্রের এরূপই নিশ্চয় দেখা যায়। এইভাবে আমি এ বিষয়ে সমস্ত কথা তোমাকে বলিলাম। এখন আর কি শুনিতে বাসনা কর? ২৬-২৮

শ্রীমদ্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বপ্রসঙ্গে বিবাহধর্মপ্রসঙ্গে পুত্রপ্রতিনিধি-কথনবিষয়ক একোনপঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

॥ পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥

[সোমহিমপ্রসঙ্গে চ্যবনমুনেরুপাখ্যানারম্ভঃ—মৎস্যৈঃ সহ জালবদ্ধস্য মুনের্জলতো বহিরাগমনম্]

যুধিষ্ঠির উবাচ

দর্শনে কীদৃশঃ স্নেহঃ সংবাসে চ পিতামহ।
মহাভাগ্যং পরং চৈব তন্মে ব্যাখ্যাতুমর্হসি ॥ ১

ভীষ্ম উবাচ

হন্ত তে কথয়িষ্যামি পুরাবৃত্তং মহাদ্যুতে
নহুষস্য চ সংবাদং মহর্ষেশ্চ্যবনস্য চ ॥ ২
পুরা মহর্ষিশ্চ্যবনো ভার্গবো ভরতর্ষভ।
উপবাসকৃতারম্ভো বভূব স মহাব্রতঃ ॥ ৩
নিহত্য মানং ক্রোধঞ্চ প্রহর্ষং শোকমেব চ
বর্ষাণি দ্বাদশ মুনির্জলবাসে ধৃতব্রতঃ ॥ ৪
আত্মবৎ সর্বভূতেষু বিশ্রম্ভং পরমং গতঃ।
জলেচরেষু সর্বেষু শীতরশ্মিরিব প্রভুঃ ॥ ৫
স্থাণুভূতঃ শুচির্ভূত্বা বৈদেহেতাঃ প্রশস্য চ।
গঙ্গা-যমুনয়োর্মধ্যে জলং সম্প্রবিবেশ হ ॥ ৬
গঙ্গা-যমুনয়োর্বেগং সুভীমং ভীমনিঃস্বনম্।
প্রতিজগ্রাহ শিরসা গাম্ভীর্যেণসমা ভুবি ॥ ৭
গঙ্গা চ যমুনা চৈব সরিতশ্চ সহাম্বসি
প্রবিচিন্বন্মুষিং চক্রুর্নৈব পর্যাপ্নুবন্ন চ
অন্তর্জলেষু সুষুপে কাষ্ঠভূতো মহামুনিঃ।
তত্রচ্ছেদ্যান্বিতো মীনানভবন্ ভরতর্ষভ ॥ ৯
জলৌকসাং স সন্ত্রাসো বভূব প্রিয়দর্শন।
উপাজিঘ্রন্ত চ জলা অস্যোষ্ঠৌ শ্লক্ষ্ণবাসসঃ ॥ ১০
তত্র তস্যাসতঃ কালঃ সমতীতোঽভবদ্বহান্
ততঃ কদাচিৎ সমহে কাশ্চিন্মৎস্যজীবিনঃ ॥ ১১
তং দেশং সমুপাজগ্মুর্জালহস্তা মহাদ্যুতে
নিষাদা বহবস্তত্র মৎস্যোদ্ধরণশিক্ষিতাঃ ॥ ১২

পঞ্চাশত্তম অধ্যায়।

[সোমহিমাপ্রসঙ্গে চ্যবনমুনির উপাখ্যান আরম্ভ,—মৎস্যগণের সহিত জালবদ্ধ হইয়া মুনির জল হইতে বাহিরে আগমন।]

যুধিষ্ঠির বলিলেন,—পিতামহ! কাহাকেও দেখিলে বা কাহারও সহিত বাস করিলে কিরূপ স্নেহ উৎপন্ন হয়? এবং গোলকলের মাহাত্ম্য কিরূপ? এই সব বিষয়ের আমাকে বলুন ॥ ১

ভীষ্ম বলিলেন,—মহাতেজস্বী নরেন্দ্র! এ বিষয়ে আমি তোমাকে মহর্ষি চ্যবন ও নহুষের সংবাদরূপ এক প্রাচীন ইতিহাস বলিব ॥ ২

ভরতশ্রেষ্ঠ! পূর্বকালের ঘটনা, ভৃগুর পুত্র মহর্ষি চ্যবন মহাব্রত গ্রহণ করিয়া জলের মধ্যে বাস করিতে আরম্ভ করিলেন ॥ ৩

তিনি অভিমান, ক্রোধ, হর্ষ ও শোক পরিত্যাগ করিয়া ধৃতব্রত সহকারে ব্রতপালন করিতে করিতে বার বৎসর কাল জলমধ্যে বাস করিয়াছিলেন ॥ ৪

ঔডুম্বর কিরণবিশিষ্ট চন্দ্রের ন্যায় সেই শক্তিশালী মুনি সমস্ত প্রাণীর বিশ্বাসঃ সম্পূর্ণ জলচর জীবগণের উপর নিজের পরম মঙ্গলকারী পূর্ণ বিশ্বাস স্থাপিত করিয়াছিলেন ॥ ৫

গঙ্গা-যমুনার বেগ এস্থলে অতিশয় ভয়ঙ্কর ছিল এবং তাহার শব্দও ভীষণ গম্ভীর হইতেছিল। বায়ুর বেগের ন্যায় দুঃসহ সেই বেগকে মুনি নিজের মস্তকে ধারণ করিতেছিলেন অথচ সেই জলবেগের আঘাতে তিনি বিন্দু মস্তকে সহ্য করিতেছিলেন ॥ ৭

কিন্তু গঙ্গা-যমুনা, অন্যান্য নদীসকল ও সরোবরসকল মুনি কেবল প্রবেশ করিতেছিল, তাঁহাকে কোনরূপ পীড়িত করে নাই ॥ ৮

ভরতশ্রেষ্ঠ! এই বৃত্তিধারী মহামুনি কখনও জলের মধ্যে কাষ্ঠের ন্যায় শয়ন করিয়া রহিলেন এবং কখনও উঠিয়া দাঁড়াইয়া থাকিলেন ॥ ৯

তিনি জলচর প্রাণিগণের আশ্রয় ছিল বলিয়া উঠিলে জলজন্তুরা ভয়ভীত হইয়া তাঁহার ওষ্ঠ আঘ্রাণ করিতে লাগিল ॥ ১০

মহাতেজস্বী নরেন্দ্র! এইভাবে তাঁহার জলমধ্যে থাকিতে থাকিতে বহুদিন অতিবাহিত হইয়া যাইল। তদনন্তর সময়ে মৎস্যজীবী জীবগণ মৎস্য ধরিবার জন্য স্থির করিয়া জাল গ্রহণ করত সেস্থানে আসিয়া উপস্থিত হইল ॥ ১১-১২

ব্যায়তা বলিনঃ শূরা সলিলেষ্বনিবর্তিনঃ
অত্যাবদ্ধুশ্চ তং দেশং নিষ্ঠিতা জালকর্মণি ॥ ১৩
জালং তে যোজয়ামাসুরিংশেষেণ তদাখিল
মৎস্যোদ্যতং সমাসাদ্য তদা তত্তদন্তর ॥ ১৪
ততস্তে বহুভির্বৌগৈঃ কৈবর্তা মৎস্যজীবিনঃ।
গঙ্গা-যমুনয়োর্যাস্তি জালৈরত্যন্তিকাংস্ততঃ ॥১৫
জালা সুবিততং তেষাং নবসূত্রকৃতং তথা।
বিস্তারায়ামসম্পন্নং যং তত্র সলিলেঽক্ষিপন্ ॥১৬
ততস্তে সুমহচ্ছৈল বলবচ্চ সুবর্তিতম্
অবজীর্য্য ততঃ সর্বে জালং চক্রুস্থিরে তদা ॥১৭
অতীতরূপাঃ সংহৃষ্টা অন্যোন্যবলবর্তিনঃ।
ববন্ধুস্তত্র মৎস্যাংশ্চ তথান্যান্ জলচারিণঃ ॥ ১৮
তথা মৎস্যৈঃ পরিবৃতঃ চ্যবনঃ কৃতনিশ্চয়ঃ।
আকর্ষণসমর্থাংশ্চ জালেনাথ সমূদ্ধরন্ ॥ ১৯
নদীবেগবলবিদ্ধাংঃ ধরিষ্যন্নপ্রকম্পিতান্।
লক্ষ্যৈঃ পঞ্চদশৈর্মাত্রৈ ক্রোষ্টুকৈস্ত্রিভিরাপ্লুতম্ ॥ ২০
তং জালেনোদ্ধৃতং দৃষ্ট্বা তে তদা বেগপারগম্
সর্বে প্রাঞ্জলয়ো দাশাঃ শিরোভিঃ প্রাপতন্ ভুবি ॥ ২১
পরিষেদপরিত্রাসাজ্জালস্যাকর্ষণেন চ
মৎস্যা বহুবুর্ব্যাপন্নাঃ স্থলসংস্পর্শনেন চ ॥ ২২
স মুনিস্তৎ তদা দৃষ্ট্বা মৎস্যানাং কদনং কৃতম্
বহুধা কৃপণাবিষ্টো নিঃশ্বসংশ্চ পুনঃ পুনঃ ॥ ২৩

নিষাদা ঊচুঃ।

অজ্ঞানাদ্ যৎ কৃতং পাপং প্রসাদাৎ তত্র নঃ কুরু।
করবাম প্রিয়ং কিং তে ব্রূহি মহামুনে ॥২৪
ইত্যুক্তো মৎস্যমধ্যস্থো ধনো গাম্ভীর্যবীর্যবান্।
যো মেঽদ্য পরমঃ কামস্তং শৃণুধ্বং সমাহিতাঃ ॥ ২৫

এই বীরেরা অত্যন্ত পরিশ্রমী, বলবান্, যৌবনশালী ও অন্যান্য জেলের ন্যায় কখনও কোনস্থান হইতে নিবৃত্ত হইত না। তাহারা জলে খেলিবার নিমিত্ত কতিপয় দেখানে আসিয়া উপস্থিত হইল। ১৩

তদনন্তরমেকৃত্য জলমধ্যে। সেই সময় যেস্থানে মৎস্যগণ বাস করিত, সেই গভীর জলমধ্যে যাইয়া তাহারা নিজেদের জালকে পূর্ণরূপে যোজনা করিল। ১৪

মৎস্যাভিলাষী কৈবর্তগণ (জেলেরা) বহুবিধ উপায় করিয়া গঙ্গা-যমুনার সেস্থানের জলকে জালের দ্বারা আবৃত করিল। ১৫

তাহাদের সেই জাল নূতন সূত্রের দ্বারা নির্মিত ছিল ও বিস্তার ছিল এবং লম্বা-চওড়াও বহু দূরের ছিল। এই জাল উত্তমরূপে প্রস্তুত করা হইয়াছিল এবং শক্ত-সামর্থ্য ছিল। এই জালকে তাহারা জলের উপর নিক্ষেপ করিল। তারপর পরস্পর পরেই সেই সব কৈবর্তরা জলমধ্যে নির্ভয় হইয়া নামিয়া পড়িল। তাহারা সকলে প্রসন্ন ও পরস্পর পরস্পরের অধীনে ছিল। এইভাবে তাহারা পরে মিলিত হইয়া জালকে আকর্ষণ করিয়া তুলিতে আরম্ভ করিল। এই জালে তাহারা মৎস্যগণের সহিত অন্যান্য জলজন্তুদিগকেও আবদ্ধ করিয়াছিল। ১৬-১৮

মহারাজ! জাল আকর্ষণ করিবার সময় তাহারা বৈবেজ্ঞার সেই জালের দ্বারা মৎস্যগণে পরিবৃত ভৃগুপুত্র, মহর্ষি চ্যবনকেও উপরে উত্থাপিত করিল। ১৯

তাঁহার দেহ তখন নদীর বেগজনিত দ্বারা লিপ্ত ছিল তাঁহার গুল্ফ (গাঁট) ও ঘটীনদ্বয় ধরিয়াই রহিয়াছিল এবং তাঁহার অঙ্গসকলে পথ্যাদি জলচরগণের নখাদি লাগিয়া থাকায় বিচিত্র আকার ধারণ করিয়াছিল তখন এরূপ মনে হইতেছিল— তাঁহার অঙ্গে যেন শুক্তিরের বিচিত্র লোমাবলি লাগিয়া রহিয়াছে। ২০

বেদের পারদর্শী বিদ্বান্ সেই মহর্ষিকে জালের দ্বারা বদ্ধ অবস্থায় উঠিয়া আসিতে দেখিয়া সকল কৈবর্তগণ কৃতাঞ্জলি হইয়া মস্তক নত করত ভূমিতে পতিত হইল অর্থাৎ ভূমিষ্ঠপ্রণাম করিল। ২১

অত্যন্ত শিকে জালের আকর্ষণে অত্যন্ত ঘের, ত্রাস ও জলের স্পর্শবশতঃ বহু মৎস্য নিহত হইল। মুনি যখন সেই মৎস্যগণের সংহার দেখিলেন, তখন তাঁহার অতিশয় দয়া হইল এবং তিনি বারম্বার দীর্ঘশ্বাস ত্যাগ করিতে লাগিলেন। ২২-২৩

তখন নিষাদেরা বলিল—মহামুনে! আমরা না জানিয়া যে পাপ করিয়াছি, তাহার জন্য ক্ষমা করুন এবং আমাদের প্রতি প্রসন্ন হউন। আরও বলুন—আমরা আপনার কোন্ প্রিয় কার্য্য করিব? ২৪

কৈবর্তগণ এই কথা বলিলে পর মৎস্যসকলের মধ্যে উপবিষ্ট মহর্ষি চ্যবন বলিলেন— এই সময় আমার যাহা পরম কার্য্য, তাহা সাবধানে তোমরা শ্রবণ কর। ২৫

প্রাণোৎসর্গং বিসর্গং বা মৎসৌহার্দস্যাদ্যাবং সহ
সাধ্বাসাদ্যোৎসহে ত্যক্তুং সলিলেঽমুষিতানহম্। ২৬
ইত্যুক্ত্বাঙ্গে নিষাদাস্ত্রং সুকৃশং তত্রকম্পিতাঃ।
সর্বে বিবর্ণবদনা নহুষায় ন্যবেদয়ন্। ২৭

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি চ্যবনোপাখ্যানে
পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ। ৫০

আমি এই বংশগণের সহিতই নিজের প্রাণ ত্যাগ বা ইচ্ছা করিব। ইহারা আমার সহযাত্রী আমি বহু দিন ধরিয়া ইহাদের সহিত জলে বাস করিতেছি; অতএব আমি ইহাদের ত্যাগ করিতে পারিব না। ২৬

মুনির এই বাক্য শ্রবণ করিয়া নিষাদগণ অত্যন্ত ভীত হইয়া কাঁপিতে লাগিল। তাহাদের সকলের মুখ বিবর্ণ হইয়া উঠিল এবং সেই অবস্থায় তাহারা রাজা নহুষের নিকট গমন করত তাঁহাকে সমস্ত সংবাদ নিবেদন করিল। ২৭

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বাধ্যায়ের দানধর্মপর্বে চ্যবনের উপাখ্যানবিষয়ক পঞ্চাশত্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত

একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

[রাজা নহুষের এক-গোমূলোন মহর্ষি-চ্যবনসা ক্রয়ঃ, মুনিনা গোধাহাত্ম্যস্য কথনম্, মৎস্যানাং তথা কৈবর্তানাং সদ্গতিবর্ণনঞ্চ]

ভীষ্ম উবাচ।

নহুষস্তু ততঃ শ্রুত্বা চ্যবনং তু তথাগতম্।
ত্বরিতঃ প্রযযৌ তত্র সভামাত্য-পুরোহিতঃ। ১
শৌচং কৃত্বা যথান্যায়ং প্রাঞ্জলিঃ প্রযতো নৃপঃ।
আজ্ঞানমাচষ্টে চ চ্যবনায় মহাত্মনে। ২
অর্চয়ামাস তং চাপি তদা রাজা পুরোহিতঃ।
সত্যব্রতস্তু মহাত্মানং দেবকল্পং বিশাম্পতে। ৩

নহুষ উবাচ।

করবাণি প্রিয়ং কিং তে ব্রূহি তন্মে ঋষি দ্বিজোত্তম
সর্বং কর্তাস্মি ভগবন্ যদ্যপি স্যাৎ সুদুষ্করম্। ৪

চ্যবন উবাচ।

ভ্রমেণ মহতা মুক্তাঃ কৈবর্তা মৎস্যজীবিনঃ।
মম মূল্যাং প্রযচ্ছন্তো মৎস্যানাং বিক্রয়ৈঃ সহ। ৫

নহুষ উবাচ

সহস্রং দীয়তাং মূল্যং নিষাদেভ্যঃ পুরোহিত।
নিষ্ক্রয়ার্থে ভগবতো যথায়ং তৃপ্যতে মনঃ। ৬

চ্যবন উবাচ

সহস্রং নাহমর্থামি কিং বা ত্বং মন্যসে নৃপ
সমুদ্রং দীয়তাং মূল্যং যদ্বৃত্ত্যা নিষ্ক্রয়ঃ কৃতঃ। ৭

একপঞ্চাশত্তম অধ্যায়।

[রাজা নহুষ কর্তৃক একটি গোরু মূল্যে মহর্ষিচ্যবনকে ক্রয়, মুনির দ্বারা গোধাহাত্ম্য কথন এবং মৎস্য ও কৈবর্তগণের সদ্গতি বর্ণন।]

ভীষ্ম বলিলেন,—চ্যবনমুনিকে এরূপ অবস্থায় নিজের নগরের নিকটে আসিয়াছেন জানিতে পারিয়া রাজা নহুষ তাঁর পুরোহিত ও মন্ত্রিবর্গের সহিত সত্বর সেস্থানে গমন করিলেন। ১

তিনি পবিত্রভাবে সংযতমনে কৃতাঞ্জলি হইয়া ন্যায়োচিত রীতিতে যথাত্মা চ্যবনকে নিজের পরিচয় দিলেন। ২

প্রভানাথ! রাজার পুরোহিত দেবতুল্য তেজস্বী, সত্যব্রত ও মহাত্মা চ্যবনমুনিকে বিধি অনুসারে পূজা করিলেন। ৩

নহুষ বলিলেন,—দ্বিজোত্তম! আপনি বলুন, আমি আপনার কোন্ প্রিয়কার্য করিব? ভগবন্! আপনার আদেশে অত্যন্ত দুষ্কর কার্য হইলেও তৎসমস্ত আমি পূর্ণ করিব। ৪

চ্যবন বলিলেন,—মৎস্যজীবী কৈবর্তগণ অজ্ঞতা পরিহার করিয়া আমাকে ভ্রমে আমার মূল্য উপস্থিত করিয়াছে; অতএব আপনি ইহাদের এই মৎস্যসকলের বিক্রয় মূল্য সহ আমার মূল্য প্রদান করুন। ৫

তখন নহুষ নিজের পুরোহিতকে বলিলেন,—পুরোহিত ভগবান চ্যবন যে আজ্ঞা করিলেন, তদনুসারে এই পূজ্যপাদ মহর্ষির মূল্যরূপে কৈবর্তগণকে এসহস্র মুদ্রা মূল্য প্রদান করুন। ৬

চ্যবন বলিলেন,—নৃপ! আমি এক রাজার মূল্যের বিক্রয়যোগ্য নহি। আপনি কি আমার এই মূল্যেই বুঝিলেন? আমা

নহুষ উবাচ।

সহস্রাণাং শতং বিপ্র নিবাদেভ্যঃ প্রদীয়তাম্
স্যাদিদং ভগবন্ মূল্যং কিং বাল্পমতঃ ভবান্ ॥ ৮

চ্যবন উবাচ।

নাহং শতসহস্রেণ নিষ্কাণাং পার্থিবর্ষভ।
দীয়তাং সদৃশং মূল্যমস্যাস্তৈঃ সহ চিন্তয় ॥ ৯

নহুষ উবাচ।

কোটিঃ প্রদীয়তাং মূল্যং নিষাদেভ্যঃ পুরোহিত।
অথবাপি নো মূল্যমতো ভূয়ঃ প্রদীয়তাম্ ॥ ১০

চ্যবন উবাচ।

রাজন্ নার্হামাহং কোটিং কৃতো বাপি মহাত্যতে
সদৃশং দীয়তাং মূল্যং ব্রাহ্মণৈঃ সহ চিন্তয় ॥ ১১

নহুষ উবাচ

অর্ধং রাজ্যস্য সপ্রাণং বা নিষাদেভ্যঃ প্রদীয়তাম্
এতন্মূল্যময়ং মন্যে কিং বাল্পমতঃ দ্বিজ ॥ ১২

চ্যবন উবাচ

অর্ধং রাজ্যং সপ্রাণং মূল্যং নার্হান্তি পার্থিব
সদৃশং দীয়তাং মূল্যমুর্ষিভিঃ সহ চিন্ত্যতাম্ ॥ ১৩

ভীষ্ম উবাচ।

মহর্ষের্বচনং শ্রুত্বা নহুষো দুঃখকর্ষিতঃ
স চিন্তয়ামাস তদা সহামাত্যঃপুরোহিতঃ ॥ ১৪
তত্র তুল্যো বনচরঃ কশ্চিন্মূল-ফলাশনঃ
নহুষস্য সমীপস্থো গদিতাভোঽভ্যবর্ত্তত ॥ ১৫
স তমাহাত্ত রাজানমব্রবীদ্ দ্বিজসত্তমঃ।
তোষয়িষ্যাম্যহং ক্ষিপ্রং যথা তুষ্টো ভবিষ্যতি ॥ ১৬
নাহং মিথ্যাবচো ব্রূয়াং স্বৈরেষ্বপি কুতোঽন্যথা
ভবতো যদহং ব্রূয়াং তৎকার্যমবিশঙ্কয়া ॥ ১৭

নহুষ উবাচ

ব্রবীতু ভগবান্ মূল্যং মহর্ষেঃ সদৃশং ভৃগোঃ।
পরিত্রাহ্যথ মামস্মিন্বিষয়ে কুলজ ত্বং ॥ ১৮

যোগ্য মূল্য আপনি প্রদান করুন এবং সেই মূল্য কত দিতে হইবে তাহা আপনি নিজ বুদ্ধির দ্বারাই স্থির করুন। ৭

নহুষ বলিলেন,—ঋষিবর! এই নিষাদদিগকে আপনি এক লক্ষ মুদ্রা প্রদান করুন। পুরোহিতকে এই কথা বলিয়া তিনি মুনিকে প্রশ্ন করিলেন—) ভগবন্! ইহা কি আপনার উচিত মূল্য হইতে পারে? অথবা আপনি আপনার আরও কিছু অধিকমূল্য মনে করেন? ৮

চ্যবন বলিলেন,—নৃপশ্রেষ্ঠ! আপনি আমাকে এক লক্ষমুদ্রার মূল্যেই ক্রীত করিবেন না। আপনি উচিত মূল্য প্রদান করুন। এ বিষয়ে আপনি মন্ত্রিগণের সহিত বিচার-পরামর্শ করুন। ৯

নহুষ বলিলেন,—পুরোহিত! আপনি এই নিষাদগণকে এক কোটি মুদ্রা মূল্যরূপে প্রদান করুন। যদি ইহাতে যথার্থ মূল্য না হয়, তবে আরও অধিক মূল্য দান করুন।

চ্যবন বলিলেন,—মহাতেজস্বী নরেন্দ্র! আমি এককোটি বা তাহা হইতেও অধিক মূল্যে বিক্রয়যোগ্য নহি। তাহা আমার উচিত মূল্য নহে। সেই মূল্যই প্রদান করুন এবং এ বিষয়ে ব্রাহ্মণগণের সহিত পরামর্শ করুন। ১১

নহুষ বলিলেন,—ব্রাহ্মণ! যদি এই কথাই হয়, তবে নিষাদগণকে আমার অর্দ্ধেক রাজ্য বা সম্পূর্ণ রাজ্যই প্রদান করি। ইহাকেই আমি আপনার জন্য উচিত মূল্য বলিয়া মনে করি। আপনি ইহার অতিরিক্ত আর কি মনে করেন? ১২

অর্দ্ধ রাজ্য আপনার আর্হাদি বা সম্পূর্ণ রাজ্যও আমার উচিত মূল্য হইতে পারে না। আপনি যথার্থ মূল্য স্থির করুন এবং যদি এই মূল্য বিষয়ে আপনার চিন্তায় কিছু না হয়, তবে ঋষিগণের সহিত বিচার করুন। ১৩

ভীষ্ম বলিলেন, যুধিষ্ঠির! মহর্ষির এই বাক্য শ্রবণ করিয়া রাজা নহুষ দুঃখে কাতর হইয়া উঠিলেন এবং মন্ত্রী ও পুরোহিতের সহিত এ বিষয়ে বিচার করিতে লাগিলেন। ১৪

এই সময়ে বন্য-মূল ভোজনকারী অন্য এক বনবাসী মুনি সেস্থানে আসিলেন। তিনি যোগ বলে উহা হইতে জানগ্রহণ করিয়াছিলেন। সেই দ্বিজশ্রেষ্ঠ রাজা নহুষের নিকটে উপস্থিত হইয়া সেই রাজাকে সম্বোধন করত বলিলেন—। ১৫।

রাজন্! এই মুনি কাহার দ্বারা (কোন মূল্যে) সন্তুষ্ট হইবেন, তাহা আমি জানি। আমি ইহাকে সত্বর সন্তুষ্ট করিব। আমি কখনও হাস্য-পরিহাস ছলেও মিথ্যা কথা বলি না, সুতরাং এই সম্বন্ধে কিভাবে মিথ্যা কথা বলিতে পারি? আমি আপনাকে যাহা কিছু বলিব, তাহা আপনি নির্ভয়ে পালন করুন। ১৬-১৭

নহুষ বলিলেন,—ভগবন্! আপনি আমাকে ভৃগুপুত্র মহর্ষি-চ্যবনের বিক্রয়যোগ্য উচিত মূল্য বলুন এবং ইহা নির্ণয় করিয়া আমাকে আমার মূলকে ও আমার সম্পূর্ণ রাজ্যকে সঙ্কট হইতে উদ্ধার করুন। ১৮

ভস্মাদ্ভি ভগবান্ ক্রুদ্ধস্ত্রৈলোক্যমপি কেবলম্।
কিং পুনর্মাং তপোহীনং বাহুবীর্যোপরাকৃতম্ ॥ ১৯
অস্মাবাস্তনি মন্ত্রস্য সংমার্জ্যস্য সমন্বিতঃ।
প্রণবো ভব মহর্ষে ত্বং কুরু মূল্যবিনিশ্চয়ম্ ॥ ২০

ভীষ্ম উবাচ।

নহুষস্য বচঃ শ্রুত্বা গবিজাতঃ প্রতাপবান্।
উবাচ হর্ষয়ন্ সর্বানমাত্যান্ পার্থিবস্য তম্ ॥ ২১
(ব্রাহ্মণানাং গবাং চৈব কুলমেকং দ্বিধা কৃতম্।
একত্র মন্ত্রাস্তিষ্ঠন্তি হবিরন্যত্র তিষ্ঠতি।)
অনর্ঘেয়া মহারাজ দ্বিজা বর্ণেষু চোত্তমাঃ।
গাবশ্চ পুরুষব্যাঘ্র সৌম্যুলা পরিকল্পিতাঃ ॥ ২২
নহুষস্তু ততঃ শ্রুত্বা মহর্ষের্ভবনং নৃপ।
হর্ষেণ মহতা যুক্তঃ সমামাত্যপুরোহিতঃ ॥ ২৩

এই ভগবান্ চ্যবনমুনি যদি কুপিত হন, তাহা হইলে তিনি তিন লোকেরই ভস্ম করিতে পারেন; সেখানে আমার ন্যায় তপোবলহীন কেবল বাহুবলশালী নরেন্দ্রকে নষ্ট করা ইহার পক্ষে আর কি অধিক বিষম হইতে পারে? ১৯

মহর্ষে! আমি নিজের মন্ত্রিগণ ও পুরোহিতের সহিত নতমস্তকে আপনার মহাশ্রমে নিয়ত হইতেছি। আপনি লৌকা-বরণ করিয়া আমাকে পরিত্রাণ করুন। ইহার যোগ্য মূল্য নির্ণয় করিয়া দিন। ২০

ভীষ্ম বলিলেন,—রাজন্! নহুষের এই কথা শ্রবণ করিয়া গো-সমূহ হইতে উৎপন্ন সেই প্রতাপশালী মহর্ষি হাস্য ও তাঁহার সমস্ত মন্ত্রিমণ্ডলীকে আনন্দিত করিতে করিতে বলিলেন—। ২১

(মহারাজ! ব্রাহ্মণগণের ও গোসকলের মূল এক; তবে সেই মূলকে দুই ভাগে বিভক্ত করা হইয়াছে। তাহার মধ্যে একমূলে (ব্রাহ্মণকুলে) মন্ত্র থাকেন এবং অন্যমূলে (গোমূলে) হবিঃ থাকেন।) পুরুষশ্রেষ্ঠ! ব্রাহ্মণগণ সমস্ত বর্ণের মধ্যে উত্তম। তাঁহাদের এবং গোগণের কোনও মূল্যই নির্ণয় করিবার যোগ্য নহে। অতএব আপনি ইঁহার মূল্যরূপে একটি গো-প্রদান করুন। ২২

হে নৃপ! মহর্ষির এই কথা শ্রবণ করিয়া মন্ত্রী ও পুরোহিতসহ রাজা নহুষ অত্যন্ত হৃষ্ট হইলেন। ২৩

অত্রিগমঃ ভৃগোঃ পুত্রঃ চ্যবনঃ সংশিতব্রতঃ।
ইমং প্রোবাচ নৃপতে বাচা সম্পরিহর্ষয়ন্ ॥ ২৪

নহুষ উবাচ।

উত্তিষ্ঠোত্তিষ্ঠ বিপ্রর্ষে গবা ক্রীতোঽসি ভার্গব।
এষ মূল্যময়ং রাজ্ঞ ত্বয় ধর্মকৃতাং বর ॥ ২৫

চ্যবন উবাচ

উত্তিষ্ঠাম্যেষ রাজেন্দ্র সম্যক্ কৃতোঽস্মি তেঽনঘ।
গোভিস্তুল্যা ন পশ্যামি ধনং ত্রিভিরিহাচ্যুত ॥ ২৬
কীর্তনং শ্রবণং দানং দর্শনং চাপি পার্থিব।
গবাং প্রশস্যতে বীর সর্বপাপহরং শিবম্ ॥ ২৭
গাবো লক্ষ্মীঃ সদা মূলং গোষু পাপ্মা ন বিদ্যতে।
অন্নমেব সদা গাবো দেবানাং পরমং হবিঃ ॥ ২৮
ব্রাহ্মণেষ্ব চ যদ্যচ্চ্রেয়ো গোষু নিত্যং প্রতিষ্ঠিতম্।
গাবো যজ্ঞস্য যোনিশ্চ তস্মাদ্ যজ্ঞেষু তা মৃতাঃ ॥ ২৯

নৃপতে! 'তুমি আমাদের রক্ষণাবেক্ষণকারী বৃত্তপুত্র মহর্ষি চ্যবনের নিকট গমন করিয়া তাঁহাকে নিজের বাক্যের দ্বারা যেন তুষ্ট করিতে করিতে বলিলেন ২৪

নহুষ বলিলেন,—ব্রহ্মাণ্ডগণের মধ্যে শ্রেষ্ঠ ভৃগুবর! কৃতজ্ঞ আমি একটি গো দিয়া আপনাকে ক্রয় করিয়াছি অতএব আপনি উঠুন আমি ইঁহাকেই আপনার উচিত মূল্য বলিয়া মনে করি। ২৫

চ্যবন বলিলেন, নিষ্পাপ রাজেন্দ্র! আমি এখন উঠিতেছি আপনি উচিত মূল্য দিয়া আমাকে ক্রয় করিয়াছেন। বীর মহারাজ! হইতে অবিচ্যুত নহেন। আমি এ জগতে গোর সমান অন্য কোনও ধন দেখিতে পাই না। ২৬

বীর কৃপাল! গোর নাম ও গুণকীর্তন এবং শ্রবণ করা, গো দান করা ও গো-দর্শন করা এই সকল শাস্ত্রে প্রশংসিত হইয়াছে; এই সব কার্য্য সমস্ত পাপ হরণ করিয়া পরমমঙ্গল প্রাপ্তি করায়। ২৭

গোসকল সর্ব্বদা লক্ষ্মীর মূল ইঁহাদের মধ্যে পাপের গো বাস নাই। গো-গণই যজ্ঞকারিগণকে সদা অন্ন এবং দেবতাদিগকে সদা হবিঃ প্রদান করেন। ২৮

যাগ ও যজ্ঞকর্ত্তা সর্ব্বদা গো-গণেই প্রতিষ্ঠিত থাকে। গো সকলই যজ্ঞের সকলের কারণ ও তাঁহার মূল ২৯

অমৃতং ক্ষরয়ং দিব্যং ক্ষরন্তি চ বহন্তি চ
অমৃতাভনা চৈতাঃ সর্বলোকনমস্কৃতাঃ ॥ ৩০

তেজসা বপুষা চৈব গাবো বহ্নিসমা ভুবি
গাবো হি পুনরং তেজঃ প্রাণিনাঞ্চ সুখপ্রদাঃ ॥ ৩১

নিত্যিষ্টাং গোকুলং যত্র শ্বাসং মুঞ্চতি নির্ভয়ম্ ।
বিরাজয়তি তং দেশং পাপং চাস্যাপকর্ষতি ॥ ৩২

গাবঃ স্বর্গস্য সোপানং গাবঃ স্বর্গেঽপি পূজিতাঃ ।
গাবঃ কামদুহো দেব্যো নাতঃ কিঞ্চিৎ পরা স্মৃতম্ ॥৩৩

উত্তোত্তম্ গোষু যে প্রোক্তং মাহাত্ম্যং তত্তত্ত্বতঃ ।
শুণৈকদেশবচনা শক্যা পারায়ণং ন তু ॥ ৩৪

নিষাদা উচুঃ ।

বর্ণনা কথনা চৈব সদাস্মাভিঃ কৃতং মুনে
সন্তাঃ সাধুজনঃ শৈত্র প্রসাদং নঃ কুরু প্রভো ॥ ৩৫

ধর্মাত্মা কথিতা চৈব ত্বয়াস্মাভিঃ কৃতং মুনে
সন্তাঃ সাধুজনঃ শৈত্র প্রসাদং নঃ কুরু প্রভো ॥ ৩৬

ইত্যুক্তবতি তেষাং তু নিষাদানাং মহাত্মনাম্ ।
ভীষ্মঃ প্রোবাচ ধর্মাত্মা ধর্মপুত্রং যুধিষ্ঠিরম্ ॥ ৩৭

ভীষ্ম উবাচ

শৃণুষ্বৈতদ্ যথা রাজন্ ঋষয়ো ধর্মকোবিদাঃ ।
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যা ধর্মং পপ্রচ্ছুরুত্তমম্ ॥ ৩৮

ধর্মাত্মা কথিতা চৈব ত্বয়াস্মাভিঃ কৃতং মুনে
সন্তাঃ সাধুজনঃ শৈত্র প্রসাদং নঃ কুরু প্রভো ॥ ৩৯

ইত্যুক্তবতি তেষাং তু নিষাদানাং মহাত্মনাম্ ।
ভীষ্মঃ প্রোবাচ ধর্মাত্মা ধর্মপুত্রং যুধিষ্ঠিরম্ ॥ ৪০

ভীষ্ম উবাচ

শৃণুষ্বৈতদ্ যথা রাজন্ ঋষয়ো ধর্মকোবিদাঃ ।
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যা ধর্মং পপ্রচ্ছুরুত্তমম্ ॥ ৪১

যাঁহারা বিশুদ্ধমনস্ক হিয়া অমৃত ক্ষরণ করেন এবং যোহন করিলে পর অমৃতই ক্ষরণ করেন ইঁহারা অমৃতের আধার। সম্পূর্ণ লোকসমূহ ইঁহাদের নমস্কার করে ॥ ৩০

পৃথিবীতে গোগণ নিজেদের তেজ ও কান্তিতে অগ্নির সমান। গোসকল অগ্নিসম তেজের হেতু এবং সমস্ত প্রাণিগণকে সুখদান করেন ॥ ৩১

গোসমূহ যেস্থানে উপবিষ্ট থাকিয়া নির্ভয়ে শ্বাস ত্যাগ করেন, সেস্থানের তাঁহারা লোকাবর্জন করিয়া থাকেন এবং সেস্থানের সমস্ত পাপ আকর্ষণ করেন ॥ ৩২

গোগণ স্বর্গের সোপান গোসকল স্বর্গেও পূজিত হন। গোগণ সমস্ত কামনাপূর্ণকারিণী দেবী। ইহাদের অপেক্ষা শ্রেষ্ঠ অন্য আর কিছু নাই বলিয়া কথিত হয় ॥ ৩৩

ভরতশ্রেষ্ঠ! এই আমি গোসকলের মাহাত্ম্য বর্ণনা করিলাম। ইহার দ্বারা আমি ঔহাদের গুণসমূহের দিগ্‌দর্শন মাত্র করাইলাম। গোগণের সমস্ত গুণসমূহের বর্ণনা কেহই করিতে পারেন না ॥ ৩৪

(ঈহার পর) নিষাদগণ বলিল,—মুনে! সজ্জনগণের সহিত মাত্র দশ গমন করিলেই মিত্রতা স্থাপিত হয়। আমরা আপনাকে বর্ণন করিয়াছি এবং আমাদের সহিত আপনি এ যাবৎকাল কথাবার্তাও বলিয়াছেন, প্রভো! অতএব আপনি আমাদের প্রতি কৃপা করুন ॥ ৩৫

ধর্মাত্মা! আপনি ধর্মজ্ঞ ঋষিদের সম্পূর্ণ ব্যবিষয়ক ঔপদেশ করিয়া থাকেন, হেইকণ আপনিও আমাদের দোষ-দুর্বলসমূহের ক্ষমতাই প্রভাবশালী অভিবরণ ॥ ৩৬

বিষন! আমরা আপনাকে প্রণাম করিয়া আপনার প্রসন্নতা-বিধান করিতেছি। আমাদের উপর অনুগ্রহ করিবার জন্য এই গো আপনি গ্রহণ করুন ॥ ৩৭

(অন্যান্য আপনে নিষাদ ভীষ্মগণের উদ্ধারকারী পুরুষের যে উত্তম গতি লাভ হয়, তাহা আপনি জানেন। আমরা নরকে নিমজ্জিত রহিয়াছি, আজ আপনি আমাদের শরণদান করুন।)

চ্যবন বলিলেন, নিষাদগণ! কোন দীন-দুঃখীর, ব্যক্তির ও বিষয়ে সর্গের দোষপূর্ণ দৃষ্টি যতক্ষণে দেইতাবে বলসহ হয় করিয়া থাকে, যেরূপ প্রজলিত অগ্নি শুষ্ক তৃণকাষ্ঠাদিকে দগ্ধ করে ॥ ৩৮

কৈবর্তগণ! আমি তোমাদের প্রভু এই গো গ্রহণ করিলাম। এই গোদানের প্রভাবে তোমরা পাপমুক্ত হইয়া যাইবে। এখন তোমরা এই গুণবান্ মৎস্যগণের সহিত সমস্ত স্বর্গলোকে গমন কর ॥ ৩৯

ভীষ্ম বলিলেন,—ভারত! তদনন্তর বিভুর অনুজ্ঞাক্রমে বিশিষ্ট সেই মহর্ষি চ্যবন পূর্বোক্ত বাক্য বলিয়াই তাঁহার প্রভাবে সেই কৈবর্তগণ মৎস্যকুলের সহিত স্বর্গলোকে গমন করিল ॥ ৪০

ততঃ স রাজা নহুষো বিস্মিতঃ প্রেক্ষ্য বীর্যবান্।
আহোহমাগাদ্রিতি মৎস্যাংস্তে ভরতর্ষভ ॥ ৪১
ততস্তৌ দদিজস্তৈব চ্যবনস্য তৃগূদ্বহঃ।
বরাভ্যামভ্যুপাত্যাং হৃদয়ামাসতুর্নৃপম্ ॥৪২
ততো রাজা মহাবীর্য্যো নহুষঃ পৃথিবীপতিঃ।
পরমিত্যব্রবীৎ প্রীতস্তদা ভরতসত্তম ॥ ৪৩
ততো জগ্রাহ বর্ষে স স্তিতিমিন্তনিতো নৃপঃ
তথেতি চোদিতঃ প্রীতস্তাবুভৌ প্রত্যপূজয়ৎ ॥ ৪৪
সমাপ্তদীক্ষ্যাবনতস্তোঽগচ্ছৎ স্বমাশ্রমম্
গবিজস্ত মহাতেজাঃ স্বমাশ্রমপরং যযৌ ॥ ৪৫

নিবাদাংস্ত দিবং গচ্ছন্তে চ মৎস্যা ভবানিব
নহুষোঽপি বরং লব্ধ্বা প্রবিবেশ পুরং পুরম্ ॥ ৪৬
এতত্তে কথিতং তাত যন্মাং ত্বং পরিপৃচ্ছসি।
দর্শনে যাদৃশঃ স্নেহঃ সাবাসে বা বৃধিষ্ঠির ॥ ৪৭
মহাভাগ্যং গবাং চৈব তথা ধর্মবিনিশ্চয়ম্।
কিং ভূয়ঃ কথয়াতা বীর কিং তে প্রতি বিবক্ষিতম্ ॥৪৮

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি চ্যবনোপাখ্যানে
একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥ ৫১

ভরতশ্রেষ্ঠ! সেই সময় সেই বীরত্ব ও মৎস্যগণকে স্বর্গলোকের দিকে গমন করিতে দেখিয়া রাজা নহুষ অত্যন্ত বিস্মিত হইলেন ॥ ৪১

তাহার পর দুই হইতে উৎপন্ন মহর্ষি এবং তৃণধ্বজ চ্যবন উভয়েই রাজা নহুষকে ইচ্ছানুসারে বর প্রার্থনা করিতে বলিলেন ॥ ৪২

ক্রোশন্তা পতি-পুত্রাণাং মৃতোঽসৌ ন চ জীবতি ৩১
অরক্ষিতারং হর্তারং বিলোপ্তারমনায়কম্।
তম্ বৈ রাজকলিং বিদ্যাঃ প্রজাঃ সন্নহ্য নির্ঘৃণম্। ৩২

কর্তব্য হইল—তিনি কৃষিত্রের ধন গ্রহণ করিবেন না এবং প্রকৃত ভোগ-সামগ্রী তাহাকে প্রদান করিবেন ও সৎপুরুষগণকে ক্ষুধা কষ্ট পাইতে দিবেন না। ২৬

যাঁহাদের খালিই তোজনের জন্য বালকগণ লোলুপ দৃষ্টিতে দেখিতে থাকে এবং তাহারা সেই অন্ন তোজনের জন্য ন্যায়তঃ লাভে প্রাপ্ত না হইবে, তাঁহাদের ইহা অপেক্ষা আর কি অধিক পাপ হইতে পারে? ২৭

রাজন্! যদি তোমার রাজ্যে কোন বিদ্বান্ ব্রাহ্মণ ক্ষুধা কষ্ট পাইতে থাকেন, তবে তোমার ভ্রূণহত্যার পাপ হইবে এবং কোন মহাপাপ করিলে যজ্ঞের যে দুর্গতি হয়, সেই দুর্গতি তোমার হইবে। ২৮

রাজা শিবি বলিয়াছেন—যাঁহার রাজ্যে ব্রাহ্মণ বা অন্য কোন মানুষ ক্ষুধায় পীড়িত হইয়া অবসন্ন হন, সেই রাজার জীবনে ধিক্। ২৯

যে রাজার রাজ্যে স্নাতক ব্রাহ্মণ ক্ষুধায় কষ্ট ভোগ করেন তাঁহার রাজ্যের উন্নতি বন্ধ হইয়া যায় এবং সেই সঙ্গে তাঁহার রাজ্যে পঞ্চত্বের চলিয়া যায়। ৩০

যাঁহার রাজ্যে রুদ্ধস্বরে ঔদনের বলপূর্বক অপহরণ করা হয় এবং তাহাদের পতি-পুত্রগণ রোদন করিতে থাকে, তিনি রাজা নন, মৃত অর্থাৎ তিনি জীবিত থাকিয়াও মৃতের সমান। ৩১

যিনি প্রজাগণকে রক্ষা করেন না, কেবল তাহাদের ধন অপহরণ করেন এবং যাহার নিকটে নেতৃত্ব দিবার মত কোন ব্যক্তি নাই, তিনি রাজা নন, কলিযুগ। সমস্ত প্রজাগণের কর্তব্য হইবে তাহারা এরূপ নির্দয় রাজাকে বধ করিয়া বিনাশ করিবেন। ৩২

অহো যো রক্ষিতেত্যুক্ত্বা যো ন রক্ষতি ভূমিপঃ
স সংহত্য নিহন্তব্যঃ শ্বেব সোন্মাদ আতুরঃ। ৩৩
পাপং কুর্বন্তি যং কিঞ্চিৎ প্রজা রাজ্ঞা সুরক্ষিতাঃ
চতুর্থং তস্য পাপস্য রাজা বিন্দতি ভারত। ৩৪
অথাহুঃ সর্বমেবৈতি ভূয়োঽর্ধমিতি নিশ্চয়ঃ
চতুর্থং তত্তথাকার মনোঃ প্রজ্ঞানুশাসনম্। ৩৫
শুভং বা যদ্যদ্ কুর্বন্তি প্রজা রাজ্ঞা সুরক্ষিতাঃ।
চতুর্থং তস্য পুণ্যস্য রাজা চাপ্নোতি ভারত। ৩৬
ভীষ্ম উবাচ
ভবন্ত্যত্র শ্লোকা ইমে প্রজাঃ সর্বা যুধিষ্ঠির
পর্জন্যমিব ভূতানি মহাদ্রুমমিবাণ্ডগাঃ। ৩৭
কুবেরমিব রক্ষাংসি শক্রমূর্ত্তমিবামরাঃ
আদিত্যমিব চাদিত্যা ভবন্তি পরন্তপ। ৩৮

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি একষষ্টিতমোঽধ্যায়ঃ। ৬১।

যে রাজা প্রজাপালনে এই কথা বলিয়া 'আমি তোমাদের রক্ষা করিব' পরে তাহাদের রক্ষা করেন না, সেই রাজা উন্মত্ত ও রোগী কুক্কুরের ন্যায় সকলের দ্বারা বধ করিবার যোগ্য। ৩৩

অরক্ষিতগণ। রাজার দ্বারা অরক্ষিত হইয়া প্রজারা যাহা কিছু পাপ কার্য্য করে, সেই পাপের এক চতুর্থাংশ ভাগ রাজাকেও হইয়া থাকে। ৩৪

অনেকে বলেন যে, সমস্ত পাপ রাজারই হয়। অপরে এই নিশ্চয় করেন যে, রাজা অর্দ্ধপাপভাগী হন। কিন্তু মনুর উপদেশ শুনিয়া আমার এই অভিমত হইল যে, রাজার এক চতুর্থাংশ পাপ হয়। ৩৫

রক্ষিত। রাজার দ্বারা সর্ব্বতোভাবে সুরক্ষিত হইয়া প্রজারা যে সব শুভ কার্য্য করেন, তাহাদের সেই পুণ্যের চতুর্থ ভাগ রাজা প্রাপ্ত হন। ৩৬

পরন্তপ যুধিষ্ঠির! যেরূপ মেঘ সকল প্রাণী যেরূপ আশ্রয়ে জীবন ধারণ করে, যেরূপ পক্ষীরা বড় বড় বৃক্ষকে আশ্রয় করিয়া বাস করে, যেরূপ রাক্ষসগণ কুবেরকে এবং দেবতারা ইন্দ্রকে আশ্রয় করিয়া জীবন ধারণ করেন, সেইরূপ তুমি জীবিত লাভিতে সমস্ত প্রজাগণ তোমাকেই অবলম্বন করিয়া জীবিকা অর্জ্জন করিবে এবং তোমার বন্ধু ও জ্ঞাতিবর্গও তোমারই আশ্রয়ে থাকিয়া জীবন নির্ব্বাহ করিবে। ৩৭-৩৮

শ্রীবেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে একষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

॥ দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥

[সর্ব্বেষু দানেষু শ্রেষ্ঠতা ভূমিদানস্য মহত্ত্বকথনম্, তদ্বিষয়ে ইন্দ্রস্য বৃহস্পতেশ্চ সংবাদবর্ণনম্।]

যুধিষ্ঠির উবাচ
ইমং মেঘমিব দেবিকীয়ঃ প্রতিগ্রাহয়তাং।
বহবেরাহ্ত রাজানঃ কিংস্বিদ্ দানমনুত্তমম্। ১
ভীষ্ম উবাচ
অভিদ্যানানি সর্বাণি পৃথিবীদানমুচ্যতে।

অচলা হ্যচলা ভূমির্দোগ্ধ্রী কামানিহোত্তমান্। ২
যোদ্ধৃ বাসাংসি রত্নানি পশূন্ ক্ষীরবতস্তথা।
ভূমিঃ সর্বকৃতেষু শাশ্বতীরেষতে সমাঃ। ৩
যাবন্ত ভূমেরাভূমির্ যাবদ্ ভূমির এজতে।
ন ভূমিদানাদন্যত্তীহ পরং কিঞ্চিদ্ যুধিষ্ঠির। ৪

দ্বিষষ্টিতম অধ্যায়।

[সব দান হইতে শ্রেষ্ঠ ভূমিদানের মহত্ত্ব কথন এবং এ বিষয়ে ইন্দ্র ও বৃহস্পতির সংবাদ বর্ণন।]

যুধিষ্ঠির বলিলেন,—পিতামহ! 'ইহা দেওয়া উচিত, ইহা দেওয়া উচিত' এই কথা বলিয়া এই প্রতি অভিলষিত আধারের সহিত দানের বিধান করিয়াছেন এবং গাভীর দানের পক্ষে বহু কিছু দান করিবার কথা বলা হইয়াছে, কিন্তু আমি জানিতে অভিলাষী হইয়াছি যে, সব দানের মধ্যে কোন্ দান সর্ব্বোত্তম?

ভীষ্ম বলিলেন,—পুত্র! সব দান হইতে ভূমিদান সর্ব্বোত্তম বলিয়া কথিত হয়। এই ভূমি অচল ও অক্ষয়। ইনি এ জগতে সমস্ত উত্তম ভোগসমূহ প্রদান করেন॥ ২

ধন, রত্ন, পশু ও দান-যোগ্য নানাপ্রকারের অন্ন—এই সমস্ত প্রদান করে পৃথিবী। অতএব পৃথিবী (ভূমি)-দানকারী মানব সজ্ঞানে সমস্ত প্রাণিগণের মধ্যে সর্ব্বাপেক্ষা অধিক শক্তিসম্পন্ন হন। ৩

এ জগতে যতকাল পৃথিবীর আয়ু, ততকাল ভূমিদানকারী

অপ্যাহুঃ প্রহুঃ সর্বে পৃথিব্যা ইতি নঃ শ্রুতম্
ভূমিমেব দহুঃ সর্বে ভূমিঃ তে ভুঞ্জতে জনাঃ ॥৫
যকৈশ্চৈবোপজীবন্তি নরা উর পরত্র চ।
ভূমির্দুর্ভির্হরেদেবী দাতারং ভূরকৃতে প্রিয়ম্ ॥ ৬
য এতাঃ দক্ষিণাঃ দত্ত্বাধ্বরুয়াঃ রাজসত্তম।
পুনর্দদ্যাৎ সম্প্রাপ্য ভবেৎ স পৃথিবীপতিঃ ॥ ৭
যথা দানা তথা ভোগ ইতি ধর্মেষু নিশ্চয়ঃ
সংগ্রামে বা তনুং ত্যক্ত্বা দত্ত্বাচ্চ পৃথিবীমিমাম্ ॥ ৮
ইত্যেতৎ ক্ষত্রবন্ধূনাং বসুনি পরমা প্রিয়ম্।
পুনাতি দত্ত্বা পৃথিবী দাতারমিতি শুশ্রুম ॥ ৯
অপি পাপসমাচারং ব্রহ্মঘ্নমপি চানৃতম্।
সৈব পাপাৎ প্লাবয়তি সৈব পাপাৎ প্রমোচয়েৎ ॥ ১০
অপি পাপকৃতাং রাজ্ঞাং প্রতিগৃহ্নন্তি সাধবঃ।
পৃথিব্যাঃ নাস্তি কিঞ্চিত্তি পাবনং জননী যথা ॥ ১১
নামসাম্নাঃ প্রিয়ত্বেতি শুশ্রুম জ্যেষ্ঠ্যাঃ সনাতনম্
দানাং বাপ্যথবাঽঽহুর্দানাং নামাস্যাঃ প্রথমং প্রিয়ম্ ॥ ১২
ত এতাং বিত্তমে দত্ত্বাং পৃথিবীং পৃথিবীপতিঃ
পৃথিব্যামেতদিষ্টং স রাজা রাজসিত্তমো ব্রহ্মে ॥ ১৩
পুনস্তাসো ভবিং প্রাপ্য রাজবং স্বাস্ত সংসদঃ।
তস্মাৎ প্রাপ্যৈব পৃথিবীং দত্ত্বাং বিপ্রায় পার্থিবঃ ॥ ১৪
নাস্তুমিপতিনা ভূমিরবিদ্বেষ্টা তথাজন
ন চাপায়েন বা ত্রাহ্মা দত্তমানে ন চাচরেৎ ॥ ১৫
যে চাস্তে ভূমিমিচ্ছেয়ুঃ কুর্যুরেবং ন সংশয়ঃ।
যঃ সাধোর্ভূমিমাদত্তে ন ভূমিং বিন্দতে তু সঃ ॥ ১৬
ভূমিং দত্ত্বা স সাধুভ্যো বিন্দতে ভূমিমুত্তমাম্।
প্রেত্য চেহ চ ধর্মাত্মা সম্প্রাপ্নোতি মহদ্ যশঃ ॥ ১৭

রাজন্য নরশ্রেষ্ঠগণ ইহাতে সুখ ভোগ করেন। অতএব এ জগতে ভূমিদান হইতে শ্রেষ্ঠ দান আর কিছুই নাই। ৪

আমরা শুনিয়াছি যে, যে সব রাজন্য অতি অল্পও ভূমি দান করে, সেই সব রাজন্য ভূমিদানের পূর্ব ফল প্রাপ্ত হইয়া তাহা উপভোগ করিয়া থাকে। ৫

মনুষ্যগণ ইহলোক ও পরলোকে নিজেদের কর্মানুসারেই জীবননির্বাহ করে। ভূমি ঐশ্বর্যাকাঙ্ক্ষা দেবাদেবী। তিনি দাতাকে নিজের প্রিয় করিয়া থাকেন। ৬

নৃপশ্রেষ্ঠ! যে ব্যক্তি এই অক্ষয় ভূমি দান করেন, তিনি পর জন্মে মনুষ্যত্ব লাভ করত পৃথিবীপতি হইয়া থাকেন।৭

ধর্মশাস্ত্রের সিদ্ধান্ত এই যে, যেরূপ দান করা হয়, সেইরূপ ভোগই লাভ হইয়া থাকে। যুদ্ধে দেহত্যাগ করা এবং এই পৃথিবী দান করা—এই উভয় কার্য ক্ষত্রিয়ের উত্তম লোকপ্রাপ্তিকারক।৮-৯

প্রেতা ভূমি দাতাকে পবিত্র করেন, ইহা আমরা শুনিয়াছি। বস্তু বহুই পাপাচারী, ব্রহ্মহত্যাকারী ও অসত্যবাদী হউক না কেন, ভূমি দান করিলে সেই ভূমি দাতার পাপ হইতে উদ্ধার করেন এবং দাতাকে পাপমুক্ত করিয়া থাকেন। ৯-১০

সৎপুরুষগণও পাপকারী রাজাদের প্রদত্ত ভূমি দান গ্রহণ করিয়া থাকেন, কিন্তু অন্য কোন দান তাঁহারা গ্রহণ করিতে ইচ্ছুক হন না। পৃথিবী সেইরূপ পাবন বস্তু, যেরূপ মাতা।। ১১

এই পৃথিবী দেবীর সনাতন গোপনীয় নাম হইল 'প্রিয়বতী' ইহার দান ও গ্রহণ এই উভয়ই দাতা ও গ্রহীতার প্রিয় সেইজন্য ইহার এই প্রথম নাম সকলেরই প্রিয়। ১২

যে পৃথিবীপতি নিয়ম রাহ্মণগণকে এই পৃথিবী দান করেন, সেই রাজা এই দানের প্রভাবে পুনরায় রাজা লাভ করেন কৃষ্ণগণে এই পৃথিবী দান সকলেরই প্রিয়।

ভূমিদাতা পুনর্বার লাভ করত রাজা হন—ইহাতে কোনও সংশয় নাই। অতএব রাজার কর্তব্য হইল—তিনি পৃথিবীর উপর আধিপত্য পাইয়াই উহার মধ্যে কিছু অংশ ব্রাহ্মণকে দান করিবেন। ১৩

যে ব্যক্তি যে ভূমির স্বামী নয়, তাহাকে সেই ভূমির উপর কোনরূপেই অধিকার স্থাপন করা উচিত নয় এবং অযোগ্য পাত্রের দ্বারা ভূমি গ্রহণ করাও উচিত নয়। যে ভূমিকে দান করা হইয়া গিয়াছে, ইহাকে নিজের উপভোগে আর ব্যবহার করিবে না। ১৪

অন্য যে সব ব্যক্তিগণও পর জন্মে ভূমি লাভের বাসনা করিবে, তাহাদেরও এই জন্মেই এইভাবে ভূমিদান করা কর্তব্য

ইহাতে কোনও সংশয় নাই। যে ব্যক্তি ছলে বলে কোন সৎপুরুষের ভূমি অপহরণ করে, তাহার আর ভূমি লাভ হয় না। ১৬

সৎপুরুষগণকে ভূমিদান করিলে পর দাতার উত্তম ভূমি প্রাপ্তি হয় এবং সেই কর্মাত্মা পুরুষ ইহলোক ও পরলোকেও মহৎ যশ লাভ করিয়া থাকেন। ১৭

(একাগ্রাহকরী দত্ত্বা ষষ্টিনাবপ্রযুজ্যতে: ।
ভাবত্যা বরণে পৃথ্যা নরকং বিন্দতোত্তমম্ ॥)
যস্য বিপ্রাস্তু সংসিদ্ধি সাংযোড়ুর্মিং সবৈব হি
ন তস্য শত্রবো রাজন্ প্রশংসন্তি বসুন্ধরাম্ ॥ ১৮
যৎ কিঞ্চিৎ পুরুষং পাপং কুরুতে বৃত্তিকর্ষিতঃ ।
অপি গোচর্মমাত্রেণ ভূমিদানেন পূয়তে ॥ ১৯
যেঽপি সাংকীর্ণকরাণো রাজানো রৌদ্রকর্মিণঃ
তেষাং পবিত্রমাখ্যেয়ং ভূমিদানমনুত্তমম্ ॥ ২০
অল্পাক্ষরমিদং অথং পুরাণা মেনিরে জনাঃ ।
যো বজেতাশ্বমেধেন দত্ত্বাং বা সাধবে মহীম্ ॥ ২১
অপি চেৎ সুকৃতং কৃত্বা শতেরন্নপি পণ্ডিতাঃ ।
অনন্ত্যমেকমেবৈতদ ভূমিদানমনুত্তমম্ ॥ ২২
সুবর্ণা রত্নতঃ বস্ত্রং মণি-মুক্তা-বসুন্ধরা ৮

সর্বমেতদ্বরাপ্রাপ্তো দদাতি বসুধাং যথং ॥ ২৩
তপো যজ্ঞঃ ক্রতা শীলমলোভঃ সত্যমন্তত্তা
গুরু-দৈবতপূজা চ এতা বর্তন্তি ভূমিদম্ ॥ ২৪
তস্মাৎ নিঃশ্রেয়সে যুক্তাস্তাত্মানো যথে রতাঃ
ব্রহ্মলোকগতাঃ নিত্যা নাস্তিক্রামন্তি ভূমিদম্ ॥ ২৫
যথা জননী বা পুত্রা ভৌরণ ভরতে সদা
অনুগৃহ্ণাতি ধাত্রাত্মা তথা সর্বংসহা ভূঃ ॥ ২৬
মৃত্তায়ৈ ক্ষিতয়ো দত্তাস্তয়া যজ্ঞিঃ সুদাক্ষণঃ ।
ঘোরাচ্চ দারুণাঃ পাপা মোপসর্পন্তি ভূমিদম্ ॥ ২৭
পিতৃ:ন্ পিতৃলোকস্থান্ দেবলোকাচ্চ দেবতাঃ ।
সন্তর্পয়তি ধাত্রাত্মা যো দদাতি বসুন্ধরাম্ ॥ ২৮
কৃষায় প্রিয়মাণায় বৃত্তিস্ত্রানায় শীমতে
ভূমিং বৃত্তিকরীং দত্ত্বা সত্রী ভবতি মানবঃ ॥ ২৯

অত্যন্ত বৃদ্ধিমান্ যে পুরুষ ভূমিদান করেন, তিনি পূর্ণ, রৌপ্য, বস্ত্র, মণি, মুক্ত ও রত্ন এ সমস্ত দান করিয়া থাকেন অর্থাৎ তিনি এ সমস্ত দানেরও ফল লাভ করেন ॥ ২০

ভূমিদানকারী মানুষের তপ, যজ্ঞ, বিদ্যা, শ্রদ্ধালতা, লোভের অভাব, সত্যবাদিতা, গুরুশুশ্রূষা ও দেবারাধন—এই সমস্তের ফলপ্রাপ্ত হন ॥ ২৪

যে সব ব্যক্তি নিজের পুরুষ কল্যাণ করিবার জন্য মনঃসমাধি নিজে হইয়া দেবতাগণ করেন এবং যাঁহারা নিজ হইয়া ব্রহ্মলোকে গমন করিয়াছেন ইঁহারাও ভূমিদানকারী পুরুষকে অতিক্রম করিয়া আর অগ্রসর হইতে পারেন না ॥ ২৫

যেরূপ মাতা নিজের পুত্রকে দুগ্ধ পান করাইয়া পালন-পোষণ করেন, সেইরূপ পৃথিবী সকলকে ভারের মতন ভূমিদাতাকে উপর অগ্রসর করিয়া থাকেন ॥ ২৬

কাল তাহার প্রেরিত মৃত্যু, রুদ্র, ভয়ংকর, দারুণ আধি ও অন্যান্য ভয়ের পাশ—ইহারা ভূমিদানকারী পুরুষকে স্পর্শ করিতেও পারে না ॥ ২৭

যাঁহারা ভূমি দান করেন, সেই দাতৃচিত্ত পুরুষগণ পিতৃলোকে স্থিত পিতৃগণ এবং দেবলোক হইতে আগত দেবতাগণকেও তৃপ্ত করিয়া থাকেন ॥ ২৮

দুর্বল, জীবিকাহীন দুঃখী এবং ক্ষুধার্ত ব্যক্তি ত্রিয়মাণ ব্রাহ্মণকে বৃত্তিকরী (জীবিকা চালাইবার উপযোগী) ভূমি দান করিয়া মানুষ যেরূপ লাভ করেন ॥ ২৯

(যে ব্যক্তি একটি গৃহ নির্মাণযোগ্য ভূমিদান করেন, তিনি যাই তাহার মৃতপূর্ব পর্যন্ত উর্ধ্বলোকে বাস করেন এবং যে ব্যক্তি এই পরিমাণ ভূমি অপহরণ করে, তাহাকে ইহার বিগুণ অধিক কাল পর্যন্ত নরকে বাস করিতে হয় ॥)

রাজন্! ব্রাহ্মণগণ যে শ্রেষ্ঠ পুরুষের প্রদত্ত ভূমির সর্বদাই প্রশংসা করেন, তাঁহার সেই ভূমির প্রশংসা রাজার শত্রুরা করে না ॥ ১৮

জীবিকা চালাইবার কোন উপায় না পাইয়া মানুষ ক্লেশে পতিত হইয়া যাহা কিছু পাপ কর্ম করে, তাহার সেই পাপ গোচর্ম পরিমিত ভূমি দান করিলে পর ক্ষালিত হইয়া যায় ॥ ১৯

যে সব রাজা কঠোর কর্মকারী ও পাপপরায়ণ, তাহাদিগকে পাপ হইতে মুক্ত হইবার জন্য পরম পবিত্র ও সর্বোত্তম ভূমি দান করিবার উপদেশ দিতে হইবে ॥ ২০

প্রাচীনকালের মহাজনগণ ইহাই মনে করেন যে, যে ব্যক্তি অশ্বমেধ যজ্ঞ করেন এবং যে ব্যক্তি শ্রেষ্ঠ পুরুষকে ভূমিদান করেন, ইঁহাদের উভয়ের মধ্যে পার্থক্য অল্পই থাকে ॥ ২১

অন্য কোন পুণ্য কর্ম করিয়াও তাহার ফল-বিষয়ে বিদ্বান্ পুরুষগণের সর্বদাই শঙ্কা থাকিয়া যায়, কিন্তু একমাত্র এই সর্বোত্তম ভূমিদানই এরূপ সংশয়, যাহার ফল বিষয়ে কাহারও কোনরূপ শঙ্কাই হইবে না ॥ ২২

---

৩ সন্তরণের ফলের দ্বিগুণফলা নিবর্তনম্ ।
যস ভাবের গোচর্ম দত্ত্বা স্বর্গে মহীয়তে ।

যথা বাবদ্ভি গৌর্বৎসং প্রস্রবন্তী বৎসলা পয়ঃ
এবমেব মহাভাগ ভূমির্ভবতি ভূমিদম্ ॥ ৩০
ফালকৃষ্টাং মহীং দত্ত্বা সবীজাং সফলামপি।
উদীর্ণং বাপি শরণং যথা ভবতি কামদঃ ॥ ৩১
ব্রাহ্মণং বৃত্তিসম্পন্নমাহিতাগ্নিং শুচিব্রতম্
নয়ঃ প্রতিগ্রাহয়তি মহীং ন যাতি পরমাপদম্ ॥ ৩২
যথা চন্দ্রবলো বৃদ্ধিরুদয়ানি ভাবতে
তথা ভূমিকৃতং দানং শস্যে শস্যে বিবর্ধতে ॥ ৩৩
অত্র গাথা ভূমিগীতাঃ কীর্তয়ন্তি পুরাবিদঃ
যাঃ শ্রুত্বা মানবস্তূয়ং দত্ত্বা ভূঃ কাঞ্চনং বৈ ॥ ৩৪
মামেবাহুস্তু মাং দত্ত্বা মামযাজীদ্য।
অস্মিল্লোকে পরে চৈব তম্ দত্তং জানতে পুনঃ ॥ ৩৫
য ইমাং ব্যাহৃতিং বেদ ব্রাহ্মণো বেদসম্মিতাম্।
শ্রাদ্ধকালে ক্রিয়াযাং৷ ব্রহ্মভূয়ঃ স গচ্ছতি ॥ ৩৬
কৃত্যানামধিশাস্তানামধিষ্টপনং মহৎ।
প্রায়শ্চিত্তিঃ মহীং দত্ত্বা পুনাত্যাত্মতয়ৈব চ ॥ ৩৭
পুনাতি য ইদং বেদ বেদবাদং তবৈব চ
প্রকৃতিঃ সর্বভূতানাং ভূমির্বৈধানরী মতা ॥ ৩৮
অভিষিচ্যৈব নৃপতিঃ শ্রাবয়েদিমমাগমম্
যথা শ্রুত্বা মহীং দত্ত্বাদ্দাতাং সাধুতরং তাম্ ॥ ৩৯
সোঽহয়া কৃৎস্নো ব্রাহ্মণার্থো রাজার্থশাস্ত্রসংগ্রহঃ।
রাজা হি ধর্মকৃৎসন্ন প্রথমং ভূমিলক্ষণম্ ॥ ৪০
অথ যেষামধর্মজ্ঞো রাজা ভবতি নাস্তিকঃ
ন তে সুখং প্রযুঞ্জন্তি ন সুখং প্রাপ্নুবন্তি চ ॥ ৪১
সদা ভবন্তি চোদ্বিগ্নাস্তস্য দুষ্কৃতিভৈরবাঃ
যোগক্ষেমো হি যস্যেহ রাষ্ট্রে নাস্ত্যবিশঙ্কিতঃ ॥ ৪২

মহাভাগ! যেরূপ বৎসের প্রতি বাৎসল্যভাবে পূর্ণা ধেনু নিজের অনভাস্ত দুগ্ধক্ষরণ করিতে থাকিয়া তাহার পরাধানকে করেন; সেইরূপ ভূমি কৃষিদাতার প্রতি বাঞ্ছিত হইয়া থাকে। ৩০

যে মানব ফলপ্রদায়িত লাঙ্গল দ্বারা কর্ষণ করিয়া বীজের সহিত ফলপূর্ণা ভূমি (কৃষিজমী) দান করেন অথবা বিদারণ-করণ নিষ্পন্ন করিয়া দান করেন, তাঁহার সমস্ত কামনা পূর্ণ হইয়া যায় এবং তিনি অন্তের অভীপ্সিতা হন। ৩১

যে মানব সদাচারী, অগ্নিহোত্রী ও উত্তম ব্রতপালনকারী ব্রাহ্মণকে ভূমি দান করেন, তিনি কখনও দুঃখের বিষয়ে পতিত হন না। ৩২

যেরূপ চন্দ্রের কলা প্রতিদিন বর্ধিত হয়, সেইরূপ দান করা ভূমিতে যতবার শস্য উৎপন্ন হইবে, ততবারই তাঁহার পরিবারস্থ তাঁহার ভূমিদানের ফল বর্ধিত হইতে থাকে। ৩৩

পুরাবিদ্‌গণ অভিজ্ঞ ব্যক্তিগণ ভূমিদেবী কর্তৃক গীত এই গাথা কীর্তন করেন, যে গাথা শ্রবণ করিয়া ভরতশ্রেষ্ঠ পরন্তপ কাঞ্চনকে সম্পূর্ণ পৃথিবী দান করিয়াছিলেন। ৩৪

সেই গাথা যথা এইরূপ— (ভূমিদেবী বলিলেন—) আমাকেই দান কর, আমাকেই গ্রহণ কর। আমাকে দান করিয়া আমাকেই প্রাপ্ত হইবে কারণ, মানব ইহলোকে যারা কিছু দান করে, তাহাই সে ইহলোক ও পরলোকেও লাভ করিয়া থাকে। ৩৫

যে ব্রাহ্মণ প্রাদ্ধকালে পৃথিবী দেবী কর্তৃক গীত এই বেদ-সম্মত গাথা পাঠ করিবেন, তিনি ব্রহ্মভাব প্রাপ্ত হইবেন। ৩৬

অন্যান্য প্রবল ক্রতুসমূহ যাহার শক্তির) প্রয়োগে যে মহাভার উপস্থিত হয়, উহা শান্ত করিবার ভত্ত প্রধান উপায় হইল— 'কৃষিদান'। কৃষিদানরূপ প্রায়শ্চিত্ত করিয়া মানব নিজের উর্ধ্বতন ও অবরুদ্ধ দশ পুরুষ পর্যন্ত পবিত্র করিয়া থাকেন। ৩৭

যে ব্যক্তি বেদবাদীবরণ এই কৃষি গাথা জানেন, তিনিও নিজের উর্ধ্ব ও অধঃ দশ পুরুষ পর্যন্ত কুলকে পবিত্র করিয়া থাকেন। এই পৃথিবী সমস্ত প্রাণিগণের উৎপত্তি স্থান এবং অগ্নি ইহার অধিষ্ঠাতা দেবতা। ৩৮

রাজাকে রাজ্যাভিষেকালে অভিষিক্ত করিবার পর তৎক্ষণাৎ পৃথিবী গীত এই গাথা শুনাইয়া দেওয়া উচিত; যাহাতে তিনি ভূমিদান করেন এবং সংপুরুষের নিকট হইতে কৃষি গ্রহণ না করেন। ৩৯

এই সব বিষয় ব্রাহ্মণ ও ক্ষত্রিয়ের জন্যই। ইহাতে কোন সংশয় নাই, কারণ রাজা যদি কৃপণ হইল, ইহাই প্রজাগণের ঐশ্বর্যসৃষ্টিকারী প্রথম লক্ষণ। ৪০

যাহাদের রাজা ধর্মকে জানেন না ও নাস্তিক, সেই সব প্রজারা সুখে জীবিত হইতে পারে না এবং সুখে নিদ্রা যাইতেও পারে না; বরং সেই রাজার দুষ্কার্যের সর্বদাই ভীত থাকে এইরূপ রাজার রাজ্যে দুষ্প্রজার যোগ (ধনাগম) ক্ষেম (রক্ষণাবেক্ষণ) উপস্থিতি হয় না। ৪১-৪২

অথ যেষাং পুনঃ প্রাজ্ঞো রাজা ভবতি ধার্ম্মিকঃ
সুখা তে প্রতিবুধ্যন্তে সুসুখা প্রস্বপন্তি চ । ৩৩
তত্র রাজ্ঞঃ শুভৈ রাজ্ঞঃ কর্ম্মভির্বিবৃতা নরা ।
যোগক্ষেমেণ বৃষ্ট্যা চ বিবর্ধন্তে শুভকর্ম্মভিঃ । ৩৪
স কুলীনঃ স পুরুষঃ স বহুঃ স চ পুণ্যকৃৎ
স ত্যাতা স চ বিক্রান্তো যো দদাতি বসুন্ধরাম্ ।৩৫
আদিত্যা ইব দীপ্যন্তে তেজসা ত্বাং মানবাঃ ।
যদ্যস্তি বসুধা স্ফীতা যে বেদবিদ্বাংসি দ্বিজে । ৩৬
যথা নদ্যাশ্চ রোহন্তি প্রকীর্ণানি মহীতলে ।
তথা কামাঃ প্রযোহন্তি ভূমিদানসমাহিতাঃ । ৩৭
আদিত্যো বরুণো বিষ্ণুর্ব্রহ্মা সোমো হুতাশনঃ
পুদলাবিন্দ ভগবান্ প্রতিগৃহ্ণন্তি ভূমিদম্ । ৩৮
ভূমৌ ত্যাস্তি পুরুষা ভূমৌ নিষ্ঠাং ব্রজন্তি চ ।
চতুর্বিধো হি লোকোঽয়ং যোঽয়ং ভূমিপ্রশাস্তকঃ । ৩৯
এষা মাতা পিতা চৈব ভগবঃ পৃথিবীপতে ।
নানয়া সদৃশং কৃত্যং কিঞ্চিদস্তি জনাধিপ । ৪০

অন্নাদ্যাদ্যাহরন্ত্যেনামিতিহাসং পুরাতনম্ ।
বৃহস্পতেশ্চ সংবাদমিন্দ্রস্য চ যুধিষ্ঠির ।৪১
ইষ্ট্বা ক্রতুশতেনাথ মঘবা দক্ষিণাবতা ।
মঘবা বাধিগাং শ্রেষ্ঠঃ পপ্রচ্ছেদং বৃহস্পতিম্ । ৪২

মঘবোবাচ ।

ভগবন্ কেন দানেন স্বর্গঃ সুখমেধতে ।
ব্রূহি তত্ত্বেন মহর্ষে তদ্ ব্রূমি বদতাং বর । ৪৩

ঔশন উবাচ

ইত্যুক্তঃ স পুরেন্দ্রেণ ততো দেবপুরোহিতঃ ।
বৃহস্পতির্বচস্তস্য প্রত্যুবাচ শতক্রতুম্ । ৪৪

বৃহস্পতিরুবাচ ।

সুবর্ণদানং গোদানং ভূমিদানঞ্চ বৃত্রহন্
(বিদ্যাদানঞ্চ কন্যানাং দানং পাপহরং পরম্ ।)
দদতেহন্ত্য মহাপ্রাজ্ঞঃ সর্বপাপৈঃ প্রমুচ্যতে । ৪৫
ন ভূমিদানাদ্ দেবেন্দ্র পরং কিঞ্চিদিহিতি প্রভো ।
বিশিষ্টমিতি মন্ত্যামি যথা প্রাহুর্মনীষিণঃ । ৪৬

কিন্তু যাহাদের রাজা পরাজয়ী ও ধার্ম্মিক হন, তাহারা সুখে জাগরিত হয় এবং সুখে নিদ্রা যায় । ৩৩

সেই রাজার শুভ রাজা এবং শুভ কর্ম্মসমূহের দ্বারা সকল মানুষ সমৃদ্ধ থাকে । তাহার রাজ্যে সকলের যোগ-ক্ষেম নির্ব্বাহ হয়, যথাসময়ে বর্ষণ হয় এবং নিজেদের শুভ কর্ম্মসকলের দ্বারা মানুষেরা সমৃদ্ধিশালী হয় । ৩৪

যে ব্যক্তি ভূমি দান করেন, তিনি কুলীন, তিনি পুরুষ, তিনি বহু, তিনি পুণ্যাত্মা, তিনি ত্রাতা ও তিনি পরাক্রমশালী হন ।৩৫

যাঁহারা বেদজ্ঞ ব্রাহ্মণকে ধন-ধান্যসম্পন্ন ভূমি দান করেন, সেই মনুষ্যগণ নিজেদের তেজে সূর্য্যের ন্যায় দেদীপ্যমান হন । ৩৬

যেরূপ ভূমিতে রোপিত বীজ ক্ষেত্রে অঙ্কুরিত হয় এবং অধিক শস্য উৎপাদন করে, সেইরূপ ভূমি দান করিলে সমস্ত কামনা সফল হইয়া থাকে । ৩৭

সূর্য্য, বরুণ, বিষ্ণু, ব্রহ্মা, চন্দ্র, অগ্নি ও ভগবান্ পবন—ইঁহারা সকলেই ভূমিদানকারী ব্যক্তিকে অভিনন্দিত করেন । ৩৮

সকল মানুষ ভূমিতেই জন্মগ্রহণ করে এবং ভূমিতেই লয়প্রাপ্ত হয়। পক্ষজ, জরায়ুজ, স্বেদজ ও উদ্ভিজ্জ—এই চারিপ্রকার প্রাণিবিশেষের সহায় ভূমিই কার্য্য । ৩৯

পৃথিবীপতে! জনবান্! এই ভূমিই জগতের ধাতা ও পিতা। ইহার সমান অন্য কোন কৃত্য নাই । ৪০

যুধিষ্ঠির! এ বিষয়ে দিব্য পুরুষগণ ইন্দ্র ও বৃহস্পতির সংবাদরূপ এই প্রাচীন ইতিহাস উদাহরণ দিয়া থাকেন । ৪১

ইন্দ্র প্রকৃত দক্ষিণাযুক্ত শত যজ্ঞের অনুষ্ঠান করিবার পর বাধ্যবিহগদের মধ্যে শ্রেষ্ঠ বৃহস্পতিকে এই কথা জিজ্ঞাসা করিলেন ।৪২

ইন্দ্র বলিলেন, ভগবন্! কোন্ দানের প্রভাবে লোকের স্বর্গ হইতেও অধিক সুখ লাভ হইয়া থাকে? তাহার তত্ত্ব কথন ও অধিক মহত্ত্বসূচক, তাহা আমাকে বলুন । ৪৩

ঔশন বলিলেন,—ভারত! দেবরাজ ইন্দ্র এই কথা বলিলে পর দেবতাগণের পুরোহিত মহাতেজস্বী বৃহস্পতি তাঁহাকে এইরূপ উত্তর দান করিলেন । ৪৪

বৃহস্পতি বলিলেন,—বৃত্রাসুরবধকারী ইন্দ্র! স্বর্ণ দান, গোদান, ভূমিদান, বিদ্যাদান ও কন্যাদান—এই সব দান অত্যন্ত পাপনাশী বলিয়া কথিত হইয়াছে। যে পরম জ্ঞানী পুরুষ এই সব বস্তু দান করেন, তিনি সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া যান ।৪৫

প্রভো! দেবেন্দ্র! যেরূপ মনীষী পুরুষগণ বলেন, আমিও সেইরূপ ভূমি দান হইতে শ্রেষ্ঠ কোনও দানকে শ্রেষ্ঠ বলিয়া মনে করি না । ৪৬

(ব্রাহ্মণার্থে সমার্থে বা রাষ্ট্রঘাতেঽথ স্বামিনঃ।
কুলস্ত্রীণাং পরিভবে মৃতাস্তে ভূমিদৈঃ সমাঃ।)
যে শূরা নিহতা যুদ্ধে অর্থার্থা রণদুর্মদাঃ।
সর্বে তে বিবুধাশ্রেষ্ঠ নাস্তিক্যাদ্ভি ভূমিদম্। ৫৭
তস্মাদ্ বিশিষ্টলোকেষু মুক্তাস্তাক্তাত্মনো রণে হতাঃ
ব্রহ্মলোকস্থা মুক্তা নাস্তিক্যাদ্ভি ভূমিদম্। ৫৮
পঞ্চ পূর্বা হি পুরুষাঃ যড়ুত্তে বসুধা গতা।
একাদশ দশভূমি পরিত্রাতীহ মানবঃ। ৫৯
যত্নোপকীর্ণাং বসুধাং যো দদাতি পুরন্দর।
স মুক্তঃ সর্বকলুষৈঃ স্বর্গলোকে মহীয়তে। ৬০
মহীং স্ফীতাং দদদ্ রাজন সর্বকামগুণান্বিতাম্।
রাজাধিরাজো ভবতি ভদ্রি দানমুত্তমম্। ৬১
সর্বকামদমাদুক্তং কাপালীয়ং যঃ প্রযচ্ছতি
সর্বকৃতানি মন্যন্তে মাং দদাতীতি বাসব। ৬২

সর্বকামদুঘাং ধেনুং সর্বকামগুণান্বিতাম্
দদাতি যঃ সত্রাহ্মণে স্বর্গং যাতি স মানবঃ। ৬৩
মধুসর্পিঃপ্রবাহিণীঃ সংক্ষীরদধিবহাস্তথা
সরিতস্তুর্পয়ন্তীহ পুরুষং বসুদা প্রদম্। ৬৪
ভূমিপ্রদানাদ্ধি পরিমুচ্যতে সর্বকিল্বিষাৎ
ন হি ভূমিপ্রদানেন দানমন্যদ্ বিশিষ্যতে। ৬৫
দদাতি যঃ সমুদ্রান্তাং পৃথিবীং শস্যনির্জিতাম্।
তা জনাঃ কথয়ন্তীহ যাবদ্ ভবতি মৌরিষম্। ৬৬
পৃথ্যামৃদ্ধিরসাং ভূমিং যো দদাতি পুরন্দর
ন তস্য লোকাঃ ক্ষীয়ন্তে ভূমিদানগুণান্বিতাঃ। ৬৭
সর্বদা পার্থিবেনেহ সততং ভূমিমিচ্ছতা।
স্বর্দেয়া বিধিবদ্ভক্তে পাত্রে সুখমভীপ্সুনা। ৬৮
অপি ক্ষুদ্রায় বরং পাপং ভূমিং দত্ত্বা দ্বিজাতয়ে
সমুৎসৃজতি তৎ পাপং জীর্ণাং ত্বচমিবোরগঃ। ৬৯

(ব্রাহ্মণগণের জন্য, গোসকলের জন্য, রাজাবিনাশের সময় রাজার জন্য এবং কুলাঙ্গনাদিগের অপমানের সময়ে তাহাদের রক্ষার জন্য যাহারা যুদ্ধে প্রাণ ত্যাগ করেন, তাহারাই ভূমিদানকারীদিগের ন্যায় পুণ্যবান্ হন।) দেবশ্রেষ্ঠ! যাহারা যুদ্ধের বাসনাসোপকারী সৌরীপালী বীরগণ ধনলিপ্সায় নিহত হইয়া স্বর্গলোকে গমন করেন, ইঁহারা সকলেও ভূমিদানকারীকে অতিক্রম করিতে পারেন না। ৫৭

প্রভূত ধনের জন্য উদ্যত হইয়া রণভূমিতে মৃত্যু বরণ করত শরীর পরিত্যাগকারী বাহুবলগণ পাপমুক্ত হইয়া ব্রহ্মলোকে গমন করেন; কিন্তু ইঁহারাও ভূমিদানকারীকে অতিক্রম করিতে পারেন না। ৫৮

এ জগতে ভূমিদানকারী মানুষ নিজের পূর্বজাত পঞ্চম উর্দ্ধতন পুরুষ এবং অন্য ছয় পুরুষ পর্য্যন্ত অবতন সন্তানকে—এই সর্বসমেতপুরুষ একাদশ পুরুষকে উদ্ধার করিয়া থাকেন। ৫৯

পুরন্দর! যে ব্যক্তি রত্নপূর্ণা পৃথিবীকে দান করেন, তিনি সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া স্বর্গলোকে সম্মানিত হন। ৬০

হে রাজন্! ধন-ধান্যসম্পন্না ও সমস্ত মনোবাঞ্ছিতগুণযুক্তা পৃথিবী (ভূমি)-দানকারী মানুষ পর জন্মে রাজাধিরাজ হন; ভারত, ইহাই সর্বোত্তম দান। ৬১

ইন্দ্র! যিনি সম্পূর্ণ ভোগযুক্তা ভূমি দান করেন, তাহাতে সকল প্রাণী ইঁহাই মনে করে যে, তিনি আমাদের ই করিতেছেন। ৬২

দশপ্রজাপতির ন্যায়! যিনি সকলকামনা ও সমস্ত মনে বাঞ্ছিত গুণযুক্তা রত্নধেনু-স্বরূপা পৃথিবীদান করেন, সেই ব্য স্বর্গলোকে গমন করিয়া থাকেন। ৬৩

দেবেন্দ্র! এ জগতে ভূমিদানকারী মানুষকে পয়োমধু, ঘৃত, রুদ্ধ ও দধি বহনকারিণী নদীসকল তৃপ্ত করে। ৬৪

রাজা ভূমি দান করিলে সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া থা ভূমিদান হইতে শ্রেষ্ঠ অন্য কোনও দান নাই। ৬৫

যিনি সমুদ্র পর্য্যন্ত পৃথিবীকে শস্যের দ্বারা অন্ন করিয়া করেন, তাঁহার কীর্তি সংসারের সকল লোক স্তব করিয়া গান করে, যতকাল এই পৃথিবী স্থির থাকেন। ৬৬

পুরন্দর! যিনি পরম পবিত্রা ও সমৃদ্ধিশালী রত্নপূর্ণা ভূমিদান করেন, তিনি উহার দ্বারা ভূমিদান-সম্ভূত গুণসমূহ অক্ষয় লোক প্রাপ্ত হন। ৬৭

ইন্দ্র! যে রাজা সর্বদা শ্রেয়ঃ কামনা করেন এবং লাভের বাসনা করেন, তিনি বিধি অনুসারে সুপাত্রে ভূমি করিবেন। ৬৮

পাপ করিয়াও যদি মানুষ ব্রাহ্মণকে ভূমিদান করে, সে সেই পাপকে সেইভাবে পরিত্যাগ করিয়া থাকে, যেরূপ নিজের পুরাতন খোলোস ত্যাগ করিয়া দেয়। ৬৯

সাগরান্ সরিতঃ শৈলান্ কাননানি চ সর্বশঃ।
সর্বমেতদ্বসুমতী দত্ত্বাতি মনুরব্রবীৎ ॥ ৭০
ভক্ষ্যগোহ্যফলাদীনি প্রোত্তমানি চ সর্বশঃ।
ক্ষেত্রাণি সর্বসস্যৈশ্চ দত্ত্বাতি বসুধা দ্রবম্ ॥ ৭১
ওষধীর্বীরুদস্পন্না নাগান্ পুষ্পফলান্বিতান্।
কাঞ্চনোপল-শৈলাংশ্চ দত্ত্বাতি বসুধা দ্রবম্ ॥ ৭২
অগ্নিষ্টোমপ্রভৃতিভিরিষ্টিভি চ ক্রতুদক্ষিণৈঃ।
ন তৎফলমবাপ্নোতি ভূমিদানাদ্ যদশ্নুতে ॥ ৭৩
দাতা ফলমুপাশ্নাতি যদ যদ্ভি তথা দ্বিজান্
পূর্বদত্তাং হরন্ ভূমিং নরকান্নোপলভতি ॥ ৭৪
ন দত্ত্বাতি প্রতিগ্রহ্য দত্ত্বাদি চ ফলং চ যৎ।
স যচ্ছো বারুণৈঃ পাশৈস্তপ্তাস্তে মৃত্যুশাসনাৎ ॥ ৭৫
আহিতাগ্নি সদাযজ্ঞঃ কৃষ্ণবৃত্তি প্রিয়াতিথিম্।

যে তুদন্তি দ্বিজশ্রেষ্ঠং নোপসর্পন্তি তে দ্রবম্ ॥ ৭৬
ব্রাহ্মণেষ্বনৃতীকৃত্য পাপিষ্ঠং স্যাৎ পুরন্দর
ইত্যেবাং তু বর্ণানাং ভারতে কৃষ্ণবৈলগ ॥ ৭৭
নাচ্ছিন্দ্যাৎ স্পর্শিতাং ভূমিং পরেণ দ্বিজসাধিল
ব্রাহ্মণস্ত সুরশ্রেষ্ঠ কৃষ্ণবৃত্তেঃ কথাচন ॥ ৭৮
যথাক্ত পণ্ডিতা তেষাং দানানাং মীমাংসাম্।
ব্রাহ্মণানাং ক্ষুতে ক্ষেত্রে হরাং ত্রিগুণমুচ্যতে কৃষ্ণ ॥ ৭৯
ভূমিপালং চ্যুতং রাষ্ট্রাদ্ যস্তু সংস্থাপয়েদ্ধরঃ
তস্য বাসঃ সহস্রাক্ষ নাকপৃষ্ঠে মহীয়তে ॥ ৮০
ইক্ষুভিঃ সন্ততাং ভূমিং যবগোধূমশালিনীম্।
গোঽশ্ববাহনপূর্ণাং বা বহুধান্যাদ্যসংযুতাম্ ॥ ৮১
নিধিরত্নাং দদদ্ ভূমিং সর্বকামপরিচ্ছদাম্
অক্ষয়ং লভতে লোকান্ ভূমিসদ্ধি যি তত্ত্ব তৎ ॥ ৮২

ইত্যাদি। যাহার ভূমিদানের সহিতই সমুদ্র, নদী, পর্বত ও সম্পূর্ণ বন—এই সমস্ত দান করিয়া থাকে অর্থাৎ ভূমিদানেই এই সব দানেরও ফল লাভ করে। ৭০

কেবল ইহাই নহে, ভূমিদানকারী যাহার পুরুষিণী, কূপ, তড়াগ, সরোবর, ক্ষেত্র (কৃষ্যাদি) ও সর্বপ্রকার ধান্য দানেরও ফল লাভ করিয়া থাকে।৭১

পৃথিবী দান করিবার সময় যাহার শক্তিশালিনী ঔষধিসমূহ, ফল ও পুষ্পে পরিপূর্ণ বৃক্ষ, বন, প্রস্তর ও পর্বতসকলও দান করিয়া থাকে। ৭২

পশ্বাদি দক্ষিণাযুক্ত অগ্নিষ্টোমাদি যজ্ঞসমূহের দ্বারা যজন করিয়াও যাহার সেই ফল লাভ করিতে পারে না, যে ফল ভূমি-দানের দ্বারা লাভ হয়। ৭৩

ভূমিদানকারী যাহার নিজের ধন পুত্রের পশ্বাদি উদ্ধার করেন এবং দান করিয়া পুনরায় গ্রহণ করিলে নিজের ধন পুত্রকে নরকে পাতিত করে। যে ব্যক্তি পূর্বে প্রদত্তা ভূমি অপহরণ করে, সে স্বয়ংও নরকে পতন করিয়া থাকে। যে ব্যক্তি দিবার প্রতিজ্ঞাকরিয়া প্রদান না করে এবং দান করিয়া পুনরায় গ্রহণ করে, সেই ব্যক্তি মৃত্যুর আজ্ঞায় বরুণের পাশে বদ্ধ হইয়া নানাবিধ কষ্টভোগ করিতে থাকে। ৭৪-৭৫

যাহারা প্রতিদিন অগ্নিহোত্র করেন, সদা যজ্ঞস্থানে নিরত থাকেন এবং যাহাদের জীবিকাবৃত্তি নষ্ট হইয়া গিয়াছে, এরূপ শ্রেষ্ঠ দ্বিজগণের যিনি সেবা করেন, তিনি যজ্ঞফলের নিকটে গমন করেন না। ৭৬

পুরন্দর! কৃপাতিত কর্তব্য হইল—তিনি ব্রাহ্মণগণের প্রতি কৃপাযুক্ত থাকিবেন অর্থাৎ তাঁহাদের সেবা করত তাঁহাদের সন্তুষ্ট রাখিবেন এবং অন্য বর্ণসকলের মধ্যে যাহারা দীন-দুর্বল, তাঁহাদিগকেও সঙ্কট হইতে উদ্ধার করিবেন। ৭৭

হে কৃষ্ণবৈল! যেখেত্রে যাহার জীবিকাবৃত্তি নষ্ট হইয়া গিয়াছে, এরূপ ব্রাহ্মণের অপহৃত নিষ্কর হইতে প্রাপ্ত যে ভূমি, তাহা কখনও অপহরণ করিবে না। ৭৮

নিজের ক্ষেত্র (জমী) অপহৃত হইলে পর দীন ব্রাহ্মণ যে অশ্রু প্রবাহিত করেন, উহা অপহরণকারীর ত্রিপুরুষের মূলকে নষ্ট করিয়া দেয়। ৭৯

সহস্রলোচন ইন্দ্র! যে রাজা রাজ্য হইতে নষ্ট রাজাকে পুনরায় রাজসিংহাসনে স্থাপিত করেন, তাঁহার স্বর্গবাস হয় এবং সেখানে তিনি অভিলষিত সম্মান লাভ করেন। ৮০

যে ভূমি ইক্ষু (আখ) বৃক্ষে পরিপূর্ণা, যে ভূমিতে যব ও গোধূম (গম) বৃক্ষসকল রহিয়াছে, অথবা যেখানে গৃহ ও অন্যান্য বাহনসমূহ বিদ্যমান আছে, যাহার মধ্যে নিত্য প্রদানি নিধি অবস্থিত আছে এবং যে ভূমি সর্বপ্রকার ভোগ্য উপকরণে পরিপূর্ণ, এরূপ ভূমিকে নিজ বাহুবলে জয় করিয়া যে রাজা দান করেন, তাঁহার অক্ষয় লোকসকল লাভ হয়। যাহার এই দান 'ভূমি-যজ্ঞ' বলিয়া কথিত হয়। ৮১-৮২

বিষ্ণুং কলুষং সর্বং বিরজাঃ সম্ভবঃ সতাম্
লোকে মহীয়তে সদ্ভিরো দদাতি বসুন্ধরাম্ । ৮৩

যথাণ্বু পতিতঃ শক্র তৈলবিন্দুর্বিসর্পতি ।
তথা ভূমিকৃতং দানং যাবৎ সপ্ত বিবর্ততে । ৮৪

যে রণাগ্রে মহীপালাঃ শূরাঃ সমিতিশোভনাঃ
বধ্যন্তেঽভিমুখাঃ শক্র ব্রহ্মলোকং ব্রজন্তি তে । ৮৫

নৃত্যগীতপরা নার্যো দিব্যমাল্যবিভূষিতাঃ ।
উপতিষ্ঠন্তি দেবেন্দ্র তথা ভূমিপ্রদং দিবি । ৮৬

মোদতে চ সুখং স্বর্গে দেব-সঙ্ঘবপূজিতঃ
যো দদাতি মহীং সদ্যাদ্ বিধিনেহ দ্বিজাতয়ে । ৮৭

শতবর্ষসহস্রেষু দিব্যমাল্যবিভূষিতাঃ
উপতিষ্ঠন্তি দেবেন্দ্র ব্রহ্মলোকে বরাপ্সরঃ । ৮৮

উপতিষ্ঠন্তি পুণ্যানি সদা ভূমিপ্রদং নরম্ ।
শঙ্খচক্রাসনং ছত্রং বরাশ্বা বরবারণম্ । ৮৯

ভূমিপ্রদানাৎ পুষ্পাণি হিরণ্যানিচরাস্তথা
আজ্যং সদাপ্রতিহতা তস্যপত্নী বসুনি চ । ৯০

ভূমিদানস্য পুণ্যানি ফলং স্বর্গঃ পুরস্কৃত
হিরণ্যপুষ্পাস্ত্রৌষধ্যঃ কৃষ্ণ-কাঞ্চন-শাবলাঃ । ৯১

অমৃতপ্রসবাঃ ভূমিঃ প্রোক্তোতি পুরুষো ধ্রুবং
নাস্তি ভূমিসমং দানং নাস্তি মাতৃসমো গুরুঃ ।
নাস্তি সত্যসমো ধর্মো নাস্তি দানসমো বিধিঃ । ৯২

ভীষ্ম উবাচ

এতদাঙ্গিরসাচ্ছ্রুত্বা বাসবো বসুধামিমাম্
বসুরত্নসমাকীর্ণাং দদাবাঙ্গিরসে তদা । ৯৩

য ইদং শ্রাবয়েচ্ছ্রাদ্ধে ভূমিদানস্য সম্ভবম্
ন তস্য রক্ষসাং ভাগো নাসুরাণাং ভবত্যুত । ৯৪

অক্ষয়ং ভবেদ্ দত্তং পিতৃভ্যস্তত্র সংশয়ঃ
তস্মাচ্ছ্রাদ্ধে দ্বিজান্ বিদ্বান্ ভূজতঃ শ্রাবয়েদ্ দ্বিজান্ । ৯৫

যে ব্যক্তি বসুন্ধরা (ভূমি) দান করেন, তিনি নিজের সমস্ত পাপ নাশ করত নির্মল ও সৎপুরুষগণের আদরের পাত্র হন এবং জগতে সজ্জনগণ সকলেই তাঁহার সৎকার করেন । ৮৩

ইন্দ্র ! যেরূপ জলে পতিত তৈলের একটি মাত্র বিন্দু সর্ব্বদিকে বিস্তৃত হইয়া যায়, সেইরূপ প্রদত্তা ভূমিতে যত যত সস্য উৎপন্ন হয়, তত তত তাঁহার দানের যাবতীয় বর্দ্ধিত হইতে থাকে । ৮৪

দেবরাজ ! যুদ্ধে সুসজ্জিত যে সব যোদ্ধাগণ বীর তৃপাল ভূতের অগ্রভাগে শত্রুর সম্মুখে মুখ করিতে করিতে মৃত্যুবরণ করেন, তাঁহারা ব্রহ্মলোকে গমন করিয়া থাকেন । ৮৫

দেবেন্দ্র ! দিব্য মাল্যসমূহে বিভূষিতা হইয়া নৃত্য ও গানরতা দেবাঙ্গনাগণ স্বর্গে ভূমিদাতার সেবায় উপস্থিত হন । ৮৬

যে ব্যক্তি উত্তম বিধি অনুসারে ব্রাহ্মণকে ভূমিদান করেন, তিনি স্বর্গে দেবতা ও গন্ধর্বগণের দ্বারা পূজিত হইয়া সুখ এবং আনন্দ উপভোগ করিয়া থাকেন । ৮৭

দেবরাজ ! ভূমিদানকারী ব্যক্তিরই সেবার জন্য ব্রহ্মলোকে দিব্য মাল্যসমূহে বিভূষিতা শত শত অপ্সরাগণ উপস্থিত হন । ৮৮

ভূমিদানকারী ব্যক্তিরই সেবার জন্য সর্ব্বদা তাঁহার পুণ্যকর্ম্মসমূহ পদ্ম, সিংহাসন, ছত্র, উত্তম রথ ও শ্রেষ্ঠ বাহনসকল উপস্থিত হয় । ৮৯

ভূমি প্রদান করিলে মানুষের সুবর্ণ পুষ্প, স্বর্ণ ভাণ্ডার অপ্রতিহত আজ্ঞা, জয়সূচক রথ এবং নানাবিধ ধন রত্ন লাভ হয় । ৯০

পুরন্দর ! ভূমিদানের যে পুণ্য, তাহার ফলস্বরূপ স্বর্গ, স্বর্ণ পুষ্পপ্রদানকারী ওষধিসকল এবং স্বর্ণময় কৃষ্ণ ও শ্বেত শালি ভূমি প্রাপ্তি হইয়া থাকে । ৯১

ভূমিদানকারী মানুষ অমৃতোৎপাদিকা ভূমি লাভ করেন বলিয়াই দানের সমান দান নাই, মাতার তুল্য কোনও গুরু নাই সত্যের সমান কোনও ধর্ম নাই এবং দানের সমান কোনও বিধি নাই । ৯২

ভীষ্ম বলিলেন, রাজন্ ! বৃহস্পতির নিকট হইতে কৃপাপূর্ব্বক এই যাবতীয় শ্রবণ করিয়া ইন্দ্র ধন ও রত্নে পরিপূর্ণা এই পৃথিবী অঙ্গিরাপুত্র বৃহস্পতিকে দান করিলেন । ৯৩

যে মানুষ শ্রাদ্ধের সময় ভূমিদানের এই যাবতীয় কথা করেন, তাঁহার শ্রাদ্ধকর্ম্মে প্রদত্ত ভাগ রাক্ষস ও অসুর গ্রহণ করিতে পারে না । ৯৪

পিতৃগণের উদ্দেশে প্রদত্ত তাঁহার সমস্ত দান অক্ষয় হইয়া যায় । সেইজন্য বিদ্বান্ পুরুষ শ্রাদ্ধে ভোজনকারী ব্রাহ্মণগণকে ভূমিদান-যাবতীয় অবশ্যই শ্রবণ করাইবেন । ৯৫

ইত্যেতৎ সর্বদানানাং শ্রেষ্ঠমুক্তং ত্বয়ানঘ।
শ্রদ্ধা ত্বন্নস্তমাদূর্ণ কিং ভূয়ঃ শ্রোতুমিচ্ছসি ॥ ১০

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি ইন্দ্র-বৃহস্পতিসংবাদে
দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ ৬২

নিষ্পাপ ভরতশ্রেষ্ঠ যুধিষ্ঠির! এইভাবে আমি সমস্ত দানের
শ্রেষ্ঠ কৃষিদানের মাহাত্ম্য তোমাকে বলিলাম। এখন আর
কি শুনিতে বাসনা কর? ১০

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে ইন্দ্র ও বৃহস্পতির সংবাদ বিষয়ক দ্বিষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত

॥ ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥

(অন্নদানস্য বিশেষমাহাত্ম্যকথনম্)

যুধিষ্ঠির উবাচ।

কানি দানানি লোকেঽস্মিন্ দাতৃকামো মহীপতিঃ
ওপাধিকেভ্যো বিপ্রেভ্যো দত্ত্বাদ্ ভরতসত্তম ॥ ১

কেন তুষ্যন্তি তে সদ্যঃ কিং তুষ্টাঃ প্রদিশন্তি চ
এতদ্ যে তত্ত্বতো বিদ্যুঃ ফলং পুণ্যকৃতাং মহৎ ॥ ২

দত্ত্বা কিং ফলমাপ্নোতি রাজন্নিহ লোকে পরত্র চ
ভবতঃ শ্রোতুমিচ্ছামি তন্মে বিস্তরতো বদ ॥ ৩

ভীষ্ম উবাচ

ইমমর্থং পুরা পৃষ্টো নারদো দেবদর্শনঃ।
যদুক্তবাংস্তদৌ বাক্যং তন্মে নিগদতঃ শৃণু ॥ ৪

নারদ উবাচ

অন্নমেব প্রশংসন্তি দেবা ঋষিগণাস্তথা
লোকতন্ত্রং হি সংজ্ঞান্তং সর্বমন্নে প্রতিষ্ঠিতম্ ॥ ৫

অন্নেন সদৃশং দানং ন ভূতং ন ভবিষ্যতি
তস্মাদন্নং বিশেষেণ দাতুমিচ্ছন্তি মানবাঃ ॥ ৬

অন্নমূর্জস্করং লোকে প্রাণানাং হ্যন্নে প্রতিষ্ঠিতাঃ।
অন্নেন ধার্যতে সর্বং বিশ্বং জগদিদং প্রভো ॥ ৭

অন্নাদ্ গৃহস্থো লোকেঽস্মিন্ ত্রিলক্ষণ্যাপসাদ্যতে
অন্নাদ্ ভবন্তি বৈ প্রাণাঃ প্রজাশ্চান্নে সমাসতঃ ॥ ৮

কৃষ্টেষ্বিহ সীদন্তে চ ব্রাহ্মণায় মহাত্মনে
দাতব্যা ভিক্ষবে চান্নমাত্মনো বৃদ্ধিমিচ্ছতা ॥ ৯

তোমাকে বলিতেছি, শ্রবণ কর। ১

নারদ বলিলেন,—দেবতা ও ঋষিগণ অন্নেরই প্রশংসা করেন, অন্নেরই দ্বারা লোকযাত্রা নির্বাহ হইয়া থাকে। তাহারই দ্বারা বৃদ্ধি স্ফূর্তি প্রাপ্ত হয় এবং এই অন্নেই সব কিছুই প্রতিষ্ঠিত আছে। ৫

অন্নের সমান কোন দান ছিল না এবং হইবেও না। সেই জন্য মনুষ্যগণ অধিকতর অন্নেরই দান করিতে ইচ্ছা করেন। ৬

প্রভো! সংসারে অন্নই শরীরের বল বৃদ্ধি করে। অন্নেরই আধারে প্রাণ অবস্থিত থাকে এবং এই সম্পূর্ণ জগৎকে অন্নই ধারণ করিয়া রাখিয়াছে। ৭

এই জগতে গৃহস্থ, বানপ্রস্থ ও ভিক্ষাজীবী সন্ন্যাসিগণ অন্নেরই দ্বারা জীবিত আছেন। অন্নের দ্বারাই সকলের প্রাণ রক্ষা হয়। এই বিষয় সকলেরই প্রত্যক্ষ অনুভব হয়—ইহাতে কোনও সংশয় নাই। ৮

অতএব আত্মকল্যাণকামী প্রতি ব্যক্তির কর্তব্য হইল—

ব্রাহ্মণায়াভিরূপায় যো দদ্যাদন্নমর্থিনে।
নিরয়ান্তি নিধিং শ্রেষ্ঠং পারলৌকিকমাত্মনঃ ॥ ১০

ব্রাহ্মণমন্নমি বর্তন্তং বৃদ্ধমর্হমুপস্থিতম্।
অর্চয়েদ্ভূতমথিলং গৃহস্থো গৃহমাগতম্ ॥ ১১

ক্রোধমুৎপতিতং হিত্বা নৃশংসো বীতমৎসরঃ।
অন্নদঃ প্রাপ্নুতে রাজন্ দিবি চেহ চ যৎসুখম্ ॥১২

নাযমস্তেতিবক্তব্যো ন প্রপৃচ্ছ্যাং কদাচন।
অপি ঘণ্টাং তু নি বা ন দদ্যাৎ বিপ্রপঙ্ক্তিষু ॥ ১৩

যো দত্ত্বাদপরিক্লিষ্টমন্নমন্নমি বর্ততে
আর্তায়াদৃষ্টপূর্বায় স মহদ্ধর্মমাপ্নুয়াৎ ॥ ১৪

পিতৄন্ দেবমনুষ্যাংশ্চ বিপ্রানতিথীংস্তথা জনাধিপ
যো নরঃ প্রীণয়ত্যন্নৈস্তস্য পুণ্যফলং মহৎ ॥ ১৫

কৃত্বাভিপাতকং কর্ম যো দত্ত্বাদন্নমর্থিনে।

ব্রাহ্মণায় বিশেষেণ ন স পাপেন যুজ্যতে ॥ ১৬

ব্রাহ্মণেভ্যঃ প্রদানস্য ভূয়ঃ প্রাহুর্মহাফলম্।
অন্নদানং হি ভূতেভ্যঃ ব্রাহ্মণেভ্যশ্চ বিশিষ্যতে ॥ ১৭

ন পৃচ্ছেদ্ গোত্রচরণং স্বাধ্যায়ং দেবমেব চ
ভিক্ষিতো ব্রাহ্মণেনেহ দদ্যাদন্নং প্রযাচতি: ॥ ১৮

অন্নদস্যান্নকামাস্তু সর্বকামফলপ্রদাঃ
ভবন্তি চেহ চানু ॥ নৃপতেঽর্থমাত্র সংশয়ঃ ॥ ১৯

আশংসন্তে হি পিতরঃ সুবৃষ্টিমিব কর্ষকাঃ
অস্মাকমপি পুত্রো বা পৌত্রো বান্না প্রদাস্যতি ॥২০

ব্রাহ্মণো হি মহদ্ভূত্বা অন্নং দেহীতি যাচতি
অকামো বা সকামো বা দত্ত্বা পুণ্যমবাপ্নুয়াৎ ॥ ২১

ব্রাহ্মণঃ সর্বভূতানামতিথিঃ প্রস্তুতাপ্রভুক্
বিপ্রো যদধিগচ্ছন্তি ক্ষিপ্রমাদা গৃহং সদা ॥ ২২

তিনি অন্নের অত্ত দুঃখী কৃষক, মহাত্মা ব্রাহ্মণ ও ভিক্ষুকগণকে অন্নদান করিবেন। ৯

যে ব্যক্তি অন্নপ্রার্থী পুণ্যাত্ম ব্রাহ্মণকে অন্নদান করেন, তিনি পরলোকে নিজের অত্ত এক ঈশ্বর নিধি রচনা করিয়া থাকেন ॥১০

পথে পরিশ্রান্ত কোন বৃদ্ধ পথিক যদি গৃহে আসেন, তবে নিজের কল্যাণকামী গৃহস্থ সেই আগন্তুক অতিথির আদর সৎকার করিবেন ॥ ১১

রাজন্! যে ব্যক্তি মনে উচিত ক্রোধকে দমন করিয়া ও ঈর্ষা ত্যাগ করিয়া উত্তম ধৈর্য-গুণের পরিচয়দান করিতে করিতে অন্নদান করেন, তিনি ইহলোক ও পরলোকের সুখ লাভ করিয়া থাকেন ॥ ১২

নিজের গৃহে যদি কেহ আসেন, তবে তাঁহাকে কখনও অপদান করা উচিত নহে এবং তাঁহাকে কখনও তাড়নাও করিবেন না, কারণ, চাণ্ডাল ও কুকুরকে প্রস্তুত অন্নদানও কখনও নষ্ট হয় না অর্থাৎ বৃথা যায় না ॥ ১৩

যে ব্যক্তি কষ্টে পতিত অপরিচিত পথিককে প্রসন্নতার সহিত অন্নদান করেন, তাঁহার মহৎ ধর্ম প্রাপ্তি হয় ॥ ১৪

জনাধিপ! যে ব্যক্তি দেবতা, পিতৃপুরুষ, ঋষি, ব্রাহ্মণ ও অতিথিগণকে অন্ন দিয়া সন্তুষ্ট করেন, তাঁহার মহৎ পুণ্যফল লাভ হয় ॥ ১৫

যে ব্যক্তি মহাপাপ করিয়াও যাচক ব্যক্তিকে, উহা হইতেও বিশেষতঃ ব্রাহ্মণকে অন্নদান করেন, তিনি নিজের পাপের অত্ত যোগ্যপাত্র হন না ॥ ১৬

যদি ব্রাহ্মণকে অন্নদান করা হয়, তবে অন্যান্য ফল প্রাপ্তি হয় এবং পুত্রকেও অন্নদানে মহাফললাভ করিয়া থাকে তাহার অন্নদান পুত্রকে করা হউক বা ব্রাহ্মণকে করা হউক, তাহার বিশেষ ফললাভ হয় ॥ ১৭

যদি ব্রাহ্মণ অন্ন যাচ্ঞা করেন, তবে তাঁহাকে তাঁহার গোত্র, শাখা, বেদাধ্যয়ন ও নিবাস স্থান প্রভৃতির পরিচয় জিজ্ঞাসা করিবে না; সত্বর তাঁহার সেবার অত্ত অন্নদান করিবে ॥ ১৮

যে ব্যক্তি অন্নদান করেন, তাঁহার পক্ষে অন্নের বৃক্ষকে ইহলোক ও পরলোকের সমস্ত মনোবাঞ্ছিত ফল প্রদান করা ইহাতে কোনও সংশয় নাই ॥ ১৯

যেরূপ কৃষকগণ উত্তম বৃষ্টির আশা করেন, সেইরূপ পিতৃগণ এই আশা পোষণ করেন যে, কখনও আমাদের পুত্র বা পৌত্র আমাদের অত্ত অন্নপ্রদান করিবে ॥২০

ব্রাহ্মণ এক মহান্ প্রার্থী। যদি তিনি 'আমাকে অন্ন দাও' এইরূপ বলিয়া ঘরে অন্ন প্রার্থনা করেন, তাহা হইলে যাহার কর্তব্য হইল তিনি সকাম ভাবেই হউক বা নিষ্কাম ভাবে হউক তাঁহাকে অন্নদান করত পুণ্যপ্রাপ্ত করিবেন ॥ ২১

ভারত! ব্রাহ্মণ সর্ব মহত্ত্বগণের অতিথি এবং সর্বদা ভোজন পাইবার অধিকারী। ব্রাহ্মণগণ যে গৃহে সদা স্থিতি করিবার অত্ত গমন করেন এবং সেখানে সৎকৃত হইয়া যিনি

সংকৃতান্ত নিবর্তন্তে তদ্বতীব প্রবর্ষতে।
মরাত্তাগে ফলে প্রেত্য জন্ম চাহ্যোত্তি ভারত । ২৩
দত্তা ভবতি নরো লোকে তথা ভানমনুত্তমম্।
বিদ্যা সিষ্টান্নদাতা তু স্বর্গে বসতি সংকৃতঃ । ২৪
অন্নং প্রাণা নরাণাং হি সর্বমন্নে প্রতিষ্ঠিতম্
অন্নদঃ পশুমান্ পুত্রী ধনবান্ ভোগবানপি । ২৫
প্রাণদাশ্চাপি ভবতি রূপবান্ত তথা নর
অন্নদঃ প্রাণদো লোকে সর্বদঃ প্রোচ্যতে তু সঃ । ২৬
তস্মা দ্বি দত্তাভিমতে ব্রাহ্মণায় যথাবিধি
প্রদাতা সুখমাপ্নোতি ঈপ্সবৈশ্চাপি পূজ্যতে । ২৭
ব্রাহ্মণো হি মহদ্ভূতঃ ক্ষেত্রভূতঃ যুধিষ্ঠির
উপ্তব্যে তত্র যদ্ বীজং তদ্ধি পুণ্যফলং মহৎ । ২৮
প্রদাতা প্রীতিজনন ভোক্তা দীর্ঘত্বমাপ্নুয়াত্
সর্বাণ্যন্যানি দানানি পরোক্ষফলবন্ত্যুত । ২৯
অন্নাদ্ধি প্রভবঃ যান্তি বৃষ্টিরন্নাদ্ধি ভারত ।

যথার্থাসম্ভবো বিদ্ধি যোগশ্চান্নাদ্ধ তথান্নতঃ । ৩০
অন্নং হ্যমৃতমিত্যাহ পুরাকল্পে প্রজাপতিঃ
অন্নং ভূতং ভিবং ভক্ত সর্বমন্নে প্রতিষ্ঠিতম্ । ৩১
অন্নপ্রাণাশ্চ ভিদ্যন্তে শরীরে নক্ত ভারত
যদ্ বলবতোঽপীহ প্রদাতান্নাদ্ধানিতঃ । ৩২
আযাহান্ত বিবাহান্ত যজ্ঞাশ্চান্নময়ে তথা
নিবর্তন্তে নরশ্রেষ্ঠ রক্ত চাত্র প্রলীয়তে । ৩৩
অন্নতঃ সর্বমেবদ্ধি যৎকিঞ্চিৎ স্থাণু জঙ্গমম্
ত্রিষু লোকেষু যথার্থমন্ন ভেষমতো বুধৈঃ । ৩৪
অন্নদস্য মনুষ্যস্য বলমোজো যশাংসি চ
কীর্তিশ্চ বর্ধতে শশ্বৎ ত্রিষু লোকেষু শার্বিষ । ৩৫
দেবমনুষ্যর্ষি সন্নিবন্তে শ্রাদ্ধানা পবন পতিঃ ।
তান্ত মেষমরুদ্ বাবি শক্রো বর্ষতি ভারত ।৩৬
আপন্তে চ রসান সৌমানাদিত্যঃ স্বতন্তিভিঃ ।
বায়ুসান্নিধ্যজাতাংশ্চ রসান দেবঃ প্রবর্ষতি । ৩৭

আন্নে, সেই গৃহে সম্পত্তি অধিক বাড়িয়া যায় ও সেই গৃহের স্বামী মৃত্যুর পর মহাসৌভাগ্যশালী কুলে জন্মগ্রহণ করেন ।২২-২৩

যে ব্যক্তি এ জগতে সর্বদা অন্ন, উত্তম স্থান ও শিষ্টান্ন প্রদান করেন, তিনি দেবলোকের দ্বারা সম্মানিত হইয়া স্বর্গলোকে নিবাস করেন । ২৪

কুল। অন্নই মনুষ্যগণের প্রাণ, অন্নেই সব কিছু প্রতিষ্ঠিত আছে, অতএব অন্নদানকারী ব্যক্তির পশু, পুত্র, ধন, ভোগ, বল ও রূপ লাভ করিয়া থাকেন। অন্নতে অন্নদানকারী ব্যক্তি প্রাণদাতা ও সর্বদ দানকারী বলিয়া অভিহিত হন । ২৫-২৬

অতিথি ব্রাহ্মণকে বিধি অনুসারে অন্নদান করত দাতা পরলোকে সুখলাভ করেন এবং দেবতাগণও তাঁহার সম্মান করেন । ২৭

যুধিষ্ঠির ! ব্রাহ্মণ মহাপ্রাণী ও উত্তম ক্ষেত্র। তাঁহাতে যে বীজ রোপণ করা হয়, তাহা মহাপুণ্যফল প্রদান করে । ২৮

অন্নদানই এজগৎ এর দান, যাহা লাভ ও ভোগ করিয়া এই উভয়কেই প্রত্যক্ষরূপে সম্ভুষ্ট করিয়া থাকে। ইহা ব্যতীত অন্য যে সব দান, সেই সবের ফল পরোক্ষ । ২৯

ভারত ! অন্নের দ্বারাই সন্তানের উৎপত্তি হয়। অন্নের দ্বারা বৃষ্টির সিদ্ধি হয় অন্নের দ্বারা যজ্ঞ ও অর্থের সিদ্ধি হয় অন্নের দ্বারা রোগক্ষয়ফলের নাম হইয়া যায় । ৩০

পূর্বকল্পে প্রজাপতি অন্নকেই অমৃত বলিয়াছেন। ভূলোক, স্বর্গ ও আকাশ অন্নময়ই জানিবে, অন্নই সকলের আধার । ৩১

অন্নের আহার না পাইলে শরীরে স্থিত নক্ত ভূত পৃথক্ পৃথক্ হইয়া যায় অন্নের সত্তরা হইলে সত্ত অতিশয় বলশালীদিগেরও বল ক্ষীণ হইয়া যায় । ৩২

নিয়ন্ত, বিবাহ ও যজ্ঞ অন্ন ব্যতীত বন্ধ হইয়া যায়। নরশ্রেষ্ঠ ! যদি অন্ন না থাকে, তবে বেদের জ্ঞানও বিলয়প্রাপ্ত হইয়া যায় । ৩৩

এই হেতু বিদ্বান্ত ব্যক্তিগণ-তত্ত্বদর্শনকরণ এবং এই সমস্ত অন্নের আধারে অবস্থিত। অতএব বুদ্ধিমান্ পুরুষগণের কর্তব্য হইল—যাঁহারা তিন লোকে ধর্মের জন্য অন্নদান অবশ্যই করিবেন । ৩৪

কৃপাল। অন্নদানকারী ব্যক্তিদের বল, ওজ, যশ এবং কীর্তি তিনলোকে সর্বদা বর্ধিত হইতে থাকে । ৩৫

ভারত ! প্রাণপতি পবন মেঘমণ্ডলের উপরে অবস্থান করে এবং মেঘে জল থাকে, উহাকে ইন্দ্র বরাবরে বর্ষণ করেন । ৩৬

সূর্য নিজের কিরণসমূহের দ্বারা পৃথিবীর রসসকল আকর্ষণ পূর্বক গ্রহণ করেন এবং বায়ুদেব সূর্য হইতে সেই সব রস লইয়া ভূতলে বর্ষণ করেন । ৩৭

তত্র যদা মেঘতো বারি পতিতা ভবতি ক্ষিতৌ
তদা বনুমতী দেবী স্ত্রিগ্ধা ভবতি ভারত ॥ ৩৮
ততঃ শস্যানি রোহন্তি যেন বর্তয়তে জগৎ।
মাংসমেদোঽস্থিশুক্রাণাং প্রাদুর্ভাবস্ততঃ পুনঃ ॥ ৩৯
সম্ভবন্তি ততঃ শুক্রাৎ প্রাণিনঃ পৃথিবীপতে।
অগ্নীষোমৌ হি তত্রাক্তঃ সৃজতঃ পুরুষান্ নর ॥ ৪০
এবমন্নাদ্যি পুরুষান্ পশূন্ শুক্রমথেব চ।
এক এব স্মৃতো রাশিস্ততো ভূতানি জজ্ঞিরে ॥ ৪১
প্রাণান্ যদাতি ভূতানাং তেজস্ তত্রতর্তত।
পুরুষত্যাগতাত্যাথ যো মন্ত্রাদন্নধিনে ॥ ৪২

ভীষ্ম উবাচ

নারদেবৈবমুক্তোঽথমহাত্মা সদা নৃপ
অনসূয়ুস্তমপাদ্য তস্মাদ্ যেহি পশ্যস্তঃ ॥ ৪৩
দত্ত্বাঃ বিধিবদ্ রাজন্ দ্বিপ্রেভ্যস্তদ্বিধিঃ প্রভো।
যথাবদনুরূপেভ্যস্ততঃ ধর্মমবাপ্তবান্ ॥ ৪৪

অন্নদানাং হি যে লোকাস্তাংশ্চ মূলু জনাধিপ।
তবানি প্রকাশন্তে দিবি তেষাং মহাত্মনাম্ ॥ ৪৫
তারানাক্ষত্রাণি রূপাণি নানারূপাস্থিতানি চ
চন্দ্রমণ্ডলগুস্তানি স্থিতিষ্ঠন্তানি চ ॥ ৪৬
তস্মাদ্ধিত্যবর্ণানি স্থানবানি চরাণি চ।
অনেকশতকোটীনি নানারূপধরাণি চ ॥ ৪৭
বৈদূর্যাকৃতিরূপাণি রৌপ্যরূপধরাণি চ
সর্বরত্নময়ান্যাপি বৃক্ষা ভবনসংস্থিতাঃ ॥ ৪৮
বাপ্যো বীথ্যঃ সভাঃ কূপা বীথিকাশ্চৈব সর্বশঃ।
ঘোষবন্তি চ যানানি বৃক্ষাস্তত্র সরস্রুতঃ ॥ ৪৯
তস্মা-স্তোত্রাময়াঃ শৈলাঃ যাবংস্তত্রতানি চ
শীঘ্রং প্রযন্তি সরিতস্তথা চৈবাম্বরপর্বতাঃ ॥ ৫০
প্রাসাদাঃ পাণ্ডুরাভাসাঃ সর্বান্ কামান্ তাজনোজ্জ্বলাঃ
তাস্তত্রতাঃ প্রদৃশ্যন্তে তস্মাদন্নপ্রদো নরঃ ॥ ৫১

ভরতশ্রেষ্ঠ! এইভাবে যখন মেঘ হইতে পৃথিবীতে জল বর্ষিত হয়, তখন পৃথিবীদেবী স্নিগ্ধা (উর্বর ও জলাপ্লুতা) হইয়া থাকেন। ৩৮

তারপর সেই ভূমিতে শস্যসকলের অঙ্কুর উৎপন্ন হয়, যাহার দ্বারা জীব-জগৎ পরিপালিত হইয়া থাকে। অন্নেরই দ্বারা শরীরে মাংস, মেদ, অস্থি ও বীর্যের পরিপুষ্টি হয়। ৩৯

পৃথিবীপতে! সেই বীর্য হইতেই প্রাণী উৎপন্ন হয়। এই প্রকারে অগ্নি ও সোম সেই বীর্যের সৃষ্টি এবং পুষ্টি করেন।৪০

এইভাবে সূর্য(ভেদ, বায়ু ও বীর্যরূপ একই রাশি, যাহা অন্ন হইতেই উদ্ভূত হয়। ইহাদের দ্বারা প্রাণিসমূহের উৎপত্তি হয়।৪১

ভরতশ্রেষ্ঠ! যে ব্যক্তি গৃহে আগত ব্রাহ্মণকে অন্নদান করেন, তিনি প্রাণিসমূহের প্রাণ ও তেজ দান করিয়া থাকেন। ৪২

ভীষ্ম বলিলেন,—নৃপ! নারদ এইরূপ অন্নদানের মাহাত্ম্য বলিলে পর আমি তখন হইতে সদা অন্নদান করিয়া আসিতেছি। অতএব তুমিও দোষ-দৃষ্টি পরিত্যাগ করিয়া সন্দেহশূন্য চিত্তে শ্রদ্ধা সহ দান কর। ৪৩

রাজন্! প্রভো! তুমি তদ্বিধানে ব্রাহ্মণগণকে বিধি অনুসারে অন্নদান করত তাহার পুণ্যে ধর্মলাভ করিবে। ৪৪

অন্নদাতা। অন্নদানকারিগণ যে সব লোক প্রাপ্ত হন, তাহা তুমি শ্রবণ কর। ধর্মে সেই মহাত্মা অন্নদানকারিগণের পুণ্যফল

ভোগীদানের কারণ হইতে থাকে। ৪৫

সেই সব পুরুষের আকৃতি তারামণ্ডলের ন্যায় উজ্জ্বল ও মহর্ষি গণের গুণোদ্ভাসিত থাকে। সেই সব পুরুষ চন্দ্রমণ্ডলের তুল্য ও এবং তারামণ্ডলের মধ্যে ক্ষুদ্র ক্ষুদ্র ষষ্ঠীবৃক্ষ ন্যায় (তারার) সদৃশ থাকে। ৪৬

সেই সব পুরুষ নানা বহু পুরুষ প্রান্তরকালের সূর্যের ন্যায় প্রভায় উদ্ভাসিত থাকে। সেই সব পুরুষের মধ্যে অনন্ত জীবসকল অবস্থান করে।। ৪৭

বহু বহু বৈদূর্যমণির (নীল) পুরীসমূহ প্রকাশিত হয়। বহু বহু রজত ও স্বর্ণের দ্বারা নির্মিত সেই সব পুরে বহুবিধ বৃক্ষও শোভা পায়, যাহারা সবর্ণ মণিমুক্তা খচিত ফল প্রদান করে।।

সেই সব পুরে বাপী (দীর্ঘিকাবিশেষ), বীথী, (বৃক্ষশ্রেণী সমাকীর্ণ পথ), কূপ, অক্ষ ও বীথী ও পক্ষীর কলরবকারী অশ্ব-যোজিত বহুল সহস্র রথাদি যান রহিয়াছে। ৪৯

সেখানে ভক্ষ্য ভোজ্য পদার্থের পর্বত, বস্ত্র ও আভরণ আছে সেখানে নদীসকল ঘৃত বহন করে। অন্নের পর্বততুল্য ন্যায় সেই সব স্থানে বিদ্যমান আছে। ৫০

সেই ভবনসমূহ শুভ্রবর্ণের মেঘমণ্ডলের ন্যায় শুভ্রদীপ্তি ধারণ করিয়াছে এবং সুমনোনিবিড় উজ্জ্বল মণ্ডলসমূহ সেখানে শোভা পাইতেছে। এই সব ভবন অন্নদাতা পুরুষগণ প্রাপ্ত হন, সে জন্য তুমি অন্নদান কর। ৫১

এতে লোকাঃ পুণ্যকৃতা অন্নদানাৎ মহাত্মনাম্।
তস্মাদন্নং প্রযত্নেন দাতব্যং মানবৈর্ভুবি ॥ ৪১

এই সব পুণ্যকর্মিত লোক অন্নদাতা মহাত্মাগণের লাভ হয়।

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি অন্নদানপ্রশংসায়াং
ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥ ৬৩

অতএব এ জগতে সকল দানশ্রেষ্ঠই অন্নদান যত্নসহকারে অন্ন দান করা কর্তব্য। ৪১

শ্রীমহর্ষি-বেদব্যাসপ্রণীত সকলশাস্ত্রী সংহিতা মহাভারতে অনুশাসন-পর্বান্তর্গত দানধর্মপর্বে অন্নদানের প্রশংসাবিষয়ক ত্রিষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

॥ চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ ॥

(বিভিন্ন নক্ষত্রাদি যোগে বিভিন্ন বস্তুদান দানমাহাত্ম্যকথন।)

যুধিষ্ঠির উবাচ

ব্রূহি মে ভরতো ধান্যমহলানস্তু যো বিধিঃ
নক্ষত্রযোগসংযোগানীং দানবস্তুং ব্রবীহি মে ॥ ১

ভীষ্ম উবাচ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্
দেবকন্যৈক সংবাদং ঋষের্নারদস্য চ ॥ ২
দ্বারকামনুসম্প্রাপ্তং নারদং দেবদর্শনম্
পপ্রচ্ছেদং যতঃ প্রাপ্তং দেবকী মরুদর্শনম্ ॥ ৩
তস্যাঃ সম্পৃচ্ছমানায়া দেবর্ষির্নারদস্তদা
আচষ্ট বিধিবৎ সর্বং যন্মাং পৃচ্ছসি সাম্প্রতম্ ॥ ৪

নারদ উবাচ

কৃত্তিকাসু মহাভাগে পায়সেন সসর্পিষা।
সন্তর্প্য ব্রাহ্মণান্ সাধূংস্তোকানাপ্নোত্যনুত্তমান্ ॥ ৫
রোহিণ্যাং প্রস্থতৈর্মাংসৈঃ শালিভিরৈক্ষবেণ সর্পিষা।
পয়োঽন্নপানং দাতব্যমনুস্মার্থং দ্বিজাতয়ে ॥ ৬
রোহিণী দত্ত্বা সবৎসা তু নক্ষত্রে সোমদৈবতে।
গচ্ছন্তি মানুষাল্লোকাৎ সর্বলোকমনুত্তমম্ ॥ ৭
আর্দ্রায়াং কৃসরং দত্ত্বা তিলমিশ্রমুপোষিতঃ।
নরস্তরতি দুর্গাণি ক্ষুধাব্যাধীংশ্চ পর্বতান্ ॥ ৮
পুনর্বসৌ দত্ত্বা ঘৃতেনান্নানি শোভনে
যশস্বী রূপসম্পন্নো বহুভোগ্যো ভবতে কুলে ॥ ৯

চতুঃষষ্টিতম অধ্যায়।

[বিভিন্ন নক্ষত্রসকলের যোগে ভিন্ন ভিন্ন বস্তুসমূহের দানের মাহাত্ম্যকথন।]

যুধিষ্ঠির বলিলেন,—পিতামহ! আমি আপনার উপদেশ শ্রবণ করিলাম। অন্নদানের যে বিধান, তাহাও জানিতে পারিলাম। এখন আমাকে এই কথা বলুন যে, কোন্ নক্ষত্রের যোগে কোন্ বস্তু দান করা উত্তম। ১

ভীষ্ম বলিলেন,—যুধিষ্ঠির! এবিষয়ে অভিজ্ঞ পুরুষগণ দেবকীদেবী ও মহর্ষি নারদের সংবাদরূপ এই প্রাচীন ইতিহাস উদাহরণ দিয়া থাকেন। ২

একদিন মহর্ষিবর দেবর্ষি নারদ দ্বারকায় আসিয়াছেন। সেই সময় দেবকীদেবী তাঁহার সম্মুখে এই প্রশ্ন জিজ্ঞাসা করিলেন। ৩

প্রশ্নকার্য। দেবকী এইরূপ জিজ্ঞাসা করিলে পর দেবর্ষি নারদ সেই সময় যিনি অন্নদানের তাঁহাকে সকল কথাই বলিয়াছিলেন। সেই সব কথাই আজ তোমাকে বলিব, তুমি শ্রবণ কর। ৪

কৃত্তিকায় মহাভাগে পায়সেন সসর্পিষা। সন্তর্প্য ব্রাহ্মণান্ সাধূংস্তোকানাপ্নোত্যনুত্তমান্ ॥ ৫ রোহিণ্যাং প্রস্থতৈর্মাংসৈঃ শালিভিরৈক্ষবেণ সর্পিষা। পয়োঽন্নপানং দাতব্যমনুস্মার্থং দ্বিজাতয়ে ॥ ৬ রোহিণী দত্ত্বা সবৎসা তু নক্ষত্রে সোমদৈবতে। গচ্ছন্তি মানুষাল্লোকাৎ সর্বলোকমনুত্তমম্ ॥ ৭ আর্দ্রায়াং কৃসরং দত্ত্বা তিলমিশ্রমুপোষিতঃ। নরস্তরতি দুর্গাণি ক্ষুধাব্যাধীংশ্চ পর্বতান্ ॥ ৮ পুনর্বসৌ দত্ত্বা ঘৃতেনান্নানি শোভনে যশস্বী রূপসম্পন্নো বহুভোগ্যো ভবতে কুলে ॥ ৯

নারদ বলিলেন,—মহারাজ! কৃত্তিকানক্ষত্রের আগমন হইলে ব্রাহ্মণ ঘৃতযুক্ত পায়সের দ্বারা বেদ ব্রাহ্মণগণকে তৃপ্ত করিবেন। ইহাতে তিনি উত্তম লোকসকল প্রাপ্ত হইবেন। ৫

রোহিণী-নক্ষত্রে পক্ক মাংস, অন্ন, ঘৃত, দুগ্ধ ও পানযোগ্য পদার্থ ব্রাহ্মণকে দান করা কর্তব্য। ইহাতে তাঁহাদের ঋণ হইতে মুক্তি লাভ হয়। ৬

মৃগশিরা নক্ষত্রে দুগ্ধপ্রদা সবৎসা ধেনু দান করিয়া লোক দুর্গাদি পর এই মনুষ্যলোক হইতে সর্বোত্তম স্বর্গলোকে গমন করেন। ৭

আর্দ্রা নক্ষত্রে উপবাস পূর্বক তিলবিশ্রিত কৃসর (খিচুড়ী) দানকারী মানব অত্যন্ত দুর্গম সঙ্কটসমূহ হইতে এবং দুঃখদায়ি-বিবিধ পর্বত সকলকেও পার হইয়া যাইতে পারেন। ৮

শোভনে! পুনর্বসু নক্ষত্রে শিষ্ট ও অন্নদান করিয়া মানব উত্তম ভূমে জন্মগ্রহণ করেন এবং সেখানে যশস্বী, রূপবান্ ও প্রচুর অন্নসম্পন্ন হন। ৯

পুত্রেণ সদৃশকা দত্তা কৃতা বাকৃততৈব চ
অনালোকেষু লোকেষু সোমবৎ স বিরাজতে ॥ ১৮

আগ্নেয়াষ্যাং তু যো ভ্রাতৃব্যস্তং বা প্রযচ্ছতি
স সর্বতন্ত্রনির্মুক্তঃ সন্তত্যানন্তিষ্ঠতি ॥ ১৯

মঘাসু তিলপূর্ণানি বর্ষাণামানি দাতৃতঃ
প্রদায় পুত্রপশুমানিহ প্রেত্য চ মোদতে ॥ ১২

ফল্গুনীপূর্বসময়ে ব্রাহ্মণানামুপোষিতঃ
উক্ষাণং ক্ষীরসংযুক্তং দত্ত্বা সৌভাগ্যমশ্নুতে ॥ ১৩

ঘৃতকীরসমাযুক্তং বিধিবৎ ষষ্টিকৌদনম্
উত্তরাষিষদে দত্ত্বা স্বর্গলোকে মহীয়তে ॥ ১৪

যদ্ যৎ প্রযচ্ছতে দানমুত্তরাষিষদে নরৈঃ
মহাফলমনন্তং তদ্ ভবতীতি বিনিশ্চয়ঃ ॥ ১৫

ঘৃতে ধাত্রিফলাঃ দত্ত্বা নতুদ্ মুক্তমুপোষিতাঃ
প্রাপ্নোতি পরমাল্লোকান্ পুণ্যকামসমন্বিতান্ ॥ ১৬

চিত্রায়াং ঘৃতঃ দত্ত্বা পুণ্যগন্ধান্ স বাসত

চন্দ্রস্ত্যালবনাঃ লোকে রমন্তে নন্দনে তথা ॥ ১৭

স্বাত্যাময়ং ধনং দত্ত্বা যবিষ্ঠং মধ্যমান্বয়ঃ
প্রাপ্নোতি লোকান্ স শুভানিহ চৈব মহদ্ যশঃ ॥ ১৮

বিশাখাস্বামনড্বাহং ধেনুং দত্ত্বা চ দুগ্ধদাম্
সর্বকামৈঃ সকটং সবাসঃ বসুসংবৃতম্ ॥ ১৯

পিতৃন্ দেবাংশ্চ প্রীণাতি লোকা চামন্ত্যমশ্নুতে
ন চ দুর্গাণ্যবাপ্নোতি স্বর্গলোকং গচ্ছতি ॥ ২০

দত্ত্বা মধোক্তং বিপ্রেভ্যো বৃত্তিমিষ্টাঃ স বিন্দতি
নরকাণীন্দ্র সপ্তেমান্ বাপ্নোতীতি বিনিশ্চয়ঃ ॥ ২১

অনুরাধাসু প্রাদায়ঃ বরাংশ্চ সমুপোষিতঃ
দত্ত্বা মূলফলাঃ চাপি নরঃ স্বর্গে মহীয়তে ॥ ২২

জ্যেষ্ঠাসু তিলধেনুং তু বিপ্রেভ্যো দত্ত্বা মতঃ সমূলফলম্
জ্যেষ্ঠাদামুদ্ধিমিষ্টাঃ বৈ পরিমিষ্টাঃ স গচ্ছতি ॥ ২৩

মূলে মূলফলং দত্ত্বা ব্রাহ্মণেভ্যঃ সমাহিতঃ
পিতৃন্ প্রীণয়তে চাপি গতিমিষ্টাঞ্চ গচ্ছতি ॥ ২৪

পুত্র নক্ষত্রে স্বর্গের অধিষ্ঠাতৃগণ অথবা কেবল স্বর্গই দান করিলে দাতা প্রজাপতিপুত্র লোকেও চন্দ্রতুল্য প্রকাশিত হইতে থাকেন। ১৮

যে ব্যক্তি অগ্নেয়া নক্ষত্রে ভ্রাতা অথবা ভ্রাতৃ দান করেন, তিনি এই জগৎ সর্ব প্রকার তন্ত্র হইতে মুক্ত হইয়া যান এবং পরজন্মে উত্তম মূলে জন্মগ্রহণ করেন। ১৯

যে ব্যক্তি মঘানক্ষত্রে তিলপূর্ণ ধেনুদান (প্রদান) পাত্রসকল দান করেন, তিনি ইহলোকে পুত্র ও পশুসম্পদ লাভ করেন এবং পরলোকে আনন্দভাগী হইয়া থাকেন। ১২

পূর্বফাল্গুনী নক্ষত্রে উপবাস করত যে ব্যক্তি ব্রাহ্মণগণকে ক্ষীরসমিশ্রিত ওক্ষা সমর্থসকল দান করেন, তিনি সৌভাগ্যশালী হন। ১৩

উত্তরা ফল্গুনী নক্ষত্রে বিধি অনুসারে ঘৃত ও দুগ্ধযুক্ত ষষ্টিকান্ন (ষাইচাল্ ধানের ভাত) দান করিয়া মানুষ স্বর্গলোকে সম্মানিত হন। ১৪

উত্তরা ফল্গুনী নক্ষত্রে মানুষ যাহা যাহা দান করেন, তাহা মহাফলযুক্ত এবং অনন্ত হইয়া যায়—ইহাই শাস্ত্রের নিশ্চয়। ১৫

হস্তানক্ষত্রে উপবাস করত ঘৃত, পক্কান্ন, টাংলোয়া ও ত্রিফলাসহ—এই চারি বস্তুযুক্ত ঘৃতসিক্ত ত্রব দানকারী মানুষ পবিত্র কামনাসমূহে অধিত উত্তম লোকে গমন করেন। ১৬

চিত্রাতে। যে মানুষ চিত্রানক্ষত্রে ঘৃত ও পবিত্র গন্ধ দান করেন, তিনি অপ্সরালোকে বিচরণ করেন এবং নন্দনবনে বিহার করেন। ১৭

স্বাতী নক্ষত্রে নিজের অধিকারভুক্ত ধন দান করিলে মানুষ শুভলোকে গমন করেন এবং এজগতেও মহাযশোভাগী হন। ১৮

যে মানুষ বিশাখানক্ষত্রে ধানবাহী বৃষ ও দুগ্ধবতী গাভী প্রদান—চারি কোনযুক্ত গাড়িসহিত বস্ত্র, অন্ন ও শকট দান করেন, তিনি দেবতা ও পিতৃগণকে তৃপ্ত করিয়া থাকেন এবং কৃতার্থ পর অক্ষয় সুখ ভোগ করেন তিনি জীবিত অবস্থায় অথবা মৃত্যুর পর স্বর্গলোকে গমন করেন। ১৯-২০

পূর্বোক্ত যজ্ঞসমূহ ব্রাহ্মণগণকে দান করিয়া মানুষ ইতি জীবিকাবৃত্তি লাভ করেন এবং নরকাদির কষ্ট ভোগ করিতে হয় না। ইহাই শাস্ত্রের নিশ্চয়। ২১

যে মানুষ অনুরাধানক্ষত্রে উপবাস করিয়া আহরণ করা উত্তম অন্ন দান করেন, তিনি শত মূল পর্যন্ত স্বর্গলোকে সম্মানিত হইয়া থাকেন। ২২

যে মানুষ জ্যেষ্ঠা নক্ষত্রে ব্রাহ্মণগণকে সমুচিত খাদ্য ও দান করেন, তিনি অভীষ্ট সমৃদ্ধি এবং সদ্‌গতি প্রাপ্ত হন। ২৩

মূলা নক্ষত্রে একাগ্রচিত্ত হইয়া ব্রাহ্মণগণকে মূল দানকারী মানুষ পিতৃগণকে তৃপ্ত করেন এবং অভীষ্ট গতি প্রাপ্ত হন। ২৪

অথ পূর্ব্বাষাঢ়াদানে মন্ত্রমাত্রাণ্যুপোদ্বিতঃ।
ফলমূলতোপসম্পন্নে ব্রাহ্মণে বেদপারগে। ২৫
পূজয়ো জায়তে প্রেত্য ফলে পুষ্পহরোধনে।
উদমন্থং সসর্পিষ্কং প্রভূতমধিকাধিতম্
যজ্ঞোত্তরাষাঢ়াদানে সর্ব্বকামানবাপ্নুয়াৎ। ২৬
দুগ্ধং ঘৃতান্বিতে যোগে দত্ত্বা মধুঘৃতোত্তমম্।
স্বর্গলোকে মহীয়তে। ২৭
শ্রবণে কম্বলং দত্ত্বা বস্ত্রাস্তরিতমেব বা
যেনেন যাতি যানেন স্বর্গলোকানসংবৃতান্। ২৮
গোপ্রযুক্তং ধনিষ্ঠাসু যানং দত্ত্বা সমাহিতঃ
বস্ত্রাধিষ্ঠিতং সঙ্গং প্রেত্য রাজ্যং প্রপদ্যতে। ২৯
গন্ধান্ অনুলিপ্তযোগে দত্ত্বা সংগুরুচন্দনান্।
প্রাপ্নোত্যপ্সরসাং সঙ্গং প্রেত্য গন্ধাংশ্চ শাশ্বতান্। ৩০
পূর্ব্বভাদ্রপদাযোগে রাজমাষান্ প্রদায় তু

সর্ব্বভক্ষাকুলোপেতঃ স বৈ প্রেত্য সুখী ভবেৎ। ৩১
ঔরভ্রমুত্তরাযোগে বস্ত্র মাংসং প্রযচ্ছতি।
স পিতৃন্ প্রীণয়তি বৈ প্রেত্য চানন্ত্যমশ্নুতে। ৩২
কাংস্যোপদোহনং ধেনুং রেবত্যাং যঃ প্রযচ্ছতি।
সা প্রেত্য কামানাদায় দাতারমুপতিষ্ঠতি। ৩৩
রথমশ্বসমাযুক্তং দত্ত্বাশ্বিন্যাং নরোত্তমঃ
হস্ত্যশ্বরথসম্পন্নে ঋদ্ধিমান্ জায়তে কুলে। ৩৪
তরণীষু বিভাতীত্যভিলষেদ্যুং প্রযচ্ছতি বৈ
গাঃ সুপ্রভৃতাঃ প্রাপ্নোতি নরঃ প্রেত্য যশস্বিনঃ। ৩৫

ভীষ্ম উবাচ

ইত্যেষ লক্ষণোদ্দেশঃ প্রোক্তো নক্ষত্রযোগতঃ।
রেবত্যাং নাবদেনেহ সা পুত্রাত্যোঽব্রবীদিদম্। ৩৬

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি নক্ষত্রযোগদানং নাম
চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ। ৬৪

পূর্ব্বাষাঢ়া নক্ষত্রে উপবাস করিয়া কুশীল, সদাচারী ও বেদে পারদর্শী বিদ্বান্ ব্রাহ্মণকে পরিপূর্ণ পাত্রদানকারী ব্যক্তির মৃত্যুর পর এরূপ ফলে ফলদর্শন করেন, যে ফলে গোযোনি আবশ্যক থাকে। ২৫।

যে ব্যক্তি উত্তরাষাঢ়া নক্ষত্রে ঘৃতপূর্ণ কলস সহ শক্তু (ছাতু) যুক্ত বস্ত্র, ঘৃত ও প্রচুর মাষকল দান করেন, তিনি সমস্ত মনোবাঞ্ছিত ভোগ প্রাপ্ত হন। ২৬

যে নিত্য বর্ষাসময়ে মাষযুক্ত অভিজিৎ নক্ষত্রের যোগে মনীষী ব্রাহ্মণগণকে ঘৃত ও ঘৃতযুক্ত দুগ্ধ দান করেন, তিনি স্বর্গলোকে সমাদৃত হন। ২৭

যে মাষযুক্ত শ্রবণনক্ষত্রে বস্ত্রবেষ্টিত কম্বল দান করেন, তিনি বেদ-বিমানের দ্বারা অবাধে স্বর্গলোকে গমন করিয়া থাকেন। ২৮

যে ব্যক্তি ধনিষ্ঠানক্ষত্রে একাগ্রচিত্ত হইয়া দোহযুক্ত যান (গো-গাড়ী), বস্ত্রসমূহ ও ধনদান করেন, তিনি মৃত্যুর পর সঙ্গত রাজ্য প্রাপ্ত হন। ২৯

যিনি শতভিষা নক্ষত্রের যোগে অগুরু ও চন্দন সহ সুসজ্জিত গন্ধার্থসমূহ দান করেন, তিনি পরলোকে অপ্সরোগণসহ এবং অক্ষয় গন্ধ প্রাপ্ত করিয়া থাকেন। ৩০

পূর্ব্বভাদ্রপদা নক্ষত্রের যোগে রাজমাষ (বড় ও সাদা মটর) কলায়দানকারী মানব পরলোকে সকলপ্রকার খাদ্য বস্তু সম্পন্ন হইয়া সুখী হন। ৩১

যে ব্যক্তি উত্তরাভাদ্রপদা নক্ষত্রের যোগে ঔরভ্র (মেষ) মাংস দান করেন, তিনি পিতৃগণকে তৃপ্ত করিয়া থাকেন এবং পরলোকে অক্ষয় সুখভাগী হন। ৩২

যে ব্যক্তি রেবতী নক্ষত্রে কাংস্যনির্ম্মিত দুহনোপকরণ-পাত্রসহ ধেনু দান করেন, সেই ধেনু পরলোকে সমস্ত ভোগসমূহ লইয়া সেই দাতার সেবায় উপস্থিত হন। ৩৩

যে নরোত্তম মাষযুক্ত অশ্বযোজিত রথ দান করেন, তিনি হস্তী, অশ্ব ও রথসম্পন্ন কুলে ভোগবতী পুত্রত্বরূপে জন্মগ্রহণ করিয়া থাকেন। ৩৪

যে ব্যক্তি ভরণী নক্ষত্রে ব্রাহ্মণগণকে তিলধেনু দান করেন, তিনি ইহলোকে বহুসংখ্যক গো ও পরলোকে বহুৎ ধন প্রাপ্ত হন। ৩৫

ভীষ্ম বলিলেন,—রাজন্! এখনে এইভাবে আমি নক্ষত্র সকলের যোগে বিবিধ বস্তুদানের বিষয় সংক্ষেপে বর্ণনা করিলাম। নারদ রেবতীদেবীকে এবং রেবতীদেবী নিজের পুত্রগণকে এই বিষয় বলিয়াছিলেন। ৩৬

শ্রীবরদরাজ বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে নক্ষত্রযোগদানবর্ণন চতুঃষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

॥ পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ ॥

(সুবর্ণ-জলাদিবিভিন্নবস্তুনাং দানমহিমবর্ণনম্)

ভীষ্ম উবাচ।

সর্বান্ কামান্ প্রযচ্ছন্তি যে প্রযচ্ছন্তি কাঞ্চনম্।
ইত্যেবং ভগবানত্রিঃ পিতামহমুতোঽব্রবীৎ ॥ ১

পবিত্রমগ্র্যং চায়ুষ্যং পিতৃণামক্ষয়ং তৎ
সুবর্ণং মনুজেন্দ্রেণ ধরিন্দ্রেণ কীর্তিতম্ ॥ ২

পানীয়ং পরমং দানং দানানাং মনুরব্রবীৎ।
তস্মাৎ কূপাংস্ত যাশ্চিন্ত তড়াগানি চ খানয়েৎ ॥ ৩

অর্থং পাপস্য হরতি পুরুষস্যেহ কর্মণঃ
কূপঃ প্রবৃত্তপানীয়ঃ সুপ্রবৃত্তশ্চ নিত্যশঃ ॥ ৪

সর্বং তারয়তে বংশং যস্য স্যাত্তে জলাশয়ে
গাবঃ পিবন্তি বিপ্রাশ্চ সাধবশ্চ নরাঃ সদা ॥ ৫

নিদাঘকালে পানীয়ং যস্য তিষ্ঠত্যবারিতম্
স দুর্গং বিষমং কৃৎস্নং ন কদাচিদবাপ্নুয়াৎ ॥ ৬

বৃহস্পতের্ভগবতঃ পুত্রস্তেষাং তপস্যতাম্
অধিনোশ্চৈব বহ্নেশ্চ প্রীতির্ভবতি সর্পিষা ॥ ৭

পরমং ভেষজং ক্ষেত্রং যজ্ঞানামেতদুত্তমম্।
রসানামুত্তমং চৈতৎ ফলানাং চৈতদুত্তমম্ ॥ ৮

ফলকামো যশস্কামঃ পুষ্টিকামশ্চ নিত্যদা।
ঘৃতং যস্ত্যাদ্ দ্বিজাতিভ্যঃ পুরুষঃ শুচিরাত্মবান্ ॥ ৯

ঘৃতং মাসে আষাঢ়ে বিপ্রেভ্যো যঃ প্রযচ্ছতি।
তস্মৈ প্রযচ্ছতো রূপং প্রীতো বৈশ্বানরো দদেৎ ॥ ১০

পায়সং সর্পিষা মিশ্রং দ্বিজেভ্যো যঃ প্রযচ্ছতি।
গৃহং তস্য ন রক্ষাংসি ধর্ষয়ন্তি কদাচন ॥ ১১

পিপাসয়া ন ম্রিয়তে সোপচ্ছন্দস্য জায়তে
ন প্রাপ্নুয়াচ্চ বাসনং করকান্ যঃ প্রযচ্ছতি ॥ ১২

প্রযতো ব্রাহ্মণাগ্রে যঃ শ্রদ্ধয়া পয়সা ঘৃতম্।
উপস্পর্শনবদ্ভূতাস্য লভতে পুরুষঃ সদা ॥ ১৩

পঞ্চষষ্টিতম অধ্যায়

[সুবর্ণ ও জল প্রভৃতি বিভিন্ন বস্তুসমূহের দানের মহিমাবর্ণন।]

ভীষ্ম বলিলেন,—যুধিষ্ঠির! ব্রহ্মার পুত্র ভগবান্ অত্রি বলিয়াছেন—যাঁহারা সুবর্ণ দান করেন, তাঁহারা যাচকের সমস্ত কামনাই পূর্ণ করিয়া থাকেন। ১

রাজা হরিশ্চন্দ্র বলিয়াছেন—সুবর্ণ পরম পবিত্র, আয়ুষ্কর এবং পিতৃগণের অক্ষয় গতি প্রদানকারী। ২

মনু বলিয়াছেন, -জলদান সমস্ত দানের মধ্যে উত্তম। সেই জন্য কূপ, বাপী (দীঘী) ও সরোবর খনন করাইবে। ৩

যাহার নির্মিত কূপ উত্তম জল নিঃসরণ করিয়া এ জগতে সর্ব্বদা লোকের উপভোগে ব্যবহৃত হয়। সেই কূপ যাহাদের পাপ কর্ম্মের অর্দ্ধভাগ হরণ করে। ৪

যাহার খাত জলাশয়ে গো, ব্রাহ্মণ ও সেই পুরুষগণ সর্ব্বদা জলপান করেন, সেই জলাশয় তাঁহার সম্পূর্ণ বংশকে উদ্ধার করিয়া থাকে। ৫

যাহার খাত পুষ্করিণীতে গ্রীষ্মকালেও জল থাকে, কখনও নষ্ট হয় না, সেই মানুষ কোনসময়েও অত্যন্ত দুর্গম সঙ্কটে পতিত হন না। ৬

বৃহস্পতি ভগবান্ বৃহস্পতি, পুষা, ভগ, অশ্বিনীকুমারদ্বয় ও অগ্নিদেব প্রসন্ন হন। ৭

ঘৃত সর্ব্বাপেক্ষা উত্তম ঔষধ এবং যজ্ঞ করিবার সর্ব্বশ্রেষ্ঠ বস্তু এই ঘৃত রসসমূহের মধ্যে উত্তম রস ও ফলসমূহের মধ্যে সর্ব্বোত্তম ফল। ৮

যে পুরুষ সফলতা লাভ, যশ ও পুষ্টি কামনা করেন, তিনি পবিত্র হইয়া মনকে বশীকৃত করতঃ দ্বিজাতিগণকে ঘৃত দান করিবেন। ৯

যে ব্যক্তি আশ্বিন মাসে ব্রাহ্মণগণকে ঘৃত দান করেন, তাহার প্রতি বৈশ্বানর দুই আশ্বিনীকুমার প্রসন্ন হইয়া এ জগতে তাহাকে ভগবান করিয়া থাকেন। ১০

যিনি ব্রাহ্মণগণকে ঘৃতমিশ্রিত পায়স দান করেন, তাহার গৃহে কখনও রাক্ষসগণের আক্রমণ হয় না। ১১

নিজের মহাত্মা পিতা এইভাবে জিজ্ঞাসা করিলে পর পরলোকের সকল বিষয় প্রত্যক্ষদর্শনকারী নাচিকেত মহর্ষিগণের মধ্যে পিতাকে সেখানের সকল বৃত্তান্ত নিবেদন করিলেন। ১৪

পিতঃ! আমি আপনার আজ্ঞা পালন করিবার জন্য এখান হইতে অতি সত্বর প্রস্থিত হইলাম এবং মনোহর কান্তিযুক্ত ও প্রভাবযুক্ত বিমান যম-পুরীতে উপস্থিত হইয়া সেখানের সভা দর্শন করিলাম, যাহা সূর্যকুল্য তুল্য প্রভায় দেদীপ্যমান হইতেছিল তাহার দ্যুতি সহস্র যোজন দূর পর্যন্ত বিস্তৃত ছিল। ১৫

আমাকে সম্মুখে আসিতে দেখিয়াই বিবস্বান্ (সূর্য)-পুত্র যম নিজের সেবকগণকে আজ্ঞা করিলেন—'ইহাকে লইয়া এস'। তিনি আপনার ভক্ত বলিয়াই পূজা সহকারে উপচারসমূহের দ্বারা বরাবর আমার পূজা করিলেন। ১৬

তখন সকল সময়ে পরিতুষ্ট তাঁহার দ্বারা পূজিত হইয়ে আমি বৈবস্বত যমকে ধীরে ধীরে বলিলাম—বরাজ! আমি আপনার রাজ্যে আসিয়াছি, আমি যে লোকে যাইবার যোগ্য, সেই লোকে যাইবার জন্য আপনি আমাকে অনুমতি প্রদান করুন। ১৭

তখন যমরাজ আমাকে বলিলেন,- সৌম্য! তুমি মৃত নও। তোমার জনকী পিতা এই কথাই বলিয়াছেন যে, তুমি যমরাজকে দর্শন কর। বিপ্রবর! সেই তোমার পিতা প্রজ্বলিত অগ্নিতুল্য তেজস্বী। তাঁহার কথা মিথ্যা হইতে পারে না। ১৮

পৃষ্টেঽধ্বং প্রতিগচ্ছন্তু তাত
শোচন্ত্যাসৌ তব দেবসূ কৃত্তা
সদ্যানি কিং ত্বাপি মনঃপ্রতীত-
শ্চিত্তাভিখেদেন ক্ষয়ান বৃদীষ। ১৯
তেনৈবমুক্তস্তনয়ং প্রত্যুবাচঃ
প্রাপ্তোঽস্মি তে বিষয়ং তুনিবর্ত্তাম্।
ইচ্ছাময়ঃ পুণ্যকৃতাঃ সদ্বৃত্তান্
লোকান্ ব্রজৈর যদি তেঽহং বরাহঃ। ২০
যাবাং সমাদোপ্য তু মাং স যেবো
বাবৈর্যুক্তং শুভ্রকং তাদৃশং তং
সম্পর্শয়ামাস তদাত্মলোকান্
সর্বাংস্তথা পুণ্যকৃতাংশ্চ বিপ্রেন্দ্র। ২১
অপশ্যং তত্র বেশ্মানি তৈজসানি মহাত্মনাম্।
নানাসংস্থানরূপাণি সর্বরত্নময়ানি চ। ২২
ব্রহ্মণ্ডলণ্ডলাভানি বিভিন্নীলাদলবন্তি চ।

অনেকশতভৌমানি সাম্ভর্জলবনানি চ। ২৩
বৈদূর্য্যার্কপ্রভাণ্যন্যে রূপাকরময়ানি চ।
তত্রপানিত্যবর্ণানি স্থাবরাণি চরাণি চ। ২৪
উদ্যানোদ্যানসংস্থান্ শৈলান্ বাসাংসি সর্বশঃ।
সর্বকামফলাংশ্চৈব বৃক্ষান্ তত্রবসংস্থিতান্। ২৫
নদ্যো বাপ্যঃ সভা বাপ্যো বীথিকাশ্চৈব সর্বশঃ
ঘোষবন্তি চ যানানি যুক্তানশ্চ সহস্রশঃ। ২৬
কীর্তয়ন্তো বৈ সস্থিতো গিরীংস্ত
সপিণ্ডতা বিমলং চাপি তোয়ম্।
বৈবস্বতস্যানুভবাংস্ত বেশ্মা-
নদৃষ্টপূর্বান্ সুমহন্মনোজ্ঞম্। ২৭
সর্বান্ দৃষ্ট্বা তত্রবং ধর্মরাজ-
মবোচং বৈ প্রভবিষ্ণুং পুরাণম্।
কীর্তয়ন্তো: সপিণ্ডাশ্চৈব নদ্যা
শব্দং-শ্রোতঃ: তস্য তোজ্যাঃ প্রতিষ্টাঃ। ২৮

ভাত! এখন তুমি আমাকে দর্শন করিয়াছ, অতএব ইহার পর ফিরিয়া যাও। তোমার দেবের গর্ভা সেই তোমার পিতা শোকসম হইতেছেন বৎস তুমি আমার প্রিয় অতিথি, অতএব আমি তোমার কোন্ মনোরথ পূর্ণ করিব? তোমার যে যে বস্তুর জন্য বাসনা আছে, সেই সেই বস্তু তুমি প্রার্থনা কর।১৯

তিনি কথা বলিলে পর আমি তাঁহাকে এই উত্তর করিলাম:- ভগবন্! আমি আপনার সেই স্থানে আসিয়া পড়িয়াছি, যেখান হইতে ফিরিয়া যাওয়া অত্যন্ত কঠিন। যদি আমি আপনার দৃষ্টিতে বরলাভের যোগ্য বলিয়া বিবেচিত হই, তবে পুণ্যাত্মা পুরুষদিগের প্রাপ্য সদ্বিদ্যাবী লোকসমূহ আমি দর্শন করিতে অভিলাষী হইয়াছি। ২০

দ্বিজেন্দ্র! তখন বর-দেবতা বাহনসমূহে যোজিত উত্তম প্রভাযুক্ত তেজস্বী রথে আমাকে উপবেশন করাইয়া পুণ্যাত্মাদিগের প্রাপ্য নিজের স্থানের সমস্ত লোকসমূহ আমাকে দর্শন করাইলেন। ২১

তখন আমি মহাত্মা পুরুষদিগের প্রাপ্য সেস্থানের তেজোময় ভূবনসমূহ দর্শন করিলাম। তাহাদের তল, বর্ণ ও আকার অনেক প্রকারের ছিল। সেই সমস্ত ভবনের সর্বপ্রকার রত্নসমূহের দ্বারা নির্মাণ করা হইয়াছে। ২২

বহু বৃক্ষ ব্রহ্মকমলের সমান উজ্জ্বল ছিল। বহুর মধ্যে কৃষ্ণ বর্ণবিশিষ্ট তাল (তালের) সদৃশোজ্জ্বল ছিল সেই সমস্ত ভবন অনেক শত শত তল ও তল ছিল উহাদের মধ্যে জলাশয় ও বন উপবন শোভা পাইতেছিল বহু বৃক্ষের প্রভাব নীলমণিরা পূর্ণাকৃতা ছিল বহু বৃক্ষ রত্নের ও বাপীর দ্বারা নির্মিত ছিল অনেক বৃক্ষের বর্ণ আমার প্রাতঃকালীন সূর্যের ন্যায় উজ্জ্বল ছিল। উহাদের মধ্যে বহু ভবন স্থাবর (একস্থানে স্থিতিশীল) ও বহু ভবন ইচ্ছানুসারে বিচরণশীল ছিল। ২৩-২৪

এই সব ভবনে ভক্ষ্য ও ভোজ্য পরমসুস্বাদু পর্যাপ্তভাবে রাশি বিদ্যমান আছে। বহু ও পর্বতসমূহ, উদ্যান পরিপূর্ণ ছিল এবং সর্ব-বিধ মনোরঞ্জিত ফল প্রদানকারী বহু বৃক্ষ সেই সব বৃক্ষের শোভার মধ্যে রহিয়াছে। ২৫

সেই সব দিব্যালোকে বহু নদী, বীথি (রাজায়) সভাসমূহ বাপী, কূপী এবং সংঘোজিত, প্রস্তুত ও পথাযমান সহস্র সহস্র যান আমি সর্বদিকে বিদ্যমান থাকিতে দেখিলাম।২৬

আমি বৃক্ষপ্রবাহিতকারিণী বহু নদী, পর্বত ও বৃক্ষ এবং বিশ্ব সমস্ত দেখিয়াছি এবং আমি বরদাতাকে সত্যবচিকল্পে পূর্বে আসায় বহু প্রবেশও বর্ণন করিয়াছি।।২৭

সেই সব বর্ণন করিয়া আমি প্রভাবশালী পুরাতন বেদা ধর্মরাজকে বলিলাম, প্রভো! এই যে বৃক্ষ ও বৃক্ষের নদীসমূহ প্রবাহিত হইতেছে, তাহাদের স্রোত ভগবন্ত তব বা না, এই।

অযোগ্যেভ্যশ্চ বিধিজ্ঞো ভোজ্যান্যুপহরেত্তদা
যে দাতারঃ সাধবো যোগ্যসংজ্ঞাঃ।
অন্তে লোকাঃ শাশ্বতা যীতমোহৈঃ
সন্যাকীর্ণা যোগ্যদানে বতানাম্ ॥ ২৯
ন হ্যেতাসাং দানমাত্রং প্রশস্তং
পাত্রং কাল্যো বেদিশেষো বিধিশ্চ
জ্ঞাত্বা দেয়ং বিপ্র সর্বাস্তরং বি
দুঃখং জ্ঞাত্বা পাবকাদিত্যবৃত্তম্ ॥ ৩০
বাধ্যায়বান্ যোগিজাতঃ তপস্বী
বৈতানস্থো ব্রাহ্মণঃ পাত্রমাসাম্
কৃত্স্নোৎপন্নাঃ সোমবাজ্যাগরাজ্ঞ
দ্বারৈরেভির্যোগিবেদাঃ প্রশস্তাঃ ॥৩১
ত্রিভো রাত্র্যাস্ত্রিভিরেবাপ্ত মূলৈ
তৃপ্তা গাবস্তর্পিতেভ্যঃ প্রদেয়াঃ।
বৎসৈঃ শ্রীতাঃ সুপ্রজাঃ সোপচারা-
দ্যাত্বা দত্ত্বা লোকসর্বাস্তিনাম্ ॥ ৩২

দত্ত্বা যেত্বঃ পুত্রবত্যঃ কাংসাদোহাঃ
কল্যাণবৎসোপলাদিনীশ্চ
বাবন্তি রোমাণি ভবন্তি তস্য-
স্তাবদ্ বর্ষাণ্যাপ্লুতে স্বর্গলোকম্ ॥ ৩৩
ভবানড্বাহং ব্রাহ্মণেভ্যঃ প্রদায়
দান্তং ধূর্যং বলবন্তং যুবানম্।
কুলানুভাব্যং বীর্য্যবন্তং বৃহন্তং
ভুঙ্‌ক্তে লোকান্ সন্মিতান্ যেমুষস্য ॥৩৪
সোমু জাত্বা গোপ্রদানং কৃতজ্ঞং
বৃদ্ধিপ্রাপ্তং তাদৃশং পাত্রমাহুঃ।
যুদ্ধে প্রাণে সংশয়ে বা হোরাত্রে
কৃত্স্নার্থং বা যোগমাহুস্তোঃ প্রশস্ত্যাম্ ॥ ৩৫
অর্ধার্থং বা বালদুষ্টাভিজগ্ধা
গাং বৈ দাত্তা বেদকালোঽবিশিষ্টঃ।
অন্যুর্জাতাঃ সক্তবস্তানলস্তাঃ
প্রাপ্তক্রীতা নির্দিশং যৌতকান্ত ॥ ৩৬

ভাহারা উপভোগ করেন—তাঁহাদের উপভোগের জন্য বিধি রহিয়াছে? ২৮

বরাহ বলিলেন,—ব্রহ্মন্! তুমি এই সব নদীকে সেই শ্রেষ্ঠ পুরুষদের উপভোগযোগ্য বলিয়া জানিও, যাঁহারা যোগম (যে দুহাবি) দান করেন। যাঁহারা যোগদান ব্রত রাখেন, সেই পুণ্যাত্মাগণের জন্য অন্য লোকসকল আছে, যে সব স্থান দুগ্ধ-গোরসহিত পুণ্যাত্মগণের দ্বারা পরিপূর্ণ। ২৯

বিপ্রবর! কেবল যোগবলের দানমাত্রই প্রশস্ত নহে, তদুপরি ব্রাহ্মণ, উত্তম সময়, বিধিই যোগ এবং দানের সর্বোত্তম বিধি—এই সব বিষয় জানিয়াই যোগদান করা কর্তব্য। যোগবলের দ্বারা পরলোকের যে জ্ঞাতব্য আছে, তাহা জানা অগ্নিদেব অগ্নির অর্থাৎ এবং অগ্নি ও সূর্য্যকুল্য তেজস্বী পাত্রও জানা সহজসাধ্য নহে। ৩০

যে ব্রাহ্মণ বেদের স্বাধ্যায়ে তৎপর, অগ্নিহোত্র তপস্বী এবং বৈতানস্থানে নিরত, তিনিই যোগদান গ্রহণ করিবার সর্বোত্তম পাত্র। ইহা ব্যতীত যে সব ব্রাহ্মণ দুগ্ধদোহক ও পরিবারবর্গের পুষ্টির জন্য যোগার্থী হইয়া আসিবেন, তাঁহারাও দানের উত্তম পাত্র। এই সব যুগোগ্য পাত্রকে নির্দিষ্ট করিয়া দানে প্রবৃত্ত হইলে যোগফল উত্তম বলিয়া কথিত হয়। ৩১

তিন রাত্রি পর্যন্ত উপবাস করিয়া কেবল জলপান করত থাকিলে পরে করিয়া থাকিতে হয়। তাহার পর যোগফলকে ভোজনাদি দ্বারা তৃপ্ত করাইয়া ব্রাহ্মণদের দান করিতে হয়। সেই সব গাভী বৎসের সহিত প্রশস্ত থাকিবে, সুন্দর বৎস প্রদান করিবে এবং অন্যান্য আবশ্যক সাজসরঞ্জামযুক্ত থাকিবে। এই ভাবে যোগদান করিয়া তিনদিন কেবল যোগদান আহার করিতে হইবে। ৩২

উত্তমবৎস-বিশিষ্টা, শ্রেষ্ঠ বৎসবতী এবং অনেকদোহনা দুগ্ধবতী গাভীকে কাংস্য নির্মিত দুগ্ধ দোহন পাত্রসহ দান করিয়া সেই গাভীর দেহে যত লোম আছে, ততবর্ষকাল দাতা স্বর্গলোকে সুখভোগ করেন। ৩৩

এইরূপ ভাবনাকে নিকট দিয়া লইয়া যাওয়া হইয়াছে, যে ভাববহনে সমর্থ, বলবান, যুবা, কুলবংশের ভারবহনে ক্ষমতাপন্না যোগ্য, সদ্ভাবসম্পন্ন ও দৃঢ়কায়ত্ব বৃষ (বা বলদ) ব্রাহ্মণদানে যিনি দান করেন, তিনিও দুগ্ধবতী গাভী দানকারীর তুল্যই উত্তম লোকসমূহ উপভোগ করেন। ৩৪

যিনি যোগদানের প্রতি কৃতজ্ঞতাশীল, তাঁহাদের ইচ্ছা করিতে সমর্থ, কৃতজ্ঞ ও ভারবাহকারী, এরূপ ব্রাহ্মণ যোগদানের উত্তম পাত্র বলিয়া জ্ঞানিগণ অভিহিত করিয়া থাকেন। যিনি বৃদ্ধ, যোগী বলিয়া পথ ভোজন করাইয়াছেন, দুর্ভিক্ষাদির জন্য বিপ্লব, কোন মহাযজ্ঞের অনুষ্ঠানকারী কিংবা যাহার জন্য ভোজের আবশ্যকতা উপস্থিত হইয়াছে, যোগের জন্য যাহার দানের ইচ্ছা থাকিবে

নাচিকেত উবাচ

শ্রুত্বা বৈবস্বতবচস্তমহং পুনরব্রুবম্
অভাবে গোপ্রদাতৃণাং কথং লোকান্ বি গচ্ছতি ।৩৭
ততোঽব্রবীদ্ যমো ধীমান্ গোপ্রদানপরাং গতিম্
গোপ্রদানানুকল্পাং তু গাবস্তত্র সন্তি গোপ্রদাঃ ।৩৮
অলাভে যো গবাং দদ্যাদ্ ঘৃতধেনূঃ যতব্রতঃ ।
তসৌতা ঘৃতবাহিন্যঃ কল্পন্তে বৎসলা ইব ।৩৯
ঘৃতলাভে তু যো দদ্যাৎ তিলধেনূঃ যতব্রতঃ ।
স দুর্গাং তারিতো বেদ্যা ক্ষীরনদ্যাঃ প্রমোদতে ।৪০
তিলালাভে তু যো দদ্যাজ্জলধেনূঃ যতব্রতঃ
স কামপ্রবহাঃ শীতাঃ নদীমেতাম্যপাপ্নুতে ।৪১
এবমেতানি যে তত্র ধর্মযাতো সুদর্শনং ।
দৃষ্ট্বা চ পরমং হর্ষমবাপন্নরকচ্যুত ।৪২

নিবেদয়ে চাত্মনিঃ প্রিয়া তে
ঊর্জস্করীনন্তধনপ্রচারঃ
প্রাপ্তো ময়া তাত স যৎপ্রসূতঃ
প্রপৎস্যতে বেদবিধিপ্রবৃত্তঃ ।৪৩
শাপো হ্যয়ং তপতোঽনুগ্রহার্থং
প্রাপ্তো ময়া সত্র দৃষ্টো যমো বৈ
দানব্যুষ্টিং তত্র দৃষ্ট্বা মহান্তং
নিঃসন্দিহান্ দানবরাংশ্চরিষ্যে ।৪৪
ইত্যুক্ত ধামন্তরাদ্ ধর্মরাজঃ
পুনঃ পুনঃ সম্প্রহৃষ্টো নরর্ষে
দানেন যঃ প্রাপ্তবানুক্ত লোকে
বিশেষতো গোপ্রদানেন কুর্যাৎ ৪৫

অথবা পূর্বে ঐ সন্তানসন্ততি থাকিবে বা ওরূপ কন্যা লাভ করিতে হইবে কিংবা বাজনের পুষ্টির জন্য গোদুগ্ধের প্রয়োজন হইবে, এরূপ ব্যক্তিকে এরূপভাবে অবস্থার পোলানের জন্য সাধারণ দেশ-কাল স্থীকৃত হইয়াছে (এরূপ অবস্থার দেশ-কালের বিচার করিবার আবশ্যকতা নাই)। যে গো-দানকের বিশেষ ভেদ জানা গিয়াছে, যাহাদের ক্রয় করা হইয়াছে অথবা জ্ঞানের পুরস্কারস্বরূপ লাভ হইয়াছে, কিংবা প্রাণিগণের পরিবর্তন করিয়া ক্রয় করা হইয়াছে বা ক্রয় করিয়া আনা হইয়াছে অথবা যৌতুকস্বরূপে প্রাপ্তি হইয়াছে, এরূপ গো-দানকই দানের সঙ্গে উত্তম বলিয়া কথিত হয়। ৩৫-৩৬

নাচিকেত বলিলেন,— পূর্বাপুত্র যমের বাক্য শ্রবণ করিয়া আমি পুনরায় তাঁহাকে জিজ্ঞাসা করিলাম—ভগবন্! যদি অভাববশতঃ কেহ গো-দান করিতে না পারেন, তবে তিনি গো-প্রদানকারীর গো-দানের ফল কিভাবে লাভ করিতে সমর্থ হইবেন? ৩৭

ভগবন্ত জ্ঞানবান্ বরদাতা গো-দান-সম্বন্ধী গতি ও গো-দানের তুল্য ফলপ্রদ দানের বর্ণনা করিলেন, যজ্ঞমানের গো-বাতীতও যাহার গো-দানকারী হইতে পারে। ৩৮

যে ব্যক্তি গোর অভাবে সংযত-নিয়মপরায়ণ হইয়া 'ঘৃত ধেনু' দান করিবেন, তাঁহার জন্য এই সকল ঘৃতবাহিনী নদী বৎসবৎসলা গাভীর ন্যায় ঘৃত বহন করে। ৩৯

ঘৃতের অভাবে যে ব্যক্তি সংযতচিত্তে যুক্ত হইয়া 'তিলধেনু' দান করিবেন, তিনিও এই ধেনুর দ্বারা সহজে হইতে উত্তীর্ণ লাভ করত দুর্গ নদীতে আনন্দ উপভোগ করেন। ৪০

তিলের অভাবে যে ব্যক্তি ব্রতনিষ্ঠ ও নিয়মনিষ্ঠ হইয়া 'জলধেনু' দান করিবেন, তিনি অতীব বহুল তিনি এই উত্তম নদীর নিকটে থাকিয়া সুখ ভোগ করেন। ৪১

ধর্ম হইতে অবিচ্যুতি কথা: এইরূপে ধর্মরাজ আমাকে সেখানে এই সব স্থান দর্শন করাইয়াছেন এই সব দেখিয়া আমি অত্যন্ত হর্ষ লাভ করিয়াছি। ৪২

তাত! আমি আপনার জন্য এই স্থির বৃত্তান্ত নিবেদন করিতেছি যে, আমি সেখানে অতি অল্প ধনের দ্বারা বিশাল যোদ্ধা এই গো-দানকে সর্বোত্তম ফল হইয়াছি। তাতা এ জন্যে বেদবিধি অনুসারে আমার নিকট হইতে প্রকাশিত হইয়া সর্বত্র প্রচলিত হইবে। ৪৩

আপনি যে আমাকে শাপ দিয়াছিলেন, তাহাতে আমার উপর আপনার অনুগ্রহই প্রকাশ হইয়াছে, প্রকৃতপক্ষে উহাতে আমি আপনার অনুগ্রহই প্রাপ্ত হইয়াছি, যাহার দ্বারা আমি যমলোকে গমন করত সেখানে যমরাজকে দর্শন করিতে পারিয়াছি মহাত্মন্! সেখানে দানের ফল প্রত্যক্ষ দর্শন করিয়া আমি সঙ্গে সঙ্গে বিভিন্ন দানকর্মসকলের অনুষ্ঠান করিব। ৪৪

ধর্মরাজ বারংবার প্রসন্ন হইয়া আমাকে ইহা বলিয়াছেন যে, যে মানুষ দানের দ্বারা সর্বত্র পবিত্র থাকিতে ইচ্ছুক হইবেন, তিনি বিশেষভাবে গো-দান করিবেন। ৪৫

গুরো স্থিতে নাবসত্ত্ব বর্ষান্
পাত্রে দেয়ং দেশকালোপপন্নে।
তস্মাদ্ গাবস্তে নিত্যমেব প্রদেয়া
মা মৃত্যু তে সংসৃজ কল্পিতম্ ॥ ৪৬

এতাঃ পূতা ঋষয়শ্চিত্যমেব
শান্তাত্মানো দানপথে নিবিষ্টাঃ।
তপাংস্যুগ্রাণ্যতিশঙ্কমানা-
স্তে বৈ দানং প্রহরন্তীশ্বর শক্ত্যা ॥ ৪৭

কালে চ শক্ত্যা বৎসরং বর্ত্তয়িত্বা
শুদ্ধাত্মানঃ শ্রদ্ধিনঃ পুণ্যশীলাঃ।
হত্বা বা বৈ লোকমমুং প্রপন্না
দেবীপ্যন্তে পুণ্যশীলাস্তু লোকে ॥ ৪৮

এতদ্ দানং ভারতজ্ঞা বিজেতাঃ
পাত্রে দত্তং প্রাপ্তকালং পরীক্ষ্য।
ভাম্যাষ্টেয়ং ব্রতিভিস্তাঃ প্রদাতঃ
সৈর্দেয়া শক্ত্যা প্রস্থদৈর্বা ॥ ৪৯

ধৃনিকুমার। ধর্ম নির্দেশের নিমিত্ত কৃষি প্রভৃতি কার্যের অবহেলা করিবে না। উত্তম দেশ, ভাল কাল এবং পাত্র উপস্থিত হইলে গো প্রদান করা উচিত। অতএব তোমারও এতাদৃশ গো-দান করা কর্তব্য। এ-বিষয়ে তোমার যেন কোন সংশয় বা কল্পনা উচিত নয়। ৪৬

পুরাকালে যাজ্ঞিক পুরুষগণ স্বর্গলাভার্থে অবস্থান করত নিত্যই গোদান করিতেন। তাঁহারা নিজেদের উগ্র তপস্যা-বিষয়ে কোনরূপ সন্দেহ না রাখিয়া যথাশক্তি দান করিয়া যাইতেন। ৪৭

শুদ্ধ অন্তরিন্দ্রিয়, প্রভাসু ও পুণ্যাত্মা পুরুষগণ ইহা পরিত্যাগ করিয়া স্বর্গলোকাদির যথাশক্তি গোদান করত পরলোকে গমন পূর্বক নিজেদের পুণ্যময় দীপ্ত-স্বরূপবশতঃ স্বর্গলোকে দেদীপ্যমান হইয়া বিরাজ করিতেছেন। ৪৮

ভারতশ্রেষ্ঠ বিজয়ী ব্রাহ্মণগণকে দান করা উচিত এবং পাত্রের পরীক্ষা করিয়া কালোচিত দেয় গো তাঁহার গৃহে দিয়া আসিতে হইবে। গোর শুদ্ধ পঞ্চমী তিথিতে আরম্ভ করিয়া একাদশ পর্যন্ত যাজনের গোব্রত, গোরস অথবা গোমূত্র আহার করিয়া থাকা কর্তব্য। ৪৯

দেবব্রতী স্যাদ্ ব্রতজপ্রধানৈ-
র্বেদাধ্যায়িভির্গোযুগন্য প্রদানে।
তীর্থাভিষিক্তৈর্গোপ্রযুক্তপ্রধানে
পাপোৎসর্গঃ কপিলায়াঃ প্রদানে ॥ ৫০

গ্রামণ্যেকা কপিলা সম্প্রদায়
ত্রায়েপেতাৎ কল্মলাদ্ বিপ্রমুচ্যেৎ।
গবাং রসাৎ পরমং নাস্তি কিঞ্চিৎ
গবাং প্রদানাৎ পুরুষং বদন্তি ॥ ৫১

গাবো লোকাস্তারয়ন্তি ভয়ন্ত্যো
গাবশ্চাগ্রং সঞ্জয়ন্তি লোকে
তস্মাৎ দানং গবাং হার্যমেভি
স বৈ গন্তা নিরয়ং পাপচেতাঃ ॥ ৫২

বৈতস্য দত্ত্বা সোমসহস্র শক্ত বা
দশার্ধা বা দর্শ বা সাধুবৃত্তম্
অপোক্ষা বৈ সাধবে ব্রাহ্মণায়
সাম্যায়ুষ্মিন্ পুণ্যতীর্থা নদী বৈ ॥ ৫৩

একটি বৃষ প্রদান করিয়া মানুষ দেবগণের দেবক হইয়া যান। দুইটি বৃষ দান করিলে লাভের বেদবিদ্যা লাভ হয়। বৃষযোজিত গোযান প্রদান করিলে তীর্থসেবার ফলপ্রাপ্তি হয় এবং কপিলা দান করিলে সমস্ত পাপ হইতে মুক্তি লাভ হইয়া যায়। ৫০

মানুষ ত্রায়মাণদাতে প্রদান একটিও কপিলা গাভী দান করিয়া সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া যান। গোদান (গোব্রত) হইতে শ্রেষ্ঠ কোনও ব্রত নাই, সেইজন্য বিদ্বান্‌গণ গোদানকে 'মহাদান' বলেন। ৫১

গোরূপ দুষ্ট প্রদান করিলে সমস্ত মানুষকে দুর্গতি হইতে উদ্ধার করেন। ইঁহারা জগতে সকলের জন্য সত্য উৎপাদন করেন। এই সব বিষয় জানিয়াও যাহারা গোদানের প্রতি দৌর্বল্যভাব বা অশ্রদ্ধা রাখিবে, সেই পাপাত্মা মহাদুঃখ নরকে পতিত হয়। ৫২

যে সব মানুষ কোনও শ্রেষ্ঠ ব্রাহ্মণকে সহস্র, শত, দশ অথবা পাঁচটি গো উত্তম বৎস সহ দান করেন, কিংবা একটি মানুষ গাভী প্রদান করেন, তাঁহাদের জন্য সেই গাভী পরলোকে পবিত্র তীর্থরূপা নদী হইয়া যান। ৫৩

প্রাপ্ত্যা পুষ্ট্যা লোকলোকক্ষয়েণ
গাবস্তুল্যাঃ সূর্য্যপাদৈঃ পৃথিব্যাম্
শব্দস্তৈকঃ সপ্তভিস্তোপতোগাঃ
তস্মাদ্ গোঃ সূর্য্য ইবাবভাতি ॥৪৪
গুরো শিষ্যে বহুধে গোপ্রদানে
স বৈ গন্তা নিরয়ং ঘর্ঘরেষ।
বিদ্বিজ্ঞানাং সুমহদ্ ধর্ম এষ
বিধিঃ প্রাজ্ঞৈ বিদুষঃ সংবিশন্তি ॥ ৪৫
ইমং বাদং তারলুব্ধাঃ ক্ষিপেত্তাঃ
পাপে বদ্ধা প্রাপ্নুয়ুর্ঘোরমুগ্রাঃ পরীক্ষ্য ।

ত্বষ্যাদদস্তাম্বর মানবাশ্চ
পয়ঃ চাপি প্রস্রুতে পুণ্যশীলে ॥ ৪৬
ইত্যুক্তোঽথ বসুরাজঃ দ্বিজেভ্যো
ধনান্যাদায় শিবমাশাস্যপ্রবৎ।
অনুজ্ঞাতস্তেন বৈণ্যেন
প্রত্যাগমৎ ভগবৎপাদমূলম্ ॥ ৪৭

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি ঘর্ঘরাখ্যানে নাম
একসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥ ৭

প্রাপ্তি, পুষ্টি ও লোকরক্ষা করার দ্বারা গোধন এ পৃথিবীতে সূর্যের কিরণসমূহের ন্যায় অভিহিত হয়। একটি 'গো' শব্দ মাত্র ও সূর্যকিরণের যোগে গো একটিই সন্তান ও উপভোগ-সমূহের প্রাপ্তি হয়। অতএব গোদানকারী মানুষ সূর্যের ন্যায় শোভা প্রাপ্ত হন। ৪৪

শিষ্য যখন গোদান আরম্ভ করিবেন, তখন তিনি গুরুকে বরণ করিবেন। যদি গুরু সেই গোদান গ্রহণ করিতে ইচ্ছা করেন তাহা হইলে শিষ্য নিশ্চয়ই স্বর্গলোকগমন করিয়া থাকেন। বিদ্বিবিষয়ে অভিজ্ঞ ব্যক্তিগণের পক্ষে এই গোদান মহাধর্ম স্বরূপ বিদ্বিজ্ঞ এই আদি বিধির অনুরূপ হইয়া থাকে। ৪৫

তুমি ভারদ্বাজকে গোধন দান করিয়া পাপের পরীক্ষা করিবার পর শ্রেষ্ঠ ব্রাহ্মণগণকে উহা দান করিবে এবং তত্ত্ব সম্বন্ধে ব্রাহ্মণের মুখে শাস্ত্রাদেশ শ্রবণ করিবে। তুমি পুণ্যাত্মা এবং পুণ্যকার্য্যের প্রভূত আছ, অতএব তোমার মঙ্গল ও কল্যাণ হোমার নিকটে বর্ষের আশা করি। ৪৬

রাজা বসুরাজ এই কথা বলিলে পর আমি সেই বসুরাজ দেবতাকে মঙ্গল-ও কথা বলায় করত তাঁহার আজ্ঞা গ্রহণ পূর্বক আমি আপনার শ্রীচরণমূলে ফিরিয়া আসিয়াছি। ৪৭

শ্রীমহাবি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে ঘর্ঘরাখ্যান-নামক একসপ্ততি তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত

দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ

[গবাং লোকান্ গোদানকথাবিকত্থা ঘর্ঘ্র-মুদ্বিদ্বিয়োঃ প্রশ্নঃ]

যুধিষ্ঠির উবাচ

উক্তং ত্বে গোপ্রদানং বৈ বাচিকেতমুষিং প্রতি।
মাহাত্ম্যমপি চৈবোক্তমুদ্দেশেন গবাং প্রভো।
কৃৎস্নে চ মহদ্ধ্যমনুভূতং মহাত্মনা।
একাগ্রাদাদজ্ঞানাৎ পিতামহ মহামতে ॥ ২

ঘর্ঘরবক্ত্যাং যথা চাসৌ নিবিদস্যাং সমুদ্ধতঃ
মোক্ষহেতুস্তথা কৃৎস্নস্তপসাদ্ভুতঃ মহঃ ॥ ৩

কিং ত্বস্তি মম সন্দেহো গবাং লোকং প্রতি প্রভো
তত্ত্বতঃ শ্রোতুমিচ্ছামি গোদা যত্র বসন্ত্যুত ॥ ৪

যখন ঘর্ঘরকাপুত্রী ঘোষিত হইতেছিল, সেই সময় তাঁর উক্তার হয় এবং তাঁহার সেই উদ্ধারের হেতু হইলেন ভগবান শ্রীকৃষ্ণ। এই সমস্ত বিষয়ই আমি একাগ্রচিত্তে শুনিয়াছি বুঝিয়াছি ॥ ৩

প্রভো! কিন্তু আমার গোলোকসম্বন্ধে কিছু সন্দেহ রহিয়া গিয়াছে অতএব গোদানকারী মানুষ যে লোকে বাস করেন, তাহা আমি যথাযথ বর্ণনা শুনিতে অভিলাষী হইয়াছি ॥ ৪

দ্বিসপ্ততিতম অধ্যায়

[গোলকলোক ও গোদানবিষয়ক উক্ত ও যুধিষ্ঠিরের প্রশ্ন।]

যুধিষ্ঠির বলিলেন,—প্রভো! আপনি বাচিকেত ঋষির প্রতি গোদান-সম্বন্ধে উপদেশের আলোচনা করিলেন এবং গো-গোলকের মহিমাও সংক্ষেপে বর্ণনা করিলেন। ১

মহামতে পিতামহ! মহাত্মা ব্রাহ্মণ না জানিয়া একবার অপরাধ করায় তার জন্য মহাত্মন্ তোমা করিয়াছিলেন। ২

ভীষ্ম উবাচ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্
যথা সূক্ষ্মং পদ্মযোনিস্তেজসেব শতক্রতুঃ। ১

শক্র উবাচ।

স্বর্গৌকসাদিনাঃ সন্তীমজিতং ত্বয়াচিতা।
গোলোকবাসিনঃ পদ্মে ব্রহ্মতঃ সংশয়োঽত্র মে। ২
কীদৃশা ভগবল্লোকা সবাঃ তত্র স্থিতি যেঽনঘ
যানারোহন্তি দাতার এতদিচ্ছামি বেদিতুম্। ৩
কীদৃশাঃ কিংফলাঃ কিংচিৎ পরমন্তত্র কো গুণঃ।
কথং পুরুষাস্তত্র গচ্ছন্তি বিগতজ্বরাঃ। ৪
কিয়ৎকালং প্রধানসা দাতা চ ফলমশ্নুতে
কথং বহুবিধা দানা স্যাদল্পমপি বা ভবেৎ। ৯
বহুনাং কীদৃশঃ স্থানমল্পানাং বাপি কীদৃশম্
অথবা গোপ্রদাঃ সন্তি তেন বা তত্র বাস মে। ১০
কথং বা বহুদাতা স্যাদল্পদাতা সমঃ প্রভো।
অল্পপ্রদাতা বহুদঃ কথংচিৎ স্যাদিতেশ্বর। ১১
কীদৃশী দক্ষিণা চৈব গোপ্রদানে বিধিশ্রুতে।
এতৎ তত্ত্বেন ভগবন্ মম সংশিতুমর্হসি। ১২

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি গোপ্রদানিকে
দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ। ৭৫

ভীষ্ম বলিলেন, যুধিষ্ঠির! এ বিষয়ে অতিশয় পুরাতন এক প্রাচীন ইতিহাস উদাহরণ দিয়া থাকেন। যাহাতে ইন্দ্র কোন এক সময়ে ব্রহ্মাকে এই প্রশ্ন করিয়াছিলেন। ১

ইন্দ্র বলিলেন,—ভগবন্ আমি দেখিতেছি যে, গোলোকবাসী পুণ্যবান নিজ তেজে স্বর্গলোকবাসীদিগেরও কান্তিকে অভিভূত করিয়া তাঁহাদের অতিক্রম করত চলিয়া যান, অতএব আমার মনে এ বিষয়ে এই সন্দেহ হইতেছে। ৩

ভগবন্! গোলকলোক কিরূপ? অথবা ইহা আমাকে বলুন। গোদানকারী ব্যক্তিগণ যে লোকে বাস করেন, সে বিষয়ে আমি নিজ কথিত বৃত্তান্ত জানিতে অভিলাষী হইতেছি। ৭

সেই লোক কিরূপ? সেখানে কি ফললাভ হয়? সেখানের শয্যাপেক্ষা শ্রেষ্ঠ শয্যা কি? গোদানকারী মনুষ্যগণ সমস্ত চিন্তা হইতে মুক্ত হইয়া সেখানে কিভাবে যাপেন? ৮

দাতা গোদানের ফল সেখানে কতকাল ধরিয়া ভোগ করেন? বহুপ্রকারের দান কিরূপে সম্পাদিত হয়? অথবা অল্পদানও কিরূপে সম্পাদিত হইতে পারে? ৯

বহু সংখ্যক গোদান কিরূপে সম্ভব হয়? অথবা অল্পসংখ্যক গোদানও কিভাবে হইতে পারে? গোদান না করিয়াও মানুষ তাহা উহাদের গোদানকারীর সমান হইতে পারে? ঈহা আমাকে বলুন। ১০

প্রভো! বহু দানকারী মানুষ অল্পদানকারীর তুল্য কিভাবে হইয়া যায়? হে ঈশ্বর! অল্পদানকারী পুরুষ বহুদানকারীর তুল্যই বা কি প্রকারে হইয়া যায়? ১১

ভগবন্! গোদানে কিরূপ দক্ষিণা শ্রেষ্ঠ বলিয়া শ্রুত হয়? এই সব আমাকে যথাযথভাবে কৃপা করিয়া বলুন। ১২

শ্রীবরহর্ষি-বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বাভর্গত দানধর্মপর্বে গোপ্রদানপ্রসঙ্গে দ্বিসপ্ততিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ।

[ব্রহ্মণা ইন্দ্রসকাশে গোলোকস্য গোপ্রধানস্য চ মহিমকথনম্]

পিতামহ উবাচ।

যোঽয়ং প্রশ্নস্ত্বয়া পৃষ্টো গোপ্রধানাধিকারিতঃ।
নাস্তি প্রষ্টাস্তি লোকেষ্বিন্দ্র-
স্বত্তোঽন্যো হি শতক্রতো॥ ১

সন্তি নানাবিধা লোকা যান্ধ্ব শক্র ন পশ্যসি
পশ্যামি বামহং লোকানেকপত্নাশ্চ যাঃ স্ত্রিয়ঃ॥ ২

কর্মভিস্তাপি পুণ্যৈস্তৈঃ পুত্রত্বা অবয়স্তথা।
সমতীয়া হি তান্ যান্তি ব্রাহ্মণা ভূতবৃত্তয়ঃ॥ ৩

পত্নীয়ত্তাসমোপেত মনসা নিয়মেন চ।
যজন্ত্যুত্তাংশ্চ তাঁল্লোকান্ পশুস্তাংশ্চাপি পুত্রতাঃ॥ ৪

তে তু লোকাঃ সহস্রাক্ষ শৃণু যাদৃগুণান্বিতাঃ।
ন তত্র ক্রমতে কালো ন জরা ন চ পাবক॥ ৫

তথা বাত্যুত্তমা কিঞ্চিৎ ব্যাধিস্তত্র ন ভূয়ঃ
যদ্ যদ্ গাথো মনসা তস্মিন্ বাঞ্ছতি বাসব॥ ৬

তৎ সর্বং প্রাপ্নুবন্তি স্ম মম প্রত্যক্ষকর্মণাং

কামগাঃ কামরূপিণাঃ কামাং কামান্ত্ব ভুঞ্জতে॥ ৭

বাপ্যা সরাংসি সরিতো বিবিধানি বনানি চ
গৃহাণি পর্বতাশ্চৈব যাবদ্ ভব্যস্য কিঞ্চন॥ ৮

মনোজ্ঞং সর্বতস্তেষাং সর্বত্তস্তা প্রযুজ্যতে
ঈদৃশাস্ত বিপুলাল্লোকাস্তান্তি লোকভাবিধঃ॥ ৯

তত্র সর্বসহাঃ ক্ষান্তা বৎসলা গুরুবর্তিনঃ
অহঙ্কারৈর্বিরহিতা যান্তি শক্র নরোত্তমাঃ॥ ১০

যঃ সর্বমাত্মনি ন তত্তীয়ত

পুমান্ সদা ভাবিতো বর্ষযূথঃ
মাতাপিত্রোরহিতা সত্যযুক্তঃ
গুরূণাং তা ব্রাহ্মণানামনিন্দ্যাঃ॥ ১১

অক্রোধনো গোষু তথা দ্বিজেষু
যত্নে রতো গুরুশুশ্রূষকশ্চ
যাবজ্জীবং সত্যবৃত্তে রতশ্চ
স্থানে রতো যঃ কলৌ চাপরাধে॥ ১২

ত্রিসপ্ততিতম অধ্যায়।

[ব্রহ্মা কর্তৃক ইন্দ্রকে গোলোক ও গোধনের মহিমা কথন]

ব্রহ্মা বলিলেন,— দেবেন্দ্র! গোলোকের সম্বন্ধে তুমি এই যে সব প্রশ্ন উত্থাপিত করিয়াছ, তুমি ব্যতীত জগতে আর কেহ এরূপ প্রশ্ন করিতে পারে না। ১

ইন্দ্র! এরূপ অনেক প্রকারের লোক আছে, যাহাদের তুমি দেখিতে পাও না। আমি সেই সব লোক দেখিতে পাই এবং পতিব্রতা স্ত্রীগণও সেই লোকসকল দর্শন করিতে সমর্থ হয়। ২

উত্তম ব্রতপালনকারী ঋষিরা ও গুরুবুদ্ধিসম্পন্ন ব্রাহ্মণগণ নিজেদের শুভ কর্মফলের প্রভাবে এস্থানে সমভাবে গমন করেন। ৩

যেই ব্রতাচরণে নিরত যোগী পুরুষগণ সমাধি অবস্থায় অথবা মৃত্যুর সময় যখন শরীরের সমস্ত পরিত্যাগ করিয়া যেন, তখন তাঁহারা নিজেদের কর্মচিত্তের দ্বারা যজ্ঞের ন্যায় দৃশ্যমান সেই লোকসকলকে এস্থান হইতে দর্শন করিয়া থাকেন। ৪

সহস্রলোচন ইন্দ্র! সেই সব লোক যেরূপ গুণসম্পন্ন, তাহাদের মর্যাদা শ্রবণ কর। সেখানে কাল ও বার্দ্ধক্যের আক্রমণ হয় না। অধিকন্তু সে সব স্থানে প্রভাব চলে না। ৫

সেখানে কীটাদির অন্নাদ্যের অবক্ষয় হয় না। সেই লোকে রোগ হয় না এবং শোক আসে না। ইন্দ্র! সেখানে গোধন নিজেদের মনে যাহা বাসনা করেন, তৎসমস্তই তাঁহারা প্রাপ্ত হন ইহা আমি প্রত্যক্ষ দর্শন হইতেই বুঝিতে পারিয়াছি। তাঁহারা যেখানে যাইবার বাসনা করেন, সেই স্থানে গমন করেন, যেখানে গমন করিতে অভিলাষ করেন, সেইভাবে গমন করিয়া থাকে এবং সমস্তমাত্রেই সমস্ত ভোগ প্রাপ্ত হইয়া তাহা উপভোগ করেন। ৬-৭

বাপী(দীর্ঘী), সরোবর, নদী, নানাপ্রকার বন, গৃহ ও পর্ব্বতাদি সমস্ত বস্তুই সেখানে উপলব্ধ হয়। ৮

গোলোক সমস্ত প্রাণীরই মনোরম। সেখানের প্রত্যেক বস্তুর উপর সকলের অধিকার আছে দেখা যায়। এরূপ বিশ্ব লোক আর দ্বিতীয় নাই। ৯

ইন্দ্র! যাঁহারা সব কিছু সহ্য করিতে পারেন, ক্ষমাশীল, সদা গুরুজনগণের আজ্ঞার বশবর্তী এবং অহঙ্কারশূন্য, সেই সে মহাত্মগণই এই লোকে গমন করেন। ১০

যে ব্যক্তি সর্বপ্রকার ধৈর্যসম্পন্ন ত্যাগ করিয়াছেন, ঈশ্বরচিন্তায় নিরত থাকেন, গুণসম্পন্ন, মাতা-পিতার পূজাকারী সত্যভাষী, ব্রাহ্মণগণের সেবায় আসক্ত, অনিন্দনীয়, ব্রাহ্মণ গোধনের প্রতি কখনও ক্রোধ করেন না, ধর্মে শ্রদ্ধা থাকিয়া গুরুজনগণের সেবা করেন, জীবনব্যাপী সত্যব্রত

মৃদুর্দাতো দেবশস্ত্রায়তশ্চ
সর্বাতিথিশ্চাপি তথা দয়াবান্
ঈদৃগ্‌গুণো মানবস্তা প্রযাতি
লোকা দমাঃ শাশ্বতা ভাবয়ন্ত ॥ ১৩

ন নারহাতী পঙ্‌ক্তিমু লোকবেদঃ
ন বৈ গুরুত্বে ন মৃষা সম্প্রলাপী
সদা প্রযাতী ব্রাহ্মণেষ্বাততৈরো
দোষৈরেতৈর্বৈষ্ণ মৃতো দুরাত্মা ॥ ১৪

ন ত্রিভিরুক্ত নৈকৃতিঃ কৃতঘ্নঃ
শঠোঽনৃজুর্দুর্বিবেষেষকশ্চ
ন ব্রহ্মা মননাপি প্রসন্নেত্
গথাং লোকঃ পুণ্যকৃতাং নিবাসম্ ॥১৫

এতদ্ ত্তে সর্বমাখ্যাতা নিপুনেন সুরেশ্বর
দোষপ্রধানস্তাত্মা তু কলা শৃণু শতক্রতো ॥ ১৬

দাতাভদৈত্তৈর্যৈর্যো যাঃ ক্রীত্বা সম্প্রযচ্ছতি ।

করেন, যাঁহার প্রভুত্ব হইয়া কেহ অপরাধ করিলেও তাঁহাকে ক্ষমা করেন, যাঁহার স্বভাব মৃদু, যিনি জিতেন্দ্রিয়, দেবাহ্বানকারী নমস্কারের অতিথা সৎকারকারী এবং দয়ালু, এরূপ গুণবান্ মানবই সেই সনাতন ও অক্ষিণী লোকে গমন করেন। ১১-১৩

পরস্ত্রীরমী, কুৎসিতভাষী, অনৃতবাদী, সদা প্রলাপকারী, ব্রাহ্মণগণের সহিত শত্রুতাকারী, মিত্রদ্রোহী, প্রবঞ্চক, কৃতঘ্ন, পশু, দুষ্টমতি, ঈর্ষাপরী ও মৎসরস্বভাবী—এই সব দোষযুক্ত দুরাত্মা মানুষ কখনও মনের দ্বারাও গোলোক দর্শন করিতে পারে না, তাহার, যেখানে পুণ্যাত্মাগণের নিবাস। ১৪-১৫

সুরেশ্বর! পঞ্চত্বকারী ইন্দ্র! এই সব আমি তোমাকে বিশেষরূপে গোলোকের দ্বারাদ্বা বলিলাম এখন যোমানকারী ব্যক্তিগণের যে ফল লাভ হয়, তাহা বলিতেছি, শ্রবণ কর। ১৬

যে মানুষ বিদ্বেষ পৈতৃক সম্পত্তি হইতে প্রাপ্ত ধনের দ্বারা গোসকল ক্রয় করত দান করেন, তিনি সেই সব ধনের দ্বারা ক্রীত এবং ধর্মানুসারে উপার্জিত অন্য লোকসকল লাভ করিয়া থাকেন। ১৭

ইন্দ্র! যে ব্যক্তি পাশাখেলার দ্বারা জিত ধনে গোসকল ক্রয় করত দান করেন, তিনি দশ হাজার দিব্য বর্ষ পর্যন্ত তাঁহার পুণ্যফল উপভোগ করিয়া থাকেন। ১৮

দর্যাজিতান্ ধনৈঃ ক্রীতান্
স লোকানাপ্নুতেঽক্ষয়ান্ ॥ ১৭

যো বৈ দৃতে ধনং জিত্বা গাঃ ক্রীত্বা সম্প্রযচ্ছতি ।
স দিব্যমযুতং পক্ষ বর্ষাণাং ফলমশ্নুতে । ১

ব্যাহ্বাতাস্তাঃ স্ত বৈ গাবো ভাস্বপূর্বৈরুপাজিতাঃ
প্রযচ্ছতাং তাঃ প্রদাতৃণাং সম্ভবন্ত্যাশ চ ধ্রুবাঃ । ১৯

প্রতিগৃহ্য তু যো দদ্যাদ্ গাঃ সাগুদ্ধেন চেতসা ।
তস্যাপীহাক্ষয়ান্ লোকান্ ধ্রুবান্ বিদ্ধি শচীপতে ।২০

ভক্তপ্রকৃতি সন্তাক্ত যো ক্রতায়িত্বেন্দ্রিয়ঃ
গুরুষিজসহঃ ক্ষান্তস্তস্য গোতিঃ সদা গতি: ॥২১

ন জাতু ব্রাহ্মণো বাচ্যো যদবাদ্যং শচীপতে
মনসা গোষু ন ক্রুদ্ধেদ্ গোবাত্তির্গোঽনুকল্পক: । ২২

সন্তো বৃষে চ নিরতস্তস্য কক্ষ ফলং শৃণু
গোসহস্রেণ সমিতা তস্য বেদুর্ভবত্যুত ॥ ২৩

ক্ষত্রিয়স্য গুণৈরেতৈরপি তুল্যফলং শৃণু
তস্যাপি দ্বিগুণং তুল্যা গৌর্ভবতীতি বিনিশ্চয়: ॥২৪

যিনি দৈবক্রম সম্পত্তি হইতে ব্রাহ্মণদিগকে প্রাপ্ত গোসকলকে দান করেন, এরূপ দাতার ভক্ত সেই সব গো অক্ষয়ফলদায়িনী হয় । ১৯

শচীপতে! যে ব্রাহ্মণ দানে গো-গ্রহণ করিয়া শুদ্ধ হৃদয়ে পুনরায় তাহা দান করিয়া দেন, তিনিও এখানে অক্ষয় ও অবিনশ্বর লোকসমূহ লাভ করেন—ইহা তুমি নিশ্চিতভাবে জানিও । ২০

যিনি অল্প হইতেই সদা সন্তুষ্ট থাকা বলেন, ইন্দ্রিয়গণকে সংযত রাখেন, গুরুজনগণ ও ব্রাহ্মণদিগের কঠোর বাক্যও সহ্য করেন এবং ক্ষমাশীল হন, তিনিও গোসকলের তুল্য গতি লাভ করেন অর্থাৎ গোলোকে গমন করেন । ২১

শচীপতে ইন্দ্র! ব্রাহ্মণের প্রতি কখনও দুর্বাক্য বলা উচিত নয় এবং গোগণের প্রতি কখনও মনের দ্বারাও দ্রোহভাব রাখিতে নাই। যে ব্রাহ্মণ গোগণের বৃদ্ধিতে জীবন নির্বাহ করেন এবং গোসকলের অন্ন পান প্রভৃতির ব্যবস্থা করেন, সেই সদা সন্তুষ্ট ও ধর্মে নিরত থাকেন, তাঁহার প্রাপ্য ফলের কথা শ্রবণ কর। তিনি যদি একটিমাত্রও গো দান করেন, তবে তিনি এক হাজার গোদানের ফল প্রাপ্ত হন । ২২-২৩

যদি ক্ষত্রিয়ও এই সব গুণে গুণবান্ হন, তাঁহারও ব্রাহ্মণের তুল্য (গোদানের) ফল লাভ হয়। ইহা তুমি জানিও।

বৈশ্যাসোমে যদি পূর্বাহুসবঃ পঞ্চদশঃ স্যুরেবং।
পূর্বস্যাপি ত্রিণীতস্য চতুর্ভাগফলং স্মৃতম্ ॥ ১৫
এতচ্ছ্রুত্বা যোঽনুতিষ্ঠেত্ত বুদ্ধঃ
সত্যো ব্রতো গুরুশুশ্রূষকশ্চ।
দক্ষঃ কান্তো বেদবাদী প্রশান্তঃ
শুচির্নিত্যো দমশীলোঽনসূয়ঃ ॥ ১৬
সহস্রং ফলং প্রাপ্নুয়াত্তে স বিদ্বান্
দত্ত্বা ধেনূর্যাঃ বিধিনাদেন বেদুম্।
নিত্যং দদ্যাদ্বেদভক্তং সদা চ
সত্যো স্থিতো গুরুশুশ্রূষিতা চ ॥ ১৭
বেদাধ্যায়ী গোষু যো ভক্তিমাংশ্চ
নিত্যং দত্ত্বা ধেনূস্তিস্রশ্চেত্ত গাশ্চ।
আজাতিত্বো যশ্চ সবাং নমেত্ত
ইষং ফলং শক্র নিবোধ তস্য ॥ ১৮
যৎ সাবিষ্টি রাজসূয়ে ফলং তু
যৎ সাবিষ্টি বহ্বনা তাকনেন।

এতৎ ফলাং ফলমশ্নাত্যয়ত্নাং
সর্বে সন্তুষ্ট যত্নো যে চ নিত্যাঃ ॥ ১৯
যোঽত্রা ভক্তং বিজিতপ্রাণা দদ্যাদ্
গোভ্যো নিত্যং গোব্রতী সত্যবাদী।
শান্তোঽসূয়ো গোসহস্রস্য পুণ্যং
সংবৎসরেণাপ্নুয়াত্ত সত্যশীলঃ ॥ ২০
যদেকভক্তপ্রদানাদ্ দদাতেঃ প্রযাতি যৎ
দশবর্ষাণ্যনানি গোব্রতী দোঽনুকম্পকঃ ॥ ২১
একৈবৈষ চ ভক্তেন যঃ ক্রীত্বা গাং প্রযচ্ছতি
যাবন্তি তস্য রোমাণি সন্তবন্তি শতক্রতো ॥ ২২
তাবৎ প্রধানাৎ স সবাং ফলমাপ্নোতি শাশ্বতম্
ব্রাহ্মণস্য ফলং হীদং ক্ষত্রিয়স্য তু বৈ শৃণু ॥ ২৩
পঞ্চত্বাধিক্যমেবং তু ভক্তিরস্য ফলং স্মৃতং।
ততোঽর্ধে তু বৈশ্যস্য শূদ্রো বৈশ্যাদ্ধতঃ স্মৃতঃ ॥ ২৪
দত্ত্বাত্মাধিক্যং কৃত্বা গাঃ ক্রীত্বা সম্প্রযচ্ছতি
যাবৎ সন্তর্শয়েৎ গাঃ বৈ স তাবৎ ফলমশ্নুতে ॥ ২৫

তাঁহার প্রদত্ত গো-ও ব্রাহ্মণের গোকুলস্থ ফলপ্রদা হয়। ইহাই দর্শশ্রাদ্ধসম্বন্ধে 'সত্যত্ব'। ১১

যদি বৈশ্যের যজ্ঞে পূর্বোক্ত ৬৭ ধারে, তবে তাঁহারও একটী গোদানে ব্রাহ্মণের অপেক্ষা অর্দ্ধভাগ পাঁচগুণ গোদানের ফললাভ হয় এবং বিনয়াদি সূত্রের একটী গোদানে ব্রাহ্মণের চতুর্থভাগের একভাগ ফল অর্থাৎ সাড়ে ছিয়াত্তর (১৫··) গোদানের ফলপ্রাপ্তি হয়। ১৫

যে ব্যক্তি সদা সাবধানে থাকিয়া পূর্বোক্ত বধ পালন করেন এবং যিনি সত্যবাদী গুরুসেবাপরায়ণ, নিপুণ, ভগবদ্ভক্ত, বেদভক্ত, শান্তচিত্ত, পবিত্র, জ্ঞানবান্, দয়াবান্ ও অসূয়াশূন্য হন, তিনি যদি পূর্ব্বোক্ত বিধি অনুসারে ব্রাহ্মণকে সুবর্ণবতী ধাত্রী দান করেন, তাহা হইলে তিনি যৎপ্রাপ্ত ফল প্রাপ্ত হন। ১৬-১৯

উক্ত। যিনি সদা একান্তাবী হইয়া নিত্য গোদান করেন, সত্যে নিরত থাকেন, গুরুর সেবা ও বেদের আখ্যান করেন, যাঁহার মনে গোগণের প্রতি ভক্তি আছে, যিনি গো দান করিয়া ক্ষমা হন এবং তদ্য হইতেই গোসকলকে প্রণাম করেন, তাঁহার প্রাপ্য ফলের কথা শুনি শ্রবণ কর। ২০···৮

রাজসূয়-যজ্ঞের অনুষ্ঠান করিলে যে ফল লাভ হয় এবং বহু সংখ্যক গুরুদের দক্ষিণা দিয়া যজ্ঞ করিলে যে ফল প্রাপ্তি হয়, পূর্ব্বোক্ত মনুষ্যও ইহারই সমান উত্তম ফলভাগী হন। ইহা

এবং ফলাং ফলমশ্নাত্যয়ত্নাং
সর্বে সন্তুষ্ট যত্নো যে চ নিত্যাঃ ॥ ২৯
যোঽত্রা ভক্তং বিজিতপ্রাণা দদ্যাদ্
গোভ্যো নিত্যং গোব্রতী সত্যবাদী।
শান্তোঽসূয়ো গোসহস্রস্য পুণ্যং
সংবৎসরেণাপ্নুয়াত্ত সত্যশীলঃ ॥ ৩০
যদেকভক্তপ্রদানাদ্ দদাতেঃ প্রযাতি যৎ
দশবর্ষাণ্যনানি গোব্রতী দোঽনুকম্পকঃ ॥ ৩১
একৈবৈষ চ ভক্তেন যঃ ক্রীত্বা গাং প্রযচ্ছতি
যাবন্তি তস্য রোমাণি সন্তবন্তি শতক্রতো ॥ ৩২
তাবৎ প্রধানাৎ স সবাং ফলমাপ্নোতি শাশ্বতম্
ব্রাহ্মণস্য ফলং হীদং ক্ষত্রিয়স্য তু বৈ শৃণু ॥ ৩৩
পঞ্চত্বাধিক্যমেবং তু ভক্তিরস্য ফলং স্মৃতং।
ততোঽর্ধে তু বৈশ্যস্য শূদ্রো বৈশ্যাদ্ধতঃ স্মৃতঃ ॥ ৩৪
দত্ত্বাত্মাধিক্যং কৃত্বা গাঃ ক্রীত্বা সম্প্রযচ্ছতি
যাবৎ সন্তর্শয়েৎ গাঃ বৈ স তাবৎ ফলমশ্নুতে ॥ ৩৫

সহস্র নিশ্চয় মহাপুণ্যফল-ও তাহাদ্য বলেন। ১১

যে ব্যক্তি গোসেব-ব্রত গ্রহণ করিয়া প্রতিদিন ভোজনের পূর্ব্বে গোগণকে গোগ্রাস অর্পণ করেন এবং শান্ত ও নির্দোষ হইয়া সদা সত্যপালন করেন, সেই সত্যশীল ব্যক্তি প্রতিবৎসর এক সহস্র গোদানের পুণ্যভাগী হন। ৩০

যিনি গোসেবার ব্রত গ্রহণ করিয়া গোগণের প্রতি দয়া করেন এবং প্রতিদিন একবার মাত্র ভোজন করত এক বৎসর নিজের ভোজন গোসকলকে দান করেন, এই ভাবে দশ বৎসর কাল গোসেবায় তৎপর মানুষের অত্যন্ত সুখ প্রাপ্তি হয়। ৩১

শত যজ্ঞের অনুষ্ঠানকারী ইন্দ্র! যিনি একবার ভোজন করিয়া অন্য সময়ের নিজের অবশিষ্ট ভোজনের দ্বারা গো রূপ ব্রত দান করেন, সেই গোব্রত যত লোম আছে, তিনি তত গো দানের অক্ষয় ফল প্রাপ্ত হন। ৩২

ইন্দ্র ব্রাহ্মণের পক্ষে ফল বর্ণিত হইল। এখন ক্ষত্রিয়ের প্রাপ্য ফলের বর্ণনা শ্রবণ কর। যদি ক্ষত্রিয় এইভাবে পাঁচ বৎসর পর্য্যন্ত গো-ও দানব্রত করেন, তাহা হইলে তিনি সেই ফলই প্রাপ্ত হন তাহার অর্দ্ধ সবা বৈশ্যের এবং তাহারও অর্দ্ধ সবা শূদ্রের উহা ফলদাতা হয় বলিয়া কথিত হইয়াছে। ৩৩-৩৬

যিনি নিজের নিজের পিতৃব্য করিয়া গো-দান ব্রত করেন, ব্রতান্তে যতকাল পর্য্যন্ত গোগণকে সন্তা রাখিবেন, তিনি

রোদ্রি রোদ্রি মহাভাগ লোকাস্তালায়ংকরাঃ স্মৃতাঃ
সংগ্রামেষ্বপরিত্রাতা তু যৌ বৈ গাঃ সম্প্রযচ্ছতি ॥ ৩৮
আত্মবিক্রয়ভূতাস্তাঃ শাশ্বতা বিদ্ধি কৌশিক ॥ ৩৯
অভাবে যো দদাং দদ্যাং তিলযেনুং যতব্রতঃ।
দুর্গাৎ স তারিতো দেবা ক্ষীরদদ্যাং প্রযোজতে ॥ ৩৭
ন ক্ষেত্রাদ্যং দানযাত্রঃ প্রশস্তঃ
পাত্রঃ কালো গোবিশেষো বিধিশ্চ
কালজ্ঞান বিপ্র দদাস্তরং যি
দুগ্ধং জ্ঞাতুং পাবকাদিত্যভূতম্ ॥ ৩৮
আদ্যায়াজ্যং শুদ্ধযোনিঃ প্রশাস্তঃ
বৈতানস্থঃ পাপভীরুঃ বহুজ্ঞ
গোষু ভাক্তঃ বাহিতীরুঃ শরণ্যঃ
বৃদ্ধিজ্ঞানঃ তাদৃশো পাত্রলাভঃ ॥৩৯
বৃদ্ধিজ্ঞানে সীদতি চাতিমাত্রঃ
কৃচ্ছ্রার্থে বা ক্ষোভাপেক্ষো প্রসূতে:

গুর্বর্থং বা বালনাথকৃত্যে বা
যেনুং দদ্যাদ্ দেশকালোচিতেষ্টিং ॥ ৪০
অন্তর্জাতাঃ সক্রয়জ্ঞানলভ্যঃ
প্রাণৈঃ ক্রীতাস্তেজসা যৌতকাদ্ভ
কৃচ্ছ্রোৎসৃষ্টাঃ গোধনাদ্যাগতাশ্চ
দ্বাবেরেতেগোবিশেষাঃ প্রশস্তাঃ ॥ ৪১
বলান্বিতাঃ শীলবয়োপপন্নাঃ
সর্বাঃ প্রশাসন্তে সুলক্ষণবতাঃ।
যথা হি গঙ্গা সরিতাঃ বরিষ্ঠা
তথার্জুনীনাং কপিলা বরিষ্ঠা ॥ ৪২
ত্রিরো রাত্রাবুদ্ধিরুপোষ্য ভূমৌ
তৃপ্তা দাবস্তর্পিতেতাঃ প্রদেয়াঃ।
বৎসৈঃ পুষ্টৈঃ ক্ষীরপৈঃ পুত্রচায়া—
ন্ত্রাক্ দত্ত্বা গোরনৈবস্থিতব্যম্ ॥ ৪৩

ভক্তকাম বলিয়া সেই গোদানের অন্তর ভক্ত ভোগ করিয়া থাকেন। ৩৪

মহাভাগ ইত্যাদি। গোসকলের লোমে লোমে অক্ষয় লোক সমূহের স্থিতি বলিয়া কথিত হইয়াছে। যিনি সংগ্রামে গোসকলকে রক্ষা করিয়া দান করেন, তাঁহার ভক্ত সেই সব গো নিজেকে নিজে কিনিয়া করিয়া প্রভূত গোসকলের সমান অক্ষয় ফলপ্রদ হয়—ইহা তুমি জানিও। ৩৬

যে সংযত ও নিয়মপালনকারী পুরুষ গো-র অভাবে তিলধেনু দান করেন, তিনি সেই ধেনুর সহায়তা পাইয়া দুর্গম সঙ্কট হইতে পার হইয়া যান এবং ক্ষীরনদীর তীরে বাস করত আনন্দভোগ করেন। ৩৭

কেবল গোদান করাই প্রশস্ত্যের কথা নয়; তাহার জন্য উত্তম পাত্র, উত্তম সময়, বিশিষ্ট গো, বিধি ও কালের জ্ঞান থাকা আবশ্যক। বিপ্রবর! গোসকলের মধ্যে যে পরস্পর তারতম্য আছে, তাহা জানা এবং অগ্নি ও সূর্য্যকুল ভেদও পাত্রভেদে জানা অতিশয় কঠিন বিষয়। ৩৮

যিনি ক্ষেত্রের আদ্যান্নদাতা, শুদ্ধযোনি, উৎপন্ন, শান্তস্বভাব, বজ্ঞানী, পাপভীরু ও বহুবিষয়ে অভিজ্ঞ, যিনি গোসকলের প্রতি ভক্তাভাবাপন্ন, যাঁহার স্বভাব অত্যন্ত ভীরু নয়, যিনি গোরক্ষণে দক্ষ পারগ এবং ঔদার্য্যশালী, এরূপ ব্রাহ্মণ গোদানের উত্তম পাত্র বলিয়া মহাত্মাগণ অভিহিত করেন। ৩৯

যাঁহার ঔরসে ক্ষীর হইয়া গিয়াছে এবং যিনি অন্তর্জাত হইয়াছেন, এরূপ ব্রাহ্মণকে সাধারণ দেশ-কালের দুগ্ধবতী গাভী দান করা কর্তব্য। ইহা যাজ্ঞবল্ক ঋষি, প্রভৃতি ঋষি গোদানের অন্য কল্পবিধান করা অথবা বিশেষজ্ঞানের অভাব সাধারণ দেশ কালে দুগ্ধবতী গাভী দান করা উচিত। ৪০

কপিলী, ক্রয় করিয়া আনীতা, জ্ঞান বা বিদ্যার বলে প্রাপ্তা অন্য প্রাণীর পরিবর্তে দত্তা, যৌতুকরূপে প্রাপ্তা, পালনে রক্ষা করিয়া প্রকৃত কর্তৃক পরিত্যক্তা এবং নিজের নিকটে উপস্থিতা গাভীগণও পূর্ব্বোক্ত কারণেই দানের জন্য প্রশংসনীয়া বলিয়া কথিত হয়। ৪১

বৃদ্ধা-পুষ্টা, সরলা যৌবনসম্পন্না এবং উত্তম সন্তানযুক্তা সকল ধেনুই প্রশংসনীয়া বলিয়া অভিহিত হন যেরূপ গঙ্গা সকল নদী হইতেই শ্রেষ্ঠা, সেইরূপ কপিলা গাভী সব গাভী হইতে শ্রেষ্ঠ। ৪২

(গোদানের বিধি এইরূপ—) দাতা তিন রাত্রি উপবাস করিয়া কেবল জলের আহারে থাকিবেন, তৃতলে শয়ন করিবেন এবং গোসকলে ঘাস-তৃণি প্রভৃতি ভোজন করাইয়া তৃপ্ত করিবেন। তারপর ব্রাহ্মণসকলে ভোজনাদি দ্বারা সন্তুষ্ট করাইয়া আপনিও গোদান করিবেন। সেই সব গাভীর সহিত দুগ্ধপানকারী বৎস-বৎসাগণও থাকিবে এবং সেইরূপ কৃশীবৎসা গাভীগণও হইবে। গোদান করিবার পর তিন দিন কেবল গোদুগ্ধ (গো-দুগ্ধ) পান করিয়া থাকিতে হইবে। ৪৩

দত্ত্বা ধেনুঃ সুব্রতাঃ সাধুযোগাং
কল্যাণবৎস্যাপলাক্ষিনীঞ্চ
যাবন্তি রোমাণি ভবন্তি তস্যা-
স্তাবন্তি বর্ষাণি ভবন্ত্যমুষ্য ॥ ৪৪

তথানড্বাহং ব্রাহ্মণায় প্রদায়
দূর্য্যং যুবানং বলিনং বিনীতম্
হলস্য বোঢ়ারমনন্তবীর্য্যং
প্রাপ্নোতি লোকান্ দমবেদুষস্ত ॥ ৪৫

কান্তারে ব্রাহ্মণান্ গাশ্চ যঃ পরিত্রাতি কৌশিক
অনেন বিপ্রমুচ্যেত তস্য পুণ্যফলং শৃণু ॥ ৪৬

অথবেষ্ঠ্বাত্তভল্যঃ ফলং ভবতি শাশ্বতম্

যে গাভী অত্যন্ত শান্ত, দমনে রাখিতে কষ্ট হইবে, যাঁহার বৎসও সুন্দর এবং যজ্ঞকর্ম্মে ব্যবহৃত হইয়া থাকিবে না, এরূপ গাভী দান করিলে তাঁহার দেহে যত লোম থাকে, তত বৎসরকাল দাতা পরলোকে সুখভোগ করেন। ৪৪

যে ব্যক্তি ব্রাহ্মণকে তার বহন করিতে সমর্থ, যুবা, বলিষ্ঠ, বিনীত—দমন-শান্ত, হলবহনকারী ও অধিক শক্তিশালী বৃষ বা বলদ দান করেন, তিনি বলবেহনকারীর লোকে গমন করিয়া থাকেন। ৪৫

হৈ! যে ব্যক্তি দুর্গম বনে প্রবিষ্ট ব্রাহ্মণ ও গোসমূহকে উদ্ধার করেন, তিনি তৎক্ষণাৎ যাবতীয় সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া যান এবং তিনি যে পুণ্যফল লাভ করেন, তাহাও শ্রবণ কর। ৪৬

দমবেদুষস্ত ঃ তাঁহার অন্যান্য বলদের সমান অক্ষম বলে বুঝিয়া

বৃদ্ধাকালে দমস্যাপ্ত যাং বৃত্তিমনুকাঙ্ক্ষতে ॥ ৪৭
লোকান্ বহ্বিধান্ দিব্যান্ যজ্ঞাস্তা স্তাদি বর্ত্ততে
তৎসর্বং সমবাপ্নোতি কর্ষণৈতেন মানবঃ ॥ ৪৮
গোভিস্ত সমনুজ্ঞাতঃ সর্বত্র চ মহীয়তে।
যদ্যেতেনৈব কল্পেন গাং বনেষ্বনুমজ্জতি ॥ ৪৯
কৃসগোমপর্ণাশী নিঃস্পৃহো নিয়তঃ শুচিঃ।
অক্রোধ স্তেন বস্তব্যা মুনিস্তেন শতক্রতো ॥ ৫০

ময় লোকে শুভৈঃ সার্ধং লোকে কস্যাপি চেদ্ভবি ॥ ৫১

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যা
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি পিতামহেন্দ্র-সংবাদে
ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥ ৭৩

হয়। তিনি বৃদ্ধাকালে যে অবস্থা লাভ করিতে বাসনা করেন তাহাও প্রাপ্ত হন। ৪৭

নানাপ্রকার দিব্য লোকসমূহ ও তাঁহার দ্বারে যে যে যাগ হয়, সেই সমস্তই দাতৃগণ পূর্বোক্ত সৎকর্ম্ম প্রভাবে প্রাপ্ত হন। ৪৮

কেবল ইহাই নহে, তিনি গোলোকের দ্বারা অনুমোদিত হইয়া সর্বত্র পূজিত হন। অতএব যে ব্যক্তি পূর্বোক্ত বিধি অনুসারে বনে দান করেন গোসকলের অনুমোদন করেন এবং নিঃস্পৃহ, সংযমী ও পবিত্র হইয়া ঘাস-পাতা এবং ক্ষেত্রের ফল পূর্বক জীবন অতিবাহিত করেন, তিনি যদি কোনরূপ বাধা না পাইলে পর আবার লোকে আসিয়া দেবতাগণের অধ তাঁহার যাহা ইচ্ছা হয়, সেই লোকেই চলিয়া যান। ৪৯-৫১

শ্রীমহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে পিতামহ ব্রহ্মা ও ইন্দ্রের সংবাদ-বিষয়ক ত্রিসপ্ততিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত

চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ।

[অপহৃতধায়ঃ পয়সেধা দানে বিক্রয়ে চ দোষকথনম্, গোহত্যায়া ভয়ঙ্করপরিণামবর্ণনম্, গোদানস্য সুবর্ণদক্ষিণা-দানস্য চ মাহাত্ম্যনিরূপণম্]

ইন্দ্র উবাচ

জানন্ যে গামপহরেদ্ বিক্রীয়াদ্বাপ্যকারণাৎ।
এতদ্ ব্রিভ্যাদ্যমিত্যাহি ক তু তস্য গতির্ভবেৎ ॥ ১

পিতামহ উবাচ

ভক্ষার্থং বিক্রয়ার্থং বা যেঽপহরন্তি হি কুর্বতে।
দানার্থং ব্রাহ্মণার্থায় তস্যেহ ত্রায়তে ফলম্ ;
বিক্রয়ার্থং হি যো হিংস্যাদ্ ভক্ষণেহ্থ বা নিরঙ্কুশঃ।
ঘাতয়ন্তি হি পুরুষং যেঽনুমন্যন্তি দুর্মতিঃ ॥ ৩
ঘাতকঃ খাদকো বাপি তথা বন্ধানুমন্যতে।
যাবন্তি তস্য রোমাণি তাবদ্ বর্ষাণি মজ্জতি ॥ ৪
যে দোষা বাদ্যপাস্তৈব দ্বিতীয়স্যোপঘাতকে।
বিক্রয়ে চাপহারে চ তে দোষা বৈ স্মৃতাঃ প্রভো ॥ ৫

অপহৃত্য তু যো গাং বৈ ব্রাহ্মণায় প্রযচ্ছতি।
যাবদ্ দানফলং তস্যাস্তাবদ্ভবতি দুষ্কৃতি ॥ ৬
সুবর্ণং দক্ষিণামাহুর্গোপ্রদানে মহাদ্যুতে
সুবর্ণং পরমিত্যুক্তং দক্ষিণার্থমসাধয়ম্ ॥ ৭
গোপ্রদানাৎ তারয়তে সপ্ত পূর্বাংস্তথা পরান্
সুবর্ণং দক্ষিণাং কৃত্বা তারয়ত্যধিকমুচ্যতে ॥ ৮
সুবর্ণং পরমং দানং সুবর্ণং দক্ষিণা পরা।
সুবর্ণং পাবনং শক্রং পাবনানাং পরং স্মৃতম্ ॥ ৯
কুলানাং পাবনং প্রাহুর্ব্রাহ্মণাস্তত্ত্বদর্শিনঃ।
এষা বৈ দক্ষিণা প্রোক্তা সদাসেন মহাদ্যুতে ॥ ১০

ভীষ্ম উবাচ।

এতৎ পিতামহেনোক্তমিন্দ্রায় ভরতর্ষভ।
ইন্দ্রো দশরথায়াহ রামায়াহ পিতা তথা ॥ ১১

চতুঃসপ্ততিতম অধ্যায়।

[অন্যের গরু চুরি করিয়া দান করা বা বিক্রয় করার দোষ কথন, গোহত্যার ভয়ঙ্কর পরিণাম বর্ণন এবং গোদান ও সুবর্ণ দক্ষিণাসহিত দানের মাহাত্ম্য নিরূপণ।]

ইন্দ্র বলিলেন,—পিতামহ! যদি কেহ জানিয়া শুনিয়া অপরের গো অপহরণ করে এবং মনের লোভে তাহাকে বিক্রয় করে, তাহার পরলোকে কোন্ গতি হয়? ইহা আমি জানিতে ইচ্ছা করি। ১

ব্রহ্মা বলিলেন,—ইন্দ্র! যে ব্যক্তি ভোজনের জন্য, বিক্রয় বা ব্রাহ্মণকে দান করিবার জন্য অন্যের গো অপহরণ করে, তাহার কি ফল লাভ হয়, উহা শ্রবণ কর। ২

যে উচ্ছৃঙ্খল মানুষ মাংস বিক্রয়ের জন্য গো-হত্যা করে বা গোমাংস ভক্ষণ করে এবং যে ঘাতকগণকে ঘাতক পুরুষকে গো-বধ করিবার পরামর্শ দেয়, তাহারা সকলেই মহাপাপভাগী হয়। ৩

গোহত্যাকারী, গোমাংসভক্ষী এবং গোহত্যার অনুমোদনকারী মানুষ গোর দেহে যত লোম আছে, তত বৎসরকাল নরকে নিমজ্জিত থাকে। ৪

প্রজাপতিগণ বলেন, ব্রাহ্মণের বধসাধনকারী পুরুষের যেরূপ যত পাপ হয়, অপরের গো অপহরণকারী এবং বিক্রয়কারীর সেইরূপ ঐ সমস্ত দোষই হয় বলিয়া কথিত হইয়াছে। ৫

যে ব্যক্তি অন্যের গরু চুরি করিয়া ব্রাহ্মণকে দান করে, সেই ব্যক্তি গোদানের পুণ্য ভোগ করিবার জন্য যত সময় কথিত হইয়াছে, তত সময় পর্যন্ত নরকভোগ করে। ৬

মহাদ্যুতিমতী ইন্দ্র! গোদানে স্বর্ণ দক্ষিণা দিবার বিধান আছে। দক্ষিণার জন্য সুবর্ণ সর্বাপেক্ষা উত্তম বলিয়া কথিত হইয়াছে—ইহাতে কোনও সংশয় নাই। ৭

মানুষ গোদান করিলে নিজের উর্দ্ধতন সপ্তম পুরুষ এবং অবরতন সপ্তম পুরুষকে উদ্ধার করেন; কিন্তু যদি তাহার সহিত সুবর্ণ দক্ষিণাও দেওয়া হয়, তবে সেই দানের ফল দ্বিগুণ হইয়া যায়। ৮

ইন্দ্র! কারণ, সুবর্ণ দান সব দান হইতে উত্তম দান। সুবর্ণ দক্ষিণা সর্বাপেক্ষা শ্রেষ্ঠ এবং পবিত্রকারক বস্তুসকলের মধ্যে সুবর্ণ সর্বাপেক্ষা অধিক পাবন বলিয়া কথিত হয়। ৯

মহাদ্যুতিমতী পতিব্রতকারী ইন্দ্র! সুবর্ণ সম্পূর্ণ কুলের পবিত্রকারক বলিয়া কথিত হইয়াছে। এইরূপ আমি তোমাকে সংক্ষেপে এই দক্ষিণার কথা বলিলাম। ১০

ভীষ্ম বলিলেন,—ভরতশ্রেষ্ঠ যুধিষ্ঠির! এই পূর্বোক্ত উপদেশ ব্রহ্মা ইন্দ্রকে দিয়াছিলেন। ইন্দ্র রাজা দশরথকে এবং পিতা দশরথ নিজের পুত্র শ্রীরামচন্দ্রকে এই উপদেশ করেন॥ ১১

ব্রাহ্মবোঽপি হ্রিয়ব্রাহ্মে লক্ষ্মণায় যথাবিধি।
আখ্যাস্যো লক্ষ্মণেনোক্তমন্বগো বসতা প্রভো ॥ ১১
পারম্পর্য্যাগতঃ চৈষ বৃত্তান্তঃ সংশিতব্রতাঃ
দুর্বাসা বায়ুরাত্মানু রাজানবৈক্ষে ধার্মিকাঃ ॥ ১৩
উপাধ্যায়েন সহিতং মম চেদং যুধিষ্ঠির
য ইদং ব্রাহ্মণো নিত্যং বন্দেদ্ ব্রাহ্মণসংসদি ॥ ১৪

যজ্ঞেষু গোপ্রদানেষু শ্রুতেষ্বপি সভাগমে
তস্য লোকাঃ কিলাক্ষয্যা বৈশ্বদেবে নহ নিত্যদা ॥ ১৫
(ইতি শ্রুত্বা স ভগবান্ উবাচ পরমেশ্বরঃ ॥)

ইতি শ্রীমহাভারতে পঞ্চসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি
চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥ ৭৪

প্রভাবশালী যুধিষ্ঠির শ্রীমান্‌চন্দ্রের নিজের প্রিয় ও মনস্বী ভ্রাতা লক্ষ্মণকে ইহার উপদেশ করেন তাহার লক্ষ্মণও বনবাসের সময় অগস্ত্যমুনিকে এই কথা বলিয়াছিলেন ॥ ১২

এইরূপে পরম্পরাক্রমে দুর্বাসা উপদেশকে উত্তম ব্রতপালনকারী তপস্বিগণ এবং ধর্মাত্মা রাজারা ধারণ করিয়া আসিতেছেন। ১৩

যুধিষ্ঠির! আমাকে আমার উপাধ্যায় পরশুরাম এই বিষয় বলিয়াছিলেন। যে ব্রাহ্মণ নিজ যজ্ঞশালায় উপস্থিত হইয়া প্রতিদিন এই উপদেশ বর্ণনা করেন এবং যজ্ঞে, গোদানের সময় ও দুই ব্যক্তির সমাগমে এ বিষয়ে চর্চা করেন, তাঁহার সঙ্গে দেবতাগণের সহিত অক্ষয় লোক লাভ হয়। এই কথা পরমেশ্বর ভগবান ব্রহ্মা স্বয়ং ইন্দ্রকে বলিয়াছিলেন। ১৪-১৫

শ্রীমহর্ষি বেদব্যাসপ্রণীত পঞ্চসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে চতুঃসপ্ততিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত

॥ পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥

[ব্রত-নিয়ম-যম-সভা-ব্রহ্মচর্য্যাদ্যা মাতাপিত্রোস্তথা গুরুজনানাং সেবায়াঃ মহত্ত্বকথনম্]

যুধিষ্ঠির উবাচ।

পিতৃভ্যাং ভগবন্ যত্নান্ প্রবক্তব্যা বিজো।
প্রবক্ষ্যামি তু সন্দেহং তত্রে ব্রূহি পিতামহ ॥ ১
ব্রতানাং কিং ফলং প্রোক্তং কীদৃশং বা মহাদ্যুতে।
নিয়মানাং ফলং কিং স্যাদ্যমস্য চ কিং ফলম্ ॥ ২
সভাসেবা ফলং কিং বেদানাং ধারণে চ কিম্
অধ্যাপনে ফলং কিং সর্বমিচ্ছামি বেদিতুম্ ॥ ৩

অগ্নিপ্রিয়ায়ণে কিং ফলং লোকে পিতামহ
তস্য কিং ফলং দৃষ্টং শ্রুতং যদ্বা প্রবক্ষ্যতি ॥ ৪
যজ্ঞদানব্রতানাং শূরাণাং চাপি কিং ফলম্।
মৌঞ্জস্য চ কিং ফলং প্রোক্তং ব্রহ্মচর্য্যস্য চ কিং ফলম্ ॥
পিতৃশুশ্রূষণে কিং মাতৃশুশ্রূষণে তথা
আচার্য্যগুরুশুশ্রূষাবনুক্রোশানুকম্পনে ॥৬
এতৎ সর্বমশেষেণ পিতামহ যথাতথম্
বেত্তুমিচ্ছামি ধর্মজ্ঞ পরং কৌতূহলং হি মে ॥ ৭

পঞ্চসপ্ততিতম অধ্যায়।

[ব্রত, নিয়ম, যম, সভা, ব্রহ্মচর্য্য এবং মাতা-পিতা ও গুরু জনগণের সেবার মহত্ত্বকথন।]

যুধিষ্ঠির বলিলেন, প্রভো! আপনি ধর্মের উপদেশ করিয়া উহাতে আমার দৃঢ় বিশ্বাস উৎপন্ন করিয়া দিয়াছেন। পিতামহ! এখন আমি আপনাকে আরও একটি সন্দেহ জিজ্ঞাসা করিতেছি, তাহা আপনি আমাকে বলুন ॥ ১

মহাদ্যুতে! ব্রতসমূহের কি এবং কিরূপ ফল কথিত হইয়াছে? নিয়মসমূহের পালন ও যমাচারের কি ফল লাভ হয়?২

দান করিলে, বেদসকল ধারণ করিলে এবং বেদ অধ্যাপন করাইলে কি ফল হয়? এ সমস্ত আমি জানিতে বাসনা করি। ৩

পিতামহ! অগ্নিতে যিনি দান গ্রহণ করেন না, তাঁহার কি ফল লাভ হয়? এবং যিনি বেদের জ্ঞান প্রদান করেন, তাঁহাকে কি ফল লাভ করিতে দেখা যায়। ৪

নিজেদের ক্ষত্রিয় পালনে স্থিত শূরযোদ্ধাদিগের কিরূপ ফল প্রাপ্তি হয়? মৌঞ্জীবন্ধ ও ব্রহ্মচর্য্য পালনে কি ফললাভ হইয়া থাকে? ৫

পিতা ও মাতার সেবার দ্বারা কোন্ ফল লাভ হইয়া থাকে আচার্য্য এবং গুরুসেবা ও প্রাণিগণের প্রতি অনুগ্রহ এবং দয়া প্রকাশ করিলে কি ফল লাভ হয়? ৬

ধর্মজ্ঞ পিতামহ! এই সব আমি যথাযথভাবে জানিতে বাসনা করি। ইহা জানিবার জন্য আমার মনে অত্যন্ত কৌতূহল রহিয়াছে। ৭

ভীষ্ম উবাচ।

যো ব্রহ্ম বৈ যথোদ্দিষ্টং তথা সম্ভ্রতিপদ্যতে
অথবাং সম্যগায়ত্তা তস্য লোকাঃ সনাতনাঃ। ৮

নিয়তাত্মানং কল্পং রাজন্ প্রত্যক্ষমিহ দৃশ্যতে
নিয়তানাং ক্রতুনাং ফলমাত্মনিবং ফলম্। ৯

যথাঽঽজ্যাপি চ কল্পং দৃশ্যতেঽমুত্র চেহ চ
ইন্দ্রিয়লোকেঽথবা নিত্যং ব্রহ্মলোকে চ তদ্ভবেৎ। ১০

দমস্তু তু ফলং রাজন্ শৃণু যত্র বিধীয়তে যে।
দাতারঃ সর্বত্র সুখিনো দাতারঃ সর্বত্র নির্বৃতাঃ। ১১

ব্রহ্মেজ্যাশ্চাশিষো দাতারঃ সর্বত্রক্লমিষ্ণবঃ।
প্রার্থয়ন্তি চ যদ্ দাস্যা লভন্তে তত্র সংশয়ঃ। ১২

মৃত্যুন্তে সর্বকামৈহি দাতারঃ সর্বত্র পাণ্ডব
স্বর্গে যথা প্রমোদন্তে তদলং বিস্তরেণ চ। ১৩

দানৈর্বৈজ্ঞৈশ্চ বিবিধৈস্তথা দাতারঃ ক্ষমান্বিতাঃ
দানাদ্ দমো বিশিষ্টো বৈ দমাৎ কিঞ্চিদ্ বিশিষ্যতে। ১৪

দাতা কৃপণাচ্চ যো দাতস্তস্মাদ্ দানাৎ পরং দমঃ
বহু দত্ত্বাঽকৃপণ বৈ তস্য লোকাঃ সনাতনাঃ। ১৫

ক্রোধো হন্তি হি যদ্ দানং তস্মাদ্ দানাৎ পরং দমঃ
অপৃচ্ছতশ্চ মহারাজ স্থানাদ্যমুত্তমো বিধিঃ। ১৬

ত্রয়ীণাং সর্বলোকেষু বাহ্মীতো বাপ্তি দেবতাঃ
দমেন ধ্যান যুক্তশ্চ গচ্ছন্তি পরমর্ষয়ঃ। ১৭

কামযানা মহৎ স্থানং তস্মাদ্ দানাৎ পরং দমঃ।
অব্যাপকঃ পরিক্লেশাদক্ষরং ফলমশ্নুতে। ১৮

বিধিবৎ পাবকা হুত্বা ব্রহ্মলোকে মহীয়তে।
অধীত্যাপি হি যো বেদান্ ন্যায়তো ব্রহ্মবদ্ধুঃ প্রযচ্ছতি। ১৯

গুরুকর্মপ্রধানী তু সোঽপি স্বর্গে মহীয়তে।
ক্ষত্রিয়োঽধ্যয়নে যুক্তো যজনে দানকর্মণি। ২০

যুদ্ধে চাপ্য পরিত্রাতা সোঽপি স্বর্গে মহীয়তে। ২০

বৈশ্যঃ পশুগণৈরন্তঃ প্রধানান্নস্তথৈব মহৎ
শূদ্রঃ শুশ্রূষণরতঃ স্বর্গং গচ্ছত্যনুত্তমম্। ২১

ভীষ্ম বলিলেন, যুধিষ্ঠির! যে মানুষ বাহ্মণকে বিধি অনুসারে কোন বস্তু আহার করিতে দিয়া তাহা যথাযথরূপে প্রতিপালন করেন, তাঁহার সনাতন লোকসমূহ লাভ হয়। ৮

রাজন্! সংসারে নিয়তসমূহের পালনের ফল ত' প্রত্যক্ষ দেখা যায়। তুমিও এই নিয়তসমূহের এবং যজ্ঞসকলের ফল প্রাপ্ত হইয়াছ। ৯

যেরূপ আজ্যাহুতির ফলও ইহলোক এবং পরলোকে দেখা যায় আজ্যাহুতির ন্যায় দিব ইন্দ্রিয়লোক ও পরলোকে সর্বদা আনন্দ ভোগ করেন। ১০

রাজন্! এখন তুমি আমার নিকট হইতে দমের (ইন্দ্রিয়-সংযমের) ফলের বর্ণনা শ্রবণ কর। জিতেন্দ্রিয় পুরুষ সর্বত্র সুখী ও সর্বদা সন্তুষ্ট থাকেন। ১১

জিতেন্দ্রিয় পুরুষগণ যেখানে গমন করিতে ইচ্ছা করেন, সেখানে গমন করিতে পারেন এবং যে বস্তু লাভ করিতে বাসনা করেন, সেই বস্তু লাভ করিয়া থাকেন। তাঁহারা সমস্ত শত্রুকে দমন করিতে পারেন, ইহাতে কোনও সংশয় নাই। ১২

পাণ্ডুনন্দন! জিতেন্দ্রিয় পুরুষগণ সর্বত্র মনোবাঞ্ছিত বস্তু-সমূহ প্রাপ্ত হন। তাঁহারা নিজেদের ক্ষমতা, পরাক্রম, দান এবং নানাবিধ যজ্ঞসমূহের দ্বারা স্বর্গলোকে আনন্দ ভোগ করেন। ইন্দ্রিয় দমনকারী পুরুষগণ ক্ষমাশীল হন। ১৩½

দান হইতে দমের স্থান উচ্চে। দাতা পুরুষ ব্রাহ্মণকে কিছু দান করিবার সময় সম্পূর্ণ ক্রোধ করিতে পারেন; দমনশীল বা জিতেন্দ্রিয় পুরুষ কখনও ক্রোধপ্রকাশ করেন না। সেইজন্য দম। ইন্দ্রিয়দমন দান হইতে শ্রেষ্ঠ। যে দাতা ক্রোধ না করিয়া দান করেন, তিনি সনাতন (নিত্য) লোকপ্রাপ্ত হন। ১৪-১৫

দান করিবার সময় যদি ক্রোধ উপস্থিত হয়, তবে সেই ক্রোধ দানকে নষ্ট করিয়া দেয়, সেইজন্য এই ক্রোধকে দমনকারী দম নামক গুণ, উহা দান হইতে শ্রেষ্ঠ বলিয়া কথিত হয়। মহারাজ! দমনাখ্য সমস্ত লোকমধ্যে বিধানকারী ঋষিগণের স্বর্গে সমস্ত সনাতন স্থান আছে, সে সব স্থানে দমনকারের দ্বারা মহৎ লোক লাভ করিতে অভিলাষী ঋষি ও দেবতারা গমন করিতে পারেন, অতএব 'দম' দান হইতে শ্রেষ্ঠ। ১৬-১৭½

ন্যায়মিল বেদের অধ্যাপক শ্রেষ্ঠ লাভ করেন বলিয়া অন্য ফলভাগী হন। অধিকন্তু বিধি অনুসারে যোগ করিয়া ব্রাহ্মণ ব্রহ্মলোকে প্রতিষ্ঠা লাভ করেন। ১৮½

যিনি বেদ অধ্যয়ন করিয়া ন্যায়সঙ্গত শিষ্যগণকে বিদ্যাদান করেন এবং গুরুর কর্মসকলের প্রশংসা করেন, তিনিও স্বর্গ-লোকে প্রতিষ্ঠিত হন। ১৯½

বেদাধ্যয়ন, যজ্ঞ ও দানকর্মে নিরত এবং যুদ্ধে যিনি অপরকে রক্ষা করেন, সেই ক্ষত্রিয়ও স্বর্গলোকে পূজিত হন। ২০-

কর্মকর্মে নিরত বৈশ্য দান করিলে মহৎ পদ লাভ করেন। নিজ কর্মে নিরত শূদ্র সেবার দ্বারা স্বর্গলোক প্রাপ্ত হন। ২১

শূরা বহুবিধাঃ প্রোক্তাস্তেষামর্থাংস্তু মে শৃণু
শূরাণামনাং নিধিষ্টং ফলং শূরস্য চৈব হি ॥ ২২
যজ্ঞশূরা যমে শূরাঃ সত্যশূরাস্তথাপরে।
মৃত্যুশূরাস্তথৈবোক্তা দানশূরাংস্ত মানবাঃ ॥ ২৩
(বৃত্তিশূরাস্তথা চান্যে ক্ষমাশূরাস্তথাপরে)
সাংখ্যশূরাস্ত বরুণো যোগশূরাস্তথাপরে
অরণ্যে গৃহবাসে চ ত্যাগে শূরাস্তথাপরে ॥ ২৪
আর্জবে চ তথা শূরাঃ শমে বর্ততি মানবাঃ।
ত্রৈলোক্যে নিয়মৈঃ শূরা বরুণঃ সন্তি চাপরে
বেদাধ্যয়নশূরাংস্ত শূরাংস্ত্যাগেন বিদ্ধ্যঃ ॥ ২৫
গুরুশুশ্রূষয়া শূরা পিতৃশুশ্রূষয়াপরে
মাতৃশুশ্রূষয়া শূরা ত্রৈলোক্যশূরাস্তথাপরে ॥ ২৬
অরণ্যে গৃহবাসে চ শূরাংস্ত্যাগিষিপুত্তনে
সর্বে যান্তি পরাল্লোকান্ যজ্ঞফলনিভিস্তান্ ॥ ২৭

ধারণং সর্ববেদানাং সর্বতীর্থাবগাহনম্।
সত্যাক্ত ক্রতবো নিত্যা সমং বা স্যাদ্ন বা সমম্ ॥ ২৮
অশ্বমেধসহস্রেণ সত্যঞ্চ তুলয়া ধৃতম্।
অশ্বমেধসহস্রাদ্ধি সত্যমেব বিশিষ্যতে ॥ ২৯
সত্যেন সূর্যস্তপতি সত্যেনাগ্নিঃ প্রদীপ্যতে।
সত্যেন মরুতো বান্তি সর্বং সত্যে প্রতিষ্ঠিতম্ ॥ ৩০
সত্যেন দেবাঃ প্রীয়ন্তে পিতরো ব্রাহ্মণাস্তথা।
সত্যমাহুঃ পরো ধর্মস্তস্মাৎ সত্যং ন লঙ্ঘয়েৎ ॥ ৩১
মুনয়ঃ সত্যনিরতা মুনয়ঃ সত্যবিক্রমাঃ।
মুনয়ঃ সত্যশপথাস্তস্মাৎ সত্যং বিশিষ্যতে ॥ ৩২
সত্যবন্তঃ স্বর্গলোকে মোদন্তে ভরতর্ষভ।
ঋষয়ঃ সত্যবাগ্বিপ্রাস্তস্মাৎ সত্যাত্মনো বয়ম্ ॥ ৩৩
অসংশয়ং বিনীতাত্মা স বৈ স্বর্গে মহীয়তে
ব্রহ্মচর্যাচ্চ তপসঃ শৃণু ত্বং বসুধাধিপ ॥ ৩৪

বীরগণ বহুপ্রকার বলিয়া কথিত হন। তাঁহাদের সকলের তাৎপর্য আমার নিকট হইতে শ্রবণ কর। সেই বীরগণের যেরূপ ভাত পুরুষদিগের ও বীর পুরুষের যে ফল কথিত আছে, তাহা বলিতেছি ॥ ২২

তাঁহাদের মধ্যে কিছু পুরুষ যজ্ঞশূর (যজ্ঞকার্যে বিষ্ণু) কিছু পুরুষ ইন্দ্রিয়-সংযমে বিষ্ণুর ন্যায় শূর বলিয়া কথিত হন। এইরূপ বহু মানুষ সত্যশূর, মৃত্যুশূর, দানশূর, বৃত্তিশূর ও ক্ষমাশূর বলিয়া অভিহিত হইয়া থাকেন ॥ ২৩

বহু মানুষ সাংখ্যশূর, যোগশূর, বনবাসশূর, গৃহবাসশূর এবং ত্যাগশূর হন ॥ ২৪

বহু মানুষ সরলতায় শূর, বহু মানুষ শমে (মনোনিগ্রহে) শূরতা প্রকাশ করেন। অনেকে আবার বিভিন্ন নিয়মসমূহের দ্বারা নিজেদের শৌর্য সৃষ্টি করেন। কত মানুষ বেদাধ্যয়নশূর অধ্যাপনশূর, গুরুশুশ্রূষাশূর, পিতৃসেবাশূর, মাতৃসেবাশূর এবং ভিক্ষাশূর হন ॥ ২৫-২৬

বহু মানুষ বনবাসে, গৃহবাসে এবং অধিষ্ঠিতগণের সেবা-পূজায় শূর হন। ইঁহারা সকলেই নিজ নিজ কর্মফলের দ্বারা উপার্জিত উত্তম লোকসমূহে গমন করেন ॥ ২৭

সম্পূর্ণ বেদ ধারণ করা ও সমস্ত তীর্থে স্নান করা—এই সব কর্মের পুণ্য নদী সত্যত্যাগী পুরুষের পুণ্যের সমান হইতে পারে

অথবা না হইতেও পারে, ইহাতে সন্দেহ থাকিয়া যায় অর্থাৎ ইহাদের অপেক্ষা সত্য শ্রেষ্ঠ ॥ ২৮

যদি তুলাদণ্ডে একদিকে এক হাজার অশ্বমেধ যজ্ঞ এবং অন্যদিকে কেবল সত্যকে রাখা হয়, তবে এক সহস্র অশ্বমেধ যজ্ঞ অপেক্ষা সত্যেরই ভার অধিক হইবে ॥ ২৯

সত্যের প্রভাবে সূর্য তাপ দান করেন, সত্যের দ্বারা অগ্নি প্রজ্বলিত হন এবং সত্যের দ্বারাই বায়ু সর্বত্র সঞ্চালিত হন। কারণ সব কিছুই সত্যের উপর প্রতিষ্ঠিত আছে ॥ ৩০

দেবতা, পিতৃপুরুষ ও ব্রাহ্মণগণ সত্যের দ্বারা প্রসন্ন হন। সত্যই পরম ধর্ম—এই কথা মহাত্মাগণ বলেন। অতএব সত্যের কখনও উল্লঙ্ঘন করা উচিত নয় ॥ ৩১

মুনি-ঋষিগণ সত্যপরায়ণ, সত্যপরাক্রমী ও সত্যপ্রতিজ্ঞ হন। সেইজন্য সত্যই সত্যাপেক্ষা শ্রেষ্ঠ ॥ ৩২

ভরতশ্রেষ্ঠ ! সত্যবাদী বা সত্যত্যাগী মহুষ্যগণ স্বর্গলোকে আনন্দ ভোগ করেন কিন্তু হে অর্থাৎ ইন্দ্রিয়-সংযম সেই সত্যের ফলপ্রাপ্তির কারণ হয় এই কথা আমি তোমাকে সত্যের কথনে বলিতেছি ॥ ৩৩

যিনি নিজের মনকে বশীভূত করিয়া বিনম্রভাব ধারণ করিতে পারিয়াছেন, তিনি নিশ্চয়ই স্বর্গলোকে সম্মানিত হন। হে রাজন্ যুধিষ্ঠির ! এখন তুমি ব্রহ্মচর্যের গুণ শ্রবণ কর ॥ ৩৪

আজন্মমরণাদ্ যস্তু ব্রহ্মচারী ভবেদিহ।
ন তস্য কিঞ্চিদপ্রাপ্যমিতি বিদ্ধি নরাধিপ। ৩৫
যস্যাঃ কোট্যূর্ধ্বগাঃ তু ব্রহ্মলোকে বসন্ত্যত।
সত্যো রত্নবাহা সত্যস্তা বাস্তাবানুর্ব্বরেতসাম্॥ ৩৬
ব্রহ্মচর্য্যং ভবেদ্ রাজন্ সর্বপাপাপনুত্তিদম্।
ব্রাহ্মণেন বিশেষেণ ব্রাহ্মণো হ্যভিরক্ষ্যতে॥ ৩৭
প্রত্যক্ষমেব হি তথা জ্ঞেয়ং ব্রাহ্মণেষু তপস্বিষু।
বিদ্যেতি হি যথা শক্রো ব্রহ্মচারিব্রতস্থিতঃ॥ ৩৮
তস্য ব্রহ্মচর্য্যস্য ফলমুষীণামিহ দৃশ্যতে।

মাতাপিত্রোঃ পূজনে যো যত্নস্তমপি মে শৃণু॥ ৩৯
শুশ্রূষতে যঃ পিতরৌ ন চানৃতেষু কদাচন।
মাতরং ভ্রাতরং বাপি গুরুবাচার্য্যমেব চ॥ ৪০
তস্য রাজন্ ফলং বিদ্ধি স্বর্গেষ্বে স্থানমক্ষিতম্।
ন চ পশ্যেত নরকং গুরুশুশ্রূষয়ান্বিতঃ॥ ৪১

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি
পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ॥ ৭৫

তপস্বী ব্রাহ্মণদের মধ্যে ইঁহা প্রত্যক্ষ দেখা যায়; কারণ, ব্রহ্মচারীকে আশ্রয় করিয়া সাক্ষাৎ ইন্দ্রও ভীত হন। ব্রহ্মচর্য্যের এই ফল জগতে ঋষিগণের মধ্যে দেখা যায়। এখন তুমি মাতা-পিতা প্রভৃতির পূজার যে ফল হয়, সেই বিষয়ে শ্রবণ কর।৩৮-৪১

রাজন্! যিনি পিতা, মাতা, জ্যেষ্ঠ ভ্রাতা, গুরু ও আচার্য্যের সেবা করেন এবং কখনও তাঁহাদের প্রতি দোষদর্শন করেন না, তাঁহার এই ফল প্রাপ্তি হয় বলিয়া জানিও যে, তিনি স্বর্গলোকে নক্ষত্রসমান স্থান প্রাপ্ত হন। ইনি সংযতব্রতচারী সেই পুরুষ গুরু-শুশ্রূষার প্রভাবে কখনও নরকদর্শন করেন না।৩৯-৪১

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে পঞ্চসপ্ততিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষট্‌সপ্ততিতমোঽধ্যায়ঃ॥

[গোদানবিধি, গো: সমীপে প্রার্থনা, গোনিষ্ক্রয়কারিণ্যাঃ গোদানকারিণীকে নরপতীনাং নামবর্ণনঞ্চ।]

যুধিষ্ঠির উবাচ।

বিধিং ব্রবীষি পরমং স্রোতুমিচ্ছামি যং বিভো।
যেন দানেন গাবস্তু লোকানবিধিনাঃ প্রাপ্নুয়ামিহ॥ ১

ভীষ্ম উবাচ।

ন গোদানাৎ পরং কিঞ্চিদ্ বিদ্যতে বসুধাধিপ।

গৌর্হি স্যাদ্যস্তা দত্তা সন্তস্তারয়তে কুলম্॥ ২
সন্তানার্থে সদা যুক্তৈঃ পিতৃভিঃ স:
স চৈব কৃতঃ সন্যগাত্মা প্রজাভাঃ।
তস্মাৎ পূর্বং জাগ্রিতব্যং নরেণ
গোদানার্থং শৃণু রাজন্ বিধিং মে॥ ৩

ষট্‌সপ্ততিতম অধ্যায়

[গোদানের বিধি, গোর নিকট প্রার্থনা, গো-নিষ্ক্রয়কারী এবং গোদানকারী নরপতিগণের নাম বর্ণন।]

যুধিষ্ঠির বলিলেন,—নরপালক পিতামহ! এখন আমি গোদানের উত্তম বিধি যথাযথ রূপে শ্রবণ করিতে অভিলাষী হইয়াছি, যাহার দ্বারা গাভী পুণ্যবানদের অক্ষয় সনাতন লোক প্রাপ্তি হয়।১

ভীষ্ম বলিলেন,—বসুধাধিপ যুধিষ্ঠির! গোদান হইতে শ্রেষ্ঠ আর কিছুই নাই। যদি ভাবাভাবের প্রাপ্ত গো দান করা হয়, তবে সেই গোদাতার কুলকে তৎক্ষণাৎ উদ্ধার করিয়া দেন।২

রাজন্! ঋষিগণ সংপুরুষদিগের জন্য সর্বতোভাবে যে গোদান বিধি প্রকাশিত করিয়াছেন, তাহাই এই প্রজাকুলের পক্ষেও যথাযথভাবে নির্দিষ্ট হইয়াছে। অতএব তুমি আদিকাল হইতে প্রচলিত গোদানের সেই উত্তম বিধি আমার নিকট হইতে শ্রবণ কর।৩

পুরাকালের ঘটনা, যখন ধরাধাম রাজাভাব নিকটে যজ্ঞ সাধক গো দানের জন্য উপনীত হইল, তখন তিনি 'কিরূপে

পূষা গোষুপনীতাসু গোষু সন্তিষ্ঠতামিহ
মাতাতা প্রকৃতঃ প্রশ্নং বৃহস্পতিরতাব্রত । ৪
দ্বিতাত্রিভিসংকৃতা যঃ কালমভিষেদ চ
গোধানার্থে প্রযুঞ্জীত রোহিণীং নিয়তব্রতঃ । ৫
আজ্ঞানঞ্চ প্রযুঞ্জীত সমজে যজতেতি চ
প্রবিশ্য চ গবাং মধ্যমিমাং স্তুতিমুদাহরেৎ । ৬
মৌর্যে মাতা বৃষভঃ পিতা মে
দিবং শর্ম জগতী মে প্রতিষ্ঠা
প্রপত্তৈবঃ শর্করীষূত গোষু
পুনর্যামীমুৎসৃজেয় গোপ্রধানে । ৭
স তামেকঃ নিশাং গোভিঃ সমসখাঃ সমব্রতঃ
ঐকাত্মগমনাৎ পশ্চাৎ কলুষাদ্ বিপ্রমুচ্যতে । ৮
উৎসৃষ্টবৃষবৎসা যি প্রদেয়া সূর্যদর্শনে ।

ত্রিদিবঃ প্রত্যিপত্তব্যমর্থবাদাশিষস্তব । ৯
উর্জস্বিনা উর্জদোদাস্ত যজ্ঞে
গর্ভোঽমৃতস্য জগতোঽসা প্রতিষ্ঠা ।
ক্ষিপ্রে যোঃ প্রবহঃ শর্ধদেব
প্রাজাপত্যাঃ সর্বমিত্রার্থবাদাঃ । ১০
গাবো মযৈঃ প্রণুদন্ত সৌর্যাঃ
ত্বধা সৌম্যাঃ স্বর্ধানায় সন্তু ।
আজ্ঞানং যে মাতৃবজ্ঞাত্রন্ত
ত্বধানুক্তাঃ সন্তু সর্বাশিষো যে । ১১
গোব্রাহ্মণার্থে ক্ষয়ভিঃ ক্ষয়ন্তীঃ
সত্রস্বত্যঃ শ্রেয়সে সম্প্রবৃত্তাঃ ।
সূনৃং নিত্যাং সর্বপুণ্যোপমাস্তাঃ
দিশন্তং যে সন্ততিষ্টাঃ প্রসন্নাঃ । ১২

গোধান করিব?' এই সংকল্পে নিযুক্ত হইয়া বৃহস্পতিকে তোমরই দ্বারা প্রশ্ন করিলেন সেই প্রশ্নের উত্তরে বৃহস্পতি এই কথা বলিলেন। ৪

গোধানকারী মানুষের করণীয় এইরূপ তিনি নিয়মপূর্বক ব্রত পালন করিবেন এবং ব্রাহ্মণকে আহ্বান করিয়া আনিয়া তাঁহার সর্বতোভাবে সংকার করত বলিবেন যে, 'আমি আগামী কাল প্রাতে আপনাকে একটি গো দান করিব' তাহার পর গোদানের জন্য তিনি একটি শুভক্ষণের, রোহিণী গাভী আনাইবেন এবং 'সমজে যজেন' এই কথা বলিয়া সেই গাভীকে সমোধিত করিবেন তাহার পর গোসকলের মধ্যে প্রবেশ করত এই নিম্নলিখিত স্তুতি মন্ত্র উচ্চারণ করিবেন—। ৫-৬

"গাভী আমার মাতা, বৃষভ আমার পিতা। ইঁহারা উভয়েই আমাকে স্বর্গ ও ইহলোক সুখ প্রদান করুন গো-ই আমার আশ্রয়"। এই কথা বলিয়া গোগণের শরণ গ্রহণ করিবেন এবং তাঁহাদেরই সহিত মৌনাবলম্বন করত রাত্রি অতিবাহিত করিয়া প্রাতঃকালে গোগণের সহিত মৌনভঙ্গ করিবেন। ৭

এইভাবে গোগণের সহিত এক রাত্রি যাপন করিয়া তাঁহাদের [illegible] ব্রত পালন করিতে করিতে তাঁহাদেরই সহিত একাত্মতা প্রাপ্ত হইলে যাজক তৎক্ষণাৎ সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া যান। ৮

যাজক! সূর্যোদয়ের সময় বৎস সহ গাভী তোমায় দান করা উচিত। ইহার দ্বারা স্বর্গলোক প্রাপ্তি হইবে এবং অর্থবাদ মন্ত্রে যে আশী: (প্রার্থনা) করা হইয়াছে, তাহাও তোমার সফল হইবে। ৯

কিতবো জ্ঞানহা যক্ষ্মী পশুপালো নিরাকৃতিঃ।
গ্রামপ্রেষ্যো বার্দুষিকো গায়নঃ সর্ব্ববিক্রয়ী ॥ ৬
অগারদাহী গরদঃ কুণ্ডাশী সোমবিক্রয়ী।
সামুদ্রিকো রাজভৃত্যস্তৈলিকঃ কূটকারকঃ ॥ ৭

নবতিতম অধ্যায়।

[শ্রাদ্ধে ব্রাহ্মণগণের পরীক্ষা, পঙ্‌ক্তিদূষক ও পঙ্‌ক্তিপাবন ব্রাহ্মণের বর্ণনা, শ্রাদ্ধে লক্ষ মূর্খ ব্রাহ্মণ হোজন দান অপেক্ষা এক বেদজ্ঞ ব্রাহ্মণকে ভোজন দানের শ্রেষ্ঠত্ব প্রতিপাদন।]

যুধিষ্ঠির বলিলেন,—পিতামহ! কিরূপ ব্রাহ্মণগণকে শ্রাদ্ধের দান (অর্থাৎ নিমন্ত্রণ) দেওয়া উচিত? কৃপাপূর্ব্বক ইহা আপনি আমার নিকট স্পষ্ট করিয়া বলুন ॥ ১

ভীষ্ম বলিলেন,—রাজন্! দান-ধর্ম্মবিদ্‌ ক্ষত্রিয়ের দৈবকর্ম্মে (যাগ-যজ্ঞাদিতে) ব্রাহ্মণের পরীক্ষা করা উচিত নয়, কিন্তু পিতৃকর্ম্মে (শ্রাদ্ধে) তাঁহার পরীক্ষা করা বলিয়া মহাজনগণ বলেন ॥ ২

দেবতাগণ নিজেদের তেজদ্বারাই এই জগতে ব্রাহ্মণগণের পূজা (সম্মান) করেন অতএব দেবতাগণের উদ্দেশে ব্রাহ্মণদিগের নিকট যাইয়া যাহারা তাঁহাদিগকে দানাদি দান করিবেন ॥৩

যজ্ঞরাজ! কিন্তু শ্রাদ্ধের সময় বিদ্বান্ পুরুষ কুল, শীল (উত্তম আচরণ), বয়স, রূপ, বিদ্যা ও পূর্ব্বপুরুষের বিদ্যাসম্বন্ধীয় দ্বারা ব্রাহ্মণের পরীক্ষা অবশ্য করিবেন ॥ ৪

ব্রাহ্মণগণের মধ্যে কিছু ব্রাহ্মণ পঙ্‌ক্তিদূষক এবং কিছু পঙ্‌ক্তিপাবন হন। রাজন্! আমি প্রথমে পঙ্‌ক্তিদূষক ব্রাহ্মণদিগের বর্ণনা করিব, তুমি শ্রবণ কর ॥ ৫

কিতব (দ্যূত, পাশাক্রীড়াকারী), গর্ভস্রাবকারী, রাজযক্ষ্মারোগে আক্রান্ত, পশুপালনকারী, নিরাকৃতি (বেদাধ্যয়নপরিত্যাগী), গ্রামের সকল ব্যাপারেই কার্য্যকারী (গ্রামপ্রেষ্য), সুদগ্রহীতা, গানোপজীবি, নর্ত্তকপ্রভৃতি বস্তুবিক্রয়কারী, অগ্নিতে ঘৃতে বিক্রয়কারী, বিষদাতা, ধাতুবিকৃত পত্তিতে অন্ত পত্তির দ্বারা উৎপাদিত সুবর্ণের দ্বারে ভোজনকারী, সোমরসবিক্রয়ী, সামুদ্রিক বিদ্যার (হস্ত রেখা) দ্বারা জীবিকা অর্জনকারী, রাজার ভৃত্য,

পিত্রা বিবদমানস্তু যস্য চোপপতির্গৃহে
অতিপত্যস্য তেন: শিল্পং যচ্চোপজীবতি । ৮
পর্বকারস্তু সূচী চ মিত্রদ্রুক্ পারদারিক: ।
অন্নদাবানূপাধ্যায়: কাণ্ডপৃষ্ঠস্তথৈব চ । ৯
বক্তিশ্চ যঃ পরিক্রামেদ্ যঃ শুনা দষ্ট এব চ ।
পরিবিত্তিশ্চ বন্ধ্ শ্যাদ্ ভ্রাতৃব্যা গুরুতল্পগঃ । ১০
কুশীলবো দেবলকো নক্ষত্রৈর্যশ্চ জীবতি
ঈদৃশৈরপি যাচৈর্দুষ্কৃতপাঙ্ক্তেয়মুচ্যতে । ১১
রক্ষাংসি গচ্ছন্তে হব্যামিত্যাহুর্ব্রহ্মবাদিন:
শ্রাদ্ধং ভুঙ্ক্ত্বা হরীতঞ্চ বৃষলীত্বমশ্নুতে ধ্রুবং । ১২
পুত্রীয়ে তস্য তে মাংসং পিতরস্তস্য লেরতে ।
সোমবিক্রয়িণে বিদ্বা ভিষজে পূয়শোণিতম্ । ১৩
নষ্টীর দেবলকে দত্তমপ্রতিষ্ঠিতং বার্ধুষে
বস্তু বাণিজকে দত্তং নেহ নামুত্র তদ্ ভবেৎ । ১৪

তন্তুবায় ইতি যথা তথা পৌল্কস এব চ
যে চ বৃষলযাজেষু চাত্রিত্রাপগতেষু চ ।
যথা কথা প্রবদন্তি তেষাং তৎ প্রেত্যানন্ততি । ১৫
জ্ঞানপূর্বা তু যে তেষাং প্রবক্ষ্যন্ত্যনুবৃত্তয়:
পূতীষা ভুঞ্জতে তেষাং পিতর: প্রেত্য কিল্বিষং । ১৬
এতান্নিত্যান্ বিজানীয়াদশ্নতঃ ক্ষেত্রান বিজাধমান্ ।
যূতাধ্যায়ূপদেশেন যে কুর্বন্ত্যাত্মভেষজং । ১৭
যদ্ধি কাংশ্চন সন্তঃ যদ্ধ: পিত্রো যাবৎ প্রসন্নাস্তে
পঙ্ক্ত্যাং সমুপবিষ্টায়াং তাবদ্ দুষয়তে নৃণ । ১৮
যস্য দেষ্টি পিতা ভুঙ্ক্তে যস্য ভুঙ্ক্তে মাতামহ:
সোপানৎকস্তু যস্য ভুঙ্ক্তে সর্ব বিদ্যাৎ তদাসুরম্ । ১৯
অসূয়তা চ যদ্ দত্তং যচ্চ শ্রদ্ধাবিবর্জিতম্
সর্বং তদসুরেন্দ্রায় প্রভা ভাগমকল্পয়ৎ । ১০

ভৈষবিক্রয়কারী, কুটকারক (মিথ্যা ঔষধোপকারী), পিতার সহিত বিবাদকারী,ধাত্রীর গৃহে উপপতি উপস্থিত আছে, তদ্রূপ ব্যক্তির ভোজ্য, শিল্পজীবী, বহুজনযাজী, পশু, বিদ্রূপকারী, পরস্ত্রীলম্পট, ব্রতহীন বহুজনগণের অধ্যাপক, অন্নদানকারী অথচ জীবিকা অর্জনকারী, কুসুম্ভের সহিত পরিবর্তনকারী, কুকুরকর্তৃক দষ্ট, যাহার কনিষ্ঠ ভ্রাতার বিবাহ হইয়া গিয়াছে, এরূপ অবিবাহিত জ্যেষ্ঠ ভ্রাতা, চর্মরোগী, গুরুতল্পগামী, নটের কার্যকারী, দেবমন্দিরে পূজা করিয়া জীবিকা অর্জনকারী এবং নক্ষত্রসকলের ফল বলিয়া জীবনযাপনকারী—এই সব ব্রাহ্মণ পঙ্‌ক্তির বাহিরে রাখিবার যোগ্য। দুর্ভিক্ষে এতাদৃশ পঙ্‌ক্তিদূষক ব্রাহ্মণগণের দ্বারা কৃত দরিদ্র ব্রাহ্মণেরা প্রাপ্ত হয়, ইহা ব্রহ্মবাদী পুরুষগণ বলেন। ৩-১১½

যে ব্রাহ্মণ শ্রাদ্ধে ভোজন করিয়া সেইদিনই বেদ পাঠ করেন এবং যে ব্রাহ্মণ শূদ্রা স্ত্রীর সহিত সহাবস্থান করেন, তাঁহার পিতৃগণ সেইদিন হইতে আরম্ভ করিয়া একমাস পর্যন্ত বিষ্ঠার ন্যায় ভক্ষণ করিয়া থাকেন। ১২½

সোমরস বিক্রয়কারীকে যে শ্রাদ্ধের অন্ন দেওয়া হয়, তাহা পিতৃগণের পক্ষে বিষ্ঠাতুল্য হইয়া যায়। শ্রাদ্ধে বৈদ্যকে প্রদত্ত অন্ন পূয় ও শোণিতসদৃশ পিতৃগণের পক্ষে অগ্রাহ্য হইয়া যায়। দেবমন্দিরে পূজা করিয়া জীবিকা অর্জনকারীকে প্রদত্ত শ্রাদ্ধের দান নষ্ট হইয়া যায়—তাহার কোনও ফল হয় না। সুদখোরকে প্রদত্ত অন্ন অধিক হইয়া থাকে। বাণিজ্যবৃত্তি অবলম্বনকারীকে

শ্রাদ্ধে প্রদত্ত অন্নের দান না ইহলোকে না পরলোকে। ১৩-১৪

এক পঙ্‌ক্তিতে ত্যাগ করিয়া অন্য পঙ্‌ক্তিবদলকারীর ইষ্ট পূর্তকে প্রদত্ত শ্রাদ্ধের অন্ন তন্তুবায়কে বপনকারক ক্ষুরের ন্যায় ব্যর্থ হইয়া যায় যে বাহ্মণ বর্ষাকীল ও চরিত্রহীন দ্বিজকে হব্য-কব্য দান করে তাহার সেই দান পরলোকে নষ্ট হইয়া যায়। ১৫

যে মূর্খ ব্রাহ্মণ জানিয়া শুনিয়া এরূপ পঙ্‌ক্তিদূষক ব্রাহ্মণগণকে শ্রাদ্ধের অন্নদান করে, তাহার পিতৃগণ পরলোকে নিশ্চয় তাহার বিষ্ঠা ভোজন করেন। ১৬

এই সব ব্রাহ্মণগণকে পঙ্‌ক্তির বাহিরে রাখিবার কথা বলিয়া জানিতে হইবে। যে মূঢ় ব্রাহ্মণগণ শূদ্রশিষ্যকে বেদের উপদেশ করে, তাহারাও অপাঙ্‌ক্তেয়। ১৭

রাজন্! কাণ অর্থাৎ অন্ধ পুরুষ পঙ্‌ক্তিতে বসিয়া যাই ব্রাহ্মণকে দূষিত করে যে নপুংসক, যে এক পক্ষ ব্রাহ্মণকে অপদস্থ করে এবং যে শ্বেতরোগাক্রান্ত, সেই ব্যক্তি পঙ্‌ক্তিতে বসিয়া যা লোককে দেখিবে, তাহাতে সকলকেই দূষিত করিয়া দেয়।

যে মনুষ্য পাগড়ী বাঁধিয়া বা টুপী রাখিয়া ভোজন করে, যে দক্ষিণ দিকে মুখ রাখিয়া ভোজন করে এবং যে জুতা পরিয়া ভোজন করে, ইহাদিগকে এই সব ভোজনকেই আসুর ভোজন বলিয়া জানিবে। ১৯

যে ব্যক্তি ঈর্ষাবশতই রাখিয়া দান করে এবং শ্রদ্ধাহীন হইয়া

স্নানন্ত পঙ্‌ক্তিদূষান্ত নাবেক্ষেরন্ কথঞ্চন
তস্মাৎ পরিস্তৃতে স্থানে বিলাস্তাবেক্ষণীয়তে ॥ ২১

ভিন্নৈবিস্রবিহীনো শ্রাদ্ধং কৃত্বা ক্রোধবশেন চ
যাদুধানাঃ পিশাচাশ্চ বিঘ্নলুপ্তন্তি তদ্বিধিঃ ॥ ২২

অপাঙ্‌ক্তেয়া যাবতঃ পাঙ্‌ক্তান্ দৃষ্ট্বানানুপস্তুতি
তাবৎফলান্ প্রলভতি দাতারং তস্য বান্ধবান্ ॥ ২৩

ইমে তু ভারতশ্রেষ্ঠ বিজ্ঞেয়া পঙ্‌ক্তিপাবনাঃ।
যে দৃষ্টমাত্রান্ প্রবক্ষ্যামি পরীক্ষ্যেহ তান্ নিবোধ ॥ ২৪

বিদ্যাবেদব্রতস্নাতা ব্রাহ্মণাঃ সর্ব এব হি।
সদাচারপরাস্তেষ বিজ্ঞেয়াঃ সর্বপাবনাঃ ॥ ২৫

পাঙ্‌ক্তেয়াংস্তু প্রবক্ষ্যামি জ্ঞেয়াস্তে পঙ্‌ক্তিপাবনাঃ।
ত্রিষাচিকেতঃ পঞ্চাগ্নিস্ত্রিসুপর্ণঃ ষড়ঙ্গবিৎ ॥ ২৬

ব্রহ্মদেয়ানুসন্তানজ্যেষ্ঠসাম্নো জ্যৌষসগঃ।
মাতাপিত্রোর্যস্তু বশ্যঃ শ্রোত্রিয়ো দশপূরুষঃ ॥ ২৭

অনূচানাদিগামী চ ধর্মপত্নীষু যঃ সদা।
বেদবিস্ত্রিব্রতস্নাতো বিপ্রঃ পঙ্‌ক্তিঃ পুনাত্যুত ॥ ২৮

অথর্বশিরসোঽধ্যেতা ব্রহ্মচারী যতব্রতঃ
সত্যবাদী ধর্মশীলঃ ঋতধর্মনিবদ্ধকঃ সঃ ॥ ২৯

যে চ পূণ্যেষু তীর্থেষু অভিষেকপ্লবাঃ।
মখেষু চ সমাপ্তেষু ভবন্ত্যবভৃথপ্লুতাঃ ॥ ৩০

অক্রোধনা জ্ঞপলাঃ ক্ষান্তা দান্তা জিতেন্দ্রিয়াঃ।
সর্বভূতহিতা যে চ ব্রাহ্মণ্যে তান্ নিবোধত ॥ ৩১

এতেষু যদ্ভবেদন্নমমৃতত্বায় তদ্ভবেৎ
ইমে পরে মহাভাগা বিজ্ঞেয়াঃ পঙ্‌ক্তিপাবনাঃ ॥ ৩২

যে দান করে, তাহার সমস্ত দানই ব্রহ্মা অনুমোদন করিয়া তাহা বলিয়া নির্দিষ্ট করিয়া দিয়াছেন। ২০

কৃষ্ণ ও পঙ্‌ক্তিদূষক ব্রাহ্মণগণ যাহাতে কোনরূপেও দেখিতে না পায়, সেইজন্য চারিদিক আবৃত স্থানে শ্রাদ্ধের দান করিবে এবং সর্বত্র ছিন্ন কুশ রাখিয়া দিবে। ২১

যে শ্রাদ্ধ ভিন্নহীন হইয়া অসম্পূর্ণ হয় অথবা যে শ্রাদ্ধ ক্রোধবশতঃ সম্পন্ন হয়, সেই শ্রাদ্ধের হবিষ্যকে যাদুধান (রাক্ষস) ও পিশাচেরা লুপ্ত করিয়া দেয়। ২২

পঙ্‌ক্তিদূষক পুরুষ পঙ্‌ক্তিতে ভোজনকারী যত ব্রাহ্মণকে দেখিবে, সেই দুর্বৃদ্ধি লোককে তত ব্রাহ্মণকে দানজনিত ফল হইতে বঞ্চিত করিবে। ২৩

ভরতশ্রেষ্ঠ! এখন আমি যাহাদের বর্ণনা করিব, তাহাদের সকলকে পঙ্‌ক্তিপাবন বলিয়া জানিবে। ইহাদের বর্ণনা আমি ঐক্যমত করিব যে, তুমি শ্রাদ্ধে ব্রাহ্মণগণের পরীক্ষা করিতে পারিবে। ২৪

বিদ্যা ও বেদব্রতে স্নাতক (যাঁহারা মুখে প্রত্যাবৃত) সমস্ত ব্রাহ্মণই যদি সাধারণে বিদ্বান থাকেন, তবে তাঁহাদিগকে সর্বপাবন বলিয়া জানিতে হইবে। ২৫

এখন আমি পাঙ্‌ক্তেয় ব্রাহ্মণগণের বর্ণনা করিব। ইহাদিগকেই পঙ্‌ক্তিপাবন বলিয়া জানিবে। যিনি ত্রিণাচিকেত নামক যজ্ঞসকল সম্পন্ন করেন, পার্শ্বস্থাগ্নি পঞ্চ অগ্নির উপাসনাকারী, ত্রিসুপর্ণনামক (ত্রিসুপর্ণবিদ্যাতি) মন্ত্রসমূহ পাঠ করেন এবং ষড়ঙ্গবেদ মাত্র ইত্যাদি বৈদিকীয় প্রসিদ্ধ শিক্ষাদি বড়ঙ্গে অভিজ্ঞ, ইঁহারা সকলেই পঙ্‌ক্তিপাবন। ২৬

যিনি পরম্পরাক্রমে ব্রাহ্মণ বেদ ও সত্য বিদ্যার জ্ঞাতা অথবা উপদেষ্টা, যিনি বেদের ছান্দোগ শাখার বিদ্বান্, যিনি জ্যেষ্ঠ সামমন্ত্রের গায়ক, যিনি মাতা পিতার বশীভূত এবং যিনি দশ পুরুষ হইতে শ্রোত্রিয় (বেদপাঠী), ইঁহারাও পঙ্‌ক্তিপাবন। ২৭

যিনি নিজের ধর্মপত্নীর সহিত সদা ঋতুকালেই সহবাস করেন, বেদ ও বিদ্যার স্নাতক হইয়াছেন, সেই ব্রাহ্মণ পঙ্‌ক্তিকে পবিত্র করেন। ২৮

যিনি অথর্ব বেদের জ্ঞাতা, ব্রহ্মচারী, নিয়মপূর্বক ব্রতপালনকারী, সত্যবাদী, ধর্মপরায়ণ এবং নিজের কর্তব্য কর্মে তৎপর, এরূপ ব্রাহ্মণও পঙ্‌ক্তিপাবন। ২৯

যাঁহারা পুণ্য তীর্থসমূহে স্নান করিবার জন্য পরিক্রমা করিয়াছেন, বেদযজ্ঞসমূহের উচ্চারণ পূর্বক অনেক যজ্ঞের অনুষ্ঠান করত যাঁহারা অবভৃথ স্নান করিয়াছেন, যাঁহারা ক্রোধহীন, চপলতারহিত, ক্ষমাশীল, মনকে বশীভূত করিয়া রাখিতে সমর্থ, জিতেন্দ্রিয় ও সমস্ত প্রাণিগণের হিতৈষী, এই সব ব্রাহ্মণগণকে শ্রাদ্ধে নিমন্ত্রণ করিবে। ৩০-৩১

কারণ, ইঁহারা সকলেই পঙ্‌ক্তিপাবন; সুতরাং ইঁহাদিগকে প্রদত্ত দান অক্ষয় হয়। ইঁহারা ব্যতীত আরও মহাসৌভাগ্যশালী যত পঙ্‌ক্তিপাবন ব্রাহ্মণ আছেন, তাঁহাদিগকে এইভাবে জানিতে হইবে— ॥ ৩২

যজ্ঞরো যোক্তবরজ্ঞা যোগ্যাঃ শুচিব্রতত্বাঃ।
(পঞ্চরাত্রবিদো বুধ্যাস্তথা ভাগবতাঃ পরে।
বৈখানসাঃ কুলজ্যেষ্ঠা বৈদিকাচারচারিণঃ।)

যে চেতিহাসং শ্রবতাঃ শ্রাবয়ন্তি দ্বিজোত্তমান্। ৩৩
যে চ ভাষ্যবিদঃ কেচিদ্ যে চ ব্যাকরণে রতাঃ
অধীয়তে পুরাণং যে ধর্মশাস্ত্রাণ্যথাপি চ। ৩৪
অধীত্য চ যথান্যায়ং বিধিবৎ তত্ত্ব কারিণঃ।
উপপন্নো গুরুকুলে সত্যবাদী সমহিতঃ। ৩৫
অগ্র্যাঃ সর্বেষু বেদেষু সর্বপ্রবচনেষু চ
যাবদেতে প্রপদ্যন্তি পঙ্‌ক্ত্যাস্তাবৎ পুনস্ত্বয়া। ৩৬
ততো যে পাবনাঃ পঙ্‌ক্ত্যাঃ পঙ্‌ক্তিপাবন উচ্যতে।
শ্রোত্রিয়ার্থকৃতীয়াচ্চ পাবয়েদেক এব যি। ৩৭
ব্রহ্মদেয়ানুসন্তান ইতি ব্রহ্মবিদো বিদুঃ
অনুদ্বিগ্নমুপাধ্যায়ঃ স বৈ গচ্ছতি ব্রহ্মতাং। ৩৮
ঋদ্ধিগৃদ্ধিতমুদ্ধাত্তঃ পঙ্‌ক্ত্যা হরতি দুষ্কৃতম্
অথ চেদ্ বেদবিৎ সর্বৈঃ পঙ্‌ক্তিদোষৈর্বিবর্জিতঃ। ৩৯

যাঁহারা যোক্তব্যে অভিজ্ঞ সংযমী এবং উত্তমব্রতে ব্রতচরণকারী যোগী, পাঞ্চরাত্র আগমে বিশেষজ্ঞ জ্ঞেষ্ঠ পুরুষ, পরম ভাগবত, যাজনাদি কর্মপালনকারী, বংশে জ্ঞেষ্ঠ এবং বৈদিক আচারসম্পন্নের অনুষ্ঠানকারী, যাঁহারা মনকে সংযত রাখিয়া জ্ঞেষ্ঠ ব্রাহ্মণগণকে ইতিহাস শ্রবণ করান, যাঁহারা মহাভাষ্য ও ব্যাকরণে বিদ্বান্, যাঁহারা পুরাণ ও ধর্মশাস্ত্র ভালরূপে অধ্যয়ন করিয়া তাহাদের আজ্ঞানুসারে স্থিরবৎ আচরণ করেন, যাঁহারা বিধিমত সময় পর্যন্ত গুরুকুলে বাস করিয়া বেদাধ্যয়ন করেন, যাঁহারা সত্যবাদী সংযত পরীক্ষায় সত্যবাদী বলিয়া সিদ্ধ হইয়াছেন এবং যাঁহারা চারিবেদের পঠন-পাঠনে অগ্রগণ্য, এরূপ ব্রাহ্মণগণ পঙ্‌ক্তির যতদূর পর্যন্ত বেষ্টিত পান, ততদূর পর্যন্ত পঙ্‌ক্তিতে উপস্থিত ব্রাহ্মণদিগকে পবিত্র করিয়া দেন। ৩৩-৩৯

পঙ্‌ক্তিকে পবিত্র করেন বলিয়া ইঁহাদিগকে পঙ্‌ক্তিপাবন বলা হয়। বেদজ্ঞ পুরুষগণ ইহা মনে করেন যে, বেদের বিদ্যালাভ ও ব্রতজ্ঞানী পুরুষদের মধ্যে উৎপন্ন ব্রাহ্মণ একাকীই সাত কি কোন পঙ্‌ক্তি স্থান পবিত্র করিয়া থাকেন। ৩৭½

যিনি ঋত্বিক্ বা অধ্যাপক নন, তিনিও যদি ঋত্বিক্‌গণের অনুমতি লইয়া শ্রাদ্ধে অগ্র্যাসন গ্রহণ করেন, তবে তিনিও পঙ্‌ক্তির দোষ হরণ করিয়া থাকেন। ৩৮½

ন চ স্যাৎ পণ্ডিতো রাজন্ পঙ্‌ক্তিপাবন এব সঃ
তস্মাৎ সর্বপ্রযত্নেন পরীক্ষ্যাশ্রয়েদ্ দ্বিজান্। ৪০
বহ্বৃচনিরতানন্তান্ কুলে জাতান্ বহুশ্রুতান্
তস্য মিত্রপ্রধানানি শ্রাদ্ধানি হ হবীংষি চ। ৪১
ন প্রীণন্তি পিতৃন্ দেবান্ ঋষীংশ্চ ন স গচ্ছতি
যস্য শ্রাদ্ধে কৃতে সঙ্গতানি
ন দেববাদেন পথা স যাতি
স বৈ মূঢ়ঃ পিতৃণাং যদ্ধনায় বা
ঋগ্যাজ্ঞোক্ত্যবতে শ্রাদ্ধমিত্রঃ। ৪২
তস্মাদ্বিত্রং শ্রাদ্ধকৃদ্ভ্রাত্রিয়েত
দত্তাত্রিত্রেভ্যঃ সংপ্রদাতা বনানি
বসন্তস্তে বৈব শত্রুং ন মিত্রং
তং যযাত্যাদ্য ভোজয়েদ্ধব্য-কব্যো। ৪৩
যথোদরে বীজমূপ্তং ন রোহে—
ন চাবপ্তা প্রাপ্নুয়াদ্ বীজতাগম
এবং শ্রাদ্ধে ভুক্তমনর্হমাপৈ—
র্ন চেহ নামুত্র ফলং লভতে। ৪৪

রাজন্! যদি কোনও বেদজ্ঞ ব্রাহ্মণ সর্বপ্রকার পঙ্‌ক্তিদোষ রহিত হন এবং পণ্ডিত না হন, তবে তিনিও পঙ্‌ক্তিপাবন (৩৮½ শ্লোকোক্ত) হইতে পারেন। অতএব সকল দিক বিবেচনা করিয়া শ্রাদ্ধে নিমন্ত্রণ করিবে। যাঁহারা ঋক্ (ব্রাহ্মণোচিত কর্ম) নিরত, ঋণী ও বহুশ্রুত বিদ্বান হইবেন। ৪০½

যাহার শ্রাদ্ধের ভোজনে মিত্রগণের প্রাধান্য থাকে, তাহার সেই শ্রাদ্ধ ও হবিষ্য পিতৃগণ ও দেবতাগণের তৃপ্তি সাধন করিতে পারে না এবং শ্রাদ্ধকর্তা পুরুষও স্বর্গে গমন করে না। ৪১½

যে ব্যক্তি শ্রাদ্ধে ভোজন দান করত নিজের তাহা জ্ঞাপন করে সেই ব্যক্তির বৃদ্ধির পর দেবতার্থে গমন করিতে পারে না যেরূপ অধঃবৃক্ষের ফল বৃন্ত হইতে চ্যুত হইয়া অধঃপতিত হয়, সেইরূপ শ্রাদ্ধে নিজের তাহা জ্ঞাপনকারী ব্যক্তি স্বর্গলোক হইতে ভ্রষ্ট হইয়া যায়। ৪২

সেইজন্য শ্রাদ্ধকারী ব্যক্তি শ্রাদ্ধে নিজকে নিমন্ত্রণ করিবে না। নিমন্ত্রণের সময়ের পর তাঁহাদিগকে স্মরণ করিবে যাহাকে শত্রু বলিয়া মনে না হইবে এবং মিত্র বলিয়াও মনে হইবে, এরূপ যথার্থ ব্যক্তিকেই শ্রাদ্ধে ভোজন করাইবে। ৪৩

যেরূপ উষর ভূমিতে (তার মৃত্তিকায়) রোপিত বী

ব্রাহ্মণো জনয়ীরানড়ুবাগ্রিরিব পাদ্যতি
তস্মৈ শ্রাদ্ধানি দাতব্যা নহি তস্যাস্তি দুষ্কৃতম্ । ৪৫
সন্তোজনী নাম পিশাচ-দক্ষিণা
সা বৈ দেবান্ ন পিতৃন্নপৈতি
ইহৈব সা প্রয়াতি হীনপুণ্যা
পাপাত্মানং গৌরিব নষ্টবৎসা ।৪৬
যথাহো শাকে ঘৃতমাদ্রবোতি
তস্মৈ দেবান্ ন পিতৃন্নপৈতি ।
তথা দত্তা নডুনে গায়নে চ
যাং চাদ্রবে দক্ষিণামাদ্রবোতি । ৪৭
উতো দিবস্তি ন দুষ্কৃতং তৈষা
যা চাদ্রবে দক্ষিণা দীয়তে বৈ ।
আষাড়িনী গর্হিতৈষা পতন্তী
তস্যাং প্রেতান্ পাতয়েদ্ দেবযানাংশ্চ ৪৮
অবীরাঃ সন্যচে নিত্যা যে চরন্তি মূর্ধিতিং
নিশ্চিতাঃ সর্বধর্মজ্ঞাস্তান্ দেবা ব্রাহ্মণান্ বিদুঃ । ৪৯
অধ্যায়নিষ্ঠা অবরো জ্ঞাননিষ্ঠাস্তথৈব চ
তপোনিষ্ঠাশ্চ বোদ্ধব্যাঃ কর্মনিষ্ঠাস্তথা ভরত । ৫০
কথ্যানি জ্ঞাননিষ্ঠেভ্যঃ প্রতিষ্ঠাপ্যানি ভারত ।
তস্মৈ যে ব্রাহ্মণান্ কেচিদ্ নিমন্ত্রন্তি যি তে নরাঃ । ৫১
যে তু নিমন্ত্রিতা ভক্ষেষু ন তান্ শ্রাদ্ধেষু ভোজয়েৎ ।
ব্রাহ্মণা নিন্দিতা রাজন্ রক্ষাংস্যেতানুকূলতা কুলম্ । ৫২
বৈখানসানামাং যচনমুষীণাং শ্রূয়তে নৃপ
মুরারেশ্চ পরীক্ষেত ব্রাহ্মণান্ বেদপারগান্ । ৫৩
প্রিয়ো বা যদি বা দ্বেষ্যস্তেষাং তু শ্রাদ্ধমাবপেৎ
যঃ সহস্রং সহস্রাণাং ভোজয়েদ্বৃত্তবান্ নরঃ ।
একস্তান্মুবিং প্রীত: সর্বানর্হতি ভারত । ৫৪

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি শ্রাদ্ধকল্পে
নবত্রিতমোঽধ্যায়: । ৯০

উদ্দেশ করা এবং রোপণকালীন উদ্দেশে কোন ফল লাভও হয় না, সেইরূপ অযোগ্য ব্রাহ্মণগণের দ্বারা কৃত শ্রাদ্ধের অন্ন না ইহলোকে কোনও লাভদায়ক হয় ও পরলোকেও উহা কোন ফলদান করিতে পারে না । ৪৪

যেরূপ স্থলে প্রজ্বলিত অগ্নি নিজেই নিভিয়া যায়, সেইরূপ স্বাধ্যায়হীন ব্রাহ্মণ ভোজনোদ্দেশে গমন করিলে, অতএব তাহাকে শ্রাদ্ধের দান দেওয়া উচিত নয়, কারণ, কেহ তাহার মধ্যে আহুতি দেয় না । ৪৫

যে যাজ্ঞিক পরস্পরের গৃহে শ্রাদ্ধে ভোজন করত পরস্পর দক্ষিণা গ্রহণ করে ও দান করে, তাহাদের সেই দান দক্ষিণা পিশাচ-দক্ষিণা বলিয়া কথিত হয় । তাহা দেবতাগণ পান না এবং পিতৃগণও পান না । যাহার বৎস নিহত হইয়াছে, এরূপ পুত্রহীনা গাভী যেরূপ দুঃখিতা হইয়া গোশালায় গমন করে, সেইরূপ পরস্পর পরস্পরকে প্রদত্ত এবং গৃহীত দক্ষিণা এই লোকেই বাধিয়া যায়, উহা পিতৃলোকে যায় না । ৪৬

আর নিন্দিতা যাহাকে পর যে মৃতের জোষ করা হয়, তাহা যেরূপ দেবতাগণ পান না এবং পিতৃগণও পান না, সেইরূপ নৃত্যকারী, গায়ক ও বিদ্যাহীন অপাত্র ব্রাহ্মণকে প্রদত্ত দানও নিষ্ফল হইয়া যায় । অপাত্র ব্যক্তিকে দত্ত দক্ষিণা তাহাকে তৃপ্ত করিতে পারে না এবং গ্রহীতাকেও তৃপ্ত করে না ; বরং উভয়কেই নাশ করিয়া দেয় । ইহাই নহে, সেই বিদ্যাশূন্যগর্হিতা নিন্দিতা দক্ষিণা দাতার পিতৃগণকে দেবযান মার্গ হইতে পাতিত করে । ৪৭-৪৮

মূর্ধিতিং । যাঁহারা সন্যচে অর্থাৎ অধিগন্তব্য বস্তুপথে বিচরণ করেন, যাঁহাদের বুদ্ধি এক নিশ্চয়ে স্থির হইয়াছে এবং সমস্ত ধর্ম জানেন, তাঁহারিগকেই দেবতাগণ ব্রাহ্মণ বলিয়া জানেন । ৪৯

ভারত ! অধি-মুনিগণের মধ্যে তাঁহারিগকে স্বাধ্যায়নিষ্ঠ, তাঁহারিগকে জ্ঞাননিষ্ঠ, তাঁহারিগকে তপোনিষ্ঠ এবং তাঁহারিগকে কর্মনিষ্ঠ বলিয়া জানিতে হইবে । ৫০

ভরতসত্তম ! তাঁহাদের মধ্যে জ্ঞাননিষ্ঠ মহর্ষিগণকেই শ্রাদ্ধের অন্ন প্রতিষ্ঠাপিত করা উচিত । যাঁহারা ব্রাহ্মণগণের নিন্দা করেন না, তাঁহারাই শ্রেষ্ঠ মানুষ । ৫১

রাজন ! যাহারা কথাবার্তা প্রসঙ্গে ব্রাহ্মণগণের নিন্দা করে, তাহাদিগকে শ্রাদ্ধে ভোজন করান উচিত নয় । হে নৃপ ! বানপ্রস্থ ঋষিগণের এই বাক্য শুনা যায় যে, ব্রাহ্মণদিগের নিন্দা করিলে পর তাঁহারা নিন্দাকারীর তিন পুরুষকে নাশ করিয়া থাকেন । যেরূপ ব্রাহ্মণগণকে পূর্ব হইতেই পরীক্ষা করিতে হয় । ৫১-৫৩

ভারত ! যেরূপ ব্রাহ্মণ নিজের প্রিয় হউন বা অপ্রিয় হউন —তাহার কোন বিচার না করিয়াই তাঁহাকে শ্রাদ্ধে ভোজন করাইবে । যে ব্যক্তি বহু লক্ষ অপাত্র ব্রাহ্মণকে ভোজন করান, তাহার পুত্রে সেই সব ব্রাহ্মণের পরিবর্তে একজন বেদজ্ঞ ব্রাহ্মণ ভোজন করিবার অধিকারী হন অর্থাৎ লক্ষ মূর্খকে ভোজন করান অপেক্ষা একজন সৎপাত্র ব্রাহ্মণকে ভোজন করান উত্তম । ৫৪

শ্রীবেদব্যাস-প্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে শ্রাদ্ধকল্পবিষয়ক নবত্রিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ।

একনবতিতমোঽধ্যায়ঃ ॥

[শোকাতুরস্য নিমেঃ পুত্রার্থং পিণ্ডদানম্, নিমের্দেহোৎপত্তেরুপলক্ষণেনম্, বিদেহেষ্বনাথা আত্মা, শ্রাদ্ধে ত্যাজ্যবস্তুনাং বর্জনম্]

যুধিষ্ঠির উবাচ

কেন সন্তস্থিরে শ্রাদ্ধং কস্মিন্ কালে ভিষাত্তমম্
ভৃগুস্থিরসিকে কালে মুনিনা তত্তদেব বা ॥ ১
কানি শ্রাদ্ধানি বর্জ্যানি কানি মূল-ফলানি চ
যাস্তত্যাস্ত্ব কা বর্জ্যাস্তদ্বে ব্রূহি পিতামহ ॥ ২

ভীষ্ম উবাচ

যথা শ্রাদ্ধং সম্প্রবৃত্তং যস্মিন্ কালে যথাত্মকম্।
যেন সন্তস্থিরে তত্র তত্মে শৃণু জনাধিপ ॥ ৩
আত্মভূবোঽত্রিঃ কৌরব্য পরমর্ষিঃ প্রজাপতিঃ।
তস্য বংশে মহারাজ দত্তাত্রেয় ইতি শ্রুতঃ ॥ ৪
দত্তাত্রেয়স্য পুত্রোঽভূন্নিমিরিত্যেব তপোধনঃ।
নিমেস্ত্বপাভবৎ পুত্রঃ শ্রীমান্ শ্রীবান্ ইতি শ্রুতঃ ॥ ৫
পূর্ণে বর্ষসহস্রান্তে স কৃত্বা ভুবনত্রয়ম্।
কালধর্মপরীতাত্মা নিধনং সমুপাগতঃ ॥ ৬
নিমিস্তু কৃত্বা শৌচানি পিতৃবৃত্তেন কর্মণা।
সন্তাপসমহং তীব্রং পুত্রশোকসমুদ্ভবম্ ॥ ৭
অথ কুত্তোপহার্যাণি চতুর্দশ্যাং মহামতিঃ
তমেব গণয়ন্ শোকং বিবাহে প্রত্যবুধ্যত ॥ ৮
তস্যাসীৎ প্রতিবুদ্ধস্য শোকেন ব্যথিতাত্মনঃ।
মনঃ সংহৃত্য বিষয়ে বুদ্ধির্বিস্তারসাদিনী ॥ ৯
ততঃ সঙ্কিল্পয়ামাস শ্রাদ্ধকল্পং সমাহিতঃ।
যানি তস্যৈব তোজ্যানি মূলানি চ ফলানি চ ॥ ১০
ঔক্ষাণি যানি চাত্রাণি যানি ক্ষৌদ্রেণ তস্য চ।
তানি সর্বাণি মনসা বিনিশ্চিত্য তপোধনঃ ॥ ১১
অমাবস্যাং মহাপ্রাজ্ঞো বিপ্রানানায্য পূজিতান্
দক্ষিণাবদ্ভিরাঃ সর্বা দূর্বা বহুগুণাকরোৎ ॥ ১২

একনবতিতম অধ্যায়।

[শোকাতুর নিমিকর্তৃক পুত্রের জন্য পিণ্ডদান এবং শ্রাদ্ধ বিষয়ে নিমিকে মহর্ষি অত্রির উপদেশ দান, বিদেহেশ্বরগণের নাম ও শ্রাদ্ধে ত্যাজ্য বস্তুসমূহের বর্ণন]

যুধিষ্ঠির বলিলেন,—পিতামহ! শ্রাদ্ধ কোন্ সময়ে প্রচলিত হইয়াছে? সর্ব্বপ্রথমে কোন্ মহর্ষি ইহার সন্ধান অর্থাৎ প্রচার করেন? শ্রাদ্ধের স্বরূপ কি? যদি কৃত ও অধিষ্ঠাতৃদেব সময়ে ইহার আরম্ভ হইয়া থাক, তবে কোন্ মুনি ইহার প্রচার করেন? শ্রাদ্ধে কোন্ কোন্ কর্ম, কোন্ কোন্ ফল-মূল এবং কোন্ কোন্ অন্ন ত্যাগ করিবার যোগ্য? ইহা আপনি আমাকে বলুন ॥ ১-২

ভীষ্ম বলিলেন,—রাজন্! যে সময়ে ও যে ভাবে শ্রাদ্ধের প্রচলন হইয়াছে, যাহা এই শ্রাদ্ধের স্বরূপ এবং সর্ব্বপ্রথমে যিনি ইহার সন্ধান অর্থাৎ প্রচার করেন, এই সমস্ত আমি তোমাকে বলিতেছি, তুমি শ্রবণ কর ॥ ৩

কুরুনন্দন! মহারাজ! পূর্ব্বকালে ব্রহ্মা হইতে মহর্ষি অত্রির উৎপত্তি হয়। ইনি অত্রিবংশ প্রজাপালনী মহর্ষি ছিলেন। ইহার বংশে দত্তাত্রেয়ের আবির্ভাব হয় ॥ ৪

দত্তাত্রেয়ের পুত্র হইলেন—নিমি। ইনি অত্রিবংশ তপস্বী ছিলেন। নিমিরও এক পুত্র হয়, তাঁহার নাম ছিল শ্রীমান্। ইনি অত্যন্ত ভাগ্যবান্ ছিলেন ॥ ৫

তিনি পূর্ণ এক হাজার বৎসর অতিবাহন করিয়া দেহে কালবশের অধীন হইয়া প্রাণ ত্যাগ করেন ॥ ৬

তখন নিমি শাস্ত্রোক্ত কর্মের দ্বারা অশৌচ নিবারণ করত পুত্রশোকে নিমগ্ন হইয়া অত্যন্ত সন্তাপ প্রাপ্ত হইলেন ॥ ৭

তদনন্তর মহামতি নিমি চতুর্দ্দশীর দিনে শ্রাদ্ধে লইবার যজ্ঞসমূহ সংগ্রহ করিয়া পুত্রশোকে তাঁহারই চিন্তা করিতে করিতে রাত্রি অতিবাহিত হইলে পর। অমাবস্যায় শ্রাদ্ধ করিবার জন্য শ্রাদ্ধঃকালে জাগরিত হইলেন ॥ ৮

শ্রাদ্ধঃকালে জাগরিত হইলে পর তাঁহার মন পুত্রশোকে ব্যথিত হইয়াই রহিল, কিন্তু তাঁহার বুদ্ধি অতিশয় বিস্তৃত ছিল তাহার দ্বারা তিনি মনকে শোক হইতে নিবৃত্ত করিয়া একাগ্রচিত্তে শ্রাদ্ধের বিধিবিষয়ে চিন্তা করিতে লাগিলেন ॥ ৯

তারপর শাস্ত্রে শ্রাদ্ধের জন্য যে সব মূল-ফলাদি ভোজ্য পদার্থ বর্ণিত হইয়াছে এবং সেই সবের মধ্যে যে সব বস্তু তাঁহার পুত্রের প্রিয় ছিল, সেই সমস্ত মনে মনে স্থির করিয়া তপোধন নিমি সংগ্রহ করিলেন ॥ ১০-১১

তদনন্তর সেই মহামতি মুনি অমাবস্যায় দিন সাত ব্রাহ্মণকে আহ্বান করিয়া তাঁহাদের পূজা করিলেন এবং তাঁহাদের জন্য পরমই প্রযত্নসহকারে দূর্ব্বিকা বৃক্ষের আসন নির্মাণ করত তাহার উপর সেই ব্রাহ্মণগণকে বসাইলেন ॥ ১২

সপ্ত বিপ্রাংস্ততো ভোজ্যৈ র্যূপপাৎ সমুপাচরৎ
অন্তে চ লবণং ভোজ্যং ভ্যামাকান্নং দধো প্রভুঃ ॥ ১৩
দক্ষিণাশ্চাস্ততো দত্তা বিপ্রেষ্বেষু নিবেশিতাঃ
পাদয়োস্তেন বিপ্রাণাং যে তুষমুপকল্পিতে ॥ ১৪
কৃত্বা চ দক্ষিণাগ্রান্ বৈ দর্ভান্ স প্রথমঃ শুচিঃ।
প্রদদৌ শ্রীমতঃ পিতৃন্ নামসোত্রমুদাহরন্ ॥ ১৫
তং কৃত্বা স মুনিশ্রেষ্ঠো যথাসত্রমবাপ্তবান্।
পশ্চাত্তাপেন মহতা তপাসানোঽভ্যচিন্তয়ৎ ॥ ১৬
অকৃত্বা মুনিভিঃ পূর্বং কিং মন্যেমমুদ্ভিতম্
কথং নু খাপেন ন মাং দহেদুর্ব্রাহ্মণা ইতি ॥ ১৭
ততঃ সঞ্চিন্তয়ামাস যৎকর্তব্যমাত্মনঃ
ব্যাভগ্নমাত্মনা চাত্রিরজগাম তপোবনং ॥ ১৮
অথাত্রিস্তং তথা দৃষ্ট্বা পুত্রশোকেন কর্ষিতম্
তৃণমাত্রাবশেষাম যঃপৃচ্ছিষ্টাভিরব্যয়ঃ ॥ ১৯
নিমে সঞ্চিন্তিতেঽয়ং পিতৃবজ্জগতপোবন

যা তে তনূ র্ভীঃ পূর্বমূর্ধ্বং যয়োঽয়ং ব্রহ্মণা বরম্ ॥২০
সোঽয়ং বরভৃথিবিদিতো বয়ং সত্রিভিস্তথা
অন্তে বরভৃথঃ কোঽন্যঃ ত্রাতেয়ঃ বিধিবান্নরেৎ ॥ ২১
অথাধ্যাস্যামি তে পুত্র ত্রাতেয়ং বিধিমুত্তমম্
বরভৃথিবিদা পুত্র তং কুরুষ নিবোধ মে ॥ ২২
কৃত্বাঽঽচমনং পূর্বং মন্ত্রপূর্বং তপোধন
ততোঽগ্নেরেব সোমায় বরুণায় চ নিত্যশঃ ॥ ২৩
বিশ্বেষেবাঙ্ক যে নিত্যা পিতৃভিঃ সহ গোচরাঃ।
তেভ্যঃ সত্রিভ্যো ভাগাঃ স্যুরেষ বরভৃথা ॥ ২৪
তেভ্যশ্চ দেব পৃথিবী নিবাপস্তেভ্য বায়িনী
বৈষ্ণবী কাশ্যপী চেতি তথৈবেতরতেতি চ ॥ ২৫
ঊর্জানন্নমে চৈব তেভ্যশ্চেয়ো বরুণো বিভুঃ
ততোঽগ্নিস্তৈশ্চ সোমশ্চ আপ্যায়্যাবিহ তেঽনঘ ॥ ২৬
দেবাস্তু পিতরো নাম নিমিক্তা যে বরভৃথা।
ঊর্জস্বা যে মহাভাগাস্তেভ্যাঃ ভাগঃ প্রকল্পিতঃ ॥ ২৭

তপোধন নিমে! তুমি যে এই পিতৃকল্প কার্য্যটি, ইহাতে তীত হইও না। সর্বপ্রথমে স্বয়ং ব্রহ্মা এই কর্ম সাক্ষাৎকার করিয়াছেন। ১০

অতএব তুমি ব্রহ্মাকৃত প্রবর্তিত কর্মেরই এই অনুষ্ঠান করিয়াছ। ব্রহ্মা ব্যতীত অন্য কোন পুরুষ এই শ্রাদ্ধবিধির উপদেশ করিতে পারেন? ২১

পুত্র! এখন আমি তোমার নিকট স্বয়ং ব্রহ্মাকৃত কথিত শ্রাদ্ধের উত্তম বিধি বর্ণনা করিব, ইহা তুমি শ্রবণ কর এবং শ্রবণ করিয়া সেই বিধি অনুসারে শ্রাদ্ধের অনুষ্ঠান কর। ২২

তপোধন! প্রথমে দেবতার উদ্দেশে পূর্বক আচমনক্রিয়া সমাপ্ত করিয়া আর, সোম, বরুণ ও পিতৃদেবের সহিত নিত্য বিদ্যমান বিশ্বে দেবগণকে তাঁহাদের ভাগ অর্পণ কর। সাক্ষাৎ ব্রহ্মা ইঁহাদের ভাগ কল্পনা করিয়াছেন। ২৩-২৪

তদনন্তর শ্রাদ্ধের আধারভূতা পৃথিবীদেবীকে বৈষ্ণবী, কাশ্যপী ও অন্যান্য প্রভৃতি নামদ্বারা স্তুতি করিবে। ২৫

অনন্ত। শ্রাদ্ধের অন্ন জল আনিবার সময় ভগবান্ বরুণের ভাগ করিবে। ইহার পর তুমি অগ্নি ও সোমের তৃপ্তিসাধন করিবে। ২৬

ব্রহ্মাকৃত উৎপন্ন বিশ্বু দেবতা পিতৃগণ নামে প্রসিদ্ধ। সেই মহাভাগ পিতৃগণকে উপনাও বলা হয়। স্বয়ম্ভু ব্রহ্মা স্বয়ং শ্রাদ্ধে ইঁহাদের ভাগ নিরূপ করিয়া দিয়াছেন। ২৭

তে ব্রাহ্মণাশ্চামানা বৈ বিমুচ্যন্তে চ দ্বিষিধাৎ
সলক্ষঃ পিতৃযজ্ঞশ্চ পূর্বদৃষ্টঃ স্বয়ম্ভুবা ॥ ১৮
বিশ্বে চাগ্নিমুখা দেবাঃ সাধ্যাস্তা পূর্বমেব তে
তেষাং নামানি বক্ষ্যামি ভাষ্যাণাং মহাত্মনাম্ ॥ ১৯
বলা বৃদ্ধির্বিপাপ্মা চ পুণ্যকৃৎ পাবনস্তথা।
পাঙ্ক্তিস্তেজা সমুদ্রশ্চ দিবাসাদ্ভুতৈব চ ॥ ৫০
বিষধান্ ধীর্যবান্ ক্রীমান্ কীর্তিমান্ কৃত এব চ।
ভিত্তাত্মা মুনিধীরাশ্চ লীলুপোমঃ তথৈব চ ॥ ৫১
অনুকর্তা প্রতীতশ্চ প্রধাতাপাংশুমাংস্তথা
শৈলাভঃ পরমক্রোধী ধীরাত্মা কৃপতিস্তথা ॥ ৫২
প্রকৃতা বহ্নী বরী চৈব বিশ্বেদেবাঃ সনাতনাঃ।
বিদ্যাধর্তাঃ সোমবর্তাঃ পূর্বা শ্রীশ্চোত্ত নামতঃ ॥ ৫৩
সোমপঃ পূর্বসাধিত্রী দত্তাত্মা পুণ্ডরীকঃ
উশীনাভো নভোনশ্চ দিবাপূর্বীলিয়েব চ ॥ ৫৪
চমূভরঃ সুবেশশ্চ সোমাদিঃ শতরুষা তথঃ
ঋৈঃ ভর্তা কৃতির্দক্ষো ভুবনো দিবাকর্মকৃৎ ॥ ৫৫

গর্ষিতঃ পক্ষবীর্যাশ্চ আদিত্যো বসুধা বসুধা
সহস্রকৃৎ সোমবর্চাশ্চ বিশ্বকৃৎ কবিরেব চ ॥ ৫৬
অনুগোপ্তা সুগোপ্তা চ নপ্তা চৈব তথ চ
কীর্তিভাজে মহাত্মানঃ কালস্য গতিগোচরাঃ ॥ ৫৭
অজ্ঞাতেরানি যাতানি জোতয়ঃ পুলকাস্তথা।
হিংকুত্রবোমু শাস্তেষু পলাতৃ লঙ্ঘন তথা ॥ ৫৮
সৌভাগ্যঃ কোবিদাস্তথা গৃহমন্ত্রাস্তথা।
কৃষ্ণাওভাস্যাবৃত কৃষ্ণ লবণেষ চ ॥ ৫৯
গ্রামযাযাস্তথা সঙ্ঘ যচ্ছেতাপ্রোক্তিতঃ তথৈব
কৃতাভাজী বিভক্তৈব শীতপাকী তথৈব চ।
অনুযাত্রাস্তথা বর্ত্তা ঈর মৃত্যুস্তিথি চ ॥ ৬০
বর্ত্তয়েন্নিধনা সর্গ তথা অনুকূলানি চ
অবকৃতাবকৃতিঃ তথা ব্রাহ্মে চ বর্ত্তয়েৎ ॥ ৬১
নিবাপে তথাকল্পো যা গতিরূপ পুরুষম্
পিতৃতন্ত্র হি যেষাম্ যাস্তিনস্তি তত্তথা ॥ ৬২
কণ্ডাল-খলকে যাত্রী নিবাপে সমুপস্থিতে
কাযাবাযাঃ কৃষ্ণ যা পত্নিতো ব্রহ্মরাশি যা ॥ ৬৩

ব্রাহ্মে দ্বারা তাঁহাদের পূজা করিলে পর ব্রাহ্মকর্তার পিতৃগণ পাপ হইতে উদ্ধার হইয়া যান পূজাকালে দ্বারা যে অধিষ্ঠাতাদি পিতৃগণকে ব্রাহ্মে অধিষ্ঠাতা করিয়াছেন, তাঁহাদের সংখ্যা হইল সাত ॥ ১৮

বিশ্বেদেবগণের আলোচনা আমি পূর্বে করিয়াছি, তাঁহাদের মধ্য হইতেছেন অগ্নি যজ্ঞে তাঁদ পাইবার অধিষ্ঠাতা সেই মহাত্মা গণের নাম বলিতেছি ॥ ১৯

বলা, বৃদ্ধি, বিপাপ্মা, পুণ্যকৃৎ, পাবন, পাঙ্ক্তিস্তেজা, সমুদ্র, দিব্যসাদ্ভুত, বিশ্বকৃৎ, ধীর্যবান্, ক্রীমান্, কীর্তিমান্, কৃত, ভিত্তাত্মা, মুনিধীরা, লীলুপোমা, তথৈব, অনুকর্তা, প্রতীত, প্রধাতা, অংশুবান্, শৈলাভ, পরমক্রোধী, ধীরাত্মা, কৃপতি, প্রকৃত, বহ্নী, বরী, বিশ্বেদেব, বিদ্যাধর্তা, সোমবর্তা, পূর্বাশ্রী, সোমপ, পূর্বা, সাধিত্রী, দত্তাত্মা, পুণ্ডরীকঃ, উশীনাভ, নভোনশ, বিবাপূ, সৌমি, চমূভরঃ, সুবেশ, যোগাদি, শতরুষ, তথ, ঋৈঃ, ভর্তা.কৃতি, দক্ষ, ভুবন, দিব্যকর্মকৃৎ, গর্ষিত, পক্ষবীর্য, আদিত্য, বসুধান্, সহস্রকৃৎ, সোমবর্চা, বিশ্বকৃৎ, কবি, অনুগোপ্তা, সুগোপ্তা, নপ্তা ও ঈশ্বর এইভাবে দেবাত্মক বিশ্বেদেবগণের নাম কথিত হইয়াছে। এই মহা-

ভারতম্ কালের সমর্থনীয় বিষয়ীভূত বর্ষিতা অভিহিত হয় ॥৩০-৩৭

এখন ব্রাহ্মে নিহিত অন্যান্য বস্তুসমূহের বর্ণনা করিতেছি। ভোজ্যদ্রব্য (অন্নের মধ্যে) যাহা ক্ষেত্রবর্ধক ও পুষ্টিকর—অন্নব্যঞ্জন বিদ্বজ্জনের ভোজন নিমিত্ত অন্যোন্যপ্রণালী দেবার্থসমূহের মধ্যে নিহিত প্রকৃতি এবং ব্রাহ্মসমূহের মধ্যে দেবাত্ম পৈতৃক), লক্ষ্ম, দক্ষিণা, কোবিদার (অর্জুন বা রক্তকাঞ্চন পুষ্প), গাত্রজ, কৃষ্ণাণ্ড (কৃষ্ণা) ও ভাস্যাবৃত লাউ), কাল লবণ, গ্রামযাত্র বরাহারণ্য, অপ্রোক্ষিত (সাধারণতঃ), কালজীরা, ধীর (চিটলবণ), শীতপাকী (খাওয়িদেব) যাত্রার অনুরূপ উৎপন্ন হইয়াছে, এরূপ মূল এবং পুষ্পাদিকে ব্রাহ্ম—এই সব দ্রব্য ব্রাহ্মে বর্জনীয় ॥ ৩৮-৪০

সর্বপ্রকার লবণ, অনুকূল, কৃষ্ণ (হরিদ্রা) বা অন্যান্য দূষিত পদার্থসকলও ব্রাহ্মে বর্জন করিতে হয় ॥ ৪১

ব্রাহ্মবিষয়ক দ্বারা-করা মূলবর্ণ লেখনীতে নিহিত। এই সব ব্যক্তিকে বিশ্বেদেব ও পিতৃগণ আদর করেন না ॥ ৪২

পিতৃগণের সম্মুখে উপস্থিত হইলে পর সেই স্থান হইতে চাতাল ও খলসমূহকে অপসারিত করিতে হইবে দেহত্যা বহুধা

সন্তানী, কুলরোগী, পতিত, ব্রহ্মহত্যাকারী, বর্ণসঙ্কর ব্রাহ্মণ এবং বর্ণজ্ঞ কোন সন্তানী শ্রাদ্ধকালে উপস্থিত হইলে পর পিতৃগণ তাহাদিগকে দেইস্থান হইতে সরাইয়া দিবেন ॥ ৪৩-৪৪

ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি শ্রাদ্ধতত্ত্বে একনবতিতমোঽধ্যায়ঃ ॥ ৯১

পুরাকালে নিজের শ্রাদ্ধকাল নিকটবর্তী জানিতে পারিয়া এই উপদেশ দিয়া তপোধন ভগবান্ অত্রি প্রজার নিকট সত্বর গমন করিলেন ॥ ৪৫

ঋষিবর বেদব্যাসপ্রণীত সত্যসারভূতা সংহিতা মহাভারতে অনুশাসনপর্বাধ্যায়ের দানধর্মপর্বে শ্রাদ্ধফলবিষয়ক একনবতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বিনবতিতমোঽধ্যায়ঃ।

[শ্রাদ্ধান্নের অংশীদারী পিতৃগণ দেবতাদের ব্রহ্মণ: সমীপে গমনম্, অত্রির তাঁহাদের নিকটগমন, শ্রাদ্ধে তৃপ্তানাং পিতৃণামাশীর্বাদবর্ণনম্।]

ভীষ্ম উবাচ

তথা নিমেঃ প্রবৃত্তে তু সর্ব এব মহর্ষয়ঃ
পিতৃবজ্ঞং তু কুর্বন্তি বিধিদৃষ্টেন কর্মণা ॥ ১
তত্রস্থো বর্ষমাত্রান্তু কৃত্বা নিবাপনান্যুত
তর্পণং চাপ্যকুর্বন্ত তীর্থান্তোভির্যতব্রতাঃ ॥ ২
নিবাপৈর্বীরুধানৈশ্চ চাতুর্থর্পণেন চ তাবত্ত।
তর্পিতাঃ পিতরো দেবাস্তত্রাঃ তত্রস্থন্তি বৈ ॥ ৩
অজীর্ণৈস্তদ্ভিরভস্তে দেবাঃ পিতৃভিঃ সহ।
সোমদেবাস্ত্যপন্তত্র তদা ব্রহ্মাভিপীড়িতাঃ ॥ ৪

তেঽব্রুবন্ সোমমাসাদ্য পিতরোঽতীব পীড়িতাঃ।
নিবাপান্নেন পীত্যাম: শ্রোত্রো নোঽত্র বিধীয়তাম্ ॥ ৫
তান্ সোমঃ প্রত্যুবাচাথ শ্রদ্ধেয়ীভিরতা সুতাঃ
স্বয়ম্ভুসদনং যাত স বঃ শ্রেয়োঽভিধাস্যতি ॥ ৬
তে সোমবচনাদ্ দেবাঃ পিতৃভিঃ সহ তাবত্ত
ব্রহ্মলোকং সমাসীনং পিতামহমুপাগমন্ ॥ ৭

পিতর ঊচুঃ

নিবাপান্নেন ভগবন্ কৃতা: পীত্যাম্বহে বয়ম্।
প্রসাদাৎ কুরু নো দেব শ্রেয়ো নঃ সাধিধীয়তাম্ ॥ ৮

দ্বিনবতিতম অধ্যায়।

[শ্রাদ্ধান্নে অজীর্ণ হইয়া পিতৃগণ ও দেবতাগণের ব্রহ্মার নিকট গমন, অত্রি কর্তৃক অজীর্ণ নিবারণ এবং শ্রাদ্ধে তৃপ্ত হইয়া পিতৃগণের আশীর্বাদ দান]

ভীষ্ম বলিলেন,—যুধিষ্ঠির! এইভাবে যখন মহর্ষি নিমি প্রথমে শ্রাদ্ধে প্রবৃত্ত হইলেন, তখন তাহার পর সকল মহর্ষিগণও শাস্ত্রবিধি অনুসারে পিতৃযজ্ঞের অনুষ্ঠান করিতে লাগিলেন। ১

সেই বর্ষে তখনও এবং নিয়মপূর্বক ব্রতধারণকারী মহর্ষিগণ পিণ্ড দান করিবার পর তীর্থে জলে পিতৃগণের তর্পণও করিলেন। ২

তারপর ধীরে ধীরে চারিবর্ষের সমস্ত সোমই তাঁহারা দেবতা ও পিতৃগণকে অর্পণ করিতে লাগিলেন। এইভাবে শ্রাদ্ধে ভোজন করিতে করিতে সেই দেবতা ও পিতৃগণ পূর্ণ তৃপ্তি লাভ করিলেন। ইহার পর তাঁহারা সেই সব অন্ন পাক (হজম) করিবার চেষ্টা করিতে লাগিলেন কারণ, অজীর্ণে তাঁহাদের বিশেষ কষ্ট হইতে লাগিল তখন তাঁহারা সোমদেবতার নিকট গমন করিলেন। ৩-৪

সোমের নিকট গমন করত তাঁহারা অজীর্ণ পীড়িত হইয়া এইরূপ বলিলেন—দেব! শ্রাদ্ধান্নে আমাদের অত্যন্ত কষ্ট হইতেছে। এখন আপনি আমাদের কল্যাণবিধান করুন। ৫

তখন সোম তাঁহাদিগকে বলিলেন,—দেবগণ! যদি আপনারা আত্মকল্যাণ লাভ করিতে বাসনা করেন, তবে ব্রহ্মার শরণাপন্ন হউন। তিনিই আপনাদের কল্যাণবিধান করিবেন। ৬

তখনসোম! সোমের কথায় সেই পিতৃগণসহ দেবতারা বেদগর্ভজেতে নিবাসে বিরাজমান ব্রহ্মার নিকট গমন করিলেন। ৭

পিতৃগণ বলিলেন,—ভগবন্! নিবন্ধন শ্রাদ্ধান্ন ভোজনে করায় অজীর্ণব্যাধিতে আমাদের অত্যন্ত কষ্ট হইতেছে। দেব! আমাদের প্রতি আপনি কৃপা করুন এবং আমাদের কল্যাণবিধান করুন। ৮

ইতি তেষাং বচঃ শ্রুত্বা স্বয়ম্ভূরিদমব্রবীৎ
এষ বো পার্শ্বতো বহ্নির্মূর্তিমান্ হ্যুপবেক্ষতে ॥ ৯

অগ্নিরুবাচ

সন্নিধাস্যাম্ভ ভোজ্যায়ো নিবাপে সমুপস্থিতে।
ভবদ্ভিস্তত্র ভোক্তব্যং ময়া সার্ধং ন সংশয়ঃ ॥ ১০
এবমুক্ত্বা তু পিতরস্তত্রৈব বিষ্ণুরাহভবন্।
এতস্মাৎ কারণাচ্ছ্রাদ্ধে প্রাক্ তাবদ্ যাচতে নৃপ ॥ ১১
নিবপ্তে চাগ্নিপূর্বং বৈ নিবাপে পুরুষর্ষভ।
ন ব্রহ্মরাক্ষসাস্তত্র বৈ নিবাপং ধর্ষয়ন্ত্যুত ॥ ১২
রক্ষাংসি চাপবর্তন্তে স্থিতে দেবে হুতাশনে।
পূর্বং পিণ্ডে পিতুর্দদ্যাৎ ততো দদ্যাৎ পিতামহে ॥ ১৩
প্রপিতামহায় চ ততঃ এষ ন্যায্যঃ স্মৃতঃ।
ত্রয়াণামুদকে চ সান্বাহ্যঃ পিণ্ডে পিণ্ডে সমাহিতঃ ॥ ১৪
সোমায়েতি চ বক্তব্যং তথা পিতৃমতেতি চ।

বস্তুখলা চ যা নারী যাচিতা তর্পণায় বা।
নিবাপে নোপবিষ্টেষু সংগ্রাহ্যা নাত্রসংশয়ঃ ॥ ১৫
তলং প্রস্তরমাণস্তু কীর্তয়েত পিতামহান্
নদীনাসাদ্য কুর্বীত পিতৃণাং পিণ্ডতর্পণম্ ॥ ১৬
পূর্বং ত্ববাদভানাং তু কৃত্বাদ্ভিস্তর্পণং পুনঃ
সুস্রুৎ-সম্মার্জিবর্হাণাং ততো দদ্যাজ্জলাঞ্জলিম্ ॥ ১৭
কন্যাসংযুক্তসোমায় যুক্তেন ভবতো জলম্
পিতরোঽভিলষন্তে বৈ নাবং চাপ্যবিরোধিতাঃ ॥ ১৮
সদা নাবি জলং তত্তু প্রযচ্ছন্তি সমাহিতাঃ।
মাসার্ধে কৃষ্ণপক্ষস্য সূর্যাগ্নির্বৈশ্বদেবিকম্ ॥ ১৯
পুষ্টিরায়ুস্তথা বাহ্যং শ্রীশ্চৈব পিতৃভক্তিতঃ
পিতামহঃ পুলস্ত্যশ্চ বশিষ্ঠঃ পুলহস্তথা ॥ ২০
অঙ্গিরাশ্চ ক্রতুশ্চৈব তত্তৎপক্ষে মহাঋষিঃ।
এতে কুরুকুলশ্রেষ্ঠ মহাযোগেশ্বরাঃ স্মৃতাঃ ॥ ২১

পিতৃগণের এই কথা শ্রবণ করিয়া স্বয়ম্ভু ব্রহ্মা তাঁহা বলিলেন,—হে দেবগণ! আমার পার্শ্বে এই অগ্নিদেব বিরাজমান আছেন, ইনিই তোমাদের কব্যাদানের কথা বলিবেন। ৯

অগ্নি বলিলেন,—হে দেবতা ও পিতৃগণ! এখন হইতে শ্রাদ্ধের সময় পর্যায় উপস্থিত হইলে পর আমরা সকলে একসঙ্গে ভোজন করিব। আমার সহিত থাকিলে আপনারা সেই শ্রাদ্ধান্নকে পরিপাক করিতে সমর্থ হইবেন, ইহাতে কোনও সংশয় নাই।১০

হে নৃপ যুধিষ্ঠির! অগ্নির এই কথা শ্রবণ করিয়া সেই পিতৃগণ নিশ্চিন্ত হইলেন; সেইজন্য শ্রাদ্ধে প্রথমে অগ্নিকেই তাহা সমর্পণ করিতে হয়। ১১

পুরুষপ্রবর! অগ্নিতে হবন করিবার পর পিতৃগণের নিমিত্ত যে পিণ্ড দান করা হয়, তাহাকে ব্রহ্মরাক্ষসেরা দূষিত করিতে পারে না। ১২

অগ্নিদেব বিদ্যমান থাকিলে রাক্ষসেরা সে স্থান হইতে পলাইয়া যায়। সর্বপ্রথমে পিতাকে পিণ্ড দান করিতে হয়, তাহার পর পিতামহকে দিতে হয়। ১৩

তদনন্তর প্রপিতামহকে পিণ্ড দান করা উচিত। ইহাই ন্যায়বিধি বলিয়া কথিত হইয়াছে। শ্রাদ্ধে একাগ্রচিত্ত হইয়া প্রত্যেক পিণ্ড দানের সময় গায়ত্রীমন্ত্র উচ্চারণ করা কর্তব্য। ১৪

পিণ্ডদানের আরম্ভে প্রথমে অগ্নি ও সোমের অন্ন যে দুই ভাগ প্রদান করা হয়, তাহার মন্ত্র যথা:—এইরূপ—'ওঁ অগ্নয়ে

কব্যবাহনায় স্বাহা, ওঁ সোমায় পিতৃমতে স্বাহা।' যে স্ত্রী রজস্বলা অথবা যাহার দুই কর্ণ বধির, শ্রাদ্ধের সময় তাহার অবস্থান করা উচিত নহে। অন্ত যজমান শ্রাদ্ধের সময় আনা কর্তব্য নহে। ১৫

তলে নবদান করিবার সময় পিতামহগণের নাম কীর্তন করিবে কোনও নদীর তীরে যাইবার পর সেখানে পিতৃগণের উদ্দেশে পিণ্ডদান ও তর্পণ করা উচিত। ১৬

প্রথমে নিজের বংশে উৎপন্ন পিতৃগণের জলের দ্বারা তর্পণ করিবার পর অন্যান্য সুহৃদ্ ও সম্বন্ধিবর্গের উদ্দেশে জলাঞ্জলি দিবে। ১৭

যে ব্যক্তি বিচিত্রমর্বের শোভাযোজিত যানে বসিয়া নদীর জল পার হয়, তাহার পিতৃগণ সেই সময় নৌকায় উপবেশন করত তাহার নিকট হইতে জলাঞ্জলি পাইবার অভিলাষ করেন। ১৮

অতএব যিনি এই বিষয় জানেন, তিনি একাগ্রচিত্ত হইয়া নৌকায় উপবেশন করত সর্বদা পিতৃগণের জন্য জলাঞ্জলি দান করিবেন। যাহাতে অর্ধ সময় অতিবাহিত হইলে পর কৃষ্ণপক্ষে অমাবস্যা তিথিতে শ্রাদ্ধ করিতে হয়। পিতৃগণের তুষ্টিতে মানুষ পুষ্টি, আয়ু, বীর্য ও লক্ষ্মী লাভ করিয়া থাকে।১৯-২১

কুরুকুলশ্রেষ্ঠ! অত্রি, পুলস্ত্য, বশিষ্ঠ, পুলহ, অঙ্গিরা, ক্রতু এবং মহর্ষি কশ্যপ—এই সপ্ত ঋষি মহাযোগেশ্বর ও পিতৃগণ

এতে চ পিতরো রাজন্নেষ শ্রাদ্ধবিধিঃ পরঃ। প্রেতস্য পিণ্ডসম্বন্ধমুচ্যতে তেন কর্হণা। ১২
ইত্যেষা পুত্রবপ্রেষ্ঠ শ্রাদ্ধোৎপত্তিরুদাহৃতা। যথাখ্যাতা পূর্ববিদ্ভির্দান ধর্ম্যমিহ পরম্। ১৩

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি শ্রাদ্ধকল্পে
ত্রিনবতিতমোঽধ্যায়ঃ। ৯২

বলিয়া কথিত হয়। রাজন্! এইভাবে এই শ্রাদ্ধের উত্তম বিধি উদ্ভাবিত হইয়াছে। ১০—১১।

প্রেত (মৃত পিতা প্রভৃতির)-পিণ্ডের সম্বন্ধবশতঃ প্রেতগণ প্রেতত্বহেতু যেরূপ অসহনীয় পতনাদি সংঘটিত যমালয়ে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে শ্রাদ্ধকল্পবিষয়ক ত্রিনবতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

প্রেতত্বের কষ্ট হইতে মুক্ত হইয়া যান। পুত্রশ্রেষ্ঠ! এই আমি শাস্ত্রানুসারে তোমাকে পুরাকথিত শ্রাদ্ধের উৎপত্তির প্রসঙ্গ সবিস্তরে বলিলাম। এখন দানের বিষয় বলিব। ১২-১৩

ত্রিনবতিতমোঽধ্যায়ঃ।

[পূরণ-ব্রত রহস্যম্, প্রাতিস্রোতোঽহ বর্ণাশ্রমী মৃষাদণ্ডঃ সপ্তধীগাঃ কথা, ভিক্ষুরূপধারিণা মহেন্দ্রেণ কৃত্যাং হত্যা সপ্তধীনাং রক্ষা, কমলচৌর্যবিষয়ে শপথগ্রহণায় বন্ধুপালনস্য সত্তেজবর্ধনক]

যুধিষ্ঠির উবাচ

ত্বিজাতয়ো ব্রতোপেতা ধর্মিষ্ঠে যান্ত্যুতে। অন্ধং ব্রাহ্মণকাম্যায় কথমেতৎ পিতামহ। ১

ভীষ্ম উবাচ

অবেদোক্তব্রতাশ্চৈব ভুঞ্জানাঃ কামকারণে বেদোক্তেষু তু ভুঞ্জানা ব্রতভুগ্ভা যুধিষ্ঠির। ২

যুধিষ্ঠির উবাচ

যদিদং তপ ইত্যাহুরুপবাসং পৃথগ্জনাঃ।

তপঃ স্যাদেতদেবেহ তপোঽন্যদ্ বাপি কিং ভবেৎ। ৩

ভীষ্ম উবাচ

মাসার্ধমাসোপবাসাদ্ যৎ তপো মন্যতে জনঃ। আত্মতন্ত্রোপঘাতো যো ন তপস্বী স বর্ষতি। ৪
ত্যাগস্য চাপি সম্পত্তিঃ বিদ্ধ্যে তপ উত্তমম্। সদোপবাসী চ ভবেদ্ ব্রহ্মচারী ভবেচ্চ চ। ৫
মুনিশ্চ স্যাৎ সদা বিপ্রো বেদানামেব সর্বদা জপেৎ কুটুম্বিকো বয়স্যানাং সদাঽঽত্মস্থশ্চ মানবঃ। ৬

যুধিষ্ঠির বলিলেন,—পিতামহ! সাধারণ মনুষ্যগণ যে উপবাসকেই তপস্যা বলেন, তাহার সহিত আপনার কি বাক্যের আমি ইহা জানিতে ইচ্ছুক যে, কোন উপবাসই তপস্যা অথবা তাহার অন্য কোনও রূপ আছে? ৩

ভীষ্ম বলিলেন,—রাজন্! যে মানুষ পনের দিন বা এক মাস উপবাস করিয়া তাহাকেই তপস্যা বলিয়া মনে করেন, তিনি বৃথা নিজের শরীরকে কষ্ট দিয়া থাকেন। বাস্তবে কিন্তু কেবল উপবাস করিলেই তপস্বী হওয়া যায় না এবং বর্ষণও হওয়া যায় না। ৪

ত্যাগসম্পন্নই সর্ব্বাপেক্ষা উত্তম তপস্যা। ব্রাহ্মণ সদা উপবাসী (ব্রতধারণ), ব্রহ্মচারী, মুনি (মৌন ব্রতধারণ) এবং বেদের আবৃত্তিকারী হইবেন। ৫।

কথনোনের ইচ্ছা ত্যাগ করিয়া স্ত্রী-প্রভৃতি কুটুম্বাদি লইয়া গৃহে অবস্থিতি (বিষয় ভোগের জন্য নহে)। ব্রাহ্মণের কর্তব্য হইল তিনি সর্বদা আর্দ্রচিত্ত থাকিবেন, কখনও যাচ্ঞা করিবেন না,

অমাংসাশী সদা চ স্যাৎ পবিত্রশ্চ সদা নরঃ
সত্যবাদী সদা চ স্যান্নিত্যঞ্চ সদা ভবেৎ ॥ ৭
বিষসাশী ক্ষপক স্যাৎ সদা চৈবাভিষিক্তঃ
অমৃতাশী সদা চ স্যাৎ পবিত্রী চ সদা ভবেৎ ॥ ৮

যুধিষ্ঠির উবাচ।

কথং সদোপবাসী স্যাদ্ ব্রহ্মচারী চ পার্থিব।
বিষসাশী ক্ষপক স্যাৎ কথং চৈবাভিষিক্তঃ ॥ ৯

ভীষ্ম উবাচ

অমৃতং সায়মাশক প্রাতরাশক যো নরঃ
সদোপবাসী ভবতি যো ন ভুঙ্‌ক্তেঽপরাং পুনঃ ॥১০
ভার্য্যাং সঙ্কল্প ব্রহ্মচারী ঋতৌ ভবতি চৈব হ।
সত্যবাদী সদা চ স্যাদ্ দানশীলশ্চ মানবঃ ॥ ১১
অভুঞ্জন্ বৃথাবাংসমাংসাশী ভবত্যুত।
দানং বদৎ পবিত্রী স্যাদ্বিষসাশী ভবন্নিহ ॥ ১২
ভুক্ত্যাভিষিক্ত যো ভুঙ্‌ক্তে ভুক্তবৎস নরঃ সদা।
অমৃতং কেবলা ভুক্তে ইতি বিদ্ধি যুধিষ্ঠির ॥ ১৩
অভুক্তবৎসু নাশ্নাতি ব্রাহ্মণেষু চ যো নরঃ
অভোজনেন তেনাস্য ভিত্তঃ স্বর্গো ভবত্যুত ॥১৪
দেবেভ্যশ্চ পিতৃভ্যশ্চ সাগ্নিভ্যস্তাত্বৈব চ।
অবশিষ্টানি যো ভুঙ্‌ক্তে তদাহুর্বিঘসাশিনম্ ॥ ১৫
তেষাং লোকা গুণবন্তস্তাত্ত্বা সদনে ব্রহ্মণঃ স্থিতাঃ।
উপস্থিতা ভজন্তস্তে সন্তশ্চৈব তদাশিন ॥ ১৬
দেবভাভিথিভিঃ সার্ধং পিতৃভ্যশ্চোপভুঞ্জতে
রমন্তে পুত্র-পৌত্রেণ তেষাং গতিরনুত্তমা ॥ ১৭

যুধিষ্ঠির উবাচ

ব্রাহ্মণেভ্যঃ প্রযচ্ছন্তি দানানি বিবিধানি চ
দাতৃ-প্রতিগ্রহীত্রোর্যে কো বিশেষঃ পিতামহ ॥ ১৮

ভীষ্ম উবাচ।

সাধোঃ প্রতিগ্রহাদ্যাবান্ ভবেদ্যাবাসাধুতো দ্বিজঃ
ভবত্যুভয়তোঽপ্যেষঃ স্যাদ্যাংস্তু যে বৈ নিরঙ্কুশঃ ॥ ১৯

না, পবিত্রভাবে সদা বেদপাঠ করিবেন, সদা সত্যকথা বলিবেন এবং সর্ব্বদা ইন্দ্রিয়গণকে সংযত রাখিবেন। তিনি সদা অমৃতাশী, বিষনাশী ও অভিষিক্ত হইবেন (অমৃতাশী প্রভৃতির ব্যাখ্যা পরে করিতেছেন) এবং সর্ব্বদা পবিত্রভাবে থাকিবেন ॥ ৬-৮

যুধিষ্ঠির বলিলেন,—পৃথ্বীনাথ! ব্রাহ্মণ কিরূপে সর্ব্বদা উপবাসী ও ব্রহ্মচারী হইবেন? এবং কিরূপেই বা তিনি বিষনাশী এবং অভিষিক্ত হইয়া হইবেন? ৯

ভীষ্ম বলিলেন,—যুধিষ্ঠির! যে ব্যক্তি কেবল প্রাতঃকাল (দিনের বেলায়) ও সায়ংকাল (রাত্রিবেলায়)—এই দুইবার ভোজন করেন, যদ্যপি আর কিছু ভোজন করেন না, তিনি সদা উপবাসী হন ॥ ১০

যিনি কেবল ভুক্তশেষই (ভুক্তাবশেষ পর্য্যন্ত ভক্ষণ করিয়া) ব্রহ্মচর্য্যের সহিত সহবাস করেন, তিনি ব্রহ্মচারী হন। সদা দানকারী পুরুষ সত্যবাদী হইয়া থাকেন ॥ ১১

যিনি বৃথা মাংস ভক্ষণ করেন না, তিনি অমাংসাশী হন এবং যিনি সদা দান করেন, তিনি পবিত্রী হন। যিনি দিনের বেলায় নিদ্রা যান না, তিনি সদা জাগরিত থাকিয়া অভিষিক্ত হইয়া থাকেন ॥ ১২

যুধিষ্ঠির! যিনি সদা ভুক্তা—পোষ্যবর্গের ও আশ্রিতগণের ভোজনের পর স্বয়ং ভোজন করেন, তিনি কেবল অমৃত ভোজন করিয়া থাকেন অর্থাৎ অমৃতাশী বলিয়া তাঁহাকে জানিবে ॥ ১৩

যতক্ষণ ব্রাহ্মণগণ ভোজন না করেন, ততক্ষণ যে ব্যক্তি ভোজন করেন না, সেই ব্যক্তি নিজের সেই ব্রতের দ্বারা স্বর্গলোক জয় করিয়া থাকেন ॥ ১৪

অনাশিনঃ যে ব্যক্তি দেবতা, পিতৃপুরুষ ও আশ্রিত ব্যক্তিগণকে ভোজন করাইবার পর অবশিষ্ট অন্ন স্বয়ং ভোজন করেন, তাঁহাকে বিঘসাশী বলা যায় সেই মহাত্মগণের প্রভাবে অক্ষয় লোকসকল প্রাপ্ত হন এবং দেবতা ও অন্যান্যগণ তাঁহাদের দেবার উপস্থিত হন ॥ ১৫-১৬

যাহারা দেবতা ও অতিথিগণের সহিত পিতৃপুরুষদিগের উদ্দেশে অন্নভাগ প্রদান করত স্বয়ং ভোজন করেন, তাঁহারা এ জগতে পুত্র-পৌত্রাদির সহিত আনন্দ ভোগ করিয়া থাকেন এবং মৃত্যুর পর তাঁহাদের উত্তম গতি লাভ হয় ॥ ১৭

যুধিষ্ঠির বলিলেন,—পিতামহ! যাহারা ব্রাহ্মণগণকে নানা প্রকার বস্তু দান করে, কিন্তু দানকারী ও দান গ্রহণকারী এই উভয় পুরুষের মধ্যে কোন্ পুরুষ বিশেষ অর্থাৎ ইহাদের উভয়ের মধ্যে পার্থক্য কি? ১৮

ভীষ্ম বলিলেন,—রাজন্! যে ব্রাহ্মণ সাধু অর্থাৎ উত্তম-আচরণ সম্পন্ন পুরুষের নিকট হইতে এবং যিনি অসাধু অর্থা

অত্রাপ্যাহারয়ন্তীমমিতিহাসং পুরাতনম্
বৃষাদর্ভেশ্চ সংবাদং সপ্তর্ষীণাং চ ভারত ।
কক্ষসেনোঽত্রিবর্ষিষ্ঠঃ ভরদ্বাজোঽথ গৌতমঃ ।
বিশ্বামিত্রো জমদগ্নিঃ সাঙ্কী চৈবাপ্যকৃতব্রণী ॥ ২১
সর্বেষামথ তেষাং তু গতাঃ কর্মফলাক্রিয়া ।
মৃতঃ পশুসখস্তেষু তত্রা চাস্যা বভূব হ ॥ ২২
তে চ সর্বে তপস্তপ্ত্বা পুত্রা ভেজস্বিনস্তদা ।
সমাধিনোপশিক্ষন্তো ব্রহ্মলোকং সনাতনম্ ॥ ২৩
অথাভবন্মহাবৃষ্টির্মহতী কুরুনন্দন
কৃচ্ছ্রপ্রাণোঽভবদ্ যত্র লোকোঽয়ং বৈ ক্ষুধার্দিতঃ ॥ ২৪
কক্ষিণস্তিক্ত পুত্রা যজ্ঞে শৈব্যেন ধিষিণূনুনা ।
দক্ষিণার্থেষু ঋত্বিগ্ভ্যো দত্তঃ পুত্রঃ পুরা কিল ॥২৫
অস্মিন্ কালেঽথ মোহাদ্বৃষ্টিরাত্তমসং প্রভুঃ
তে তং ক্ষুধার্দিতং সপ্তা পরিবার্যোপতস্থিরে ॥ ২৬

বৃষাদর্ভিরুবাচ
(প্রতিগ্রহো ব্রাহ্মণানাং শ্রেষ্ঠো বৃত্তিরনিন্দিতা)
প্রতিগ্রহস্তাহরতি পুরুষৈর্ব প্রতিগৃহ্যতাম্ ।
যদি বঃ বিদ্যতে বিত্তং তত্র বৃণুধ্বং তপোধনাঃ ॥ ২৭
শ্রিয়ো যি যে ব্রাহ্মণো যাচমানা
দত্তাময়ং যোঽযতত্তীসহস্রম্
একৈকশঃ সমৃদ্ধাঃ সন্তুমৃতাঃ
সর্বেষাং বৈ শীঘ্রগাঃ শ্বেতবোধাঃ ॥ ২৮
কুলস্তরানবুঃ শতং শতান্
পূর্বান্ যেভ্যান্ সর্বশোঽহং দদামি ।
প্রষ্টৌহীনাঃ শীঘ্রযাণাশ্চ তাব-
দ্রথা যুষ্টো বেনয়ঃ সুব্রতাশ্চ ॥ ২৯
বয়ান্ গ্রামান্ ত্রীহিযবাংশ্চ
রত্নং চাদ্য দুর্লভং কিং দদামি
নাস্মিন্নক্ষে ভাবমেবং কুরুধ্বং
পৃচ্ছধ্বং বঃ কিং প্রযচ্ছাম্যহং বৈ ॥৩০

বৃত্ত বাদকতে চারিদিকে পরিবেষ্টিত করিয়া তাঁহারা স্তবগান করিলেন ॥ ২৬

তখন বৃষাদর্ভি বলিলেন,—প্রতিগ্রহ ব্রাহ্মণগণের পক্ষে উত্তম বৃত্তিরূপ নিন্দিত হইয়াছে তপোধন। প্রতিগ্রহ দুষিত ও দুষ্কার্য তাই হইতে ব্রাহ্মণকে রক্ষা করে পুরীষ উত্তম সাধন। অতএব আমার নিকট যে ধন আছে, তাহা আপনারা স্বীকার করুন ও গ্রহণ করুন ॥ ২৭

কারণ, যে ব্রাহ্মণ আমার নিকট যাচ্ঞা করেন, তিনি আমার অত্যন্ত প্রিয়। আমি আপনাদের প্রত্যেককে এক হাজার করিয়া পঙ্গুনী প্রদান করিতেছি এবং সকলকে শ্বেতবর্ণ রোধাবাহিনীযুক্ত, শীঘ্রগামিনী ও একপ্রসূতা বহু গাভীও বৃষের সহিত দান করিতেছি উৎসুক আছি ॥ ২৮

এই সঙ্গে এক কুলের ভারবহনক্ষমা দশ হাজার ভারবাহক শ্বেতবর্ণ মদমত্ত আপনাদের সকলকে দান করিতেছি। তেমন ইঁহারে নয়, আমি আপনাদের সকলকেই যুবতী, শীঘ্রগা (ঘোটকীগোটা), একবার প্রসূতা, উত্তম স্তবাবিনিষ্টা, শ্রেষ্ঠ ও দুগ্ধবতী গাভীও প্রদান করিতেছি ॥ ২৯

ইহা ব্যতীত উত্তম উত্তম বহু গ্রাম, ধান, তিল, যব, রত্ন ও আরও দুর্লভ বস্তুসমূহ আপনাদের দান করিতে সমর্থ। বলুন আমি আপনাদের কি প্রদান করিব? আপনারা এই অক্ষয়

অন্বয় উচুঃ।

রাজন্ প্রতিগ্রহে রাজ্ঞাং মজ্জাবাদো বিধোপমঃ।
তজ্জানমানঃ কস্মাৎ ত্বং মুহ্যসে নঃ প্রলোভনাৎ ॥ ৩১

ক্ষেমং হি দৈবতৈর্মিত্রং ব্রাহ্মণান্ সমুপাশ্রিতম্।
অমলো জ্ঞেষ তপসা প্রীতঃ প্রীণাতি দেবতাঃ। ৩২

অক্ষাপহি তপো ভাতু ব্রাহ্মণস্যোপজায়তে।
তদ্ দাব ইব নির্দগ্ধঃ প্রাপ্তো রাজপ্রতিগ্রহঃ ॥ ৩৩

কুণ্ডলে সহ বাসেন রাজত্বঞ্চ সহ ত্বয়া।
অর্থিভ্যো দীয়তাং সর্বমিত্যুক্তাজ্ঞেন তে যযুঃ। ৩৪

ততঃ প্রচোদিতা রাজ্ঞা সহ গত্বাস্ত মন্ত্রিণঃ।
প্রতীচ্যোদ্যুস্বরাণি স্ম দাতুং তেষাং প্রচক্রিরে ॥৩৫

উদুম্বরাণ্যবাজানি হেমগর্ভাণ্যপাহরন্।
কৃত্যান্তেষাং ততস্তানি প্রগ্রাহিষুরুপাত্রবন্ ॥ ৩৬

গুরুনীতি বিদিত্বাথ ন প্রাগৃহ্ণন্নিরন্বয়ান্।
ন স্মরে মন্দবিজ্ঞানা ন স্মরে মন্দবুদ্ধয়ঃ। ৩৭

হৈরণীনীমানি ভাণ্ডানি প্রতিগৃহ্য ত্বং ভাগুরি
ইত জেতুস্তপাদত্ত প্রেত্য স্যাং কটুকোদয়ঃ

অপ্রতিগ্রাহ্যমেবৈতৎ প্রেত্যেহ চ সুখেপ্সুনা। ৩৮

বলিষ্ঠ উবাচ।

শতেন নিরুপদ্বিতঃ সহস্রেণ চ সম্মিতম্।
তথা বহু প্রতীচ্ছন্ বৈ পাপিষ্ঠাং পততে গতিম্ ॥৩৯

কশ্যপ উবাচ।

যং পৃথিব্যাং ব্রীহিযবাঃ হিরণ্যং পশবঃ স্ত্রিয়ঃ।
সর্বং তদ্লাভমেকস্য তস্মাদ্ বিদ্বাংস্তরেৎ ন ইতি ॥ ৪০

ভরদ্বাজ উবাচ।

উৎপন্নস্য ক্ষয়ো মৃত্যুঃ বর্ধমানস্য বর্ধতে।
প্রার্থনা পুরুষস্যেহ তস্য মাত্রা ন বিদ্যতে। ৪১

যজ্ঞ করণে মনঃসংযোগ করিবেন না। বলুন, আপনাদের সন্তোষে পুষ্টির জন্য কি প্রদান করিব? ৩০

ভগিরথ বলিলেন,—ভাতঃ! ভাতার প্রদত্ত দান উপর হইতে মধুর ন্যায় মিষ্ট বলিয়া বোধ হয়, কিন্তু পরিণামে বিষের ন্যায় ভয়ঙ্কর হইয়া যায়। এই কথা জানিয়াও আপনি কেন আমাদের প্রলোভন দেখাইতেছেন? ৩১

ব্রাহ্মণগণের সহায় দেবতাদিগের নিবাসস্থান, উহাতে সকল দেবতাই বিদ্যমান থাকেন। যদি ব্রাহ্মণ তপস্যার দ্বারা তুষ্ট হন, তবে তিনি সমস্ত দেবগণকেই প্রসন্ন করিতে পারেন। ৩২

ব্রাহ্মণ সাধু হইলে যত তপ সঞ্চয় করেন, তাহাতে রাজার প্রদত্ত দান বনদগ্ধকারী দাবানলের ন্যায় বোধ হইয়া থাকে॥ ৩৩

রাজন্! এই ধনের সহিত আপনি সহ মূলসহ থাকুন এবং এই সমস্ত ধন আপনি তাহাদের প্রদান করুন, যাহারা আপনার নিকটে এই সব বস্তু প্রার্থনা করিবেন। এই কথা বলিয়া তাঁহারা সত্ত্ব সব দিয়া চলিয়া যাইলেন। ৩৪

তখন রাজার প্রেরণায় তাঁহার মন্ত্রীরা ধনে গমন করিলেন এবং যজ্ঞভূমিতে কলসকল ভূমিয়া তাঁহাদের বিধার জন্য চেষ্টা করিতে লাগিলেন॥ ৩৫

মন্ত্রীগণ যজ্ঞভূমি ও সভাস্থ কলসসমূহের চতুর্দিক আবরণ করিয়া উহার মধ্যে পূর্ণ পূজা পূর্ণ করিয়া দিলেন। তাহারা সেই সব ধন লইয়া রাজার সেবকগণ যথাবিধিপূর্বক তাহা সমস্ত গ্রহণ করাইয়া ছিল। ৩৬

সেই সব ধন তাঁহারা পশ্চাদ্ভাগে করিতে লাগিলেন। ৩৭

সেই সব ধন তাঁহারা গ্রহণ করিয়াছেন, এই বৃত্তান্ত যখন অগ্নি জানিতে পারিল, তখন বলিলেন, এই সব ধন আমাদের গ্রহণ করিবার যোগ্য নহে। আমাদের বৃদ্ধি হীন হইয়া যায় নাই এবং আমাদের জ্ঞানবৃদ্ধিও লুপ্ত হয় নাই আমরা বিস্মিত নহি, ভাগরিত আছি। আমরা ভালরূপেই জ্ঞাত আছি যে, ইহাদের মধ্যে সূর্য পুষিয়া দেবতা হইয়াছে। যদি আজ আমরা এই সব গ্রহণ করি, তবে পরলোকে আমাদের ইহার জন্য কটু পরিণাম ভোগ করিতে হইবে। যে ব্যক্তি ইহলোক ও পরলোকে সুখ কামনা করে, তাহার পক্ষে এই সব ধন গ্রহণ করা উচিত নহে। ৩৭-৩৮

বলিষ্ঠ বলিলেন,—এক নিত্য সূর্য পূজা দান গ্রহণ করিলে শত হাজার নিরুপায়-গ্রহণের দোষ হয় এরূপ অবস্থায় যিনি বহুসংখ্যক নিত্য গ্রহণ করিবেন, তাহাতে তা' অত্যন্ত পাপময়ী গতিতে পতিত হইতে হইবে। ৩৯

কশ্যপ বলিলেন,—এই পৃথিবীতে যত ধান, যব, সুবর্ণ, পশু ও স্ত্রী আছে, সেই সবই যদি একজন পুরুষের লাভ হয়, তাহা হইলেও উহার দ্বারা তাহার সন্তোষপ্রাপ্তি হইবে না। ইহা চিন্তা করিয়া বিদ্বান্ মানুষ নিজের মনের তৃষ্ণাকে শান্ত করিবেন। ৪০

ভরদ্বাজ বলিলেন,—যেরূপ উৎপন্ন মূলের নাশ তাহার বর্ধনের সঙ্গে সঙ্গেই ক্রমশঃ বর্ধিত হইতে থাকে, সেইরূপ মানুষের তৃষ্ণা সর্বদা বর্ধিত হইতেই থাকে, তাহার কোনও সীমা নাই। ৪১

সৌভর উবাচ

ন জল্পাকে ত্রব্যমস্তি যল্লোকা প্রতিপূরয়েৎ।
সমুদ্রকল্পঃ পুরুষো ন কদাচন পূর্যতে ॥ ৪১

বিশ্বামিত্র উবাচ।

কামং কামময়মনসা যদা কাম: সমুদ্যতে।
অথৈনমপর: কামস্তত্রা বিশ্যতি বাবরে ॥ ৪৩

(অগ্নিরুবাচ

ন জাতু কাম: কামানামুপভোগেন শাম্যতি
হবিষা কৃষ্ণবর্ত্মেব ভূয় এবাভিবর্ধতে ॥)

ভগবন্নিরুবাচ

প্রতিগ্রহে সাধমো বৈ তপো যাজনতো ক্ষয়ম্
তস্ত ধন: ব্রাহ্মণস্যোহ লুপ্যমানস্য বিদ্যতে ॥ ৪৪

অক্ষয়ত্বাবাচ।

যথার্থং সন্তরো যো বৈ ত্রব্যাণাং পঞ্চসম্ভব:
তপসশ্চক্ষয়ে বিপ্রাস্তত্রা ত্রব্যাক্ষয়াং ॥ ৪৫

গণ্ডোবাচ

উদ্গ্রাহিতো ভয়াদ্ বন্ধাদ্ বিত্তাতীয়ে মহেশ্বরা: ।
বলীয়াংসো দুর্বলবদ্ বিভেমাত্মনত: পরম্ ॥ ৪৬

পঙ্গুরুবাচ।

যদ্ বৈ ধর্মে পরা নাস্তি ব্রাহ্মণাস্তত্রনা বিদু:
বিনিন্দার্থং মুনিরা: সম্প্রলাপেরা যথাতথম্ ॥ ৪৭

অন্ধ উচু:

কৃপণং সহ দানেন তত্রৈব বসা প্রভা ইমা:
কল্যাণ্যপি যুক্তানি য এব: ন প্রযচ্ছতি ॥ ৪৮

ভীম উবাচ।

ইত্যুক্তা হেমগর্ভানি হিত্বা তানি কলানি বৈ।
অন্বয়ো ভগ্নমনস্কা সর্ব এব মৃগব্রতাত: ॥ ৪৯

মন্থিন উচু:।

উপনীয় অন্নমানান্তে হিত্বা তানি কলানি বৈ।
অন্তোঽন্তেনৈব গচ্ছন্তি বিদিত: তেঽস্তু পাথিব ॥ ৫০

সৌভর বলিলেন,—সংসারে এমন কোন দ্রব্য নাই, যাহা মানুষের আশাকে পরিপূর্ণ করিতে পারে। মানুষের আশা সমুদ্রের সমান, তাহা কখনও পূর্ণ হয় না। ৪১

বিশ্বামিত্র বলিলেন,—কোন বস্তুর কামনাকারী মানুষের যখন সেই কামনা পূর্ণ হইয়া যায়, তখন তাহার আবার এক নূতন কামনার উদয় হয়। এইভাবে ঘৃতা যেমন অগ্নির ন্যায় মানুষের মনকে আরও বর্ধিত করিয়াই যায়। ৪৩

(অগ্নি বলিলেন,- ভোগসমূহের কামনা তাহার উপভোগের দ্বারা কখনই শান্ত হয় না। যজ্ঞ স্থলের আহুতি দিলে যেরূপ প্রজ্বলিত অগ্নি আরও বর্ধিত হইয়া থাকে, সেইরূপ ভোগকামনা উপভোগের দ্বারা আরও বর্ধিতই হয়।)

ভগবতি বলিলেন,—দান গ্রহণ না করিলেই ব্রাহ্মণ নিজের তপস্যাকে রক্ষা করিতে পারেন। তপস্যাই ব্রাহ্মণের ধন। যে ব্রাহ্মণ লৌকিক ধনের জন্য লোভ করেন, তখন তাঁহার তপস্যারূপী ধন নষ্ট হইয়া যায়। ৪৪

অক্ষয়ত্বী বলিলেন,—তপস্যার একমাত্র মূল কারণ—ধর্মের জন্য ধন সংগ্রহ করা উচিত, কিন্তু আমার মতে ধন-সংগ্রহ অপেক্ষা তপস্যা সকল করাই শ্রেষ্ঠ। ৪৫

গণ্ডা বলিল,—আমার এই যে প্রকৃষ্ণ অত্যন্ত শক্তিশালী ভাইরা যখন এই ভয়ের প্রতিরোধের জন্য এমন ভীত, তখন আমার আর কি সামর্থ্য আছে? আমার ত' দুর্বল প্রাণিসমূহের ন্যায় ইহাদের অতিশয় ভয় হইতেছে। ৪৬

পঙ্গুরুবাচ বলিল,—ধর্মাচরণ করিলে পর যে ধন লাভ হয়, উহা হইতে শ্রেষ্ঠ কোনও ধন নাই। সেই ধনকে ব্রাহ্মণগণই জানেন; অতএব অন্যান্য সেই ধর্মময় ধন প্রাপ্তির উপায় নিন্দা করিবার জন্য বিভ্রান্ত ব্রাহ্মণগণের নিন্দাই করিয়া থাকে। ৪৭

ঋষিগণ বলিলেন,—যাঁহারা এই প্রভাময় তপস্তেজপূর্ণ কমনীয় দিব্যা ভূমি আলিঙ্গন করিয়াছিল এবং যিনি এইভাবে ভূমিদানের ফলে আমাদের পূজা করিতেছেন, সেই তাঁহা নিজের দানের সহিত কৃপণকে ধারুন। ৪৮

ভীষ্ম বলিলেন,—যুধিষ্ঠির! এই কথা বলিয়া সেই স্বর্ণখচিত কমনীয় পরিত্যাগ করিয়া সেই সমস্ত ব্রতধারী ঋষিগণ সেখান হইতে অন্যত্র চলিয়া যাইলেন। ৪৯

তখন মন্থিন বৈশ্যের নিকট যখন ফিরিয়া বলিলেন,—মহারাজ! আপনি জানুন যে, সেই সব ফল দেখিতেই ভূমিতে পড়ে এই সংবাদ হইল যে, আমাদের সঞ্চিত ফলমূল ফল হইতেছে। সেইজন্য তাঁহারা ফলসকল ত্যাগ করিয়া অন্যপথে চলিয়া গিয়াছেন। ৫০

ইত্যুক্তঃ স তু তৃতোঽত্যৈর্বাগভিস্তুকোপ হ।
তেভ্যো বৈ প্রতিজগ্রাহ সর্বেষামমমন্যু মৃদম্ ॥ ৪১
স গত্বা ত্বরমাণেন্দ্রো তীব্রং নিয়মমাস্থিতঃ।
জুহাব সংকৃতৈর্মন্ত্রৈরেকৈকস্যামাহুতিং নৃপঃ ॥ ৪২
তস্মাদগ্নেঃ সমুত্তস্থৌ কৃত্যা লোকভয়ঙ্করী।
তস্যা নাম বৃষাদর্ভিরিতি বাহুবানীত্যথাকরোৎ ॥ ৪৩
সা কৃত্যা কালরাত্রীব কৃতাঞ্জলিরুপস্থিতা
বৃষাদর্ভিং নরপতিং কিং করোমীতি চাব্রবীৎ ॥ ৪৪

বৃষাদর্ভিরুবাচ।

অর্ঘীণাং গন্ধ সন্তানমকৃতত্বাত্তথৈব চ।
দাসীভর্তৃন্ত দাস্যাস্ত মনসা নাম ধারয় ॥ ৪৫
জ্ঞাত্বা নামানি চৈতেষাং সর্বানেতান্ বিনাশয়।
বিনষ্টেষু তথা ষৈরং গন্ধ মদ্যেষ্বিতং তব ॥ ৪৬
সা তথেতি প্রতিজ্ঞায় বাহুবানী মহাপিশী

জগাম তত্র যত্রাং ঋষিসঙ্ঘঃ সমাহিতঃ ॥ ৪৭

ভীষ্ম উবাচ।

অথাত্রিপ্রমুখো রাজন্ বনে তস্মিন্ মহর্ষয়ঃ
বাচয়ন্ত স্বকর্তব্যা বৈ বলানি চ ফলানি চ ॥ ৪৮
অথাপশ্যন্ মুনীনাং সপাণি-পাদ-মুখোদরম্।
পরিব্রজন্তং মুদিতাং পরিব্রাজং তদা সতম্ ॥ ৪৯
অকৃতজ্ঞা তু তং দৃষ্ট্বা সর্বাঙ্গোপচিতং শুভম্
ভবিতারো ভবন্তো বৈ নৈবমিত্যব্রবীদৃষীন্ ॥ ৫০

বশিষ্ঠ উবাচ

নৈতদ্রোচয়তে যস্মাদ্ধর্মনিত্যোঽয়মিত্যুত
সাধু প্রাপ্তশ্চ ভোক্তব্যং তেন সীধ্বান্ পিবাম তদা সত ॥ ৫১

অত্রিরুবাচ।

নৈতদ্রোচয়তে যস্মাদ্ধর্মনিত্যোঽয়মিত্যুত
কৃচ্ছ্রাপ্তীতঃ প্রনষ্টশ্চ তেন সীধ্বান্ পিবাম তদা সত ॥ ৫২

সেবকগণের এই কথা শ্রবণ করিয়া রাজা বৃষাদর্ভি ক্রুদ্ধ হইলেন এবং তিনি সেই সপ্তর্ষিগণের দ্বারা কৃত নিজের অপমানের প্রতিশোধ গ্রহণ করিবার বিচার করিয়া রাজধানীতে ফিরিয়া আসিলেন ॥ ৪১

সেখানে গমন করত অত্যন্ত কঠোর নিয়মসমূহ পালন করিতে করিতে তিনি আহবনীয় অগ্নিতে আভিচারিক যজ্ঞ-সকল পাঠ করত এক একটি আহুতি দিতে লাগিলেন ॥ ৪২

আহুতি প্রদান হইলে পর সেই অগ্নি হইতে এক লোক-ভয়ঙ্করী কৃত্যা উত্থিতা হইল রাজা বৃষাদর্ভি তাহার নাম রাখিলেন বাহুবানী ॥ ৪৩

কালরাত্রির সমান বিকরাল রূপধারিণী সেই কৃত্যা কৃতাঞ্জলি হইয়া রাজার পার্শ্বে উপস্থিত হইল এবং বলিল—মহারাজ! আমি আপনার কোন্ আজ্ঞা পালন করিব? ৪৪

বৃষাদর্ভি বলিলেন, বাহুবানী! তুমি এখান হইতে বনে গমন কর এবং সেখানে অকৃতজ্ঞতার সত্ত্ব রহিবে, তাঁহাদের ঘ্রাণীকে এবং সেই ঘ্রাণীর পতিদেবের নাম জিজ্ঞাসা করিয়া তাঁহাদের সকল নামের তাৎপর্য্য মনে ধারণ করিয়া রাখ। তাহাদের আমাদের নামসকল জানিয়া সকলকেই বিনাশ কর। তাহার পর যেখানে ইচ্ছা, সেখানে চলিয়া যাইও ॥

রাজার এই আজ্ঞা প্রাপ্ত হইয়া বাহুবানী 'তথাস্তু' বলিয়া তাহা স্বীকার করিল এবং যেখানে সেই মহর্ষিগণ বিচরণ করিতেছেন, সেই বনে গমন করিল ॥ ৪৫-৪৭

ভীষ্ম বলিলেন,—রাজন্! সেই দিনে সেই অত্রি প্রভৃতি মহর্ষিগণ বনের মধ্যে ফল মূল আহার করিতে করিতে বিচরণ করিতেছিলেন ॥ ৪৮

এমন সময় সেই মহর্ষিগণ দেখিলেন যে, এক সন্ন্যাসী কুকুরের সহিত একত্র ভ্রমিতে পরিভ্রমণ করিতেছেন। তাঁহার শরীর অতিশয় সুন্দর (মোটা) ছিল তাঁহার মুখ অত্যন্ত সুন্দর এবং হস্ত, পদ, মুখ ও উদরাদি সকল অঙ্গই সুন্দর ছিল ॥ ৪৯

অকৃতজ্ঞতা সর্ব্বাঙ্গ হৃষ্ট-পুষ্ট সেই সুন্দর সন্ন্যাসীকে দেখিয়া ঋষিগণকে বলিলেন, আপনারা কি এইরূপ হইতে পারেন না? ৫০

বশিষ্ঠ বলিলেন, আমাদের ত্যায় ইহার এরূপ কোন চিন্তা নাই যে, আজ আমাদের অগ্নিহোত্র-কার্য্য সম্পন্ন হয় নাই এবং প্রাতঃকালে ও সায়ংকালে অগ্নিহোত্র করিতে হয়, সেইজন্য এই ব্যক্তি কুকুরের সহিত এতাদৃশ মুদ (মোটাসোটা) হইয়াছে ॥ ৫১

অত্রি বলিলেন,- আমাদের ত্যায় ক্ষুধার দ্বারা ইহার দেহ ক্ষীণ হইয়া যায় নাই এবং অতিশয় কষ্টসহকারে যে ভোজন আহরণ করা হইয়াছে, তাহাও আমাদের সমান ইহার নষ্ট হয় নাই, সেইজন্য কুকুরের সহিত এই ব্যক্তি এরূপ মুদ হইয়াছে ॥ ৫২

বিশ্বামিত্র উবাচ

নৈতস্যোহ যথাস্মাকং সখ্যস্যাস্য ভরদ্বয়ঃ।
অলসঃ ক্ষুৎপরো মূর্খস্তেন সীবান্ ভুনা সহ ॥ ৬৩

ভরদ্বাজ উবাচ

নৈতস্যোহ যথাস্মাকং ভক্তমিঙ্গনমেব চ।
সাচিন্ত্যো বার্ষিকং চিন্তে তেন সীবান্ ভুনা সহ ॥ ৬৪

কণ্ডূল উবাচ।

নৈতস্যোহ যথাস্মাকং চত্বারশ্চ সহোদরাঃ।
দেয়ি দেহীতি ভিক্ষন্তি তেন সীবান্ ভুনা সহ ॥ ৬৫

ভরদ্বাজ উবাচ

নৈতস্যোহ যথাস্মাকং ব্রহ্মবন্ধোরহেতনঃ।
শ্লোকো ভার্য্যাপরাধেন তেন সীবান্ ভুনা সহ ॥৬৬

গৌতম উবাচ।

নৈতস্যোহ যথাস্মাকং ত্রিকৌপেয়স্য রাত্রয়ম্
একৈকং বৈ ত্রিবর্ষীয়ং তেন সীবান্ ভুনা সহ ॥ ৬৭

ভীষ্ম উবাচ।

অথ দৃষ্ট্বা পরিব্রাট্ স তান্ মহর্ষীন্ ভুনা সহ
অভিগম্য যথান্যায়ং পাদ্যৈস্তর্পয়বাচরৎ ॥ ৬৮

পরিচর্য্যাং বনে তাং তু ক্ষুৎপ্রতীঘাতকারিকাম্।
অন্যোন্যেন নিবেদ্যাথ প্রীতিচিত্তা সহৈব তে ॥ ৬৯

একনিশ্চয়কার্য্যাশ্চ ব্যচরন্ত বনানি তে।
আয়যাযাঃ সমুদ্বৃত্তা মূলানি চ ফলানি চ ॥ ৭০

কদাচিদ্ বিচরন্তস্তে মৃগৈরবিরলৈর্বৃতাম্।
শুচিবারিপ্রসরোদ্যাং নদ্যুত্তঃ পল্বিনীং শুভাম্ ॥ ৭১

বালাদিত্যাবপুঃপ্রখ্যৈঃ পুষ্করৈরুপশোভিতাম্।
বৈদূর্য্যবর্ণসদৃশৈঃ পদ্মপত্রৈরবাবৃতাম্ ॥৭২

নানাবিহঙ্গৈ বিরুতৈর্গন্ধপ্রকরসেবিতাম্।
একস্যামনদেহাং পুণ্যতীর্থামকর্দমাম্ ॥ ৭৩

বিশ্বামিত্র বলিলেন,—ভরদ্বাজ আমাদের সনাতন বেদ বিস্মরণ হইয়াছে এবং শাস্ত্রোক্ত ধর্ম্ম আমাদের ক্ষীণ হইতে চলিয়াছে। এরূপ অবস্থা কিন্তু ইঁহার হয় নাই এবং এই ব্যক্তি অলস, কেবল ক্ষুধার্ত্ত হইয়া পূর্ব্ব করিতেই আলস্য ও দুর্ব্ব। সেইজন্য ক্ষুদ্রের সহিত এরূপ স্থূল হইয়াছে। ৬৩

ভরদ্বাজ বলিলেন,—আমাদের ন্যায় ইঁহার সাত্ত্বা বৎসরের অন্ত ভোজন ও আহার্য্য করিবার চিন্তা নাই, সেইজন্য এই ব্যক্তি ক্ষুদ্রের সহিত এতাদৃশ স্থূল হইয়া গিয়াছে। ৬৪

কণ্ডূল বলিলেন,—আমাদের চারি ভ্রাতা আমাদের নিকট হইতে প্রতিদিন 'ভোজন দাও, ভোজন দাও' বলিয়া অন্ন প্রার্থনা করে, অর্থাৎ আমাদের এত বিশাল কুটুম্বজনগণের অন্ন-বস্ত্রের চিন্তা করিতে হয়। এই সন্ন্যাসীর সেই চিন্তা নাই, অতএব ক্ষুদ্রের সহিত সে এরূপ স্থূল হইয়াছে। ৬৫

ভরদ্বাজ বলিলেন,—এই বিবেকহীন ব্রাহ্মণবন্ধুকে আমাদের ন্যায় নিজের স্ত্রীর কলঙ্কিতা হইবার শোক করিতে হয় না। সেইজন্য ক্ষুদ্রের সহিত এই ব্যক্তি এরূপ স্থূল হইতে পারিয়াছে। ৬৬

গৌতম বলিলেন,—আমাদের ন্যায় ইঁহাকে তিন তিন বর্ষ পর্য্যন্ত ক্ষুধার ক্লেশের নিমিত্ত তিন তিনখানি যবলা ও বৃথাকর্ম্ম ধারণ করিয়া থাকিতে হয় নাই। সেইজন্য সে ক্ষুদ্রের সহিত এরূপ স্থূল হইয়া গিয়াছে। ৬৭

ভীষ্ম বলিলেন,—রাজন্! ক্ষুদ্রের সহিত উপবিষ্ট সেই সন্ন্যাসী যখন সেই মহর্ষিগণকে দেখিলেন, তখন তাঁহাদের নিকটে গিয়া সন্ন্যাসীর যথানিয়মানুসারে তাঁহাদের হস্তের দ্বারা স্পর্শ করিলেন। ৬৮

তাঁহার পর তাঁহারা পরস্পর পরস্পরের কুশল সমাচার নিবেদন করিয়া বলিলেন,—'আমরা আমাদের ক্ষুধার উপশমের জন্য ফলাদি অন্বেষণ করিতে করিতে বনে ভ্রমণ করিতেছি'। এই কথা বলিয়া তাঁহারা একসঙ্গে সেই স্থান হইতে প্রস্থান করিতে লাগিলেন। ৬৯

তাঁহাদের সকলের নিশ্চয় ও কার্য্য এক ছিল। তাঁহারা কন্দ-মূল ও ফল লইয়া সেই সব সঙ্গে লইয়া সেই বনে বিচরণ করিতেছিলেন। ৭০

একদিন বিচরণ করিতে করিতে সেই মহর্ষিগণ এক সুন্দর সরোবর দেখিতে পাইলেন; তাহার জল অতিশয় স্বচ্ছ ও পবিত্র ছিল এবং তাহার চারি তীর তরুশ্রেণীতে আবৃত ছিল। ৭১

প্রাতঃকালীন সূর্য্যের ন্যায় অরুণবর্ণের পদ্মফুলসমূহ সেই সরোবরের শোভা বর্দ্ধন করিতেছিল এবং বৈদূর্য্যমণির ন্যায় কান্তিবিশিষ্ট পদ্মপত্র সমূহের দ্বারা উহা পরিবৃত ছিল। ৭২

নানাপ্রকার জলচর পক্ষিগণ কলরব করিতে করিতে তাহার জলরাশি সেবন করিতেছিল। এই সরোবরে প্রবেশ করিবার একটি মাত্র পথ ছিল। তাহার কোনও স্থল কর্দ্দমাক্ত হইয়া যাইবার

কৃষ্ণাজিনপ্রযুক্তা তু কৃত্বা বিকৃতদর্শনা।
বায়ুধানীতি বিখ্যাতা পত্নিনী তামরক্ষত ॥ ৭৪
পঞ্চসপ্তসরাস্তত্র বিসার্থং তে মহর্ষয়ঃ।
পত্নিনীমভিগম্যৈতে সর্বে কৃত্যাভিরক্ষিতাম্ ॥ ৭৫
ততস্তে বায়ুধানীং তাং দৃষ্ট্বা বিকৃতদর্শনাম্
দ্বিতীয়াং কমলিনীতীরে কৃত্যামূচুর্মহর্ষয়ঃ ॥ ৭৬
একা তিষ্ঠসি কা চ ত্বং কস্যার্থে কিং প্রয়োজনম্।
পত্নিনীতীরমাশ্রিত্য ব্রূহি ত্বং কিং চিকীর্ষসি ॥ ৭৭

বায়ুবায়ুবাচ।

বাঢ়মিত্যব্রুবংস্তে মে নঃ কর্তব্যঃ কথঞ্চন।
আয়ত্তিনী মাং পত্নিত্বা বিত্ত সর্বে তপোধনাঃ ॥ ৭৮

অথর উচুঃ

সর্ব এব ভূবর্তাঃ স্ম ন চাস্মত্তঃ কিঞ্চিদস্তি নঃ।
ভবত্যাঃ সম্মতে সর্বে সৃষ্টাস্মাম বিসার্থতঃ ॥ ৭৯

বায়ুবায়ুবাচ।

সময়েন বিসার্থীতে সৃষ্টাস্মঃ কামকারতঃ।
একৈকো নাম মে প্রোক্তো ভতো সৃষ্টাস্ম মাচিরম্ ॥ ৮০

ভীষ্ম উবাচ।

বিজ্ঞায় বায়ুধানী তাঃ কৃত্যামৃষিবরৈর্বিসীম্
অত্রিঃ কুথাপরীতাত্মা ততো বচনমব্রবীৎ ॥ ৮১

অত্রিরুবাচ।

কৃতকৃত্যস্তথাচম্য গন্ধমাল্যোদকেন বৈ ॥ ২৩
শৌচধর্মমুপবিশ্যেচ্ছ মৃত্তাজনপুরস্কৃত:
স্থাপ্যং কৃত্বাগ্র পৃত পার্শ্বোক্তমাহরেত্তাস্তরে ॥ ২৪
শৌচং কুর্যাচ্চনৈর্যেণ বুদ্ধপূর্বমসত্বরম্
আদিনা শুদ্ধমুদ্ধৃত্য সংযুক্ত বিধিপূর্বকম্ ॥ ২৫

ত্রিকৃতি: শুক্লপ্রজ্ঞ: কেবলা বর্ণমাশ্রিতে:।
সমাগ্র দর্শনসম্পন্নৈর্বর্ণজ্ঞানি হিতাবিতি: ॥১৯
অবকাশমিদং মেধ্যং নির্মিতা কামবীক্ষয়া।
নির্জনং সংবৃতং বৃদ্ধ্যা নিয়তাত্মা জিতেন্দ্রিয়: ॥২০
সজলং ভাজনং স্থাপ্যং মৃত্তিকাশ্চ পরীক্ষিতাঃ
পরীক্ষ্য কৃষ্ণং মৃত্মাংশ্চ তত আনীত বাগ্যত: ॥ ২১
উদক্ত মুখো দিবা কৃষ্ণাংশ্চ রাত্রৌ চেষ্ট দক্ষিণামুখ:
অন্তর্হিতায়াং কৃষ্ণো তু অন্তর্হিতশিরাস্তথা ॥ ২২
অসম্প্রাপ্তে তথা শৌচে ন বাচা কিঞ্চিদীরয়েৎ।
কৃতকৃত্যস্তথাচম্য গন্ধমাল্যোদকেন বৈ ॥ ২৩
শৌচধর্মমুপবিশ্যেচ্ছ মৃত্তাজনপুরস্কৃত:
স্থাপ্যং কৃত্বাগ্র পৃত পার্শ্বোক্তমাহরেত্তাস্তরে ॥ ২৪
শৌচং কুর্যাচ্চনৈর্যেণ বুদ্ধপূর্বমসত্বরম্
আদিনা শুদ্ধমুদ্ধৃত্য সংযুক্ত বিধিপূর্বকম্ ॥ ২৫

ব্রাহ্মণদের ধন হইল বেদশাস্ত্র সমূহের স্বাধ্যায়, ক্ষত্রিয়দিগের ধন হইল শ্রেষ্ঠ বাহুবল, বৈশ্যগণের ধন হইল বাণিজ্য এবং শূদ্রদিগের ধন হইল ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য—এই তিন বর্ণের সেবা। এই বর্ণত্রয়ী ধনের উচ্ছেদ করিলে চার মানুষ নরকে পতিত হয়। ১৪

নরক হইতে নিষ্কান্ত হইয়া এই বর্ণত্রয়ীর নিম্ন যজ্ঞসমূহ ক্রমে ক্ষয় এবং ধ্বংস হইয়া পুনরায় পালনের করিলে চিরস্থায়ীর জন্য ভাগ্যদোষে নরক ও পতনশীল প্রভৃতি ভিন্ন ভিন্ন যোনি লাভ হইয়া থাকে। ১৩৯

যাঁহারা প্রাচীন বর্ণাশ্রমোচিত সংযম আজও করত সমস্ত বিপরীত কৃত্য পরিত্যাগ করেন, সমস্ত প্রাণিসমূহে প্রতি দয়া করেন এবং ক্রোধকে জয় করিয়া থাকেন—তাঁহারা ব্রহ্মা-পূর্বক যেমন্ত ও ব্রাহ্মণদিগের পূজা করেন, তাঁহাদের পক্ষে যথাযথভাবে ক্রমশ: সম্পূর্ণ যজ্ঞসমূহের গ্রহণ বিধি এবং সেবাভাব প্রাপ্তি প্রভৃতির বর্ণনা আমি করিতেছি। ১৪-১৬৯

যাঁহারা বিশেষরূপে শৌচ সম্পাদন করিতে ইচ্ছুক হন, তাঁহাদের জন্য সমস্ত শৌচবিষয়ক প্রয়োজনের বর্ণনা করিতেছি। তত্ত্বদর্শী জ্ঞানিগণ শাস্ত্রে যথাশৌচাদি বিধানসমূহ প্রত্যক্ষ দর্শন করিয়াছেন। ১৭৯

এখানে শূদ্রের ত্রিগুণকপণের জন্য মৃত্তিকা এবং অন্য আবশ্যক বস্তুসমূহের ব্যবস্থা করিয়া রাখিবে। ১৮

যাঁহারা ব্রহ্মজ্ঞ, কেবল বর্ণত্রয়ীর আশ্রিত এবং পরিপূর্ণ জ্ঞানবান্, সেই সজ্জনহিতৈষী সন্ন্যাসিগণের কর্তব্য হইল—তাঁহারা সজ্জনহিতার্থে থাকিয়া এই পবিত্র কামনাভাজন স্থানের (বলভ্যাগের যোগ্য ক্ষেত্রাদির) বিস্তার করিবেন। ১৯৯

মনঃসংযমী ও জিতেন্দ্রিয় পুরুষ নির্জন এবং আবৃত স্থান জানিয়া সেই স্থানে সজল পাত্র ও পরীক্ষা করিয়া আনীত মৃত্তিকা রাখিবেন। তারপর সেখানে কৃষ্ণিতে ভালভাবে নিরীক্ষণ করিয়া মৌন অবলম্বন করত মুখ তাগের জন্য বসিবেন। ২০-২১

যদি দিন হয়, তবে উত্তর মুখ করিয়া এবং রাত্রি হইলে দক্ষিণ মুখ করিয়া বল মূত্র ত্যাগ করিবেন। বল ত্যাগ করিবার পূর্বে সেই সময় কৃষ্ণিকে কৃষ্ণাভির দ্বারা আচ্ছাদিত রাখিবেন এবং নিজের মস্তককে বস্ত্রের দ্বারা আবৃত করিবেন। ২২

বস্তুতঃ না শৌচকর্ম শেষ হয়, ততক্ষণ কিছুই বলিবেন না অর্থাৎ মৌন রহিবেন। শৌচকার্য শেষ করত মুখপ্রক্ষালনাদি করিয়া গাইবার সময়ও কোন কথা বলিবেন না। ২৩

শৌচের জন্য উপবিষ্ট মানুষ নিজের সম্মুখে জলপাত্র ও মৃত্তিকা রাখিবে। তাঁর পূজন বস্তে কয়েকটু লইয়া দক্ষিণ পার্শ্ব ও উরু যথা ভাগে রাখিবেন এবং সাবধানতার সহিত ধীরে ধীরে মূত্র ত্যাগ করিবেন, যাহাতে নিজের কোন অঙ্গে তাহার ছিটা না লাগে। ২৪৯

তাহার পর হাতে বিধি অনুসারে শুদ্ধ জল লইয়া মূত্রস্থানকে (লিঙ্গকে) এমন সাবধানে শৌচ করিবেন, যাহাতে উহার মধ্যে

বিপ্রযন্ত যথা ন স্যাদ্বিণ্ মূত্রং চ সংস্পৃশেৎ
অপানে মৃত্তিকাভিস্তু প্রদেয়ঃ ত্রিঃপুনঃপুনঃ। ২৬
যথা যাতো হি ন ভবেৎ ক্লেদঃ পরিবানকে
সবো দাদশ দেয়াঃ স্যাদ্ভিস্তাভিস্তুপ্রঃ পুনঃ পুনঃ।
মলোপহতচৈলস্য বিশুদ্ধ্যৈ তু বিধীয়তে। ২৭
সহপাদমথোৎকৃষ্যাঃ হস্তশৌচমনন্তরম্
অবধীরয়মাণস্তু সন্দেহ উপজায়তে। ২৮
যথা যথা বিশুধ্যেত তৎ তথা তদুপকল্পয়েৎ।
কারোষ্ণবত্যাং বহ্ন্যস্য কুর্যাচ্ছৌচং মৃদা সহ ২৯
লেপগন্ধাপনয়নমমেধ্যস্য বিধীয়তে।
দেয়াশ্চতস্রস্তিস্রো বা দ্বে বাপ্যেকাঃ তথাপি চ। ৩০
তালমাত্রাস্তু বেণবঃ শৌচার্থা শুক্ল-সাধবম্
বিধিবানেন শৌচং তু নিত্যং কুর্যাদতন্দ্রিতঃ। ৩১

কোন প্রকারে মূত্রের বিন্দু না থাকিয়া যায় এবং অশুচ হস্তে দুই আচমনের সেই সময় স্পর্শ করিবেন না। ২৬।

যদি মল ত্যাগ করা হয়, তবে মলদ্বার শৌচ করিবার সময় ক্রমশঃ তিনবার মৃত্তিকা লেপন করিবেন মলদ্বার শুদ্ধ হইবার জন্য বারম্বার সেই ভাবে শৌচ করিবেন, যাহাতে অল্পের আর্দ্রতা বলে না লাগে। ২৭।

তাহার পর বাম হস্তে বারণ করা এবং দক্ষিণ হস্তে পুনঃ পুনঃ তিন তিন বার মৃত্তিকা লেপন করিবেন যাহার বস্ত্র মলে দূষিত হইয়া গিয়াছে, এরূপ পুরুষের পক্ষে দ্বিগুণ শৌচের বিধান আছে। তাহার দুই পদ, দুই জঙ্ঘা ও দুই হস্তের বিশেষ শুদ্ধি অবশ্যই করিতে হইবে। ২৯।

শৌচের পালন না করিলে পরীক্ষা শুদ্ধিবিষয়ে সন্দেহ থাকিয়া যায়। অতএব যে যে ভাবে পরীক্ষা শুদ্ধি হইবে, সেই সেই কার্য্য করিবার চেষ্টা করিতে হয়। ২৮।

মৃত্তিকায় সহিত পায় ও উভয় মৃত্তিকা বিভিন্ন করিয়া উহার দ্বারা বস্ত্রের শুদ্ধি করিতে হয়। তাহারও মধ্যে কোনও অপবিত্র বস্তু যদি লাগিয়া যায়, তবে সেই বস্তু হইতে সেই বস্তুর লেপ যাহাতে উঠিয়া যায় এবং তাহার দুর্গন্ধ দূর হইয়া যায়, এরূপ শুদ্ধি করা আবশ্যক। ২৯।

আপৎকালে (রোগাদির সময়ে) চার, তিন, দুই অথবা একবার মৃত্তিকা লেপন করিলেই হইবে দেশ ও কালের অনুসারে শৌচাচারে দৌর্বল্য এবং লাঘব করা যাইতে পারে। ৩০।

অগ্নিপ্রেক্ষণসন্ধ্যাস্তু পাদৌ প্রক্ষাল্য তৎপরঃ
নৃপ্রক্ষালিতপাদস্তু পাণিমামন্ত্রিতবদ্ধনাৎ। ৩২
অবস্তাদুপরিষ্টাচ্চ ততঃ পাণিমুপস্পৃশেৎ
মনোগতান্ত নিঃসঙ্গো ত্রিরদ্ধ্যাৎ ত্রিরপঃ পিবেৎ ৩৩
দ্বির্মুখঃ পরিমৃজ্যাচ্চ খানি চোপস্পৃশেদ্ বুধঃ।
অন্বেন তেন প্রীণাতি প্রথমা যা পিবেদপঃ। ৩৪
দ্বিতীয়েন যজুর্বেদং তৃতীয়ং সাম এব চ
মৃজ্যাতে প্রথমা যেন অথর্বা প্রীতিমাবৃণোৎ। ৩৫
দ্বিতীয়েনেতিহাসাংশ্চ পুরাণ-স্মৃতিদেবতাঃ।
যজ্ঞমৃষি সমাবৃত্তে তেনাপিত্বা তু প্রীণয়েৎ। ৩৬
প্রীণাতি বায়ুঃ ঘ্রাণেন দিবাস্কাশাশ্চ শ্রোত্রতঃ
প্রজ্ঞাবঃ তেন প্রীণাতি যস্থূর্বনি সমাসতে৷ ৩৭

অগ্নি বিধি অনুসারে প্রতিদিন আলস্য ত্যাগ করত শৌচ সম্পাদন করিবে এবং যজ্ঞসম্পাদনকারী ব্রাহ্মণ দুই পদ শৌচ করিয়া একটি তীর্থে দুই-তিন বা করিয়াই অনন্তর স্থির চলিয়া যাইবে। ৩১।

প্রথমে পরমহংসে আলস্যবে প্রক্ষালিত করিয়া তবেই ধরিবে আচমন করত হস্তের উপরিভাগ ও নিম্নভাগ শৌচ করিবে ইহার পর হস্তে জল লইয়া আচমন করিবে।৩২।

আচমনের সময় শৌচ হইয়া তিনবার জল পান করিবে সেই জল পানে কোনরূপ শব্দ হইবে না এবং আচমনের পর শৌ জল দ্বার পরাস্ত যাইবে। বিদ্বান্ পুরুষ অঙ্গুষ্ঠের মূলভাগ দি দুইবার মুখ মুছিবেন। ইহার পর ইন্দ্রিয় বারণকল্প স্প করিবেন। ৩৩।

তিনি যে প্রথম বার জল পান করিবেন, তাহার দ্বারা ঋ বেদকে তৃপ্ত করেন, দ্বিতীয় বার জলপানে যজুর্বেদকে এবং তৃতী জলপানে সামবেদকে তৃপ্ত করেন। ৩৪।

প্রথমবারে যে মুখমার্জন করেন, উহাতে অথর্ববেদ তৃ হন এবং দ্বিতীয়বার মার্জনে ইতিহাস পুরাণ ও স্মৃতিসমূহে অধিষ্ঠাতা দেবতা সন্তুষ্ট হন। ৩৫।

মুখমার্জনের পর তিন অঙ্গুলিসমূহের দ্বারা যে নেত্রদ্বয় স্প করেন, তাহার দ্বারা তিনি সূর্য্যদেবকে তৃপ্ত করেন। নাসি স্পর্শের দ্বারা বায়ুকে এবং দুই কর্ণের স্পর্শের দ্বারা তিনি দি সমূহকে সন্তুষ্ট করেন। ৩৬।

আচমনকারী ব্রাহ্মণ নিজের মস্তকে যে হস্ত রাখেন, উহ

সমুৎক্ষিপতি চাপোর্জ্জমাত্মানং তেন চৈবহি
প্রীয়তি বিষ্ণুঃ পদ্মাঃ তু সলিলং বৈ সমাবহং । ৩৮
প্রাঙ্‌মুখোবাঽপ্যুদঙ্‌মুখো বাপি অন্তর্জানুকলম্পৃশেৎ ।
সর্ব্বত্র বিধিরিত্যেষ ভোজনাদিষু নিত্যশঃ । ৩৯
অন্নেষু দন্তলগ্নেষু উচ্ছিষ্টঃ পুনরাচরেৎ ।
বিধিরেষ সমুদ্দিষ্টঃ পৌচে চাচম্যুচ্যতে পুনঃ । ৪০
শূদ্রস্যৈষ বিধির্দৃষ্টো গৃহাভিরক্ষিতস্য তু ।
নিত্যং চানুমতশৌচেন বর্ত্তিতব্যং কৃতাত্মনা । ৪১
যজমানেন ভিক্ষুণাং শূদ্রেণাস্তিকবাসিনা । ৪২
অন্ত্যা আরম্ভযজ্ঞাস্তু হবির্বজ্ঞা বিনঃ স্মৃতাঃ ।
শূদ্রাঃ পরিচারযজ্ঞা ঋণযজ্ঞাস্তু ব্রাহ্মণাঃ । ৪৩
শুশ্রূষাজীবিনঃ শূদ্রা বৈশ্যা বিশ্বস্তজীবিনঃ ।
অনিষ্টনিগ্রহাঃ ক্ষত্রা বিপ্রাঃ স্বাধ্যায়জীবিনঃ । ৪৪
তপসা শোষয়ন্তে বিপ্রো রাজন্যঃ পালনাদিভিঃ ।

আতিথ্যেন তথা বৈশ্যঃ শূদ্রো দাসোন শোষয়তে । ৪৫
যজ্ঞাস্তানু তু শূদ্রেণ শুশ্রূষা নিত্যমেব তু
কর্ত্তব্যা ত্রিষু বর্ণেষু প্রাহুর্যোগাশ্রমবাসিষু । ৪৬
অন্নক্রেণ ত্রয়বর্ণস্য সেবা জ্ঞাত্রবাসিনঃ
যথাশক্তি যথাপ্রজ্ঞং যথাবয়ং যথাক্রমম্ । ৪৭
বিশেষেণৈব কর্ত্তব্যা শুশ্রূষা ভিক্ষুকাশ্রমম্ ।
আশ্রমাণাং তু সর্বেষাং চতুর্থং ভিক্ষুকাশ্রমম্ ।
প্রধানমিতি মন্যন্তে শিষ্টাঃ শাস্ত্রবিনিশ্চয়ে । ৪৮
যজ্ঞোপনিষদে শিষ্টৈঃ শ্রুতি-স্মৃতিবিধানতঃ
তথাঽঽত্মেতয়মপ্যক্তং স বৈ ইতি নিশ্চিতঃ । ৪৯
অতোঽন্যথা তু কুর্বাণঃ শ্রেয়ো নাপ্নোতি মানবঃ ।
তস্মাদ্ ভিক্ষুষু শূদ্রেণ কার্য্যমাত্মহিতং সদা । ৫০
ইহ বং কুরুতে শ্রেয়স্তং প্রেত্য সমুপাশ্নুতে
অজ্ঞানপূর্ব্বতা কার্য্যা কর্ত্তব্যং যদি মন্যতে । ৫১

দ্বারা তিনি ব্রহ্মকে তৃপ্ত করেন এবং উপরের দিকে যে জলফেলন করেন, তাহার দ্বারা তিনি আকাশের অধিষ্ঠাতা দেবতাকে সন্তুষ্ট করিয়া থাকেন। ৩৭

তিনি নিজের পরিধেয় যে বস্ত্র দিয়া থাকেন, তাহাতে ওপরান্ত বিষ্ণু প্রসন্ন হন। আচমনকারী পুরুষ পূর্ব্ব বা উত্তর দিকে মুখ করিয়া নিজের হস্তকে জানুদ্বয়ের মধ্যভাগে রাখিয়া জল স্পর্শ করিবেন। ভোজনাদি সকল সময়েই এই আচমন করিবার এই বিধি কথিত আছে। ৩৮-৩৯

যদি দন্তে অন্নাদি লাগিয়া থাকে, তবে নিজেকে উচ্ছিষ্ট মনে করিয়া পুনরায় আচমন করিবে। ইহাই শৌচের বিধি বলিয়া কথিত হইয়াছে। কোনও বস্তুর স্পর্শে তক্ত তাহার উপর জল সেচনকরা (অপ্রক্ষণ করা) কর্ত্তব্য বলিয়া অভিহিত আছে। ৪০-

(মনুসেবার উদ্দেশে) মৃৎ হইতে নির্ম্মিত হইবার সময় শূদ্রের পক্ষেও এই শৌচাচার বিধিই সেবা করা যায়। যিনি মনকে বশীভূত করিয়াছেন এবং যিনি নিজের কল্যাণ কামনা করেন, এরূপ গৃহরক্ষাকারী শূদ্রও এইরূপ শৌচাচারসম্পন্ন হইবেন, সন্ন্যাসীদিগের নিকটে গমন করিবেন এবং তাঁহাদের সেবাদি কার্য্যসকল করিবেন। ৪১-৪২

ক্ষত্রিয়গণ আরম্ভযজ্ঞ (উৎসবাদি) করিবেন, বৈশ্যদিগের যজ্ঞে হবির্দ্রব্যের (ঘৃতাদির) প্রয়োজন থাকে, শূদ্রগণের যজ্ঞ সেবা এবং ব্রাহ্মণগণ ঋণরূপ যজ্ঞকারী হন। ৪৩

শুশ্রূষা সেবার দ্বারাই জীবিকা অর্জ্জন করেন, বৈশ্যগণ ব্যবসায়ীবৃত্তি দ্বারা, দুষ্টজনদের দমন করা ক্ষত্রিয়দিগের জীবিকাবৃত্তি এবং ব্রাহ্মণের বেদের স্বাধ্যায়ের দ্বারা জীবননির্ব্বাহ করেন। ৪৪

রাজন্, ব্রাহ্মণ তপস্যার দ্বারা, ক্ষত্রিয় পালনাদির দ্বারা, বৈশ্য অতিথিসৎকারের দ্বারা এবং শূদ্র সেবাবৃত্তি দ্বারা শোভাপ্রাপ্ত হইয়া থাকেন। ৪৫

নিজের মনকে বশীভূতকারী শূদ্রের সকলেই তিন বর্ণের বিশেষতঃ আশ্রমবাসীদিগের সেবা করা উচিত। ৪৬

তিন বর্ণের সেবার অপেক্ষা শূদ্রের নিজের শক্তি, বুদ্ধি, বয় এবং শাস্ত্রজ্ঞানানুসারে আশ্রমবাসীদিগের সেবা করা কর্ত্তব্য। বিশেষতঃ সন্ন্যাসাশ্রমে স্থিত ভিক্ষুকের সেবা করা তাঁহার পরম কর্ত্তব্য। ৪৭-

গার্হস্থ্যে নিযুক্তস্থানে নিযুক্ত শিষ্ট পুরুষগণ ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বানপ্রস্থ ও সন্ন্যাস—এই চারি আশ্রমের মধ্যে সন্ন্যাসাশ্রমকেই প্রধান বলিয়া মনে করেন। ৪৮

শিষ্ট পুরুষগণ বেদ ও স্মৃতিশাস্ত্রের বিধানানুসারে যে উপদেশ করিবেন, তাঁহার পক্ষে ইহাই বধ বলিয়া নির্দ্দিষ্ট আছে।

ইহার বিপরীত আচরণকারী ব্যক্তির কল্যাণভাগী হয় না, অনর্থক পুরুষের পক্ষে তাহারই অনুষ্ঠান করা উচিত, অতএব শূদ্রের সর্ব্বদা সন্ন্যাসীদিগের সেবা করিয়া নিজের কল্যাণ করা কর্ত্তব্য। ৪৯-৫০

অমুষ্ঠিতা কুতস্নেহ ভল্ল দুঃখাদনাপ্নুয়াৎ। ৫১
প্রিয়বাদী ভিক্ষুকোঽয়ো দীক্ষতস্ত্রিয়সংযমঃ
ক্ষমাবান্ শীলসম্পন্নঃ সত্যবাদ্যপরায়ণঃ। ৫৩
আপন্তাবেন কুর্য্যাদ্ধি শুভ্রূষা ভিক্ষুকাশ্রমে ৫৪
অয়ং যে পরমো ধর্ম্মস্তবেনেহ সুদুস্তরম্
সংসারসাগরং ঘোরং তরিষ্যামি ন সংশয়ঃ। ৫৫
নির্ভয়ো দেবমুৎসৃজ্য বাসায়ামি পরমাং গতিম্
নাতঃ পরং সমাস্থায় এষ ধর্ম্মঃ সনাতনঃ। ৫৬
এবং সঞ্চিন্ত্য মনসা শুভ্রো বুদ্ধিসমন্বিতা।
কুর্য্যাদবিমনা নিত্যং শুভ্রূষাধর্ম্মমুত্তমম্ ৫৭
শুভ্রূষানিরতেনেহ ভার্য্যা শিষ্টাশিনা সদা
পত্যাদিষ্টেন কার্য্যেণ কার্য্যাকার্য্যবিদা সদা। ৫৮
সর্ব্বকার্য্যেষু কুত্যানি কৃতাকৃতে চ দর্শয়েৎ

যদি স্ত্রীতো ভবেদ্ ভিক্ষোর্গৃ কার্য্যং সমাচরেৎ
যদকল্পং ভবেদ্ ভিক্ষোর্গৃ কার্য্যং সমাচরেৎ
যদাত্মনস্ত্যাবিরুদ্ধং ধর্ম্মমাত্রাভিসংহিতম্। ৬০
তৎ কার্য্যমবিচারেণ নিত্যমেব শুভ্রূষিণা
মনসা কর্ম্মণা বাচা নিত্যমেব প্রসাদয়েৎ। ৬১
স্নাতয়া ভিক্ষমাণায়ৈ গচ্ছমানায়ন্নুব্রজেৎ
আসীনেষাসিতব্যঞ্চ নিত্যমেবানুযাতিনা। ৬২
নৈমনস্যাদ্যপি কৃতা তু নিত্যা চৈবানুচোদিতঃ।
যথাবিধিপরিস্পৃষ্ট সংস্কৃতা ভলভাজনম্। ৬৩
ভিক্ষুণা বিনয়ং গত্বা প্রণম্য। বিধিপূর্ব্বকম্।
ব্রহ্মপূর্ব্বান্ গুরূংস্তত্র প্রণম্য নিঃসৃজেত্ততঃ। ৬৪
তথাঽঽচার্য্যপুরোগাংস্তানমস্কৃত্য প্রযত্নতঃ
অবর্ষচারিণা চাপি সুখং পৃষ্টাভিবাদ্য চ। ৬৫

যাহার ইহলোকে যে অন্যায়কারী কার্য্য করে, তাহার ফল সে মৃত্যুর পর প্রাপ্ত হইয়া থাকে। তাহাকে যাহার নিজের কর্ত্তব্য বলিয়া মনে করিবে, সেই কার্য্যকে সেই ব্যক্তি কোনরূপ দোষ দৃষ্টি না রাখিয়াই নিষ্পন্ন করিবে। দোষদৃষ্টি রাখিয়া যে কার্য্য সাধন করে, তাহার ফল সে ইহ জন্মেই অত্যন্ত দুঃখের সহিত প্রাপ্ত হইয়া থাকে। ৫১-৫২

পুত্রের কর্ত্তব্য ইহাই - তিনি শ্রিতভাবী হইবেন, ক্রোধকে জয় করিবেন, আলস্যকে পরিহার করিবেন, ইন্দ্রিয়সেবিত হইবেন, ক্ষমাবান্, শুদ্ধচিত্ত সত্যধর্ম্মে নিরত থাকিবেন আপৎকালে তিনি সন্ন্যাসীদিগের আশ্রমে গমন করত তাঁহাদের সেবা করিবেন। ৫৩-৫৪

'ইহা আমার পরম ধর্ম্ম, ইহার দ্বারা আমি এই অত্যন্ত দুস্তর ঘোর সংসারসাগর পার হইয়া যাইব। ইহাতে কোনও সংশয় নাই। আমি নির্ভয় হইয়া এই দেহ পরিত্যাগ করত পরম গতি প্রাপ্ত হইব। ইহা হইতে শ্রেষ্ঠ আর কোনও কর্ত্তব্য আমার নাই। ইহাই সনাতন ধর্ম্ম।' মনে মনে এরূপ বিচার পূর্ব্বক প্রসন্নচিত্ত হইয়া পুত্র বুদ্ধিকে একাগ্র করত সর্ব্বদা উত্তম সেবা-ধর্ম্ম পালন করিবেন। ৫৫-৫৭

পুত্রের কর্ত্তব্য ইহাও তিনি নিয়মপূর্ব্বক সেবা করিয়া যাইবেন, সর্ব্বদা যজ্ঞাবশিষ্ট অন্নভোজন করিবেন, মন ও ইন্দ্রিয়গণকে বশে রাখিবেন এবং সতত কর্ত্তব্য ও অকর্ত্তব্যের জ্ঞান লাভের করিবেন। ৫৮

সমস্ত কার্য্যের মধ্যে যাহা অবশ্য করণীয়, তাহা সম্পন্ন করিয়া দেখাইবেন। দেখাবে দেখাবে সন্ন্যাসী শ্রীত হইবেন, সেই ভাবে সেইভাবেই তাঁহার কার্য্য সম্পাদন করিবেন। যে কার্য্য সন্ন্যাসীর হিতকর হইবে না, সেই কার্য্য কখনও করিবেন না। ৫৯।

যে কার্য্য সন্ন্যাসাশ্রমের বিরুদ্ধ হইবে না এবং যাহা ধর্ম্মের অনুকূল হইবে, শুভাকাঙ্ক্ষী পুত্র সেই কার্য্য বিনা বিচারে সদা করিয়া যাইবেন। ৬০-৬১

মন, বাক্য ও ক্রিয়ার দ্বারা সর্ব্বদাই তিনি সন্তুষ্ট থাকিবেন যখন সেই সন্ন্যাসী স্নানযুক্ত হইবেন, তখন সেবাকারী পুত্রও স্নান করিয়া থাকিবেন। তিনি যদি ভোজনে গমন করেন, তবে তিনিও তখন তাঁহার পশ্চাতে পশ্চাতে যাইবেন। যদি তিনি কোনও আসনে বসিয়া থাকেন, তাহা হইলে পুত্র স্বয়ং কৃষিতে উপবেশন করিবেন। ইহার অন্যথা হইল এই যে তিনি সর্ব্বদা সন্ন্যাসীর অনুগমন করিয়া চলিবেন। ৬২-৬৩

রাত্রির কার্য্য শেষ করিয়া প্রতিদিন তাঁহার অনুমতি গ্রহণ করত বিধিপূর্ব্বক স্নান করিয়া তাঁহার জন্য ভলপূর্ণ ভাজন আনিয়া রাখিবেন। তারপর সন্ন্যাসীর স্থানে গমন করত তাঁহাকে বিধি অনুসারে প্রণাম করিয়া ইন্দ্রিয়সংযম পূর্ব্বক ব্রাহ্মণাদি গুরুজনগণকে প্রণাম করিবেন এইভাবে যথাযথ অনুষ্ঠানকারী আচার্য্য প্রভৃতিকেও নমস্কার ও অভিবাদন করিবেন তাঁহাদের কুশল জিজ্ঞাসা করিবেন। পূর্ব্বে যে পুত্র আজ্ঞাদের কার্য্যে নিযুক্ত হইয়াছেন, তাঁহারও যথা অনুসরণ করিবেন এবং

যো ভবেৎ পূর্বসংসিদ্ধস্তদ্ভাবাবস্থা ভবেৎ সদা
তস্যৈ প্রণামঃ কর্তব্যো নেতরেষাং কদাচন । ৬৮
অনুক্তা তেষু চোত্থায় নিত্যমেব যতব্রতঃ
সম্মার্জনমথো কৃত্বা কৃত্বা চাপ্যুপলেপনম্ । ৬৭
ততঃ পুষ্পবলিং দত্ত্বাৎ পূজামাত্মায় বর্ত্মতঃ ।
নিষ্ক্রম্যাবসথাৎ তূর্ণমন্যত্র কর্ম সমাচরেৎ । ৬৮
যথোপঘাতো ন ভবেৎ স্বাধ্যায়েষ্বধ্বরিষ্বথ তথা ।
উপঘাতং তু কুর্বাণ এনসা সম্প্রযুজ্যতে । ৬৯
তস্মাদ্বৈষ্ণা প্রাবিধাতব্যো যথা তে প্রীতিমাপ্নুয়ুঃ
পরিচারিকোঽহং বর্ধানাং ত্রয়াণাং বর্ত্মতঃ স্মৃতঃ । ৭০
কিমুতাত্মসমুত্থানাং যথাদ্রোপজীবিনাম্ । ৭১
ভিক্ষূণাং গতত্রাণানাং কেবলং জ্ঞানদর্শিনাম্
বিশেষেণ মতা কার্যা শুশ্রূষা নিয়তাত্মনা । ৭২
তেষাং প্রসাদাদ্ধ্যয়নং প্রাপ্যমাহুঃ শ্রুতাঃ গতিম্ ৭৩
এবমেতদ্ বিনির্দিষ্টা যদি সেবেত ভিক্ষুকান্ ।

বিধিনা যথোপদিষ্টে প্রাপ্নোতি পরমাং গতিম্ । ৭৪
ন তথা সম্প্রদানেন নোপধাসাদিভিস্তথা ।
ইষ্টা গতিমবাপ্নোতি যথা শুশ্রূষকর্মণা । ৭৫
বাদৃশেন তু ভোগেন তৃপ্তিং প্রকুরুতে নরঃ ।
তাদৃগ্ ভবতি তদ্ভোগমুপকর্তা যতাবতঃ । ৭৬
শূদ্রোঽপ্যেতেন মার্গেণ যাদৃশং সেবতে জনম্
তাদৃশং ভবতি সাদর্শাদারেণ ন সংশয়ঃ ।৭৭
তস্মাৎ প্রযত্নতঃ সেব্যা ভিক্ষবো নিয়তাত্মনা
অন্যেষু কর্মিষ্ঠানাঞ্চ ব্যাখিতানাং ভবেৎ চ । ৭৮
শুশ্রূষাং নিয়তঃ কুর্যাৎ ভেষামাপদি বর্ত্মতঃ
বর্ধাজ্ঞানাবাবেক্ষেত ভৈক্ষভাজনমেব চ । ৭৯
যথাকামন্তু কার্যাণি সর্বাণ্যেবোপসাধয়েৎ ।
প্রায়শ্চিত্তং যথা ন স্যাৎ তথা সর্বং সমাচরেৎ । ৮০
ব্যাখিতানাং তু পুরুষঃ শৈলপ্রক্ষালনাদিভিঃ
প্রতিকর্মক্রিয়া ও যা ভেষজানহনৈষুধা । ৮১

ওষধ্যো কার্যাসাধ্যং হইবেন। নিজের সমান বর্ষাবরণী মুনিকে প্রণাম করিবেন, অন্য মুনিগণিকে তথাপি প্রণাম করিবেন না। ৬৬-৬৯

সন্ন্যাসী যা আশ্রমের অন্য ব্যক্তিগণ না থাকিলেও প্রতিদিন নিয়ম পূর্বক উঠিবেন এবং সম্মার্জন করিয়া (ঝাড়ু দিয়া) আশ্রমের ভূমি গোময়াদির দ্বারা লেপন করিবেন। ৬৭

তাহার পর যথাক্রমানে পুষ্প সংগ্রহ করিয়া পূজনীয় দেবতাদিগের সেই সব পুষ্পের দ্বারা পূজা করিবেন। ইহার পর আশ্রম হইতে নির্গত হইয়া অন্য কার্যে নিরত হইবেন। ৬৮

আশ্রমবাসিগণের স্বাধ্যায়ে বিঘ্ন সৃষ্টি না হয়, তাহার জন্য সদা সচেষ্ট থাকিবেন। কারণ, যে স্বাধ্যায়ে বিঘ্ন সৃষ্টি করে, সে পাপভাগী হয়। ৬৯

নিজেকে নিজে এইভাবে অতিসন্ধ সাবধানতার সহিত সেবার নিযুক্ত রাখিবেন, যাহাতে সেই সাধু পুরুষগণ প্রসন্ন হন। মুনিরা সর্বদা এইরূপ বিচার করা কর্তব্য যে, আমি ত' পাপে কর্মানুসারে ভিন্ন বর্ণের সেবক হইয়া জন্মিত হইয়াছি। যাঁহারা সন্ন্যাসাশ্রমে থাকিয়া যারা কিছু বিদিবে, তাহারই দ্বারা জীবননির্বাহকারী যে সব বৃত্ত সন্ন্যাসী আছেন, তাঁহাদের সেবার বিষয়ে আর কি বলিবার আছে? (তাঁহাদের সেবা করা ত' আমার পরম ধর্ম।) ৭০-৭১

যাহারা কেবল জ্ঞানবন্তী, বীতরাগ সন্ন্যাসী, তাহাদের সেবা বিশেষভাবে মনকে সংযত করিয়া আমাকে করিতে হইবে। ৭২

তাঁহাদের কৃপা ও তপস্যার দ্বারা আমি মনোবাঞ্ছিত গতি প্রাপ্ত হইব এরূপ নিশ্চয় করিয়া যদি শূদ্র পূর্বোক্ত বিধি অনুসারে সন্ন্যাসীদিগের সেবা করে, তবে পরমগতি প্রাপ্ত হইয়া থাকেন। ৭৩-৭৪

শূদ্র সেবা কর্মের দ্বারা যে মনোবাঞ্ছিত ভোগ গতি লাভ করেন, সেরূপ গতি তিনি লাভ ও উপবাসাদির দ্বারাও প্রাপ্ত হন না। ৭৫

মানুষ যেরূপ ভোগের দ্বারা তৃপ্ত হয়, সেরূপ ভোগের যজমান অনুসারেই তাহার অন্য হইয়া থাকে। ৭৬

শূদ্রও এই পথে চলিয়া যেরূপ পুরুষের সেবা করেন, নিঃসন্দেহরূপে তিনি সেই ভোগ হইয়া যান, ইহাতে কোনও সংশয় নাই।৭৭

অতএব শূদ্রের কর্তব্য হইল—তিনি নিজের মনকে সংযমযুক্ত করিয়া যত্নসহকারে সন্ন্যাসিগণের সেবা করিবেন। যাঁহারা পথ চলিয়া পরিশ্রমে ক্লান্ত পাকিতেছেন এবং যাঁহারা রোগে পীড়িত, সেই সন্ন্যাসিগণের এইরূপ আপদকালে বস্ত্র ও নিবাসের দণ্ডিত বিশেষভাবে সেবা করিবেন। ৭৮।

তাঁহাদের কৃপাসন, মৃগচর্ম ও ভিক্ষাপাত্রের দিকে দৃষ্টি রাখিবেন এবং তাঁহাদের রুচি অনুসারে সকল কার্যই সম্পন্ন করিবেন। ৭৯।

তাঁহাদের সকল কার্য এরূপ সাবধানে করিবেন, যাহাতে কোন অপরাধ অনুষ্ঠিত না হয়। সন্ন্যাসীরা যদি রোগগ্রস্ত হন,

ভিক্ষাটনোঽভিগন্তেষ্ট ভিষক্তস্য বিপশ্চিতঃ।
ততো বিনিষ্ক্রিয়াণ্যানি ত্রয়াণি সমুপার্জয়েৎ ॥৮১
যস্য প্রীতমনা দত্তাদন্নাদ্যং ভেষজং নরঃ
অজ্ঞয়া হি দত্তানি তানুভয়ানি ভিষক্কৃতিঃ ॥ ৮৩
শ্রদ্ধয়া বহুপাদত্ত শ্রদ্ধয়া চোপপাদিতম্।
তস্যোপভোগাদ্ বর্ষং স্যাদ্ ব্যাধিভিস্ত নিবর্ত্ততে ॥৮৪
আদেহপতনাদেবং শুশ্রূষেদ্ বিধিপূর্বকম্।
ন ত্বেব ধর্মযুক্তেষু মূর্খ্যাৎ তেষাং প্রতিক্রিয়াম্ ॥৮৫
দত্তাদত্তো হি যে দ্রব্যানি বিপ্রেষ্টাদ্যপবাদ্ভি চ।
দত্তাবতঃ সর্বতাবা ভবন্তি ন ভবন্তি চ ॥৮৬
সাগরস্যোপমেয়শ্চ বিজ্ঞাতব্য গুণাত্মকঃ।
বিদ্বাংসো হি যে লোকাস্তেষ্বিহ্ তত্ত্বদর্শনঃ ॥ ৮৭
ন স লিপ্যেত পাপেন পদ্মপত্রমিবাম্ভসা।
এবং প্রবর্ত্তিতব্যং হি গুশ্রূষার্থমতন্দ্রিতৈঃ ॥৮৮

সর্বাভিরূপসেবাভিস্তদ্বাভি যত্নতো যথা
নাপরাধ্যেত্ত ভিক্ষোস্তু ন চৈবমবমন্যেত ॥ ৮৯
উত্তরঞ্চ ন সন্দদ্যাৎ ক্রুদ্ধঃ চৈব প্রসাদয়েৎ
শ্রেয় এবাভিবাঞ্ছন্ কর্তব্যাঃ প্রস্তুতৈরিহ ॥ ৯০
তূষ্ণীম্ভাবেন বৈ তত্র ন ক্রুদ্ধমভি সাধয়েৎ
লজ্জালক্ষেন ভীমেন তস্যৈব পরিপোষয়েৎ।
কোপিনঃ তু ন যাচেত জ্ঞানবিঘ্নেষকারিতঃ ॥ ৯১
স্থাবরেষু দয়াঃ কুর্য্যাজ্জঙ্গমেষু চ প্রাণিষু
যথাত্মনি তথাত্মেষু সদা দৃষ্টিঃ বিশাস্তবেৎ ॥ ৯২
পুণ্যতীর্থানুসেবী চ নদীনাং পুলিনাশ্রয়ঃ
শূন্যাগারনিকেতশ্চ বনবৃক্ষফলাশনঃ ॥ ৯৩
অবধ্যানুচরো নিত্যং বেলাবননিকেতনঃ
একরাত্রং দ্বিরাত্রং বা ন কচিৎ সজ্জতে ভিক্ষুঃ ॥ ৯৪

যে বুদ্ধিমান্ ও ভত্তজ্ঞ পুরুষ রোগ জানেন, তিনি তার হইতে নিষ্কৃতি পাইবার স্থান পাবে নিশ্চয় হন ॥ ৮৭

এইভাবে ধর্মপ্রবৃত্তে আজও শূদ্র হইয়া সন্ন্যাসীদিগের সেবার জন্য প্রযত্নশীল হওয়া উচিত। তাঁহারা সর্বপ্রকার ক্ষুদ্র বৃহৎ সেবাসমূহের দ্বারা সেবা চেষ্টা করিবে, যাহাতে সন্ন্যাসিগণ সদা সন্তুষ্ট থাকেন ॥ ৮৮

কিন্তু সন্ন্যাসীর তখনও অপরাধ করিবে না। তাঁহাকে অবজ্ঞাও করিবে না, তাঁহাকে কটুবাক্য উত্তর দিবে না এবং যদি তিনি কুপিত হন, তবে তাঁহাকে প্রসন্ন করিবার চেষ্টা করিবে ॥ ৮৯

মঙ্গল কল্যাণকারী কথাই বলিবে এবং অতিশয় স্থির চিত্তে কল্যাণকারী কথাই করিবে সন্ন্যাসী যদি ক্রুদ্ধ হন, তবে তাঁহার সম্মুখে নীরবে থাকিবে, কোন কথা বলিবে না ॥ ৯০

সন্ন্যাসীর কর্তব্য হইল—তাঁহাকে প্রসাদে যদি কোন বস্তু লাভ হয় বা লাভ না হয়, যাহা কিছু প্রাপ্ত হইবে, তাহাদ্বারা যাত্রা তিনি জীবন নির্বাহ ও পথের শোধন করিবেন। যে ব্যক্তি রোগী, তাহার নিকট হইতে কোনও বস্তু যাচ্ঞা করিবেন না। যে ব্যক্তি জ্ঞানের প্রতি দ্বেষভাবাপন্ন, তাহার নিকট হইতেও কোন বস্তু যাচ্ঞা করিবেন না স্থাবর ও জঙ্গম সকল প্রাণীর প্রতিই সদা তাঁহাদের যেরূপ নিজের উপর সেইরূপ অপরের প্রতিও সমান দৃষ্টি রাখিবেন ॥ ৯১-৯২

তবে সর্বদা ঔদাসীন হইয়া তাঁহাদের বস্তু ভোগ করিবে। তাঁহাদের ভক্ত ঔষধ খাইবে এবং তাঁহাদের চিকিৎসার ভক্ত ভক্ত সর্বপ্রকার বস্তু করিবে ॥ ৮৫-৮৬

ভিক্ষুক রোগী হইলেও ভিক্ষার ভক্ত পরম করিবেন। বিদ্বান্ চিকিৎসকগণের নিকট যাইবেন এবং রোগ নিবারণের জন্য ঔসমূহ বিভক্ত ঔষধ দানের করিবেন ॥ ৯২

যে চিকিৎসক যত্নসহকারে ঔষধ দিবেন, তাঁহার নিকট হইতে সন্ন্যাসীরা ঔষধ খাইবেন। অজ্ঞতা পূর্বক প্রদত্ত ঔষধ সন্ন্যাসীরা নিজেদের ব্যবহারে লাগাইবেন না ॥ ৮৩

যাহা শ্রদ্ধার সহিত প্রদত্ত হয় এবং যাহা শ্রদ্ধা সহকারেই গ্রহণ করা হয়, সেই ঔষধ সেবনে বর্ষ হয় এবং রোগসকল হইতেও মুক্তি লাভ হয় ॥ ৮৪

মূলের কর্তব্য হইল—যতক্ষণ না তাহার দেহত্যাগ হয়, ততক্ষণ এইরূপ বিধি অনুসারেই সে সেবাকার্য করিয়া যাইবে কিন্তু ধর্ম উল্লঙ্ঘন করিয়া সেই সাধু-সন্ন্যাসিগণের প্রতি বিপরীত আচরণ করিবে না ॥ ৮৫

ভিক্ষাকালি সময় যত্ন ভক্তাবাহনাদেই আসিয়া থাকে ও চলিয়া যায়, সময় পদার্থ ভক্তাবতই উৎপন্ন হয় এবং নষ্ট হইয়া যায়, বাবতীয় ত্রিগুণময় পদার্থ সমুদ্রের তরঙ্গের ন্যায় উৎপন্ন হয় ও বিলীন হইয়া যায় ॥ ৮৬

শ্মশানপর্বপুটে বাপি যত্রে চত্বরি ভিক্ষুকঃ
ন তোয়ার্থমনুপ্রেত্য যাত্রামাত্র সমশ্নুতে । ১৫
বর্ষলক্ষং সমগ্রাণি ন ক্রামন্ বিজিতশ্নুতে
যুগমাত্রদৃগন্যায়ী ক্রোশমাত্রং ন গচ্ছতি । ১৬
সর্বো মানাপমানাভ্যাং সহনোদ্বোগুকাঙ্ক্ষয়ঃ
সর্বভূতাভয়করস্তথৈবাভয়দক্ষিণঃ । ১৭
নির্দ্বন্দ্বো নির্নমস্কারো নিরানন্দনমিত্রবঃ ।
নির্নয়ো নিরহঙ্কারঃ সর্বভূতনিরাশ্রয়ঃ । ১৮
পরিসংখ্যানতত্ত্বজ্ঞস্তথা সত্যরতিঃ সদা ।
ঊর্দ্ধং নাধো ন তির্যক্ চ ন ক্ষিতিস্তিক্তমাদরেৎ । ১৯
এষ সজ্জনমানস্ত যাতিধর্মঃ তথাবিধি ।
কালস্য পরিমাণায় ন্যূ যথা পক্ষকলা তথা । ১০০
স বিসৃজ্য স্বকং দেহং প্রবিশেদ্ ব্রহ্ম শাশ্বতম্ ।

নিয়ামরয়মাত্তস্তু গুণসৌম্যমচেতনম্ । ১০১
নিরুক্তমমনীলক নিরিন্দ্রিয়মতা তথা
অক্ষয্যমক্ষরং যৎ তদ্বেত্তব্যং পুরুষেণ চ । ১০২
নির্ত্তক প্রকৃতিমন্নিবিকারক সর্বদা
ক্ষুত্তৃড়-ভয়-ক্লমিমুক্তা কালস্য পরমেশ্বরম্ । ১০৩
অব্যক্তা পুরুষা ক্ষেত্রমনন্তায় প্রপদ্যতে
এবং স ভিক্ষুর্নির্বাণং প্রাপ্নুয়াদ্ দ্বন্দ্বর্জিতঃ । ১০৪
ইহস্থো দেহমুৎসৃজ্য নৌড়ঃ শকুনিরণ্ড যথা
যং করোতি যদশ্নাতি শুভং বা যদি বাশুভম্ । ১০৫
নাকৃতং ভুজ্যতে কর্ম ন কৃতং নশ্যতে ক্বচন্
শুভকর্মসমাচারো শুভমেবাপ্নুতে ফলম্ । ১০৬
তথাশুভসমাচারো অশুভং সমবাপ্নুতে
তথাশুভসমাচারো অশুভানি বিবর্জয়েৎ । ১০৭

সন্ন্যাসী পুণ্যতীর্থসমূহের বিষয় দেখা করিবেন, নদীর তীরে কুটীর নির্মাণ করিয়া বাস করিবেন। অথবা বৃক্ষ মূলে অবস্থান করিবেন। সমস্যা বৃক্ষের তলায় অথবা পর্ণকুটীরমূলে রাত্রিযাপন করিবেন। সদা সর্বদা বিচরণ করিবেন। যেখানেই যান যাত্রার করিয়া থাকিবেন, কোনও স্থানে এক রাত্রি বা দুই রাত্রির অধিক থাকিবেন না। কোথাও আসক্ত হইবেন না। ১৪-১৪

সন্ন্যাসী বনজাত ফলমূল ও শুষ্ক পত্র আহার করিবেন। তিনি ভোগের জন্য নহে। শরীরযাত্রা নির্ব্বাহের জন্যই আহার করিবেন। ১৫

তিনি দশাগ্রামে প্রাণ রক্ষা ভোজন করিবেন। কাহারও নিকট কোন কিছুই যাচ্ঞা করিবেন না। পথে চলিবার সময় দুই হাত অগ্রভাগ পর্য্যন্ত দৃষ্টি রাখিবেন এবং একদিনে একক্রোশের অধিক পথ চলিবেন না। ১৬

মান বা অপমান—এই উভয় অবস্থাতেই সমানভাবে থাকিবেন। তৃষ্ণিকার ভিক্ষা, প্রভূত বা সুস্বাদ—এই সবের প্রতিই সমানভাবে রাখিবেন। সমস্ত প্রাণীকেই অভয়দান করিবেন এবং সকলকেই অভয় দক্ষিণা দিবেন। ১৭

দ্বন্দ্ব-উদ্ধৃতি ব্যবহারে নির্ব্বিকার থাকিবেন, কাহাকেও নমস্কার করিবেন না। সাংসারিক সুখ ও পরিগ্রহ হইতে দূরে থাকিবেন। মমতা ও অহংতা পরিত্যাগ করিয়া দিবেন। সমস্ত প্রাণিগণের জন্যে তাহারও আশ্রিত হইয়া থাকিবেন। ১৮

বস্তুসমূহের পরিমাণের বিষয়ের বিচার করত তাহাদের তত্ত্ব জানিবেন। সদা সত্যে অনুরক্ত থাকিবেন। উর্দ্ধ, অধঃ কিংবা পার্শ্ববর্ত্তী কোথাও কোনও বস্তুর কামনা করিবেন না। ১৯

এইভাবে বিধিব্যবস্থায় মতিমৎ পালনকারী সন্ন্যাসী কালের পরিমাণস্বরূপঃ নিজের দেহকে পক্ক ফলের ন্যায় ত্যাগ করিয়া সনাতন ব্রহ্মে প্রবিষ্ট হইয়া যান। ১০০½

এই ব্রহ্ম নিরাময়, অনাদি, অনন্ত, সৌম্য, শ্রীযুক্ত, চেতনারহিত উপরে স্থিত, অনির্বচনীয়, ইন্দ্রিয়হীন, ইন্দ্রিয়াতীত, অক্ষয়, অক্ষর, অবিনাশী, অক্ষেত্র, পুরুষ, নির্ত্তক, সর্ব্বশক্তিমান্, নির্বিকার, ক্ষুধা, বর্দ্ধমান ও ভয়িষ্ণুকালের অধিপতি এবং পরমেশ্বর ইনি অব্যক্ত, অন্তর্যামী পুরুষ এবং ক্ষেত্রজ্ঞ ইনিই। যিনি ইঁহাকে জানিতে পারেন, তিনি মোক্ষপ্রাপ্ত হন। ১০১-১০৪½

এইভাবে সেই ভিক্ষু নীড় (বাসা) ত্যাগ করিয়া উড্ডীয়মান পক্ষীর ন্যায় এ জগতে এই শরীর ত্যাগ করিয়া সমস্ত পাশকে জানীরীতি দ্বারা দগ্ধ করিয়া দিয়া নির্ব্বাণ—মোক্ষ লাভ করিয়া থাকেন। ১০৪½

মানুষ যে শুভ বা অশুভ কর্ম করে, তাহার সে সেরূপই ফল ভোগ করিয়া থাকে। অকৃত কর্ম্মের ফল কাহাকেও ভোগ করিতে হয় না এবং কৃত কর্ম্মের ফলভোগ না করিলে নষ্ট হয় না। ১০৫½

যিনি শুভ কর্ম্মের আচরণ করেন, তাঁহার শুভফলই লাভ হয়। যে অশুভ কর্ম করে, সে অশুভ ফলের ভাগী হইয়া থাকে। ১০৬½

শুভাভ্যস সমাসভ্যাদ্ব যদ্ব ইচ্ছেদ্ধ বৃদ্ধিমান্বনঃ
তস্মাদাগমসম্পন্নো ভবেৎ মুনিরতেন্দ্রিয়ঃ ॥ ১০৮
শক্যতে হ্যাগমাদেব গতির্জ্ঞাতুমনাময়াম্।
পরা চৈবা গতির্দৃষ্টা যামেবেচ্ছতি সাধবঃ ॥ ১০৯
যদ্যাবৃত্তং লভতে ত্যক্ত্বা দুঃখমনন্তকম্।
ইদং হি বর্ষমাত্মায় যেঽপি স্যুঃ পাপযোনয়ঃ ॥ ১১০
স্ত্রিয়ো বৈশ্যাস্তথা শূদ্রাস্তে প্রাপ্নুবুঃ পরমাং গতিম্
কিং পুনর্ব্রাহ্মণো বিদ্বান্ ঋষিরো বা মহব্রতঃ ॥১১১
ন চাপ্যজ্ঞানপর্যন্তং জ্ঞানং ভবতি দেহিনঃ।
জ্ঞানোপলব্ধির্ভবতি কৃতকৃত্যো যদা ভবেৎ ॥ ১১২
উপলভ্য তু বিজ্ঞানং জ্ঞানং ব্যাপ্যানসূয়কঃ।
তথৈব বর্তেত্ গুরুষু কৃতাসো বা সমাহিতঃ ॥ ১১৩
যথাযথমসৌ গুরুঃ তথা তেষু প্রবর্ত্ততে
বার্ষিকস্য ক্রতঃ ভবতি জ্ঞানমজ্ঞানতাঃ ব্রজেৎ ॥১১৪

গতিং চাপ্যন্ততাঃ গচ্ছেদ্বিরাত্র ন সংশয়ঃ
প্রক্ষীয়ন্তে তস্য পুণ্যা জ্ঞানস্য বিদ্ধতে ॥ ১১৫
অদৃষ্টপূর্বকল্পাংশ্চ যথাদৃষ্টবিধির্নরঃ ॥ ১১৬
উৎসেকাদ্মোহমাপন্ন তত্ত্বজ্ঞানং ন চাপ্নুতাৎ
এবমেষ হি নোৎসেকঃ কর্ত্তব্যো জ্ঞানসন্তয়ঃ ॥ ১১৭
ফলং জ্ঞানস্য হি শমঃ প্রশমস্য মৃদ্বে দমঃ।
উপশান্তেন দান্তেন ক্ষমাযুক্তেন সর্বদা ॥ ১৮
শুশ্রূষা প্রতিপত্তব্যা নিত্যমেবাত্মবত্তয়া
বৃত্ত্যা শিশ্নোদরে তৃপ্তে পাণিপাদক চক্ষুষা ॥ ১১৯
ইন্দ্রিয়ার্থাংশ্চ মনসা মনো বুদ্ধ্যা সমাদধেৎ
বৃত্ত্যাসীত ততো পশ্চা গুরুদেশং সুসংযমম ॥ ১২০
লব্ধ্বাসনং যথাদৃষ্টং বিধিপূর্বং সমাহিতেঃ
জ্ঞানমুক্তস্তথা দেবা শ্রুতিমুপলক্ষয়েৎ ॥ ১২১
আহীপাসানং যথা বিদ্বন্মনসা দণ্ড
যস্মিন্বস্তুনিধাস্তিষ্ঠ বৈদ্যঃ ত্রাস্থিমিবাম্বরে ॥ ১২২

শুভকর্ম যিনি আত্মজ্ঞানার্থ কামনা করিবেন, তিনি শুভ কর্মসকলেরই আচরণ করিয়া যাইবেন। অশুভ কর্মসমূহ পরিত্যাগ করিবেন। এরূপ করিলে শুভ ফল প্রাপ্ত হইবেন ॥ ১০৮½

যাজ্ঞবল্ক্য কর্তৃক উক্ত—তিনি নিজের ইন্দ্রিয়গণকে বশীভূত করিয়া শাস্ত্রজ্ঞানসম্পন্ন হইবেন। শাস্ত্রের জ্ঞানের দ্বারাই মানুষের অনাময় গতি লাভ হইয়া থাকে ॥ ১০৯½

সাধুপুরুষগণ যাহার অন্বেষণ করেন, সেই পরম গতি আমি শাস্ত্রে দর্শন করিয়াছি। যেখানে উপস্থিত হইয়া মানুষ অনন্ত দুঃখ পরিত্যাগ করিয়া অমৃতত্ব লাভ করিতে পারেন ॥ ১১০½

এই বর্ষ আশ্রয় করিয়া পাপযোনিতে উৎপন্ন পুরুষ ও স্ত্রী, বৈশ্য এবং শূদ্রগণও পরম গতি লাভ করিতে সমর্থ হইবেন ॥১১১½

যিনি বিদ্বান্ ব্রাহ্মণ ও মহদ্ব্রত করিয় তাঁহার সদ্গতির বিষয়ে পুনরায় আর কি বলিবার আছে? যে দেহধারী মানুষের পাপ ক্ষীণ হইয়া যায় নাই, তাহার জ্ঞান লাভ হয় না। যখন মানুষের জ্ঞান লাভ হইয়া যায়, তখন তিনি কৃতকৃত্য হইয়া যান ॥ ১১১-১১২

জ্ঞান বা বিজ্ঞান লাভ করিলেও দোষদৃষ্টিরহিত হইয়া গুরুজনগণের প্রতি পূর্ব হইতেও অধিক শ্রদ্ধাভাব রাখিবেন ॥ ১১৩

শিষ্য যেভাবে গুরুকে অবলম্বন করে, সেইরূপ গুরুও শিষ্যগণের প্রতি আচরণ করেন। অর্থাৎ শিষ্য নিজের কর্মানুসারেই কর্মফলাদি করে গুরুকে অপরাধকারী শিষ্যের কৃত বেদপাঠের অধ্যয়ন বার্ষ হইয়া যায় তাহার সম্পূর্ণ জ্ঞান অজ্ঞানরূপে পরিণত হইয়া থাকে ॥ ১১৪

সেই শিষ্য নরকে যাইবার ও অশুভ পথ প্রাপ্ত হয়, ইহাতে কোনও সংশয় নাই। তাহার পুণ্য নষ্ট হইয়া যায় এবং জ্ঞান অজ্ঞানে পরিণত হইয়া যায় ॥ ১১৫

যে পুরুষ কখনও কল্যাণ দর্শন করে নাই, এরূপ মানুষ শাস্ত্রোক্ত বিধি না দেখিতে পাওয়ায় অজ্ঞানবশতঃ যোৎসুক হইয়া পড়ে, সেরূপ ব্যক্তিজ্ঞান লাভ করিতে পারে না ॥ ১১৬½

অতএব কাহারও জ্ঞানের অভিমান করা উচিত নয়। জ্ঞানের ফল শান্তি, সেইহেতু মনকে শান্তির অন্তর প্রস্তুত করিবে ॥ ১১৭½

মনের নিগ্রহ ও ইন্দ্রিয়গণের সংযম করিয়া সর্বদা ক্ষমাশীল এবং অহোরাত্রবর্তী হইয়া গুরুজনগণের সেবা করিবে ॥ ১১৮½

ধৈর্যের দ্বারা উপস্থ (লিঙ্গ) ও উদরকে রক্ষা করিবে। নেত্রদ্বয়ের দ্বারা হস্ত ও পদসমূহকে রক্ষা করিবে মনের দ্বারা ইন্দ্রিয়গণকে বুদ্ধির দ্বারা মনকে বিষয়সমূহ হইতে রক্ষা করিয়া যাইবে এবং মনকে বুদ্ধিতে স্থাপিত করিবে ॥ ১১৯½

প্রথমে গুরু ও পরিচিত স্থানে যাইয়া আসন স্থাপন করিবে। তারপর তাহার উপরে বৈর্যসহকারে উপবেশন করিবে এবং শাস্ত্রোক্ত বিধি অনুসারে যানের জন্য প্রস্তুত হইবে ॥ ১২০½

সাত্ত্বিতা হৃদয়ে পঞ্চেন্দ্রীণ্যাণি যতব্যবন্ধয়ম্
স চামুক্তেন শক্যোঽহয়ং ক্রটুঃ দেহে মহেশ্বরঃ ॥ ১২৩
যুক্তস্ত পশ্যতে বুদ্ধ্যা সান্নিবেশ্য মনো হৃদি।
অথ ঘোরং ন শক্যোতি কর্তুং হৃদয়ধারণম্ ॥ ১২৪
যথাসাংখ্যযুপাসীত যথাবচ্চ যোগমান্বিতঃ
পঞ্চবুদ্ধীন্দ্রিয়াণীহ পঞ্চ কর্মেন্দ্রিয়াণ্যপি ॥ ১২৫
পঞ্চ ভূতবিশেষাংশ্চ মনশ্চৈব তু ষোড়শ
তত্ত্বান্যাত্মাপি পঞ্চৈব মনোঽহঙ্কার এব চ ॥ ১২৬
অষ্টৌ চাপ্যথাবাক্তমেতাঃ প্রকৃতিসংজ্ঞিতাঃ
এতাঃ প্রকৃতয়শ্চাষ্টৌ বিকারাশ্চাপি ষোড়শ ॥ ১২৭
এবমেতদবিজ্ঞেয়ং বিজ্ঞেয়ঃ তত্ত্ববুদ্ধিনা
এবং বস্তু সমুদ্ভাষ্য ভোগী ভবতি নাস্তথা ॥ ১২৮
পরিসংখ্যানমেবৈতত্ত্বত্ত্বানাং জ্ঞানবৃদ্ধিনা।

জ্ঞানবান্ সাধক নিজের হৃদয়ে বিদ্যমান পরমাত্মার সাক্ষাৎকার করিবেন। যেরূপ আকাশে বিদ্যুতের প্রকাশ দেখা যায় এবং দেখাযে রশ্মিবান্ সূর্য্যদেব প্রকাশিত হন, সেইরূপ এই পরমাত্মাস্বরূপকে বুদ্ধিহীন অগ্নির ন্যায় তেজস্বী রূপে প্রকাশিত হইতে দর্শন করিবেন। হৃদয় হইতে বিদ্যমান এই অবিনাশী সনাতন পরমেশ্বরকে বুদ্ধিরূপী নেত্রের দ্বারা প্রত্যক্ষ করিবেন। ১২১-১২২½

যে পুরুষ যোগযুক্ত নয়, সেই পুরুষই মনকে হৃদয়ে স্থাপিত করিয়া বুদ্ধির দ্বারা সেই অক্ষয়ধামী পরমাত্মাকে দর্শন করিয়া থাকেন। ১২৩½

যদি এইভাবে হৃদয় হইতে ধ্যান ধারণা করিতে না পারেন, তাহা হইলে যথাযথভাবে যোগ অবলম্বন করিয়া সাংখ্যযোগানুসারে উপাসনা করিবেন। ১২৪½

এই দেহে চক্ষু, কর্ণ, নাসিকা, ত্বক্ ও জিহ্বা—এই পাঁচ জ্ঞানেন্দ্রিয়, বাক্, পাণি, পায়, পাদ ও উপস্থ—এই পাঁচ কর্মেন্দ্রিয়, ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ ও ব্যোম—এই পাঁচ ভূত এবং মন—এই ষোড়শ বিকার আছে। ১২৫½

পঞ্চ ভন্মাত্র, মন, অহঙ্কার ও অব্যক্ত—এই আট প্রকৃতি আছে। ১২৬½

এই আট প্রকৃতি ও পূর্ব্বোক্ত ষোড়শ বিকার—এই চব্বিশটি তত্ত্বকে এস্থানে স্থিত তত্ত্বজ্ঞ পুরুষের জানা উচিত। এইরূপে-প্রকৃতি পুরুষের বিবেক হইয়া যাইলে মানুষ দেহবন্ধন হইতে উপরে উঠিয়া ভবসাগর পার হইয়া যান, অন্যথা নহে। ১২৭-১২৮

জ্ঞানযুক্ত বুদ্ধিবিশিষ্ট পুরুষের এই সাংখ্যযোগ জানিয়া লওয়া উচিত। প্রতিদিন শান্তচিত্ত হইয়া নিজের অন্তঃকরণকে পবিত্র করিবার জন্য এবং নিজের হিতসাধনের জন্য এইরূপ পূর্ব্বোক্ত তত্ত্বসমূহের বিচার করিলে মানুষের যথার্থ তত্ত্ব বোধ হইয়া যায় এবং তিনি বন্ধনমুক্ত হইয়া যান। তত্ত্ব তাৎপর্য্যকে তত্ত্বের দ্বারা জানিয়া মানুষ অবয়ব-রহিত অক্ষয়ধাম প্রাপ্ত হইয়া যান। ১২৯-১৩০½

মানুষের সর্ব্বদা সৎপুরুষগণের সমীপে থাকা উচিত। বিদ্বান্গণের জ্ঞানী পুরুষদিগের সেবা করা কর্ত্তব্য। যে ব্যক্তি যাহার নিকটে থাকে, সে তাহার সমান বর্ণ হইয়া যায়। যেরূপ নীল পক্ষী যেরূপবর্ণের আশ্রয় গ্রহণ করত স্ববর্ণের ন্যায় বর্ণ লাভ করে। ১৩১

ভীষ্ম বলিলেন,—যুধিষ্ঠির! মানুষমাত্রের তাৎপর্য্যে অভিজ্ঞ মহামুনি পরাশর এইভাবে চারি বর্ণের জন্য কর্ত্তব্যের বিধান বলিয়া এবং সেবা ও সমাধির দ্বারা প্রাপ্য গতির নিরূপণ করিয়া একাগ্রচিত্তে নিজের আশ্রমে প্রস্থান করিলেন। ১৩২)

অধিক প্রথম অধ্যায় সমাপ্ত।

যুধিষ্ঠির উবাচ

কেষাং দেবা মহাভাগাঃ সদনমন্তে মহাত্মনাম্।
লোকেঽস্মিংস্তানৃষীন্ সর্বান্ শ্রোতুমিচ্ছামি ভারত: ৫১

ভীষ্ম উবাচ

ইতিহাসমিমং বিপ্রাঃ কীর্তয়ন্তি পুরাবিদঃ
অস্মিন্নর্থে মহাপ্রাজ্ঞাস্তং নিবোধ যুধিষ্ঠির ॥ ১
বৃত্রং হত্বাপ্যপাবৃত্তং ত্রিদশানাং পুরন্দরম্।
মন্যেন্দ্রমনুসম্প্রাপ্তং ভূয়মানং মহর্ষিভিঃ ॥ ৩
ত্রিদিবং পরমস্তুষ্টং দৃষ্ট্বা হরিহয়ানুগম্
মাতলিঃ প্রাঞ্জলিভূত্বা দেবমিন্দ্রমুবাচ হ ॥ ৪

মাতলিরুবাচ

নমস্কৃতানাং সর্বেষাং ভগবংস্ত্বং পুরস্কৃতঃ
যেষাং লোকে নমস্কুর্যাং তান্ ব্রবীতু ভবান্ মম ॥ ৫

ভীষ্ম উবাচ।

ততস্তু তদ্ বচনং শ্রুত্বা দেবরাজঃ শচীপতিঃ
বভাষে পরিপৃচ্ছন্তং মাতলিং প্রত্যুবাচ হ ॥ ৬

ইন্দ্র উবাচ

যশঃ চার্থঞ্চ কামঞ্চ যেষাং চিন্তয়তাং মতিঃ।
নাধর্মে বর্ততে নিত্যং তান্ নমস্যামি মাতলে ॥ ৭
যে রূপগুণসম্পন্নাঃ প্রমদা মুদিতজ্বরাঃ
নিযুক্তাঃ কামভোগেষু তান্ নমস্যামি মাতলে ॥ ৮
যেষু ভোগেষু সক্তাঃ স্যুরাত্মো বচনক্ষমাঃ
অমানকারাদ্ভাষ্যাংস্তান্ নমস্যামি মাতলে ॥৯
যেষাং বিদ্যাতপোযোগৈর্যাং যেষাং ন চলেন্মতিঃ
চলিতাং যে নিগৃহ্ণন্তি তান্ নিত্যং পূজয়াম্যহম্ ॥ ১০
ইন্দ্রৈর্যাবৈরুপেতানাং গুরূণামগ্নিহোত্রিণাম্
চরণ্যানুচরন্তানাং মাতলে প্রণমাম্যহম্ ॥ ১১
যেষামর্থশ্চথা কামো ধর্মমূলবিবর্ধিতঃ
যশাংসি চ সতাং নিত্যং তান্ নমস্যামি মাতলে ॥ ১২

অধিক দ্বিতীয় অধ্যায়।

[সকলের যজনীয় ও পূজনীয় কোন্ পুরুষ—এবিষয় ইন্দ্র ও মাতলির সংবাদ বর্ণন]

যুধিষ্ঠির বলিলেন,—পিতামহ! এইলোকে মহাভাগ্যশালী দেবতাগণ কোন্ মহাত্মাদিগকে প্রণাম করেন? আমি সেই সব ঋষির যথার্থ পরিচয় জানিতে অভিলাষী হইয়াছি। ১

ভীষ্ম বলিলেন,—যুধিষ্ঠির! এবিষয়ে প্রাচীন ইতিহাস সম্বন্ধে অভিজ্ঞ মহাপ্রাজ্ঞ ব্রাহ্মণগণ এই ইতিহাস বর্ণনা করেন। তুমি সেই ইতিহাস শ্রবণ কর। ২

যখন ইন্দ্র বৃত্রাসুরকে বধ করিয়া প্রত্যাবর্ত্তন করিলেন, তখন সমস্ত দেবতারা তাঁহাকে অগ্রে করিয়া স্বস্বস্থানে যাইলেন। এই সময় মহর্ষিগণ দেবেন্দ্রের স্তুতি করিতে লাগিলেন। ত্রিদিবধামে পরমসন্তুষ্ট দেবরাজ ইন্দ্র হরিৎ উপবেশন করত তখন অশ্বগণ পোষা পাইতে লাগিলেন। এই সময় মাতলি কৃতাঞ্জলি হইয়া দেবরাজ ইন্দ্রকে বলিলেন। ৩-৪

মাতলি বলিলেন,—ভগবন্! যাঁহারা সকলেরই দ্বারা পূজিত, সেই সমস্ত দেবতাগণের আপনি অগ্রগামী নেতা, কিন্তু আপনিও এই জগতে যাঁহাদের প্রণাম করেন, সেই মহাত্মাদিগের পরিচয় আপনি আমাকে প্রদান করুন। ৫

ভীষ্ম বলিলেন,—রাজন্! মাতলির এই কথা শ্রবণ করিয়া শচীপতি দেবরাজ ইন্দ্র পূর্ব্বোক্ত প্রশ্নকারী নিজের সারথিকে এইরূপ বলিলেন। ৬

ইন্দ্র বলিলেন,—মাতলে! যশ, অর্থ ও কামের চিন্তা করিতে করিতেও যাঁহাদের বুদ্ধি কখনও অধর্মে আসক্ত হয় না আমি প্রতিদিন তাঁহাদের প্রণাম করি। ৭

মাতলে! যাঁহারা রূপ ও গুণসম্পন্ন এবং যুবতীগণের মনঃসন্তোষে রহিয়া প্রযত্ন করিয়াও কেন, অথচ সমস্ত কামভোগ হইতে যাঁহারা নিবৃত্ত আছেন, আমি তাঁহাদের প্রণাম করি। ৮

মাতলে! যাঁহারা নিজেদের প্রাপ্ত ভোগেই সন্তুষ্ট থাকেন—অন্যদের হইতে অধিক ভোগের বাসনা করেন না, যাঁহারা মুখ ভাষায় তথা বলেন ও ভাবন চিত্তে সর্বদা, যাঁহাদের দ্বারা অবজ্ঞা ও তাড়নার সম্ভাবনা অত্যন্ত আছে এবং যাঁহারা সকলের নিজ হইতেই অর্থী পাইবার যোগ্য, আমি তাঁহাদের নমস্কার করি। ৯

ধন, বিদ্যা ও ঐশ্বর্য্য যাঁহাদের বুদ্ধিকে বিচলিত করিতে পারে না এবং যাঁহারা চঞ্চল বুদ্ধিকেও বিবেকবলে সংযত করিয়া থাকেন তাঁহাদিগকেই আমি নিত্য পূজা করি। ১০

মাতলে! যাঁহারা প্রিয় পত্নীযুক্ত, পবিত্র আচার-বিচারপরায়ণ নিত্য অগ্নিহোত্র করেন এবং যাঁহাদের কুটুম্বগণ চক্ষুষ্মান যে প্রভৃতি গণদ্বারা প্রতিপালিত হয়, তাঁহাদিগকে আমি প্রণাম করি। ১১

মাতলে! যাঁহাদের অর্থ ও কাম ধর্মমূলক হইয়া বৃদ্ধিপ্রা

ধর্মমূলার্থকামানাং স্নাতকানাং মহাত্মনি ।
পতিব্রতানাং নারীণাং প্রণামং প্রকরোম্যহম্ ॥ ১৩
যে ভুক্ত্বা মানুষান্ ভোগান্ পূর্বে বয়সি মাতুলে ।
তপসা স্বর্গমায়ান্তি সদৃশং তান্ পূজয়াম্যহম্ ॥ ১৪
অসন্তোষাদ্ চাসক্তান্ ধর্মনিত্যান্ জিতেন্দ্রিয়ান্ ।
সংস্তুতাদনপ্রখ্যান্ মনসা পূজয়ামি তান্ ॥ ১৫
জ্ঞানপ্রসন্নবিদ্যানাং নিত্যং ধর্মজিজ্ঞাসাম্ ।
পৌরৈঃ কীর্তিতপৌতানাং মাতুলে তান্ নমাম্যহম্ ॥ ১৬

যুধিষ্ঠির উবাচ ।

সংস্তুতানাং ওটাকানাং যৎ ফলং কুরুপুঙ্গব
তদহং শ্রোতুমিচ্ছামি ততো২স্ত তত্রতবত ॥১

ভীষ্ম উবাচ ।

নুপ্রধর্শো বনপতিশ্চিত্রধাতুবিভূষিতঃ ।
ত্রিষু লোকেষু সর্বত্র পূজিতো যত্তটাকবান্ ॥ ২
ইহ চামুত্র সদনং পুত্রৈঃ বিস্তরধর্মনম্
কীর্তিসঞ্জননং শ্রেষ্ঠং ওটাকানাং নিবেশনম্ ॥ ৩
ধর্মস্যার্থস্য কামস্য ফলমাহুর্মনীষিণঃ
ওটাকং পুরুতা দেশে ক্ষেত্রে দেশসমাত্মনঃ ॥ ৪
চতুর্বিধানাং ভূতানাং ওটাকস্যুপলক্ষয়ে
ওটাকানি চ সর্বাণি সিদ্ধন্তি ত্রিয়ুতমাম্ ॥ ৫
দেবা মনুষ্যা মরুতঃ পিতরোরগ-রাক্ষসাঃ ।
স্থাবরানি চ ভূতানি সাশ্রয়ন্তি ফলাশনম্ ॥ ৬
তস্মাদ্যান্তে প্রবক্ষ্যামি ওটাকে যে গুণাঃ স্মৃতাঃ ।
যা চ তত্র ফলপ্রাপ্তী ঋষিভিঃ সমুদাহৃতা ॥ ৭
ধর্মযাত্রাঃ ওটাকে তু সলিলং যত্র তিষ্ঠতি
অগ্নিহোত্রফলং তস্য ফলমাহুর্মনীষিণঃ ॥ ৮

হয় এবং যাঁহার ধর্ম ও অর্থ নিহত, আমি তাঁহাদের প্রণাম করি ॥ ১২

ধর্মমূলক মনের কামনাকারী স্নাতকগণকে এবং যোগ ও পতিব্রতা নারীদিগকে আমি নিত্য প্রণাম করি ॥ ১৩

যাহারা জীবনের প্রথম বয়সে মানব-ভোগসমূহ উপভোগ করিয়া তপস্যার দ্বারা স্বর্গে আগমন করেন, তাঁহাদের আমি সর্বদাই পূজা করি ॥ ১৪

যাঁহারা ভোগ হইতে দূরে থাকেন, যাঁহাদের ভোগাশক্তি নাই, যাঁহারা সজ্জন বর্গে গণিত থাকেন, ইন্দ্রিয়গণকে বশীভূত করিয়া রাখেন, যাঁহারা প্রভূত সম্পদশালী এবং পর্বত-সমূহের ন্যায় কখনও বিচলিত হন না, আমি সেই শ্রেষ্ঠ পুরুষগণকে মনের দ্বারা পূজা করি ॥ ১৫

যাহাদের বিদ্যা জ্ঞানের তার স্বচ্ছ, যাঁহারা ধর্মবিষয়ে জিজ্ঞাসু, পৌরগণ যাঁহাদের মাতুল বলিয়া বরণ করি, আমি তাঁহাদের নমস্কার করি ॥ ১৬

অতিরিক্ত দ্বিতীয় অধ্যায় সমাপ্ত ।

অতিরিক্ত তৃতীয় অধ্যায় ।

[সরোবর খনন ও বৃক্ষরোপণের মাহাত্ম্যকথন ।]

যুধিষ্ঠির বলিলেন,—কুরুপ্রধান ! ভরতশ্রেষ্ঠ ! সরোবর-খননের যে ফল হয়, আমি আজ তাহা আপনার নিকট হইতে শুনিতে ইচ্ছা করি ॥ ১

ভীষ্ম বলিলেন,—রাজন্ ! যে ব্যক্তি তড়াগ খনন করেন, তিনি বিচিত্র ধাতুসমূহে বিভূষিত বনাধ্যক্ষ কুবেরের ন্যায় সর্বত্র পূজিত হইয়া থাকেন ॥ ২

তড়াগখননের সাধারণ শ্রেষ্ঠ ও কীর্তিজনক ফল । তাহা ইহলোক ও পরলোকের উত্তম নিবাসস্থান । তাহা পুত্রের পুণ্য ও মনের তৃপ্তিকারী ॥ ৩

মনীষী পুরুষগণ সরোবরকে ধর্ম, অর্থ ও কাম—এই ত্রিবর্গের ফলদাতা বলিয়া অভিহিত করেন । সরোবর দেশে বৃষ্টিদান পুণ্যবর্ধন এবং ক্ষেত্রে দেশের প্রকৃত আশ্রয়স্থল ॥ ৪

আমি সরোবরকে ক্ষেত্র, অন্তর, উদ্ভিজ্জ ও জরায়ুজ—এই চতুর্বিধ প্রাণিদেহের পক্ষেই উপযোগী বলিয়া বলে করি । জগতে যত সরোবর আছে, তাহারা সকলেই উত্তম সম্পত্তি প্রদান করে ॥ ৫

দেবতা, মনুষ্য, মরুদ্গণ, পিতৃপুরুষ, নাগ, রাক্ষস এবং স্থাবর ও জঙ্গমগণ—ইঁহারা সকলেই জলাশয়কে আশ্রয় করেন ॥ ৬

অতএব সরোবর খননে যে সব গুণ হয়, আমি তৎসমস্তই তোমার নিকটে বর্ণনা করিব এবং ঋষিগণ সরোবরখননে যে সব ফলপ্রাপ্তির কথা বলিয়াছেন, তাহাদেরও পরিচয় আমি প্রদান করিতেছি ॥ ৭

যে সরোবরে এক বৎসরকাল পর্যন্ত জল থাকে, তাহার ফল মনীষী পুরুষগণ অগ্নিহোত্র বলিয়াছেন অর্থাৎ সেই সরোবর খনন-কারীর প্রতিদিন অগ্নিহোত্র করিবার পুণ্যপ্রাপ্তি হয় ॥৮

নিদাঘকালে সলিলং তটাকে যস্য তিষ্ঠতি।
যাজপেয়ফলং তস্য ফলং বৈ ত্বয়োচ্যতম্ ॥ ৯
সফুলং তারয়েদ্ বংশং যস্য খাদ্যে জলাশয়ে
গাবঃ পিবন্তি পানীয়ং সাধবশ্চ নরাঃ সদা ॥ ১০
তটাকে যস্য গাবশ্চ পিবন্তি তৃষিতা জলম্।
মৃগ-পক্ষি-মনুষ্যাশ্চ সোঽশ্বমেধফলং লভেৎ ॥ ১১
যং পিবন্তি জলং তত্র স্নায়ন্তে বিপ্রমণ্ডি চ।
তটাককর্ত্তুস্তং সর্বং প্রেত্যানন্ত্যায় কল্পতে ॥ ১২
দুর্গতঃ সলিলং তাত বিশেষেণ পরন্তপ
পানীয়স্য প্রদানেন সিদ্ধির্ভবতি শাশ্বতী ॥ ১৩
তিলান্ দদত্ত পানীয়ং দীপঞ্চাপ্রতিমত্বিষম্।
বাজপেয়ৈঃ সহঃ মোদন্তেঽত্র প্রেত্যেহ দুর্গতম্ ॥ ১৪
সর্বদানৈর্ক্তস্তস্য সর্বযজ্ঞৈরিষ্টিস্তে।
পানীয়ং নরশার্দূল তস্মাদ্ দাতব্যমেব হি ॥ ১৫
এবমেতত্ তটাকেষু কীর্তিতং ফলমুত্তমম্।

যে সরোবরে শীতকালে জল থাকে, তাহার ফল অগ্নিষ্টোম যাজপেয়-যজ্ঞের ফলরূপে অভিহিত হইয়াছে। ৯

যাহার যাত জলাশয়ে সদা সাধুগণ ও গোগণ জলপান করেন, তিনি নিজের কুলকে উদ্ধার করিয়া থাকেন। ১০

যাহার জলাশয়ে পশুপক্ষিগণ গোগণ জলপান করেন এবং কৃষিত কৃশ, পক্ষী ও মনুষ্যগণ নিজেদের পিপাসা শান্ত করে, তিনি অশ্বমেধ-যজ্ঞের ফল প্রাপ্ত হন। ১১

মনুষ্যগণ যে সরোবরে জলপান করে, স্নান করে এবং তীরে বিশ্রাম করে, এ সমস্ত পুণ্যই সরোবরখননকারীর পরলোকে অক্ষয় হইয়া লাভ হয়। ১২

দুরুত্তাপন বংশ বৃদ্ধিরই জল বিশেষরূপে দুর্লভ বলে, অতএব জলদান করিলে শাশ্বত সিদ্ধি লাভ হয়। ১৩

তিল, জল, দীপ, অন্ন ও বাসের মত পৃথ দান অন্য এবং যজ্ঞ-যাজকগণের সহিত আনন্দে বাস করে; কারণ, এ সমস্ত দান ব্যক্তিগণের পক্ষে দুর্লভ। ১৪

নরশ্রেষ্ঠ। জলদান সমস্ত দান হইতেই অভিনব শ্রেষ্ঠ। তাহা সকল দান হইতেই বিশিষ্ট দান. অতএব জলদান করা অবশ্য কর্তব্য। ১৫

এইরূপে সরোবরসমূহ খননের ফল কথিত হইয়াছে। ইহার

অন্ত ঊর্ধ্বং প্রবক্ষ্যামি বৃক্ষারামাপি রোপণে। ১৬
স্থাবরাণাং তু দৃষ্টানাং ভাততঃ ষট্ প্রকীর্তিতাঃ
বৃক্ষ-গুল্ম-লতা বল্ল্যস্ত্বক্সার-তৃণবিরুধঃ। ১৭
এতা ভাতাস্তু বৃক্ষারামেষ্বাঃ রোপণ্ডবাস্থিমে
পনসাম্রাম্বয়ো বৃক্ষা গুল্মা মন্দারপূর্বকাঃ। ১৮
নাগিকামালিকাদ্যাশ্চ মালতীত্যাদিকা লতাঃ
বেণুক্রমুকবৃক্ষাদ্যাঃ বল্ল্যাদি তৃণজাতয়ঃ। ১৯
কীর্তিস্ত মানুষে লোকে প্রেত্য চৈব শুভঃ ফলম্
লভতে নাকপৃষ্ঠে চ পিতৃভিশ্চ মহীয়তে। ২০
দেবলোকগতস্যাপি নাম তস্য ন নশ্যতি।
অতীতানাগতাংশ্চৈব পিতৃবাংশ্চাত্ম ভারত। ২১
তারয়েদ্ বৃক্ষরোপী তু তস্মাদ্ বৃক্ষান্ প্ররোপয়েৎ।
তস্য পুত্রা ভবন্ত্যেব পাদপা নাত্র সংশয়ঃ। ২২
পরলোকগতঃ স্বর্গে লোকান্তারোতি সোঽধ্যায়ান্।
পুষ্পৈঃ সুরগণান্ বৃক্ষাঃ ফলৈশ্চাপি তথা পিতৃন্ ॥

শত বৃক্ষরোপণেরও ফল আমি ঘোষণা করিব। ১৬

স্থাবর বৃক্ষগণের ছয় প্রকার জাতি কথিত হইয়াছে—বৃক্ষ, গুল্ম, লতা, বল্লী, ত্বকসার ও তৃণ-বীরুধ এই সব হইল বৃক্ষের জাতি। ইহাদের রোপণে এই সব ফল উক্ত হইয়াছে। ১৭

তাঁহার ও আম্রাদি বৃক্ষ জাতির অন্তর্গত। নাগিকা, মালতীপ্রভৃতি বল্লী বলা হয়। মালতী প্রভৃতিকে লতা বলে বাঁশ ও তৃণজাতী প্রভৃতিকে তৃণসার বলা হয়। ক্ষেত্রের (জমীর) মধ্যে যে ঘাস ও লতা উৎপন্ন হয়, এ সবই তৃণজাতির অন্তর্গত। ১৮-১৯

ভরতনন্দন। বৃক্ষরোপণ করিলে মনুষ্যলোকে কীর্তিলাভ হয় এবং মৃত্যুর পর স্বর্গলোকে শুভফল লাভ হয়। বৃক্ষরোপণকারী মানুষ পিতৃগণের দ্বারাও সম্মানিত হন। দেবলোকে গমন করিলেও তাঁহার নাম নষ্ট হয় না। তিনি নিজের অতীত পূর্ব পুরুষগণ ও অনাগত সন্তানগণকেও উদ্ধার করিয়া থাকেন সেইজন্য বৃক্ষরোপণ অবশ্যই রোপণ করিবে। ২০-২১½

যাহার কোন পুত্র নাই, তাহার বৃক্ষলতা পুত্র হয়, ইহাতে কোনও সংশয় নাই বৃক্ষরোপণকারী মানুষ পরলোকে গমন করিলে পর স্বর্গে অক্ষয় লোকসমূহ প্রাপ্ত হন। ২২½

ভাত। বৃক্ষগণ নিজেদের পুষ্পসমূহে দেবগণকে, ফলসমূহে পিতৃগণকে এবং ছায়ার দ্বারা অতিথিদিগকে সদা পূজা করে। ২৩

ধারয়ন্তি চাতিযৌক্তাস্ত পূজয়ন্তি মহীকৃতঃ।
ক্ষিয়ন্তোরপ-রক্ষাংসি দেব গন্ধর্ব-মানবাঃ ॥ ১৪

তথা অগ্নিগবাস্তৈব সংশ্রয়ন্তে মহীরুহান্।
পূজিতাঃ ফলবন্তশ্চ তর্পয়ন্তীহ মানবান্ ॥ ১৫

বৃক্ষবান্ পুরুষবৎ বৃক্ষাঃ তারয়ন্তি পরত্র চ
তস্মাৎ তটাকে বৃক্ষা বৈ রোপ্যাঃ
শ্রেয়োঽর্থিনা সদা ॥ ১৬

পুরুষবৎ পরিত্যাজ্যাঃ পূজ্যন্তে বর্ষতঃ সুতাঃ

তটাকস্থা বৃক্ষরোপী ইষ্টযজ্ঞশ্চ যো দ্বিজঃ ॥
এতে স্বর্গে মহীয়ন্তে যে চান্যে সত্যবাদিনঃ ১৭

তস্মাৎ তটাকঃ কর্তব্যঃ আত্মানাংশ্চাপি যোজয়েৎ ॥
যজ্ঞেভ্য বিধিবৈর্যজ্ঞৈঃ সত্যাত্ত বিধিবদ্ বরেৎ ॥ ১৮

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি ভৃত্তোপাখ্যানদানপ্রশংসা
নাম দ্বাদশত্রিতমোঽধ্যায়ঃ ॥ ৯৬

স্থির, রাশ, রাক্ষস, দেব, গন্ধর্ব, যক্ষ এবং ঋষিগণও বৃক্ষফলকে আশ্রয় করেন। ১৪।

ফল ও পুষ্পসমূহে পরিপূর্ণ বৃক্ষসকল এ জগতে মনুষ্যগণকে তৃপ্ত করে। যাহারা বৃক্ষফলে দান করেন, তাঁহাদের সেই সব বৃক্ষ পরলোকে পুত্রের ন্যায় তাঁহাদিগকে উদ্ধার করে অতএব কল্যাণকামী পুরুষের সর্বদাই সরোবরের তীরে বৃক্ষ রোপণ করা উচিত ॥ ১৫-১৬

বৃক্ষরোপণ করিয়া তাহাদিগকে পুত্রের ন্যায় পালন করা কর্তব্য। কারণ, তাহারা ধর্মাচরণে পুত্র বলিয়াই কথিত হয়। যাঁহারা পুষ্করিণী খনন করেন, যাঁহারা তাহার তীরে বৃক্ষরোপণ করেন, যে দ্বিজ যজ্ঞানুষ্ঠান করেন এবং অন্যে যাঁহারা সত্যবাদী হন—ইঁহারা সকলেই স্বর্গলোকে প্রতিষ্ঠিত হইয়া থাকেন। ১৭

সেইজন্য সরোবর খনন করিবে এবং তাহার তীরে বৃক্ষাদি রোপণ করিয়া উহাদিগকে প্রস্তুত করিবে। সর্বদা নানাপ্রকার যজ্ঞানুষ্ঠান করিবে ও বিধি অনুসারে সদা সত্য কথা বলিবে ॥ ১৮

অতিরিক্ত তৃতীয় অধ্যায় সমাপ্ত।

শ্রীমহর্ষি বেদব্যাসপ্রণীত সপ্তসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে ভৃগু ও উশনসের দানপ্রশংসা-নামক দ্বাদশত্রিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তনবতিতমোঽধ্যায়ঃ।

[পৃথুর্বৈণ্যধর্মবর্ণনম্, পঞ্চযজ্ঞকর্মবিধয়ে পৃথিব্যাদেব্যা ভগবতঃ শ্রীকৃষ্ণস্য চ সংবাদকথনম্]

যুধিষ্ঠির উবাচ

গার্হস্থ্যং ধর্মমিচ্ছামি শ্রোতুমিহ ভরতর্ষভ
অতিথ্যাজ্ঞাভি কিং কৃত্বা মনুষ্য ইহ পার্থিব ॥ ১

ভীষ্ম উবাচ

অত্র তে বর্তয়িষ্যামি পৃথাবৃত্তং তনাশিপ
বাসুদেবস্য সংবাদং পৃথিব্যাশ্চৈব ভারত ॥ ২

সান্ত্বত্য পৃথিবীং দেবীং বাসুদেবঃ প্রতাপবান্।

পপ্রচ্ছ ভরতশ্রেষ্ঠ মাং বা যৎ পৃচ্ছসেঽনঘ বৈ ॥ ৩

বাসুদেব উবাচ।

গার্হস্থ্যং ধর্মমাশ্রিত্য কথং বা মহিষেন বা
কিমবাপ্তং ধরে কার্যং কিং বা কৃত্বা সুখং ভবেৎ ॥৪

পৃথিব্যুবাচ

ভবঃ শিবশ্চো দেবা মনুষ্যাশ্চৈব মাধব।
ইজ্যাশ্চৈবার্চনীয়াশ্চ যথা চৈব নিবোধ মে ॥৫

সপ্তনবতিতম অধ্যায়।

[পৃথুর ধর্মবর্ণন, পঞ্চযজ্ঞ কর্ম-বিষয়ে পৃথিবীদেবী ও ভগবান্ শ্রীকৃষ্ণের সংবাদ বর্ণন।]

যুধিষ্ঠির বলিলেন, ভরতশ্রেষ্ঠ! কৃপাল পিতামহ! এখন আপনি আমাকে গৃহস্থ আশ্রমের সম্পূর্ণ ধর্মের উপদেশ করুন। রাজন্ কোন্ কর্ম করিয়া ইহলোকে সুখিতাপী হয়? ১

ভীষ্ম বলিলেন,—অনন্তর যুধিষ্ঠির! এ বিষয়ে আমি ভগবান্ শ্রীকৃষ্ণ ও পৃথিবী দেবীর সংবাদরূপ এক প্রাচীন ইতিহাস তোমাকে বলিব। ২

পৃথিবী বলিলেন,—মাধব! গৃহস্থ মনুষ্যের সর্বদাই দেবতা, পিতৃগণ, ঋষি ও অতিথিদিগের পূজা ও সৎকার করা উচিত। সেই সব কিভাবে করিতে হইবে, তাহা বলিতেছি, শ্রবণ করুন। ৩

সদা যজেন দেবান্ত সদাঽঽতিথ্যেন মানুষান্।
হুতশেষং যথা নিত্যমহ্নীয়াৎ ভুক্তশেষং নিশাসু ॥ ৬
তেন স্ত্র্যধীনগণঃ প্রীতা ভবন্তি মনুসূদন
নিত্যমগ্নিং পরিচরেদ্ভুক্ত্বা বলিকর্ম চ ॥ ৭
কুর্যাৎ তথৈব দেবা বৈ প্রীয়ন্তে মনুসূদন।
কুর্যাদহরহঃ শ্রাদ্ধমন্নাদ্যেনোদকেন চ ॥ ৮
পয়োমূলফলৈর্বাপি পিতৃণাং প্রীতিমাহরন্।
সিদ্ধান্নাম্ বৈশ্বদেবং বৈ কুর্যাদন্নস্য বা বিধিঃ ॥ ৯
অগ্নীষোমাং বৈশ্বদেবং বাস্তুনষ্পতনন্তরম্
প্রজানাং পতয়ে চৈব পৃথগ্ভাগো বিধীয়তে ॥ ১০
তথৈব চানুপূর্বেণ বলিকর্ম প্রযোজয়েৎ।
দক্ষিণায়াং যমায়েতি প্রতীচ্যাং বরুণায় চ ॥ ১১
সোমায় চাপ্যুদীচ্যাং বৈ বাস্তবে প্রাগথাপি চ।
বয়স্তুভ্যঃ প্রাগুদীচ্যাং প্রাচ্যাং শক্রায় মাধব ॥ ১২
মনুষ্যেভ্য ইতি প্রাচ্যর্বলিঃ দ্বারি পৃথস্ত বৈ

মরুদ্ভ্যো বৈশ্রবণেভ্যশ্চ বলিমন্তর্গৃহে হরেৎ ॥ ১৩
তথৈব বিশ্বেদেবেভ্যো বলিমাকাশতো হরেৎ।
নিশাচরেভ্যো ভূতেভ্যো বলিং নক্তং তথা হরেৎ ॥ ১৪
এবং কৃত্বা বলিং সম্যগ্ দদ্যাদ্ ভিক্ষাং দ্বিজায় বৈ।
অলাভে ব্রাহ্মণস্যাদ্যপ্রস্তুতা নিক্ষিপেৎ ॥ ১৫
যদা শ্রাদ্ধং পিতৃভ্যোঽপি কাম্যমিচ্ছেত মানবঃ।
তদা পশ্চাৎ প্রকুর্বীত নিবৃত্তে শ্রাদ্ধকর্মণি ॥ ১৬
পিতৃন্ সন্তর্পয়িত্বা তু বলিং কুর্যাদ্ বিধানতঃ।
বৈশ্বদেবো মতঃ কুর্যাৎ পশ্চাদ্ ব্রাহ্মণবাচনম্ ॥ ১৭
অতোঽন্যেন বিশেষেণ ভোজ্যদেবতিথীনপি
অর্চ্যান্পূর্বং মহারাজ ততঃ প্রীণাতি মানবান্ ॥ ১৮
অনিত্যা হি স্ত্রিয়ো যস্মাৎ তস্মাদ্ভক্তিবিচক্ষণঃ।
আচার্যান্ পিতৃদৈবেষু স্থণ্ডিলেষ্বপ্যথো ভাগুষে ॥ ১৯
ইতশ্চাস্তি গুহে মন্ত্রমিতি নিত্যং নিবেদয়েৎ।
তে যদ্ মন্ত্রেষ্বনুক্তং কুর্যাদিতি হ্যেতা বিধীয়তে ॥ ২০

প্রতিদিন যজ্ঞ—হোমের দ্বারা দেবগণকে, অতিথি সৎকারের দ্বারা মনুষ্যদিগকে (শ্রাদ্ধ তর্পণের দ্বারা পিতৃগণকে) এবং বেদের স্বাধ্যায় করত পুত্রাদি ঔর্ধ্বদৈহিকক্রিয়া যথাবিধি পূর্বা ও সংকার করিতে হয়। ইহার পর নিত্য ভোজন করা উচিত। ৬

মনুসূদন! স্বাধ্যায়ের দ্বারা ঋষিগণ অত্যন্ত প্রসন্ন হন প্রতিদিন ভোজনের পূর্বেই অগ্নিহোত্র ও বলিবৈশ্বদেব কর্ম করিতে হয়। ইহার দ্বারা দেবতারা সন্তুষ্ট হন পিতৃগণের প্রসন্নতার জন্য প্রতিদিন অন্ন, জল, দুগ্ধ ও অথবা ফল-মূলের দ্বারা শ্রাদ্ধ করা কর্তব্য। ৭-৮।

সিদ্ধ অন্ন (রান্না করা অন্ন) হইতে অন্ন লইয়া তাহার দ্বারা বিধি অনুসারে বলিবৈশ্বদেব কর্ম করা উচিত। ৯

প্রথমে অগ্নি ও সোমকে, তারপর বিশ্বেদেবগণকে, তদনন্তর বসুগণকে, তাহার পর প্রজাপতিকে পৃথক্ পৃথক্ হোম করিবার বিধান আছে। ১০

এইভাবে ক্রমশঃ বলিকর্মের প্রয়োগ করিতে হয়। মাধব! দক্ষিণ দিকে যমকে, পশ্চিমদিকে বরুণকে, উত্তরদিকে সোমকে, পূর্বের দ্বারভাগে প্রজাপতিকে, ঈশান কোনে বসুগণকে এবং পূর্বদিকে ইন্দ্রকে বলি সমর্পিত করা কর্তব্য। ১১-১২

দ্বারের বাহে সনকাদি বসুগণের জন্য বলি দিবার বিধান আছে, এই কথা যাহারা বলেন। মরুদ্গণ ও বৈশ্রবণদিগকে গৃহের মধ্যে বলি সমর্পণ করিতে হয়। ১৩

বিশ্বেদেবগণের উদ্দেশে আকাশের বলি সমর্পিত করা কর্তব্য। নিশাচর ও ভূতসকলের জন্য রাত্রিতে বলি সমর্পণ করিতে হয়। ১৪

এইভাবে বলি সমর্পণ করিয়া ব্রাহ্মণকে বিধিমতন ভিক্ষা দান করিবে বলি ব্রাহ্মণ ভোজন - পাওয়া যায়, তবে অন্নসকল হইতে অল্প অল্প অন্নভাগ লইয়া তাহা অগ্নিতে হোম করিবে। ১৫

যে দিনে পিতৃগণের শ্রাদ্ধ করিবার ইচ্ছা হইবে, সেইদিনে প্রথমে শ্রাদ্ধ কর্মই সম্পন্ন করিবে। তাহার পর পিতৃগণের তর্পণ করিয়া বিধিপূর্বক বলিবৈশ্বদেব কর্ম করিবে। তাহার পর ব্রাহ্মণদিগকে সন্তোষ করিয়া ভোজন করাইবে। ১৬-১৭

মহারাজ! ইহার পর বিশেষ অন্নের দ্বারা অতিথিগণকে সনম্মানে ভোজন করাইবে। এরূপ বলির পর গৃহস্থ পুরা সমস্ত মানুষকে সন্তুষ্ট করিতে সমর্থ হয়। ১৮

যে নিত্য নিত্যের গৃহে থাকে না, তাহাতে অতিথি বলা হয় আচার্য পিতা, নিমন্ত্রণকর্তা মিত্র ও অতিথিকে সর্বদা এই নিবেদন করিবে যে, 'অমুক বস্তু আমার গৃহে আছে, তার আপনি গ্রহণ করুন'। তারপর তাহারা যাহা আজ্ঞা করিবেন তাহাই করিবে এরূপ করিলে পর ধর্মলাভ করা হয়। ১৯-২০

বৃহদ্ভঃ পুরুষঃ কৃষ্ণ শিতিপৃষ্ঠী চ সদা ভবেৎ।
রাজর্ষিভিঃ স্নাতকৈশ্চ গুরুঃ যত্নবতশ্চ যঃ ॥ ১১
অর্চয়েদ্বৃষপর্বেণ পরিসংবৎসরোদ্যিতান্
যজ্ঞাংশ্চ যশ্চরেচ্ছান্ত যজ্ঞোজ্ঞাস্তাবপেদ্ভূবি।
বৈশ্বদেবো হি নামৈতৎ সাঃ প্রাজাবিবীয়তে ॥ ১২
এতা'ন্ত যজ্ঞান্ সার্দ্ধ্যান্ যঃ কুর্য্যাদনসূয়কঃ।
স ইষ্টবিত্তান্ প্রাপ্য প্রেত্য লোকে মহীয়তে ॥ ১৩

ভীষ্ম উবাচ।
ইতি ভৃগুর্ষেঃ শ্রুত্বা বাসুদেবঃ প্রজাপতান্।
তথা চকার সততঃ স্বলোকং সমাচরন্ ॥ ১৪
এতদ্ বৃহদ্বৃষং যঃ বা চেষ্টয়ানো জনাধিপ
ইহলোকে যশঃ প্রাপ্য প্রেত্য স্বর্গময়াপ্নুয়াৎ ॥ ১৫
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি বসিষ্ঠদানবিধিবর্ণনম্
সপ্তনবতিতমোঽধ্যায়ঃ ॥ ৯৭

হে কৃষ্ণ! বৃহদ্ব পুরুষ সর্ব্বদা যজ্ঞাবশিষ্ট অন্নই ভোজন করিবে। রাজা ঋষিক্, স্নাতক, গুরু ও যজ্ঞবান্—ইহারা যদি এক বর্ষের পর পুনঃ আসেন, তবে ঐন্দ্রাগ্নিকে বৃষপর্ব্বের দ্বারা পূজা করিতে হয়। ১১½

বৃহদ্ব কৃষ্ণবর্ণ ও পৃষ্ঠদেশের লোম কৃষ্ণবর্ণ বলদ দান করিবে। ইহা বৈশ্বদেব নামক কর্ম্ম এই কার্য্য সায়ংকাল ও প্রাতঃকালেই সম্পাদন করিতে হয়। ১২

যে মানব হোমসহ পরিত্যাগ করিয়া এই বৃহদ্বোচিত কর্ম্ম পালন করে, সেই মানব ইহলোকে ভূমি-যজ্ঞবিদগণের নিকট হইতে বরপ্রাপ্ত হয় এবং এবং মৃত্যুর পর সে পুণ্যলোকে সম্মানিত হইয়া থাকে। ১৩

ভীষ্ম বলিলেন,—যুধিষ্ঠির! পৃথিবীদেবীর এই যাত্রা শ্রবণ করিয়া প্রজাপতিগণ তদনন্তর নিজ নিজ সন্তানসন্ততিগণকে বৃহদ্বর্ষসম্ভব বিধিপূর্ব্বক পালন করিতে লাগিলেন ভূমিও সদা এই সব কর্ম্ম অনুষ্ঠান করেন। ১৪

তদনন্তর এই বৃহদ্ব-কর্ম্ম পালন করিবার চেষ্টা করিতে থাকিলে ভূমি ইহলোকে সুযশ লাভ করিয়া পরলোকে স্বর্গপ্রাপ্ত হইবে। ১৫

শ্রীমহাভারতের শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্ব্বান্তর্গত দানধর্ম্মপর্ব্বে বসিষ্ঠদানবিধিবর্ণনামক সপ্তনবতিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অষ্টনবতিতমোঽধ্যায়ঃ।

[ভৃগুবংশি সুবর্চসা মনোক্ষ সংবাদঃ—পুষ্প-ধূপ-দীপোপহারদানমাহাত্ম্যকথনম্]

যুধিষ্ঠির উবাচ।
আলোকদানং নামৈতৎ কীদৃশং ভরতর্ষভ
কথমেতৎ সমুৎপন্নং ফলং বা তস্য ব্রবীহি মে ॥ ১
ভীষ্ম উবাচ।
অত্রাপ্যাহারয়ন্তীমমিতিহাসং পুরাতনম্।
মনোঃ প্রজাপতের্বাদং সুবর্চস্যা চ ভারত ॥ ২

ওপবী ভদ্রিলভবং সুবর্চো নাম ভারত।
বর্চস্তো হেমবর্ণঃ স সুবর্চ ইতি পপ্রথে ॥ ৩
ফল-শীল-গুণোপেতঃ স্বাধ্যায়ে চ পরন্তপ
বহুন্ সুবাপ্রভাবান্ সমতীত্য স্বকৈর্গুণৈঃ ॥ ৪
স কদাচিদ্মুনিঃ বিপ্রো দদর্শোপসমর্পণ চ
ফুল্লপদ্মায়তোদ্ভাস্তৌ চোতৌ তত্র চক্ষুষী ॥ ৫

অষ্টনবতিতম অধ্যায়।

[ভৃগুবংশি সুবর্চসা ও মনুর সংবাদ—পুষ্প, ধূপ, দীপ ও উপহার দানের মাহাত্ম্য কথন।]

যুধিষ্ঠির বলিলেন,—ভরতশ্রেষ্ঠ এই যে দীপদান নামক কর্ম্ম, ইহা কিভাবে করিতে হয়? ইহার উৎপত্তি কিভাবে হইয়াছে? অথবা ইহার ফল কি? ইহা আমাকে বলুন। ১

ভীষ্ম বলিলেন,—ভারত! এ বিষয়ে প্রজাপতি মনু ও সুবর্চার সংবাদরূপ প্রাচীন ইতিহাস বিজ্ঞপুরুষগণ উদাহরণ দিয়া থাকেন। ২

ওপবী ভদ্রিলভবে সুবর্চো নাম ভারত।
বর্চস্তো হেমবর্ণঃ স সুবর্চ ইতি পপ্রথে ॥ ৩
ফল-শীল-গুণোপেতঃ স্বাধ্যায়ে চ পরন্তপ
বহুন্ সুবাপ্রভাবান্ সমতীত্য স্বকৈর্গুণৈঃ ॥ ৪
স কদাচিদ্মুনিঃ বিপ্রো দদর্শোপসমর্পণ চ
ফুল্লপদ্মায়তোদ্ভাস্তৌ চোতৌ তত্র চক্ষুষী ॥ ৫

ভরতনন্দন! সুবর্চনামে প্রসিদ্ধ এক ওপবী ব্রাহ্মণ ছিলেন। তাঁহার শরীরের কান্তি সুবর্ণের ন্যায় ছিল। সেইজন্য তিনি সুবর্চনামে বিখ্যাত হন। ৩

তিনি উত্তম ফল, শীল ও গুণসম্পন্ন ছিলেন। স্বাধ্যায়েও তাঁহার অতিশয় খ্যাতি ছিল। তিনি নিজের শ্রেষ্ঠ গুণসমূহের দ্বারা উত্তম ফলে উৎপন্ন বহুসংখ্যক শ্রেষ্ঠ পুরুষগণকে অতিক্রম করিয়া গিয়াছিলেন। ৪

একদিন সেই ব্রাহ্মণদের মধ্যে প্রজাপতি মনুকে দর্শন করিলেন।

ততস্তৌ সত্যসন্ধৌ তে মেরৌ কাঞ্চনপর্বতে
রম্যেষু শিলাপৃষ্ঠে সংবিশ্যৈ সংস্তবীদতাম্ ॥ ৬
তত্র তৌ কথয়ন্তৌ তাং কথা নানাবিধাঃ শুভাঃ।
ব্রহ্মর্ষি-দেব-দৈত্যানাং পুরাণানাং মহাত্মনাম্ ॥ ৭
সুবর্ণষ্ঠীবিনং বাক্যং মনুং স্বায়ম্ভুবং প্রতি।
হিতার্থং সর্বভূতানাং প্রশ্নং মে বক্তুমর্হসি ॥ ৮
সুমনোর্ভির্বিজয়ে বৈবস্বতানি প্রজেশ্বর।
কিমেতৎ কথমুৎপন্নং ফলং যোগস্য মে ॥ ৯
অত্যাপ্যুষাহরন্তীমমিতিহাসং পুরাতনম্
শুক্রস্য চ বলেশ্চৈব সংবাদং বৈ মহাত্মনোঃ ॥ ১০
বলের্বৈরোচনস্যেহ ত্রৈলোক্যমনুশাসতঃ
সমীপমাজগামাথ শুক্রো ভৃগুকুলোদ্বহঃ ॥ ১১
তমর্ঘ্যাদিভিরভ্যর্চ্য ভার্গবং সোঽসুরাধিপঃ।
নিষসাদাসনে পশ্চাদ্ বিধিবদ্ ভূরিদক্ষিণঃ ॥ ১২

তাঁহাকে বর্ণন করিয়াই তিনি তাঁহার নিকটে উপবিষ্ট হইলেন। তাহার পর তাঁহারা পরস্পর পরস্পরের কুশলবৃত্তান্ত জিজ্ঞাসা করিলেন। ৫

তাহার পর সেই দুই সত্যসন্ধ মহাত্মা সুবর্ণময় পরম রমণীয় এক রমণীয় শিলাপৃষ্ঠের উপর একসঙ্গে উপবিষ্ট হইলেন। ৬

সেখানে তাঁহারা উভয়ে ব্রহ্মর্ষি, দেবতা দৈত্য এবং প্রাচীন-মহাত্মাগণের সম্বন্ধে নানাপ্রকার কথা-বার্তা বলিতে লাগিলেন। ৭

সেই সময় সুবর্ণ ষ্ঠীবিন্ মনুকে সম্বোধন করিয়া বলিলেন,—প্রজাপতে! আমি এক প্রশ্ন করিতেছি, আপনি সমস্ত প্রাণিগণের হিতের জন্য আমাকে তাহার উত্তর প্রদান করুন। পুনর্জন্মসমূহের দ্বারা যে বৈবস্বতাদিদের পূজা করা হয়, তাহা কি? ইহার প্রকরণ কি ভাবে হইল? ইহার ফল কি? এবং ইহার ব্যবহার কিরূপে করিতে হয়? এই সব আপনি আমাকে বলুন। ৮-৯

মনু বলিলেন,—মুনে! এবিষয়ে বিজ্ঞ পুরাতন শুক্রাচার্য ও বলি—এই দুই মহাত্মার সংবাদরূপ এই প্রাচীন ইতিহাসের উদাহরণ দিয়া থাকেন। ১০

পূর্বে বিরোচনপুত্র বলি স্থির লোক শাসন করিতেছিলেন। তখন ভৃগুবংশভূষণ শুক্র অতি সত্বর তাঁহার নিকট গমন করিলেন। ১১

পশ্চাৎ বহুদক্ষিণাপ্রদানকারী অসুররাজ বলি ভৃগুপুত্র শুক্রাচার্যকে অর্ঘ্যাদির দ্বারা তাঁহার যথাবিধি পূজা করিলেন এবং

কথেয়মভবৎ পূর্বং যা পরিকীর্তিতা।
সুমনোধূপসীতানাং সম্প্রদানে ফলং প্রতি ॥ ১৩
ততঃ পপ্রচ্ছ দৈত্যেন্দ্রঃ কবীন্দ্রং প্রশ্নমুত্তমম্ ॥ ১৪

বলিরুবাচ।

সুমনোধূপসীতানাং কিং ফলং ব্রহ্মবিত্তম।
প্রব্রূহি দ্বিজশ্রেষ্ঠ তদ্ ভবান্ বক্তুমর্হতি ॥ ১৫

শুক্র উবাচ

তপঃ সূর্যঃ সমুৎপন্নঃ ধরস্তস্যাদনন্তরম্
এতস্মিন্নন্তরে চৈব বীরুদ্বোষধয়ঃ এব চ ॥ ১৬
সোমস্যাত্মা চ বহ্বয়ঃ সমৃতঃ স্যাদ্বীরুধাং
অমৃতঞ্চ বিষং চৈব সে চান্তে ভূতভাবতঃ ॥ ১৭
অমৃতং মনসঃ প্রীতিঃ সন্তুষ্টিঃ স্যাদ্ধি চ
মনো গ্লপয়তে তীব্রং বিষং গন্ধেন সর্বদা ॥ ১৮
অমৃতং মঙ্গলং বিদ্ধি মরণং বিষমঙ্গলম্।
ওষধ্যো ভূমৃতং সর্বা বিষং ভেষোঽগ্নিসম্ভবম্ ॥ ১৯

যখন তিনি আসনে উপবিষ্ট হইলেন, তখন বলির নিকের আসনে উপবেশন করিলেন। ১২

সেখানে তাঁহাদের উভয়ের মধ্যে যেই কথাবার্তা হইল, যাহা পূর্বে এখন বলিলে সেবতাগণকে পুষ্প, ধূপ ও নৈবেদ্য প্রদান করিলে কি ফল লাভ হয়, ইহাই ছিল তাঁহাদের আলোচনার বিষয়। সেই সময় দৈত্যরাজ বলি কবিবর শুক্রাচার্যের সমক্ষে এই উত্তম প্রশ্ন উত্থাপিত করিলেন। ১৩-১৫

বলি বলিলেন, ব্রহ্মজনদের মধ্যে শ্রেষ্ঠ দ্বিজোত্তম! পুষ্প ধূপ ও দীপ দানের কি ফল হয়? উহা আপনি কৃপা করিয়া বলুন। ১৫

শুক্রাচার্য বলিলেন,—রাজন! প্রথমে তপস্যার উৎপত্তি হয়, তাহার পর ধরণীর। ইহার মধ্যে লতা ও ওষধিসমূহের প্রাদুর্ভাব হইয়াছিল। ১৬

এই ভূতলে বহুবিধ সোমলতা উৎপন্ন হইয়াছে। অমৃত বিষ ও অন্যান্য ভূতভাবনযুক্ত উদ্ভূত হয়। ১৭

অমৃত তাহাই যাহাকে দেখিয়া মন প্রসন্ন হইয়া যায় এবং সঙ্গেই যাহা তৃপ্তি প্রদান করে। বিষ তাহাই যাহা নিজের গন্ধে চিত্তকে সর্বথা তীব্র গ্লানি উৎপন্ন করে। ১৮

অমৃতকে মঙ্গলকারী বলিয়া জানিবে এবং বিষ তাহার অমঙ্গলকারী। যত ওষধি আছে, তাহাদের সকলকে অমৃত বলিয়া জানিও এবং বিষ হইল অগ্নিসম্ভূত তেজ। ১৯

মনো হ্লাদয়তে যস্মাচ্ছ্রিয়ং চাপি প্রযচ্ছতি চ।
চোরয়িত্বা তু দুর্বুদ্ধিরমু দংশঃ প্রজায়তে ॥৯৯
ফলং বা মূলকং দ্রুত্বা অপূপং বা পিপীলিকাঃ
চোরয়িত্বা চ নিষ্পাবং জায়তে হলগোলকঃ ॥ ১০০
পায়সং চোরয়িত্বা তু তিত্তিরিত্বমবাপ্নুতে
দ্রুত্বা পিষ্টময়ং পূপং কুক্কুটত্বং প্রজায়তে ॥ ১০১
অন্নো দ্রুত্বা তু দুর্বুদ্ধির্ঘীরসো জায়তে নরঃ
কাংস্যং দ্রুত্বা তু দুর্বুদ্ধির্ঘিংতো জায়তে নরঃ ॥১০২
রাজতং ভাজনং দ্রুত্বা কপোতঃ সম্প্রজায়তে।
দ্রুত্বা তু কাঞ্চনং ভাণ্ডং কৃমিযোনৌ প্রজায়তে ॥ ১০৩
পত্রোর্ণং চোরয়িত্বা তু কৃকলাসঃ প্রজায়তি
কৌশিকং তু ততো দ্রুত্বা নরো জায়তি বর্তক ॥১০৪

নৃপ! শূকর হইয়া অগ্নিবাধাদ্বারা রোগে আক্রান্ত হইয়া মৃত্যু বরণ করে। পৃথীনাথ! তাহার পর সেই দুষ্ট জীব সেই পাপকর্মের ভগ্ন মৃকর হইয়া জন্মগ্রহণ করে। ৯০

মূকর হইয়া পাপকর্ম ভোগের সমাপ্তির পর সে মানুষ হইয়া জন্মায়। মনুষ্য-যোনিতেও সে একটিমাত্র সন্তান জন্মাইয়া মৃত্যু লাভ করে এবং শেষে পাপ ভোগের জন্য ইঁদুর হয় ৯১

রাজন্! কৃতঘ্ন মানুষ মৃত্যুর পর যমরাজের লোকে গমন করে। সেখানে ক্রুদ্ধ যমদূতগণ তাহার উপর অতিশয় নিদারুণের সহিত প্রহার করিতে থাকে। ৯২

তাহার পর গদা, মুদ্গর ও শূলের আঘাত প্রাপ্ত হইয়া নিতান্ত অগ্নিদগ্ধ (দুঃখার্ত , অসিপত্রবন, তপ্ত তৈলের বালুকা, শরীরপূর্ণ বাদলী প্রভৃতি নরকসমূহে কষ্ট ভোগ করে। যমলোকে যাইয়া পূর্বোক্ত এবং অন্যান্য আরও বহু নরকসমূহের ভয়ঙ্কর যাতনা ভোগ করত সে সেখানে যমদূতগণের দ্বারা প্রভূত হইতে থাকে। ৯৩-৯৪

ভরতশ্রেষ্ঠ! এইভাবে নিদয় যমদূতগণের দ্বারা পীড়িত হইয়া পুনরায় সংসারচক্রে আসে এবং কৃমি-যোনিতে জন্মগ্রহণ করে। ৯৫

ভারত! দশের বৎসর পর্যন্ত সে কৃমি হইয়া থাকে। তাহার পর্যে আসিয়া সেখানে গর্ভস্থ শিশু অবস্থাতেই মারা যায়। ৯৬

এইভাবে তাহার পর সে জীব গর্ভ যন্ত্রণা ভোগ করে। তদনন্তর বহুবার জন্মগ্রহণের পর সে তির্য্যগ্‌যোনিতে উৎপন্ন হয়। ৯৭

এই তির্য্যগ্‌যোনিতে বহু বর্ষ পর্যন্ত দুঃখভোগ করিবার পর সে পুনরায় মনুষ্য-যোনিতে না আসিয়া দীর্ঘকাল ধরিয়া কষ্টপ্রদ হইয়া থাকে ৯৮

দুর্বুদ্ধি মানুষ যদি চুরি করিয়া বক বধ করে অথবা বকের মন্ত্রগুলি চুরি করিয়া তাহাদের নাশক ঔষধগুলি হরণ করে, তবে সে দংশ (ডাঁস) হইয়া জন্মগ্রহণ করে। ৯৯

ফল, মূল অথবা অপূপ (পিঠক) চুরি করিয়া মানুষ পিপীলিকা হইয়া জন্মায় নিষ্পাব (মটর বা রাজমাষ কলায়) চুরি করিলে মানুষ হলগোলক (দীর্ঘপুচ্ছ গোসাপের কীট) নামক কীট হইয়া থাকে। ১০০

পায়স চুরি করিয়া মানুষ তিত্তিরি পক্ষি-যোনিতে জন্মগ্রহণ করে। গমজাত যবাগু বা পিষ্টনির পিষ্টক চুরি করিলে মানুষ মৃত্যুর পর কুক্কুট (পেচক) হইয়া জন্মায়। ১০১

ঘৌত চুরি করিয়া মূর্খ মানুষ কাক হয়। কাঁসা অপহরণকারী দুর্বুদ্ধি মানুষ বাতীত পক্ষী হইয়া জন্মায়। ১০২

রূপার পাত্র চুরি করিয়া মানুষ পায়রা হইয়া জন্মায় এবং স্বর্ণের পাত্র চুরি করিলে কৃমিযোনি লাভ হয়। ১০৩

লুপ্তময় বস্ত্র চুরি করিলে মানুষ গিরগিটি-যোনিতে জন্মগ্রহণ

আশুকা চোরয়িত্বা তু শুকো জায়তি মানবঃ।
চোরয়িত্বা চকোরং তু মৃতো হংসঃ প্রজায়তে ॥ ১০৫
ক্রৌঞ্চঃ কার্পাসিকা হত্বা মৃতো জায়তি মানবঃ।
চোরয়িত্বা নরঃ পট্টং ত্বার্ষিকং চৈব ভারত ॥ ১০৬
ক্রৌঞ্চক বস্ত্রমাদায় শ্যেনো ভবতি ভারত।
বর্বাণি হত্বা তু পুরুষো মৃতো জায়তি বর্হিণঃ ॥ ১০৭
হত্বা রক্তানি বস্ত্রাণি জায়তে জীবজীবকঃ।
বর্ষকালীংস্তথা গত্বা কোশ্চোরয়িত্বেহ মানবঃ ॥ ১০৮
ক্ষুদ্রপরিচ্ছদব্যাপ্তো রাজন্নৌতপরায়ণঃ।
ঊর্ণা জীবতি বর্ষাণি ততো বল চ পক্ষ চ ॥ ১০৯
অবর্ষসা ক্ষয় গত্বা ততো জায়তি মানুষঃ।
চোরয়িত্বা পরস্ত্রাপি বলাকা সম্প্রজায়তে ॥ ১১০
বস্ত্র চোরয়তে তৈলং নরো মোহসমন্বিতঃ
সোঽপি রাজন্ মৃতো জন্তুস্তৈলপায়ী প্রজায়তে ॥১১১

অশ্রুঃ পুরুষং হত্বা সলভ্র পুরুষাদঃ
অর্থার্থী যদি বা বৈরী স মৃতো জায়তে খরঃ ॥ ১১২
খরো জীবতি বর্ষে যে ততঃ শত্রুত্ব ব্রজতে।
স মৃতো মৃগযোনৌ তু নিত্যোদ্বিগ্নোঽভিজায়তে ॥১১৩
মৃগো বধ্যতি শত্রুত্ব গতে সংবৎসরে তু সঃ।
হতো মৃগত্বতো মোক্ষঃ সোঽপি জালেন বধ্যতে ॥ ১১৪
মাসে চতুর্থে সম্প্রাপ্তে খাপঃ সম্প্রজায়তে।
খাপো দশ বর্ষাণি ঘোরো বর্ষাণি পঞ্চ চ ॥ ১১৫
ততস্তু নিধন প্রাপ্য কালপর্য্যায়চোদিতঃ
অবর্ষসা ক্ষয় কৃত্বা ততো জায়তি মানুষঃ ॥ ১১৬
স্ত্রিয় হত্বা তু দুর্বুদ্ধির্বর্ষসা বিংশত গতঃ।
বহূন ক্লেশান সমাসাদ্য সংসারাল্লৈব মুচ্যতে ॥ ১১৭
ততঃ পশ্চাদ্বরাহ্য কৃমিযোনৌ প্রজায়তে
কৃমিনির্বাপ্তবর্ষাণি কৃত্বা জায়তি মানুষঃ ॥ ১১৮

করে। কৃষ্ণবর্ণ আসন কিংবা চৌদোর। যে নারী। বস্ত্র চুরি করিয়া মানুষ বর্তক পক্ষী হয়। ১০৪

আশুক (শণসূত্রনির্মিত বস্ত্র) চুরি করিলে মানুষ শুকপক্ষী হয় এবং চকুল (উত্তরীয় বস্ত্র) চুরি করিয়া মৃত্যুর পর হাঁস হইয়া জন্মায়। ১০৫

কার্পাস সূতার বস্ত্র চুরি করিয়া মৃত মানুষ ক্রৌঞ্চ পক্ষী হইয়া জন্মগ্রহণ করে। ভারত! পট্টবস্ত্র, ভেড়ার লোমজাত বস্ত্র ও ঔষ্ট্রিক (রেশমী) বস্ত্র চুরি করিলে মানুষ বহির্গোপনামক বন্য অথবা বর্হিণ হয়। ১০৬।

হরিতাল প্রভৃতি বর্ণ চুরি করিয়া মৃত্যুর পর মানুষ বহুল পক্ষী হয়। রক্ত বস্ত্রসকল চুরি করিলে মানুষ চক্রবাকপক্ষী-যোনিতে জন্ম গ্রহণ করে। ১০৭।

রাজন্! যে মানুষ লোভের বশীভূত হইয়া বর্ষক (গরুলেপন) আদি এবং চন্দন চুরি করে, সে ছুছুন্দর (ছুঁচো) যোনিতে জন্ম লাভ করে। এই যোনিতে সে পনের বৎসর জীবিত থাকে। ১০৮-১০৯

তদনন্তর পাপক্ষয়ের পর সে পুনরায় মনুষ্যযোনি প্রাপ্ত হয়। সে চুরি করিয়া স্ত্রী-বলাকা হইয়া জন্মগ্রহণ করে। ১১০

রাজন্! যে মানুষ মোহমুগ্ধ হইয়া তেল চুরি করে, সে মৃত্যুর পর তৈলপায়ী নামক কীট হইয়া জন্মায়। ১১১

যে নীচ পুরুষ ধনের লোভে অথবা শত্রুতাবশতঃ অন্ন খাইয়া মৃতের পর গর্দভ হইয়া ভার বহন করিয়া থাকে। ১১২

গর্দভ হইয়া সে দুই বৎসর জীবিত থাকে। তাহারপর সে অন্যের দ্বারা নিহত হয়। এইরূপে মৃত্যুর পর সে মৃগ-যোনিতে জন্ম গ্রহণ করে এবং ভিন্ন পশুসঙ্ঘের ভয়ে সর্ব্বদা উদ্বিগ্ন থাকে। ১১৩

মৃগ হইয়া সে একবৎসরের পর অন্যের দ্বারা হত হয়। মৃত্যুর পর সে মৎস্য হইয়া জন্মায়। তখন সে জলের দ্বারা বদ্ধ হইয়া থাকে। ১১৪

তাহারপর সে জলের বন্ধন হইতে মুক্ত হইয়া চতুর্থ মাস আসিলে পর মৃত্যু বরণ করে এবং তখন সে খাপস (ভিন্ন জন্তু) হইয়া জন্মায়। খাপস হইয়া দশ বৎসর থাকিবার পর সে পাঁচ বৎসরের জন্য ঘোরযোনিতে যায়। ১১৫

তদনন্তর পাপ ক্ষয় হইলে পর কালের প্রেরণায় মৃত্যুলাভ করিয়া সে পুনরায় মনুষ্য হইয়া জন্মায়। ১১৬

যে দুর্বুদ্ধি মানুষ স্ত্রীকে হত্যা করিয়া থাকে, সে যমলোকে গমন করিয়া নানাপ্রকার ক্লেশ ভোগ করিবার পর বিশ বৎসর দুঃখদায়ক যোনিতে জন্ম গ্রহণ করে। ১১৭

মহারাজ! তদনন্তর সে কৃমি যোনিতে জন্ম গ্রহণ করে এবং তিন বৎসর পর্য্যন্ত কৃমি-যোনিতে থাকিয়া শেষে মানুষ হইয়া জন্মায়। ১১৮

তোজনং চোরয়িত্বা তু মক্ষিকা জায়তে নরঃ।
মক্ষিকাসহস্রবশগো যাবান্ মাসান্ তথাশ্নুতে ॥ ১১৯

ততঃ পাপক্ষয়ং কৃত্বা মানুষত্বমবাপ্নুতে
বান্তং হৃত্বা তু পুরুষো লোমশঃ সম্প্রজায়তে ॥ ১২০

তথা পিণ্যাকসন্ধিগ্রসনঃ চোরয়েন্নরঃ।
স জায়তে মক্ষসমো ধারুণো মূষিকো নরঃ ॥ ১২১

দশন্ বৈ মানুষান্ জন্তূন্ পাপাত্মা স বিশাম্পতে।
মৃতং হৃত্বা তু দুর্বুদ্ধিঃ কাকমদ্গুঃ প্রজায়তে ॥ ১২২

মৎস্যমাংসেষণো হৃত্বা কাকো জায়তি দুর্মতিঃ।
লবণং চোরয়িত্বা তু চিরিকাকঃ প্রজায়তে ॥ ১২৩

বিশ্বাসেন তু নিক্ষিপ্তং যো বিনিহ্নোতি মানবঃ।
স গত্বাসুর্নরস্তাত মৎস্যযোনৌ প্রজায়তে ॥ ১২৪

মৎস্যযোনিমনুপ্রাপ্য মৃতো জায়তি মানুষঃ
মানুষত্বমনুপ্রাপ্য ক্লীবাস্তুকৃপমশ্নুতে ॥ ১২৫

পাপানি তু নরাঃ কৃত্বা তির্যগ্ জায়ন্তি ভারত।
ন চাত্মনঃ প্রমাণং তে বর্ষং জানন্তি কিঞ্চন ॥ ১২৬

যে পাপানি নরাঃ কৃত্বা নিরয়ান্তি শতৈঃ সহ।
মুখরুগ্ধসমাবৃত্তা ব্যথিতাস্তে ভবন্ত্যত ॥ ১২৭

অসংবাসাঃ প্রজায়ন্তে ম্লেচ্ছজাত্যাং ন সংশয়ঃ।
নরাঃ পাপসমাচারা লোকমোহসমন্বিতাঃ ॥ ১২৮

বর্জয়ন্তি চ পাপানি ভক্তপ্রকৃতি যে নরাঃ।
অরোগা রূপবন্তস্তে ধনিনশ্চ ভবন্ত্যত ॥ ১২৯

স্ত্রিয়োঽপোহ্যেন ভাবেন কৃত্বা পাপমবাপ্নুয়ুঃ
এতেষামেব জন্তূনাং ভার্যাত্বমুপযান্তি তাঃ ॥ ১৩০

পরস্বহরণে দোষাঃ সর্ব এষ প্রকীর্তিতাঃ
এতান্ হি দেশয়ামেহ কথিতং যে মহাজনৈঃ ॥ ১৩১

অপরস্মিন্ কথাযোগে কৃতা শ্রোষ্যসি ভারত
এতদ্ধরা হরাজ্জন্তুঃ কথং পূতা ভবেন্নরঃ ॥ ১৩২

ভোজন চুরি করিয়া মানুষ যদি হইয়া জন্মগ্রহণ করে এবং বহু মাস বাঁচিয়া সে মাছির দলের অধীনে থাকে তদনন্তর পাপ ক্ষয় হইলে পর সে পুনরায় মানুষ-যোনিতে আসে। ১১৯

বান্ত চুরি করিলে মানুষের দেহে পর জন্মে বহু লোম হয়। প্রজানাথ! যে মানুষ ঝিনুকের বিশ্রিত ভোজন চুরি করে, সে বহুমূল্য আকারবিশিষ্ট জন্মর ইন্দুর হয় এবং সেই পাপী ইন্দুর বহুজনকে দংশন করিতে থাকে। ১২০-১২১

যে দুর্বুদ্ধি মানুষ মৃত চুরি করে, সে কাক মদ্গু। পূর্বজন্মে পাপাত্মা হইয়া জন্মায়। যে দুর্মতি মানুষ মৎস্য ও মাংস চুরি করে, সে পরজন্মে কাক হইয়া যায়। লবণ চুরি করিলে মানুষকে চিরিকাক-যোনিতে (ক্ষুদ্র কাক) জন্মগ্রহণ করিতে হয়।১২২-১২৩

বৎস! যে মানুষ বিশ্বাস সহকারে রাখিতে অন্যের গচ্ছিত বস্তু অপহরণ করে, সে মৃত্যুর পর বৎস-যোনিতে জন্মগ্রহণ করে। ১২৪

বৎস-যোনিতে জন্মগ্রহণের পর যখন সে মৃত্যুমুখে পতিত হয়, তখন সে পুনরায় মানুষ জন্ম প্রাপ্ত হয়। মানুষ-যোনিতে পাইয়া তাহার আয়ু কমিয়া যায়। ১২৫

পাপকর্মমগ্ন করিয়া মানুষেরা পশু-পক্ষি-যোনিতে জন্ম গ্রহণ করে। এই সব জন্মে তাহারা নিজেদের ইহজন্মের বৃত্তান্ত বিন্দুবিসর্গও জানিতে পারে না।১২৬

যে সব মানুষ লোভ ও মোহের বশীভূত হইয়া পাপ কর্ম-সকল করিয়া উহা ব্রতাদি পালনের দ্বারা নষ্ট করিবার চেষ্টা করে, তাহারা সর্বদা দুঃখ-দুঃখ ভোগ করিতে করিতে ব্যথিত থাকে। তাহারা কোথাও যাইয়া করিবার স্থান পায় না এবং ক্লেশ হইয়া চারিদিকে ঘুরিতে থাকে—ইহাতে কোনও সংশয় নাই ।১২৭-১২৮

যে সব মানুষ জন্ম হইতেই পাপকে পরিত্যাগ করে, তাহারা নীরোগ, রূপবান ও ধনী হয়। ১২৯

স্ত্রীলোক যদি পূর্বোক্ত পাপকর্মসকল করে, তবে তাহারাও পাপভাগিনী হয় এবং সেই পাপভোগকারী প্রাণীদিগের পত্নী হইয়া থাকে। ১৩০

নিষ্পাপ রাজন্! পর ধন অপহরণ করিলে যে সব দোষ হয়, তৎসমস্তই আমি বলিলাম। এক্ষণে আমি সংক্ষেপে দেবযাজ্ঞার এই বিষয় বর্ণনা করিলাম। ১৩১

জন্তুগণকে! এখন অন্যপ্রকার কথাবার্তা প্রসঙ্গে পুনরায় এই বিষয় শ্রবণ করিবে। মহারাজ! পূর্বকালে ব্রহ্মা মহর্ষিগণের মধ্যে এই প্রসঙ্গ বলিয়াছিলেন। সেখানে আমি তাঁহারই নিকট হইতে এই বৃত্তান্ত পূর্বরূপে শ্রবণ করিয়াছি। এখন তুমি জিজ্ঞাসা করিলে পর সেই সব কথা আমি যথাযথ

সুরর্ষীণাং শ্রুতঃ মধ্যে পৃষ্টশ্চাপি যথাতথম্
যথাপি চ তচ্চ কার্ৎস্ন্যেন যথাবদনুবর্ণিতম্।
এতচ্ছ্রুত্বা মহারাজ ধর্মে কুরু মনঃ সদা ॥১৩৩

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি সংসারচক্র নাম
একাদশাধিকশততমোঽধ্যায়: ॥১১১

ভাবে বর্ণনা করিলাম। ব্রাহ্মণ! ইহা শ্রবণ করিয়া তুমি সর্ব্বদা ধর্ম্মে মনকে নিযুক্ত করিয়া রাখ। ১৩১-১৩৩

শ্রীমহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের অনুশাসনপর্ব্বান্তর্গত দানধর্ম্মপর্ব্বে সংসারচক্রনামক একাদশাধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥

[পাপহতে মুক্তিলাভের উপায়কথন, অন্নদানের বিশেষমাহাত্ম্যবর্ণন]

যুধিষ্ঠির উবাচ

অধর্মস্য গতির্ব্রহ্মন্ কথিতা যে ত্বয়ানঘ
ধর্মস্য তু গতিং শ্রোতুমিচ্ছামি সদতাং বর ॥ ১

কৃত্বা কর্মাণি পাপানি কথং যান্তি শুভাং গতিম্।
কথং বা চ কৃতেনেহ কেন যান্তি শুভাং গতিম্ ॥ ২

বৃহস্পতিরুবাচ

কৃত্বা পাপানি কর্মাণি অধর্মবশমাগতঃ
মনসা নিপরীতেন নিরয়ং প্রতিপদ্যতে ॥ ৩

মোহাদধর্মং যঃ কৃত্বা পুনঃ সমনুতপ্যতে।
মনঃসমাধিসংযুক্তো ন স লেহেত দুষ্কৃতম্ ॥ ৪

যথা যথা মনস্তস্য দুষ্কৃতং কর্ম গর্হতে।
তথা তথা শরীরং তু তেনাধর্মেণ মুচ্যতে ॥ ৫

যদি ব্যাহরতে ব্রাহ্মণ বিপ্রাণাং ধর্মবাধিনাম্।
ততোঽধর্মকৃতাৎ ক্ষিপ্রমপধ্যায়াৎ প্রমুচ্যতে ॥ ৬

যথা যথা নরঃ সম্যগধর্মমনুতপ্যতে
সমাধিযুক্তেন মনসা বিমুচ্যতে তথা তথা
ভূরুক ইব নির্মোকাৎ পূর্বমুক্তাজ্জরাদিবাৎ ॥ ৭

দত্ত্বা বিপ্রেভ্য দানানি বিবিধানি সমাহিতঃ
মনঃসমাধিসংযুক্তঃ সুগতিং প্রতিপদ্যতে ॥ ৮

প্রদানানি তু সর্ব্বাণি যানি দত্ত্বা যুধিষ্ঠির
নরঃ কৃত্বাপ্যকার্য্যাণি তেভ্যো ধর্মেণ মুচ্যতে ॥ ৯

দ্বাদশাধিকশততম অধ্যায়।

[পাপ হইতে মুক্তিলাভের উপায় কথন এবং অন্নদানের বিশেষ মাহাত্ম্য বর্ণন]

যুধিষ্ঠির বলিলেন,—ব্রহ্মন্! আপনি অধর্ম্মের গতি বলিলেন। নিষ্পাপ! বক্তাগণের মধ্যে শ্রেষ্ঠ! এখন আমি ধর্ম্মের গতি শুনিতে ইচ্ছুক হইয়াছি। ১

মানুষ পাপ কর্ম্মসকল করিয়াও কিভাবে শুভ গতি লাভ করিতে পারে? এবং কোন্ কর্ম্মের অনুষ্ঠানে তাহারা উত্তম গতি প্রাপ্ত হয়? ২

বৃহস্পতি বলিলেন,—মানুষ পাপ কর্ম্মসকল করিয়া অধর্ম্মের বশীভূত হইয়া যায়, তাহার মন অধর্ম্মে বিপরীত মার্গে গমন করে; সেই জন্য সে নরকে পতিত হয়। ৩

কিন্তু যে ব্যক্তি মোহবশতঃ অধর্ম্ম করিয়াও পুনরায় তাহার জন্য অনুতাপ করে, তাহার কর্ত্তব্য হইল—সে মনকে বশীভূত করিয়া কখনও আর পাপ কর্ম্মের সেবা করিবে না। ৪

মানুষের মন যেরূপ যেরূপ পাপ কর্ম্মের নিন্দা করিবে, তাহার শরীর সেইরূপ সেইরূপ অধর্ম্মের বন্ধন হইতে মুক্ত হইয়া যাইবে। ৫

ব্রাহ্মণ! যদি পাপী পুরুষ ধর্ম্মজ্ঞ ব্রাহ্মণগণের নিকটে নিজের পাপ বলিয়া দেয়, তবে সে সেই পাপের শুদ্ধ নিন্দা হইতে নিশ্চয় মুক্তি পায়। ৬

মানুষ নিজের মনকে স্থির করিয়া যেরূপ যেরূপ নিজের পাপ প্রকাশ করে, সেইরূপ সেইরূপই সে সেইভাবে মুক্ত হইয়া যায় যেরূপ সর্প পুরাতন ত্বকাকীর্ণ খোলোস হইতে মুক্ত হইয়া থাকে। ৭

মানুষ একাগ্রচিত্ত হইয়া সাবধানে যদি ব্রাহ্মণকে নানাবিধ দান করে, তবে সে উত্তম গতি প্রাপ্ত হয়। ৮

এখন আমি সেই সব উৎকৃষ্ট দানের কথা বর্ণনা করিব, সব রকম দান করিয়া সে অকার্য্য করিয়াও ধর্ম্মফলের দ্বারা শুদ্ধ হইতে পারে। ৯

সর্বেষামেব দানানামগ্রং জ্ঞেয়মুদাহৃতম্।
পূর্বমন্নং প্রদাতব্যমৃষিভ্যো ধর্মমিচ্ছতা। ১০
প্রাণা হ্যন্নং মনুষ্যাণাং তস্মাদন্নস্তু তাদৃশে।
অন্নে প্রতিষ্ঠিতো লোকস্তস্মাদন্নং প্রশস্যতে। ১১
অন্নমেব প্রশংসন্তি বেদবিদ্-পিতৃ-মানবাঃ।
অন্নসা হি প্রদানেন তৃপ্তিমেতো দিবং গতঃ। ১২
তারয়ন্তং প্রদাতব্যং বিজ্ঞাতিভ্যোঽন্নমুত্তমম্।
যাচ্যায়ঃ সমুপেতেভ্যঃ প্রহৃষ্টেনান্তরাত্মনা। ১৩
যস্য জন্তুপশান্তস্য ব্রাহ্মণানাং শতং দদে।
ন্যূনৈর্ন বসনা দত্তং ন স তির্যগ্গতির্ভবেৎ। ১৪
ব্রাহ্মণানাং সহস্রাণি দদ্য ভোজা নরস্তথা।
নরোঽন্নবর্জনাৎ প্রমুচ্যেত যোগেষ্বভিরতঃ সদা। ১৫
ত্রৈক্যোপাত্তাঃ সমাহৃতা বিপ্রো বেদপুরঃকৃতঃ
স্বাধ্যায়নিরতে বিপ্রে দত্তং ভবতি শুশ্রুমে। ১৬
(ত্রৈক্যোপাত্তি সমাহৃতা যস্যান্নং দ্বিজেষ্বৈ

সুবর্ণদানাং পাপানি মন্তন্তি সুমহন্তপি।
দত্ত্বা বৃত্তিকরীং ভূমিং পাতকেভ্যোপি মুচ্যতে।
পাপায়ৈঃ পুরুষাদানাং মুচ্যতে পাতকৈর্দ্বিজঃ।
গাহত্র্যাস্তৈব লক্ষেন সোমস্রস্তা তথৈবাং
বেদার্থং জ্ঞাপয়িত্বা চ শুভান্ বিপ্রান্ যথার্থতঃ।
সর্বাত্যাগাদিভিশ্চাপি মুচ্যতে পাতকৈর্দ্বিজঃ।
সর্বাভিধ্যাং পরং জ্ঞেয়ং তস্মাদন্নং পরং স্মৃতম্।)
অহিংসন্ ব্রাহ্মণস্থানি ভাজনে পরিপাল্য চ।
ক্ষত্রিয়স্তরসা প্রাপ্তমঃ যো বৈ প্রযচ্ছতি। ১৭
দ্বিজেভ্যো বেদবৃত্তেভ্যঃ প্রযতঃ সুসমাহিতঃ।
তেনাপোহতি বর্ষাণ্যন্ন দুষ্কৃতং কর্ম পাণ্ডব। ১৮
যড়ঙ্গাগমপরিশুদ্ধং কৃষের্ভগ্নপাত্তিতম্।
সৈক্ষ্যো দদদ্ দ্বিজাতিভ্যঃ পাপেভ্যঃ পরিমুচ্যতে। ১৯
অযাপ্য প্রাণসন্ধেয়ং কার্ষ্ণেন সমাহৃতম্।
অন্নং দত্ত্বা দ্বিজাতিভ্যঃ সূত্রঃ পাপাৎ প্রমুচ্যতে। ২০

সর্বপ্রকার দানের মধ্যে অন্নদান শ্রেষ্ঠ বলিয়া কথিত হইয়াছে। অতএব ধর্মকামী ব্যক্তিদের প্রথম সযত্নভাবে অন্নদান করা কর্তব্য। ১০

অন্ন মনুষ্যগণের প্রাণ, অন্ন হইতেই প্রজাদের উৎপত্তি হয় এবং অন্নেরই আধারে সারা জগৎ সংসার স্থিত আছে। সেইজন্য অন্নই সর্বাপেক্ষা শ্রেষ্ঠ বলিয়া কথিত হয়। ১১

দেবতা, ঋষি, পিতৃপুরুষ ও মনুষ্যগণ সকলেই অন্নের প্রশংসা করেন। অন্নেরই দানে রাজা রন্তিদেব স্বর্গ প্রাপ্ত হইয়াছেন। ১২

অতএব যাচ্যায়ে নিরত ব্রাহ্মণগণকে প্রসন্নচিত্তে ভাবোপাত্তিত উত্তম অন্ন দান করা উচিত। ১৩

যে পুরুষের প্রসন্নচিত্তে প্রদত্ত অন্ন এক হাজার ব্রাহ্মণ ভোজন করেন, সে কখনও পশু-পক্ষিযোনিতে জন্মগ্রহণ করে না। ১৪

নরশ্রেষ্ঠ! যে মানুষ সদা যোগসাধনে নিরত থাকিয়া দশ হাজার ব্রাহ্মণকে অন্ন ভোজন করায়, সে পাপ বন্ধন হইতে মুক্ত হইয়া যায়। ১৫

বেদজ্ঞ ব্রাহ্মণ যদি ভিক্ষা করিয়া আনীত অন্ন স্বাধ্যায়পরায়ণ বিপ্রকে প্রদান করেন, তবে তিনি এ জগতে সুখী হন। ১৬

(যদি কেহ ভিক্ষা করিয়াও অন্ন সংগ্রহ করত ব্রাহ্মণগণকে দান করে এবং সূর্যের ন্যায় করে,' তবে তাহার বহুবিধ পাপসমূহ নষ্ট হইয়া যায়। জীবিকাদায়িনী কৃষি দান করিয়াও মানুষ পাপ হইতে মুক্ত হইয়া যায়। পুরাণসমূহের পাঠের ব্রাহ্মণ পাপসমূহ হইতে মুক্তি লাভ করেন। এক লক্ষ গায়ত্রী জপ করিলে, এক হাজার গরুকে তৃপ্ত করিলে, বেদার্থ জ্ঞাপন করিলে এবং সর্বত্যাগাদির দ্বারাও দ্বিজ সর্বপ্রকার পাপ হইতে মুক্ত হইয়া যান। এই সব কর্মের সকলকে অন্নের দ্বারা আহুতি সংকার করাই সর্বাপেক্ষা শ্রেষ্ঠ বলে। সেইজন্য অন্নকে সর্বাপেক্ষা উত্তম বলা হয়।)

বর্ষাঋতু পাণ্ডুনন্দন! যে ক্ষত্রিয় ব্রাহ্মণের ধন অপহরণ না করিয়া ন্যায়ানুসারে প্রজাপালন করিতে করিতে নিজের বাহুবলে প্রাপ্ত অন্ন বেদজ্ঞ ব্রাহ্মণগণকে শুদ্ধ ও সমাহিত চিত্তে দান করে, সেই ক্ষত্রিয় নিজের এই অন্নদানের প্রভাবে তাঁর পূর্বকৃত পাপকে নাশ করিয়া থাকে। ১৭-১৮

যে বৈশ্য কৃষি হইতে অন্ন উৎপাদন করত তাহার ছয় ভাগের এক ভাগ করগ্রহণ রাজাকে প্রদান করিয়া অবশিষ্ট অন্ন হইতে শুদ্ধ অন্ন ব্রাহ্মণগণকে দান করে, সে পাপসমূহ হইতে মুক্ত হইয়া যায়। ১৯

শূদ্রও যদি প্রাণের দ্বারা না করিয়া কঠোর পরিশ্রমে উপার্জিত অন্ন ব্রাহ্মণগণকে দান করে, তবে সে পাপ হইতে মুক্ত হইয়া যায়। ২০

ঔরসেন মনোনাম্নর্দ্ধিত্বাবিরসেন্তঃ
যঃ প্রযচ্ছতি বিপ্রেভ্যো ন স দুর্গাণি পশ্যতি ॥ ২০
ন্যায়েনৈবাপ্তমন্ন হি নরো দর্ষমবাপ্নুয়াৎ।
দ্বিজেভ্যো বেদবৃদ্ধেভ্যো দত্ত্বা পাপাৎ প্রমুচ্যতে ॥ ২২
অন্নমূর্জকরং লোকে দত্ত্বোর্জস্বী ভবেন্নরঃ।
সদ্ভাং পন্থানমাবৃত্তা সর্বপাপৈঃ প্রমুচ্যতে ॥ ২৩
দানবদ্ভিঃ কৃতঃ পন্থা যেন যান্তি মনীষিণঃ
তে হি প্রাণস্য দাতারস্তেভ্যো বয়ঃ সনাতনম্ ॥ ২৪
সর্বাবস্থং মনুষ্যেণ ন্যায়েনাপ্তমুপার্জিতম্
কার্যং পাত্রগতং বিত্তমন্নং হি পরমা গতিঃ ॥ ২৫
অন্নদা হি প্রজানেন নরো রৌদ্রং ন সেবতে
তস্মাদন্নং প্রযত্নেন দাতব্যমভয়ার্থিনা ॥ ২৬
যত্তেন ব্রাহ্মণপূর্বং হি ভোক্তুমন্নং গৃহী সদা
অবস্থ্যং দিবসং কুর্যাদন্নদানেন মানবঃ ॥ ২৭
ভোজয়িত্বা দশশতা নরো বেদবিদো বৃত্ত
ন্যায়বিদ্ধর্মবিদুষাম্বিহাসবিদ্যাং তথা ॥ ২৮
ন যাতি নরকং ঘোরং সংসারাংশ্চ ন সেবতে
সর্বকামসমাযুক্তঃ প্রেত্য চাপ্নোতি সুখম্ ॥ ২৯
এবং খলু সমাযুক্তো রমতে দিগুতত্রঃ
রূপবান্ কীর্তিমাংশ্চৈব ধনবাংশ্চোপপদ্যতে ॥ ৩০
এতৎ তে সর্বমাখ্যাতমন্নদানফলং মহৎ।
মূলমেতত্তু ধর্মস্য প্রধানানাঞ্চ ভারত ॥ ৩

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি সংসারচক্রে
দানপ্রাধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১

যে ব্যক্তি কোন প্রাণীকে হিংসা না করিয়া নিজের যত্নসহকারে দ্বারা উৎপাদিত অন্ন ব্রাহ্মণগণকে দান করে, সে কখনও দুর্গতি অনুভব করে না। ২১

দানধর্মে অন্ন প্রধান হইয়া তাহা বেদজ্ঞ ব্রাহ্মণগণকে প্রদান করিতে প্রধান ব্যক্তি নিজের পাপসমূহের বন্ধন হইতে মুক্ত হইয়া যায় ॥২২

লোকে অন্নই মনের বৃদ্ধিকারী, অতএব অন্নদান করিয়া মনুষ্য বলবান্ হয় এবং সৎপুরুষগণের পথ আশ্রয় করিয়া সমস্ত পাপ হইতে মুক্তি লাভ করে। ২৩

যাহা পুরুষগণ যে পথ প্রবর্তন করিয়াছেন, সেই পথেই মনীষী পুরুষেরা গমন করেন। অন্নদাতা পুরুষগণই যথার্থ প্রাণদাতা। তাঁহাদের নিকট হইতে সনাতন বংশের বৃদ্ধি হয়। ২৪

ব্রাহ্মণের প্রত্যেক অবস্থাতেই ন্যায়লাভে উপার্জিত অন্ন সংপাত্রে অর্পণ করা উচিত, কারণ, অন্নই সংসার প্রাণীর আধার ॥ ২৫

যে ব্যক্তি অন্নদান করেন তাঁহাকে কখনও রৌদ্রের ভয়ঙ্কর যাতনা ভোগ করিতে হয় না। সেইজন্য অন্যান্যপথ ত্যাগ করিয়া ন্যায়োপার্জিত অন্নই সকলে দান করা উচিত। ২৬

প্রত্যেক গৃহস্থ ব্রাহ্মণের উচিত হইল - প্রথমে সে ব্রাহ্মণকে ভোজন করাইয়া পরে স্বয়ং ভোজন করিবে এবং অন্নদানে যার প্রত্যেক দিনকে সফল করিবে। ২৭

বৃদ্ধ মুমুক্ষুর : যে মানুষ বেদ, ভাষ্য, ধর্ম ও ইতিহাসে অভিজ্ঞ এক হাজার ব্রাহ্মণকে ভোজন করায়, সে ঘোর নরক ও সংসার চক্রে পতিত হয় না। ইহ লোকে তাহার সমস্ত কামনা পূর্ণ হয় এবং মৃত্যুর পর সে পরলোকে সুখ ভোগ করে। ২৮-২৯

এইভাবে অন্নদানে নিরত মানুষ নিশ্চিন্ত হইয়া সুখ অনুভব করে এবং রূপবান্, কীর্তিমান্ ও ধনবান্ হয়। ৩০

ভারত! অন্নদান সম্বন্ধে তোমার যাবতীয় মহৎ জ্ঞান বর্ণনা করিলাম। ৩১

শ্রীমহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে সংসারচক্রপ্রসঙ্গে দানপ্রাধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥

[যুধিষ্ঠিরসমীপে অহিংসায়া ধর্ম্মস্য চ মহিমানং বর্ণয়িত্বা বৃহস্পতেঃ স্বর্গলোকে প্রস্থানম্ ।]

যুধিষ্ঠির উবাচ ।

অহিংসা বৈষয়িকং কর্ম ধ্যানমিন্দ্রিয়সংযমঃ
তপোঽথ গুরুশুশ্রূষা কিং শ্রেয়ঃ পুরুষং প্রতি ॥ ১

বৃহস্পতিরুবাচ

সর্বাণ্যেতানি ধর্ম্মাণি পৃথগ্দ্বারাণি সংবিদঃ ।
নৃপ সন্ত্যাজ্যমানানি সর্বভূতাভয়ঙ্করঃ ॥ ২
হন্ত নিঃশ্রেয়সং ভূয়োঽবহে বক্ষ্যামি তত্ত্বতঃ ।
অহিংসাপ্যাত্মবান্ ধর্মো যঃ সাধয়তি বৈ নরঃ ॥ ৩
ত্রীন্ দোষান্ সর্বভূতেষু নিবার্য পুরুষঃ সদা ।
কাম-ক্রোধৌ চ সংযম্য ততঃ সিদ্ধিমবাপ্নুতে ॥ ৪
অহিংসকানি ভূতানি দণ্ডেন বিনিহন্তি যঃ ।
আত্মনঃ সুখমন্বিচ্ছন্ ন প্রেত্য লভতে সুখম্ ॥ ৫
আত্মোপমস্তু ভূতেষু যো বৈ ভবতি পূরুষঃ
তস্মাদ্ভয়ং ন ভূতানাং ক্ষেমং প্রাপ্নোত্যনুত্তমম্ ॥ ৬
সর্বভূতাভয়ং তস্য সর্বভূতানি পশ্যতঃ ।
দেবাঽপি মার্গে মুহ্যন্তি অপদস্য পদৈষিণঃ ॥ ৭
ন তৎ পরস্য সংদধ্যাৎ প্রতিকূলং যদাত্মনঃ
এষ সাঙ্ক্ষেপতো ধর্মঃ কামাদন্যঃ প্রবর্ততে ॥ ৮
প্রস্তাবানেষু চ স্থানে চ সুখ-দুঃখে প্রিয়াপ্রিয়ে ।
আত্মৌপম্যেন পুরুষঃ প্রমাণমধিগচ্ছতি ॥ ৯
যথা পরঃ প্রক্রমতে পরেষু
তথাপরে প্রক্রমন্তে পরস্মিন্ ।
তথৈব তেঽপ্যনু জীবলোকে
যথা বর্ষে নৈপুণেনোপদিষ্টঃ ॥ ১০

বৈশম্পায়ন উবাচ ।

ইত্যুক্ত্বা তু সুরগুরুর্ধর্মরাজং যুধিষ্ঠিরম্
দিবমাচক্রমে যৌমান্ পশ্যতাংস্তান্ নরর্ষভান্ ॥ ১১

ইতি শ্রীমন্মহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি সংসারচক্রসমাপ্তৌ
ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১৩

ত্রয়োদশাধিক শততম অধ্যায়

[যুধিষ্ঠিরের নিকট অহিংসা ও ধর্মের মহিমা বর্ণনা করিয়া বৃহস্পতির স্বর্গলোকে প্রস্থান ।]

যুধিষ্ঠির বলিলেন,—পিতামহ ! অহিংসা, বৈষয়িক কর্ম, ধ্যান, ইন্দ্রিয়সংযম, তপস্যা ও গুরুশুশ্রূষা এই ছয় প্রকার কর্মের মধ্যে কোন্ কর্ম মানুষের বিশেষ কল্যাণকারী হয় ? ১

বৃহস্পতি বলিলেন,—তাত যুধিষ্ঠির ! এই ছয় প্রকার কর্মই ধর্ম-অনুসারে এবং এ সমস্তই 'ভয় হইতে ত্রাণ' হইতে প্রকটিত হইয়াছে । আমি এই ছয়টি ধর্ম বর্ণনা করিতেছি, তুমি শ্রবণ কর ॥ ২

আমি এখন যতপ্রকারে তোমার কল্যাণের সর্বশ্রেষ্ঠ উপায় বলিব । যে মানুষ অহিংসাযুক্ত ধর্ম পালন করে, সে যোগ, যম ও সংযমতা-গুণ তিনটি দোষকে অন্ত সমস্ত প্রাণীর মধ্যে স্থাপিত করিয়া এবং সদা কাম-ক্রোধকে সংযত করিয়া সিদ্ধি লাভ করিয়া থাকে ॥ ৩-৪

যে মানুষ নিজের সুখের ইচ্ছা রাখিয়া অহিংসক প্রাণিগণকে দণ্ডের দ্বারা পীড়া করে, সে পরলোকে সুখী হইতে পারে না ॥ ৫

যে মানুষ সমস্ত প্রাণিগণকে নিজের সমান বলিয়া মনে করে, দণ্ড পরিত্যাগ করিয়াছে (তাহাদের উপর দণ্ডপ্রয়োগের বাসনা সর্বতোভাবে ত্যাগ করিয়াছে) এবং ক্রোধকে জয় করিয়াছে, সে-ই মৃত্যুর পর সুখ ভোগ করে ॥ ৬

যিনি সমস্ত ভূতের আত্মা অর্থাৎ সকলের আত্মাকে নিজেরই আত্মা বলিয়া মনে করেন এবং সকল প্রাণীকে যিনি সমানভাবে দেখেন, সেই গমনাগমনরহিত জ্ঞানী ব্যক্তির গতি জানিবার সময় দেবতারাও মোহিত হইয়া যান ॥ ৭

যে কথা নিজের প্রতিকূল বলিয়া মনে হয়, সেরূপ কথা অন্যের প্রতিও প্রয়োগ করিবে না । ইহাই ধর্মের সংক্ষিপ্ত লক্ষণ । ইহা ব্যতীত যে ব্যবহার হয়, তাহা কামমূলক ॥ ৮

প্রার্থনা করিলে পর দান করিলে বা প্রত্যাখ্যান করিলে, সুখ-দুঃখ প্রদানে এবং প্রিয় অপ্রিয়কার্য করিলে মানুষের পক্ষে যেরূপ ব্যবহারের অনুভব হয়, তাহা অপরের পক্ষেও বুঝিতে হইবে ॥ ৯

যেরূপ এক মানুষ অপর মানুষের উপর আক্রমণ করে, সেই-রূপ সুযোগ আসিলেই অপর মানুষেরাও তাহার উপর আক্রমণ করে । ইহাকে তুমি জগতে নিজের পক্ষের দৃষ্টান্ত বলিয়া জানিবে, অতএব কাহারও উপর আক্রমণ করা উচিত নয় । এইরূপে জগতে সৌশীলতার সহিত ধর্মের উপদেশ করা হইয়াছে ॥ ১০

বৈশম্পায়ন বলিলেন,—জনমেজয় ! ধর্মরাজ যুধিষ্ঠিরকে এই কথা বলিয়া পরম জ্ঞানী দেবগুরু বৃহস্পতি সেই সময় আমাদের সাক্ষাতেই দেবলোকে চলিয়া যাইলেন ॥ ১১

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে সংসারচক্র সমাপ্তিবিষয়ক ত্রয়োদশাধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ।

॥ চতুর্দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥

(হিংসায়া মাংসভক্ষণস্য চ নিন্দা

বৈশম্পায়ন উবাচ।

ততো যুধিষ্ঠিরো রাজা শরতল্পে পিতামহম্
পুনরেব মহাভাগঃ পপ্রচ্ছ বরতাং বরঃ। ১

যুধিষ্ঠির উবাচ

ভবন্তো ব্রাহ্মণা দেবাঃ প্রশংসন্তি মহামতে।
অহিংসালক্ষণং ধর্ম্মং বেদপ্রামাণ্যদর্শনাৎ। ২

কর্ম্মণা মনুজঃ কুর্ব্বন্ হিংসাং পাপিষ্ঠসম্ভব
বাচা চ মনসা চৈব কথং দুঃখাৎ প্রমুচ্যতে। ৩

ভীষ্ম উবাচ।

চতুর্বিধেষু নির্দ্দিষ্টা হ্যহিংসা ব্রহ্মবাদিভিঃ।
একৈকতোঽপি বিদ্বন্ত্রী ন ত্বত্যাদিশুদন। ৪

যথা সর্ব্বচতুষ্পাদ্ বৈ ত্রিভিঃ পাদৈর্ন তিষ্ঠতি
হবৈরেবং মহীপাল ত্রায়ৈঃ প্রোচ্যতে ত্রিভিঃ। ৫

যথা মাংসপদেহ্যানি পদানি পদগামিনাম্।
সর্ব্বাণ্যেবাপিধীয়ন্তে পদজাতানি কৌঞ্জরে। ৬

এবং লোকেষহিংসা তু নির্দ্দিষ্টা ধর্ম্মতঃ পুরা।
কর্ম্মণা লিপ্যতে জন্তুর্বাচা চ মনসাপি চ। ৭

পুরা তু মনসা ত্যক্ত্বা তথা বাচাথ কর্ম্মণা
ন ভক্ষয়ন্তি যো মাংসং ত্রিবিধং স বিমুচ্যতে। ৮

ত্রিপ্রকারং তু নির্দ্দিষ্টং ত্রয়ং তত্র ব্রহ্মবাদিভিঃ।
মনো বাচি তথাঽঽদধ্যাদ্ যো দোষা জ্ঞেষু প্রতিষ্ঠিতা। ৯

ন ভক্ষয়ন্তাতো মাংসং তপোযুক্তা মনীষিণঃ।
দোষাংস্তু ভক্ষণে রাজন্ মাংসস্যেহ নিবোধ মে। ১০

পুত্রমাংসোপমং জ্ঞানং খাদতে যোঽবিচক্ষণঃ
মাংসং মোহসমাযুক্তং পুরুষঃ সোঽধমঃ স্মৃতঃ। ১১

চতুর্দশাধিক শততম অধ্যায়।

(হিংসা ও মাংসভক্ষণের নিন্দা।)

বৈশম্পায়ন বলিলেন,—তদনন্তর ধর্ম্মরাজ যুধিষ্ঠির শরশয্যায় শায়িত পিতামহ ভীষ্মকে পুনরায় প্রশ্ন করিলেন। ১

যুধিষ্ঠির বলিলেন, মহাত্মন্! দেবতা, ঋষি ও ব্রাহ্মণগণ বৈদিক প্রমাণানুসারে সর্ব্বদা অহিংসা ধর্ম্মের প্রশংসা করেন। নৃপশ্রেষ্ঠ! অতএব আমি জিজ্ঞাসা করিতেছি যে, মন, বাক্য ও ক্রিয়ার দ্বারা হিংসারত মানব কিরূপে দুঃখ হইতে মুক্তি লাভ করিতে পারে? ২-৩

ভীষ্ম বলিলেন,—পরন্তপ! ব্রহ্মবাদীপুরুষগণ মন, বাক্য ও ক্রিয়ার দ্বারা হিংসা না করা এবং মাংস ভক্ষণ না করা—এই চারি উপায়ে অহিংসা ধর্ম্মপালনের কথা বলিয়াছেন। ইহাদের মধ্যে কোনও এক অংশ যদি অবশিষ্ট থাকে, তবে অহিংসা ধর্ম্ম পূর্ণভাবে পালন করা হয় না। ৪

মহীপাল! যেরূপ চারিপদযুক্ত পশু তিনটি পদের দ্বারা দাঁড়াইয়া থাকিতে পারে না, সেইরূপ কেবল তিনটি উপায়ে পালিত অহিংসা ধর্ম্মকে পূর্ণভাবে অহিংসা ধর্ম্ম বলা যায় না। ৫

যেরূপ হস্তীর পদচিহ্নে পদগামী সকল প্রাণীর পদচিহ্ন প্রায়ই হইয়া যায়, সেইরূপ পুরাকালে জগতের মধ্যে ধর্ম্মতঃ অহিংসারই নির্দ্দেশ করা হইয়াছে অর্থাৎ অহিংসাধর্ম্মে সকল ধর্ম্মের সমাবেশ হইয়া যায়—এরূপ মানা হইয়াছে। ৬-৭

জীব মন, বাক্য ও ক্রিয়ার দ্বারা হিংসার দোষে লিপ্ত হয়, কিন্তু যে ব্যক্তি কখনও প্রথমে মনের দ্বারা, পরে বাক্যের দ্বারা এবং পরে ক্রিয়ার দ্বারা হিংসা ত্যাগ করিয়া কখনও মাংস ভক্ষণ না করে, সেই ব্যক্তি পূর্ব্বোক্ত তিন প্রকার হিংসার দোষ হইতে মুক্ত হইয়া যায়। ৮-৯

ব্রহ্মবাদী মহাত্মাগণ হিংসাদোষের প্রধান তিনটি কারণ বলিয়াছেন—মন (মাংস ভক্ষণের ইচ্ছা), বাক্য (মাংস ভক্ষণের উপদেশ) এবং আত্মা (প্রত্যক্ষভাবে মাংসের আস্বাদগ্রহণ)। এই তিনটির হিংসাদোষের আধার। ১০

সেইজন্য তপস্যারত মনীষী পুরুষগণ কখনও মাংস ভক্ষণ করেন না। রাজন্! এখন আমি মাংস ভক্ষণের যে সব দোষ, তৎসমস্তই বলিতেছি, তুমি শ্রবণ কর। ১০

যে মূর্খ মানুষ (ইহা জানিয়াও যে পুত্রের মাংস এবং অন্য সাধারণ মাংসমধ্যে কোনও পার্থক্য নাই,) মোহবশতঃ পুত্রের মাংসতুল্য অন্য প্রাণীর মাংস ভক্ষণ করে, সেই মানুষ নরাধম। ১১

পিতৃমাতৃসমাযোগে পুত্রত্ব জায়তে যথা
হিংসায়াং কৃত্যায়াং পাপো ভূমিং জায়তে তথা। ১২
রসস্য প্রতিসিদ্ধ্যর্থং জ্ঞানং প্রজায়তে যথা।
তথা শাস্ত্রেষু নিয়তং রাগো জায়তি তত্ত্বতঃ। ১৩
সংস্কৃতাসংস্কৃতাঃ পক্বা লবণালবণাস্তথা।
প্রজায়ন্তে যথা ভাবাস্তথা চিত্তং বিভজ্যতে। ১৪
ভেরীমৃদঙ্গবন্ধ্যাংশ্চ তন্ত্রীশব্দাংশ্চ পুষ্কলান্।
নিষেবিষ্যন্তি বৈ মদ্যা মাংসেষ্বক্তাঃ কথং নরাঃ। ১৫
(পরেষাং ধন-বাজানাং হিংসকাস্তাবকাস্তথা।
প্রশংসকাশ্চ মাংসস্য নিত্যং স্বর্গে বাহৃতাঃ।)
অচিন্তিতমনির্দিষ্টমসন্দিগ্ধমতো মম। ১৬

রসপুষ্ট্যভিভূতা যে প্রশংসন্তি কলাধিনঃ। ১৬
(তস্য বিষ্ঠা কৃমির্ঘ্যাপি নিষ্ঠা বজ্রেণ্বপী ধ্রুবা।
স কায়ঃ পরশীর্ণাভিঃ কথং ধার্য্যো বিপশ্চিতা।)
প্রশংসা যেষু মাংসস্য দোষকর্ম কলাধিতা। ১৭
জীবিতং হি পরিত্যজ্য যথাঃ সাধবো জনাঃ।
স্বমাংসৈঃ পরমাংসানি পরিপাল্য দিবং গতাঃ। ১৮
এবমেষা মহারাজ চতুষ্পাৎ কাঙ্ক্ষিতৈর্গুণৈ।
অহিংসা তব নির্দিষ্টা সর্বধর্মানুসংহিতা। ১৯

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি মাংসবর্জনকথনে
চতুর্দশাধিকশততমোঽধ্যায়ঃ। ১১৪

যেরূপ পিতা ও মাতার সংযোগে পুত্রের উৎপত্তি হয়, সেইরূপ হিংসা করিলে পর পাপী ব্যক্তিকে অবশ্য ইহা পাপ-যোনিতে জন্মগ্রহণ করিতে হয়। ১২

যেরূপ জিহ্বার দ্বারা যখন রসের জ্ঞান হয়, তখন তাহার প্রতি সে আকৃষ্ট হইতে থাকে, সেইরূপ মাংসের আস্বাদন করিলে পর তাহার আসক্তি বর্দ্ধিত হয়। সকল শাস্ত্রেই বলা হইয়াছে যে, বিষয়সমূহের আস্বাদনেই তাহার প্রতি আসক্তি উৎপন্ন হয়। ১৩

সংস্কৃত (যমনা প্রভৃতি দ্বিয়া যাহার সংস্কার করা হইয়াছে) অসংস্কৃত (যমনা প্রভৃতির দ্বারা সংস্কারশূন্য), পক্ব, কেবল লবণমিশ্রিত ও লবণহীন—এইভাবে মাংসের যে যে অবস্থা হয়, সেই সেই অবস্থায় রুচিভেদে মাংসাহারী ব্যক্তিদের চিত্ত আসক্ত হয়। ১৪

মাংসভক্ষণকারী মূর্খ ব্যক্তিগণ স্বর্গে পূর্বভাবে মৃদঙ্গ ভেরী, মৃদঙ্গ ও বীণার দ্বিয়া মধুর শব্দসমূহের নেতা (শ্রবণ-উপভোগ) কিভাবে করিতে পারে? তাহারা স্বর্গে যাইতে পারে না। ১৫

(অপরের ধন-রাজ্য নষ্টকারী এবং মাংসভক্ষণের স্তুতি-প্রশংসাকারী ব্যক্তিরা সর্বদাই স্বর্গ হইতে বঞ্চিত হয়।)

যাহারা লোভবশতঃ মাংসের রসের আস্বাদিতে অভিভূত হইয়া তাহার অভীষ্ট রস মাংসের অভিলাষ করে এবং তাহাই বারংবার গুণগান করে, তাহাদের এরূপ মূর্খতি লাভ হয়, যাহা কখনও চিন্তা করাও যায় না, যাহা বাক্যের দ্বারা নির্দেশ করা যায় না এবং যাহা মনের দ্বারা কখনও কল্পনা করাও যায় না। ১৬

যাহা দৃষ্টান্ত পর চিন্তার আলোকে দ্বিলে তদ্ভক্ষিত হইয়া যায় অথবা কোনও হিংসক প্রাণীর খাদ্য হইয়া তাহাতে বিভক্তরূপে পরিণত হয় কিংবা ফেলিয়া দিলে যাহার মধ্যে কৃমি জন্মাইয়া থাকে—এই তিনটির মধ্যে যাহার একটি না একটি পরিণাম সুনিশ্চিত, সেই শরীরকে বিদ্বান্ পুরুষ অপরকে পীড়া দিয়া তাহার মাংসে কিভাবে নিজের পোষণ করিতে পারেন? মাংসের প্রশংসাও পাপময় কর্মফলের সহিত নরক স্থাপিত করিয়া দেয়। ১৭

উশীনর শিবি প্রভৃতি বহু শ্রেষ্ঠ পুরুষগণ অপরকে রক্ষা করিবার জন্য নিজেদের প্রাণ দান করত নিজেদের মাংসের দ্বারা অপরের মাংস রক্ষা করিয়া স্বর্গলোকে গমন করিয়াছেন। ১৮

মহারাজ! এইভাবে চারিপ্রকার উপায়ে যাহার পালন হয়, সেই অহিংসা-ধর্ম তোমার জন্য প্রতিপাদন করিলাম। ইহা সর্বধর্মের ওতপ্রোত রহিয়াছে। ১৯

শ্রীমদ্মহর্ষিবেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে মাংসবর্জনবর্ণনবিষয়ক চতুর্দশাধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥

[সুরায়া মাংসস্য চ ভক্ষণে মহাদোষকথনম্, অনবদ্যাত্যাগমহিমবর্ণনম্, ত্যাগে পরমলাভস্য প্রতিপাদনঞ্চ]

যুধিষ্ঠির উবাচ।

অহিংসা পরমো ধর্ম ইত্যুক্তং বহুশস্ত্বয়া।
ভাষতে চ সদা সাধুর্ধর্মে মাংসস্য পরিবর্জনে।
দোষো ভক্ষয়তঃ কঃ স্যাৎ কস্যাভক্ষয়তো গুণঃ। ১
হত্বা ভক্ষয়তো বাপি পরযোপস্থতস্য বা।
ক্রীত্বা বা যঃ পরস্যার্থে ক্রীত্বা বা ভক্ষয়েন্নরঃ। ২
এতদিচ্ছামি তত্ত্বেন কথ্যমানং ত্বয়ানঘ।
বিস্তরেণ চিকীর্ষামি ধর্মমেতং সনাতনম্। ৩
কথমাহুরযোগ্যোতি কথং ভবতি সত্ত্ববান্।
কথমব্যক্তমাপ্নোতি কথং ভবতি কথ্যম্। ৪

ভীষ্ম উবাচ।

মাংসস্যাভক্ষণায় রাজন্ যো ধর্মঃ কুরুনন্দন।
তত্রে শৃণু যথাতত্ত্বং যথাসা বিধিরুত্তমঃ। ৫

ব্রূপণব্যাজমাহুর্বৃদ্ধাঃ সন্তো বনং স্মৃতম্
প্রাণভৃতামৈশ্বরোঽহিংসা বর্ত্তিতা বৈ মহাত্মভিঃ। ৬
ত্বদীয়মত্র সংবাদো বক্তব্যঃ কুরুনন্দন।
বক্তুমর্হ তেষাং ভূ মতং যৎ তচ্ছৃণু যুধিষ্ঠির। ৭
যো যজেতাশ্বমেধেন মাসি মাসি শতং সমাঃ।
বর্জয়েন্মধু মাংসঞ্চ সমমেতদ্ যুধিষ্ঠির। ৮
সপ্তর্ষয়ো বালখিল্যাস্তথৈব চ মরীচিপাঃ।
অমাংসভক্ষণং রাজন্ প্রশংসন্তি মনীষিণঃ। ৯
ন ভক্ষয়তি যো মাংসং ন চ হন্যান্ন ঘাতয়েৎ
তমিত্রঃ সর্বভূতানাং মনুঃ স্বায়ম্ভুবোঽব্রবীৎ। ১০
অবৃত্তঃ সর্বভূতানাং বিশ্বাসাঃ সর্বজন্তুষু।
সাধুনাং সম্মতো নিত্যং ভবেন্মাংসং বিবর্জয়ন্। ১১

পঞ্চদশাধিক শততম অধ্যায়।

[মদ্য ও মাংস ভক্ষণে মহাদোষ কথন, ইহাদের ত্যাগের মহিমা এবং ত্যাগে পরম লাভের প্রতিপাদন।]

যুধিষ্ঠির বলিলেন,—পিতামহ! আপনি বহু বার এই কথা বলিয়াছেন যে, অহিংসা পরম ধর্ম অতএব মাংস পরিত্যাগ-রূপ ধর্মবিষয়ে আমার সন্দেহ হইতেছে সেইজন্য আমি জানিতে অভিলাষী হইয়াছি যে, মাংস ভক্ষণকারীর কি দোষ হয় এবং যে মাংস ভক্ষণ করে না, তাহার কি লাভ হয়? ১

যে ব্যক্তি পশু বধ করিয়া তাহার মাংসভক্ষণ করে কিংবা অপর কর্তৃক প্রদত্ত মাংস ভক্ষণ করে, যে অন্যের ভক্ষণের জন্য পশু ক্রয় করে অথবা যে ক্রয় করিয়া মাংস ভক্ষণ করে, তাহাদের কি দণ্ড প্রাপ্য হয়? ২

পিতামহ! আমার ইচ্ছা যে, আপনি এই বিষয় যথাযথভাবে বিচার করিয়া আমাকে বলুন আমি নিশ্চিত রূপে এই সনাতন ধর্ম পালনের বাসনা করিয়াছি। ৩

রাজন্! কিভাবে লোক লাভ করে, কিরূপে বলবান্ হয়, কি প্রকারে তাহার পূর্ণায়ুঃ প্রাপ্তি হয় এবং কিভাবে সে শুভ লক্ষণসমূহে সমৃদ্ধ হইতে পারে? ৪

ভীষ্ম বলিলেন,—রাজন্! কুরুনন্দন! মাংস ভক্ষণ না করিলে যে ধর্ম হয়, আমার নিকট হইতে তাহার যথাযথভাবে বর্ণনা শ্রবণ কর এবং সেই বর্ণনার যে উত্তম বিধি, তাহাও শ্রবণ কর। ৫

ইহাকে কুশল বলে, পূর্ণায়ুতা, পূর্ণ আয়ু, উত্তম বুদ্ধি, বল, বল এবং স্মরণশক্তি লাভ করিতে বাসনা করেন, সেই মহাত্মা পুরুষগণের সর্বতোভাবে হিংসা পরিত্যাগ করা উচিত। ৬

কুরুনন্দন যুধিষ্ঠির! এই বিষয় লইয়া ঋষিগণের মধ্যেও বহুবার প্রশ্নোত্তর হইয়া গিয়াছে। শেষে তাঁহাদের সকলের মতানুসারে যে সিদ্ধান্ত নিশ্চিত হইয়াছে, তাহাও বলিতেছি, শ্রবণ কর। ৭

যুধিষ্ঠির! যে ব্যক্তি নিয়মানুসারে ব্রতপালন করিতে করিতে প্রতিমাসে অশ্বমেধ-যজ্ঞের অনুষ্ঠান করেন, এবং যে কেবল মদ্য ও মাংস পরিত্যাগ করেন, ইঁহাদের উভয়েরই ফললাভ সমান হয়। ৮

রাজন্! সপ্তর্ষি, বালখিল্য ও সূর্যাভিমুখগামী অন্যান্য মনীষী মহর্ষিগণ মাংস ভক্ষণ না করারই প্রশংসা করিয়াছেন। ৯

স্বায়ম্ভুব মনু বলিয়াছেন—যে ব্যক্তি মাংসভক্ষণ করে না ও পশুবধও করে না (এবং অপরের দ্বারা করে না,) সেই ব্যক্তি সর্ব প্রাণীর বন্ধু। ১০

যে ব্যক্তি মাংস ভক্ষণ পরিত্যাগ করিয়া দেয়, তাহাকে কোনও প্রাণী বিশ্বাস করিতে পারে না, সে সকল প্রাণী

অথবা সেবা পরমাংসেন যো বর্ধয়িতুমিচ্ছতি
নারদঃ প্রাহ ধর্মাত্মা নিয়তং সোঽধমাং গতিম্ ॥ ১২
দদাতি যজতে চাপি তপস্বী চ ভবত্যপি
মধুমাংসনিবৃত্তোতি প্রাহ চৈবং বৃহস্পতিঃ ॥ ১৩
বালি মাসাদ্যমেবেন বো যজেত শতং সমাঃ ।
ন খাদতি চ যো মাংসং সমমেতন্মতং মম ॥ ১৪
সদা যজতি সত্রেণ সদা দানং প্রযচ্ছতি ।
সদা তপস্বী ভবতি মধুমাংসবিবর্জনাৎ ॥ ১৫
সর্বে বেদা ন তৎ কুর্যুঃ সর্বে যজ্ঞাশ্চ ভারত ।
যো ভক্ষয়িত্বা মাংসানি পশ্চাদপি নিবর্ততে ॥ ১৬
দুষ্করং রসজ্ঞানে মাংসস্য পরিবর্জনম্ ।
চতুর্ণাং ব্রতমিদং শ্রেষ্ঠং সর্বপ্রাণভৃতাং প্রভম্ ॥ ১৭
সর্বভূতেষু যো বিদ্বান্ দদাত্যভয়দক্ষিণাম্ ।
দাতা ভবতি লোকে স প্রাণানাং নাত্র সংশয়ঃ ॥ ১৮

এষা বৈ পরমা ধর্মা প্রশংসন্তি মনীষিণঃ ।
প্রাণা যথাঽঽত্মনোঽভীষ্টা ভূতানামপি বৈ তথা ॥ ১৯
আত্মৌপম্যেন মন্তব্যং বুদ্ধিমদ্ভিঃ কৃতাত্মভিঃ ।
মৃত্যুতো ভয়মস্তীতি বিদুষাং কৃপিমিচ্ছতাম্ ॥ ২০
কিং পুনর্হন্যমানানাং তপসা জীবিতার্থিনাম্
অন্যোন্যাদ্যমপাপানাং পাপৈর্মাংসোপজীবিভিঃ ॥ ২১
তস্মাদ্ বিদ্বি মহারাজ মাংসস্য পরিবর্জনম্ ।
ধর্মস্তারতমঃ শ্রেষ্ঠঃ স্বর্গস্য চ সুখস্য চ ॥ ২২
অহিংসা পরমো ধর্মস্তথাহিংসা পরং তপঃ ।
অহিংসা পরমং সত্যং যতো ধর্মঃ প্রবর্ততে ॥ ২৩
ন হি মাংসং তৃণাৎ কাষ্ঠাদুপলাদ্বা কথঞ্চন ।
হত্বা ভক্ত্বা ততো মাংসং তস্মাদ্ দোষস্তু ভক্ষণে ॥ ২৪
যাজ্ঞাবাষামৃতভুজো দেবাঃ সত্যার্জবপ্রিয়াঃ ।
ক্রব্যাদান্ রাক্ষসান্ বিদ্ধি জিহ্মানৃতপরায়ণান্ ॥ ২৫

বিদ্যাদের পাত্র হইয়া যায়, শ্রেষ্ঠ পুরুষগণ সর্বদা তাহাতে সম্মান করেন ॥ ১১

ধর্মাত্মা নারদ বলিয়াছেন—যে ব্যক্তি অপরের মাংসের দ্বারা নিজের মাংস বৃদ্ধি করিতে বাসনা করে, সেই ব্যক্তি নিশ্চয়ই দুঃখ ভোগ করিয়া থাকে ॥ ১২

বৃহস্পতি বলিয়াছেন,—যে ব্যক্তি যজ্ঞ ও মাংস পরিত্যাগ করে, সে দান করে, যজ্ঞ করে ও তপস্যা করে অর্থাৎ তাহার দান, যজ্ঞ ও তপস্যার ফল লাভ হয় ॥ ১৩

যে ব্যক্তি শতবর্ষ পর্যন্ত প্রতিমাসে অশ্বমেধ যজ্ঞ করে এবং যে কখন মাংস ভক্ষণ করে না,—এই উভয়েরই সমান ফললাভ হয় ॥ ১৪

যজ্ঞ ও মাংস পরিত্যাগ করিলে মানুষ সদা যজ্ঞকারী, সদা দানকারী এবং সদা তপস্বী হইয়া যায় ॥ ১৫

ভারত! যে পূর্বে মাংস ভক্ষণ করিত এবং পরে তাহা সর্বতোভাবে পরিত্যাগ করিয়া দিয়াছে, তাহারে যে পুণ্য প্রাপ্তি হয়, তাহা সমস্ত বেদ ও সমস্ত প্রকার যজ্ঞ করিতে পারেন না ॥ ১৬

মাংসের রসের আস্বাদন ও সহজে করিলে পর তাহা ত্যাগ করা এবং সমস্ত প্রাণিগণের অভয়প্রদ এই সর্বশ্রেষ্ঠ অহিংসা ব্রত ধারণ করা অত্যন্ত কঠিন হইয়া যায় ॥ ১৭

যে বিদ্বান্ পুরুষ সর্ব প্রাণীকে অভয় দান করেন, তিনি এই সংসারে নিশ্চয়রূপে 'প্রাণদাতা' বলিয়া কথিত হন ॥ ১৮

এইভাবে মনীষী পুরুষগণ অহিংসারূপ পরম ধর্মের প্রশংসা করেন। যেরূপ মানুষের নিজের প্রাণ প্রিয়, সেইরূপ সমস্ত প্রাণীরই নিজ নিজ প্রাণ অতিশয় প্রিয় ॥ ১৯

অতএব যাহারা বুদ্ধিমান্ ও পুণ্যাত্মা, তাঁহারা সমস্ত প্রাণীকেই আত্মতুল্য বলিয়া মনে করিবেন। যখন নিজেদের জন্যপরায়ণ বিদ্বান্ পুরুষগণেরও মৃত্যু ভয় থাকে, তখন জীবিত থাকিবার বাসনাসম্পন্নকারী নীরোগ ও নিরপরাধ প্রাণিগণ, যাহারা মাংসের দ্বারা জীবিকা অর্জন করে, সেই পাপী পুরুষগণ কর্তৃক নিহত হইতে থাকিলে কেন ভীত হইবে না ॥ ২০-২১

মহারাজ! সেইজন্য তুমি ইহা জানিয়া যে, মাংসের পরিত্যাগই ধর্ম, স্বর্গ ও সুখের সর্বোত্তম আধার ॥ ২২

অহিংসা পরম ধর্ম, অহিংসা পরম তপস্যা এবং অহিংসা পরম সত্য। কারণ, তাহা হইতেই ধর্ম প্রবর্তিত হন ॥ ২৩

তৃণ হইতে, কাষ্ঠ হইতে অথবা প্রস্তর হইতে মাংস উৎপন্ন হয় না, তাহা জীব হত্যা করিলেই লাভ হয়; অতএব মাংস ভক্ষণ করিলে দোষ হয় ॥ ২৪

যাঁহারা যাজ্ঞা (দেব যজ্ঞ) ও যবা (পিতৃযজ্ঞ)—এই দুই যজ্ঞের অনুষ্ঠান করিয়া যজ্ঞাবশিষ্ট অমৃতভোজনকারী এবং সত্য ও সরলতাপ্রিয়, তাঁহারা দেবতা। কিন্তু যে সব ব্যক্তি কুটিলতা ও অনৃত-ভাষণে প্রবৃত্ত হইয়া মাংস ভক্ষণ করে, তাহাদের সকলকে তুমি রাক্ষস বলিয়া জানিও ॥ ২৫

কান্তারেষ্বথ ঘোরেষু দুর্গেষু গহনেষু চ
রাত্রাবহনি সন্ধ্যাসু হন্তব্যেষু সতাসু চ ॥ ১৬
উদ্যতেষু চ শস্ত্রেষু ক্রূরব্যালভয়েষু চ
অমাংসভক্ষণে রাজন্ গুণমাহুর্মনীষিণঃ ॥ ১৭
শরণ্যঃ সর্বভূতানাং বিশ্বাস্যঃ সর্বজন্তুষু
অনুদ্বেজয়তো লোকে ন ভয়ং বিদ্যতে সদা ॥ ১৮
যদি চেৎ খাদকো ন স্যান্ন হন্যা হন্তা কথঞ্চন।
খাদকার্থায় হন্তব্যা হন্তারস্তু নিবর্তয়েৎ ॥ ১৯
অন্তক্যামেতদিতি বৈ ইতি হিংসা নিবর্ততে
খাদকার্থমতো হিংসা মৃগাণীনাং প্রবর্ততে ॥ ২০
যস্মাদ্ প্রসক্তি চৈবাত্মদুষ্টিসঙ্কানাং মহাত্মভিঃ।
তস্মাদ্ বিবর্জয়েন্মাংসং য ইচ্ছেদ্ ভূতিমাত্মনঃ ॥ ২১
ত্রাতারঃ নাবিগচ্ছন্তি রৌদ্রাঃ প্রাণিবিহিংসকাঃ।

উদ্বেজনীয়া ভূতানাং যথা ব্যালমৃগাস্তথা ॥ ২২
লোভাদ্ বা বুদ্ধিমোহাদ্ বা বলবীর্যাদথাপি চ।
সংসর্গাচ্চ পাপানামধর্মকুচিতা নৃণাম্ ॥ ২৩
অমাংসং পরমাংসেন যো বর্ধয়িতুমিচ্ছতি।
উদ্বিগ্নবাসো বসতি বনে বনচরাভিষ্ট্রতে ॥ ২৪
বক্ত যজন্তমাহুস্তু স্বর্গ্যং যজ্ঞফলং মহৎ
মাংসস্যাভক্ষণে প্রাহুর্নিয়তাঃ পরমর্ষয়ঃ ॥ ২৫
ইদং তু খলু কৌন্তেয় শ্রুতমাসীৎ পুরা ময়া।
মার্কণ্ডেয়স্য বদতো যে দোষা মাংসভক্ষণে ॥ ২৬
যো হি খাদতি মাংসানি প্রাণিনাং জীবিতৈষিণাম্।
হন্তানাং বা মৃতানাং বা যথা হন্তা তথৈব সঃ ॥ ২৭
ধনেন ক্রীণকো হন্তি খাদকস্তন্নিষেবণাৎ।
ঘাতকো বধ-বন্ধাভ্যামিত্যেষ ত্রিবিধো বধঃ ॥ ২৮

রাজন্! যে মানুষ মাংস ভক্ষণ করে না, তাহার সর্বপূর্ণ স্থানসমূহ, তীর্থের দুর্গম, গহন বন, দিন-রাত্রি, উভয় সন্ধ্যা, অজন এবং সত্যাশ্রয় সমূহেও কখন ব্যক্তিগণের নিকট হইতে ভয় থাকে না। যদি নিজের বিরুদ্ধ ব্যক্তিরা অস্ত্র উত্তোলিত করিয়া থাকে অথবা হিংস্র পশু ও সর্পসমূহের ভয় সম্মুখে আসিয়া উপস্থিত হয়, তথাপি যে অস্ত্র মানুষগণের দ্বারা ভীত হয় না। ১৬-১৭

কেবল ইহাই নহে, যে সমস্ত প্রাণিগণের শরণদাতা ও তাহাদের সকলের বিশ্বাসপাত্র হইয়া যায়। সংসারে যে কাহাকেও উদ্বিগ্ন করে না এবং যাহাকে কাহারও দ্বারা উদ্বিগ্ন হয় না। ১৮

যদি কেহই মাংসখাদক না হয়, তবে ত' পশুগণের হিংসাকারী ঘাতক কে-ও থাকে না; কারণ, ঘাতক মানুষ মাংসখাদকের জন্যই পশুহত্যা করে। ১৯

যদি মাংস 'অন্তক্যা' জানিয়া সকল মানুষ ইহার ভক্ষণ পরিত্যাগ করে, তবে পশুগণের হত্যা অতই বন্ধ হইয়া যাইবে, কারণ, মাংসখাদকদের জন্যই মৃগ প্রভৃতি পশুগণের হত্যা হইয়া থাকে। ২০

মহাত্মাগণ বলেন। হিংসকগণের আয়ু তাহাদের পাপ গ্রাস করিয়া থাকে। সেই হেতু যদি কেহ নিজের কল্যাণকামনা করে, তবে সেই মানুষের মাংস সর্বথা পরিত্যাগ করা উচিত। ২১

যেহেতু এ জগতে প্রাণিহিংসক ব্যক্তিরা পশুগণকে হত্যা করে এবং সেই পশুরা নিজেদের জন্য কোনও রক্ষক পায় না, সেইজন্য প্রাণিহিংসাকারী ভয়ের মূলস্বরূপ পশু একেও সকল প্রাণীর উদ্বেগের পাত্র হয় এবং হিংসকের জন্য কোনও রক্ষক তাহারা পায় না। ২২

লোভবশতঃ, বুদ্ধির মোহের, বলবীর্য প্রাপ্তির জন্য অথবা পাপী ব্যক্তিদের সংসর্গে আসিলে পর মনুষ্যগণের অধর্মে রুচি হইয়া থাকে। ২৩

যে ব্যক্তি অপরের মাংসের দ্বারা নিজের মাংসবৃদ্ধি করিতে ইচ্ছা করে, সেই ব্যক্তি যে কোন স্থানেই অবস্থান করুক না কেন সে নিরুদ্বেগে থাকিতে পারে না। ২৪

নিয়তব্রতধারী মহর্ষিগণ মাংসভক্ষণ ত্যাগকেই যজ্ঞ, ফল, আয়ু ও স্বর্গ প্রাপ্তির প্রধান উপায় এবং পরমমহত্ত্বের সাধন বলিয়াছেন। ২৫

যুধিষ্ঠির! মাংসভক্ষণে যে সব দোষ হয়, তাহার বর্ণনাকারী মার্কণ্ডেয়ের নিকট হইতে আমি পূর্বে শুনিয়াছিলাম। ২৬

যে ব্যক্তি জীবিত ব্যক্তিদের প্রাণিগণকে বধ করিয়া অথবা বধ মৃত হইলে পর তাহাদের মাংস ভক্ষণ করে, সেই ব্যক্তি তাহাদের বধ না করিলেও তাহাকে হত্যাকারী বলিয়াই জানিবে। ২৭

ক্রয়কারী ব্যক্তি ধনের দ্বারা, খাদক ব্যক্তি উপভোগের দ্বারা এবং ঘাতক বধ ও বন্ধনের দ্বারা পশুগণের হিংসা করে। এই ভাবে এই তিন প্রকারে প্রাণিগণের বধ হয়। ২৮

অথাদদ্বসুমোহেন্দ্র তাবদ্যোহয়ন মানবঃ।
যোঽদ্বসুমোহতি দনাত্মা সোঽশুচি র্যোহয়ন লিপ্যতে ।৩৯
অনৃতঃ সর্বভূতানামনুধ্যান নীচতঃ সদা।
অবধ্যাভক্ষণং মাংসং মহাবান্ প্রাণিনামিহ ॥ ৪০
হিরণ্যাদৈর্নৈগমৈর্লৈঙ্গিলৈশ্চ সর্বশঃ।
মাংসস্যাভক্ষণে ধর্মো বিশিষ্ট ইতি নঃ শ্রুতিঃ ॥ ৪১
খাদকস্য কৃতে ভক্ষ্যং যো হন্যাৎ পুরুষাধমঃ
সম্ভবোঽস্যতদন্তস্য যাতয়ামো ন তু খাদকঃ। ৪২
ইজ্যাযজ্ঞশ্রুতিকৃতৈর্যো নার্হৈরবুধোঽধমঃ
হন্যাজ্জন্তুন মাংসগৃধ্নুঃ স বৈ নরকভাঙ্ নরঃ। ৪৩
তস্মাদ্বিদ্বান্ যো মাংসং পরিত্যজতি সর্বশঃ
তস্যাপি পুরুষান্ ধর্মো যঃ পাদাদ্ বিনিবর্ততে ॥ ৪৪
আহর্তা চানুমন্তা চ বিশসিতা ক্রয়বিক্রয়ী
সংস্কর্তা চোপভোক্তা চ খাদকাঃ সর্ব এব তে ॥ ৪৫
ইদমন্যত্তু বক্ষ্যামি প্রমাণং বিধিনির্মিতম্।
পুরাণমৃষিভির্দৃষ্টং বেদেষু পরিনিষ্ঠিতম্ ॥ ৪৬
প্রবৃত্তিলক্ষণে ধর্মঃ প্রজাবিধিকৃতাবৃতঃ
যথোক্তং রাজশার্দূল ন তু তন্মোক্ষকাঙ্ক্ষিণাম্ ॥ ৪৭
য ইজ্যে পুরুষোঽত্যন্তমাত্মানং নিয়তব্রতম্।
স বর্জয়েত মাংসানি প্রাণিনামিহ সর্বশঃ ॥ ৪৮
শ্রূয়তে হি পুরা কল্পে নৃণাং ব্রীহিময়ঃ পশুঃ
যেনাযজন্ত যজ্ঞানঃ পুণ্যলোকং রায়ণাঃ ॥ ৪৯
ঋষিভিঃ সংসৃতং পূর্বৈ র্বসুভিশ্চেদিপতিঃ পুরা।
অভক্ষ্যমপি মাংসং যঃ প্রাহ তস্যাগমিতি প্রভো ॥ ৫০
আকাশাদবনিং প্রাপ্তস্তঃ স পৃথিবীপতিঃ
ব্রহ্মদেব পুনস্তোষ্যন্ বিবেশ বরণীতলম্ ॥ ৫১

যে ব্যক্তি যজ্ঞ যাগে ভোজন না করিলেও মাংসখাদককে যদি অনুমোদন করে, তবে সেই মানুষও তাহাদের ন্যায় মাংসভক্ষণ পাপের ভাগী হইয়া থাকে। এইরূপে যে খাদককে অনুমোদন করে, সেও হিংসাদোষে লিপ্ত হয়। ৩৯

যে মানুষ যজ্ঞ যাগ ভক্ষণ করে না এবং যে জগতে সকল প্রাণীর প্রতিই দয়া করে, তাহাকে কোনও প্রাণীই হিংসা করে না এবং সে সর্বদা দীর্ঘায়ু ও নীরোগ হয়। ৪০

মুনিগণ, খোলাস, ও ঋষিগণ কহিলেন যে যজ্ঞে লাভ হয়, মাংস ভক্ষণ না করিলে তাহা অপেক্ষাও বিশিষ্ট ফল প্রাপ্তি হইয়া থাকে—ইহা আমরা অবগত আছি। ৪১

যে ব্যক্তি মাংসখাদকের জন্য পশুহিংসা করিয়া থাকে, সে মহাপাপীদের মধ্যে অধম। কারণ খাদকের মহাপাপ হয়, কিন্তু খাদকের ঐ দোষ হয় না। ৪২

যে মাংসলোভী মূর্খ ও অধম মানুষ যাগ-যজ্ঞাদি বৈদিক কার্যের নামে প্রাণিগণের হিংসা করে, সেই মানুষ নরকভাগী হয়। ৪৩

যে ব্যক্তি প্রথমে মাংস ভোজন করিয়াও পরে তাহা হইতে নিবৃত্ত হয়, তাহারও অধিকার মহৎ ধর্ম প্রাপ্তি হইয়া থাকে; কারণ, সে পাপ হইতে নিবৃত্ত হইয়াছে। ৪৪

যে মানুষ হত্যার জন্য পশুকে আনে, যে তাহাকে হত্যা করিবার অনুমতি দেয় যে তাহাকে হত্যা করে, যে তাহাকে ক্রয় বিক্রয় করে, যে তাহার মাংস পাক করে এবং যে মাংস খায়, ইহারা সকলেই খাদক বলিয়াই স্বীকৃত হয় অর্থাৎ ইহারা সকলেই মাংসভক্ষণকারীর সমানপাপে পাপভাগী হয়। ৪৫

এখন আমি এ বিষয়ে অন্য প্রমাণ বলিতেছি, যাহা সাক্ষাৎ ব্রহ্মা কর্তৃক প্রতিপাদিত, পুরাতন ঋষিগণ কর্তৃক দেখিত এবং বেদসমূহে প্রতিষ্ঠিত আছে। ৪৬

নৃপশ্রেষ্ঠ! প্রজাকামী পুরুষগণ প্রবৃত্তিরূপ ধর্মের প্রতিপালন করিয়াছেন, কিন্তু তাহা মোক্ষাভিলাষী বিরক্ত পুরুষদিগের পক্ষে অনীষ্ট নহে। ৪৭

যে মানুষ নিজেকে নিত্য অত্যন্ত উপব্রতধারী করিয়া রাখিতে বাসনা করেন, তিনি এ জগতে প্রাণিগণের মাংস-ভোজন সর্বথা পরিত্যাগ করিয়া দিবেন। ৪৮

শুনা যায়, পূর্ব কল্পে মনুষ্যগণের যজ্ঞে পুরোডাশাদিরূপে অনুবর পশুর উপযোগ (নামধারণ হইয়াছিল। পুণ্যলোক-প্রাপ্তির বাসনায় নিরত যাজিক পুরুষগণ সেই অনুরূপই দ্বারা যজ্ঞ করিয়াছেন। ৪৯

প্রভো! প্রাচীন কালে ঋষিগণ চেদিরাজ বসুকে নিজেদের সঙ্গের জিজ্ঞাসা করিয়াছিলেন। সেই সময় বসু অভক্ষ্য মাংসকেও ভক্ষ্য বলিয়া অভিহিত করিয়াছিলেন। ৫০

সেই সময় আকাশচারী রাজা বসু অনৃতের নিমিত্ত ঋষিদের অভিশাপ হইতে ভূতলে পতিত হইয়াছিলেন। তদনন্তর পৃথিবীতেও তিনি পুনরায় এই মিথ্যার দেওয়ায় পাতালে প্রবিষ্ট হন। ৫১

ইদং তু শৃণু রাজেন্দ্র কীর্ত্যমানং নরেষু চ
অভক্ষণে সর্বসুখং মাংসস্য মনুজাধিপ ॥ ৫০
যস্তু বর্ষশতং পূর্ণং ত্যক্ত্বোৎসৃজ্য সুদারুণম্।
যশ্চৈব বর্জয়েন্মাংসং সমমেতদ্ব্রতং নৃপ ॥ ৫১
কৌমুদে তু নিশেমেষে শুক্লপক্ষে নরাধিপ
বর্জয়েন্মধুমাংসানি বর্ষাং স্তস্য বিধীয়তে ॥ ৫২
চতুরো বার্ষিকান্ মাসান্ যো মাংসং পরিবর্জয়েৎ
চত্বারি তস্যাপ্যরোগ্যাণি কীর্তিমায়ুর্বলং তথা ॥ ৫৩
অথবা মাসমেকং বৈ সর্বমাংসানি বর্জয়ন্।
অভীষ্টা সর্বতঃ খানি সুখং জীবেদ্রিয়াণ্যয়ং ॥ ৫৪
বর্জয়ন্তি হি মাংসানি মাসেষু পঞ্চসোঽপি বা।
তেষাং হিংসানিবৃত্তানাং ব্রহ্মলোকে বিধীয়তে ॥ ৫৫
মাংসং তু কৌমুদে পক্ষে বর্জয়িত্বা পার্থ রাজভিঃ।
সর্বভূতাত্মভূতৈর্হি দিগন্তাশ্রয়পরায়ণৈঃ ॥ ৫৮
ন্যায়তো নেষ্টযজ্ঞেন ন মহাধনা
আনুপাখ্যানরূপেণ ত্রিলোকবসুপুত্রকৈঃ ॥ ৫৯
কার্তবীর্যাদিভিস্তাত্যাঃ নহুষেণ যযাতিনা।

নৃগেণ বিষণেনৈব ঔষধ্যা ধনবিদ্ধুনা ॥ ৬০
যুবনাশ্বেন চ তথা শিবিনৌশীনরেণ চ
মৃচুকুন্দেন মান্ধাত্রা হরিশ্চন্দ্রেণ বা বিভো ॥ ৬১
সত্যং যজন্ত মাংসেন সত্যং বর্ষাঃ সনাতনঃ
হরিশ্চন্দ্রস্তথা বৈ দিবি সত্যেন চন্দ্রবৎ ॥ ৬২
শ্যেনচিত্রেণ রাজেন্দ্র সোমকেন বৃকেণ চ
রৈবতেন রন্তিদেবেন বসুনা সৃঞ্জয়েন চ ॥ ৬৩
এতৈশ্চান্যৈশ্চ রাজেন্দ্র বৃকেণ হরতেন চ।
চতুষ্টয়েন করতেন রামকৈনরেণ তথা ॥ ৬৪
বিরূপাখ্যেন নিমিনা জনকেন চ বীর্যতা
ঐলেন পুরুণা চৈব বীরসেনেন চৈব হ ॥ ৬৫
রুক্মাঙ্গদেন সত্যেন চ বেণেন সগরেণ চ।
অজেন যুধুনা চৈব তথৈব চ সুদাসনা ॥ ৬৬
এষাখ্যেন চ রাজেন্দ্র কৃষ্ণেন তরতেন চ
এতৈশ্চান্যৈশ্চ রাজেন্দ্র পুরা মাংসং ন ভক্ষিতম্ ॥ ৬৭
ব্রহ্মলোকে চ তিষ্ঠন্তি ফলমাত্রা হ্যহিংসিতাঃ
উপাসতাশ্চ ঋষিভিঃ সিদ্ধৈশ্চ পরমর্ষিভিঃ ॥ ৬৮

নিষ্পাপ রাজেন্দ্র! এখন আমার কথিত এই যাবতীয় পুণ্যময় ধর্ম শ্রবণ কর—যাবৎ জীবন মাংস ভক্ষণ না করিলে যেরূপ ফল লাভ হইয়া থাকে। ৫১

যে মানব অতিশয় কঠোর তপস্যা করেন এবং যিনি কেবল মাংসভক্ষণ পরিত্যাগ করেন—ইহাঁরা উভয়ে আমার দৃষ্টিতে সমান। ৫০

নরাধিপ! বিশেষতঃ পক্ষদ্বয় এবং শুক্লপক্ষে ব্রত ও মাংস বর্জন পরিত্যাগ করিবে; তাহাতে এইরূপ করিলে বর্ষ পালিত হয়। ৫১

যে মানব বর্ষার চারি মাস মাংস পরিত্যাগ করেন, তিনি চারিটি কল্যাণময় বস্তু—কীর্তি, আয়ু, বল ও বল প্রাপ্ত হন। ৫২

অথবা একমাস সর্বপ্রকার মাংস ভক্ষণ না করিলে পর মানব সমস্ত ভূতকের অভিলক্ষিত ফলত সুখী ও নীরোগ হইয়া জীবন ধারণ করিতে পারেন। ৫৩

যাঁহারা এক এক মাস অথবা এক এক পক্ষ মাংসভক্ষণ পরিত্যাগ করেন; হিংসা হইতে নিবৃত্ত হওয়ায় তাঁহারা ব্রহ্মলোক লাভ করিয়া থাকেন (সুতরাং যাঁহারা মাংস ভক্ষণ করেন না, তাঁহাদের কথা আর কি বলিবার আছে?)। ৫৭

মাংস ভক্ষণ করা কর্তব্য এই কথা বলিয়া ভীষ্ম যে শ্লোক পাঠ করিয়াছেন, তাহাতে সমস্ত কৃতঘ্নদের আত্মস্বরূপ হইয়া গিয়াছেন এবং পরাবর-তত্ত্বের জ্ঞানলাভও করিয়াছেন। তাঁহাদের নাম হইল—আত্মাদ, অপত্যাদ, বরাহাদ পশু, আয়ু, অনঘদ্য বিলোম, বসু, পুরু, কাঞ্চীবান্, অনিত্য, যযাতি নৃগ, বিষদগু, পশ্যবন্ধু, বৃষদর্ভ, ঔশীনরপুত্র শিবি, মুচুকুন্দ, মান্ধাতা কিংবা ত্রৈলক্ষ্য। ৫৮-৬১

সত্য কথা বলিবে, অসত্য কথা বলিবে না, সত্যই সনাতন ধর্ম। রাজা হরিশ্চন্দ্র সত্যের প্রভাবেই আকাশে চন্দ্রের ন্যায় বিচরণ করিতেছেন। ৬২

রাজেন্দ্র! শ্যেনচিত্র, সোমক, বৃক, রৈবত, রন্তিদেব, বসু, সৃঞ্জয়, অন্যান্য নরপতি, বৃক, হরত, করত, রাম, অমূর্ত, নর, বিরূপাখ্য, নিমি, বুদ্ধিমান্ জনক, পুরূরবা, পুরু, বীরসেন, ইক্ষ্বাকু, নহুষ, বেণ সগর, অজ, যুধুনু, সুবাহু, ঋষভ, সুদাস, তরত—ইঁহারা সকলে এবং অন্যান্য রাজারাও কখনও মাংস ভক্ষণ করেন নাই। ৬৩-৬৭

এই সব নরপতিগণ বিবেকের কান্তিতে দেদীপ্যমান হইয়া ব্রহ্মলোকে বিরাজ করিতেছেন। মহর্ষিগণ তাঁহাদের উপাসনা

অহেরুদ্ধরণং ধর্ম্যমহিংসাধর্মলক্ষণম্।
যে চরন্তি মহাত্মানো নাকপৃষ্ঠে বসন্তি তে ॥ ৬৯
মধু মাংসঞ্চ যে নিত্যং বর্জয়ন্তীহ মানিকাঃ।
তস্য-প্রভৃতি মদ্যঞ্চ সর্বে তে মুনয়ঃ স্মৃতাঃ ॥ ৭০
ইমং ধর্মমাসোদ্যং ধনুরেক্ষ্বাকবে দদৌ
অপি চেৎ সুদুরাচারো ন ভক্ত্যা নিয়তং ভজেৎ ॥ ৭১
পঠেদ্ বা য ইমং রাজন্ শৃণুয়াদ্ বাপ্যভীক্ষ্ণশঃ।
অমাংসভক্ষণবিধিং পবিত্রমৃষিপূজিতম্ ॥ ৭২
বিমুক্তঃ সর্বপাপেভ্যঃ সর্বকামৈর্মহীয়তে।
বিশিষ্টতাং জাতিষু চ লভতে নাত্র সংশয়ঃ ॥ ৭৩

আপন্নস্তাপদো মুচ্যেদ্ মুক্তো মুচ্যেত বন্ধনাৎ।
মুচ্যেতাহংকৃতো রোগাদ্ দুঃখান্মুচ্যেত দুঃখিতঃ ॥ ৭৪
দ্বিজাস্ত্রযোনিং ন গচ্ছেত রূপবান্ ভবেন্নরঃ।
ভাক্তবান্ বৈ কুরুশ্রেষ্ঠ প্রাণ্ডুরাজ্ঞ মহদ্ যশঃ ॥ ৭৫
এতত্তে কথিতং রাজন্ মাংসস্য পরিবর্জনে।
প্রবৃত্তৌ চ নিবৃত্তৌ চ বিধানমৃষিনিন্দিতম্ ॥ ৭৬

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি মাংসভক্ষণনিষেধে
পঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১১৫

করিতেছেন এবং সহস্র দেবাদিগণ তাঁহাদের পরিবেষ্টন করিয়া রহিয়াছেন। ৬৮

অতএব এই অহিংসারূপ ধর্ম সমস্ত পাপ হইতে উদ্ধার। যে মহাত্মাগণ ইহার আচরণ করেন, তাঁহারা স্বর্গলোকে বাস করিয়া থাকেন। ৬৯

যে মানিক মহাত্মগণ অদ্য হইতেই মধু, মাংস ও মদ্য সর্বথা পরিত্যাগ করিয়া রহিয়াছেন, তাঁহারা সকলেই মুনি বলিয়া কথিত হন। ৭০

যে ব্যক্তি মাংসভক্ষণ পরিত্যাগরূপ এই ধর্মের আচরণ করেন অথবা এই প্রসঙ্গ পঠনে প্রবৃত্ত হয়েন, তিনি বড়ই দুরাচার হইলে না কেন নরকে পতিত হন না। ৭১

রাজন্! যে ব্যক্তি ঋষিগণের দ্বারা সম্মানিত ও পবিত্র এই মাংসভক্ষণ ত্যাগ-প্রকরণ পাঠ করেন অথবা বারংবার শ্রবণ করেন, তিনি সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া সর্বপ্রকার মনোবাঞ্ছিত ভোগসমূহের দ্বারা সম্মানিত হন এবং নিজের সজাতীয় বন্ধুগণের মধ্যে বিশিষ্ট স্থান প্রাপ্ত হন—ইহাতে কোনও সংশয় নাই। ৭২-৭৩

কেবল ইহাই নহে, ইহার শ্রবণ বা পঠনে আপদে পতিত ব্যক্তি আপদ হইতে, বন্ধনে আবদ্ধ ব্যক্তি বন্ধন হইতে, রোগী রোগ হইতে এবং দুঃখী ব্যক্তি দুঃখ হইতে পরিত্রাণ পায়। ৭৪

কুরুশ্রেষ্ঠ! ইহার প্রভাবে মানুষ তির্যগ্‌যোনিতে পতিত হয় না এবং তাহার মুখের শ্রী, সম্পত্তি এবং মহৎ যশ প্রাপ্তি হয়। ৭৫

রাজন্! এই আমি তোমাকে ঋষিগণ কর্তৃক সম্মানিত নিবৃত্তিমূলক মাংসত্যাগের বিধান এবং প্রবৃত্তিবিষয়ক বন্ধের বিধান বলিলাম। ৭৬

শ্রীমহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে মাংসভক্ষণ নিষেধবিষয়ক পঞ্চদশাধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষোড়শাধিকশততমোঽধ্যায়ঃ।

(মাংসাভক্ষণে লাভঃ, অহিংসাধর্মস্য প্রশংসা চ)

যুধিষ্ঠির উবাচ

ইমে বৈ মানবা লোকে নৃশংসাঃ মাংসগৃদ্ধিনঃ
বিসৃজ্য বিবিধান্ ভক্ষ্যান্ মহারক্ষোগণা ইব ॥ ১
অপূপান্ বিবিধাকারান্ শাকানি বিবিধানি চ।
খাণ্ডবান্ রসযোগাংশ্চ তথেচ্ছন্তি যথাঽঽমিষম্ ॥ ২
তন্নিবোধামি গুণান্ শ্রোতুঃ মাংসস্যাভক্ষণে প্রভো।
ভক্ষণে চৈব যে দোষাস্তান্নৈব পুরুষর্ষভ ॥ ৩
সর্বং অক্ষেণ যদ্ভক্ষ্যং যথাবদিহ বর্ণয়।
কিং ভক্ষ্যমভক্ষ্যং বা সর্বমেতদ্ বদস্ব মে ॥ ৪
যদ্বৈতদ্ বাদুলা চৈব গুণা যে চাস্য বর্জনে
দোষা ভক্ষয়তো যেঽপি তন্মে ব্রূহি পিতামহ ॥ ৫

ভীষ্ম উবাচ

এবমেতন্মহাবাহো যথা বদসি ভারত
বিবর্জিতে তু বহবো গুণাঃ কৌরবনন্দন
যে তন্মিন্ মনুজব্যাঘ্র তান্ মে নিগদতঃ শৃণু ॥ ৬
স্বমাংসং পরমাংসেন যো বর্ধয়িতুমিচ্ছতি।
নাস্তি ক্ষুদ্রতরস্তস্মাৎ স নৃশংসতরো নরঃ ॥ ৭
ন হি প্রাণাৎ প্রিয়তরং লোকে কিঞ্চন বিদ্যতে
তস্মাদ্ দয়াং নরঃ কুর্যাদ্ যথাঽঽত্মনি তথাপরে ॥ ৮
তুষ্যন্তি ভক্ষ্য সন্তুষ্টা মাংসেষ্বে ন সংশয়ঃ।
ভক্ষণে তু মহান্ দোষো নিবৃত্ত্যা পুণ্যমুচ্যতে ॥ ৯
ন হ্যতঃ সদৃশং কিঞ্চিদিহ লোকে পরত্র চ।
যৎ সর্বেষিহ ভূতেষু দয়া কৌরবনন্দন ॥ ১০
ন ভয়ং বিদ্যতে জাতু নরস্যেহ দয়াবতঃ
দয়াবতামিমে লোকাঃ পরে চাপি তপাক্ষিনাম্ ॥ ১১

ষোড়শাধিকশততম অধ্যায়।

[মাংসভক্ষণ না করিলে লাভ এবং অহিংসা-ধর্মের প্রশংসা।]

যুধিষ্ঠির বলিলেন,—পিতামহ! অতিশয় ঘোরের বিষয় এই যে, সংসারে এই নিষ্ঠুর মনুষ্যগণ নানাবিধ উত্তম খাদ্যবস্তু পরিত্যাগ করিয়া মহারাক্ষসগণের ন্যায় মাংস ভক্ষণ করিতে অভিলাষ করে। ১

তাহারা বিবিধ অপূপ (পিষ্টক), নানাবিধ শাক এবং রসাল মিষ্টান্নের ইচ্ছাও সেরূপ করে না, যেরূপ রুচি তাহাদের মাংসের জন্য হয়। ২

প্রভো! পুরুষপ্রবর! অতএব মাংস ভক্ষণ না করিলে যে সব দোষ হয় তাহা আমি পুনরায় শ্রবণ করিতে অভিলাষী হইয়াছি। ৩

বর্ষভ পিতামহ! এই সমস্ত যথাযথভাবে এই সব তত্ত্ব-কথা আপনি আমাকে বলুন। আর ইহাও বলুন যে, কোন্ কোন্ বস্তু ভোজন করিবার যোগ্য এবং কোন্ কোন্ বস্তু ভোজন করা উচিত নয়। ৪

পিতামহ! মাংসের যে গুণ, উহা ত্যাগ করিলে যে লাভ হয় এবং মাংসখাদকের যে সব দোষ—এ সমস্তই আপনি আমাকে বলুন। ৫

ভীষ্ম বলিলেন,—মহাবাহো! ভরতনন্দন! তুমি যাহা বলিলে, তাহা সত্যই কুরুবংশের আনন্দবর্ধক যুধিষ্ঠির! মাংস ভক্ষণ না করিলে মনুষ্যগণের যে বহু লাভ হয়, তাহা আমি বলিতেছি, শ্রবণ কর। ৬

যে ব্যক্তি অন্যের মাংসের দ্বারা নিজের মাংস বৃদ্ধি করিতে ইচ্ছা করে, তাহা হইতে অধিক নীচ ও নিষ্ঠুর মানুষ আর দ্বিতীয় নাই। ৭

জগতে নিজের প্রাণ হইতে অধিক প্রিয় বস্তু আর কিছুই নাই। সেইজন্য মানুষ যেরূপ নিজের উপর দয়া (আকাঙ্ক্ষা) করে, সেইরূপ অন্যের উপরও দয়া করিবে। ৮

অতএব মাংস-ভক্ষণ করিলে যেমনদোষ হয়, কারণ, মাংসের উৎপত্তি যেখান হইতে হইয়া থাকে, ইহাতে কোনও সংশয় নাই। অতএব উহা হইতে নিবৃত্ত হওয়াতেই পুণ্য বলা হইয়াছে। ৯

কৌরবনন্দন! ইহলোকে ও পরলোকে ইহার তুল্য দ্বিতীয় আর কিছু পুণ্যপ্রদ নাই যে, এ জগতে সমস্ত প্রাণীর প্রতিই দয়া করিবে। ১০

এ জগতে দয়ালু মানুষের কখনও কোনও কিছু ভয় থাকে না। দয়ালু ও তপস্বী মনুষ্যগণের ইহলোক ও পরলোক সকল লোকই সুখকর হয়। ১১

অহিংসালক্ষণো ধর্ম ইতি ধর্মবিদো বিদুঃ।
যদহিংস্যাত্মকং কর্ম তৎ কুর্যাদাত্মবান্ নরঃ ॥ ১২
অভয়ং সর্বভূতেভ্যো যো দদাতি কদাচন।
অভয়ং তস্য ভূতানি দদত্যাত্মা তথাত্মনঃ ॥ ১৩
ক্ষতক্ষ্বলিতঃ ক্লৈব্যে পতিতো ক্লেশমোহিতঃ
সর্বভূতানি রক্ষন্তি সর্বেষু বিবসেষু চ ॥ ১৪
নৈনং বালবৃদ্ধা ঘ্নন্তি ন পিশাচা ন রাক্ষসাঃ
মুচ্যতে ভয়কালেষু মোক্ষয়েচ্চ যো ভয়ে পরান্ ॥ ৫
প্রাণদাতাৎ পরা দানং ন ভূতং ন ভবিষ্যতি।
ন হ্যাত্মনঃ প্রিয়তরং কিঞ্চিদস্তীহ নিশ্চিতম্ ॥ ১৬
অনিষ্টং সর্বভূতানাং মরণং নাম ভারত।
মৃত্যুকালে হি ভূতানাং সদ্যো ভবতি বেপথুঃ ॥ ১৭
জাতি-জন্ম-জরাদুঃখৈর্নিত্যং সংসারসাগরে

জন্তবঃ পরিবর্তন্তে মরণং দুঃখমেব চ ॥ ১৮
গর্ভবাসেষু পচ্যন্তে ক্ষারমূত্রকটুকৈ রসৈঃ।
যূত্র-শ্লেষ-পূয়ীভাবাঃ পক্কৈরুল্বণকারকৈঃ ॥ ১৯
ভাজ্যন্তাপ্যবশাস্তত্র ক্ষিপ্তমাত্রা পুনঃ পুনঃ
পাচ্যমানাস্ত্ব কৃচ্ছ্রেণ বিবশা মাংসগৃদ্ধিনঃ ॥ ২০
কৃতঘ্নীপাকে চ পচ্যন্তে তাং তাং যোনিমুপাগতাঃ।
আক্রম্য মাথ্যমাণাস্তু শ্বভ্যশ্চৈব পুনঃ পুনঃ ॥ ২১
নাত্মানোঽস্তি প্রিয়তরঃ পৃথিবীমনুসৃত্য হ
তস্মাৎ প্রাণিষু সর্বেষু দয়াবানাত্মবান্ ভবেৎ ॥ ২২
সর্বমাংসানি যো রাজন্ ত্যজতীহ নরঃ সদা
স্বর্গে স বিপুলং স্থানং প্রাপ্নুয়াদ্ভরতর্ষভ সংশয়ঃ ॥ ২৩
যে ভক্ষয়ন্তি মাংসানি ভূতানাং জীবিতৈষিণাম্
ভক্ষ্যন্তে তেঽপি ভূতৈস্তৈরিতি যে নাস্তি সংশয়ঃ ॥ ২৪

ধর্মজ্ঞ পুরুষগণ ইহা জানেন যে, অহিংসাই ধর্মের লক্ষণ। অতএব যদ্দ্বারা পুরুষ যাহা অহিংসাত্মক কর্ম, তাহাই সাধন করিবেন ॥ ১২

যে দয়াপরায়ণ মানব সমস্ত জীবকে অভয়দান করেন, তাঁহাকেও সকল প্রাণী অভয় দিয়া থাকে—ইহা আমরা অবিসাদি ॥ ১৩

যে ব্যক্তি ক্ষত-বিক্ষত হইয়াছে, স্খলিত হইয়াছে, পতিত হইয়াছে, ক্লেশের প্রহারে তাড়িত হইতেছে, আবদ্ধ হইয়াছে অথবা কোনও সম-বিষম অবস্থায় পতিত হইয়াছে, সকল প্রাণী তাহাকে রক্ষা করে ॥ ১৪

যে ব্যক্তি অন্য প্রাণিগণকে ভয় হইতে পরিত্রাণ করে, তাহাকে হিংস্র পশুরা বধ করে না, পিশাচগণ তাহাকে আঘাত করে না এবং রাক্ষসেরাও তাহাকে প্রহার করে না। সে ভয়ের সময়েও ভয় হইতে মুক্ত হইয়া যায় ॥ ১৫

প্রাণদান হইতে শ্রেষ্ঠ দান আর কিছু হয় নাই এবং হইবেও না। নিজের আত্মা হইতে প্রিয় বস্তু অন্য কিছুই নাই, ইহা নিশ্চিত বিষয় ॥ ১৬

ভরতসত্তম! কোনও প্রাণীর মৃত্যু অভীষ্ট নয়; কারণ, মৃত্যুকালে সকল প্রাণীরই শরীর থরথরাৎ কম্পিত হইয়া উঠে ॥ ১৭

এই সংসার-সাগরে সমস্ত প্রাণী সদা গর্ভবাস, জন্ম ও বার্দ্ধক্যাদি দুঃখসমূহে দুঃখিত হইয়া চারিদিকে ঘুরিতে থাকে এবং সেই সঙ্গে মৃত্যুর ভয়ে সর্বদা ভীত থাকে ॥ ১৮

গর্ভে স্থিত প্রাণীরা মল-মূত্র ও বমের মধ্যে থাকিয়া অত্যন্ত কঠোর স্পর্শযুক্ত ও দুঃখদায়ক ক্ষার, অম্ল ও কটু প্রভৃতি রস-সমূহের দ্বারা পক্ক হইতে থাকে, ইহাতেও তাহাদের অভিনব কষ্টভোগ করিতে হয় ॥ ১৯

ইহা দেখা যায় যে, জন্মগ্রহণ করিয়াও প্রাণিগণ নিজেদের কামনা-পূরণাদি বিষয়ে স্বাধীন থাকিতে পারে না। তাহারা স্বয়ংজাত হইতে কখনোবে পুনঃ পুনঃ বিদ্ধিত হইয়া যায়, দুঃখে পাক হইতে থাকে, এই দুঃখ প্রতীকার করিতে অসমর্থ হয় এবং বারংবারেপুন হয় ॥ ২০

তাহারা নিজেদের পাপের ভক্ত কৃতঘ্নীপাক নরকে পক্ক হইতে থাকে এবং ভিন্ন ভিন্ন যোনিতে জন্ম গ্রহণ করত আক্রান্ত হইয়া মৃত্যুবরণ করে। এইভাবে তাহারা পুনঃ পুনঃ সংসারচক্রে ঘুরিতে থাকে ॥ ২১

এই পৃথিবীতে সন্ধান করিয়া দেখা যায় যে, নিজের আত্মা হইতে অধিক প্রিয় আর কিছুই নাই। সেইজন্য সকল প্রাণীকে দয়া করিবে এবং সকলকে নিজের আত্মা বলিয়াই মনে করিবে ॥ ২২

রাজন্! যে ব্যক্তি জীবনভর কোনও প্রাণীর মাংস ভক্ষণ করেন না, তিনি স্বর্গে শ্রেষ্ঠ ও বিশাল স্থান লাভ করিয়া থাকেন, ইহাতে কোনও সংশয় নাই ॥ ২৩

যাহারা জীবিত থাকিতে ইচ্ছুক প্রাণিগণের মাংস ভক্ষণ করে, তাহারা পর জন্মে সেই প্রাণিগণের দ্বারা ভক্ষিত হয়, ইহাতে আমার কোনও সংশয় নাই ॥ ২৪

যাং স ভক্ষয়তে যস্মাদ্ ভক্ষয়িষ্যে তমপ্যহম্ ।
এতস্মাৎসর্গ মাংসস্যমনুব্রূষ্যাম ভারত ॥ ১৫

যাবন্তো রোমাণি নিত্যং তথা বধ্যন্তি জন্তিতা ।
তাবন্তো দুঃখমাপ্নোতি রাজংস্তথা যোঽবমন্যতে ॥ ১৬

যেন যেন শরীরেণ যদ্ যৎ কর্ম করোতি যঃ ।
তেন তেন শরীরেণ তত্তৎ ফলমুপাশ্নুতে ॥ ১৭

অহিংসা পরমো ধর্মস্তথাহিংসা পরো দমঃ ।
অহিংসা পরমং দানমহিংসা পরং তপঃ ॥ ১৮

অহিংসা পরমো যজ্ঞস্তথাহিংসা পরং ফলম্ ।
অহিংসা পরমং মিত্রমহিংসা পরমং সুখম্ ॥ ১৯

সর্বযজ্ঞেষু বা দানাৎ সর্বতীর্থেষু বাঽঽপ্লুতম্ ।
সর্বদানফলং বাপি নৈতত্তুল্যমহিংসয়া ॥ ২০

অহিংস্রেভ্যো হ্যপো দদ্যাদহিংস্রা ভুঞ্জতে সদা ।
অহিংস্রঃ সর্বভূতানাং যথা মাতা যথা পিতা ॥ ২১

এতৎ ফলমহিংসায়া ভূয়শ্চ কুরুসত্তম ।
ন হি শক্যা গুণা বক্তুমপি বর্ষশতৈরপি ॥ ২২

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি অহিংসাফলকথনে
ষোড়শাধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১১৬ ॥

যে জীবন্ত। যাহাকে বধ করা হয়, সেই প্রাণী বলে—) এই ব্যক্তি যেহেতু আজ আমাকে ভক্ষণ করিতেছে, সেইহেতু আমিও তোমাকে ভবিষ্যতে এক সময়ে ভক্ষণ করিব। ইহাই মাংসের মাংসত্ব ইহাকেই মাংস-শব্দের তাৎপর্য্য বলিয়া জানিও ॥ ১৫

রাজন্! এই জন্যে যে জীবের হিংসা করা হয়, সেই জীব পর জন্মে নিজের বধকর্ত্তাকে সর্ব্বদা বধ করে। পরে ভক্ষণকর্ত্তাকেও সে বধ করে। যে ব্যক্তি অন্য ব্যক্তিদিগের নিন্দা করে, সে নিজেও অপরের ক্রোধ ও দ্বেষের পাত্র হয় ॥ ১৬

যে ব্যক্তি যে যে শরীরে যে যে কর্ম করে, সেই ব্যক্তি সেই সেই শরীরেই তত্তৎ কর্ম্মের ফল ভোগ করিয়া থাকে ॥ ১৭

অহিংসা পরম ধর্ম, অহিংসা পরম দমন, অহিংসা পরম দান এবং অহিংসা পরম তপস্যা ॥ ১৮

অহিংসা পরম যজ্ঞ, অহিংসা পরম ফল, অহিংসা পরম মিত্র ও অহিংসা পরম সুখ ॥ ১৯

সমস্ত যজ্ঞে যে দান করা হয়, সমস্ত তীর্থে যে স্নান করা হয় এবং সমস্ত দানের যে ফল, এই সব মিলিত হইলেও অহিংসার তুল্য হইতে পারে না ॥ ২০

যে হিংসা করে না, তাহার তপস্যা অক্ষয় হইয়া যায়। সে সর্ব্বযজ্ঞ করিবার ফল লাভ করে। অহিংসাপরায়ণ ব্যক্তির সমস্ত প্রাণীর মাতা-পিতার সমান ॥ ২১

কুরুশ্রেষ্ঠ! ইহাই অহিংসার ফল কেবল ইহাই নহে, ইহা হইতেও অধিক ফল অহিংসার দ্বারা লাভ হয়। অহিংসার দ্বারা প্রাপ্য ফলসমূহের বর্ণনা শতবর্ষেও করা যায় না ॥ ২২

শ্রীমহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্ব্বান্তর্গত দানধর্মপর্বে অহিংসার ফলবর্ণন বিষয়ক ষোড়শাধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ ।

[শুভকর্ম্মপ্রভাবেণ কস্যচিৎ কীটস্য পূর্ব্বজন্মস্মৃতিলাভঃ, কীটজন্মনি মৃত্যুজন্যা দুঃখাদ্যনুভূতিঃ তোপবর্ণনা চ
কল্যাণোপায়জিজ্ঞাসা চ]

যুধিষ্ঠির উবাচ ।

অকামাদ্ সকামাদ্ বে ভক্তাঃ স্থ মহামুনে ।
ত্বাং গতিং প্রতিপদ্যন্তে তন্মে ব্রূহি পিতামহ ॥ ১

দুঃখং প্রাণপরিত্যাগঃ পুরুষাণাং মহামুনে ।
জানাসি ত্বং মহাপ্রাজ্ঞ প্রাণত্যাগং সুদুষ্করম্ ॥ ২

সমৃদ্ধো বাসমৃদ্ধো বা শুচৌ বা যদি বাশুচৌ ।
কারণং তত্র মে ব্রূহি সর্বজ্ঞো হ্যসি মে মতঃ ॥ ৩

সপ্তদশাধিকশততম অধ্যায়

[শুভকর্ম্মের প্রভাবে কোনও এক কীটের পূর্ব্বজন্মের স্মৃতি লাভ, কীটজন্মের মৃত্যুর পর যে সুখের অনুভূতি বলিয়া কীট কর্ত্তৃক নিজের কল্যাণের উপায় জিজ্ঞাসা।]

যুধিষ্ঠির বলিলেন। পিতামহ! যে যোদ্ধারা যুদ্ধক্ষেত্রে ইচ্ছায় বা অনিচ্ছায় নিধন হন, তাঁহারা কিরূপ গতি লাভ করেন? তাহা আপনি আমাকে বলুন ॥ ১

মহাপ্রাজ্ঞ! আপনি ত' জানেন যে, যুদ্ধক্ষেত্রে যাহারা প্রাণপরিত্যাগ করা কিরূপ দুঃখদায়ক হয়, তাহাও প্রাণত্যাগ করা অত্যন্ত দুষ্কর কার্য্য ॥ ২

প্রাণী ঐশ্বর্য্য বা অধনতা, শুচি বা অশুচি কোনও অবস্থাতেই মৃত্যুমুখে পতিত হইতে ইচ্ছুক হয় না। ইহার কারণ আপনি আমাকে বলুন। যেহেতু আমার মতে আপনি সর্বজ্ঞ পুরুষ ॥ ৩

ভীষ্ম উবাচ।

সম্বুদ্ধো বাসমুদ্ধো বা তত্তে বা যদি বাঽতত্তে।
সংসারেঽস্মিন্ সদাত্মাতাঃ প্রাণিনঃ পৃথিবীপতে ॥ ৪

নিয়তা যেন ভাবেন তত্র মে শৃণু কারণম্।
সম্যক্ চাহমনুপ্রশ্নমুদ্যতোক্ত যুধিষ্ঠির ॥ ৫

অত্র তে বর্তয়িষ্যামি পুরাবৃত্তমিমং নৃপ
দ্বৈপায়নস্য সংবাদং কীটস্য চ যুধিষ্ঠির ॥ ৬

ব্রহ্মভূতস্তপন্ বিপ্রঃ কৃষ্ণদ্বৈপায়নঃ পুরা।
দদর্শ কীটং বাবদ্ধা শীঘ্রং শকটবর্ত্মনি ॥ ৭

গচ্ছন্তিঃ সর্বতোভাবাঃ তাঁবাচ্ছন্ শরীরিণাম্।
সর্বজ্ঞঃ স তদা দৃষ্ট্বা কীটং বচনমব্রবীৎ ॥ ৮

ব্যাস উবাচ।

কীট সত্ত্বস্বরূপোঽসি ভ্রমিতশ্চৈব লক্ষ্যসে।
ক্ব বাবসি তদাচক্ষ্ব কুতস্তে ভয়মাগতম্ ॥ ৯

কীট উবাচ

শকটস্যাস্য মহতো ঘোষঃ শ্রুতো ভয়ং মম।
আসন্নশ্চ বৈ মহাবৃদ্ধে ধন এষ হি দারুণঃ ॥ ১০

ত্রস্তস্য ন চ মাং হন্যাদিতি জন্মাদপক্রমে
ধ্বস্তাস্ত্র শৃণোম্যেনং গোপুত্রাণাং প্রতোদতাম্ ॥ ১১

বহতাং সুমহাভারং সন্নিকর্ষে ধ্বনং প্রতো
নৃপাশ্চ সংবাহয়তাং ত্রস্তস্য বিবিধং ধ্বনং ॥ ১২

শ্রোতুশ্চন্মধিষেনৈষ ন শক্যঃ কীটযোনিনা।
তস্মাদতিক্রমাম্যেষ ভয়াদস্মাৎ সুদারুণাৎ ॥ ১৩

দুঃখং হি মৃত্যুর্ভূতানাং জীবিতঞ্চ সুদুর্লভম্।
অতো ভীতঃ পলায়ামি গচ্ছেয়ং নানুখং সুখাৎ ॥ ১৪

ভীষ্ম উবাচ।

ইত্যুক্তঃ স তু তং প্রাহ কৃতঃ কীট সুখং তব।
মরণং তে সুখং মন্যে নির্যাস যোনৌ তু বর্ততে ॥ ১৫

শব্দং স্পর্শং রসং গন্ধং তোয়াংশ্চোচ্চাবচান্ বহূন্।
নাস্তিজ্ঞানাসি কীট ত্বং শ্রেয়ো মরণমেব তে ॥ ১৬

ভীষ্ম বলিলেন,—পৃথিবীপতে! এই সংসারে আগত প্রাণীরা উন্নতি বা অবনতিতে এবং তত্ত্ব বা অতত্ত্ব নানা অবস্থাতেই সুখ মনে করে। তাহারা মৃত্যুবরণ করিতে বাসনা করে না। ইহার কারণ কি? তাহা বলিতেছি, শ্রবণ কর। যুধিষ্ঠির! তুমি এখন উত্তম প্রশ্ন উপস্থাপিত করিয়াছ। ৪-৫

নৃপ! যুধিষ্ঠির! এই বিষয়ে দ্বৈপায়ন ব্যাস ও এক কীটের সংবাদরূপ যে প্রাচীন প্রসিদ্ধ বৃত্তান্ত আছে, তাহা আমি তোমাকে বলিব। ৬

পূর্বকালের বৃত্তান্ত, ব্রহ্মস্বরূপ কৃষ্ণদ্বৈপায়ন বিপ্রবর ব্যাসদেব কোথাও যাইতেছেন। এমন সময় তিনি দেখিলেন,—একটি কীট শকট (গাড়ী) যাওয়ার পথ দিয়া অতি দ্রুতভাবে সহিত পলায়ন করিতেছে। ৭

সর্বজ্ঞ ব্যাসদেব সমস্ত প্রাণিগণের গতি জানেন এবং সকল বেদজ্ঞানী জীবের ভাষা বুঝিতে পারেন। তিনি সেই কীটকে দেখিয়া তাহাকে এই কথা বলিলেন। ৮

ব্যাসদেব বলিলেন,—কীট! আজ তুমি অত্যন্ত ভীত এবং ত্রস্ত দেখিতেছি। বল, তুমি আজ কোথায় ব্যথিত হইয়া যাইতেছ এবং কোথা হইতে তুমি এত ত্রাস পাইয়াছ? ৯

কীট বলিল,—মহামতে! এই যে বিশাল শকট (গরুর গাড়ী) আসিতেছে, ইহার ঘর্ঘর শব্দ শুনিয়া আমার ভয় হইতেছে; কারণ, তাহার এই শব্দ অত্যন্ত ভয়ঙ্কর। ১০

এই শব্দ যখন আমার কর্ণগোচর হয়, তখনই আমি পলাইয়া যাই, যাহাতে এই গাড়ী আসিয়া আমাকে না বিনষ্ট করিতে পারে। এই দেখুন, ভূবণগণ বেত্রের প্রহার প্রাপ্ত হইয়া অতিশয় বিষাদ ভার বহন করিতে করিতে এদিকে আসিতেছে। প্রভো! ইহার শব্দ অত্যন্ত নিকটে শুনা যাইতেছে। শকটের উপরে উপবিষ্ট মনুষ্যগণেরও নানাপ্রকার শব্দ শুনিতে পাওয়া যাইতেছে ॥ ১১-১২

আমার ভার কীটের পক্ষে এই ভয়ের শব্দ ধৈর্য সহকারে শ্রবণ করা অসম্ভব। অতএব এই অতিশয় দারুণ ভয় হইতে নিজেকে রক্ষা করিবার জন্য আমি এখান হইতে পলায়ন করিতেছি। ১৩

প্রাণিগণের পক্ষে মৃত্যু অত্যন্ত দুঃখদায়ক হয়। নিজের জীবন সকলেরই অতিশয় দুর্লভ। অতএব আমি ভীত হইয়া পলায়ন করিতেছি, যাহাতে আমি সুখ হইতে দুঃখে পতিত না হই। ১৪

ভীষ্ম বলিলেন,—রাজন্! কীট এই কথা বলিলে পর ব্যাসদেব তাঁহাকে জিজ্ঞাসা করিলেন—কীট! তোমার সুখ কোথায়? আমি ত' মনে করি যে, তোমার মৃত্যুই তোমার পক্ষে সুখের বিষয়, কারণ তুমি তির্যগ্ যোনিতে কীট হইয়া রহিয়াছ। ১৫

কীট উবাচ

সর্বত্র নিয়তো জীব উত্তমাসু সুখং মম।
চিন্তয়ামি মহাপ্রাজ্ঞ তস্মাদিচ্ছামি জীবিতুম্ ॥ ১৭
ইহাপি বিষয়ঃ সর্বো মমাদেহং প্রমন্থিতঃ।
মানুষাঃ বৈষ্যাজাতৈব সুখমুত্তোগা বিশেষতঃ ॥ ১৮
অহমাসং মনুষ্যো বৈ পূর্বে ব্রহ্মণো বহুধনঃ প্রভো।
অবজ্ঞেয়ো নৃশংসশ্চ কদর্যো বৃদ্ধিজীবিনঃ ॥ ১৯
বাক্‌কীক্ষো নিষ্ঠুরপ্রজ্ঞো দ্বেষ্টা বিশ্বস্য সর্বশঃ।
মিথ্যাকৃতোঽপি বিধিনা পরদারপরো নৃপ ॥ ২০
ভৃত্যাতিথিজনস্যাপি গৃহে পর্যাগতস্য মহা।
মাৎসর্য্যাৎ স্বাদুকামেন নৃশংসেন বুভুক্ষতা ॥ ২১
দেবার্থং পিতৃকার্যার্থং শ্রদ্ধাচ্ছ্রদ্ধতা ময়া।
ন দত্তমর্থকামেন দেহমন্ন পুরা ক্ষিল ॥ ২২
গুপ্তঃ শরণমাশ্রিত্য ভয়েষু শরণাগতাঃ।
অকস্মাৎ তে ময়া ত্যক্তা ন ত্রাতা অন্যতৈষিণঃ ॥ ২৩
ধনং দারাঃ প্রিয়ান্ দারান্ যানং বাসস্তথাভূতম্।
স্ত্রিয়ং দৃষ্ট্বা মনুষ্যাণামসূয়াদি নিরর্থকম্ ॥ ২৪
ঈর্ষ্যুঃ পরসুখং দৃষ্ট্বা অসূয়া ন বৃথৃথকঃ।
স্ত্রিয়র্থদস্তা চাক্তেষামাত্মকামানুবর্তকঃ ॥ ২৫
নৃশংসগুণকুহিতং পুরা কর্ম কৃতং ময়া।
মৃত্বা তদনুরূপোঽহং হিত্বা প্রিয়বিবাসজম্ ॥ ২৬
গুপ্তাবাং নাস্তিকানামি কৃতাত্মা কর্মবাং ফলম্।
মাতা চ পূজিতা বৃদ্ধা ব্রাহ্মণশ্চাচিতো ময়া ॥ ২৭
সকৃজ্জাতিগুণোপেতঃ সজ্জতা পুরুমাগতঃ।
অতিথিঃ পূজিতো ব্রহ্মংস্তেন মাং নাজহাৎ স্মৃতিঃ ॥ ২৮

কীট। তোমার শব্দ, স্পর্শ, রূপ, রস ও বহু সুহৃদ্-বর্গ—ভোগের অনুভব হয় না। অতএব তোমার মৃত্যুই তোমার পক্ষে কল্যাণকর ॥ ১৬

কীট বলিল,—মহাপ্রাজ্ঞ! জীব সকল যোনিতেই সুখ অনুভব করে। আমারও এই যোনিতে সুখ লাভ হইতেছে এবং এই চিন্তা করিয়াই আমি জীবিত থাকিবার বাসনা করিতেছি। ১৭

এ জগতের এই ব্যবহারানুসারে সকল বিষয় উপলব্ধ হইয়া থাকে। বিশেষতঃ মনুষ্যগণ ও স্থাবর প্রাণীরা পৃথক্ পৃথক্ ভোগ লাভ করে ॥ ১৮

প্রভো! আমি পূর্ব জন্মে এক মনুষ্য ছিলাম, অতিশয় ধনশালী শূদ্র হইয়া জন্মিয়া ছিলাম। ব্রাহ্মণগণের প্রতি আমার মনে দয়াভাবের ভাব ছিল না। আমি নৃশংস, কদর্য (কৃপণ) ও দুর্বচোবাদী ছিলাম ॥ ১৯

সকলকে কর্কশ বাক্য বলা, বুদ্ধিবলে প্রতারণা করা এবং সংসারের সমস্ত মানুষের প্রতি দ্বেষ করা—ইহাই আমার স্বভাব ছিল। মিথ্যা কথা বলিলে ঠকনা হয়' এবং অপরের ধন চুরি করা—ইহাই আমার কার্য ছিল ॥ ২০

আমি এরূপ নিষ্ঠুর ছিলাম যে, কেবল স্বাদগ্রহণের বাসনায় একাকীই ভোজন করিবার ইচ্ছা করিতাম এবং দুঃখে অতিথি ও আশ্রিত জনগণকে ভোজন না করাইবারই ঈর্ষাবশতঃ আমি নিজেই ভোজন করিতাম ॥ ২১

পূর্বজন্মে আমি দেবতা ও পিতৃপুরুষগণের যজ্ঞের জন্য শ্রদ্ধাসহকারে অন্ন সংগ্রহ করিতাম; কিন্তু ধনলাভের বাসনায় সেই দেহ অন্নও আমি দান করিতাম না ॥ ২২

ভয়ের সময় অন্যান্য লোকের ইচ্ছার ন্যায় পরমার্থ আমার নিকট আসিত, কিন্তু তাহাদিগকে পরস্পরগ্রহণের যোগ্য প্রযুক্তি স্থানে লইয়া যাইবার আমি অকস্মাৎ তাহাদিগকে বাহির করিয়া দিয়াম, তাহাদের রক্ষা করিতাম না ॥ ২৩

অপর মনুষ্যগণের নিকটে ধনরাজ, সুন্দরী স্ত্রী, উত্তম যান, অশ্ব রথ ও অতিথির সম্পত্তি দেখিয়া আমি অকারণ তাহাদের দোষ আবিষ্কার করিতাম ॥ ২৪

অপরের সুখ দেখিয়া আমার ঈর্ষা হইত, অন্য কাহারও ঈর্ষান্বিত হইত, ইহা আমি ইচ্ছা করিতাম না। অপরের ধর্ম, অর্থ ও কামে যারা সক্ত করিতাম এবং সর্বদা নিজের ইচ্ছারই অনুসরণ করিয়া যাইতাম ॥ ২৫

পূর্বজন্মে প্রাণন: আমি এই কার্যাই করিতাম, যাহাতে নৃশংসতারই প্রাচুর্য থাকিত। এখন সেই সব অশুভ কর্মের ফলে আমার সেইভাবে অনুতাপ হইতেছে, যেমন কেহ নিজের প্রিয় পুত্রকে ত্যাগ করিয়া অনুতাপ করিতে থাকে ॥ ২৬

আমার পূর্বকৃত শুভ কর্মসমূহের ফল এখন পর্যন্ত অনুভব হয় নাই। পূর্বজন্মে আমি কেবল আমার বৃদ্ধ মাতাকে সেবা করিয়াছি এবং কাহারও লক্ষ্যগতঃ আমার গৃহে আগত নিজ জাতীয় গুণসম্পন্ন কোন এক ব্রাহ্মণ অতিথির আমি একবার সেবা করিয়াছিলাম। ব্রহ্মন্! সেই পুণ্যের প্রভাবে আজ পর্যন্ত পূর্বজন্মের স্মৃতি আমাকে ত্যাগ করিয়া যায় নাই ॥ ২৭-২৮

কর্মণা পুনরেবাহং সুখমাপ্নুয়াম্ অনঘে।
তন্মে ব্রূহ্যনঘমিত্যুক্তঃ স্ত্রুষ্টঃ স্তুপোধন। ১১

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি কীটোপাখ্যানে
সপ্তনবত্যধিকশততমোঽধ্যায়ঃ। ১১৭।

তপোধন! এখন আমি পুনরায় কোন্ শুভকর্মের দ্বারা ভবিষ্যতে সুখ পাইবার আশা পোষণ করিতেছি। আমার সেই কল্যাণকারী কর্ম কি? ইহা আমি আপনার নিকট হইতে শুনিতে অভিলাষী হইয়াছি। ১১

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে কীটের উপাখ্যানবিষয়ক সপ্তনবত্যধিক শততম অধ্যায় সমাপ্ত।

অষ্টানবত্যধিকশততমোঽধ্যায়ঃ॥

[কীটত্ব ক্রমেন ক্ষত্রিয়যোনৌ জন্ম গৃহীত্বা ব্যাসদেবস্য দর্শনলাভঃ, ব্যাসদেবেন তস্মৈ ব্রাহ্মণত্বস্য স্বর্গসুখলাভস্য সুখস্য চ প্রাপ্তের্বরদানম্]

ব্যাস উবাচ।

শুভেন কর্মণা বত্স বৈ তির্যগ্‌যোনৌ ন জায়সে।
মত্তেব কীট তৎ কর্ম যেন ত্বং ন প্রমুহ্যসে। ১

অহং ত্বাং দর্শনাদেব তারয়ামি তপোবলাৎ
তপোবলাদ্ধি বলবদ্ বলমন্যন্ন বিদ্যতে। ২

জানামি পাপৈঃ কর্মভির্গতস্ত্বং কীট কীটতাম্
অবাপ্যসি পুনর্ধর্মং যথা ত্বং যদি মন্যসে। ৩

কর্ম ভূমিকৃতং দেবা ভুঞ্জতে তির্যগাদ্ভি যে।
মর্ত্যেঽপি হি মনুষ্যেষু কাম্যাধ্যন্ত তথা গুণাঃ। ৪

বাগ্বুদ্ধিপাণিপাদৈশ্চ ব্যপেতস্য বিপশ্চিতঃ।
কিং জাতিমনুষ্যস্য মন্যন্তামপি হি জীবতঃ। ৫

কীদৃশং হি কৃতং পূর্বং বিপ্রাপ্রাঃ শশিসূর্যয়োঃ।
ক্রমেণাপি কথাং পুণ্যাং তত্র কীটো ব্যমোদসি। ৬

গুণভূতানি ভূতানি তত্র তত্রোপভোক্ষ্যসে।
তত্র তেঽহং বিনেষ্যামি ব্রহ্ম ত্বং কর্ম বৈষ্ণবি। ৭

স তথেতি প্রতিশ্রুত্য কীটো বর্ত্মন্যতিষ্ঠত।
শকটো ব্রজংশ্চ সুমহানাগতশ্চ যদৃচ্ছয়া। ৮

অষ্টানবত্যধিকশততম অধ্যায়।

[কীটের ক্রমশঃ ক্ষত্রিয় যোনিতে জন্ম লইয়া ব্যাসদেবের দর্শন লাভ এবং ব্যাসদেব কর্তৃক তাহাকে ব্রাহ্মণ হইবার ও স্বর্গসুখ এবং অক্ষয় সুখ প্রাপ্তির বরদান।]

ব্যাসদেব বলিলেন,—কীট! তুমি যে শুভকর্মের প্রভাবে তির্যক্ যোনিতে জন্মগ্রহণ করিয়াও মোহিত হও নাই, তাহা আমারই কর্ম। আমার দর্শনপ্রভাবেই তুমি মোহগ্রস্ত হও নাই। ১

আমি নিজের তপোবলে কেবল দর্শনদান করিয়াই তোমাকে উত্তার করিয়া দিব, তাহার তপোবল হইতে শ্রেষ্ঠ বল অন্য আর কিছুই নাই। ২

কীট! আমি জানি, নিজের পূর্বকৃত পাপসমূহের জন্যই তোমাকে কীটযোনিতে আসিতে হইয়াছে। যদি এই সময় তোমার ধর্মের প্রতি শ্রদ্ধা থাকে, তবে অবশ্যই তোমার ধর্মপ্রাপ্তি হইবে। ৩

দেবতা, মনুষ্য ও তির্যক্‌যোনিতে জাত প্রাণীরা সকলেই এই কর্মভূমিতে কৃত কর্মসমূহেরই ফল ভোগ করে। অজ্ঞান ব্যক্তিরও কামনার জন্যই হইয়া থাকে এবং সে কামনাদিরও অন্তই নানা গুণসমন্বিত আশ্রয় করে। ৪

মানুষ মূর্খ হউক বা বিদ্বান্ হউক, যদি সে বাক্, বুদ্ধি, হস্ত ও পদরহিত হইয়া জীবিত থাকে, তবে সে কোন্ বস্তু ত্যাগ করিবে, সে ত' সকল পুরুষার্থ হইতে ঘোরই পরিত্যক্ত। ৫

কীট! কোন এক স্থানে এক শ্রেষ্ঠ ব্রাহ্মণ বাস করেন। তিনি জীবনে সদা সূর্য ও চন্দ্রেরই পূজা করিতেন এবং লোকসকলকে পবিত্র কথাসমূহ শ্রবণ করাইতেন। তাঁহার গৃহে তুমি (ক্রমশঃ) পুত্ররূপে জন্মগ্রহণ করিবে। ৬

সেখানে তুমি বিদ্যাসমূহকে সকল গুণের নিধান বলিয়া অনাসক্তভাবে উপভোগ করিবে। সেই সময় আমি তোমার নিকট আসিয়া ব্রহ্মবিদ্যার উপদেশ করিব এবং তুমি যে লোকে যাইতে বাসনা করিবে, সেই লোকে তোমাকে পাঠাইয়া দিব। ৭

ব্যাসদেব এই কথা বলিলে পর সেই কীট 'তাহাই হউক' এই কথা বলিয়া তাঁহার আজ্ঞা শীকার করিয়া লইল এবং পথের মধ্যে আসিয়া অবস্থান করিতে লাগিল। এই সময়ে এক বিশাল

চক্রাক্রমেণ ভিন্নশ্চ কীটঃ প্রাণান্ মুমোচ চ
সম্ভূতঃ ক্ষত্রিয়কুলে প্রসাদাদৃষিসত্তমস্য। ৯
তস্যামি ব্রহ্মবন্ধবং সর্বাগন্ধাসু যোনিষু।
যাবিদেশাবাবহাবাং তথৈব মৃগ পক্ষিষাম্। ১০
শূদ্রাক-শূদ্র-বৈশ্যাবাং ক্ষত্রিয়াণাং যোনিষু
স কীট এবমাত্মানং ঋষিণা সত্যবাদিনা
প্রতিমুক্ত্যাথ তপ্রাত্র পাদৌ মূর্ধ্নি কৃতাঞ্জলিঃ। ১১

কীট উবাচ।

ইদং তদ্ভুলস্থানমৌলিতং দর্শনং দৈবৈঃ।
যদহং প্রাপ্য কীটত্বমাগতো রাজপুত্রতাম্। ১২
যদন্তি মামতিবলাঃ কৃজন্তা হেমমালিনঃ
স্পন্দনেষু চ কাম্বোজা যুক্তাঃ পরমবাজিনঃ। ১৩
উষ্ট্রাঃ খচ্চতরযুক্তাশ্চ যানানি চ বহন্তি মাম্।
সবাস্তবঃ সহামাত্যাস্তাংশ্চামি পিশিতৌদনম্। ১৪

পূর্বেষু ধনিবাসেষু বুধ্যেষু শয়নেষু চ।
বরার্হেষু মহাভাগ আসামি সুপূজিতঃ। ১৫
সর্বৈষপররাত্রেষু সূত-মাগধ-বন্দিনঃ।
স্তবন্তি মাং যথা দেবা মহেন্দ্রং প্রিয়বাদিনঃ। ১৬
প্রসাদাদ্যস্য সত্যস্য তত্তোঽমিততেজসঃ।
যদহং কীটতাং প্রাপ্য সম্প্রাপ্তো রাজপুত্রতাম্। ১৭
নমস্তেঽস্তু মহাপ্রাজ্ঞ কিং করোমি প্রশাধি মাম্।
তত্তপোবলনির্দিষ্টমিদং জ্ঞাপিতমুত্তমম্। ১৮

ব্যাস উবাচ

অর্চিতোঽহং ত্বয়া রাজন্ যাগ্ভিরদ্য যদৃচ্ছয়া
অদ্য তে কীটতাং প্রাপ্য স্মৃতির্জাতা জুগুপ্সিতা। ১৯
ন হু নাশোঽস্তি পাপস্য বহ্বগ্রোপচিতঃ পুরা
শূদ্রেণার্থপ্রধানেন নৃশংসেনাসতাত্মিনা। ২০
মম তে দর্শনং প্রাপ্তং তস্য বৈ সুকৃতং ত্বয়া।
তির্যগ্যোনৌ ন জানীষে মম চাত্যর্চনাং তথা। ২১

যান অর্থাৎ বেশ্মনে আসিল এবং তাহার চক্রের চাপে ছিন্নভিন্ন হইয়া সেই কীট প্রাণত্যাগ করিল। ৮-৯

তাহার পর সে ক্রমশঃ বাধিং (সরাজ), গোধা, শূকর, কুক্কুর, পক্ষী, চাণ্ডাল, শূদ্র ও বৈশ্যযোনিতে জন্মগ্রহণ করিয়া পরে ক্ষত্রিয় জাতিতে উৎপন্ন হইয়া সে মহর্ষিকে দর্শন করিবার জন্য তাঁহার নিকট গমন করিল। ৯-১০½

সে কীটযোনিতে সেই সত্যবাদী মহর্ষি ব্যাসদেবের সহিত কথাবার্তা বলিয়া যে এইভাবে উদ্ধারলাভ করিয়াছে, তাহা স্মরণ করত সেই ক্ষত্রিয় কৃতাঞ্জলি হইয়া তাঁহার চরণযুগে নিজের মস্তক স্পর্শ করিয়া প্রণাম করিল। ১১

কীট (ক্ষত্রিয়) বলিল,—ভগবন্! আজ আমার এই স্থানে লাভ হইয়াছে, যাহার কোনও তুলনা নাই। ইহা আমি কল্পে লাভ করিয়াছি বলিয়া বাসনা করিতাম। ইহা আপনারই কৃপা যে, আমি নিজের দোষে কীট হইয়াও আজ রাজপুত্র হইয়াছি। ১২

এখন অশ্বারোহী বিকৃতিমুখ অত্যন্ত বলবান্ গন্ধর্বগণ আমাকে বহন করিয়া থাকে। উত্তম জাতির কাম্বোজদেশ জাত অশ্বগণ আমার রথে যোজিত আছে। ১৩

উষ্ট্র ও খচ্চরগণে যোজিত যানসকল আমাকে বহন করিয়া লইয়া যায়। আমি বন্ধু-বান্ধব ও মন্ত্রিগণের সহিত মাংসসহ অন্ন ভোজন করি। ১৪

মহাভাগ! শ্রেষ্ঠপুরুষগণের থাকিবার যোগ্য নিজের নিবাসকৃত সুখদ অন্তঃপুরের মধ্যে সুখদ শয্যায় আমি অতিশয় সম্মানের সহিত নিদ্রা সুখ অনুভব করি। ১৫

প্রতিদিন রাত্রির প্রথম প্রহরে সূত, মাগধ ও বন্দী অনবরত সেইভাবে আমার স্তুতি করে, যেরূপ দেবতারা প্রিয় বাক্য বলিয়া মহেন্দ্রের গুণ-গান করে। ১৬

আপনি সত্যবাদিন্, অমিত তেজস্বী, আপনার কৃপা-প্রসাদেই আজ আমি কীট হইতে রাজপুত্র হইতে পারিয়াছি। ১৭

মহাপ্রাজ্ঞ! আপনাকে নমস্কার, আমাকে অনুমতি করুন, আমি আপনার কি সেবা করিব? আপনার তপোবলেই আমার এই রাজপদ লাভ হইয়াছে। ১৮

ব্যাসদেব বলিলেন,—রাজন্! আজ তুমি নিজের বাক্যের দ্বারা আমার ভালভাবে স্তব করিয়াছ। আজ পর্যন্ত তোমার কীট কীটযোনির ঘৃণিত বৃত্তি অর্থাৎ মাংস খাইবার প্রবৃত্তি রহিয়াছে। ১৯

তুমি পূর্বজন্মে শূদ্রত্ব অর্থাৎ, বৃষল ও অসত্যবাদী শূদ্র হইয়া যে পাপ সঞ্চয় করিয়াছিলে, তাহার নাশ হয় নাই। ২০

কীট যোনিতে অবস্থান করিয়াও যে তুমি আমার দর্শন লাভ করিয়াছ, তাহার পুণ্যের এই ফল যে, তুমি রাজপুত্র হইয়াছ এবং আজ যে তুমি আমার পূজা করিলে, ইহার ফলস্বরূপ তুমি এই ক্ষত্রিয়-জন্মের পর ব্রাহ্মণত্ব লাভ করিবে। ২১½

ইত্যুক্তা রাজপুত্রস্ত্বাং ব্রাহ্মণ্যাং সমবাপ্যসি।
গোব্রাহ্মণকৃতে প্রাণান্ হুত্বাঽঽত্মানং ত্রপাজিহে। ২২
রাজপুত্র সুখী প্রাপ্য ক্রতূংস্তৈরাপ্তদক্ষিণান্।
অথ যোগিকুলে স্বর্গে ব্রহ্মকূতোঽব্যয়ঃ সুখী। ২৩
তির্য্যগ্‌যোনাঃ শূদ্রতামপ্যেতি
শূদ্রো বৈশ্যঃ ক্ষত্রিয়শ্চক বৈশ্যঃ।

বৃত্তপ্লাষী ক্ষত্রিয়ো ব্রাহ্মণত্বং
স্বর্গং পুণ্যা ব্রাহ্মণঃ সাধুবৃত্তঃ। ২৪

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি কীটোপাখ্যানে
অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ। ১১৮

রাজপুত্র! তুমি নানাপ্রকার সুখ ভোগ করিয়া শেষে সোম ও ব্রাহ্মণগণের হুতার ও দানদানে নিজের প্রাণ আহুতি দান করিবে। তাহাতে ব্রাহ্মণগণে পরাগত শক্তিসম্পন্নি হও সমূহের অনুষ্ঠান করিয়া স্বর্গসুখ উপভোগ করিবে। তদনন্তর পবিত্রযোনি প্রাপ্ত হও। ২২-২৩

তির্য্যগ্‌যোনিতে পতিত জীব যখন ক্রমশঃ উন্নত হইতে থাকে, তখন সে শূদ্রযোনি প্রাপ্ত হয়। শূদ্র বৈশ্যযোনি, বৈশ্য ক্ষত্রিয়যোনি এবং সদাচারে সুপ্রতিষ্ঠিত ক্ষত্রিয় ব্রাহ্মণযোনি প্রাপ্ত হয়। তাহার সদাচারসহায়ে ব্রাহ্মণ পুণ্যময় স্বর্গলোকে গমন করেন। ২৪

শ্রীবরযদি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বাধ্যায়ে দানধর্মপর্বে কীটের উপাখ্যানবিষয়ক অষ্টাধিকশততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একোনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥

[ব্রাহ্মণযোনিজাতস্য কীটস্য ব্রহ্মলোকং গত্বা সনাতনব্রহ্মপ্রাপ্তিঃ]

ভীষ্ম উবাচ।
ক্ষত্রধর্মমনুপ্রাপ্তঃ স্বয়ম্ভুব চ বীর্যবান্।
ত্যক্ত্বা স কীটতাং রাজংশ্চচার বিপুলং তপঃ। ১
তস্য ধর্মার্থবিদুষো দৃষ্ট্বা তদ্ বিপুলং তপঃ।
আজগাম দ্বিজশ্রেষ্ঠঃ কৃষ্ণদ্বৈপায়নস্তদা। ২

ব্যাস উবাচ
ত্বয়া দেবব্রতা কীট কৃতানাং পরিপালনম্।
ত্বয়া দেবব্রতা ব্যাপ্তস্তেজো বিপ্রত্বমেষ্যসি। ৩

পাহি সর্বাঃ প্রজাঃ সম্যক্ শুভাশুভবিদাত্মবান্।
তুষ্টৈঃ সাধিতজন্ কাম্যৈরশুভানাক্ষ পাবনৈঃ। ৪
আত্মবান্ ভব সুপ্রীতঃ স্বধর্মাচরণে রতঃ।
ত্বাত্রী তনুং সমুৎসৃজ্য ততো বিপ্রত্বমেষ্যসি। ৫

ভীষ্ম উবাচ।
সোঽপ্যরণ্যমনুপ্রাপ্য পুনরেব যুধিষ্ঠির।
মহর্ষের্বচনং শ্রুত্বা প্রজা ধর্মেণ পাল্য চ। ৬
অচিরেণৈব কালেন কীটঃ পাবিষতম।
প্রজাপালনযত্নেন প্রেত্য বিপ্রত্বমাগতঃ। ৭

একোনবিংশত্যধিক শততম অধ্যায়।

[কীটের ব্রাহ্মণযোনিতে জন্মগ্রহণ করিয়া ব্রহ্মলোকে গমন করত সনাতন ব্রহ্মকে প্রাপ্তি।]

ভীষ্ম বলিলেন,—রাজন্! এইভাবে কীট-জন্ম ত্যাগ করিয়া (নিজের পূর্বজন্মের কৃতাকর্মফলে) সেই জীব ক্ষত্রিয় কুলজাত হওত বিশেষ শক্তিশালী হইয়া উঠিল এবং কঠোর তপস্যা করিতে লাগিল। ১

ধর্ম ও অর্থ তত্ত্বজ্ঞসম্পন্ন এই রাজপুত্রের সেই কঠোর তপস্যা দেখিয়া বিপ্রবর শ্রীকৃষ্ণদ্বৈপায়ন ব্যাসদেব সেই সময় তাঁহার নিকটে আসিলেন। ২

ব্যাসদেব বলিলেন,—পূর্বজন্মের কীট! প্রাণিসমূহের রক্ষা করাই হইল দেবতাদিগের ব্রত এবং ইহাই ক্ষাত্র ধর্ম। ইহার চিন্তা ও পালন করিয়া তুমি পরজন্মে ব্রাহ্মণত্ব লাভ করিবে। ৩

তুমি শুভ ও অশুভের জ্ঞান লাভ করিয়াছ, অতএব নিজের মন ও ইন্দ্রিয়গণকে বশীভূত করিয়া প্রজা পালন কর। উত্তম ভোগসমূহ দান করিতে করিতে অশুভ ভোগসমূহকে ক্ষালিত করিয়া প্রজাদিগকে পবিত্র করত আত্মজ্ঞানী ও সুপ্রসন্ন হও এবং সদা স্বধর্মের আচরণে নিরত থাক। তদনন্তর ক্ষত্রিয়-দেহ ত্যাগ করিয়া ব্রাহ্মণত্ব প্রাপ্ত হইবে। ৪-৫

ভীষ্ম বলিলেন,—নৃপশ্রেষ্ঠ যুধিষ্ঠির! তাহার অরণ্যে গমন করত সেই পূর্বজন্মের কীট মহর্ষি বেদব্যাসের বাক্য শ্রবণ করিয়া যথানুসারে প্রজাপালনরূপ যত্নের প্রভাবে ব্রাহ্মণ-কুলে জন্মগ্রহণ করিল। ৬-৭

ততস্তং ব্রাহ্মণং দৃষ্ট্বা পুনরেব মহাযশাঃ।
আজগাম মহাপ্রাজ্ঞঃ কৃষ্ণদ্বৈপায়নস্তদা ॥ ৮

ব্যাস উবাচ।

ব্রূহি ব্রূহি ব্রহ্মবন্ধো শ্রীমন্ মা ব্যথিষ্ঠাঃ কথঞ্চন।
ততস্ত্বমুগ্রযোনীষু পাপকৃৎ পাপযোনিষু ॥ ৯
উপপদ্যতি যদ্যজ্ঞ যথাপাপকৃতোপগম্।
তস্মাদ্ব্রূহ্যুত্তরং কীট মা ব্যথিষ্ঠাঃ কথঞ্চন ॥ ১০
যথোপপন্নতঃ তে স্যাৎ তস্মাদ্ ধর্মং ব্রবীতমম্।

কীট উবাচ।

সুখাৎ সুখতরং প্রাপ্তো ভগবংস্ত্বৎকৃতে দ্বিজ ॥ ১১
ধর্মমূলাৎ শ্রিয়ং প্রাপ্য পাপ্যা নষ্টা ইতস্ত্বয়ি।

তাঁহাকে ব্রাহ্মণ হইতে দেখিয়া মহাযশস্বী মহাজ্ঞানী শ্রীকৃষ্ণদ্বৈপায়ন ব্যাসদেব পুনরায় তাঁহার নিকটে আসিলেন ॥ ৮

ব্যাসদেব বলিলেন,—শ্রীমন্! ব্রাহ্মণশ্রেষ্ঠ! এখন তুমি কোনরূপেই ব্যথিত হইওনা। উগ্র কর্মকারী উগ্র যোনিতে এবং পাপ কর্মকারী পাপযোনিতে জন্মগ্রহণ করে ॥ ৯

ব্রহ্মন্! যাহার যেরূপ পাপকর্ম করে, সে তদনুসারেই তাহার ফলভোগ করিয়া থাকে। কৃতপুণ্য কীট! অতএব এখন তুমি মৃত্যুর ভয়ে কোনরূপ ব্যথিত হইও না। কিন্তু তোমার যখনোপের ভয় অবশ্যই হওয়া উচিত, সেইজন্য উত্তর ধর্মের আচরণ করিতে থাক ॥ ১০

কৃতপুণ্য কীট বলিল,—ভগবন্! আপনাহইতে কল্যাণ আমি সুখ হইতে অধিক সুখ প্রাপ্ত হইয়াছি। এখন এই জন্মে ধর্মমূলক সম্পত্তি প্রাপ্ত হইয়া আমার সমস্ত পাপ নষ্ট হইয়া গিয়াছে ॥ ১১

কীট উবাচ।

ভগবদ্বচনাৎ কীটো ব্রাহ্মণ্যং প্রাপ্য দুর্লভম্ ॥ ১২
অকরোৎ পৃথিবীং রাজন্ বজ্রপূলনগাতিতাম্।
ততঃ সালোক্যমগমদ্ ব্রহ্মণো ব্রহ্মবিত্তমঃ ॥ ১৩
অথাপ চ পদং কীটঃ পার্থ ব্রহ্ম সনাতনম্।
স্বকর্মফলনির্দ্দগ্ধস্তং ব্যাসস্য বচনাৎ তদা ॥ ১৪
তেঽপি যস্মাৎ প্রভাবেণ হতাঃ ক্ষত্রিয়পুঙ্গবাঃ।
সম্প্রাপ্তাস্তে গতিং পুণ্যাং তস্মান্মা শোচ পুত্রক ॥ ১৫

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি কীটোপাখ্যানে
একোনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১১৯

তাঁহার বাক্যানুসারে তিনি স্বর্গ পাইয়াছিলেন। তাহারই এই ফল হইল যে, সেই কৃতপুণ্য কীট সনাতন ব্রহ্মপদ প্রাপ্ত হইল ॥ ১৪

পার্থ! ব্যাসদেবের বাক্যানুসারে তিনি স্বর্গে গমন করিয়াছিলেন। তাহারই এই ফল হইল যে, সেই কৃতপুণ্য কীট সনাতন ব্রহ্মপদ প্রাপ্ত হইল ॥ ১৫

ভীষ্ম বলিলেন,—রাজন্! ভগবান্ ব্যাসদেবের কথানুসারে সেই কৃতপুণ্য কীট দুর্লভ ব্রাহ্মণত্ব লাভ করিয়া পৃথিবীকে শতযজ্ঞ যূপের চিহ্নে অঙ্কিত করিয়া দিল। তদনন্তর ব্রহ্মবিদ্গণের মধ্যে শ্রেষ্ঠ হইয়া তিনি ব্রহ্মলোকে প্রাপ্ত হইলেন অর্থাৎ ব্রহ্মলোকে গমন করত সনাতন ব্রহ্মকে লাভ করিলেন ॥ ১২-১৩

পার্থ! ব্যাসদেবের বাক্যানুসারে তিনি স্বর্গে গমন করিয়াছিলেন। তাহারই এই ফল হইল যে, সেই কৃতপুণ্য কীট সনাতন ব্রহ্মপদ প্রাপ্ত হইল ॥ ১৪

পুত্র! (ক্ষত্রিয় ভয়ে সেই কীট মৃত হইয়া প্রাণ ত্যাগ করিয়াছিল, সেইজন্য সে উত্তম গতি লাভ করে।) এইভাবে যে সব প্রধান প্রধান ক্ষত্রিয় নিজের শক্তির পরিচয় দান করিতে করিতে এই রণাঙ্গনে নিহত হইয়াছেন, তাঁহারাও পুণ্যময় গতি লাভ করিয়াছেন। অতএব তুমি তাঁহাদের জন্য শোক করিও না ॥ ১৫

শ্রীমহাভারত বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বাভর্গত দানধর্মপর্বে কীটের উপাখ্যানবিষয়ক একোনবিংশত্যধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥

[ব্যাসদেব-মৈত্রেয়সংবাদঃ— দানস্য প্রশংসা, কর্ম্মণাং রহস্যকথনঞ্চ ।]

যুধিষ্ঠির উবাচ ।

বিদ্যা তপশ্চ দানঞ্চ কিমেতেষাং বিশিষ্যতে ।
পৃচ্ছামি ত্বাং সতাং শ্রেষ্ঠ তন্মে ব্রূহি পিতামহ ॥ ১

ভীষ্ম উবাচ ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্ ।
মৈত্রেয়স্য চ সংবাদং কৃষ্ণদ্বৈপায়নস্য চ ॥ ২

কৃষ্ণদ্বৈপায়নো রাজন্নাজগ্মেঽন্তর্হিতং চরন্ ।
বারাণস্যামুপস্পৃষ্টমৈত্রেয়ঃ বৈরিণীকুলে ॥ ৩

তমুপস্থিতমাসীনং জ্ঞাত্বা স মুনিসত্তম ।
অর্চ্চিত্বা ভোজয়ামাস মৈত্রেয়োঽশনমুত্তমম্ ॥ ৪

তদন্নমৃত্তমং ভুক্ত্বা শুশ্রূষং সার্ব্বকামিকম্
প্রতিষ্ঠানোঽন্বয়ত্তং প্রীতঃ কৃষ্ণা মহামনাঃ ॥ ৫

তমুৎসৃষ্টময়ং সম্প্রেক্ষ্য মৈত্রেয়ঃ কৃষ্ণমব্রবীৎ ।
কারণং ব্রূহি বর্ষ্মাংস্ত্বং যাস্যসিষ্ঠাঃ কুতস্তে ॥ ৬

তপশ্চিনো বৃত্তিমতঃ প্রমোদঃ সমুপাগতঃ
এতৎ পৃচ্ছামি তে বিদ্বন্নভিবাদ্য প্রণম্য চ ॥ ৭

আত্মনশ্চ তপোযোগ্যাং মহাভাগ্যাং তবেহ চ ।
পৃথগাচারতস্তাত পৃথগাত্মনুখাত্মনাঃ ॥

অন্যোন্তরময়ং মন্যে বিশিষ্টমপি চাত্মতঃ ॥ ৮

ব্যাস উবাচ

অভিক্রান্তাভিবাদ্যোঽয়ং ত্বয়োঽহ্যা সমুপাগতঃ ।
অসক্তা বেদবচনং কস্মাদ্ বেদোঽনৃতং বদেৎ ॥ ৯

বিংশত্যধিক শততম অধ্যায় ।

[ব্যাসদেব ও মৈত্রেয়ের সংবাদ—দানের প্রশংসা ও কর্ম্মের রহস্য কথন ।]

যুধিষ্ঠির বলিলেন,—সৎপুরুষগণের মধ্যে শ্রেষ্ঠ পিতামহ! বিদ্যা, তপ ও দান—ইহাদের মধ্যে কোনটি শ্রেষ্ঠ? ইহা আমি আপনার নিকট হইতে শুনিতে বাসনা করি, আপনি আমাকে বলুন ॥ ১

ভীষ্ম বলিলেন,—রাজন্! এ বিষয়ে মহাত্মা পুরুষবর শ্রীকৃষ্ণদ্বৈপায়ন ব্যাসদেব ও মৈত্রেয়ের সংবাদরূপ এই প্রাচীন ইতিহাসের উদাহরণ দিয়া থাকেন ॥ ২

রাজন্! তোমার এক সময়ের কথা, ভগবান্ শ্রীকৃষ্ণদ্বৈপায়ন ব্যাসদেব ভূমণ্ডলে বিচরণ করিতে করিতে বারাণসী পুরীতে যাইয়া উপস্থিত হইলেন। সেখানে মুনিগণের বশবর্ত্তীবর্ষে (বা ক্ষুদ্রে) ঔশনসি মুনিবর মৈত্রেয়ের নিকট গমন করিলেন ॥ ৩

পথে আসিয়া উপস্থিত মুনিবর ব্যাসদেবকে জানিতে পারিয়া মৈত্রেয়মুনি তাঁহার পূজা করিলেন এবং তাঁহাকে উত্তম অন্ন ভোজন করাইলেন ॥ ৪

সেই উত্তম গুণযুক্ত ও সরলতা প্রভৃতি অনুকূল অন্ন ভোজন করিয়া মহাত্মা ব্যাসদেব প্রীত হইলেন। তাহার পর সেখান হইতে গমন করিবার সময় তিনি বিস্মিত হইলেন ॥ ৫

তাঁহাকে বিদায়প্রদান করিতে দেখিয়া মৈত্রেয়মুনি ব্যাসদেবকে জিজ্ঞাসা করিলেন,—কৃষ্ণাত্মন্! বিদ্বন্! আমি আপনাকে অভিবাদন ও প্রণাম করিয়া এই কথা জিজ্ঞাসা করিতেছি যে, আপনি যে বিদায়প্রকাশ করিলেন, তাহার কারণ কি? আপনার এই বিদ্যা কোথা হইতে আসিল? আপনি তপস্বী ও বৈধ্যবান্। আপনার কিরূপে সহসা উল্লাস আসিয়া উপস্থিত হইল? ইহা আপনি আমাকে বলুন ॥ ৬-৭

তাত! আমি আপনার মধ্যে তপস্যাজনিত সৌভাগ্য দেখিতে পাইতেছি এবং আপনার মধ্যে (সহজাত) মহাভাগ্য প্রতিষ্ঠিত আছে (কারণ, আপনি আমার গুরুপুত্র) জীবাত্মা ও পরমাত্মার মধ্যে আমি অত্যন্ত অল্প পার্থক্য আছে বলিয়া মনে করি। পরমাত্মার সকল পদার্থের সহিত সম্বন্ধ আছে, কারণ, তিনি সর্ব্বব্যাপী। সেই জন্য আমি তাঁহাকে জীবাত্মা অপেক্ষা শ্রেষ্ঠ বলিয়া মনে করি। কিন্তু আপনি ত' জীবাত্মা ও পরমাত্মাকে অভিন্ন বলিয়া জানেন, অথচ আপনার আচরণ এই জ্ঞান হইতে ভিন্ন প্রতিভাত হইতেছে; কারণ, আপনার কিছু বিস্ময় হইয়াছে এবং আমার হয় নাই ॥ ৮

ব্যাসদেব বলিলেন,—ব্রহ্মন্! অতিথিকে অত্যন্ত গৌরব প্রদান করিতে করিতে তাঁহার ইঙ্গিতানুসারে সৎকার করাকে

পূজনীয় পুরুষের চরণধূলি লইয়া যে নমস্কার করা হয়, তাহাকে 'অভিবাদন' বলে এবং দুই হস্ত অঞ্জলি বদ্ধ করিয়া উহাকে নিজের ললাটে স্পর্শ করত দণ্ডবৎ নত করিয়া বন্দনীয় পুরুষকে যে নমস্কার করা হয়, তাহাকে 'প্রণাম' বলা হইয়া থাকে।

ত্রীণ্যেব তু পদান্যাহুঃ পুরুষস্যোত্তমং ব্রতম্।
ন ত্বজ্ঞেভ্যৈব যদ্যাচ্ঞ সত্যং চৈব পরং বদেৎ ॥ ১০
ইতি যো বেদোক্তবিধিঃ পুরস্তাৎ পরিকল্পিতম্।
ইদানীং চৈব নঃ কৃত্যং পুরস্তাচ্চ পরিক্রমম্ ॥ ১১
অন্নোঽপি তাবুশো দাতো ভবত্যত্র মহাফলঃ।
তৃপ্তিতাচ্চ তে তস্য ভবন্নেনানুমোদতা ॥ ১২
তৃপ্তিমত্তৃপ্তিতায়ং তু দদ্যেত্তস্য দর্শনম্ মম।
অজৈর্যজ্ঞবতো লোকান্ মহাযজ্ঞৈরিব প্রভো ॥ ১৩
ততো দানপরিবেশে প্রীতোঽস্মি তপসৈব চ
পুণ্যাসৌম্য হি তে সত্ত্বাঃ পুণ্যাসৌম্য চ দর্শনম্ ॥ ১৪
পুণ্যাসৌম্যাভিগচ্ছন্তে মন্যে কর্মবিধানজম্।
অধিকঃ মার্জনাৎ তাত তথা চৈবানুলেপনাৎ ॥ ১৫

ততঃ সর্বপবিত্রেভ্যো দানমেব পরং দ্বিজ।
নো চেৎ সর্বপবিত্রেভ্যো দানমেব পরং ভবেৎ ॥ ১৬
যানীমানি তু দানানীহ বেদোক্তানি প্রবাদসি।
তেষাং শ্রেষ্ঠতরা দানমিতি যে নাত্র সংশয়ঃ ॥ ১৭
দানবুদ্ধিঃ কৃতঃ পশ্য যেন যান্তি মনীষিণঃ।
তে হি প্রণম্য দাতারস্তেষু ধর্ম্মঃ প্রতিষ্ঠিতঃ ॥ ১৮
যথা বেদাঃ পবীতাশ্চ যথা চেন্দ্রিয়সংযমঃ।
সর্বত্যাগো যথা চেহ তথা দানমনুত্তমম্ ॥ ১৯
ত্বং হি তাত মহাবুদ্ধে সুখমেষ্যসি শোভনম্।
সুখাৎ সুখতরপ্রাপ্তিমাপ্নুতে মতিমান্নরঃ ॥ ২০
ততঃ প্রত্যক্ষমেবেদমুপলভ্যামসংশয়ম্।
শ্রীমন্তঃ প্রাপ্নুবন্ত্যর্থান্ দদানা যজ্ঞা তথা সুখম্ ॥ ২১

'অতিজন্ধ' বলে এস্থ বাক্যের দ্বারা অতিথির যে হৌহব প্রকাশ করা হয়, তাহাকে 'অতিহার' বলে। আমি এস্থানে অতিজন্ধ ও অতিহার উভয়ই প্রাপ্ত হইয়াছি, সেইজন্য আমার এই বিষয় ও হর্ষোল্লাস প্রকাশিত হইয়াছে। (দান ও আতিথ্যাদির মহত্ত্ব বেদের দ্বারা প্রতিপাদিত হইয়াছে) বেদবাক্য কখনও মিথ্যা হইতে পারে না। কেননা যা বেদ মিথ্যা বলিবেন ?

যে যজ্ঞের শুদ্ধ তিনটি বাক্যে উত্তম ব্রতের কথা বলিয়াছেন— ১। কাহারও প্রতি দ্রোহ করিবে না। ২। দান করিবে। ৩। এবং অপরকে সত্য কথা বলিবে ॥ ১০

বেদের এই বাক্য সর্বপ্রথমে ঋষিগণ পালন করিয়াছেন। আমরাও বহু পূর্ব হইতেই ইহা শ্রবণ করিয়াছি এবং এই সমস্তের বেদের এই আজ্ঞা পালন করা আমাদের কর্তব্য। ১১

শাস্ত্রবিধি অনুসারে প্রথম অন্নও দান করাকে প্রধান করে। তৃপ্তির ঈর্ষান্বিত হইয়া তৃপ্তির অতিথিকে অন্ন-জলদান করিয়াছ ॥ ১২

প্রভো! আমি তৃপ্তির ও তৃপ্তির ছিলাম। তুমি যুবা ও তৃপ্তার অন্ন এবং জল আমাকে প্রদান করিয়া ভাল করিয়াছ। এই পুণ্যের প্রভাবে মহাযজ্ঞসমূহের দ্বারা প্রাপ্য উত্তম লোকসমূহ তুমি জয় করিয়াছ—ইহা আমার প্রত্যক্ষ দর্শন হইতেছে ॥ ১৩

এই দানের দ্বারা পবিত্র তোমার তপস্যায় আমি অত্যন্ত সন্তুষ্ট হইয়াছি। তোমার বল পুণ্যেই বল এবং তোমার দর্শনও পুণ্যেরই দর্শন ॥ ১৪

তোমার দেহ হইতে যে সদা পুণ্যের গন্ধ বাহির হইতেছে, ইহাকে আমি দানরূপ পুণ্যকর্মের অনুষ্ঠানেরই ফল বলিয়া মনে করি। তাত! দান করা তীর্থস্নান এবং বৈদিক ব্রত পূরণ করা অপেক্ষাও শ্রেষ্ঠ ॥ ১৫

ব্রহ্মন্! যত পবিত্র কর্ম আছে, সেই সবের মধ্যে দানই সর্বাপেক্ষা শ্রেষ্ঠ পবিত্র ও মহাপাবনী কর্ম। যদি দান-ই সমস্ত পবিত্র বস্তুসমূহের মধ্যে শ্রেষ্ঠ না হইত, তাহা হইলে যেসমস্ত এইভাবে তাহার প্রশংসা করা হইত না ॥ ১৬

তুমি যে যে বেদোক্ত উত্তম কর্মকে এ জগতে প্রশংসা কর, সেই সব হইতে দান শ্রেষ্ঠ—এ বিষয়ে আমার কোনও সংশয় নাই ॥ ১৭

শাস্ত্রগণ যে পথ দেখাইয়াছেন, সেই পথেই মনীষী পুরুষেরা গমন করেন। শাস্ত্রগণ প্রাণস্বরূপ বলিয়াই অতিথিত হন। তাঁহাদের মধ্যেই ধর্ম প্রতিষ্ঠিত আছেন ॥ ১৮

যেরূপ বেদের স্বাধ্যায়, ইন্দ্রিয়গণের সংযম ও সর্বত্যাগ উত্তম, সেইরূপ এ সংসারে দানও সর্বোত্তম বলিয়া কথিত হইয়াছে ॥ ১৯

তাত! মহাবুদ্ধে! এই দানের জন্য তুমি উত্তম সুখ লাভ করিবে। বুদ্ধিমান্ মানুষ দান করিয়া উত্তরোত্তর সুখ লাভ করিয়া থাকে ॥ ২০

এ বিষয় আমরা প্রত্যক্ষ দেখিতেছি। আমাদের নিঃসংশয়ে ইহাই বুঝিতে হইবে। তোমার ন্যায় গুণসম্পন্ন পুরুষগণ যখন ধনপ্রাপ্ত হন, তখন উহার দ্বারা তাঁহারা দান, যজ্ঞ ও সুখভোগ করেন ॥ ২১

সুখাদেব পরং দুঃখং দুঃখাদ্দুঃখং পরং সুখম্।
দৃশ্যতে হি মহাপ্রাজ্ঞ নিত্যং বৈ ভস্মবত্তঃ ॥ ১২
ত্রিবিধানীহ ভূতানি নরস্যাহুর্মনীষিণঃ।
পুণ্যমন্যৎ পাপমজ্ঞং পুণ্যং ন চ পাপকম্ ॥ ১৩
ন মৃত্যু মন্যতে ভদ্র মন্যতে ন চ পাতকম্।
অথ কর্মমিমিত্তং ন পুণ্যং ন চ পাপকম্ ॥ ১৪
যজ্ঞ-দান-তপঃশীলা নরা বৈ পুণ্যকর্মিণঃ।
যেঽভিক্রুদ্ধন্তি ভূতানি তে বৈ পাপকৃতো জনাঃ ॥ ১৫

অব্যাপ্যমাদদতে চৈব দুঃখং যান্তি পততি চ।
ততোঽন্যৎ কর্ম যৎকিঞ্চিৎ পুণ্যং ন চ পাতকম্ ॥১৬
রমন্তেঽত্র যোগস্থ দেহি চৈব রজস্ক চ।
ন তামস্তিতবিদ্বন্তি বৈত্তা ন চ তপস্বিনঃ ॥ ১৭

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি মৈত্রেয়ভিক্ষায়াং
ত্রিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১৩০

মহাপ্রাজ্ঞ! কিন্তু যাহারা বিষয় সুখে আসক্ত থাকে, তাহারা সুখ হইতে মহাদুঃখ পতিত হয়। যাহারা তপস্যাদির দ্বারা দুঃখ ভোগ করেন, তাঁহারা দুঃখ হইতেই সুখ লাভ করিয়া থাকেন। সুখ ও দুঃখ মানুষের অবস্থাভেদমাত্রে নিহিত আছে ॥১১
এখানে মনীষী পুরুষগণ মানুষের তিন প্রকার আচরণের কথা বলেন—পুণ্যময়, পাপময় ও পুণ্য পাপ এই উভয় রহিত।
তন্মধ্যে পুণ্য কর্মের অভিমানরহিত হন। অতএব তাঁহার কৃত কর্মকে না পুণ্য ও না পাপ বলা যায়। তাঁহার নিজের কর্মজনিত পুণ্য ও পাপ লাভ হয় না ॥ ১৫

যাহারা যজ্ঞ, দান ও তপস্যায় নিরত থাকেন, সেই সকলকেই পুণ্যকর্মকারী বলা হয়। যাহারা প্রাণীদিগের সহিত দ্রোহ করে, সেই সব মানুষই পাপকর্মকারী হয় ॥ ১৫
যে মানুষেরা অপরের ধন চুরি করে, তাহারা দুঃখ পায় এবং নরকে পতিত হয়। এই পৃথিবীতে শুভাশুভ কর্ম হইতে ভিন্ন যে সাধারণ চেষ্টা, তাহা পুণ্যও নহে ও পাপও নহে ॥ ১৬
মহর্ষে! তুমি আনন্দ সহকারে স্বকর্মপালনে নিরত থাক, তোমার নিরন্তর উন্নতি হউক, তুমি প্রেম্ন থাক, দান কর এবং যজ্ঞ কর। তাহা হইলে বিদ্বান্ এবং তপস্বিগণও তোমাকে পরাকৃত করিতে পারিবেন না ॥ ১৭

শ্রীমহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্ব্বান্তর্গত দানধর্মপর্ব্বে মৈত্রেয়ের ভিক্ষাবিষয়ক ত্রিংশত্যধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একত্রিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥

[ব্যাস-মৈত্রেয়সংবাদে—বিদ্বান্ ও সদাচারী ব্রাহ্মণের মহিমা এবং তাঁহার নিকট অন্নদানের প্রশংসা।]

ভীষ্ম উবাচ।

এবমুক্তঃ প্রত্যুবাচ মৈত্রেয়ঃ কর্মপূজকঃ
অত্যন্তশ্রীরতি মূলে জাতঃ প্রাজ্ঞো বহুশ্রুতঃ ॥ ১

মৈত্রেয় উবাচ।

অনাশয়া মহাপ্রাজ্ঞ যদ্বৈতদ্ব্যাপ যদ্বৈব তৎ।
অনুজ্ঞাতস্ত্বয়া কিঞ্চিদ্ ব্রুয়ামহং বিভো ॥ ২

ব্যাস উবাচ।

যদ্ যদ্বিবক্ষসি মৈত্রেয় যাবদ্ যাবদ্ যথা যথা।
ব্রূহি তত্ত্বং মহাপ্রাজ্ঞ শুশ্রূষে বচনং তব ॥ ৩

একত্রিংশত্যধিকশততম অধ্যায়।

[ব্যাস-মৈত্রেয়-সংবাদে—বিদ্বান্ ও সদাচারী ব্রাহ্মণের নিকট অন্নদানের প্রশংসা।]

ভীষ্ম বলিলেন,—রাজন্! ব্যাসদেব এই কথা বলিলে পর অত্যন্ত শ্রীসম্পন্ন কুলে উৎপন্ন, বহুশ্রুত বিদ্বান্ এবং কর্মপূজক মৈত্রেয় তাঁহাকে বলিলেন ॥ ১

মৈত্রেয় বলিলেন,—মহাপ্রাজ্ঞ! আপনি যেরূপ বলিলেন, তাহা যথার্থই—ইহাতে কোনও সংশয় নাই। প্রভো! যদি আপনি অনুমতি করেন, তাহা হইলে আমি কিছু বলিব ॥ ২
ব্যাসদেব বলিলেন,—মহাপ্রাজ্ঞ মৈত্রেয়! তুমি যাহা যাহা যত যত এবং যেরূপ যেরূপ কথা বলিতে ইচ্ছা কর, বল। তোমার কথা শ্রবণ করিতেও ইচ্ছা করি ॥ ৩

মৈত্রেয় উবাচ

নির্দোষো নির্মলঃ শৈবঃ বচনং ধ্যানসংহিতম্।
বিদ্যা-তপোভ্যাং যি স্তব্যং ভাবিতাত্মা ন সংশয়ঃ। ৪
ভবতো ভাবিতাত্মত্বাল্লাভতেঽয়ং সুমহান্ ক্রম
ক্রুতো বুদ্ধ্যানুপশ্যামি সুসমৃদ্ধতপা ইব। ৫
অপি নো দর্শনাদেব ভবতোঽক্লাদয়ো ভবেৎ
মনো ভবৎপ্রসাদোঽয়ং তর্কি কর্ম স্বভাবতঃ। ৬
তপঃ শ্রুতঞ্চ যোনিশ্চাপ্যেতদ্ ব্রাহ্মণকারণম্।
ত্রিভির্গুণৈঃ সমুদিতস্ততো ভবতি বৈ দ্বিজঃ। ৭
অস্মিংস্ত্রয়ে চ তৃপ্যন্তে পিতরো দৈবতানি চ।
ন হি শ্রুতবতা কিঞ্চিদধিকং ব্রাহ্মণাদৃতে। ৮
অন্ধঃ স্যাৎ তম এবেহ ন প্রজ্ঞায়েত কিঞ্চন।
চাতুর্বর্ণ্যং ন বর্তেত ধর্মাধর্মাবৃতাবৃতে। ৯
যথা হি পুরুতে ক্ষেত্রে ফলং বিন্দতি মানবঃ।
এবং দত্তা শ্রুতবতি ফলং দাতা সমশ্নুতে। ১০
ব্রাহ্মণেষ্বেব বিদ্বৎসু শ্রুতবৃত্তোপসংহিতঃ।
প্রতিগ্রহীতা দানস্য যোগং স্যাদ্ বহিনার্য বৈ। ১১
অন্নমবিদ্বান্ ভক্ত্বাত্মমজানন্ হন্তি তন্তু।
তা চাত্তুঃ পাপ্তি যজ্ঞাগ্নঃ স দত্তা ভজতেঽবৃথঃ। ১২
প্রভুর্হ্যন্নমদন্ বিদ্বান্ পুনর্জনয়তীশ্বরঃ।
স চাগ্নাজ্ঞাহরতে তস্মাৎ ক্ষুদ্র এষ ব্যতিক্রমঃ। ১৩
যদেব দদতঃ পুণ্যং তদেব প্রতিগৃহ্নতঃ।
ন হ্যেকচক্রো বর্তেত ইত্যেবমৃষয়ো বিদুঃ। ১৪

মৈত্রেয় বলিলেন,—ঘৃতে! আপনি দানের সম্বন্ধে যে কথা বলিলেন, তাহা নির্দোষ ও নির্মল। ইহাতে কোনও সন্দেহ নাই যে, আপনি বিদ্যা ও তপস্যার দ্বারা নিজের অন্তঃকরণকে পরম পবিত্র করিয়াছেন। ৪

আপনি ভগবান, সেইজন্য আপনার আশ্রমে আমার এই সর্ব্বোৎকৃষ্ট লাভ হইয়াছে। এই বিষয় আমি সমৃদ্ধিশালী তপস্বী মহর্ষিগণের তার বুদ্ধির দ্বারা বারংবার বিচার করিয়া প্রত্যক্ষ দেখিতে পাইতেছি। ৫

আপনার দর্শনেই আমাদের মহৎ অভ্যুদয় হইতে পারে। আপনি যে আজ দর্শন দিলেন, তাহা আপনার করুণা বলিয়াই আমি মনে করি। এই কর্ম্ম আপনার কৃপায় স্বভাবতঃ হইয়াছে। ৬

ব্রাহ্মণত্বের তিনটি কারণ নীরত হইয়াছে—তপস্যা, শাস্ত্রজ্ঞান ও বিশুদ্ধ ব্রাহ্মণবংশে জন্ম। যিনি এই ত্রিবিধ গুণসম্পন্ন, তিনিই প্রকৃত ব্রাহ্মণ। ৭

এরূপ ব্রাহ্মণ তৃপ্ত হইলে পর দেবতা ও পিতৃগণও তৃপ্ত হন। বিদ্বান্‌গণের পক্ষে ব্রাহ্মণ হইতে শ্রেষ্ঠ অন্য কোনও দান পুরুষ নাই। ৮

যদি ব্রাহ্মণ না থাকেন, তবে এই সম্পূর্ণ জগৎ অজ্ঞানান্ধকারে আচ্ছন্ন হইয়া যায়। কাহারও কোনও কিছু বোধ থাকে না এবং চারি বর্ণের স্থিতি, ধর্ম্মাধর্ম্ম ও সত্যাসত্য কিছুই থাকে না। ৯

যেরূপ যত্নের উত্তমরূপে বপন করিয়া প্রকৃত ক্ষেত্রে বীজ বপন করিলে পর তাহার ফল প্রাপ্ত হয়, সেইরূপ বিদ্বান্ ব্রাহ্মণকে দান করিয়া দাতা নিশ্চয়ই তাহার ফলভাগী হইয়া থাকে। ১০

যদি দানগ্রহণের প্রধান অধিকারী বিদ্বান ও সদাচারসম্পন্ন ব্রাহ্মণ ধন না পান, তবে ধনিগণের ধন বিফল হইয়া যায়। ১১

মূর্খ ব্রাহ্মণ যদি কাহারও অন্ন ভোজন করে, তবে সেই অন্নকে নষ্ট করিয়া দেয় অর্থাৎ অন্নদাতা সেই অন্নের কিছু ফল পান না। এইভাবে অন্ন ভোজন করিলে সেই ভুক্ত অন্নও মূর্খ ভোক্তাকে নষ্ট করিয়া দেয়। যে ব্যক্তি ইহা বুঝিয়া অন্ন ও শাকাদিকে রক্ষা করেন, তাঁহাকে সেই অন্নও রক্ষা করিয়া থাকে। যে মূর্খ দানের ফলকে নষ্ট করে, সে স্বয়ংও নষ্ট হইয়া যায়। ১২

প্রভাব ও শক্তিশালী বিদ্বান্ ব্রাহ্মণ যদি অন্নভোজন করেন তবে তিনি পুনরায় অন্নের উৎপাদন করিয়া থাকেন, কিন্তু তিনি স্বয়ং অন্ন হইতে উৎপন্ন হন, সেইজন্য এই ব্যতিক্রম দূষ্য (দুর্বিজ্ঞেয়) অর্থাৎ বহ্নি হইতে অন্ন এবং অন্ন হইতে প্রজাগণের উৎপত্তি হয়; কিন্তু এই প্রথা বিদ্বান্ ব্রাহ্মণ হইতে অন্নের উৎপত্তির বিষয় দুর্বিজ্ঞেয়। ১৩

দানকারীর যে পুণ্য হয়, তাহা দান গ্রহণকারীরও হইয়া থাকে (যদি তিনি যোগ্য অধিকারী হন)। (কারণ,) ইহারা উভয় উভয়ের উপকারকারী হন। এক চক্রে যান চলে না—প্রতিগ্রহীতা ব্যতীত দাতার দানও সফল হয় না। ইহাই ঋষিগণ বলেন। ১৪

যত্র বৈ ব্রাহ্মণাঃ সন্তি শ্রুতবৃত্তোপসংহিতাঃ।
তত্র দানফলং পুণ্যমিহ চামুত্র চাক্ষয়ম্ ॥ ১৫

যে যোনিভূতাঃ সততং তপসন্বিতয়া তনুম্
দানাধ্যায়বসম্পন্নাস্তে বৈ পূজ্যতমাঃ সদা ॥ ১৬

তৈর্হি সদ্ভিঃ কৃতঃ পন্থাস্তেন যান্তো ন মুহ্যতে।
তে হি স্বর্গস্য নেতারো যজ্ঞযাজ্যাঃ সনাতনাঃ ॥ ১৭

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মপর্ণি মৈত্রেয়-
ভিক্ষাচারসংবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১২১ ॥

যেখানে বিদ্বান্ ও সদাচারী ব্রাহ্মণগণ থাকেন, সেখানে প্রদত্ত দানের ফল মানুষ ইহলোকে এবং পরলোকেও ভোগ করে ॥ ১৫

যে সব ব্রাহ্মণ বিশুদ্ধ-বংশে উৎপন্ন, নিয়ত তপস্যার রত, প্রকৃত দানপরায়ণ ও স্বাধ্যায়সম্পন্ন, তাঁহারাই সদা পূজ্যতম

শ্রীমহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্ব্বাঙ্গর্গত দানধর্ম্মপর্ব্বে মৈত্রেয়ের ভিক্ষাবিষয়ক একবিংশত্যধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥

[ব্যাস-মৈত্রেয়সংবাদে—তপস্যায়াঃ প্রশংসা, গৃহস্থানাং মুখ্যকর্ত্তব্যনির্দ্দেশশ্চ।]

ভীষ্ম উবাচ।

এবমুক্তঃ স ভগবান্ মৈত্রেয় প্রত্যভাষত।
দিষ্ট্যৈবং ত্বং বিজানাসি দিষ্ট্যা তে বুদ্ধিরীদৃশী ॥ ১

লোকো হ্যাধ্যাত্মজ্ঞানেন তৃপ্তিং তু প্রশস্যতি।
ব্রূহমান-যাচমান-শ্রীমানাপ্যায়সংক্ষয়ম্ ॥ ২

দিষ্ট্যা নাভিভবস্তাং দ্বাং দৈবতেজোঽমমুগ্রহঃ।
যং তে তপস্তং দানাদ্ বর্দ্ধয়িষ্যামি তচ্ছৃণু ॥ ৩

যানীতাগমনাদ্যানি যান্তি কাশ্চিৎ প্রবৃত্তয়ঃ।
তানি বেদঃ পুরস্কৃত্য প্রবৃত্তানি যথাক্রমম্ ॥ ৪

অহং দানং প্রশংসামি তথানি তপঃ শ্রুতে।
তপঃ পবিত্রং বেদস্য তপঃ স্বর্গস্য সাধনম্ ॥ ৫

তপসা মহদাপ্নোতি বিদ্যয়া চেতি নঃ শ্রুতম্।
তপশ্চৈব চাপত্যদেব যচ্চাক্ষয়মপি ধ্রুবম্ ॥ ৬

যদ্ যদ্ধি কিঞ্চিৎ সদ্ব্যায় পুরুষস্তপ্যতে তপঃ।
সর্বমেতদবাপ্নোতি বিদ্যয়া চেতি নঃ শ্রুতম্ ॥ ৭

যদিদং অতিথিত্ব ॥ ৩

এরূপ সংপুরুষগণ যে পথ (আচারপদ্ধতি) নির্ণয় করিয়াছেন, সেই পথ দিয়া গমনকারী মানুষ কখনও মোহগ্রস্ত হন না; কারণ, তাঁহারা যজ্ঞগণকে স্বর্গলোকে লইয়া যান এবং চিরকাল যজ্ঞসমূহের অনুষ্ঠান করেন ॥ ১৭

দ্বাবিংশত্যধিক শততম অধ্যায়।

[ব্যাস-মৈত্রেয় সংবাদে—তপস্যার প্রশংসা এবং গৃহস্থের উত্তম কর্ত্তব্যের নির্দ্দেশ।]

ভীষ্ম বলিলেন,- যুধিষ্ঠির! মৈত্রেয় এই কথা বলিলে পর ভগবান্ বেদব্যাস তাঁহাকে এইরূপ প্রত্যুত্তর করিলেন শ্রবণ। তুমি সৌভাগ্যবশতঃ এই বিষয় জানিতে পারিয়াছ এবং ভাগ্যবলেই তোমার এরূপ বুদ্ধি লাভ হইয়াছে ॥ ১

জগতের সকল মানুষ উত্তম গুণবিশিষ্ট মহত্তেরই সদা প্রশংসা করে। সৌভাগ্যের কথা যে, তপ, দমন ও সম্পত্তির অভিমান তোমার উপর প্রভাব বিস্তার করিতে পারে নাই। ইহা তোমার উপর দেবতাগণের অনুগ্রহ—এ বিষয়ে কোনও সংশয় নাই ॥ ২

আচ্ছা, এখন আমি যাহা হইতেও উত্তম বস্তুর কথা তোমায় নিশ্চই বর্ণনা করিব, শ্রবণ কর। এজগতে যত বর্ণাশ্রম ও যে সমস্ত প্রবৃত্তি (আচার) আছে, সে সমস্তই বেদকে সম্মুখে রাখিয়া কথিত (প্রথমে বর্ণাশ্রমে তাহাদের আচার এই ক্রমে) প্রবৃত্ত হইয়াছে ॥৩-৪

আমি দানের প্রশংসা করি, তুমিও তপস্যা ও শাস্ত্রজ্ঞানের প্রশংসা করিতেছ; কারণকে তপস্যা পবিত্র এবং বেদাধ্যয়ন ও স্বর্গের উত্তম সাধন ॥ ৫

আমরা শুনিয়াছি, তপস্যা ও বিদ্যা উভয়েরই দ্বারা মানুষ মহৎ পদ প্রাপ্ত হইয়া থাকে। অন্যান্য যে সব পাপ আছে, সেই সমস্ত তপস্যার দ্বারা নষ্ট হইয়া যায় ॥ ৬

যে কোনও উদ্দেশ্য লইয়া মানুষ যদি তপস্যা আরম্ভ করে, তবে সে সেই সমস্ত তপস্যা ও বিদ্যার দ্বারা লাভ করিয়া থাকে। ইহা আমরা শুনিয়াছি ॥ ৭

দুরন্বয়ঃ দুষ্প্রধর্ষঃ দুরাপঃ দুরতিক্রমম্
সর্বং বৈ তপসস্তোতি তপো হি বলবত্তরম্ ॥ ৮
সুরাপোঽসম্মতাদ্যাস্তু ভ্রূণহা গুরুতল্পগঃ
তপসা তরতে সর্বমেনসস্তু প্রমুচ্যতে ॥ ৯
সর্ববিদ্ যস্তু চক্ষুষ্মানপি বাধির-জাদৃশম্।
তপস্বিনা তপৈষোঽস্তাত্যাজ্যঃ কার্য্য সদা নরঃ ॥১০
সর্বে পূজ্যাঃ ক্রতবোঽস্তথৈব চ তপস্বিনঃ
দানপ্রধাঃ সুখং প্রেত্য প্রাপ্নুবন্তীহ চ ত্রিদম্ ॥১১
ইমঞ্চ ব্রহ্মলোকঞ্চ লোকঞ্চ বলবত্তরম্
অন্নদানৈঃ সুকৃতিন প্রতিপদ্যন্তি লৌকিকাঃ ॥ ১২
পূজিতাঃ পূজয়ন্ত্যেতে মানিতা মানয়ন্তি চ।
স দাতা যত্র যত্রৈতি সর্বতঃ সম্প্রসূয়তে ॥ ১৩
অকর্তা চৈব কর্তা চ লভতে যদ্যদাত্মনঃ

যদি চোদ্ধরতে যজ্ঞো বা যাঁল্লোকানভিযাচতি ॥ ১৪
প্রাপ্নোতি তত্তদাত্মানং যানি বাঞ্ছতি কানিচিৎ।
মেধাবিনং কুলে জাতং শ্রুতবানবুদংসবান্ ॥ ১৫
কৌমারচারী ব্রহ্মচারী তস্মাৎ বৈত্তেয় নিয়তো ভব।
একস্ত পূজাং প্রথমং প্রেপ্সুঃ পূর্ববেদিনাম্ ॥ ১৭
যো ভর্তা বাসিতাভূতৌ তর্তৃ ভ্রাতা চ বাসিতা।
সম্ভিরেব কুলে সর্বং কল্যাণং তত্র বর্ততে ॥ ১৭
আর্দ্রপাত্রাস্থলশিখ তমেঽগ্নিপ্রভবা যথা।
দানেন তপসা চৈব সর্বপাপমপোহতি ॥ ১৮
(দানেন তপসা চৈব বিদ্যোরভ্যর্চনেন চ।
ব্রাহ্মণঃ স মহাভাগ ভবেৎ সংসারসাগরাৎ ॥
যকর্মশুদ্ধসত্ত্বানাং তপোভির্নির্মলাত্মনাম্।
বিষ্ণুরা গচ্ছমোহানাং তারণায় হরিঃ স্মৃতঃ ॥

দাতার সহিত সমস্ত প্রাণিই তত্ত্বা অত্যন্ত কঠিন কার্য্য, যাহা দুর্ধর্ষ, দুর্লভ ও দুরন্বয়, সে সমস্ত তপস্যার দ্বারা সুলভ হইয়া যায়, কারণ, তপস্যার বল সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ ॥৮

ভ্রূণহানকারী, অসৎগ্রহকারী, ভ্রূণহত্যাকারী ও গুরু পত্নীর শয্যায় শয়নকারী বা গুরু-পত্নীগামী পাপীও তপস্যার দ্বারা নরকার হইতে উত্তীর্ণ হইয়া যাইতে পারে এবং সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া যায় ॥ ৯

যিনি সর্ব্বপ্রকার বিদ্যায় নিপুণ, তিনি চক্ষুষ্মান্ ও তপস্বী, তিনি যেরূপ সেরূপই হউন না কেন, তাঁহাকে অবজ্ঞাপূর্ণ তপস্বী বলিবেন। এই উভয় ব্যক্তিকেই (চক্ষুষ্মান্ ও তপস্বীকে) সর্ব্বদা নমস্কার করা উচিত ॥

যাহারা বিদ্বান্ ধনী (দাতৃজ) ও তপস্বী, তাঁহারা সকলেই পূজনীয় এবং দান প্রদানকারী ব্যক্তিগণও ইহলোকে যশ সম্পত্তি লাভ করেন এবং পরলোকে সুখ ভোগ করেন ॥ ১১

লোকসমূহে পূণ্যাত্মা পুরুষগণ অন্নদান করিয়া ইহলোকেও সুখী হন এবং মৃত্যুর পর ব্রহ্মলোক ও অন্যান্য শক্তিশালী লোকে গমন করেন ॥ ১২

এই দাতা ব্যক্তিগণ স্বয়ং পূজিত ও সম্মানিত হইয়া অন্যকে পূজা ও সম্মান করেন। দাতা যে যে স্থানে গমন করেন, সকলেই তাঁহার প্রশংসা করিতে থাকে ॥ ১৩

মানুষ যাহা করুক আর না করুক, সে উর্দ্ধলোকে গমন করুক বা অধোলোকে পতিত হউক, যাহার যেরূপ কর্ম, সেই কর্মানুসারেই সে সেই লোকে গমন করিয়া থাকে ॥ ১৪

যৈত্রেয়! তুমি যাহা কিছু কামনা করিবে, তপস্যার তোমাকে তাহা প্রদান করিবে। তুমি বুদ্ধিমান্, কুলীন, শাস্ত্রজ্ঞ ও ধনাঢ্য, তুমি বয়সে তরুণ তুমি ব্রহ্মচারী, অতএব সকলে যখন দানে রত থাক এবং পুরুষগণের পক্ষে যাহা শ্রেষ্ঠাপেক্ষা উত্তম ও পূজ্য কর্ত্তব্য, তাহা গ্রহণ কর—একাগ্রচিত্তে শ্রবণ কর ॥ ১৫-১৬

যে কুলে শান্ত নিজের পত্নীর ব্যবহারের দ্বারা সন্তুষ্ট থাকেন এবং পত্নী নিজের শান্তর আচরণের দ্বারা সন্তোষলাভ করেন, সেই কুলে সকলা কল্যাণ হইতে থাকে ॥ ১৭

যেরূপ জলের দ্বারা পত্নীতের মল ধৌত হইয়া যায়, অগ্নির প্রভায় অন্ধকার নষ্ট হইয়া যায়, সেইরূপ দান ও তপস্যার দ্বারা মানুষের সমস্ত পাপ নষ্ট হইয়া থাকে ॥ ১৮

(যজ্ঞভাগ! ব্রাহ্মণ দান, তপস্যা ও ভগবান্ বিষ্ণুর আরাধনার দ্বারা সংসারসাগর হইতে পার হইয়া যান। যাঁহারা স্বধর্ম্ম উপযোগিত কর্ম্মসমূহের অনুষ্ঠান করিয়া অন্তঃকরণকে শুদ্ধ করিয়াছেন, তপস্যার দ্বারা যাঁহাদের চিত্ত নির্ম্মল হইয়া গিয়াছে এবং বিদ্যার প্রভাবে যাঁহাদের মোহ দূরীভূত হইয়াছে, এরূপ মহাত্মগণের উদ্ধারের জন্য ভগবান্ শ্রীহরি আছেন অর্থাৎ যাঁহারা স্মরণ করিলেই শ্রীহরি তাঁহাদের উদ্ধার করিয়া থাকেন। অতএব তুমি ভগবান্ শ্রীবিষ্ণুর আরাধনায় নিরত থাকিয়া তাঁহার ভক্ত হও এবং নিরন্তর তাঁহাকে নমস্কার কর। অষ্টাক্ষর মন্ত্র (ওঁ নমো নারায়ণায়) জপে নিরত ভগবদ্ভক্ত কখনও নষ্ট হন না।

তপর্ষিপরো নিত্যং তদ্ভক্তস্তং নমস্কুরু।
তদ্ভক্তা ন বিনশ্যন্তি ব্রহ্মাক্ষরপরায়ণাঃ॥
প্রণবোপাসনপরাঃ পরমার্থপরায়ণাঃ
এতৈঃ পাবয় চাত্মানং সর্বপাপমপোহ চ॥)
ক্ষন্তি প্রাপ্নুহি মৈত্রেয় সুহৃদ্ সাধু ব্রতাস্যবম্
এতদ্বনসি কর্ত্তব্যং ত্রেয় এষা ভবিষ্যতি॥ ১৯

তং প্রণম্যাথ মৈত্রেয় কৃত্বা চাপি প্রদক্ষিণম্।
ক্ষন্তি প্রাপ্নোহ্যু ভবানিত্যুবাচ কৃতাঞ্জলিঃ॥ ২০

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি মৈত্রেয়ভিক্ষায়াং
দ্বাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ॥ ১২৩

যাহারা এখনকে প্রণবোপাসনার সঙ্গে ও পরমার্থ সাধনায় তৎপর আছেন, এরূপ ব্রেই পুরুষগণের সংসর্গে সমস্ত পাপ নষ্ট করিয়া নিজেকে নিজে পবিত্র কর।)

মৈত্রেয়! তোমার কল্যাণ হউক এখন আমি সাবধানতার সহিত নিজ আশ্রমে গমন করিতেছি। আমি যাহা কিছু বলিলাম, তৎ সমস্ত স্মরণ রাখিবে, ইহার দ্বারা তোমার কল্যাণ হইবে॥ ১৯

তখন মৈত্রেয় ঋষিবরকে প্রণাম করিয়া তাঁহাকে প্রদক্ষিণ করিলেন এবং কৃতাঞ্জলি হইয়া বলিলেন,—ভগবন্! আপনি কল্যাণ লাভ করুন॥ ২০

শ্রীমহাভারত বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্ব্বান্তর্গত দানধর্ম্মপর্ব্বে মৈত্রেয়ভিক্ষাবিষয়ক দ্বাবিংশত্যধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ত্রয়োবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ॥

[শাণ্ডিলী-সুমনয়োঃ সংবাদে—পতিব্রতা-স্ত্রীণাং কর্ত্তব্যবর্ণনম্]

যুধিষ্ঠির উবাচ।

সর্ব্বজ্ঞাপ্য সমুদাচারো সর্বধর্মবিদাং বর।
শ্রোতুমিচ্ছাম্যহং ভূয়ঃ তত্ত্বমেবং ব্রবি পিতামহ॥ ১

ভীষ্ম উবাচ।

সর্বজ্ঞাং সর্বতত্ত্বজ্ঞাং দেবলোকে মনস্বিনীম্।
কৈকেয়ী সুমনা নাম শাণ্ডিলী পর্য্যপৃচ্ছত॥ ২
কেন বৃত্তেন কল্যাণি সমাচারেণ কেন বা।
বিন্দুস সর্বপাপানি দেবলোকং ভয়াগতা॥ ৩

হুতাশনশিখেব ত্বং জ্বলমানা শুভেক্ষণা।
সুতা তারাধিপস্যেব প্রভয়া দিবমাগতা॥ ৪
অন্তর্জ্বালানি চ বস্ত্রাণি ধারয়ন্তী পতব্রতা।
বিমানস্থা তথা ভাসি সংপ্রশ্নপ্রশ্নোক্ষসা॥ ৫
ন ত্বমন্যেন তপসা দানেন নিয়মেন বা।
ঈদৃশং লোকমুপ্রাপ্তা যং হি তত্ত্বং বদস্ব মে॥ ৬
ইতি পৃষ্টা সুমনয়া মধুরং চারুহাসিনী।
শাণ্ডিলী নিভৃতং বাক্যং সুমনামিদমব্রবীৎ॥ ৭

ত্রয়োবিংশত্যধিক শততম অধ্যায়

[[শাণ্ডিলী ও সুমনার সংবাদে—পতিব্রতা স্ত্রীগণের কর্ত্তব্য বর্ণন।]

যুধিষ্ঠির বলিলেন,—সমস্ত ধর্মজ্ঞগণের মধ্যে শ্রেষ্ঠ পিতামহ! সাধ্বী স্ত্রীগণের সদাচার আমি আপনার নিকট হইতে শুনিতে বাসনা করি। আপনি আমাকে তাহা বলুন॥ ১

ভীষ্ম বলিলেন,—যুধিষ্ঠির! ইহা দেবলোকের কথা, একদিন সমস্ত তত্ত্বজ্ঞানসম্পন্না, সর্বজ্ঞা ও মনস্বিনী শাণ্ডিলী দেবীকে কৈকেয়রাজতনয়া সুমনা এইরূপ প্রশ্ন করিলেন॥ ২

কল্যাণি! আপনি কোন্ ব্যবহার বা কোন্ সদাচারের প্রভাবে সমস্ত পাপ নাশ করিয়া এই দেবলোকে আসিয়াছেন?॥ ৩

আপনি স্থীর তেজে অগ্নির বিকার তার প্রজ্বলিতা হইতেছেন এবং চন্দ্রকান্তার তুল্য নিজের উজ্জ্বল প্রভায় উদ্ভাসিত হইতে হইতে স্বর্গলোকে আসিয়াছেন॥ ৪

নিখিল বস্ত্রসকল ভাবং করত পরিশ্রমরহিত হইয়া আপনি বিমানে অবস্থান করিতেছেন। আপনার আকৃতি মনোময়ী এবং আপনি নিজ তেজে সমস্ত গুণ শোভা পাইতেছেন॥ ৫

আপনি অন্য তপস্যা, দান বা নিয়ম পালন করিয়া এই লোকে আগমন করেন নাই। অতএব নিজের সাধনা-সম্বন্ধে যথার্থ বিষয় আমাকে বলুন॥ ৬

সুমনা মধুর বাক্যে এই কথা জিজ্ঞাসা করিলে পর মনোহর হাস্যশোভিতা শাণ্ডিলী তাঁহাকে নম্রতাপূর্ণ বাক্যে এই কথা বলিলেন॥ ৭

নাহং কাষায়বসনা নাপি বল্কলধারিণী।
ন চ মুণ্ডা চ জটিলা কৃতা দেবব্রতাশ্রিতা ॥ ৮
অহিতানি চ বাক্যানি সর্বাণি পরুষাণি চ।
অপ্রমত্তা চ ভর্তারং কদাচিন্নাহমব্রুবম্ ॥ ৯
দেবতানাং পিতৃণাং চ ব্রাহ্মণানাং পুরুষে।
অপ্রমত্তা সদা যুক্তা যজ্ঞপুণ্যপরায়ণা ॥ ১০
পৈশুন্যে ন প্রবর্তামি ন মমৈতন্মনোগতম্।
অযাচি ন চ তিষ্ঠামি চিরং ন কথয়ামি চ ॥ ১১
অসদ্ বা বসিতং কিঞ্চিদ্দিতঃ বাপি কর্হিচিৎ।
রহস্যমহস্যং বা ন প্রবর্তামি সর্বথা ॥ ১২
কার্য্যার্থে নির্গতে চাপি ভর্তারে গৃহমাগতম্।
আসনেনোপসংযোজ্য পৃচ্ছামি সমাহিতা ॥ ১৩
যদন্নং ভাবিতাদাতি যদ্ ভোজ্যং ভাবিনস্যতি।
ভক্ষ্যং বা যদি বা লেহ্যং তৎসর্বং বর্জয়াম্যহম্ ॥ ১৪

দেবি! আমি কাষায় (গেরুয়া) বস্ত্র ধারণ করি নাই, বল্কল-বস্ত্রও পরিধান করি নাই, মস্তক মুণ্ডন করি নাই এবং জটাধারণও করি নাই। আর আমি এই সব করিয়া এই দেবলোকে আসি নাই। ৮

আমি সদা সাবধানে থাকিয়া নিজের পতিদেবের প্রতি কখনও অহিতকর ও অপ্রিয় বাক্য বলি নাই। ৯

আমি সর্বদা পরম যত্নসহকারে থাকিয়া সদা সাবধানে দেবতা, পিতৃপুরুষ ও ব্রাহ্মণগণের পূজায় নিযুক্তা ছিলাম। ১০

আমি কাহারও সহিত পরুষতা করি নাই। কাহারও প্রতি পরুষতা করা আমার মনোভাবও ছিল না। আমি গৃহের দ্বার ত্যাগ করিয়া অন্যত্র যাইয়া অবস্থান করিতাম না এবং বহুক্ষণ ধরিয়া কাহারও সহিত কথাবার্তাও বলিতাম না। ১১

আমি কখনও নির্জনে বা প্রকাশ্যে কাহারও সহিত অশ্লীল পরিহাস করিতাম না এবং আমার কোনও কার্যের দ্বারা কাহারও অহিতও হয় নাই। আমি এরূপ কার্যে কখনও প্রবৃত্তও হইতাম না। ১২

যদি আমার পতিদেব কোনও কার্যের জন্য বাহিরে যাইয়া পুনরায় গৃহে ফিরিয়া আসিতেন, তাহা হইলে আমি তখন উঠিয়া তাঁহাকে বসিবার আসন দিতাম এবং একাগ্রচিত্তা হইয়া তাঁহার পূজা করিতাম। ১৩

আমার স্বামী যে অন্নকে গ্রহণযোগ্য নয় বলিয়া মনে করিতেন এবং যে দ্রব্য, ভোজ্য ও লেহ্য পদার্থকে তিনি ভাল বাসিতেন না, আমি সেই সব পরিত্যাগ করিতাম। ১৪

কুটুম্বার্থে সদা যুক্তা যৎকিঞ্চিৎ কার্যমেব তু।
প্রাতরুত্থায় তৎ সর্বং করয়ামি করোমি চ ॥ ১৫
(অগ্নিসংরক্ষণপরা গৃহগুপ্তিষু কারয়ে।
কুমারান্ পালয়ে নিত্যং কুমারীঃ পরিশিক্ষয়ে ॥
আত্মপ্রিয়াণি হিত্বাপি গর্ভসংরক্ষণে রতা।
বালানাং বর্জয়ে নিত্যং শ্বাপং কোপং প্রজাপনম্।
অযিজ্ঞপ্তানি যাতানি নাম্নাধিক্ষেপণং গৃহে।
রত্নবৎ স্পৃহয়ে গেহে সাধঃ সর্ববসোদকাঃ ॥
সমুদ্দস্য চ শুদ্ধাত্মঃ ভিক্ষাং দত্ত্বা ভিক্ষাভিমু।)
প্রবাসং যদি মে যাতি ভর্তা কার্যেণ কেনচিৎ
মঙ্গলৈর্বৃত্তিমুক্তা তদামি নিয়তা তদা ॥ ১৬
অঞ্জনং রোচনা চৈব স্নানং মাল্যানুলেপনম্।
প্রসাধনঞ্চ নিষ্ক্রান্তে নাভিমন্যামি ভর্তরি ॥ ১৭

সমস্ত আত্মীয়-স্বজনগণের জন্য যে সব ব্রত-শ্রাদ্ধাদি আমিতে হইত এবং যে সকল কার্য ক'রতে হইত, সেই সমস্তই আমি প্রাতঃকালে উঠিয়া করাইতাম ও নিজেও করিতাম। ১৫

(আমি অগ্নিহোত্রের অগ্নিকে রক্ষা করিতাম এবং গৃহকে যাজ্ঞবাদির দ্বারা শুদ্ধ করিয়া রাখিতাম। বালকগণকে প্রতিদিন পালন করিতাম ও কন্যাগণকে নারীধর্মের শিক্ষা দিতাম। নিজের প্রিয় বস্তু যত্নসকল ত্যাগ করিয়া গর্ভকে সযত্নে রক্ষা করিতাম। বালকদিগকে শাপ (গালি) দান, তাহাদের প্রতি ক্রোধ করা এবং তাহাদিগকে উৎসন্ন করাও আমি ত্যাগ করিয়াছিলাম। আমার গৃহে কখনও রাজাদেশ লঙ্ঘন করা থাকিত না। অজানা রহস্য এদিক্ ওদিক্ বিক্ষিপ্ত থাকিত না। আমি নিজ গৃহে দোষলক্ষকে বাস ও জল পান করাইবার তুল্য রাখিতাম এবং রত্নের ন্যায় তাঁহাদের পূজাভিত্ত করিয়া রাখিবার ইচ্ছা করিতাম। আমি শুদ্ধ অবস্থায় অন্নদান করিয়া ব্রাহ্মণগণকে ভিক্ষা দিতাম।)

যদি আমার পতিদেব কোনও আবশ্যক কার্যবশতঃ প্রবাসে যাইতেন, তাহা হইলে নিয়ম পালন করিতে করিতে তাঁহার কল্যাণের জন্য নানাপ্রকার মাঙ্গলিক কার্যানুষ্ঠানে নিযুক্ত থাকিতাম। ১৬

স্বামী প্রবাসে গমন করিলে পর আমি নেত্রে কজ্জলদান ললাটে গোরোচনার দ্বারা তিলক করা, তৈল মাখিয়া স্নান করা পুষ্পমাল্যধারণ, অঙ্গে অঙ্গরাগলেপন ও প্রসাধন করাকে আদর করিতাম (ভালবাসিতাম) না। ১৭

যোষাপরাণি ভর্ত্তারং সুখমুত্তমমেধসা
আন্তরেষ্বপি কার্য্যেষু তেন তুষ্যতি যে মনঃ ॥ ১৮
নাস্যাসন্নাপি ভর্ত্তারং কটূক্ত্যার্থেঽপি সর্ব্বদা
ওগুওত্তা সদা চাপি সুসম্মৃষ্টনিবেশনা ॥ ১৯
ইমং ধর্ম্মপথং নারী পালয়ন্তী সমাহিতা।
অরুন্ধতীব নারীণাং স্বর্গলোকে মহীয়তে ॥ ২০

ভীষ্ম উবাচ।
এতদাখ্যাতং সা দেবী সুমনাস্তে তপস্বিনী।
পতিব্রতানাং মহাভাগা ভগবান্নারদশ্চ তদা। ২১
যশ্চেদং শাণ্ডযাখ্যানং পঠেৎ পর্ব্বণি পর্ব্বণি।
স ত্রৈলোক্যং সমাপ্নোতি নন্দনে স সুখী বসেৎ ॥ ২২

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মপর্ব্বণি শাণ্ডিলী-সুমনসংবাদে
ত্রয়োবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ। ১২৩

যখন স্বামী সুখের সহিত নিদ্রা যাইতেন, সেই সময় তিনি কোন আবশ্যক কার্য্য আসিলেও তাঁহাকে কখনও জাগাইতাম না। ইহাতে আমার মন বিশেষ সন্তোষ লাভ করিত ॥ ১৮

পতিব্রতার দৃষ্টিগোচরে শয়ন সেবনের সময় আমি তাঁহাকে কখনও কটূক্তি কার্য্য করিতে দিতাম না। সুখের সেবন করা সর্ব্বদা ত্যাগ করিতাম এবং গৃহকে মার্জ্জনাদির দ্বারা সর্ব্বদা পরিষ্কার রাখিতাম ॥ ১৯

যে নারী সদা সাবধানে থাকিয়া এই ধর্ম্মপথ পালন করেন, তিনি নারীগণের মধ্যে অরুন্ধতীর ন্যায় আদরণীয়া হন এবং স্বর্গলোকেও তিনি সম্মানিতা হন ॥ ২০

ভীষ্ম বলিলেন,—যুধিষ্ঠির! সুমনাকে এইভাবে পতিব্রতা ধর্ম্মের উপদেশ দিয়া তপস্বিনী মহাভাগা শাণ্ডিলীদেবী তৎক্ষণাৎ সেখানে অদৃশ্যা হইয়া গেলেন ॥ ২১

পাণ্ডুনন্দন! যে ব্যক্তি প্রত্যেক পর্ব্বে এই উপাখ্যান পাঠ করেন, তিনি দেবলোকে পরম সুখে নন্দনবনে সুখের সহিত বাস করিয়া থাকেন ॥ ২২

শ্রীমহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্ব্বান্তর্গত দানধর্ম্মপর্ব্বে শাণ্ডিলী ও সুমনার সংবাদ-বিষয়ক ত্রয়োবিংশত্যধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

চতুর্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

[নারদের পুণ্ডরীকাশ্রম ভ্রমণকালে নারায়ণস্থানদর্শন উপদেশ; তাহার ঔর্দ্ধদৈহিক প্রাপ্তি; অন্নপ্রদান প্রশংসা, ব্রাহ্মণের রাক্ষসসমীপে তমা ধেনুবর্ণহরণ দুর্বচনতা চ কারণবর্ণনম্]

যুধিষ্ঠির উবাচ।
যজ্ঞেন পরমং কৃষ্ণমুপৈতি মহাদ্যুতিঃ।
সাক্ষাৎ যে সর্ব্বযজ্ঞানাং যজ্ঞমূর্ত্তমুপস্থিতাঃ ॥ ১

ভীষ্ম উবাচ।
শ্রূয়তামিদমত্যুগ্রং পুরা সংসারযোচনম্
শ্রোতব্যঞ্চ তথা সম্যগ্ জ্ঞাতব্যঞ্চ বিশাম্পতে ॥ ১

পুণ্ডরীকঃ পুরা বিপ্রঃ পুণ্যতীর্থে তপাপিতঃ
নারদং পরিপপ্রচ্ছ শ্রেয়ো যোগপরং মুনিম্। ৩
নারদস্তমুবাচেদং ব্রহ্মলোকাৎ মহামুনে। ৪

নারদ উবাচ
শৃণুষ্বাবহিতস্তাত জ্ঞানযোগমনুত্তমম্
অপ্রবৃত্তা প্রবৃত্তার্থং বেদশাস্ত্রার্থসারকম্ ॥৫

চতুর্বিংশত্যধিক শততম অধ্যায়।

[নারদকর্ত্তৃক পুণ্ডরীককে ভগবান্ নারায়ণের আরাধনার উপদেশ এবং তাঁহার ঊর্দ্ধগতিপ্রাপ্তি, পরলোকের প্রশংসা, ব্রাহ্মণের দ্বারা রাক্ষসের ধেনুবর্ণ ও দুর্বল হইবার কারণ বর্ণন।]

(যুধিষ্ঠির বলিলেন,—পিতামহ! যাহা সর্ব্বোত্তম কর্ত্তব্যরূপে জানিবার যোগ্য, মহাত্মাগণ যাহার অনুষ্ঠানকে নিজের ধর্ম্ম বলিয়া মনে করেন এবং যাহা সমস্ত পাপের নাশ, তাহা আমাকে কৃপা করিয়া বলুন ॥ ১

ভীষ্ম বলিলেন,—প্রভানাথ! যাহা অত্যন্ত গূঢ়, সংসার-বন্ধন হইতে মুক্তিকারী, তোমার দ্বারা শ্রবণ করিবার যোগ্য এবং যাহা তোমার সম্যক্‌রূপে জানা আবশ্যক, সেই পরম শ্রেয়স্কথা শ্রবণ কর ॥ ২

পুরাকালের কথা, পুণ্ডরীক নামে প্রসিদ্ধ কোনও এক ব্রাহ্মণ কোনও পুণ্যতীর্থে সস্ত্রীক তপস্যা করিতেছিলেন। তিনি যোগসম্বন্ধে মুনিবর নারদকে শ্রেয়ের (কল্যাণকারী সাধনের) বিষয়ে জিজ্ঞাসা করিয়াছিলেন। তখন নারদ মহাত্মা ব্রহ্মা কর্ত্তৃক কথিত শ্রেয়ের উপদেশ তাঁহাকে দিয়াছিলেন ॥ ৩-৪

নারদ বলিলেন,—তাত! তুমি সাবধান হইয়া সর্ব্বোত্তম

যঃ পরঃ প্রকৃতেঃ প্রোক্তঃ পুরুষঃ পঞ্চবিংশকঃ।
স এষ সর্বভূতাত্মা নর ইত্যভিধীয়তে ॥ ৬

নরাজ্জাতানি তত্ত্বানি নারাণীতি ততো বিদুঃ।
তাস্যেব চায়নং তত্ত্ব তেন নারায়ণঃ স্মৃতঃ ॥ ৭

নারায়ণাজ্জগৎ সর্বং সর্বকালে প্রজায়তে
তস্মিন্নেব পুনস্তচ্চ প্রলয়ে সম্প্রলীয়তে ॥ ৮

নারায়ণঃ পরং ব্রহ্ম তত্ত্বং নারায়ণঃ পরঃ।
নারায়ণ পরজ্যোতির্ আত্মা নারায়ণঃ পরঃ ॥ ৯

বাসুদেবো তথা বিষ্ণুঃ সঙ্কর্ষণ তথা বিভুঃ।
সংজ্ঞাভেদৈঃ স এবৈকঃ সর্বশাস্ত্রাভিসংস্তুতঃ ॥ ১০

আলোড্য সর্বশাস্ত্রাণি বিচার্য চ পুনঃ পুনঃ।
ইদমেকং সুনিষ্পন্নং যোগো নারায়ণঃ সদা ॥ ১১

তস্মাদ্ধ্যানেন সর্বাংস্ত্যক্ত্বা শাস্ত্রার্থবিস্তরান্।
অনন্যচেতা ধ্যায়স্ব নারায়ণমজং বিভুম্ ॥ ১২

মুহূর্তমপি যো ধ্যায়েন্নারায়ণমতন্দ্রিতঃ।

জ্ঞান-যোগের বর্ণনা শ্রবণ কর। ইহা কোনও শাস্ত্রগ্রন্থ হইতে প্রকাশিত হয় নাই—অনাদি, প্রকৃত অর্থের নায়ক এবং বেদ ও শাস্ত্রসমূহের অর্থের নায়কও। ৫

যিনি চতুর্বিংশতি তত্ত্বময়ী প্রকৃতি হইতে তাঁহার সাক্ষিরূপ পঞ্চবিংশ তত্ত্বরূপী পুরুষ রূপে কথিত হইয়াছেন এবং যিনি সমস্ত ভূতগণের আত্মা, তাঁহাকেই 'নর' বলা হয়। ৬

সেই নর হইতে তত্ত্বসকল উৎপন্ন হইয়াছে, সেইজন্য সেই তত্ত্বকে 'নার' বলা হয়। নার ও তত্ত্বসমূহ অয়ন—নিবাসস্থান, সেইহেতু তিনি নারায়ণ বলিয়া কথিত হন। ৭

সৃষ্টিকালে এই নারায়ণ হইতেই সম্পূর্ণ জগৎ উৎপন্ন হইয়াছে এবং প্রলয়কালে তাঁহাতেই পুনরায় উহার লয় হইয়া যায়। ৮

নারায়ণ পরব্রহ্ম, নারায়ণই সমস্ত তত্ত্ব, তিনিই পর হইতেও পর। তাঁহা হইতে অন্য কিছু শ্রেষ্ঠ তত্ত্ব নাই। ৯

তাঁহাকেই বাসুদেব, বিষ্ণু ও আত্মা বলা হয়। সংজ্ঞাভেদে একমাত্র নারায়ণই সকলশাস্ত্রের দ্বারা বর্ণিত হন। ১০

সমস্ত শাস্ত্রকে আলোড়িত (মন্থন) করিয়া বারংবার বিচার করিলে পর এই সিদ্ধান্তই স্থির হয় যে, যদা ভগবান্ নারায়ণেরই ধ্যান করা উচিত। ১১

অতএব তুমি শাস্ত্রার্থের সম্পূর্ণ প্রপঞ্চ বিস্তারকে ত্যাগ করিয়া অনন্যচিত্তে সর্বব্যাপী অজন্মা ভগবান্ নারায়ণের ধ্যান কর। ১২

সোঽপি সমস্তমিয়াদ্যোতি কিং পুনস্তৎপরায়ণঃ ॥ ১৩

নমো নারায়ণায়েতি যো বেদ ব্রহ্ম শাশ্বতম্
অন্তকালে জপেত্তেতি তস্যিকো পরমং পদম্ ॥ ১৪

শ্রবণাদ্ধ্যাননাচ্চৈব স্তুতিভক্ত্যাদিভিঃ।
আরাধ্যো সর্বদা ব্রহ্ম পুরুষেণ হিতৈষিণা ॥ ১৫

লিপ্যতে ন স পাপেন নারায়ণপরায়ণঃ।
পূজাতি সকলা লোকা সভ্যাশ্চাস্তুরিষোদিতঃ ॥ ১৬

ব্রহ্মচারী গৃহস্থো বা বানপ্রস্থোঽথ ভিক্ষুকঃ।
কেশবারাধনং হিত্বা নৈব যাতি পরাং গতিম্ ॥ ১৭

তস্মান্নরসহস্রেষু দুর্লভা তদ্গতা মতিঃ
তদ্ভক্তবৎসলঃ দেবঃ সদারাধ্য মুক্তিদ ॥ ১৮

ভীষ্ম উবাচ।

ত্রিতন্তাংস্তে কূপঃ প্রাহুঃ পঠ্যতায়াং তু তুনকঃ ॥
কুকুটে তুনকে চৈব হবির্নাশ্নন্তি দেবতাঃ ॥
বৃক্ষমূলে ধ্রুবং সদ্যঃ তস্মাদ্ বৃক্ষং ন রোপয়েৎ ॥ ১৬

ভগবন্নিরুবাচ।

যো যজ্ঞেদর্ভযজ্ঞেন যাজুপেয়শতেন চ।
অবাকৃশিরা বা লভেত্ত সত্রং বা ক্ষৌতমায়নেং ॥ ১৭
ন যস্য দুষ্যতা তুল্যং নরকং স ধ্রুবং ব্রজেৎ।
তুল্যং যজ্ঞস্য সত্যস্য দুষ্যস্য চ তুল্যতা ॥ ১৮
তুনকেন মনসা দত্তা সক্তুপ্রস্থং দ্বিজাতয়ে।
ব্রহ্মলোকমনুপ্রাপ্তঃ পর্য্যাপ্তং তদ্বিদর্শনম্ ॥ ১৯

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মপর্ব্বণি দেবব্রতসংবাদে
সপ্তবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১২৭

করেন না এবং শিষ্টগণও তেমন কর্ম্ম করিলে যাবৎ অমঙ্গল থাকেন ॥ ১২-১৩॥

শ্রাদ্ধ ও যজ্ঞের দিনে যাহার স্নানাদির দ্বারা পবিত্র হইয়া শুভ বস্ত্র ধারণ করিবে। ব্রাহ্মণগণকে দিয়া ঋষিবাচন করাইবে এবং যথাবিধি (দীক্ষাপ্রভৃতি) পাঠ করিবে। এরূপ করিলে তাহার হবঃ ও ক্রতু অক্ষয় হইয়া যায় ॥ ১৪

দৌম্য বলিলেন,—বৃক্ষে ত্রিতন্ত্রক বা তার বাসস্থান, তার ঘাট, মূলদ এবং কূপের ধারা ও অথবাদি বৃক্ষ প্রভৃতি প্রশস্ত নয় ॥ ১৫

ত্রিতন্ত্রক বা তার পাত্রে কলিযুগের বাস বলিয়া কথিত আছে। তার ঘাট থাকিলে বনস্পতি নষ্ট। মূলদ ও কূপের থাকিলে দেবতাগণ সেই বৃক্ষে হবির গ্রহণ করেন না এবং বৃক্ষের মধ্যে কোনও মৃত বৃক্ষ হইলে পর তাহার মূলের মধ্যে সর্প, বিড়াল প্রভৃতি অন্তরণের বাস অবশ্যই হইয়া থাকে, সেইজন্য বৃক্ষরোপণ করিবে না ॥ ১৬

ভগবান্ নিরু বলিলেন,—কেহ যদি অথর্ব্বের যজ্ঞ বা সত্র যাগের যজ্ঞ করে, নিত্য ঘৃতক্ত করিয়া বৃক্ষে ফেলিতে থাকে অথবা সহস্রদক্ষিণাশালী কোনও সত্রের প্রবর্ত্তন করে, কিন্তু যাহার ক্রতু ও যজ্ঞ নষ্ট, সেই পাপী নিশ্চয়ই নরকে গমন করিয়া থাকে। কারণ, যজ্ঞ, সত্র ও ক্রতুর তুষ্টি—এই তিনটি সমান (ঘৃতঃ ক্রতুর তুষ্টি সম্পাদক) ॥ ১৭-১৮

(প্রাচীনকালে এক ব্রাহ্মণ। শুদ্ধ ক্রতুর ব্রাহ্মণকে এক প্রস্থ (সের) সক্তু (ছাতু) দান করিয়াই ব্রহ্মলোক প্রাপ্ত হইয়াছিলেন। ক্রতুর শুদ্ধির মহত্ত্ব বলিবার জন্য এই একটি মাত্র দৃষ্টান্তই যথেষ্ট ॥ ১৯

শ্রীমহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্ব্বান্তর্গত দানধর্ম্মপর্ব্বে দেবব্রতগণের রহস্যবিষয়ক সপ্তবিংশত্যধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অষ্টাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥

(বায়ুনা ধর্মাধর্ময়োঃ রহস্যাবর্ণনম্)

বায়ুরুবাচ

ত্রিভিস্তু বর্ষৈঃ প্রবক্ষ্যামি মানুষাণাং সুখাবহম্
সরহস্যান্তু যে বোধাস্তান্ শৃণুধ্বং সমাহিতাঃ ॥ ১

অগ্নিকার্য্যন্তু কর্ত্তব্যং পরমান্নেন ভোজনম্ ।
পীতশেষাপি কর্ত্তব্যং পিতৃভ্যঃ সত্রিলোদকম্ ॥ ২

এতেন বিধিনা মর্ত্ত্যাঃ শ্রদ্ধয়া সমাহিতঃ ।
চতুরো বার্ষিকান্ মাসান্ যো দদাতি ত্রিলোদকম্ ॥ ৩

ভোজনঞ্চ যথাশক্ত্যা ব্রাহ্মণে বেদপারগে
পশুবন্ধশতস্যেহ ফলং প্রাপ্নোতি পুষ্কলম্ ॥ ৪

ইদং তৈষাপরং গুহ্যমপ্রকাশ্যং নিবোধত
অন্নেন বৃষলো নেতা হবির্দুষ্টাস্ত্র যোষিতঃ ॥ ৫

মন্যতে যস্তু যেনেতি স তথা তেন লিপ্যতে ।
অন্নমন্তস্য কৃপ্যন্তি সূত্রযোনিঃ স গচ্ছতি ॥ ৬

পিতরস্তং ন তৃপ্যন্তি সত্র দেবৈর্বিশেষতঃ
প্রাদক্ষিণ্যং তু যৎ তত্র ক্রমতস্তদ্বিযোধ মে ॥ ৭

যৎ কৃত্বা তু নরঃ সম্যক্ সুখী তৃপ্তি বিন্দতি ।
পথাং যুক্ত-পুরীষেণ পয়সা চ ঘৃতেন চ ॥ ৮

অগ্নিকার্য্যং ত্রিরাকৃত্য কৃত্বাগ্নিত্রয়মাত্মনঃ সমাহিতঃ
ততঃ সংবৎসরে পূর্ণে প্রাঙ্মুখস্তৃপ্তি দেবতাঃ ॥ ৯

সন্তৃপ্তি পিতরস্তস্য ব্রাহ্মকাল উপস্থিতে
এষ ক্রমো ধর্ম্ম সরহস্যঃ প্রকীর্ত্তিতঃ ॥ ১০

মর্ত্ত্যানাং স্বর্গকামানাং প্রেত্য স্বর্গসুখাবহঃ ॥ ১১

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং
বৈয়াসিক্যাম্ অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি
অষ্টাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১২৮

অষ্টাবিংশত্যধিক শততম অধ্যায়।

(বায়ু কর্ত্তৃক ধর্ম্মাধর্ম্ম ও রহস্য বর্ণন

বায়ু বলিলেন,—আমি রহস্যগণের সহিত সুখসাধক ধর্ম্মের ত্রিবিধ বর্ণনা করিব এবং রহস্যসহ যে সমস্ত বোধ আছে, সেই সমস্ত বলিব। তোমরা সকলে একাগ্রচিত্ত হইয়া শ্রবণ কর। ১

প্রতিদিন অগ্নিহোত্র কার্য্য করা কর্ত্তব্য। প্রাতের দিনে উত্তম অন্নের দ্বারা ব্রাহ্মণ ভোজন করান উচিত। পিতৃগণের জন্য দীপদান ও তিলমিশ্রিত জলে তর্পণ করা বিধেয়। ২

যে ব্যক্তি শ্রদ্ধা ও একাগ্রতা সহকারে যথাকালের চারমাস পিতৃগণকে তিলমিশ্রিত জলদান করে এবং বেদ-শাস্ত্রের পারদর্শী বিদ্বান্ ব্রাহ্মণকে যথাশক্তি ভোজন করায়, সেই ব্যক্তি শত যজ্ঞের পূর্ণ ফল প্রাপ্ত হয়। ৩-৪

এখন অন্য এক গোপনীয় কথা শ্রবণ কর, যাহা উত্তম নহে অর্থাৎ নিন্দনীয়। যদি শূদ্র কোনও ব্রাহ্মণের অগ্নিহোত্রের অগ্নিকে এক স্থান হইতে অন্য স্থানে লইয়া যায় এবং দুর্বা ইন্ধন

যজ্ঞের হবিষ্যকে অন্নত্ব লাভ করে। এই কারণে যে কর্ম্ম বলিয়াই মনে করে, সে অবশ্যই লিপ্ত হয়। তাহার প্রতি পিতৃগণ ক্রুদ্ধ হন ও সে শূদ্র-যোনিতে জন্মগ্রহণ করে। ৫-৬

তাহার উপর বিশেষতঃ দেবতা ও পিতৃগণও সন্তুষ্ট হন না। এক্ষণে তুমি যে প্রাদক্ষিণ্যের বিধান আছে তাহা বলিতেছি, শ্রবণ কর। ৭

তাহা ভালভাবে অনুষ্ঠান করিয়া মানুষ সুখী ও নিশ্চিন্ত হইয়া থাকে। বিজ্ঞ ব্যক্তি তাহা করিলে সে বিদ্বান্ ও একাগ্রচিত্ত হইয়া তিন দিন ঘৃতযুক্ত, ঘোরুষ, ঘোরুষ ও ঘাণ্ডুকের দ্বারা অগ্নিতে আহুতি দান করিবে। তাহার পর একবৎসর পূর্ণ হইলে দেবতাগণ তাহার পূজা গ্রহণ করেন এবং পিতৃগণও তাহার পূজা গ্রহণ করিয়া প্রাতঃকাল উপস্থিত হইলে প্রসন্ন হন। ৮-৯)

এইরূপে আমি রহস্যসহ ধর্ম্ম ও অধর্ম্ম বর্ণনা করিলাম। ইহা স্বর্গকামী মনুষ্যগণের সহিত মৃত্যুর পর স্বর্গীয় সুখ প্রাপ্তিকারক হয়। ১০-১১

অনুশাসনপর্ব্বান্তর্গত দানধর্ম্মপর্ব্বে দেবতাগণের রহস্যবিষয়ক অষ্টাবিংশত্যধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একোনত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥

(লোমশমুনিনা বর্ষস্য রহস্যাকথনম্ ।)

লোমশ উবাচ ।

পরদারেষু যে সক্তা অকৃত্বা দারসংগ্রহম্ ।
নিরাশাঃ পিতরস্তেষাং শ্রাদ্ধকালে ভবন্তি বৈ ॥ ১

পরদারৈরতির্দগ্ধং যদ্ধ বহ্ন্যাধুপাসতে ।
ব্রহ্মঘ্নং হরতে যদ্ধ সমযোধা ভবন্তি তে ॥ ২

অসন্তুষ্টা ভবন্ত্যেতে পিতৃণাং নাত্র সংশয়ঃ ।
দেবতাঃ পিতরশ্চৈষাং নাভিনন্দন্তি তদ্ভবিঃ ॥ ৩

তস্মাৎ পরস্য বৈ দারাংস্ত্যক্ত্বা বহ্ন্যাংশ্চ যোষিতম্ ।
ব্রহ্মস্বং হি ন ভুঞ্জীয়াদ্বনে বিত্তমিচ্ছতা ॥ ৪

শ্রদ্ধয়া চাপরং শুদ্ধং রহস্যং কর্মসংহিতম্ ।
শ্রদ্ধধানেন কর্তব্যং শুশ্রূষা বচনং সদা ॥ ৫

যাবন্ত্যাং পৌর্ণমাস্যাং মাসি মাসি ঘৃতাক্তয়ম্ ।
ব্রাহ্মণেভ্যঃ প্রযচ্ছেত তস্য পুণ্যং নিবোধত ॥ ৬

সোমশ্চ বর্ষতে তেন সমুদ্রশ্চ মহোদধিঃ ।
অশ্বমেধচতুর্ভাগং ফলং সৃজতি যাসবঃ ॥ ৭

দানেনৈতেন তেজস্বী বীর্যবাংশ্চ ভবেন্নরঃ ।
প্রীতশ্চ ভগবান্ সোম ইষ্টান্ কামান্ প্রযচ্ছতি ॥ ৮

শ্রদ্ধয়া চাপরো ধর্মঃ সরহস্যো মহাফলঃ ।
ইদং কলিযুগে প্রাপ্য মনুষ্যাণাং সুখাবহঃ ॥ ৯

কর্তা সুখায় যো মর্ত্যঃ স্নাতঃ শুক্লেন বাসসা ।
তিলপাত্রং প্রযচ্ছেত ব্রাহ্মণেভ্যঃ সমাহিতঃ ॥ ১০

তিলোদকক্ষ যো দদ্যাৎ পিতৃণাং মধুনা সহ ।
দীপকং কৃসরং চৈব শ্রদ্ধয়া তস্য যৎ ফলম্ ॥ ১১

তিলপাত্রে ফলং প্রাহ ভগবান্ পাকশাসনঃ ।
গোপ্রদানঞ্চ যঃ কুর্যাদ্ ভূমিদানঞ্চ শাশ্বতম্ ॥ ১২

আয়ুষ্টোমঞ্চ যো যজ্ঞা যজেত বহুদক্ষিণম্ ।
তিলপাত্রং সহৈতেন সমং মন্যন্তি দেবতাঃ ॥ ১৩

একোনত্রিংশদধিক শততম অধ্যায়।

[লোমশমুনি কর্তৃক বর্ষের রহস্য কথন।]

লোমশমুনি বলিলেন,—যাহারা স্বয়ং বিবাহ না করিয়া পরস্ত্রীগণের উপর আসক্ত হয়, তাহাদের পৃথে শ্রাদ্ধকাল আসিলে পর পিতৃগণ নিরাশ হইয়া যান। ১

যে ব্যক্তি পরস্ত্রীতে আসক্ত, যে যজ্ঞ ইহা সেবা করে এবং যে ব্রাহ্মণের ধন অপহরণ করে,—এই তিন ব্যক্তিই সমান দোষভাগী হয়। ২

ইহারা পিতৃগণের দৃষ্টিতে আলাপ করিবার অযোগ্য বলিয়া বিবেচিত থাকিয়া যায়, ইহাতে কোনও সংশয় নাই এবং দেবতা ও পিতৃগণ তাহার হবিষের সম্ভাষণ করেন না। ৩

অতএব নিজের হিতকামী ব্যক্তিদের পরস্ত্রী ও যজ্ঞ-স্ত্রী পরিত্যাগ করা উচিত এবং ব্রাহ্মণের ধন কখনও অপহরণ করা কর্তব্য নহে। ৪

এখন অতি এক বর্ষযুক্ত গোপনীয় রহস্যের কথা শ্রবণ কর। শ্রদ্ধা সহকারে গুরুজনগণের আজ্ঞা পালন করা উচিত। ৫

প্রত্যেক মাসের যাবনী ও পূর্ণিমায় তিনি ব্রাহ্মণগণকে ঘৃত সহ তণ্ডুল দান করিবে। ইহার যে পুণ্য, তাহা শ্রবণ কর। ৬

ইহার দ্বারা চন্দ্র ও মহোদধি সমুদ্রের বৃদ্ধি হয় এবং এই দানকে দেবরাজ ইন্দ্র অশ্বমেধ যজ্ঞের চারিভাগের একভাগ ফল প্রদান করেন। ৭

ইহার দানে যাজক তেজস্বী ও বলবান্ হয় এবং ভগবান্ সোম প্রসন্ন হইয়া তাহাকে অভীষ্ট কামনাসমূহ প্রদান করেন। ৮

এখন অন্য মহাফলপ্রদ রহস্যযুক্ত ধর্মের বর্ণনা শ্রবণ কর, যাহা এই কলিযুগ প্রাপ্ত হইয়া মনুষ্যগণের পক্ষে সুখ-প্রাপ্তিকারক হইয়া থাকে। ৯

যে যাজক প্রাতঃকালে উত্থিত হইয়া স্নান করত মনকে একাগ্র করিয়া ব্রাহ্মণগণকে শুক্লবর্ণের বস্ত্রের সহিত তিলপাত্র দান করে এবং পিতৃগণের উদ্দেশে মধুযুক্ত তিলোদক, দীপ ও কৃসরান্ন (খিচুড়ী) প্রদান করে, তাহার যে ফল হয়, তাহা শ্রবণ কর। ১০-১১

ভগবান্ ইন্দ্র তিল পাত্র দানের ফল এইরূপ বলিয়াছেন—যে সর্ব্বদা গো দান ও পূজন করে এবং যে বহু দক্ষিণাযুক্ত অগ্নিষ্টোম যজ্ঞের অনুষ্ঠান করে, তাহাদের এই পুণ্য-ফলের সহিত তিলপাত্র দানকেও সমান বলিয়াই দেবতারা মনে করেন। ১২-১৩

ভিলোদকং সদা শ্রাদ্ধে মন্তন্তে পিতরোঽক্ষয়ম্
দীপে চ কৃসরে চৈব তুমাংস্তেষাং পিতামহাঃ ॥ ১৪
স্বর্গে চ পিতৃলোকে চ পিতৃদেবাভিপূজিতম্
এষমেতন্ময়োদ্দিষ্টমিতিহাসং পুরাতনম্ ॥ ১৫

ভিলযুক্ত সদা শ্রাদ্ধে তিল সহ জলদান করাকে অক্ষয় মনে করেন। দীপদান ও কৃসরান্নদানে তাঁহার পিতামহগণ সন্তুষ্ট হন ॥ ১৪

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি দোমশর্মহস্যে
একোনত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১২৯

এই পুরাতন ঋষি রহস্য ঋষিগণের দ্বারা দৃষ্ট হইয়াছে। স্বর্গলোক এবং পিতৃলোকেও দেবতা ও পিতৃগণ ইহার সমাদর করেন। এইভাবে আমি এই ঋষির বর্ণনা করিলাম ॥ ১৫

শ্রীমহাভারতে দেবব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে দোমশর্মসংবাদে ঋষির রহস্য বিষয়ক একোনত্রিংশদধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥

(অরুন্ধতী-ধর্মরাজ-চিত্রগুপ্তকর্তৃকং ধর্মরহস্যবর্ণনম্।)

ভীষ্ম উবাচ।

ততস্তু বিগতাঃ সর্বে পিতরশ্চ সদেবতাঃ
অরুন্ধতীং তপোবৃদ্ধামপৃচ্ছন্ত সমাহিতাঃ ॥ ১
সমানশীলা যৌষোগ বসিষ্ঠস্য মহাত্মনঃ
ত্বত্তো ধর্মরহস্যানি শ্রোতুমিচ্ছামহে বয়ম্
যত্তে গুহ্যতমং তত্তে তৎ প্রভাষিতুমর্হসি ॥ ২

অরুন্ধত্যুবাচ।

তপোবৃদ্ধির্ময়া প্রাপ্তা ভর্তুঃ স্মরণেন বৈ
ভবতাঞ্চ প্রসাদেন ধর্মান্ বক্ষ্যামি শাশ্বতান্ ॥ ৩

সর্বজ্ঞান্ সত্যবচসস্তান্ পূর্বজনশংসতঃ।
শ্রদ্দধানে প্রযোক্তব্যা যস্য শুদ্ধা তথা মনঃ ॥ ৪
অশ্রদ্দধানো মানী চ শ্রদ্ধত্তে গুরুতল্পগঃ
অসন্তাষ্যস্তু যো ভবারো নৈষাং দর্শঃ প্রকাশয়েৎ ॥ ৫
অহন্যহনি যো দদ্যাৎ কপিলাং ভাস্বতীং সবাঃ।
মাসি মাসি চ সত্রেণ যো যজেত সদা নরঃ ॥ ৬
গবাং শতসহস্রেণ যো দদ্যাচ্ছ্রোত্রিয়ে পুনঃ
ন তদ্ধর্মফলং তুল্যমতিথির্যস্য তুষ্যতি ॥ ৭
ক্রোধাত্ত্যাগপরো যস্তু মনুষ্যাণাং সুখাবহঃ।
শ্রদ্দধানেন কর্তব্যঃ সত্যবক্তা মহাফলঃ ॥ ৮

যাহার মন শুদ্ধ, সেই শ্রদ্ধাবান্ ব্যক্তিকেই ধর্মের উপদেশ করা উচিত ॥ ৩-৪

প্রত্যহীন, অভিমানী, ব্রহ্মহত্যাকারী ও গুরুপত্নীগামী, এই চারিপ্রকার ব্যক্তিকে দর্শিত ব্যাখ্যানাদি করাও উচিত নহে। ইহাদের নিকট ধর্মের রহস্য প্রকাশ করিবে না ॥ ৫

যে ব্যক্তি যাবৎ বৎসরকাল প্রতিদিন এক একটি কপিলা ধেনু দান করে, প্রতি মাসে নিরন্তর সত্রযাগ চালাইয়া যায় এবং শ্রোত্রিয় পুরুষ তীর্থে গমন করিয়া এক লক্ষ গো দান করে, ইহাদের ধর্মের ফল সেই ব্যক্তির তুল্য হইতে পারে না, যে ব্যক্তির দ্বারা অতিথি সন্তুষ্ট হয় ॥ ৬-৭

এখন মনুষ্যগণের পক্ষে সুখদায়ক ও মহাফলপ্রদ শুভ ধর্মের রহস্যের কথা শ্রবণ করুন। শ্রদ্ধাসহকারে ইহা পালন করা কর্তব্য ॥ ৮

ত্রিংশদধিক শততম অধ্যায়।

[অরুন্ধতী, ধর্মরাজ এবং চিত্রগুপ্ত কর্তৃক ধর্মরহস্য বর্ণন।]

ভীষ্ম বলিলেন,—রাজন্! তদনন্তর সমস্ত ঋষি, পিতৃপুরুষ ও দেবতাগণ তপোবৃদ্ধা এবং বসিষ্ঠতুল্য শীল ও শক্তিসম্পন্না অরুন্ধতী দেবীকে একাগ্রচিত্ত হইয়া জিজ্ঞাসা করিলেন,- ভদ্রে! আমরা আপনার নিকট হইতে ধর্মের রহস্য শ্রবণ করিতে অভিলাষী হইয়াছি। আপনার কৃপাতে যাহা গুহ্যতম ধর্ম, তাহা কৃপা করিয়া বলুন ॥ ১-২

অরুন্ধতী বলিলেন,- দেবগণ! আপনারা যে আমাকে স্মরণ করিয়াছেন, ইহাতেই আমার তপস্যার বৃদ্ধি হইয়াছে। এখন আমি আপনাদেরই করুণায় গোপনীয় রহস্য সহ সমস্ত সনাতন ধর্ম বর্ণনা করিব, আপনারা সেই সব শ্রবণ করুন।

কন্যাসুধা সোমযোগ পুত্র বর্ষাণ সংযোজয়ন্।
নিষিক্তে সবাং শূদ্রে মন্ত্রজ্ঞেন চ তজ্জলম্। ১৯
প্রজাস্তেন বিরাহারক্ষমা বয়ফলা শৃণু
স্রোতস্তে যানি তীর্থানি ত্রিষু লোকেষু কানিচিৎ। ১০
সিদ্ধ-চারণজুষ্টানি সেবিতানি মহর্ষিভিঃ।
অভিষেকঃ সমস্তেষাং সবাং শূদ্রোদকস্য চ। ১১
সাধু সাধ্বিতি চোক্তিস্তৈ বৈবতৈঃ পিতৃভিস্তথা।
ভূতৈস্তৈশ্চ মুনিশ্রেষ্ঠৈঃ পূজিতা সাগরস্তথা। ১২

পিতামহ উবাচ

অহো ধর্মো মহারাজে সত্যস্য চ উদাহৃতঃ
বরং দদ্যামি তে বৎস তপস্তে বর্ধতাং সদা। ১৩

যম উবাচ।

রমণীয়া কথা দিব্যা, মুখতো বা ময়া শ্রুতা
শ্রুতাস্তাঃ চিত্রগুপ্তস্য তা যত্র চ প্রেষয়ন্ত। ১৪
রহস্যাং যমসংযুক্তঃ শক্যা শ্রোতুং মহর্ষিভিঃ।

প্রাতঃকালে উত্থিত হইয়া তৃণ ও জল গ্রহণ করিয়া গো সকলের গমন করিবে। সেখানে গোদলের শৃঙ্গে জলের সিঞ্চন করিবে এবং শৃঙ্গ হইতে পতিত জল নিজের মস্তকে ধারণ করিবে। এই সঙ্গে সেইদিন নিরাহার হইয়া থাকিবে। এরূপ করিলে মানুষের যে ফললাভ হয়, তাহা শ্রবণ করুন। ৯।

তিন লোকের মধ্যে সিদ্ধ, চারণ ও মহর্ষিগণ সেবিত যে সমস্ত তীর্থের কথা শুনা যায়, সেই সব তীর্থে স্নান করিলে যে ফললাভ হয়, তাহা গোদলের শৃঙ্গ হইতে পতিত ও নিজ মস্তকে সিঞ্চনে লাভ হইয়া থাকে। ১০-১১

ইহা শ্রবণ করিয়া দেবতা, পিতৃপুরুষ ও সমস্ত প্রাণিগণ অত্যন্ত হৃষ্ট হইলেন। তাঁহারা সকলে তাঁহাকে সাধুবাদ প্রদান করিলেন এবং বসুন্ধরা দেবীও তুষ্ট হইয়া প্রশংসা করিলেন। ১২

ব্রহ্মা বলিলেন,—মহারাজে! তুমি ধন্য, তুমি মহান্ সত্যযুগের কথা বর্ণনা করিলে। আমি তোমাকে বরদান করিতেছি, তোমার তপস্যা সদা বর্দ্ধিত হউক। ১৩

যমরাজ বলিলেন,—আমি আপনাদের নিকট হইতে দিব্য ও মনোরম কথা শুনিয়াছি। এখন আপনারা চিত্রগুপ্তের ও আমার প্রিয় কথা শ্রবণ করুন। ১৪

এই রহস্যযুক্ত মহান্ মহর্ষিগণও শুনিতে পারেন। বিশেষ শ্রদ্ধাবানের নিকটেই আপনারা ইহা বলিয়াছেন। ১৫

ন হি শ্রদ্ধা তথা পাপং কৃতং কিঞ্চিদ্ বিনশ্যতি।
পর্বকালে চ যৎ কিঞ্চিদ্দাস্যতি চাধিতিষ্ঠতি। ১৬
প্রেতলোকং গতে মর্ত্যে তৎ তৎ সর্বং বিভাবসুঃ।
প্রতিজানাতি পুণ্যাত্মা তচ্চ তত্রোপভুঞ্জতে। ১৭
কিঞ্চিদ্ দদ্যাৎ প্রবক্ষ্যামি চিত্রগুপ্তমতং শুভম্
পানীয়ং চৈব দীপক দাতব্যং সততং তথা। ১৮
উপানহৌ চ ছত্রঞ্চ কপিলা চ যথাক্রমম্।
পুত্রস্তে কপিলা দেয়া ব্রাহ্মণে বেদপারগে। ১৯
আয়ুষোত্তম যত্নেন সর্বশঃ প্রতিপালয়েৎ।
অয়ং চৈবাপরো বরান্তিক্তমেন্তাবতঃ। ২০
ফলমস্য পৃথক্‌ত্বেন শ্রোতুমর্হসি সত্তমাঃ
প্রলয়ঃ সর্বভূতেষু গন্তব্যঃ কালপর্যয়াৎ। ২১
তত্র দুর্গমনুপ্রাপ্তাঃ কৃতঘ্নাপারদীক্ষিতাঃ।
যজ্ঞমানা বিপচ্যন্তে ন তত্রাস্তি পলায়নম্। ২২

হিতকারী শ্রদ্ধাবান্ মানুষেরও ইহা শ্রবণ করা উচিত। ১৫

মানুষের কৃত কোনও পুণ্য এবং পাপ ভোগ ব্যতীত নষ্ট হয় না। পুণ্যকালে যাহা কিছু দান করা হয়, সে সবই সূর্য দেবের নিকট উপস্থিত হয়। ১৬

যখন মানুষ প্রেতলোকে গমন করে, সেই সময় সূর্যদেব তাহার প্রদত্ত সমস্ত বস্তু তাহাকে সমর্পণ করেন। আর সেই পুণ্যাত্মা মানুষ পরলোকে সেই সব বস্তু উপভোগ করে। ১৭

এখন আমি চিত্রগুপ্তের মতানুসারে কিছু কল্যাণকারী বাক্যের কথা বলিব। মানুষের সতত জলদান ও দীপদান করা কর্তব্য। ১৮

উপানৎ (জুতা), ছত্র ও কপিলা গাভী যথোচিত রীতিতে দান করা উচিত। পুত্রের তীর্থে বেদজ্ঞানসম্পন্ন বিদ্বান্ ব্রাহ্মণকে কপিলা গাভী দান করিতে হয়। অহিংসারূপ নিয়ম সর্বপ্রকার যত্নের সহিত পালন করা কর্তব্য। ১৯½

ইহা ব্যতীত অন্য এক বংশের কথাও চিত্রগুপ্ত বলিয়াছেন। তাহার পৃথক্ পৃথক্ ফলের বর্ণনা সাধুপুরুষগণ শ্রবণ করিবেন। সমস্ত প্রাণীই কালক্রমে প্রলয়প্রাপ্ত হয়। ২০-২১

পাপের কারণে দুর্গম নরকে পতিত প্রাণী ঘৃত-পিপাসার্ত পীড়িত হইয়া প্রজ্বলিত অগ্নিতে পাক হইতে থাকে। সেখানে সেই যন্ত্রণা হইতে পলায়ন করিবার কোনও উপায় সেই প্রাণীর থাকে না। ২২

অন্তরাত্মা তমো ঘোরঃ প্রবিশন্ত্যাত্মদূষকাঃ।
তত্র বর্ষং প্রবক্ষ্যামি যেন দুঃখানি সন্তরেৎ ॥ ১৩
অন্নদ্যাত্মা মহার্ঘশ্চ প্রেত্য চৈহ সুখোদয়ম্
পানীয়স্য গুণা দিব্যাঃ প্রেত্যলোকে বিশেষতঃ ॥১৪
তত্র পুণ্যোদকা নাম নদী ত্রেতাঃ বিধীয়তে।
অক্ষয়াঃ সলিলা তত্র শীতলঃ সুমনোপমম্ ॥ ১৫
ন তত্র ভোক্তাঃ শিবতি পানীয়ং যঃ প্রযচ্ছতি
প্রদীপস্য প্রদানেন প্রভাতা গুণবিস্তরঃ ॥ ১৬
তমোঽন্ধকারাং নিয়তা দীপদো ন প্রপদ্যতি।
প্রভাং চাস্য প্রযচ্ছন্তি সোমভাস্করপাবকাঃ ॥ ১৭
দেবতাস্তমুদস্তন্তে বিমলাঃ সর্বতো দিশঃ।
ভোক্তত্বে চ যথাঽন্নস্য দিত্যাঃ প্রেত্যলোকগতো নরঃ ॥ ১৮
তস্মাদ্ দীপ প্রদাতব্যঃ পানীয়ে বিশেষতঃ।
কপিলাং যে প্রযচ্ছন্তি ব্রাহ্মণে বেদপারগে ॥ ১৯
পুত্রত্বে চ বিশেষেণ শ্রদ্ধয়া তস্য যৎ ফলম্।

গোপতা সমুদং তেন দত্তঃ ভবতি শাশ্বতম্ ॥ ৩০
পাপং কর্ম চ যৎ কিঞ্চিৎ তস্মিন্নহন্যহনি ভবেৎ।
গোদানে কপিলা হেকা প্রদত্তা গোপতং যথা ॥ ৩১
তস্মাত্ কপিলা দেয়া কৌমুদ্যাং জ্যেষ্ঠপুষ্করে।
ন তেষাং বিষয়ঃ কিঞ্চিৎ দুঃখং ন চ কৃচ্ছ্রাঃ ॥ ৩২
উপানহৌ চ যো দত্তাং পাত্রভূতে দ্বিজোত্তমে
হস্তত্রাণেন সুখাং দ্বারাং লঙ্ঘতে পরলোকগঃ ॥ ৫৩
ন হি দত্তস্য দানস্য নাশোঽস্তীহ কথাচন।
চিত্রগুপ্তমতা শ্রুত্বা শুষ্টরোমা বিভাবসুঃ ॥ ৩৪
উবাচ দেবতাঃ সর্বাঃ পিতৄংশ্চৈব মহাদ্যুতিঃ।
শ্রুতং হি চিত্রগুপ্তস্য বচনং মহাত্মনঃ ॥ ৩৫
শ্রদ্দধানাস্ত যে মর্ত্যা ব্রাহ্মণেষু মহাত্মসু।
দানমেতৎ প্রযচ্ছন্তি ন তেষাং বিদ্যতে ভয়ম্ ॥ ৩৬
বয়োঘাত্বিধে পক্ষ যেষাং নাস্তীহ নিষ্কৃতিঃ
অসদ্ব্যাত্মা অনাচারা বর্জনীয়া নরাধমাঃ ॥ ৩৭

যমযাতনা মানুষকে নরকের ঘোর দুঃখময় অন্ধকারে প্রবেশ করে। সেই সময়ের কথা আমি বৎসের উল্লেখ করিতেছি, যাহাতে মানুষ দুর্গম নরক হইতে উদ্ধার লাভ করিতে পারে ॥ ১৩

এই দেহে ব্যয় অন্ন কিন্তু লাভ হয় প্রভূত। তাহার মৃত্যুর পরও উত্তম ফল লাভ হইয়া থাকে। জলের গুণ দিব্য। প্রেতলোকে এই গুণ বিশেষভাবে পরিলক্ষিত হয় ॥ ১৪

সেখানে পুণ্যোদকা নামে প্রসিদ্ধ এক নদী আছে, যাহা মৃত লোকবাসিগণের জন্যই নির্দিষ্ট রহিয়াছে। ইহাতে অমৃততুল্য মধুর, শীতল ও অক্ষয় জল পূর্ণ থাকে ॥ ১৫

যে ব্যক্তি এ সংসারে জল দান করে, সেই ব্যক্তিই পরলোকে যাইয়া সেই নদীর জল পান করিতে পায়। এখন দীপদানে যে অত্যধিক লাভ হয়, তাহা শ্রবণ করুন ॥ ১৬

দীপদানকারী মানুষ নরকের নিয়ত অন্ধকার দর্শন করে না। তাহাকে চন্দ্র, সূর্য ও অগ্নি প্রভা (আলোক) দান করেন ॥ ১৭

দেবতারাও দীপদানকারী মানুষকে সহায়তা করেন। তাহার নিকট নরক বিনষ্ট হইয়া যায় এবং প্রেতলোকে যাইয়া সেই মানুষ সূর্যের ন্যায় একাশিত হইতে থাকে ॥ ১৮

সেইজন্য বিশেষ যত্নের সহিত দীপ ও জল দান করা উচিত। বিশেষতঃ পুত্রভাবে যে ব্যক্তি বেদপারগামী বিদ্বান্ ব্রাহ্মণকে কপিলা গাভী দান করে, ইহাতে সেই দানের যে ফল লাভ হয়, তাহা শ্রবণ করুন। বৃষসহ শত ধেনু দানের অক্ষয় ফল লাভ তাহার হইয়া থাকে ॥ ১৯-৩০

রক্তবর্ণাকুলা যাহা কিছু পাপ হয়, তাহা একমাত্র কপিলা ধেনু দানের দ্বারাই শুদ্ধ হয়। পুষ্কর তীর্থে একটি গোদানই শত গোদানের তুল্য হইয়া যায়। সেইজন্য জ্যেষ্ঠ পুষ্কর তীর্থে কার্তিক মাসের পূর্ণিমা তিথিতে অবশ্যই কপিলা ধেনু দান করা কর্তব্য ॥ ৩১।

যে ব্যক্তি প্রেত ও সুধাভুক ব্রাহ্মণকে উপানহ (জুতা) দান করে, তাহার পক্ষে কোনও বিষম স্থান থাকে না। তাহাকে কোনও দুঃখ ভোগ করিতে হয় না এবং কষ্টকলকরের সম্মুখীন হইতে হয় না। ছত্রদান করিলে পরলোকে গমন করিয়া তাহার সুখদায়িনী ছায়া লাভ হয় ॥ ৩২-৩৩

এ জগতে প্রদত্ত দানের কখনও নাশ হয় না। চিত্রগুপ্তের এই মত শ্রবণ করিয়া ভগবান্ সূর্যদেব রোমাঞ্চিত হইলেন। সেই মহাতেজস্বী সূর্য সমস্ত দেবতা ও পিতৃগণকে বলিলেন,—আপনারা মহাত্মা চিত্রগুপ্তের বর্ষবিষয়ক ওই বচনটি শ্রবণ করিলেন ॥ ৩৪-৩৫

যে সব মানুষ মহাত্মা ব্রাহ্মণগণকে শ্রদ্ধা সহকারে উক্ত দান করেন, তাহাদের কোনও ভয় থাকে না ॥ ৩৬

নিম্নে কথিত পাঁচপ্রকার বর্ষবিষয়ক দোষ যাহাদের মধ্যে বর্তমান আছে, তাহাদের ইহলোকে কখনও উদ্ধার হয় না

গোরোচনাসমালম্ভো বচাহরণ্ডস্য যো ভবেৎ।
মৃতাক্তস্তক যো দদ্যাদ্যস্তকে তৎপরাঙ্মুখঃ ॥ ৮
যে চ মাংসং ন খাদন্তি তান্ ন শত্রুর হিংসিতুম্।
যস্য চাত্মসমং বিত্তং দিবারাত্রৌ চ দীপ্যতে ॥ ৯
তত্রকোশ্চর্ম বাস্ত্রাংশ্চ তথৈব গিরিকন্দরঃ।
আজ্ঞাযুক্তো বিড়ালাংশ্চ ছাগাংশ্চ কৃষ্ণোঽথ পিঙ্গলঃ ॥ ১০
যেষামেতানি তিষ্ঠন্তি গৃহেষু গৃহমেধিনাম্

তাম্রমৃন্ময়ভাণ্ডানি পিশিতান্নৈঃ সুসংস্কৃতৈঃ ॥ ১১
লোকানস্মদ্বিধা যে চ বিচরন্তি যথাসুখম্।
তস্মাদেতানি যেষেষু রক্ষোঘ্নানি বিশাম্পতে ॥
এতদ্ যঃ কথিতং সর্বং মত্র যঃ সংশয়ো মহান্ ॥ ১২
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি প্রথমরত্নে
একত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১৩১

যে মানুষ নিজের দেহে গোরোচনা লেপন করে, হাতে বচ নামক ঔষধ ধারণ করে, ললাটে ঘৃত ও অক্ষত ধারণ করে এবং মাংস ভক্ষণ করে না, এরূপ মনুষ্যদিগকে আমরা হিংসা করিতে পারি না ॥ ৮-৯

যাহার গৃহে অগ্নিহোত্রের অগ্নি নিত্য দিবারাত্র জ্বলীয়মান থাকে, ক্ষুদ্র জাতির ব্যাঘ্রের চর্ম, তাহার স্বল্পকম্বল, পর্ণকুটীর কল্পন বিস্তারিত থাকে, তাম্রাদিতে প্রস্তুত ঘৃত নির্গত হয়, বিড়াল এবং কৃষ্ণ ও পিঙ্গলবর্ণের ছাগল থাকে, যে সব গৃহস্থের গৃহে এই সব বস্তু থাকে, সেই গৃহের ঈদৃশ ভবনে রাক্ষসগণ আক্রমণ করিতে পারে না ॥ ১০-১১

আমাদের ন্যায় যে সব নিশাচরগণ গৃহের সন্ধিতে সমস্ত লোকে বিচরণ করে, তাহারা পূর্বোক্ত গৃহসকলে কোন হানি করিতে পারে না প্রজানাথ! অতএব নিজেদের গৃহে এই সব রক্ষোঘ্ন বস্তুসকল অবশ্যই রাখিবা দিবে। সমস্ত বিষয়ে আপনাদের মহাসংশয় ছিল, সেই সব আমরা বলিলাম ॥ ১২

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে প্রথমরত্নের বঙ্গানুবাদে বিংশ একত্রিংশদধিকশততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বাত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

[দিব্যগজানাং বর্ণশ্রবসা তৎপ্রভাবস্য চ বর্ণনম্]

ভীষ্ম উবাচ।

ততঃ পদ্মপ্রকোশাক্ষঃ পদ্মোদ্ভূতঃ পিতামহঃ
ঊবাচ বচনং দেবান্ বাসবঞ্চ শচীপতিম্ ॥ ১
অয়ং মহাবলো নাগো রসাতলচরো বলী।
তেজস্বী রেণুকো নাম মহাসত্ত্বপরাক্রমঃ ॥ ২
অস্তিতেজস্বিনঃ সর্বে মহাবীর্য্যা মহাগজাঃ।
ধারয়ন্তি মহীং কৃৎস্নাং সশৈল-বন-কাননাম্ ॥ ৩

ভীষ্ম বলিলেন,—রাজন্! তদনন্তর পদ্মকুশা কান্তিমান্ পদ্ম হইতে উৎপন্ন ব্রহ্মা দেবগণকে এবং শচীপতি ইন্দ্রকে এই কথা বলিলেন ॥ ১

এই রসাতলে বিচরণকারী, মহাবল, শক্তিশালী, অত্যন্ত তেজস্বী ও পরাক্রমশালী তেজস্বী রেণুকনামক নাগ এখানে উপস্থিত আছে। এই সব মহাগজগণ (দিগ্‌গজগণ) অত্যন্ত তেজস্বী ও মহাপরাক্রমশালী। ইহারা পর্বত, বন ও কাননসমূহ সহ সমগ্র পৃথিবীকে ধারণ করিতে পারে ॥ ২-৩

ত্বয়ৃদ্ধিঃ সমনুজ্ঞাতো রেণুকস্তান্ মহাগজান্
ধর্মগুপ্তানি সর্বাণি গত্বা পৃচ্ছতু তত্র বৈ ॥ ৪
পিতামহবচঃ শ্রুত্বা তে দেবা রেণুকং তদা।
প্রেষয়ামাসুরব্যগ্রা যত্র তে দ্বরণীধরাঃ ॥ ৫

রেণুক উবাচ।

অনুজ্ঞাতোঽস্মি দেবৈস্ত্বং পিতৃভিশ্চ মহাবলাঃ।
ধর্মগুপ্তানি মুখ্যানি শ্রোতুমিচ্ছামি তত্ত্বতঃ।
কথয়ন্তু মহাভাগা যদ্ বস্তুতা মনীষিতম্ ॥ ৬

যদি আপনার আজ্ঞা প্রদান করেন, তবে রেণুক নেই মহাগজগণের নিকট যাইয়া ধর্মের সমস্ত গোপনীয় রহস্য জিজ্ঞাসা করুক ॥ ৪

পিতামহ ব্রহ্মার এই কথা শ্রবণ করিয়া শান্তচিত্ত দেবতাগণ সেই সময় রেণুককে সেই স্থানে প্রেরণ করিলেন, যেখানে পৃথিবীধারণকারী সেই দিগ্‌গজগণ বিদ্যমান ছিলেন ॥ ৫

রেণুক বলিলেন,—মহাবল দিগ্‌গজগণ! আমাকে দেবতা ও পিতৃগণ আজ্ঞা করিয়াছেন, সেইজন্য এখানে আসিয়া এবং আপনাদের যে ধর্মবিষয়ক গূঢ় মত, তাহা আমি যথাযথভাবে শুনিতে বাসনা করি। মহাভাগ দিগ্‌গজগণ! আপনারা

পিতৃগণা ঊচুঃ

কার্ত্তিকে মাসি চাশ্লেষা যদলম্ভাশ্বিনী শিবা।
তেন নক্ষত্রযোগেন যো দদাতি গুড়ৌদনম্ ॥ ৭
তস্য মন্যুং শময়ন্ শ্রাদ্ধে বসতয়ো জকোপনঃ।
বলদেবপ্রভৃতয়ো যে নাগা বলবত্তরাঃ ॥ ৮
অনন্তা হ্যকথা নিত্যাঃ ভোগিনঃ পুমহাবলাঃ।
ভোগাং কুলোদ্ভবা যে চ মহাকৃতা ভুজঙ্গমাঃ ॥ ৯
তে যে বলিং প্রযচ্ছন্তি বলতেজোঽভিবৃদ্ধয়ে
যদা নারায়ণঃ শ্রীমান্ জজ্ঞার বসুধাম্ ॥ ১০
তদ্ বলং তস্য দেবস্য বীরাবুদ্ধয়তত্তথা
এবমুক্ত্বা বলিং তত্র বল্মীকে তু নিবেদয়েৎ ॥ ১১
গজেন্দ্রকুলসাকীর্ণা নীলমন্দ্রাকুলেপনম্
নির্বপেৎ তং তু বল্মীকে অন্নং যাতে দিবাকরে ॥ ১২

এবং তুষ্টোঽস্তু সর্বে অবস্থাস্ত্বারণীতিতাঃ।
ভ্রমং তং নাবধুধ্যাহো বারয়ন্তো বসুন্ধরাম্ ॥ ১৩
এবং মন্ত্রময়ে সর্বে তারার্ত্তা নিরপেক্ষিণঃ
ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যঃ শূদ্রো বা যদুপোষিতঃ ॥ ১৪
এবং সংবৎসরং কৃত্বা লাংং বহুফলং লভেৎ।
বল্মীকে বলিদানায় তস্যা বহুফলং মতম্ ॥ ১৫
যে চ নাগা মহাবীর্যাশ্চিন্তু লোকেষু কুৎস্নশঃ।
কৃতাভিখ্যা ভবেন্মুক্তে শতং বর্ষাণি ভক্তিতঃ ॥ ১৬
পিতৃগণানাং যজ্ঞত্বা দেবতাঃ পিতরস্তথা।
যস্যৈতদ্ মহাভাগাঃ পূজয়ন্তি স হেতুকম্ ॥ ১৭

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি পিতৃগণানাং বচনে

ছাত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১৩২

যে কার্ত্তিকের গুহ মত, তাহা আমি যথাবদ্ভাবে ভক্তিতে দান করি। মহাভাগ শিব শুভদন। আপনাদের বৃদ্ধিতে যথের যে যে ভক্ত নিহিত আছে, তাহা বলুন। ৬

পিতৃগণ বলিলেন,—কার্ত্তিকমাসের কৃষ্ণপক্ষে অশ্লেষা নক্ষত্র ও বহুলবতী অষ্টমী তিথির যোগ হইলে পর যে মনুষ্য আমাদের সংবৎসরপূর্ব্বক ক্রোধযুক্ত হইয়া নিয়মিত যজ্ঞপাঠ করিতে করিতে শ্রাদ্ধের সময়ে আমাদের গুড় গুড়বিশ্রিত অন্ন প্রদান করে, (সে মহাফল লাভ করিয়া থাকে)। ৭

বলদেব (শেষ বা অনন্ত) প্রভৃতি যে নাগ আছেন, তাঁহারা অনন্ত, অক্ষয়, নিত্য ফণাধারী ও অত্যন্ত মহাবলশালী তাঁহারা এবং তাঁহাদের কুলে উৎপন্ন যে সব অতি বিশাল ভুজঙ্গম (সর্প) আছেন, তাঁহারাও আমার ভোগ ও বল বৃদ্ধির জন্য আমার প্রদত্ত এই বলি গ্রহণ করুন। যখন শ্রীমান্ ভগবান্ নারায়ণ এই পৃথিবীদেবীকে একার্ণব জল হইতে উদ্ধার করিয়া ছিলেন, সেই সময় এই বসুন্ধরার উদ্ধারকারী সেই ভগবানের শ্রীবিগ্রহে যে বলশক্তি, তাহা আমার লাভ হউক। ৮-১০½

এই কথা বলিয়া কোনও জঙ্গলের উপরে বলি নিবেদন করিতে হয়। তাহার উপর নাগদেবের পূজা বিকীর্ণ করিয়া দিবে, চন্দন প্রদান করিবে এবং যত্নের দ্বারা আচ্ছাদিত করিবে।

তারপর সূর্য্যাস্ত হইলে সেই বলিকে বল্মীকের নিকটে রাখিয়া দিবে। ১১-১২

এইভাবে সমস্ত পৃথিবীর নিয়ে তারপীড়িত হইলেও আমাদের সকলের সেই পরিশ্রম প্রস্তুত হয় না এবং আমরা সুখের সহিত বসুধার ভার বহন করিতে পারি। তাহের দ্বারা পীড়িত হইলেও তারাও নিকট হইতে কিছু প্রত্যাশা না করিয়া আমরা সকলে বলিদানে এইরূপই মনে করি। ১৩½

ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য অথবা শূদ্রগণ যদি উপবাস পূর্ব্বক এক বৎসরকাল এইভাবে আমাদের জন্য বলি প্রদান করে, তবে তাহাদের মহাফললাভ হয়। বল্মীকের নিকট বলি সমর্পণ করিলে পর তাহা আমাদের পক্ষে অধিক ফলপ্রদ বলিয়া অভিহিত হয়। ১৪-১৫

ভিন্ন লোকের মধ্যে যে সমস্ত মহাপরাক্রমশালী নাগ আছেন, তাঁহারা এই বলি দানের দ্বারা শত বৎসরের জন্য যথার্থরূপে সংকৃত হইয়া যান। ১৬

পিতৃগণগণের এই বাক্য শ্রবণ করিয়া মহাভাগ দেবতা, পিতৃপুরুষ ও ঋষিগণ হেতুক নাগদের অভিপূজা সমাপিত করিলেন। ১৭

শ্রীমহর্ষি দেবব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্ব্বান্তর্গত দানধর্মপর্বে পিতৃগণগণের বর্ণনযন্ত্রী বচনা-বিষয়ক দ্বাত্রিংশদধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ত্রয়স্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

(মহাদেবস্য বর্ষসহস্রাবধিকম্)

মহেশ্বর উবাচ

সারমুদ্ধৃত্য বক্ষ্যামি: সাধুবর্ষ উদাহৃতঃ।
বর্ষণ্ডুমিদং মন্ত্রঃ শৃণুষ্বাঃ সর্ব এব হ। ১

যেষাং বর্ষাশ্রিতা বুদ্ধিঃ শ্রদ্দধানাশ্চ যে নরাঃ।
তেষাং তাদৃগদেবাঃ সন্তঃ সো মহাফলম্। ২

নিরুদ্বিগ্নস্তু যো দদ্যাদ্যমেকং সবাক্ষিকম্।
একতঃ তথাশ্রীয়াদ্ধ্রুত্বা তস্য বং ফলম্। ৩

ইমা সাধো মহাভাগাঃ পবিত্রাঃ পরমাঃ শুভাঃ
শ্রীল্লোকান্ বাধতাস্ত্র স্ব দেবব্যাসুর-মানুষান্। ৪

তাসু চৈব মহাপুণ্যা শুভ্রা চ মহাফলম্
অহন্যহনি ধর্মেণ যুজ্যতে যৈ সবাক্ষিকঃ। ৫

মন্ত্রী ক্ষেত্রা প্রভুজ্ঞাতাঃ পূর্বমাসন কৃতে যুগে।
ততোঽবমন্যনীতো বৈ ব্রহ্মণা লম্বযোনিনা। ৬

তস্মাদ্ ব্রহ্মস্থানগতস্ত্রিষ্ঠত্যাপতি মে গৃহ:
যমেন্দ্রঃ সহ লোকৈশ্চ তস্মাৎ পূজ্যা: সদৈব তা: ৭

মহাপ্রভাবা বরদা বরা: দত্তাকৃপাসিতা:
তা সাধোঽস্ত্যাগুরুমন্ত্রে সর্বকর্মসু বং ফলম্ ৮

যস্য তত্র চতুর্ভাগো যো দদাতি সবাক্ষিকম্। ৯

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি মহাদেববাক্যে।
ত্রয়স্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ। ১৩৩

ত্রয়স্ত্রিংশদধিক শততম অধ্যায়।

[মহাদেব কর্তৃক বর্ষকৃত্য কথন

(ঋষি, মুনি, দেবতা ও পিতৃগণকে মহেশ্বর বলিলেন, — তোমরা সকলে বর্ষসাধ্যের সার সংগ্রহ করিয়া উত্তম রূপ বর্ণনা করিয়াছ। এখন তোমরা সকলে আমার নিকট বর্ষকৃত্য শুভ ফলসহ শ্রবণ কর। ১

যাহাদের বুদ্ধি সদা বর্ষমুখী এবং যাহারা অত্যন্ত শ্রদ্ধাবান, সেই সব মানুষকে এই মহাকর্মধারক ফলপ্রদ বর্ষ উপদেশ করা উচিত। ২

যাহারা উদ্বেগরহিত হইয়া একবার যাবৎ প্রাণশক্তি থাকে তোজন দান করে এবং পরে একবার ভোজন করে। তাহাদের যে ফল লাভ হয়, তাহা শ্রবণ কর। ৩

এই ঘোষণা পরম সৌভাগ্যবতী ও অত্যন্ত পবিত্র বলিয়া অভিহিত হইয়াছে। ইহারা হেতুভূত অক্ষয় এবং মহত্ত্বগণের সহিত তিন লোককে ধারণ করে। ৪

ইহাদের সেবা করিলে মহাপুণ্য ও মহাফল লাভ হয়

প্রতিদিন থাকে তোজনকারী মানুষ বর্ষ প্রাপ্ত হইয়া থাকে। ৫

আমি পূর্বে সত্যযুগে ঘোষণাকে আমার নিকটে থাকিতে আজ্ঞা দিয়াছিলাম। পদ্মযোনি ব্রহ্মা ইহাদের অন্ত আমাকে অত্যন্ত অনুনয়-বিনয় করিয়াছিলেন। ৬

সেইজন্য তোমরা স্থিত হও আমার উপরে আমার ভবনের অগ্রে বিদ্যমান থাকে। আমি সতত ঘোষণের সহিত যম ও ইন্দ্রাণী আমার অনুগত হই। অতএব এই ঘোষণের পূজাই পূজা করা উচিত। ৭

এই ঘোষণ অতিশয় প্রভাবশালিনী ও বরদায়িনী। ইহাদের উপাসনা করিলে ইহারা অভীষ্ট বর প্রদান করে। উপাসনাকারী মানুষের মনস্ত কার্যে যে কর্ম অভীষ্ট, তাহা এই ঘোষণ অনুমোদন করে—তাহার সিদ্ধি দান করে। যে মানুষ পূর্বোক্ত গুণে সমন্বিত অর্থাৎ যাকে একবার যাবৎ প্রাণ-শক্তি ভোজনদান করে, তাহার সঙ্গের কত গোমেধের ফলের এক চতুর্থাংশ লাভ হয়। ৮-৯

শ্রীমহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে মহাদেবের বর্ষকৃত্য বিষয়ক ত্রয়স্ত্রিংশদধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

7 AUG 1975

চতুস্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

(ভগবদ্দেবনা ধর্মস্যস্রকথনম্, ভগবতা বিষ্ণুনা ভীষ্মেণ চ ধর্ম্মাত্ত্ব্যাসা বর্ণনঞ্চ।)

ঋষ য উচাচ।

মহাপ্রভাবতো ধর্ম্মাঞ্ছ্রুত্বা সমাহিতাঃ।
নীলবস্ত্রা মৃদাভাস্যাঃ গৃহীত্বা মৃত্তিকা ভুবঃ। ১
অভিষেকং ব্রাহ্মণঃ কুর্য্যাৎ তস্য ধর্ম্মং নিবোধত
শোধয়েদশুদ্ধং সর্বমাপিত্ত্যাং পবত্র চ। ২
যাবচ্চ জায়তে মর্ত্ত্যস্তাবচ্ছুদ্ধো ভবিষ্যতি
ইদং চাপ্যপরং শুদ্ধাঃ সত্রসস্য নিবোধত। ৩
প্রগৃহ্যোদ্ধরণং পাত্রাঃ পক্কাত্ত্ব মধুনা সহ।
সোমস্যোদ্ভিদমসীতি সৌর্যমাভ্যাং বদেদৃচং। ৪
তস্য ধর্ম্মফলং নিত্যং শ্রদ্দধানা নিবোধত
সাধ্যা রুদ্রাস্তথাদিত্যা বিশ্বেদেবস্তথাশ্বিনৌ। ৫
মরুতো বসবশ্চৈব প্রতিগৃহ্ণন্তি তং বলিম্
সোমশ্চ বর্ধতে তেন সমুদ্রশ্চ মহোদধিঃ। ৬
এষ ধর্ম্মো ময়োদ্দিষ্টঃ সত্রসস্যঃ সুখাবহঃ। ৭

বিষ্ণুরুবাচ।

সর্বগুহ্যানি সর্বাণি দেবতানাং মহাত্মনাম্
ঋষীণাং চৈব গুহ্যানি যঃ পঠেদ্বৈষ্ণবিকং সদা। ৮
শূদ্রাদ্ বানশুদ্ধশূদ্রঃ শ্রদ্দধানঃ সমাহিতঃ।
নাস্য বিঘ্নঃ প্রভবতি ভয়ং চাপি ন বিদ্যতে। ৯
যে চ ধর্মাঃ শুভাঃ পুণ্যাঃ সত্রস্যস্য উদাহৃতাঃ।
তেষাং ধর্মফলং তস্য যঃ পঠেত্ত্ব ভিক্তেন্দ্রিয়ঃ। ১০
নাস্য পাপং প্রভবতি ন চ পাপেন লিপ্যতে।
পঠেদ্বা শ্রাবয়েদ্বা যাপি শ্রদ্ধা বা লভতে ফলম্। ১১
মুচ্যতে পিতৃদেবা হবাং কব্যাদ্যথাভক্তম্।
শ্রাবয়ংশ্চাপি বিপ্রেন্দ্রান্ পর্বসু প্রযতো নরঃ। ১২
ঋষীণাং দেবতানাঞ্চ পিতৃণাং চৈব নিত্যদা
ভবত্যভিমতঃ শ্রীমান্ ধর্মেষু প্রযতঃ সদা। ১৩
কৃতানি পাপকর্ম মহাপাতকদুষ্কৃতম্।
ব্রহ্মহত্যাং চ জন্মেমং সর্বপাপৈঃ প্রমুচ্যতে। ১৪

চতুস্ত্রিংশদধিক শততম অধ্যায়।

[ঋষ দেবব্রতকে পরশুরাম যখন এবং ভগবান্ বিষ্ণু ও ভীষ্মের দ্বারা ধর্মের দ্বারাত্মা বর্ণন।]

ঋষ বলিলেন,—দেবভাগন! এখন একাগ্রচিত্তে আমার মহাত্মসারেও ধর্মের গোপনীয় রহস্য শ্রবণ করুন। যে ব্রাহ্মণ নীলবর্ণের বৃষের পৃষ্ঠদেশ হইতে মৃত্তিকা গ্রহণ করত তাহার দ্বারা তিন দিন স্নান করে, তাহার প্রাপ্য পুণ্য কথা শ্রবণ করুন। ১২

সেই ব্রাহ্মণ নিজের সমস্ত পাপকে শোধন করিয়া থাকে এবং পরলোকে আধিপত্য লাভ করে। তারপর যখন সে পূতাত্মা মহত্ত্ব-যোনিতে জন্মগ্রহণ করে, তখন সে শৌর্যশালী বীর হয়। ২৪

এখন ধর্মের আর এক গুহ্য রহস্য শ্রবণ করুন। পূর্ণিমা-তিথিতে চন্দ্রোদয়ের সময় ঈষদুষ্ণ (তাজা) পায়েস মৃদু সহিত পর আর শ্রবণ করত যে ব্যক্তি ভক্ত বলি সমর্পণ করে, তাহার যে নিত্যধর্ম ফলের প্রাপ্তি হয়,তাহা শ্রদ্ধাসহকারে শ্রবণ করুন সেই ব্রাহ্মণের প্রভু সেই বলিকে সাধ্য, রুদ্র, আদিত্য, বিশ্বেদেব, অশ্বিনীকুমারদ্বয়, মরুদ্গণ ও বসুদেবগণও গ্রহণ করেন এবং ইহার দ্বারা চন্দ্র ও সমুদ্রের বৃদ্ধি হয় এইরূপে আমি রহস্যসহ সুখদায়ক ধর্মের বর্ণনা করিলাম। ৩-৭

ভগবান্ বিষ্ণু বলিলেন,—যে ব্যক্তি দেবতা ও মহাত্মা ঋষিগণ কর্তৃক কথিত ধর্মসমূহ এই সব গুহ্য রহস্য প্রতিদিন পাঠ করিবে অথবা শোনাইয়া-ইচ্ছিত হইয়া সদা একাগ্রচিত্তে শ্রদ্ধা সহকারে শ্রবণ করিবে, তাহার উপর কোনও বিঘ্ন প্রভাব দেখাইতে পারিবে না এবং তাহার কোনও ভয়ও থাকিবে না। ৮-৯

এখনে যে যে পবিত্র ও কল্যাণকারী ধর্মসমূহ রহস্যসকলের সহিত বর্ণিত হইয়াছে, সেই সব ধারণা ইন্দ্রিয় সংযমপূর্বক পাঠ করিবে, তাহাদের সেই সেই ধর্মের পূর্ণ ফল লাভ হইবে। ১০

তাহার উপরে কখনও পাপের প্রভাব পতিত হয় না, সে কখনও কোনও পাপে লিপ্ত হয় না। যে ব্যক্তি এই রহস্য পাঠ করিবে, অপরকে শুনাইবে অথবা যারা শ্রবণ করিবে, তাহারাও এই সব ধর্মাচরণের ফল লাভ হইবে। তাহার প্রদত্ত দ্রব্য-কব্য অক্ষয় হইয়া যাইবে এবং পিতৃগণ তাহা উপভোগ করিবে। ১১-১২

যে ব্রাহ্মণ পর্বসমূহে শুদ্ধচিত্ত হইয়া শ্রেষ্ঠ ব্রাহ্মণগণকে ধর্মের এই রহস্য শ্রবণ করাইবে, সে সদা দেবতা, ঋষি ও পিতৃগণের আশীর্বাদের পাত্র হইবে এবং শ্রীসম্পন্ন হইবে। তাহার সর্বদা ধর্মে প্রবৃত্তি থাকিবে। ১৩-১৩

ব্রাহ্মণ ব্রহ্মহত্যাদি মহাপাতকব্যাপীত অন্য পাপ কর্ম করিয়াও যদি এই রহস্যধর্ম শ্রবণ করে তবে সে সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া যায়। ১৪

ভীষ্ম উবাচ

এতদ্ ঘর্ষয়তস্তা বৈ দেবতানাং নরাধিপ
ব্যাসোক্তিষ্টং ময়া প্রোক্তা সর্বদেবনমস্কৃতম্ ॥ ১৪
পৃথিবী রত্নসম্পূর্ণা জানাং চেদমনুত্তমম্
ইত্যেষ তত্ত্বঃ প্রাবাসিষ্ট মন্তেত ঘর্ষিবং ॥ ১৬
নাজ্ঞদ্যানায় ন নাস্তিকায়
ন নষ্টধর্মায় ন নিষ্ক্রিয়ায়।
ন বেদদুষ্টায় গুরুদ্বিষে বা
নান্যশ্রুতায় নিবেদয়েত্বং ॥ ১৭
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি ভীষ্মদেবরহস্যে
চতুস্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১৩৪

ভীষ্ম বলিলেন,—নরাধিপ! দেবতাগণ কর্তৃক তাঁহাকে এই ঘর্ষণযন্ত্র ব্যাসদেব আমাকে বলিয়াছিলেন। তাহাই আজ আমি তোমাকে বলিলাম। সকল দেবতাই ইহার অত্যন্ত সম্মান করেন ॥ ১৪

একদিকে যদি রত্নসমূহে পূর্ণা পৃথিবী থাকে এবং অন্যদিকে এই সর্বোত্তম জ্ঞান থাকে, তবে সেই পৃথিবীকে পরিত্যাগ করিয়া এই সর্বোত্তম জ্ঞানই গ্রহণ ও গ্রহণ করা উচিত। ঋষিগণ ইহাই মনে করেন ॥ ১৬

যে অজ্ঞাধীনকে, যে নাস্তিককে, যে স্বধর্মভ্রষ্টকারীকে, যে নিষ্ক্রিয়কে, যে বেদদুষ্ট (ভর্ক) অবলম্বন করিয়া দুষ্টতাকারীকে, যে গুরু-দ্বেষীকে এবং যে বেদাভিমানী ব্যক্তিকে এই ঘর্ষের উপদেশ করিবে। ১৭

শ্রীমহাভারত বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মের রহস্যবিষয়ক চতুস্ত্রিংশদধিকশততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত

পঞ্চত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

কেষাংস্বঃ গ্রাহ্য কেষাংগ্রাহ্যম্—এতাদৃশানাং মানুষাণাং বর্ণনম্

যুধিষ্ঠির উবাচ।

কে ভোজ্যা ব্রাহ্মণস্যেহ কে ভোজ্যাঃ ক্ষত্রিয়স্য হ।
তথা বৈশ্যস্য কে ভোজ্যাঃ কে শূদ্রস্য চ ভারত ॥ ১

ভীষ্ম উবাচ।

ব্রাহ্মণা ব্রাহ্মণস্যেহ ভোজ্যা যে চৈব ক্ষত্রিয়াঃ।
বৈশ্যাশ্চাপি তথা ভোজ্যাঃ শূদ্রাশ্চ পরিসংবৃতাঃ ॥২

ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যা ভোজ্যা বৈ ক্ষত্রিয়স্য হ
বর্জনীয়াস্তু বৈ শূদ্রাঃ সর্বভক্ষা বিকর্মিণঃ ॥ ৩
বৈশ্যস্তু ভোজ্যা বিপ্রাণাং ক্ষত্রিয়াণাং তথৈব চ।
নিত্যাগ্নয়ো বিধিযজ্ঞাশ্চ চাতুর্মাস্যব্রতাশ্চ যে ॥ ৪
শূদ্রাণামথ যো ভুঙ্‌ক্তে স ভুঙ্‌ক্তে পৃথিবীমলম্।
মলং বৈশ্যাং স পিবতি মলং ভুঙ্‌ক্তে জনস্য চ ॥ ৫

পঞ্চত্রিংশদধিকশততম অধ্যায়।

কাহাদের অন্ন গ্রহণযোগ্য ও কাহাদের গ্রহণযোগ্য নয়—এরূপ মনুষ্যগণের বর্ণন।]

যুধিষ্ঠির বলিলেন,—ভারত! এ জগতে ব্রাহ্মণের কাহাদের গৃহে ভোজন করা উচিত, ক্ষত্রিয় কাহাদের গৃহে অন্ন গ্রহণ করিবে, বৈশ্যের কাহাদের অন্ন গ্রহণযোগ্য এবং শূদ্র কাহাদের গৃহে ভোজন করিবে? ১

ভীষ্ম বলিলেন,—জগতে ব্রাহ্মণগণের ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যের গৃহে অন্ন ভোজন করা উচিত। শূদ্রের গৃহে তাঁহার পক্ষে অন্ন গ্রহণ করা নিষিদ্ধ। ২

এইরূপ ক্ষত্রিয়ের ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যের গৃহেই অন্ন ভোজন করা কর্তব্য। তথা ও অভক্ষ্যের বিচার না করিয়া সব কিছুই ভক্ষণকারী ও বাছের বিচার আচরণকারী শূদ্রের অন্ন তাঁহার পক্ষে ত্যাজ্য। ৩

বৈশ্যের মধ্যেও যাহারা নিত্য অগ্নিহোত্র করে, পবিত্রভাবে অবস্থান করে এবং চাতুর্মাস্য ব্রত পালন করে, সেই বৈশ্যের অন্নই ব্রাহ্মণ ও ক্ষত্রিয়গণের গ্রাহ্য। ৪

যে দ্বিজ শূদ্রগণের গৃহে অন্ন ভোজন করেন, তিনি সমস্ত পৃথিবী ও সম্পূর্ণ মনুষ্যগণের মলই পান এবং ভক্ষণ করেন। ৫

শূদ্রান্নং রত্নমা ভুঙ্‌ক্তে ৮ ভুঙ্‌ক্তে পৃথিবীমলম্।
পৃথিবীমলমশ্নন্তি যে দ্বিজাঃ শূদ্রযোনিজাঃ। ৬

শূদ্রস্য করনিষ্ঠায়াং বিকর্তৃরুপাপদ্যতে।
ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যো বিকর্মস্থশ্চ পচ্যতে। ৭

আপাদ্যান্নিহতা বিপ্রাস্তথা ক্ষত্রান্নবৃত্তিনঃ।
রত্নদে ক্ষত্রিয়ঃ প্রাজ্ঞবৈশ্যঃ পুষ্টাশনেব চ। ৮

করোতি কর্ম যদ্ বৈশ্যস্তস্য ভাগপ্রভাবতঃ
কৃষিমোক্ষ্যব্যাধিকুশলো বেদ করমিহ। ৯

শূদ্রকর্ম তু যঃ কৃত্বা দাবহারক ঈক্ষতে ১
স দ্বিজেষ্টো যথা শূদ্রো ন ভোক্তব্যঃ কদাচন। ১০

চিকিৎসকঃ কারুপৃষ্ঠঃ পুত্রাধ্যক্ষঃ সুরোহিতঃ
সাংবৎসরো বৃথাধ্যায়ী সর্বে তে শূদ্রসম্মিতাঃ। ১১

শূদ্রকর্মণ্যবৈগুণ্যে যো ভুঙ্‌ক্তে নিয়তব্রতঃ।
অভোজ্যভোজনং ভুঙ্‌ক্তে তস্য প্রায়োদ্ভবং ফলম্ ১১

কৃময়ো বীর্যাক্ত ভোজস্তং ত্রিযাম্যযোনিমৃচ্ছতি ৮।
স প্রযাতি যথা যা বৈ নিচ্ছিদ্রো বধ্যরজ্জুভিঃ। ১৩

ভুঙ্‌ক্তে চিকিৎসকস্যান্নং তদন্নং পূয়সংযুতম্।
পুংশ্চল্যান্নং মৃগা সাংস কারুকান্নং শোণিতম্ ৪।১৪

বিড্ভোজীবিনোঽন্নং যো ভুঙ্‌ক্তে সাধুসম্মতঃ।
তদপত্যং যথা গৌত্রঃ তং সাধু পরিবর্জয়েৎ। ১৫

বচনীয়স্য যো ভুঙ্‌ক্তে তদন্নং শোণিতং মৃদম্
পিণ্ডঞ্চ ভোজনং ভুঙ্‌ক্তে ব্রহ্মহত্যাসমং বিদুঃ। ১৬

অসংকৃতমনন্নাদ্যং ন ভোক্তব্যং কদাচন। ১৭

ব্যাধিঃ কুলক্ষয়ঃ চৈব ভিক্ষিঃ প্রায়োদ্ভবতি ব্রাহ্মণঃ।
নগরীরাজিকো ভুঙ্‌ক্তে বণিগন্নঞ্চ ভবেৎ। ১৮

যে দ্বিজ শূদ্রের অন্ন ভক্ষণ করেন, তিনি পৃথিবীর মল ভোজন করেন। যে দ্বিজগণ শূদ্রান্নভোজী, তাঁহারা সকলে পৃথিবীর মলই ভক্ষণ করিয়া থাকেন। ৬

ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য যদি শূদ্রের নিকট সেবা করিয়া থাকেন, অথচ তাঁহারা যদি বিনিই কর্ম—সেবা করিবার জন্য নিযুক্ত থাকেন, তাহা হইলেও নরকের যাতনা ভোগ করে। যদি শূদ্রের কর্ম না করিয়াও শাস্ত্রবিহিত কর্ম করেন, তবে তাঁহাদিগকে নরকের যাতনা ভোগ করিতে হয়। ৭

ব্রাহ্মণগণ বেদের আধারে নিহত হইবেন এবং যজ্ঞ বিদ্যের যজমানের রক্ষা করিয়া যাইবেন। ক্ষত্রিয় সকলের রক্ষা কার্য্যে নিযুক্ত থাকিবেন। ইঁহারা মহৎ পুরুষার্থ লাভ করিবেন। বৈশ্য প্রজাগণের পুষ্টির জন্য কৃষি, গোরক্ষাদি কার্য্যসমূহ করিবেন—ইঁহারই যজ্ঞানুষ্ঠানের অধিকার। ৮

বৈশ্য যে কর্ম করেন, তাহারই ফলের প্রভাবে তাহার সকল যাজন জীবিকা পরিচালিত করে। কৃষি, গোরক্ষা ও বাণিজ্য—এই সব বৈশ্যের নিজের কর্ম। ইহা ত তাহার কোনও কুপা হয় না। ৯

যে বৈশ্য নিজের কর্ম ত্যাগ করে, শূদ্রের কর্ম করেন, তাঁহাকে শূদ্র বলিয়াই জানিতে হইবে। তাঁহার গৃহে কখনও অন্ন ভোজন করা উচিত নয়। ১০

চিকিৎসক, পণ্যবিক্রয় করিয়া জীবিকা অর্জনকারী, পূজারক, বেতন গ্রহণ করিয়া দেবপূজাকারী, বর্ষফল বর্ণনাকারী জ্যোতিষী এবং বেদপাঠ হইতে ছিন্ন বৃথা অধ্যয়নকারী, —এই সব ব্রাহ্মণই শূদ্রের সমান। ১১

যে দ্বিজাধম যজ্ঞ প্রস্তোচিত কর্মকারী এই দ্বিজগণের পূর্বে অন্ন ভোজন করে, সেই ব্রাহ্মণ অজস্র কৃমিরূপে পাপ করিয়া নিরন্তর অন্ন প্রাপ্ত হয়। ১২

তাহার কৃমি, কীট ও তেজ নষ্ট হইয়া যায় এবং সে বধ্যরজ্জুর ন্যায় নিশ্ছিদ্র কৃমিরূপে ত্রিযাম্য যোনিতে গমন করে। ১৩

যে চিকিৎসকান্নভোজী বৈশ্যের অন্ন ভোজন করে, তাহার সেই অন্ন বিষ্ঠার সমান। বারবিলাসিনী স্ত্রী ও বেশ্যার অন্ন মূত্রের তুল্য। কারুকার্য্যজীবীর অন্ন রক্তের সমান।

যে সংপুরুষগণের দ্বারা সমানিত পুরুষ বিদ্যা বিক্রয় করিয়া জীবিকা অর্জনকারী ব্রাহ্মণের অন্ন ভোজন করে, তাহার সেই অন্নও মূত্রের অন্নতুল্য। অতএব সজ্জন ব্যক্তি সেই অন্ন পরিত্যাগ করিবেন। ১৫

যে ব্যক্তি কলঙ্কিত ব্যক্তির অন্ন গ্রহণ করে, তাহাকে রক্তের কৃমি বলা হয়। যে ব্যক্তি বল সংবেদ অন্ন ভোজন করে, তাহার সেই ভোজন করা অন্নকে মাংস বলিয়া জানিতে হইবে। অসৎকার ও অবহেলাপূর্বক প্রাপ্ত অন্ন কদাপি ভোজন করা উচিত নয়। ১৬-১৭

যে ব্রাহ্মণ এরূপ অন্ন ভোজন করে, তিনি ব্যাধিগ্রস্ত হন এবং তাঁহার বংশ ক্ষয় হইয়া যায়। যে নগরীরক্ষকের অন্ন ভোজন করে, সে চাণ্ডালতুল্য হইয়া যায়। ১৮

গোঘ্নে চ ব্রাহ্মণঘ্নে চ সুরাপে গুরুতল্পগে
ভ্রূণহত্যাং ব্রতে বিপ্রো রক্ষসাং কুলবর্ধনঃ ॥ ১৯

তাসাপহারিণো ভ্রূণহত্যাং কৃত্বা ক্লীবত্বমিচ্ছতি।
ভোজনে শবরাবাসে মধ্যদেশবিহিংসতে ॥ ২০

অভোজ্যান্নৈশ্চ ভোজ্যান্ন যদা প্রেক্ষ্য যথাবিধি।
কিমনুদ্য তৌক্ষ্ণ্যেন মতয়ো মোহমাগমন্ ॥ ২১

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি ভোজ্যাভোজ্যানুকথনং নাম
পঞ্চত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১৩৫

শোষিত, ব্রাহ্মণবধ, সুরাপান ও গুরুপত্নীগমনকারী মানুষের গৃহে ভোজন করিলে পর ব্রাহ্মণ ব্রাহ্মণগণের বুদ্ধিনাশকারী হয় অর্থাৎ ব্রাহ্মণকুলে জন্মগ্রহণ করে ॥ ১৯

পক্ষিত্ব দমনকারী, কৃতঘ্ন ও এণ্ডনখের অন্ন ভোজন করিলে মানুষ মধ্যদেশবিহিত (আর্য্যাবর্তের বাহিরে) চণ্ডালগণের গৃহে অন্নগ্রহণ করে ॥ ২০

পূর্ব্বোক্ত ব্যক্তিগণের অন্ন ভোজন করা উচিত ও যাহাদের অন্ন ভোজন করা উচিত নয়, এরূপ বহুতরূপের বিধি অনুসারে আমি পরিচয় প্রদান করিলাম। এখন আমার নিকট হইতে আর কি শ্রবণ করিতে বাসনা কর ? ২১

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে ভোজ্যাভোজ্য অনুকথনামক পঞ্চত্রিংশদধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত

ষট্‌ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ

(দানগ্রহণস্যানুচিতভোজনস্য চ প্রায়শ্চিত্তকথনম্)

যুধিষ্ঠির উবাচ

উক্তান্ত্বয়া ভোজ্যান্নভোজ্যান্ন সর্বশঃ
অত্র মে প্রশ্নসন্দেহস্তন্মে বদ পিতামহ ॥ ১

ব্রাহ্মণানাং বিশেষেণ দত্তকন্যাপ্রতিগ্রহে।
নানাবিধেষু ভোজেষু প্রায়শ্চিত্তানি শংস মে ॥ ২

ভীষ্ম উবাচ

যত্ত্ব বক্ষ্যামি তে রাজন্ ব্রাহ্মণানাং মহাত্মনাম্
প্রতিগ্রহেষু ভোজে চ মুচ্যতে যেন পাপতঃ ॥ ৩

ঘৃতপ্রতিগ্রহে চৈব সাবিত্রী সমিদাহুতিঃ।
তিলপ্রতিগ্রহে চৈব সদ্যঃক্রতুরুদাহৃতঃ ॥ ৪

মাংসপ্রতিগ্রহে চৈব মধুনো লবণস্য চ।
আদিত্যোদয়মাস্থায় পুণ্যো ভবতি ব্রাহ্মণঃ ॥ ৫

কাঞ্চনং প্রতিগৃহ্যাথ জপমানো গুরূক্তিম্
কৃষ্ণায়সঞ্চ বিধৃতং ধারয়ন্ মুচ্যতে দ্বিজঃ ॥ ৬

এবং প্রতিগৃহীতেঽপি ধনে বস্ত্রে তথা স্ত্রিয়াম্।
এষমেব নরশ্রেষ্ঠ সুবর্ণস্য প্রতিগ্রহে ॥ ৭

ষট্‌ত্রিংশদধিকশততম অধ্যায়।

[দানগ্রহণ ও অযোগ্য ভোজনের প্রায়শ্চিত্ত কথন।]

যুধিষ্ঠির বলিলেন, পিতামহ! আপনি ভোজ্যান্ন ও অভোজ্যান্ন সকলপ্রকার মানুষের কথা বর্ণন করিলেন, কিন্তু এ বিষয়ে জিজ্ঞাসাযোগ্য এক সন্দেহ উপস্থিত হইয়াছে। তাহার সমাধানের কথা আমাকে বলুন ॥ ১

প্রায়শঃ ব্রাহ্মণগণকে দ্রব্য ও কন্যা প্রতিগ্রহ করিতে হয় এবং ঔদ্বাহের নানাপ্রকার অন্নগ্রহণেরও সুযোগ আসিয়া উপস্থিত হয় ও তাঁহারা উহা গ্রহণ করেন। এরূপ অবস্থায় ঔদ্বাহের পাপ হয়, সুতরাং উহার প্রায়শ্চিত্ত কি ? তাহা আমাকে বলুন ॥ ২

ভীষ্ম বলিলেন,—রাজন্! মহাত্মা ব্রাহ্মণগণের প্রতিগ্রহ ও অন্নভোজনে প্রাপ্ত পাপ হইতে যেভাবে মুক্তিলাভ হয়, সেই প্রায়শ্চিত্ত আমি বলিতেছি, শ্রবণ কর ॥ ৩

ঘৃতপ্রতিগ্রহে সাবিত্রী সমিদাহুতি দিবে। তিলদান গ্রহণ করিলেও এই প্রায়শ্চিত্ত করিতে হয়, কারণ, উহা যাগাই সমান ॥ ৪

মাংস, মধু ও লবণের দান গ্রহণ করিলে পর সেই সময় হইতে সূর্য্যোদয় পর্য্যন্ত দণ্ডায়মান থাকিলে ব্রাহ্মণ শুদ্ধ হইয়া যান ॥ ৫

সুবর্ণের দান গ্রহণ করিয়া গায়ত্রীমন্ত্র জপ করিলে এবং উহার কৃষ্ণ বর্ণের লৌহ ধৃত ধারণ করিলে ব্রাহ্মণ সেই পাপ হইতে মুক্ত হন ॥ ৬

নরশ্রেষ্ঠ! এইরূপ ধন, বস্ত্র, কন্যা, অশ্ব, পায়স ও ঔদুম্বরের দান গ্রহণ করিলেও সুবর্ণদানের সমানই প্রায়শ্চিত্ত করিতে হয় ॥ ৭

অন্নপ্রতিগ্রহে চৈব পায়সেক্ষুফলে তথা
ইক্ষুভৈষজপবিত্রাণাং ত্রিসন্ধ্যাতঃ নিয়জ্জনম্ । ৮
ব্রীহৌ পুষ্পে ফলে চৈব জলে পিষ্টময়ে তথা
যাবকে দধিদুগ্ধে চ সাবিত্রীঃ শতমোহিত্বাম্ । ৯
উপানহৌ চ ক্রমক প্রতিগৃহ্যোর্ধ্বমেবিকে
জপেজ্জত্বা সবাবুক্তেন মুচ্যতে পাপ মনা । ১০
ক্ষেত্রপ্রতিগ্রহে চৈব গ্রহ-সূক্তকরোঃ তথা
ত্রীণি রাত্রাণ্যুপোষিত্বা স্নেন পাপাদ্ বিমুচ্যতে । ১১
কৃষ্ণপক্ষে তু যঃ শ্রাদ্ধং পিতৃণামশ্নুতে দ্বিজঃ ।
অহরেতদহোরাত্রাৎ পূতো ভবতি শ্রাদ্ধগঃ । ১২
ন চ সন্ধ্যামুপাসীত ন চ জাপ্যং প্রবর্তয়েৎ
ন সন্তিষ্ঠেৎ তদহ্নশ্চ ততঃ পূয়েত ব্রাহ্মণঃ । ১৩

ইত্যর্থমন্ত্রাংস্তু পিতৃণাং শ্রাদ্ধমুচ্যতে
অথোক্তানাং যথাবীর্যং ব্রাহ্মণাঃ পূর্বকীর্তিতাঃ । ১৪
মৃতকস্য তৃতীয়াহে শ্রাদ্ধাদ্যো যোঽন্নমশ্নুতে
স ত্রিবেদঃ সমুদ্দিষ্ট্য ত্রাদশাহেন শুধ্যতি । ১৫
ত্রাদশাহে ব্যতীতে তু কৃতশৌচো বিশেষতঃ ।
শ্রাদ্ধপাত্রো হবির্দত্ত্বা মুচ্যতে তেন পাপ্মনা । ১৬
মৃতস্য দশরাত্রেণ প্রায়শ্চিত্তানি যাপয়েৎ ।
সাবিত্র্যৈ রৈবতীমিষ্টিং কৃত্বাঽঽঘমর্ষণম্ । ১৭
মৃতকস্য ত্রিরাত্রে যঃ সমুদ্দিষ্টে সমশ্নুতে
সপ্ত ত্রিবর্ষাণ স্নাতা পূতো ভবতি ব্রাহ্মণঃ । ১৮
সিদ্ধিমাপ্নোতি বিপুলামাপদ্যেবং ন সংশয়ঃ । ১৯
যস্তু সূতৈঃ সমদ্দীয়াদ্ ব্রাহ্মণোঽপোঽতোভনে ।
অশৌচং বিধিবৎ তস্য শৌচমত্র বিধীয়তে । ২০

ইক্ষু, তেল ও কৃশের দান গ্রহণ করিলে ত্রিরাত্রে স্নান করা কর্তব্য। ধান, পুষ্প, ফল, জল, পিষ্টক, যবের পায়েস এবং দধি-দুগ্ধের দান গ্রহণ করিলে শতবার গায়ত্রীমন্ত্র জপ করা কর্তব্য। ৮-৯

জুতা ও ছত্র গ্রহণ করিলে একাগ্রচিত্ত হইয়া যদি শতবার গায়ত্রীমন্ত্র জপ করা হয়, তবে সেই প্রতিগ্রহের পাপ হইতে মুক্তিলাভ হইয়া থাকে। ১০

গ্রহণের সময় অথবা অশৌচের সময়ে কাহারও প্রদত্ত ক্ষেত্রের (কৃষির) দান স্বীকার করিলে পর তিন রাত্রি উপবাস করিলে সেই দোষ হইতে মুক্তি লাভ হয়। ১১

যে দ্বিজ কৃষ্ণপক্ষে কৃত পিতৃশ্রাদ্ধের অন্ন ভোজন করেন, তিনি একদিন ও একরাত্রি অতিবাহিত হইলে পর শুদ্ধ হইয়া যান। ১২

ব্রাহ্মণ যে দিনে শ্রাদ্ধের অন্ন ভোজন করেন, সেই দিন সন্ধ্যা, গায়ত্রীজপ ও দ্বিতীয় বার ভোজন পরিত্যাগ করিবেন। ইহাতে সেই ব্রাহ্মণ শুদ্ধ হন। ১৩

সেইজন্য অপরাহ্ণকালে পিতৃগণের শ্রাদ্ধের বিধান করা হইয়াছে। (যাহাতে প্রাতঃকাল ও মধ্যাহ্নকালের সন্ধ্যোপাসনা করা যায় এবং রাত্রিতে আর ভোজন করিতে না হয়।) ব্রাহ্মণগণকে একদিন পূর্বেই শ্রাদ্ধের নিমন্ত্রণ করা উচিত। যাহাতে তাহারা পূর্বোক্ত প্রকারে বিশুদ্ধ পুরুষের ন্যায় ব্যবহারতঃ ভোজন করিতে পারেন। ১৪

যে ব্যক্তি কারাগারে বন্দী হইলে পর তাহার গৃহে যজ্ঞোপবীতের তৃতীয় দিনে অন্ন গ্রহণকারী ব্রাহ্মণ যদি তিন তিন বেলা স্নান করিলে শুদ্ধ হন। ১৫

যাবদিন পর্যন্ত স্নানের নিয়ম পূর্ণ হইতে পর তের দিনে তিনি বিশেষরূপে স্নানাদির দ্বারা পবিত্র হইয়া ব্রাহ্মণগণকে হবিষ্য ভোজন করাইবেন। ইহার দ্বারা তিনি পাপমুক্ত হইবেন। ১৬

যে ব্রাহ্মণ তাহারও গৃহে যজ্ঞোপবীতের দশ দিনই অন্ন ভোজন করেন, তিনি গায়ত্রীজপ, রেবতনাম, পবিত্রেষ্টি, কৃষ্ণাজ্য ও অঘমর্ষণ মন্ত্র জপ করিয়া সেই দোষের প্রায়শ্চিত্ত করিবেন। ১৭

এইরূপ যিনি যজ্ঞোপবীতধারী ব্রাহ্মণের গৃহে পর পর তিন রাত্রি ভোজন করেন, সেই ব্রাহ্মণ সাত দিন পর্যন্ত ত্রিকালে স্নান করিলে শুদ্ধ হইয়া থাকেন। ১৮

এইভাবে প্রায়শ্চিত্ত করিলে সেই ব্রাহ্মণ সিদ্ধিপ্রাপ্ত হন এবং কখনও ঘোরতর বিপদে পতিত হন না। ১৯

যে ব্রাহ্মণ পুত্রগণের সহিত এক পঙ্‌ক্তিতে ভোজন করেন, তিনি শুদ্ধ হইয়া যান। অতএব তাহার শুদ্ধির জন্য কোন বিধি অনুসারে এখানে প্রায়শ্চিত্তের বিধান পালন করিতে হয়। ২০

---

* বেহু বেহু "গ্রহ-সূক্তকরোঃ" এই অংশের ব্যাখ্যা করেন—"তারাগারস্থাশৌচেস্কতোঃ"। অর্থাৎ যে ব্যক্তি কারাগারে (জেলে) আছে ও যে জনন-মরণসম্বন্ধী অশৌচভাগী হইয়াছে, এরূপ ব্যক্তির প্রদত্ত ক্ষেত্রদান গ্রহণ করিলে তিন রাত্রি উপবাসের দ্বারা সেই পাপ নষ্ট হয়।

যস্তু বৈশ্যৈঃ সমাপ্নীয়াদ্ ব্রাহ্মণোঽপোক্তভোজনে।
স বৈ ত্রিরাত্রাদ্ দীক্ষিত্বা মুচ্যতে তেন কর্মণা ॥ ২১
ক্ষত্রিয়ৈঃ সহ যোঽশ্নীয়াদ্ ব্রাহ্মণোঽপোক্তভোজনে
আমুক্তঃ সহ বাসোভিস্তেন মুচ্যেত পাপ্মনা ॥২২
শূদ্রস্য তু কুলং হন্তি বৈশ্যস্য পশুবান্ধবান্।
ক্ষত্রিয়স্য ত্রিয়ং হন্তি ব্রাহ্মণস্য সুবর্চসম্ ॥ ২৩
প্রায়শ্চিত্তন্তু শান্তিস্তু জুহুয়াৎ তেন মৃচ্যতে

সাবিত্র্যা বৈষ্ণবীভির্বা কৃষ্ণাওষধমর্ষণম্ ॥ ২৪
তথোক্তিষ্টমভাক্তাস্য সদ্যাশেনাত্র সংশয়ঃ।
রোচনা বিল্বজা রাত্রিরঙ্গলাস্তনানি চ ॥ ২৫
ইতি শ্রীমন্মহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মে প্রায়শ্চিত্তবিধির্নাম
ষট্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ

যে ব্রাহ্মণ বৈশ্যগণের সহিত এক পঙ্‌ক্তিতে ভোজন করেন, তিনি তিন রাত্রি ব্রত পালন করিলে সেই কর্ম্মদোষ হইতে মুক্ত হন। ২১

যে ব্রাহ্মণ ক্ষত্রিয়গণের সহিত এক পঙ্‌ক্তিতে ভোজন করেন, তিনি পরিধেয় বস্ত্রসহ স্নান করিলে পাপমুক্ত হইয়া যান। ২২

ব্রাহ্মণের ভোজ তাহার সহিত ভোজনকারী শূদ্রের কুলকে, বৈশ্যের পশু ও বান্ধবগণকে এবং ক্ষত্রিয়ের সন্তানসন্ততিকে নষ্ট করিয়া থাকে। ২৩

সেইজন্য প্রায়শ্চিত্ত ও শান্তি-হোম করা আবশ্যক অধিকারী অনুসারে গায়ত্রীমন্ত্র, বৈষ্ণবমন্ত্র, পবিত্রেষ্টি, কৃষ্ণাও অথবা অঘমর্ষণ মন্ত্র জপ করিলে বা ইহার দ্বারা পাপ মুক্ত হইয়া থাকে। ২৪

তাহাদের উচ্ছিষ্ট অথবা তাহার সহিত এক পঙ্‌ক্তিতে ভোজন করিবে না পূর্ব্বোক্ত প্রায়শ্চিত্ত বিষয়ে কোনরূপ সংশয় করা উচিত নয়। প্রায়শ্চিত্ত করিবার পর গোরোচনা, যূথী ও হরিদ্রাদি মাঙ্গলিক বস্তুসমূহ স্পর্শ করা কর্ত্তব্য। ২৫

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্ব্বান্তর্গত দানধর্ম্মপর্ব্বে প্রায়শ্চিত্তবিধিনামক ষট্ত্রিংশদধিকশততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

সপ্তত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

(দানের ধর্ম্মলোকপ্রাপ্তার্থং রাজ্ঞাং বর্ণনম্।)

যুধিষ্ঠির উবাচ

দানেন যদ্ধতেত্যাহ তপসা চৈব ভারত।
তদেতদ্মে মনোঽভূৎ বা পোহ তু পিতামহ।
কিংস্বিৎ পূর্ব্বতরং দেবান্ সংসিদ্ধুর্ঋষিণি ॥ ১

ভীষ্ম উবাচ

শৃণু বৈর্ঘনিরবৈত্তপসা ভাবিতাত্মভিঃ।
লোকা জ্ঞসাদ্য প্রাপ্তা দানপুণ্যবতৈর্নৃপৈঃ ॥ ২

সংকৃতস্তু তথাঽঽত্রেয়ঃ শিবেভ্যো ব্রহ্ম নির্ব্বপন্
উপদিশ্য তদা রাজন্ গতো লোকানপুত্তমান্ ॥ ৩
শিবিরৌশীনরঃ প্রাণান্ প্রিয়ান্ তনয়স্য চ
ব্রাহ্মণার্থমুপাকৃত্য নাকপৃষ্ঠমিতো গতঃ ॥ ৪
প্রতর্দ্দনঃ কাশিপতিঃ প্রদায় তনয়ং স্বকম্।
ব্রাহ্মণায়াঙ্গুলাং কৌত্তিমিহ চাগুত্র চাগুতে ॥ ৫

সপ্তত্রিংশদধিকশততম অধ্যায়

[দানের দ্বারা ধর্ম্মলোকপ্রাপ্ত রাজগণের বর্ণন।]

যুধিষ্ঠির বলিলেন, হে ভরতবংশ! পিতামহ! আপনি বলিলেন,—দান ও তপ এই উভয়ের দ্বারাই মানুষ স্বর্গলোকে গমন করিতে। কিন্তু আমার মনে এ বিষয়ে সংশয়ের উদয় হইয়াছে। আপনি ইহা নিরাকরণ করুন। এই পৃথিবীতে দান ও তপের মধ্যে কোন্ সাধন শ্রেষ্ঠ, ইহা আপনি কৃপা করিয়া বলুন। ১

ভীষ্ম বলিলেন, যুধিষ্ঠির! তপস্যার দ্বারা শুদ্ধ অন্তঃকরণ-বিশিষ্ট ধর্ম্মাত্মা রাজারা দান-পুণ্যে নিরত স্বর্গলোকে নিবসমেত যে উত্তম লোকসকল প্রাপ্ত হইয়াছেন, তাহাদের নাম বলিতেছি, শ্রবণ কর। ২

রাজন্! লোকসম্মানিত মহর্ষি অত্রির নিকট শিক্ষাপ্রাপ্ত হইয়া উশীনরপুত্র শিবি নিজের শিক্ষাগুরুকে নিষ্কর ব্রহ্মের উপদেশ দান করিয়া উত্তম লোকে গমন করিয়াছেন। ৩

উশীনরপুত্র শিবি নিজের প্রিয় প্রাণকে ব্রাহ্মণের জন্য উৎসর্গ করিয়া ইহলোক হইতে স্বর্গলোকে গমন করিয়াছেন। ৪

কাশীর রাজা প্রতর্দ্দন নিজের প্রিয় পুত্রকে ব্রাহ্মণের সেবা করিবার জন্য প্রদান করিয়া এই লোকে অক্ষয় কীর্ত্তি ও পরলোকেও অক্ষয় আনন্দ উপভোগ করিতেছেন। ৫

রন্তিদেবস্য সাদ্রস্তো বসিষ্ঠায় মহাত্মনে।
অর্ঘ্যং প্রদায় বিধিবল্লেভে লোকাননুত্তমান্। ৬
দিব্যং শতসহস্রাক্ষং যজ্ঞার্থং কাঞ্চনং স্রুবম্।
দত্ত্বা দেবাবৃধো দত্ত্বা ব্রাহ্মণায়াগ্নিতো দিবম্। ৭
জনমেজয়স্তথৈবাশ্ব ব্রাহ্মণায়ামিতৌজসে।
প্রদায় সকলং রাষ্ট্রং সুরলোকমবাপ্তবান্। ৮
সাবিত্রঃ কুণ্ডলা দিব্যা ধানঞ্চ জনমেজয়ঃ।
ব্রাহ্মণায় চ সা দত্ত্বা গতো লোকানমুত্তমান্। ৯
বৃষাদর্ভিস্তু রাজর্ষী রত্নানি বিবিধানি চ
রম্যাংশ্চাবসথান্ দত্ত্বা দ্বিজেভ্যো দিবমাগতঃ। ১০
নিমী রাষ্ট্রঞ্চ বৈদেহিঃ কৃত্স্নং দত্ত্বা মহাত্মনে।
অরণ্যায় গতঃ স্বর্গং ঋণমুক্তশ্চতুর্ব্রতঃ। ১১
ভাময়ন্তাস্ত বিপ্রায় ভূমিং দত্ত্বা মহাবলাঃ।
রাজোঽক্ষয়াংস্তথা লোকান্ জগাম নবসোঽধিকান্। ১২
অথর্বতি চ পর্জন্যে সর্বকামান্ দদৌ রাট্।
বসিষ্ঠো জীবয়ামাস যেন যাজ্যোঽক্ষয়াং গতিম্। ১৩
রাজো দাশরথিস্তেন দত্ত্বা যজ্ঞেষু বৈ বসু।
স গত্বা দুষ্করাল্লোকান্ বসো লোকে মহদ্ যশঃ। ১৪
কক্ষসেনস্তু রাজর্ষির্বসিষ্ঠায় মহাত্মনে।
ভাসং যবাংশ্চ সাংকৃত্যো জগাম পুরহাযবাঃ। ১৫
করন্ধমস্য পৌত্রস্তু মরুত্তোঽবিক্ষিতঃ সুতঃ।
দক্ষায়াঙ্গিরসে দত্ত্বা দিবমাশু জগাম সঃ। ১৬
ব্রহ্মদত্তস্তু পাঞ্চাল্যো রাজা ধর্মকৃতাং বরঃ
নিধিং শঙ্খমনুপ্রাপ্য জগাম পরমাং গতিম্। ১৭
রাজা মিত্রসহস্তৈব বসিষ্ঠায় মহাত্মনে।
মদয়ন্তীং প্রিয়াং ভার্যাং দত্ত্বা চ ত্রিদিবং গতঃ। ১৮
মনোঃ পুত্রস্তু সুদ্যুম্নো লিখিতায় মহাত্মনে
দত্ত্বাত্মানং তথৈব গত্বা লোকানমুত্তমান্। ১৯
সহস্রচিত্যো রাজর্ষিঃ প্রাণানিষ্ট্বা মহাযশাঃ
ব্রাহ্মণার্থে সসিতাজ্ঞো গতো লোকানমুত্তমান্। ২০

সুহোত্র পুত্র রাজা ঋক্ষিসেন মহাত্মা বসিষ্ঠমুনিকে বিধি-অনুসারে অর্ঘ্যপ্রদান করিয়া সর্বোত্তম লোকসমূহ প্রাপ্ত হইয়াছেন। ৬

রাজা দেবাবৃধ যজ্ঞে স্বর্ণের পদ্ম নির্মাণপূর্বক সুবর্ণ দিয়া ভদ্র ব্রাহ্মণকে দান করিয়া স্বর্গলোক প্রাপ্ত হইয়াছেন। ৭

ঐশ্বর্যশালী রাজা অশ্বমেধ অশ্বিতেজস্বী ব্রাহ্মণকে নিজের সম্পূর্ণ রাজ্য সমর্পণ করিয়া দেবলোকে লাভ করিয়াছেন। ৮

সূর্যপুত্র কর্ণ নিজের দিব্য কুণ্ডল দান করিয়া এবং মহারাজ জনমেজয় ব্রাহ্মণকে যান ও ঘোড়ার করিয়া উত্তম লোকসমূহে গমন করিয়াছেন। ৯

রাজর্ষি বৃষাদর্ভি ব্রাহ্মণকে নানাপ্রকার রত্ন ও রমণীয় গৃহ প্রদান করিয়া স্বর্গলোকে আসিয়াছেন। ১০

বিদেহের পুত্র রাজা নিমি অশ্বমেধমুনিকে নিজের কন্যা ও রাজ্য দান করত পুত্র, পশু ও বান্ধবগণের সহিত স্বর্গলোকে গমন করিয়াছিলেন। ১১

মহাযশস্বী জমদগ্নিনন্দন পরশুরাম ব্রাহ্মণকে ভূমিদান করত সেই সব অক্ষয় লোক প্রাপ্ত হইয়াছেন, যে সমস্ত লোক লাভ করিবার বাসনা মনে করিলেও তথা যায় না। ১২

একবার জগতে পর্জন্যদেব বারিবর্ষণ না করায় মুনিবর বসিষ্ঠ সমস্ত প্রাণিগণকে জীবনদান করিয়াছিলেন, ইহার ফলে তিনি অক্ষয় লোক প্রাপ্ত হইয়াছেন। ১৩

রাজা দাশরথি ঐশ্বর্যশালী বসিষ্ঠমুনিকে নিজের সর্বস্ব সমর্পণ করিয়া স্বর্গলোকে গমন করিয়াছেন। ১৪

কক্ষসেনের পৌত্র এবং অবিক্ষিতের পুত্র মহারাজ মরুত্ত অঙ্গিরার পুত্র সংবর্তকে ভক্তিসহকারে দক্ষিণা দিয়া অতিসত্বর স্বর্গলোকে গমন করিয়াছেন। ১৬

পাঞ্চালদেশের রাজা ব্রহ্মদত্তগণের মধ্যে শ্রেষ্ঠ ব্রহ্মদত্ত ব্রাহ্মণকে শঙ্খনামক নিধি প্রদান করত পরম গতি লাভ করিয়াছেন। ১৭

রাজা মিত্রসহ মহাত্মা বসিষ্ঠমুনিকে নিজের প্রিয় পত্নী মদয়ন্তীকে দেবার জন্য প্রদান করিয়া স্বর্গলোকে গমন করিয়াছেন। ১৮

মনুপুত্র রাজা সুদ্যুম্ন মহাত্মা লিখিতকে স্বর্গতুল্যরূপে দক্ষিণা করিয়া সর্বোত্তম লোকে গমন করিয়াছেন। ১৯

মহাযশস্বী রাজর্ষি সহস্রচিত্য ব্রাহ্মণের জন্য নিজের প্রিয় প্রাণকে বলি দিয়া শ্রেষ্ঠ লোকসমূহে গমন করিয়াছেন। ২০

CALCUTTA

প্রণবরূপে পরব্রহ্ম আমার কোশ, আমি সাধারণত লৌকিক প্রজ্ঞার দ্বারা আবৃত থাকি, আমি শরণাগতের শ্রবণলভ্য জ্ঞানরক্তা করি। আমি সকলের শান্তিময় বিশ্রামনিলয়, [আমি শরণাগতের নিকট পূর্ণরূপে প্রতিভাত হই, আমি আমার প্রেমী ভক্তকে আমি-ময় করে নিই। ওম্ আমি, ব্রহ্ম ওম্; আমি যা কিছু সব; আমি ওঙ্কার। যিনি আমাকে জানেন তিনি পরব্রহ্ম আমাকে প্রাপ্ত হন। আমি সত্যস্বরূপ, জ্ঞানস্বরূপ, পরব্রহ্ম আমি; পরম ব্যোমে অন্তরস্থ হৃদয়াকাশে বুদ্ধিরূপ গুহায় অবস্থান করি; [আমাকে যিনি দর্শন করেন, তিনি সর্ব্বজ্ঞ ব্রহ্মরূপে কামাবহ্ন সকল যুগপৎ উপভোগ করেন। আমা হ'তে আকাশ উৎপন্ন হয়, আকাশ থেকে বায়ু, বায়ু হ'তে অগ্নি, অগ্নি থেকে জল, জল থেকে পৃথিবী, তা থেকে ওষধি সকল, ওষধিসমূহ হ'তে অন্ন এবং অন্ন হ'তে পুরুষ সমুৎপন্ন হয়। যে মনোময় আমাকে বিষয় ক'রতে না পেরে মনের সহিত বাক্যসকল নিবৃত্ত হয়, সেই ব্রহ্মানন্দকে জানলে কখনও কেহ ভীত হয় না। আমি কামনা করেছিলাম 'বহু হব জন্মাব', আমি সত্যমান জগতে সৃষ্টির বিষয়ে আলোচনা করি, আমি জ্ঞান আলোচনারূপে তপস্যা ক'রে এই সমস্ত যা কিছু সৃষ্টি করি, তারপর সকলের মধ্যে অনুপ্রবেশ ক'রেছিলাম। সত্যস্বরূপ কারণ আমি কার্য্য মধ্যে প্রবেশ ক'রে, মূর্ত্ত স্থূল, অমূর্ত্ত সূক্ষ্ম, পরিচ্ছিন্ন অপরিচ্ছিন্ন, আশ্রয়, অনাশ্রয়, বিজ্ঞান, চেতন, অচেতন সত্য ও মিথ্যা এই যা কিছু সে সমুদয় হই; এইজন্য ব্রহ্মজ্ঞগণ আমাকে সত্য বলেন, আমি রসস্বরূপ, জীব এই রসময় আমাকে প্রাপ্ত হ'য়ে আনন্দী হয়। যদি আকাশে হৃদয়-গুহারূপ পরব্যোমে এই আনন্দ না থাকতো, কে প্রাণক্রিয়া ক'রতো? আমি আছি ব'লেই আনন্দিত ক'রে থাকি। যখনই ভক্ত এই অমৃত, অশরীর, অকথনীয়

Regd. No. WB/NC-57

MAGH
1381 B.S. :

Aryashastra

Mahabharata—80
Jan.—Febr. 1975

অনিলয়, অনাধার আমাতে অক্ষয় ভীতিবিহীনরূপে প্রতিষ্ঠা লাভ করে, সেই ভক্ত অক্ষয় প্রাপ্ত হয়; আমার থাকার প্রমাণ যখনই অবিদ্বান আমাতে অল্পমাত্রও অন্তর ভেদ দেখে তখনই তার ভয় হয়, আমি অভয়, কিন্তু দ্বৈতদর্শনকারীর ভয়ের কারণ হই। আমার ভয়ে পবন প্রবাহিত হয়, আমার ভয়ে সূর্য্য উদিত হয়, আমার ভয়ে অগ্নি ও ইন্দ্র পঞ্চমস্থানীয় যম ধাবিত হয়। আমাকে লাভ করবার উপায় ধর্ম্ম, সেই ধর্ম্মসংস্থাপনের জন্য আমি যুগে যুগে আবির্ভূত হই।

—:•:—

UNIVERSITY OF CALCUTTA CENTRAL LIBRARY

7 AUG 1975

শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ কর্তৃক শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়, ৭।২, পি. ডব্লিউ. ডি. রোড কলিকাতা—৩৫ হইতে প্রকাশিত ও শান্তরঞ্জন প্রেস, মহাজিলন ষষ্ঠ, পি. ডব্লিউ. ডি. রোড, কলিকাতা-৩৫ হইতে মুদ্রাপিত।



আর্য্যশাস্ত্র

শ্রীশ্রী সীতারামদাস ওঙ্কারনাথ

৺শ্রীশ্রীগুরবে নমঃ।

বজবজ মঠ
১১।৭।৬৬

ব্রজনাথ-গাথা

যদা যদা হি ধর্মস্য গ্লানির্ভবতি ভারত
অভ্যুত্থানমধর্মস্য তদাত্মানং সৃজাম্যহম্।
পরিত্রাণায় সাধূনাং বিনাশায় চ দুষ্কৃতাম্
ধর্মসংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে।

ধর্মের গ্লানি অধর্মের নিরতিশয় বৃদ্ধি নিবারণের জন্য আমি আমাকে সৃজন করি। আমি ব্রহ্মানন্দ, আমাকে প্রকাশ ক'রতে না পেরে বাক্যমনের সংকল্প নিবৃত্ত হয়, সেই আমা হ'তে অভিন্ন ব্রহ্মানন্দকে যিনি জানেন, তিনি কোন কিছু হ'তে ভীত হন না। আনন্দই আমি, আনন্দ হ'তেই এই ভূতসকল সঞ্জাত হয়—জন্মে বর্দ্ধিত হয় এবং শেষে আনন্দের দিকে গমন ক'রেও আনন্দে প্রবেশ করতঃ সম্মিলিত (একীভূত) হ'য়ে যায়। আমাকে যিনি "নমঃ" নমস্কারাদিবিশিষ্টরূপে উপাসনা করেন, তাঁর কোনকিছু অধীন হয়, আমাকে যিনি ব্রহ্ম ব'লে উপাসনা করেন, তিনি পরম মহান হন। যে আমি এই পুরুষে সেই আমি সূর্য্যমণ্ডলে অবস্থান করি।

আমি সৃষ্টির পূর্ব্বে একমাত্র অদ্বিতীয় আত্মস্বরূপেই ছিলাম। নিমিষার্দ্ধি ক্রিয়াবান্ আর কিছু ছিল না, আমি ইচ্ছা ক'রলাম—

১৩শ বর্ষ, ফাল্গুনমাস, ১৩৮১। [নবমসংখ্যা — কোলযাত্রা

আর্য্যশাস্ত্র

শ্রীশ্রীসীতারামদাসওঙ্কারনাথপ্রবর্ত্তিত

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতম—

মহাভারতম্

শ্রীশ্রীওঙ্কারনাথসেবক-শ্রীরামরঞ্জনকাব্য-ব্যাকরণতীর্থকৃতবঙ্গভাষানুবাদসহিতম্।

• • •

চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত আঞ্চলিক ভাষার উন্নয়ন ও সমৃদ্ধিকল্পে মহাভারত সরকারবরাদ্দের অর্থানুকূল্যে এই পুস্তক সুলভ মূল্যে দেওয়া সম্ভব হইয়াছে

• • •

মূল-সম্পূজক

শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ এম-এ, ডি-লিট্

শ্রীনিত্যানন্দস্মৃতিতীর্থ

মহ-সম্পূজক মণ্ডল

শ্রীশ্যামাপদতর্ক বিদ্যাভূষণ — শ্রীঘনশ্যাম কাব্য-ব্যাকরণতীর্থ

ব্রাহ্মণের পক্ষে ধর্মের ক্ষয় কিরূপ? তাহা ক্ষত্রিয়ে কিরূপ হয়, বৈশ্যের পক্ষে ধর্মের লক্ষণ কিপ্রকার এবং শূদ্রের ধর্মের লক্ষণ কিরূপ? ২৯

(শ্রীমহেশ্বর বলিলেন, দেবি! তোমার মনের প্রিয়কর এই যে ধর্মের বিষয়, তাহা আমি বলিব তুমি উহা এবং আশ্রম-সম্বন্ধে অবলম্বন করিয়া অবস্থিত সমস্ত ধর্মের পূর্ণরূপে বর্ণনা শ্রবণ কর।

ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র—বর্ণভেদে এই চারিপ্রকার ভেদ। লোকতন্ত্রের বাসনাকারী বিধাতা সর্বপ্রথমে ব্রাহ্মণগণকে সৃষ্টি করেন এবং যাজনসূত্রে তাঁহাদের যোগ্য কর্মসকলের বিধান করিয়া দিয়াছেন।

দেবি! যদি এই সম্পূর্ণ জগৎ একই বর্ণের হইত, তবে সব এক সঙ্গে নষ্ট হইয়া যাইত। সেইজন্য বিধাতা চারি বর্ণের সৃষ্টি করিয়াছেন।

ব্রাহ্মণগণের সৃষ্টি বিধাতার মুখ হইতে হইয়াছে, সেইজন্য তাঁহারা বাগ্‌বিদ্যাবল অর্থাৎ বাক্‌শক্তি লাভ করিয়াছেন। ক্ষত্রিয়-দিগের সৃষ্টি তাঁহার দুই বাহু হইতে হইয়াছে, এই কারণে তাঁহারা নিজেদের বাহুবলের উপর গর্ব প্রকাশ করে।

বৈশ্যগণের উৎপত্তি তাঁহার উরু হইতে হইয়াছে, সেইজন্য ইহারা উরুপোষণের নিমিত্ত কৃষি, বাণিজ্যাদি বার্ত্তাবৃত্তির আশ্রয় গ্রহণ করত জীবন-নির্ব্বাহ করে। শূদ্রদিগের সৃষ্টি তাঁহার পাদ হইতে হইয়াছে, এই কারণে তাহারা পরিচারক হয় দেবি! এখন তুমি চারিবর্ণের ধর্ম ও কর্মফল একাগ্রচিত্তে শ্রবণ কর।

ব্রহ্মা ব্রাহ্মণগণকে এই ঋষি দেবতা করিয়াছেন তাঁহারা সকল লোকের ব্রহ্মা অর্থাৎ সৃষ্টি করিয়াছেন অতএব নিজেদের বিশুদ্ধকামনাকারী যে কোনও মনুষ্যগণের পক্ষে ব্রাহ্মণদিগের অপমান করা উচিত নয়।

দেবি! যদি দান ও যোগের বর্জনকারী এই ব্রাহ্মণগণ না হইতেন, তবে ইহলোক ও পরলোক উভয় লোকের স্থিতি কদাপি থাকিত না।

যে ব্রাহ্মণগণের অপমান ও নিন্দা করে অথবা তাহাদিগকে ক্রোধ প্রদর্শন করে (ক্রোধ উৎপাদন করে) কিংবা প্রহার করে বা তাহাদের ধন অপহরণ করে, অথবা কায়, মোহ ও লোভের বশীভূত হইয়া তাহাদের নিজা নীচ কর্ম করায়, সেই নরাধম আমারই অপমান বা নিন্দা করে।

আমাকেই ক্রোধ দেখায় আমাকেই উদ্যত প্রহার করে সেই মূঢ় আমারই ধন অপহরণ করে এবং সেই দুশ্চিত্ত যাজন আমাকেই এদিক্ ওদিক্ পাঠাইয়া নীচ কর্ম করাইয়া থাকে ও আমাকেই নিন্দা করে

বেদের স্বাধ্যায়, যজ্ঞ ও দান ব্রাহ্মণের ধর্ম, ইহা শাস্ত্রের নির্দেশ। বেদের পাঠ-দান করা, যজ্ঞমানকে যজ্ঞ করান এবং দান গ্রহণ করা—ইহা তাঁহাদের জীবিকার সাধনভূত কর্ম। সত্য

তপ এব সদা ধর্মো ব্রাহ্মণস্য ন সংশয়ঃ ।
স তু বর্ষার্থমুৎপন্নঃ পুরা ব্রাহ্মা তপোবলাৎ ॥
তাদৃগ্‌ভূতে মহাভাগে সর্বদঃ সমুদীরিতঃ ।
ভূমিদেবো মহাভাগাঃ সদা লোকে দ্বিজাতয়ঃ ॥ ৩০
উপবাসঃ সদা ধর্মো ব্রাহ্মণস্য ন সংশয়ঃ
স হি বর্ষার্থসম্পন্নো ব্রহ্মভূয়ায় কল্পতে ॥ ৩১
তস্য বর্ষক্রিয়া দেবি ব্রাহ্মচর্য্যা চ নান্যতঃ
ব্রতোপনয়নং চৈব দ্বিতো যেনোপপদ্যতে ॥ ৩২
গুরুদৈবতপূজার্থাঃ স্বাধ্যায়াভ্যাসনাত্মকঃ ।
দেহিভির্গ্রহণস্তৈস্তৈর্ব্যো ধর্ম সম্ভবঃ ॥ ৩৩

উমোবাচ ।

ভগবন্ সংশয়ো মেঽস্তি তত্র ব্যাখ্যাতুমর্হসি
চাতুর্বর্ণস্য ধর্মা বৈ নৈসর্গেণ প্রকীর্তিতঃ ॥ ৩৪

শ্রীমহেশ্বর উবাচ ।

ব্রহ্মসঞ্জ্ঞবনং ধর্মো দেবব্রতনিষেবণম্
অগ্নিকার্য্যং তথা ধর্মো গুরুকার্য্যপ্রসাধনম্ ॥ ৩৫
ভৈক্ষচর্য্যা পরো ধর্মো নিত্যসন্ধ্যোপবীতিতা ।
নিত্যং স্বাধ্যায়িতা ধর্মো ব্রহ্মচর্য্যাশ্রমস্তথা ॥ ৩৬
গুরুণা চাভ্যনুজ্ঞাতঃ সমাবর্তেন বৈ দ্বিজঃ ।
বিদ্যেজ্যানন্তরং ভার্য্যামুদ্বহেৎ বিধিবদ্বিধি ॥ ৩৭
শূদ্রান্নবর্জনং ধর্মস্তথা সংপথসেবনম্ ।
ধর্মো নিত্যোপবাসিত্বং ব্রহ্মচর্য্যং তথৈব চ ॥ ৩৮
আহিতাগ্নিত্বমীড্যত্বং জুহ্বানঃ সংযতেন্দ্রিয়ঃ ।
বিঘসাশী যজ্ঞভাগো গৃহস্থঃ সত্যবাক্ শুচিঃ ॥ ৩৯

মনোনিগ্রহ, তপ ও পৌরোহিত্যের পালন—এই সবই তাঁহার সনাতন ধর্ম। হর ও ব্রাহ্ম (দশ আশ্রম) দেখিয়া বলা ব্রাহ্মণের নিত্যিক ধর্ম।

সদা তপস্যা করা ব্রাহ্মণের ধর্ম—ইহাতে কোনও সংশয় নাই। বিধাতা পুরাকালে ধর্মের অনুষ্ঠান করিবার জন্যই তাঁহাকে তপোবল হইতে এই ব্রাহ্মণকে উৎপন্ন করিয়াছেন।)

মহাভাগ্যবতী দেবি! আমি তোমার নিকট সংক্ষেপভাবে তাহাদিগের ধর্মের নির্ণয় বর্ণনা করিলাম। মহাভাগ ব্রাহ্মণগণ এ জগতে সদা 'ভূদেব' বলিয়া পরিগণিত হন। ৩০

ইহাতে কোনও সংশয় নাই যে, উপবাস (ইন্দ্রিয়-সংযম) ব্রতের আচরণ করাই ব্রাহ্মণের পক্ষে সদা ধর্ম বলিয়া কথিত হইয়াছে। ধর্মার্থসম্পন্ন ব্রাহ্মণ ব্রহ্মভাব প্রাপ্ত হইয়া যান। ৩১

দেবি! এই ব্রাহ্মণের ব্রহ্মচর্য্য ও তাহাতে ব্রহ্মচর্য্য-ব্রত পালন করা উচিত। ব্রতপালনপূর্বক উপনয়ন-সংস্কার তাহার একান্ত আবশ্যক; কারণ, ইহারই দ্বারা তিনি দ্বিজ হইয়া যান। ৩২

গুরু ও দেবতাগণের পূজা এবং স্বাধ্যায় ও অভ্যাস-রূপ ধর্ম পালন করা ব্রাহ্মণের অবশ্য কর্তব্য। ধর্মসম্পাদন দেহধারী মনুষ্যগণের উচিত হইল—তাহারা পুণ্যপ্রদ ধর্মের আচরণ অবশ্যই করিবে। ৩৩

উমাদেবী বলিলেন,—ভগবন্! আমার মনে এখনও সংশয়

চারি বর্ণের যে ধর্ম, তাহা পূর্বতঃই (নিসর্গভাবের সহিত) প্রতিপাদন করুন। ৩৪

শ্রীমহেশ্বর বলিলেন,—ধর্মের মহৎ শ্রবণ করা, বেদোক্ত ব্রত পালন করা, হোম ও গুরুসেবা করা—ইহাই ব্রহ্মচর্য্য আশ্রমের ধর্ম। ৩৫

ব্রহ্মচারীর পক্ষে ভৈক্ষচর্য্যা (গ্রামসমূহ হইতে ভিক্ষা করিয়া আনা ও গুরুকে সেই সব সমর্পণ করা) পরম ধর্ম। সন্ধ্যা বন্দোপবীত ধারণ করিয়া থাকা, প্রতিদিন বেদের স্বাধ্যায় করা এবং ব্রহ্মচর্য্যাশ্রমের নিয়মসমূহের পালনে রত থাকা—এই সব ব্রহ্মচারীর প্রধান কর্ম। ৩৬

ব্রহ্মচর্যের কাল সমাপ্ত হইলে পর দ্বিজ নিজের গুরুর অনুমতি লইয়া সমাবর্তন করিবেন অর্থাৎ গুরুর প্রত্যাবর্তন করিবেন এবং গৃহে আগমন করিয়া যোগ্যা স্ত্রীকে বিধি অনুসারে বিবাহ করিবেন। ৩৭

ব্রাহ্মণের শূদ্রের অন্ন ভোজন করা উচিত নয়, তাহা ত্যাগ করাই ব্রাহ্মণের ধর্ম। সৎপথের সেবা, নিত্য উপবাস-ব্রত এবং ব্রহ্মচর্য্য পালনও তাঁহার ধর্ম। ৩৮

গৃহস্থের অগ্নিস্থাপন পূর্বক অগ্নিহোত্র করা, স্বাধ্যায়-যোগসাধন, জিতেন্দ্রিয়, বিঘসাশী, নিত্যাধারী সত্যবাদী ও পবিত্র হওয়া আবশ্যক। ৩৯

• উপ ব্রহ্মসীপে বাসো যদ্বাদিত্যোপবাস ইন্দ্রিয়জয়ঃ।

অতিথিব্রতত্বাদ্ধর্ম্যো ধর্ম্মশ্রেত্রাত্রিধারণম্ ।
ইষ্টীশ্চ পশুবন্ধাংশ্চ বিধিপূর্ব্বং সমাচরেৎ ॥ ৪০
যজ্ঞশ্চ পরমো ধর্ম্মস্তথাহিংসা চ দেহিষু ।
অপূর্ব্বভোজনং ধর্ম্যো বিষমাশিত্বমেব চ ॥ ৪১
ভুক্তে পরিজনে পশ্চাদ্ ভোজনং ধর্ম্ম উচ্যতে ।
ব্রাহ্মণস্য গৃহস্থস্য শ্রোত্রিয়স্য বিশেষতঃ ॥ ৪২
ধন্যাত্যোঃ সদৃশীলত্বাৎ ধর্ম্যঃ স্যাদ্ গৃহমেধিনঃ ।
গৃহ্যাণাং চৈব দেবানাং নিত্যপুষ্পবলিক্রিয়া ॥ ৪৩
নিত্যোপলেপনং ধর্ম্যস্তথা নিত্যোপবাসিতা
সুসম্মৃষ্টোপলিপ্তে চ সাজ্ঞাগৃহে ভবেদ্ গৃহে ॥ ৪৪
এষ দ্বিজজনে ধর্ম্যো গার্হস্থ্যো লোকধারণঃ ।
ত্রিভ্যাশ্চাক্ত সত্যাং নিত্যাং সদৈবৈষ প্রবর্ত্ততে ॥ ৪৫
যস্তু ক্ষত্রগতো দেবি ময়া ধর্ম্ম উদীরিতঃ ।
তমহং তে প্রবক্ষ্যামি তস্মে শৃণু সমাহিতা ॥ ৪৬

ক্ষত্রিয়স্য স্মৃতো ধর্ম্মঃ প্রজাপালনমাদিতঃ
নির্দ্দিষ্টফলভোক্তা হি রাজা ধর্ম্মেণ যুজ্যতে ॥ ৪৭
(ক্ষত্রিয়াস্তু ততো দেবি ত্রিভ্যোঽন্যঃ পালনে স্মৃতাঃ
যদি ন ক্ষত্রিয়ো লোকে জগৎ সাদ্যবরোহয়ম্ ॥
রক্ষণাৎ ক্ষত্রিয়েরেষ জগদ্ ভবতি শাশ্বতম্ ।
সমাগ্ গুণহিতো ধর্ম্মো যম : পৌরোহিতক্রিয়া
ব্যবহারস্থিতিস্ত্রিভ্যঃ গুণযুক্তো মহীপতিঃ ॥)
প্রজাঃ পালয়তে যো হি ধর্ম্মেণ সমুজাধিপঃ
তস্য ধর্ম্মাজিতা লোকাঃ প্রজাপালনসম্ভিতাঃ ॥ ৪৮
তস্য রাজ্ঞঃ পরো ধর্ম্মো যমঃ স্যাদ্যায় এব চ ।
অগ্নিহোত্রপরিস্পন্দো বানাহায়নমেব চ ॥ ৪৯
যজ্ঞোপবীতধরণং যজ্ঞো ধর্ম্মক্রিয়াস্তথা ।
কৃত্যানাং তরণং ধর্ম্মঃ কৃতে কর্ম্মণ্যমোঘতা ॥ ৫০
সমাগ্ দণ্ডে স্থিতির্নিত্যো ধর্ম্মো বেদকৃতক্রিয়াঃ
ব্যবহারস্থিতির্ধর্ম্মঃ সত্যব্যাকারক্রিয়াস্তথা ॥ ৫১

অতিথি-সৎকার করা এবং গার্হস্থ্যাগ্নি স্ত্রিবিধ অগ্নিকে রক্ষা করা তাহার ধর্ম। গৃহস্থ নানাপ্রকার ইষ্টী ও পশুবন্ধ-কর্ম্মের বিধি অনুসারে আচরণ করিবে। ৪০

যজ্ঞ করা এবং কোনও জীবকে হিংসা না করা তাহার পক্ষে পরম ধর্ম। গৃহে প্রথমে নিজে ভোজন না করা এবং বিষমাশী হওয়া অর্থাৎ ন্যূনাধিক-ভক্ষণদোষে ভোজন করাইবার পর অবশিষ্ট ভোজন করা—ইহাও তাহার পরম ধর্ম। ৪১

পরিজনবর্গ ভোজন করিবার পর স্বয়ং ভোজন করা—ইহা গৃহস্থ ব্রাহ্মণের বিশেষতঃ শ্রোত্রিয়ের মুখ্য ধর্ম বলিয়া কথিত হইয়াছে। ৪২

পতি ও পত্নীর স্বভাব সমান হওয়া উচিত। ইহা গৃহস্থের ধর্ম। গৃহের দেবতাগণকে প্রতিদিন পুষ্পসমূহের দ্বারা পূজা করা, তাঁহাদিগকে অন্নের বলি সমর্পণ করা, প্রত্যহ গৃহে গোময়াদি লেপন করা এবং নিত্য ব্রতপালন করাও গৃহস্থের ধর্ম। ৪৩-৪৪

সম্মার্জ্জনাদির দ্বারা পরিষ্কৃত ও গোময়াদি লেপন করিয়া শুদ্ধ গৃহে হুতশেষ আহুতি দান করিয়া তাহার ধূম চারিদিকে বিস্তৃত হইবে। ইহাই ব্রাহ্মণের গার্হস্থ্য ধর্ম বলিয়া কথিত হইয়াছে। ইহার দ্বারা জগৎ-সংসারের রক্ষা হয়। সজ্জন ব্রাহ্মণগণের গৃহে প্রত্যহ সততই এই ধর্ম পালিত হইয়া থাকে। ৪৫-৪৫

দেবি! আমি যে ক্ষত্রিয় ধর্মের কথা বলিয়াছি, তাহাই এখন তোমার সমক্ষে বর্ণনা করিতেছি, আমার নিকট হইতে তাহা তুমি একাগ্রচিত্তে শ্রবণ কর। ৪৬

ক্ষত্রিয়ের সর্ব্বপ্রথম ধর্ম হইল প্রজা পালন করা। প্রজাপালনের ফলের যে ভাগ উপভোগকারী রাজা ধর্ম্মের দ্বারা যুক্ত হয়। ৪৭

(দেবি! ক্ষত্রিয়েরা ব্রাহ্মণগণের পালনে রত থাকে বলিয়া কথিত হয়। যদি সংসারে ক্ষত্রিয় না থাকিত, তবে জগতের সব কিছু উলট-পালট বা বিপ্লব হইয়া যাইত। ক্ষত্রিয়গণের দ্বারা রক্ষিত হওয়ায় এই জগৎ সদা স্থির আছে।

উত্তম গুণসমূহের সম্পাদন এবং পুরোহিতগণের হিতসাধন করা তাহার ধর্ম। গুণবান্ রাজা সজ্জনা ন্যায়োচিত ব্যবহারে রত থাকে।)

যে রাজা ধর্ম্মানুসারে প্রজা পালন করে, তাহার সেই প্রজা পালনরূপ ধর্ম্মের প্রভাবে উত্তম লোকসকল প্রাপ্তি হয়। ৪৮

রাজার পরম ধর্ম—ত্রিসন্ধ্যবন্দন, স্বাধ্যায়, অগ্নিহোত্র কর্ম্ম করা, অধ্যয়ন, যজ্ঞোপবীত ধারণ, যজ্ঞানুষ্ঠান, ধার্ম্মিক কার্য্য সকলের সম্পাদন, লোকধর্ম্মের ভয় দেখান, আরব্ধ কর্ম্মে সম্পন্ন করা, অপরাধ অনুসারে উচিত দণ্ড দান করা, বৈধি যজ্ঞাদি কর্ম্মসমূহের অনুষ্ঠান করা, ব্যবহারে সত্যের রক্ষা করা

আত্মবত্তপ্রদো রাজা প্রেত্য চেহ মহীয়তে
যোদ্ধাস্তস্যার্থে বিক্রান্তঃ সংগ্রামে নিধনং গতঃ ॥ ৫২
অথবেষ্টিভির্যাজ্ঞোদ্গারাপ্তোতি ত্রিবিধালয়ে ॥ ৫৩
(তস্যৈব দেবি বৈশ্যাস্তু লোকযাত্রাহিতাঃ স্মৃতাঃ
অন্তে ভানুপভৃষিত্বি প্রত্যাক্তফলদা হি তে ।
যদি ন স্যাত্তথা বৈশ্যা ন তস্যেহুস্তথা পরে ।)
বৈশ্যস্য সততং ধর্মঃ পাশুপাল্যং কৃষিস্তথা
অগ্নিহোত্রমনিস্পন্দো দানাধ্যয়নমেব চ ॥ ৫৪
বাণিজ্যং সংপথস্থানমাহিত্যং প্রেমতো দমঃ
বিপ্রাণাং স্বাগতং তাদো বৈশ্যধর্মঃ সনাতনঃ ॥ ৫৫
ত্রিভ্যস্তু সততং ধর্মঃ শুশ্রূষৈকৈব বিক্রীতাস্ত্রয়াণাং তৈব হি ।
যদিকল্পমুপাসীনো বৈশ্যঃ সংপথমাশ্রিতঃ ॥ ৫৬
সর্বাহিত্যং ত্রিবর্ণস্য যথাশক্তি যথার্হতঃ
শূদ্রধর্মঃ পরো নিত্যং শুশ্রূষা চ দ্বিজাতিষু ॥ ৫৭

স শূদ্রঃ সংনিতস্তপাঃ সত্যবাদী জিতেন্দ্রিয়ঃ
শুশ্রূষুরতিথিঃ প্রাজ্ঞঃ শুচিঃ সন্নিয়তো মহৎ ॥ ৫৮
নিত্যং স হি শুভাচারো দেবতাদ্বিজপূজকঃ
শূদ্রো দমৈকনিরতৈঃ সম্প্রযুজ্যেত বুদ্ধিমান্ ॥ ৫৯
(তস্যৈব শূদ্রা বিহিতাঃ সর্বধর্মপ্রসাধকাঃ ।
শূদ্রস্যাপি যদি তে ন স্যুঃ কর্তারো ন বিদ্যতে ।
ত্রয়ঃ পূর্বে শূদ্রমূলাঃ সর্বে কর্তারঃ স্মৃতাঃ
ব্রাহ্মণাদিষু শুশ্রূষা দানধর্ম ইতি স্মৃতঃ ।
যাতা চ কারুকর্মাণি শিল্পা নাট্যং তথৈব চ ।
অধিসেবকঃ শুভাচারো দৈবতদ্বিজপক্ষজঃ ।
শূদ্রো ধর্মফলৈরিষ্টৈঃ অধর্মেণোপযুজ্যতে
এষবাদি তথাত্যন্ত শূদ্রধর্ম ইতি স্মৃতঃ ।)
এতৎ তে সর্বমাখ্যাতং চাতুর্বর্ণ্যস্য শোভনে ।
ঐকৈকস্যেহ শুশ্রূষে কিমন্যচ্ছ্রোতুমিচ্ছসি ॥ ৬০

এবং সত্যাচারে অনুরক্ত হওয়া। এই সব কর্ম রাজার ধর্ম। ৪৯-৫১

যে রাজা আজ মহত্তরূপকে নিজের বস্তুর আত্মার দেয়, সেই রাজা ইহলোক ও পরলোকে সম্মানিত হয়। যে এবং ব্রাহ্মণগণকে সঙ্কট হইতে রক্ষা করিবার জন্য যে রাজা পরাক্রম দেখাইয়া সংগ্রামে নিহত হয়, সেই রাজা স্বর্গে অথমেধ যজ্ঞের দ্বারা ত্রিবিধ লোকসকল লাভ করিয়া থাকে। ৫২-৫৩

(দেবি! এইরূপ বৈশ্যগণও লোকসকলের জীবনযাত্রা-নির্বাহে সহায়ক বলিয়া কথিত হয়। অন্য মহত্তরগণ তাহাদের আত্মার জীবন-নির্জার করে, তাহাদের প্রত্যক্ষ ফল প্রদান করিয়া থাকে। যদি বৈশ্যেরা না থাকিত, তবে অন্য মহত্তরগণও বিধি লাভ করিতে পারিত না।)

পশুগণের পালন, কৃষিকার্য করা, বাণিজ্য, অগ্নিহোত্র কর্ম, দান, অধ্যয়ন, সৎপথ আশ্রয় করিয়া সদাচার পালন, অতিথি-সৎকার, দম, ব্রাহ্মণগণের স্বাগত-সৎকার এবং ত্যাগ—এই সব হইল বৈশ্যদিগের সনাতন ধর্ম। ৫৪-৫৫

বাণিজ্যকারী সদাচারপরায়ণ বৈশ্য তিন, ক্ষত্রিয় ও হন বিক্রয় করিবে না এবং ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য—এই ত্রিবর্ণের সর্ব-প্রকারে যথাশক্তি যোগ্যতানুসারে আহিত্য-সৎকার করিবে। ৫৬-৫৭

শূদ্রের পরম ধর্ম হইল—ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যগণের সেবা করা। যে শূদ্র সত্যবাদী, জিতেন্দ্রিয় ও শুচি আগত অতিথির সেবা-শুশ্রূষাকারী হয়, সে উত্তম তপস্যা সদৃশ করিয়া থাকে। তাহার সেবারূপ ধর্ম তাহার পক্ষে কঠোর তপস্যা। ৫৭-৫৮

নিত্য সদাচার পালনকারী এবং দেবতা ও ব্রাহ্মণগণের পূজাকারী শূদ্র ধর্মের মনোবাঞ্ছিত ফললাভ করিয়া থাকে। ৫৯

(এইভাবে শূদ্রগণও সমস্ত ধর্মের সাধক বলিয়া কথিত হয়। যদি শূদ্রগণ না হইত, তাহা হইলে সেবাকার্যকারী কেহই থাকিত না।

পূর্বোক্ত যে তিন বর্ণ, তাহারা সকলেই শূদ্রমূলক, কারণ, শূদ্রগণই সেবা কর্তাকারী বলিয়া কথিত হয়। ব্রাহ্মণ প্রভৃতির সেবাই দান বা শূদ্রের ধর্ম।

বাণিজ্য, কারুকার্য, শিল্প ও নাট্যও শূদ্রের ধর্ম। শূদ্র অধিসেবক, সদাচারী এবং দেবতা ও ব্রাহ্মণগণের পূজক হইবে।

এরূপ শূদ্র নিজের ধর্মের দ্বারা সাধুত্ব লাভ করে এবং তাহার অভীষ্ট ফলসমূহের ভাগী হইয়া থাকে। এই সব ও অন্যবিধ আচারও শূদ্র-ধর্ম কথিত হইয়াছে।)

শোভনে! এইরূপে আমি তোমাকে এইএই করিয়া ব্রাহ্মণাদি চারিবর্ণের সমস্ত ধর্ম বলিলাম। সুভগে! এখন আর কি শুনিতে বাসনা হয়? ৬০

উমোবাচ

(ভগবন্ দেবদেবেশ নমস্তে বৃষভধ্বজ।
শ্রোতুমিচ্ছাম্যহং দেব ধর্মমাশ্রমিণাং বিভো॥

শ্রীমহেশ্বর উবাচ

তথাশ্রমগতং ধর্মং শৃণু দেবি সমাহিতা।
আশ্রমাণাং তু যো ধর্মঃ ক্রিয়তে ব্রহ্মবাদিভিঃ॥
গৃহস্থঃ প্রথমস্তেষাং গার্হস্থ্যে ধর্ম আশ্রিতঃ।
পঞ্চযজ্ঞক্রিয়া শৌচং দায়কৃদ্বিহিতশ্চরিতা॥
কৃষ্ণকালাগ্নিসময়ং দানযজ্ঞপরায়ণঃ॥
অধিগ্রহাসক্তসোষ্টঃ স্বাধ্যায়হব্যকব্যপূর্বকম্॥
তথৈব বানপ্রস্থস্য ধর্মঃ প্রোক্তঃ সনাতনঃ।
গৃহযানং সমুৎসৃজ্য নিস্পৃহৈতোকমনাঃ শুচৈঃ॥
বন্যৈরেব সদাহারৈর্বর্তয়েদ্যতিচ ক্ষিতিঃ।
ভূমিশয্যা জটাশ্মশ্রুচর্মবল্কলধারণম্॥

(উমা বলিলেন,—ভগবন্! দেবদেবেশ! বৃষভধ্বজ! দেব! আপনাকে নমস্কার করি। এখন আমি আশ্রম বাসিগণের ধর্ম শুনিতে ইচ্ছুক হইয়াছি।

শ্রীমহেশ্বর বলিলেন,—দেবি! একাগ্রচিত্তা হইয়া তুমি আশ্রম-ধর্মের বর্ণনা শ্রবণ কর ব্রহ্মবাদী মুনিগণ আশ্রমবাসীদের যে ধর্ম নির্দিষ্ট করিয়াছেন, তাহাই এখন আমি বলিব।

আশ্রমসমূহের মধ্যে গৃহস্থ-আশ্রম সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ, কারণ, তাহা গার্হস্থ্য ধর্মে প্রতিষ্ঠিত আছে। পঞ্চ মহাযজ্ঞের অনুষ্ঠান, অন্তর-বাহিরে পবিত্রতা, নিত্যেরই শ্রাদ্ধে সন্তুষ্ট থাকা, আলস্য ত্যাগ করা, অমাবস্যায় পত্নীর সহিত সহবাস করা, দান, যজ্ঞ ও তপস্যায় নিরত থাকা, প্রবাসে না যাওয়া এবং অগ্নিহোত্র পূর্ণমাস যেন প্রাণের আধার করা—এই সব গৃহস্থের অবশ্য কর্ম।

এইরূপ বানপ্রস্থ আশ্রমের সনাতন ধর্মসমূহ কথিত হইয়াছে। বানপ্রস্থ আশ্রমে প্রবেশ করিতে অভিলাষী ব্যক্তির এরূপ করা উচিত। নিজের গৃহিণীর পর পুত্র পরিত্যাগ করত বনে গমন করিবে এবং বনজাত ফলাদি উত্তম আহারের দ্বারাই জীবন নির্ব্বাহ করিবে। ইহাই তাহার পক্ষে শাস্ত্রবিহিত ব্যবস্থা।

ভূমিতে শয়ন, জটা ও শ্মশ্রু ধারণ, মৃগচর্ম ও বল্কল বস্ত্র ধারণ করা, দেবতা ও অতিথিগণের সৎকার করা, উৎকট কষ্ট সহ্য করিয়াও দেবতাগণের পূজাদি করা নিত্যই করা। ইহা বান-

দেবতাতিথিসৎকারো মহাকৃচ্ছ্রাভিপূজনম্
অগ্নিহোত্রং ত্রিষবণং তস্য নিত্যং বিধীয়তে॥
ব্রহ্মচর্য্যং ক্ষমা শৌচং তস্য ধর্ম্মঃ সনাতনঃ।
এবং স বিগতঃ প্রাণে দেবলোকে মহীয়তে॥
যতির্ধর্ম্মাংস্তথা দেবি পূর্ণমাত্রাংস্তু বক্ষ্যতঃ।
আত্মিকনামবাস্তঃ সর্বতঃ শৌচমার্জবম্॥
সর্বত্র চৈবচর্য্যা চ সর্বত্রৈব বিধাসনম্।
সদা ধ্যানপরত্বঞ্চ দোষশুদ্ধিঃ ক্ষমা দয়া॥
তস্যানুগতবুদ্ধিস্তু তস্য ধর্ম্মবিধির্ভবেৎ।
বৃত্তিস্তিস্রঃ পিপাসার্ত্তমতিথিঃ শ্রান্তমাগতম্॥
অর্চয়ন্তি যথান্যায়ং তেষামপি ফলং মহৎ॥
পাত্রমিত্যেব যাচন্তি সর্বস্মৈ ধর্ম্মকাঙ্ক্ষিণঃ
আগমিষ্যতি যং পাত্রং তং পাত্রং তারয়িষ্যতি॥

প্রস্থের নিয়ম। তাহার পক্ষে প্রতিদিন অগ্নিহোত্র ও ত্রিকালে স্নান করার বিধান আছে ব্রহ্মচর্য্য, ক্ষমা ও শৌচাদি তাহার সনাতন ধর্ম এরূপ ধর্মপালনকারী বানপ্রস্থী মানব প্রাণত্যাগের পর দেবলোকে প্রতিষ্ঠিত হয়।

দেবি! যতি ধর্ম এইরূপ—সন্ন্যাসী যম পরিত্যাগ করিয়া যজ্ঞ তত্ত্ব বিচরণ করিবে। সে নিজের নিকটে কোনও বস্তু সঞ্চয় করিয়া রাখিবে না। ভক্ষণকালের আহার ব্যতীত আয়োজন করিবে না। সর্ব্বতোভাবে পবিত্রতা ও দয়ালুতাকে অবলম্বন করিয়া থাকিবে সঞ্চয় ভিক্ষার দ্বারা জীবিকা নির্ব্বাহ করিবে। সঞ্চয়ই নিজের কোন বাসস্থান স্থির করিয়া রাখিবে না। সর্ব্বদা ধ্যানপরায়ণ হইবে। নিজের লোককে শুদ্ধ করিবে। সকলের উপর কৃপা ও দয়াভাব রাখিবে এবং বুদ্ধিতত্ত্বের চিন্তায় নিরত থাকিবে—এই সব হইল সন্ন্যাসীর কর্তব্যকর্ম।

বত্তিত্রয়ের: যে সব ব্যক্তি ক্ষুধা ও পিপাসায় পীড়িত এবং শ্রান্ত হইয়া আসত অতিথির সেবা পূজা করে, তাহারাও উত্তম ফললাভ করিয়া থাকে।

ধর্মকামিকারী পুরুষগণের কর্তব্য হইল—তাহারা নিজেদের গৃহে আগত সমস্ত অতিথিদিগকেই ধনের উত্তম পাত্র মনে করিয়া দান করিবে। তাহাদের এই বিশ্বাস রাখা উচিত যে, আজ যে পাত্র (অতিথি) আমার গৃহে আসিবে, সে আমাদের উদ্ধার করিবে।

কালে সম্প্রাপ্তমতিথিং ভোক্তুকামমুপস্থিতম্
যস্তু সন্ত্বাবরেৎ তস্য ব্যাদোহন্যা সমুপস্থিতঃ ।
তস্য পূজাং যথান্যায্যং সৌম্যচিত্তঃ প্রযোজয়েৎ ।
চিত্তমূলো ভবেদ্ ধর্ম্মো বর্ম্মমূলঃ ভবেদ্ যজঃ ।
তস্মাৎ সৌম্যেন চিত্তেন দাতব্যং দেবি সর্ব্বদা ।
সৌম্যচিত্তস্য যো দত্তাং উক্তি দানমনুত্তমম্ ।
যথাবৃত্তিমুতিঃ সূক্ষ্মৈঃ পক্ষস্থিমেদিনীতলে
কেদারান্ত ওটাকানি সন্তাংসি সরিতস্তথা ।
ভোরপূর্ণানি বৃক্ষন্তে অপ্রতর্ক্যাণি লোকে ।
অন্নমন্নমপি ক্ষেত্রে দীয়মানং বিবর্দ্ধতে ।
পীড়ন্তাপি চ ভূতানাং দানমেব বিশিষ্যতে ।
পূজয়ারাধনং দানাং ন মৃত্যানুপলভ্যতে ।
ভোগো দানক ভোগস্য ধনং প্রাপ্য ধনধিনি ।
দানেন হি মহাভাগা উপস্থি মনুজাধিপাঃ ।
নাস্তি ভূমৌ দানসমং নাস্তি দানমো নিধিঃ ।
নাস্তি সত্যাৎ পরো ধর্ম্মো নানৃতাৎ পাতকং পরম ।

আশ্রমে যস্তু ভোক্তে ভোগো মূলফলাশনঃ
আদিত্যাভিমুখো ভূত্বা ওটাবস্থসংবৃতঃ ।
মধুকলাভী হেমন্তে গ্রীষ্মে পঞ্চতপা ভবেৎ
সম্যক্ তপশ্চরন্তীহ শ্রদ্ধধানা বনাশ্রমে ।
পূতাশ্রমস্য তে দেবি ফলং নাইন্তি ষোড়শীম্ ।

উমোবাচ

পূতাশ্রমস্য যা চর্য্যা স্তানি নিয়মান্ত যে ।
যথা চ দৈবতাঃ পূজ্যাঃ সত্তত পূজয়েদিনা
যদ্ যচ্চ পরিহর্ত্তব্যং পূর্ণিণা ত্রিবিধিপর্বনু ।
তৎ সর্বং শ্রোতুমিচ্ছামি কথামানং বদা বিভো ।

শ্রীমহেশ্বর উবাচ ।

পূতাশ্রমস্য মনুজঃ ফলং ধর্ম্মোহনুত্তমঃ ।
পালৈস্তকৃতিঃ সত্তত ধর্ম্মো যত্র প্রতিষ্ঠিতঃ ।
সারকৃত বরারোহে জন্তুঃ মৃতমিবোদ্ধতম্ ।
তদহং তে প্রবক্ষ্যামি শ্রদ্ধতা ধর্ম্মচারিণি ।

যথাবদ্বে ভোজনের বাসনায় আগত অথবা উপস্থিত অতিথিকে এই ভাবিয়া সমাদর করিবে যে, এখানে আজ এই সাক্ষাৎ যমালয়ে উপস্থিত হইয়াছেন ।

অতএব সৌম্যচিত্ত হইয়া সেই অতিথির যথাশক্তি পূজা করিবে ; কারণ, ধর্ম্মের মূল হইল চিত্তের বিশুদ্ধ ভাব এবং যজ্ঞের মূল হইল ধর্ম্ম ।

দেবি ! অতএব সর্ব্বদা সৌম্যচিত্তে দান করা উচিত ; কারণ, যে ব্যক্তি সৌম্যচিত্তে দান করে, তাহার সেই দান সর্ব্বোত্তম হয় ।

শোভনে ! যেরূপ ভূতলে বর্ষার সময় পতিত জলের ফুদ্র ফুদ্র বিন্দুতে ক্ষেত্রের ফুদ্র ফুদ্র স্থানে, ওটার ও সরোবর ও নদীসকল অন্তর্নীরভাবে জলপূর্ণ দেখা যায়, সেইরূপ এক একটি করিয়া অল্প অল্প প্রদত্ত দানও বর্দ্ধিত হইয়া থাকে ।

ভরণ-পোষণযোগ্য ব্যক্তিবর্গকে অন্ন ভোজন করিয়াও যদি দান করা হয়, তবে সেই দান শ্রেষ্ঠ বলিয়া কথিত হয় । স্ত্রী-পুত্র, ধন ও ধান্য—এই সব বস্তু মৃত মনুষ্যগণের সহিত গমন করে না । বসুন্ধরি ! ধনপ্রাপ্ত হইয়া তাহার দান ও ভোগ করাও শ্রেষ্ঠ । কিন্তু দান করিলে মনুষ্যগণ মহাসৌভাগ্যশালী নরপতি হয় । এই পৃথিবীতে দানের সমান অন্য কোনও বস্তু নাই । দানের তুল্য অন্য কোনও নিধি নাই । সত্য হইতে শ্রেষ্ঠ কোন ধর্ম্ম নাই এবং মিথ্যা হইতে অধিক কোনও পাপ নাই ।

যে ব্যক্তি বানপ্রস্থ আশ্রমে ফল-মূল ভক্ষণ করিয়া ওটাবাসন ও বল্কল বস্ত্র পরিধান করত সূর্য্যের দিকে মুখ করিয়া তপস্যা করে হেমন্ত ঋতুতে মধুকের (ব্যাধের) তীর জলে পতন করে এবং গ্রীষ্ম ঋতুতে পঞ্চাগ্নির তাপ সহ্য করে, এইভাবে যে ব্যক্তি বানপ্রস্থ আশ্রমে থাকিয়া শ্রদ্ধাসহকারে উত্তম তপস্যা করে, সেই ব্যক্তিও গৃহস্থাশ্রমের পালনে প্রাপ্য ধর্ম্মের ষোড়শ ভাগের এক ভাগের সমান হইতে পারে না ।

উমা বলিলেন,—প্রভো ! গৃহস্থাশ্রমের যে আচার, যে ব্রত ও নিয়ম, গৃহস্থের সর্ব্বদা যেভাবে দেবতাগণের পূজা করা উচিত এবং তিথি ও পর্ব্বদিনে তাহার যে যে বস্তু পরিত্যাগ করা আবশ্যক, সেই সমস্ত আমি আপনার নিকট হইতে শুনিতে বাসনা করি আপনি তাহা বলুন ।

শ্রীমহেশ্বর বলিলেন, দেবি ! গৃহস্থ-আশ্রমের যাহা মূল ও ফল এই উত্তম ধর্ম্ম যেস্থানে নিত্যের চারি ভরণে সদা বিরাজমান থাকে, বরারোহে ! যেরূপ মৃত হইতে ঘৃত নির্গত হয়, সেইরূপ যাহা সকল বস্তুর সারভূত, তাহা আমি তোমাকে বলিতেছি । ধর্ম্মচারিণি ! তুমি শ্রবণ কর ।

তদ্বদ্বঃ তে প্রবক্ষ্যামি শ্রূয়তাং বর্ণ্যতাং বিধিঃ।
গুরুমন্ত্রে যে পিতরঃ মাতৃষ্বসৃ গৃহাশ্রমে।
ভর্তারং চৈব যা নারী অগ্নিহোত্রঞ্চ যে দ্বিজাঃ।
তেষু তেষু চ শ্রাদ্ধেষু দেবা উত্তমপুণ্যফলাঃ।
পিতরঃ পিতৃলোকস্থাঃ স্বধর্মেণ স তদ্ভাবে

ঊষোবাচ।

মাতাপিতৃবিমুক্তানাং কা চর্যা গৃহমেধিনাম্।
বিধানং ক নারীণাং ভবানেতদ্ ব্রবীতু মে।

শ্রীমদ্দেব উবাচ।

দেবতাতিথিভৃত্যানাং পূর্বাভিধানম্।
অহিংসা সর্বভূতানামলোভঃ সত্যমার্জবম্।
ব্রহ্মচর্যমধ শ্রবণাদ্যৌ পূর্বাভিধানম্।
কৃতজ্ঞতামপৈশুন্যং সততং দমশীলতা।
দিনে দ্বিরভিষেকঃ পিতৃদৈবতপূজনম্।
গবাহ্নিকপ্রদানঞ্চ সংবিভাগোঽতিথিষ্বপি।
দীপং প্রতিশ্রয়ং চৈব শয্যাং পাদাসনং তথা।
পঞ্চদেহনি ষষ্ঠে বা বাসশ্চেদ্ গৃহমেধিনাম্।
চতুর্দশ্যাং পঞ্চদশ্যাং ব্রহ্মচারী সদা ভবেৎ।

সুকৃতং বিবিধং ভক্তমন্নং দত্তমাবসন্।
নৈতেষ্বহঃসু কুর্বীত তেষু লক্ষ্যঃ প্রতিষ্ঠিতা।
ব্রতোপবাসনিয়তপোদানক শক্তিতঃ।
তর্পণং ভৃত্যবর্গস্য দীনানামনুকম্পনম্।
পরদারনিবৃত্তিশ্চ স্বদারেষু রতিঃ সদা
শরীরমেকদম্পত্যোর্বিধাত্রা পূর্বনির্মিতম্।
তস্মাৎ স্বদারনিরতো ব্রহ্মচারী বিধীয়তে
স্ত্রীসংবৃত্তিবিনীতস্য নিগৃহীতেন্দ্রিয়স্য চ।
আর্জবে বর্তমানস্য সর্বভূতহিতৈষিণঃ।
প্রিয়াভিধেয়ং বাক্যস্য বর্ণ্যাজ্জিতবনস্য চ।
গৃহাশ্রমপদস্যস্য কিমন্যৈঃ কৃত্যমাত্মনঃ।
যথা মাতরমাশ্রিত্য সর্বে জীবন্তি জন্তবঃ।
তথা গৃহাশ্রমং প্রাপ্য সর্বে জীবন্তি চাশ্রমাঃ।
রাজানঃ সর্বপাষণ্ডাঃ সর্বে বৈ ভক্ষ্যলোলুপীবিনঃ।
বালবৃদ্ধাতুরান্ দস্যূন্ চোরা রাজন্তটাস্তথা
সংবিভজ্য সদাশীলাঃ সর্বে বৈ বিচিকিৎসকাঃ।
দুর্বাহ্মণান্ প্রলব্ধাংশ্চ ভীষণশ্চোদনা নরাঃ
এতে চান্যে চ যতয়ঃ কর্তব্যস্তু গৃহাশ্রমম্।

ব'লেছো গৃহস্থাশ্রমে থাকিয়া যাহা 'সত্তার সেবা করে, যে নারী পতির সেবা করে এবং যে সব ব্রাহ্মণ নিত্য অগ্নিহোত্র কর্ম করেন, তাঁহাদের সকলের উপর ইন্দ্রাদি দেবতাগণ এবং পিতৃলোকবাসী পিতৃগণ প্রসন্ন হন ও সেই মানুষ নিজের ধর্মের দ্বারা আনন্দিত হয়।

ঊষাদেবী বলিলেন, যে গৃহস্থ পুরুষগণের মাতা পিতা নেই, তাঁহাদের অথবা বিধবা নারীদিগের জীবনচর্যা কিরূপ হওয়া উচিত? আপনি তাহা আমাকে বলুন।

শ্রীমদ্দেব বলিলেন, দেবতা ও অতিথিগণের সেবা, গুরুজন এবং বৃদ্ধ পুরুষগণের অভিবাদন, কোনও প্রাণীকে হিংসা না করা লোভ পরিত্যাগ করা, সত্যপ্রতিজ্ঞ হওয়া, ব্রহ্মচর্য পালন করা, শ্রবণাদ্যগুণসম্পন্ন, সৌহার্দ, প্রণয়ে বাক্যালাপ করা, ঊনবাক্যের প্রতি কৃতজ্ঞ হওয়া, কাহারও প্রতি খলতা না করা, সদা ধর্মশীল হওয়া, দিনে দুইবার স্নান করা, দেবতা ও পিতৃগণের পূজা করা, গোগণকে প্রতিদিন অগ্রের গ্রাস ও ঘাস দেওয়া, অতিথিদিগকে বিভাগপূর্বক ভোজন দান করা, দীপ, থাকিবার স্থান, শয্যা ও আসন দান করা, পঞ্চমী, ষষ্ঠী, দ্বাদশী, চতুর্দশী ও পূর্ণিমা তিথিতে সদা ব্রতচর্যা পালন করা, এই সব তিথিতে ক্ষৌর কর্ম, মদ্যমাংস ভোজনগণ, স্ত্রীসঙ্গে অঙ্গ লেপন এবং তৈলাবগাহ কার্য করিবে না। যাহারা এই সব বিধি-নিষেধ পালন করে, তাহাদের গৃহে লক্ষ্মী প্রতিষ্ঠিত থাকে।

ব্রত ও উপবাসের নিয়ম পালন করা, তপস্যা করা, যথাশক্তি দান করা, পোষ্যবর্গের পোষণ করা, দীনগণের প্রতি করুণা করা, পরস্ত্রী সংসর্গ হইতে নিবৃত্ত হওয়া এবং সদা নিজের স্ত্রীর প্রতিই অনুরক্ত থাকা গৃহস্থের ধর্ম।

বিধাতা পূর্বকালে পতি-পত্নীর একই শরীর নির্মাণ করিয়া ছেন, অতএব নিজেরই স্ত্রীতে অনুরক্ত মানুষ ব্রহ্মচারী বলিয়া কথিত হয়।

যে ব্যক্তি দীন ও সদাচারে বিনীত, যে নিজের ইন্দ্রিয়গণকে সংযত করিয়া রাখে, যে সরলতাপূর্ণ ব্যবহার করে, যে সবল প্রাণিগণের হিতৈষী, যে অভিথিপ্রিয়, যে ক্ষমাশীল এবং যে ধর্মা নুসারে ধন উপার্জন করে—এরূপ গৃহস্থগণের গৃহে অন্য আশ্রম সকলের কি আবশ্যকতা আছে?

যেরূপ সকল জীব মাতার আশ্রয় লইয়া জীবনযাপন করে

মার্জারা মূষিকাঃ শ্বানঃ শূকরাশ্চ তথাখরা।
কপোতাশ্চাঃ কর্কটকা সরীসৃপনিষেবণাঃ।
অরণ্যবাসিনশ্চান্যে সজ্ঞা যে মৃগপক্ষিণাম্।
এবং বহুবিধা দেবি লোকেঽস্মিন্ সচরাচরাঃ।
পুত্রে ক্ষেত্রে বিলে চৈব শতশোঽথ সহস্রশঃ।
পুরুষেণ কৃতং কর্ম সর্বৈস্তৈরিহ ভুজ্যতে।
উপযুক্তং যং তেষাং মতিমান্ নানুশোচতি।
ধর্ম্ম ইত্যেব সঞ্চিন্ত্য যস্ত তস্য ফলং শৃণু।
সর্ববস্তুপ্রদীপস্য ধরমেবেন যৎ ফলম্।
বর্ষে স দ্বাদশে দেবি ফলেনৈতেন যুজ্যতে।)

ঊমোবাচ

উক্তবন্ত্যা পৃথগ্ধর্ম্মাংস্ত্রিধা বর্ণাংস্তিতঃ শুভঃ।
সর্ববর্ণাংশ্চ যো ধর্ম্মো ভগবাংস্তদ্ ব্রবীহি মে। ৬১

শ্রীমহেশ্বর উবাচ।

ব্রাহ্মণা লোকসারেণ সৃষ্টা ধাত্রা স্বয়ম্ভুবা।
লোকাংস্ত্রাতুমিহ ক্ষুৎস্নান্ মর্ত্যেষু ত্রিদিবেষু চ। ৬২
স্বেষামপি প্রবক্ষ্যামি যথাকর্মফলোদয়ম্।
ব্রাহ্মণেষু হি যো ধর্ম্মঃ স ধর্ম্মঃ পরমো মতঃ। ৬৩
ইমে তে লোকধর্ম্মার্থং ত্রয়ঃ সৃষ্টাঃ স্বয়ম্ভুবা
পৃথিব্যাং সর্জনে নিত্যাঃ সৃষ্টাংস্তানপি মে শৃণু। ৬৪
বেদোক্তঃ পরমো ধর্ম্মঃ স্মৃতিশাস্ত্রসমুদ্ভবঃ।
শিষ্টাচীর্ণোঽপরঃ প্রোক্তস্ত্রয়ো ধর্ম্মাঃ সনাতনাঃ। ৬৫
ত্রৈবিদ্যো ব্রাহ্মণো বিদ্বান্ ন চাধ্যয়নজীবকঃ।
ত্রিকর্ম্মা ত্রিপবিত্রাত্মা স্নৈত্র এষ স্মৃতো দ্বিজঃ। ৬৬
যজ্ঞিয়ানি তু কর্ম্মাণি প্রোবাচ ভুবনেশ্বরঃ।
যুক্তার্থং ব্রাহ্মণানাং বৈ শৃণু ধর্ম্মান্ সনাতনান্। ৬৭

দেইরূপ অন্য সব আশ্রমই পৃথক আশ্রমকে আশ্রয় করিয়াই জীবিত আছে।

রাজা, পাষণ্ডী, নট, হিংসক, ধূর্ত, চোর, ব্রাহ্মণকুল, বিদ্যান্, সর্ব্বশীলজ্ঞ, সর্ব্ববিদের সংখ্যাও নূন নয় ইহাকে আশ্রয় করিয়াই পাপেরহীন পথিক ইহারা এবং আরও অন্যান্য যে মানুষ পৃথগাশ্রমবিধিকে নানাবিধ তর্কাতর্কি করে।

দেবি! বিড়াল, ইঁদুর, কুকুর, শূকর, উষ্ট্র, গর্দভ, কর্কটক (কাকাদি) ও সরীসৃপসেবী—ইহারা এবং আরও অনান্য মৃগ পক্ষিগণের বসবাসী সমূহার ও এইরূপ এই জগতে যে নানাপ্রকার পশু পক্ষ ও সত্ত্ব সমূহ চরাচর প্রাণী পুং, ক্ষেত্র ও বিলে বাস করে, ইহারা সকলেই এ জগতে পুরুষ কর্তৃক কৃত কর্মফলই ভোগ করে।

যে বস্তু তাহাদের উপভোগে আসিয়াছে, তাহার জন্য যে বুদ্ধিমান্ ব্যক্তি কখনও শোক করে না, এই সব পালন করাই ধর্ম—এরূপ বুদ্ধিরা সন্তুষ্ট থাকে, তাহার প্রাপ্য ফলের কথা শ্রবণ কর।

দেবি! যে সমস্ত যজ্ঞ সম্পাদন করিয়াছে, তাহার অশ্বমেধ-যজ্ঞের দ্বারা যে ফল লাভ হয়, সেই ফল এই পৃথিবীর যার যথাযথ পর্য্যন্ত পূর্ব্বোক্ত নিয়মসমূহ পালন করিলে প্রাপ্তি হইয়া থাকে।)

ঊমাদেবী বলিলেন,—ভগবন্! আপনি চারি বর্ণের পক্ষে হিতকারী এবং শুভ ধর্ম পৃথক পৃথক ভাবে বর্ণনা করিলেন। এখন আমাকে সেই ধর্ম বলুন, যাহা সকল বর্ণের পক্ষেই সমানভাবে উপযোগী হইবে। ৬১

শ্রীমহেশ্বর বলিলেন,—দেবি! ভগবান্ স্বয়ম্ভুর যাহারা ভগবান্ সৃষ্টা ব্রহ্মা সমস্ত লোকসকলকে উদ্ধার করিবার জন্য জগতের সার বস্তুর দ্বারা মর্ত্যলোকে ব্রাহ্মণগণের সৃষ্টি করিয়াছেন। ব্রাহ্মণগণ এই পৃথিবীতলের দেবতা, অতএব প্রথমে তাহাদের ধর্ম-কর্ম ও তাহার ফল বর্ণনা করিতেছি কারণ, ব্রাহ্মণগণের মধ্যে যে ধর্ম প্রতিষ্ঠিত থাকে তাহাই পরম ধর্ম বলিয়া অভিহিত হয়। ৬২-৬৩

স্বয়ম্ভু ব্রহ্মা সম্পূর্ণ জগতের রক্ষার জন্য এই তিন প্রকার ধর্মের বিধান করিয়াছেন। পৃথিবীর সৃষ্টির সহিতই এই তিন ধর্মেরও সৃষ্টি হইয়াছে, সেই সব ধর্ম তুমি আমার নিকট হইতে শ্রবণ কর। ৬৪

প্রথম—বেদোক্ত ধর্ম, যাহা সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ, দ্বিতীয়—বেদানুকূল স্মৃতিশাস্ত্রে বর্ণিত—স্মার্ত্ত ধর্ম এবং তৃতীয়—শিষ্ট পুরুষগণের দ্বারা আচরিত ধর্ম। শিষ্টাচার)। এই তিন সনাতন ধর্ম। ৬৫

যে তিন বেদবিদ্যার জ্ঞানী ও বিদ্বান, যে পঠন-পাঠনের দ্বারা করিয়া জীবিকা অর্জন করে না। যজন, ধর্ম ও যজ্ঞ—এই তিন কর্মের সদা অনুষ্ঠান করে, কাম, ক্রোধ ও লোভ—এই তিন দোষ পরিত্যাগ করিয়াছে এবং যে সকল প্রাণীর প্রতিই মিত্র ভাবাপন্ন, এরূপ পুরুষই যথার্থে ব্রাহ্মণ বলিয়া কথিত হয়। ৬৬

ভুবনেশ্বর ব্রহ্মা ব্রাহ্মণগণের জীবিকার জন্য এই ছয়টি কর্মের কথা বলিয়াছেন। এই ছয়টি কর্মই তাহাদের সনাতন ধর্ম। তাহাদের নাম শ্রবণ কর। ৬৭

যজনং যাজনং চৈব তথা দান-প্রতিগ্রহৌ
অধ্যাপনং চাধ্যয়নং ষট্কর্মা ধর্মভাগ্ দ্বিজঃ। ৬৮
নিত্যঃ স্বাধ্যায়িতো ধর্মো ধর্মো যজ্ঞঃ সনাতনঃ
দানং প্রশস্যতে চাস্য যথাশক্তি যথাবিধি। ৬৯
শমস্তপস্যো ধর্মঃ প্রবৃত্তঃ সংস্থ নিত্যশঃ।
বৃহদ্যানাং বিতন্তানাং ধর্মস্য নিচয়ো মহান্। ৭০
পঞ্চযজ্ঞবিতন্তান্বা সত্যবাগনসূয়কঃ
দাতা ব্রাহ্মণসংকর্তা পুনঃসৃষ্টনিষেবনঃ। ৭১
অমানী চ সদাক্ষিপ্তঃ স্নিগ্ধবাদী প্রদক্ষিণা
অভিগম্যাগতস্তুষ্টঃ শেষান্নকৃতভোজনঃ। ৭২
পাদ্যমর্ঘ্যং যথান্যায়মাসনং শয়নং তথা
দীপং প্রতিশ্রয়ং চৈব যো দদাতি স বার্ষিকঃ। ৭৩
প্রাতরুত্থায় চাহূয় ভোজনেনোপমন্ত্র্য চ।

সংকৃত্যাগ্নৌ যজেদ্ যস্তু তস্য যজ্ঞঃ সনাতনঃ। ৭৪
সর্বাভিষ্যঃ ক্রিয়াপত্নী যথাশক্তি নিষাবিনম্।
শূদ্রধর্মঃ সমাখ্যাতস্ত্রিবর্গপরিচারণম্। ৭৫
প্রবৃত্তিলক্ষণো ধর্মো গৃহস্থেষু বিধীয়তে।
তদহং বর্তয়িষ্যামি সর্বভূতহিতা শুভম্। ৭৬
দ্বাত্রিংশাসক্তলক্ষ্যস্তু ষট্ত্রিংশকৃত তথা
পুষ্টিকর্মবিধানঞ্চ কর্তব্যঃ কৃতিমিচ্ছতা। ৭৭
ধর্মেণার্থঃ সমাহার্য্যো ধর্মলব্ধা ত্রিধা ধনম্।
কর্তব্যো ধর্মসংযুক্তো মানেন প্রবৃণক্ত। ৭৮
একেনাংশেন ধর্মার্থী কর্তব্যো কৃতিমিচ্ছতা
একেনাংশেন কামার্থ একমংশং বিবর্ধয়েৎ। ৭৯
নিবৃত্তিলক্ষণশ্চাপো ধর্মো মোক্ষায় স্থিতিঃ
তস্য বৃত্তিং প্রবক্ষ্যামি শৃণু মে যেন তদ্ভবেৎ। ৮০

যজন (যজ্ঞ-পূজাদি কার্য্য করা), যাজন (যজ্ঞাদি কার্য্য করান), দান (স্বয়ং দান প্রদান করা), প্রতিগ্রহ (স্বয়ং অন্যের প্রদত্ত দান গ্রহণ করা), অধ্যয়ন (স্বয়ং বেদাদি শাস্ত্র অধ্যয়ন করা) এবং অধ্যাপন (অন্যকে বেদাদি শাস্ত্রের পাঠ দান করা)। এই ছয় কর্মে নিরত ব্রাহ্মণ ধর্মভাগী হন। ৬৮

ইহাদের মধ্যেও সদা স্বাধ্যায়শীল হওয়া ব্রাহ্মণের মুখ্য ধর্ম, যজ্ঞ করা সনাতন ধর্ম এবং নিজের শক্তি অনুসারে বিধি পূর্বক দান দেওয়া তাঁহার পক্ষে প্রশস্ত ধর্ম। ৬৯

তপাদি সর্বপ্রকার বিষয়সমূহ হইতে উপরত হওয়াকে 'শম' বলা হয়। ইহা সদা সৎপুরুষগণের মধ্যেই দেখা যায়। ইহার পালন করিলে শুভচিত্ত বৃহদ্‌গণের মধ্যে ধর্মাদি প্রাপ্তি হয়। ৭০

যে গৃহস্থ পুরুষ পঞ্চ মহাযজ্ঞ করিয়া নিজের চিত্তকে শুদ্ধ করিয়াছে, যে সদা সত্য কথা বলে, যে কাহারও দোষ দর্শন করে না, দান করে, ব্রাহ্মণগণকে সৎকার করে, গৃহকে মার্জন ও অন্যান্য সংস্কারাদির দ্বারা পবিত্রতা রাখে, অতিথির ত্যাগ করে সদা সরলভাবে থাকে, স্নেহযুক্ত বাক্য বলে, অতিথি ও অভ্যাগতের সেবায় মনকে আনন্দ রাখে, যজ্ঞাবশিষ্ট অন্ন ভোজন করে এবং অতিথিকে শাস্ত্রের আজ্ঞানুসারে পাদ্য, অর্ঘ্য, আসন, শয্যা, দীপ ও বাসস্থানের জন্য গৃহ প্রদান করে, তাহাকে বার্ষিক বলিয়া জানিতে হইবে। ৭১-৭৩

যে প্রাতঃকালে উত্থিত হইয়া আচমন করত ব্রাহ্মণকে ভোজনের জন্য নিমন্ত্রণ করে এবং সেই ব্রাহ্মণকে যথাসময়ে সৎকার পূর্বক ভোজন করাইবার পর নিজে মুখ পর্যন্ত তাঁহার পশ্চাতে পশ্চাতে গমন করে, তাহার দ্বারা সনাতন ধর্ম পালিত হয়। ৭৪

শূদ্র পুরুষের নিজের শক্তি অনুসারে তিন বর্ষের শিবাবাহি সঞ্জরকোরে আজ্ঞিতা সংস্কার করা কর্তব্য। ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য—এই তিন বর্ণের পতিব্রতা নিরত থাকা তাহার পক্ষে ধর্ম বলিয়া অভিহিত হইয়াছে। ৭৫

প্রবৃত্তিরূপ ধর্মের বিধান গৃহস্থ পুরুষগণের জন্য করা হইয়াছে। ইহা সকল প্রাণীরই হিতকারী ও শুভ। এখন আমি তাহাই বর্ণনা করিব। ৭৬

নিজের কল্যাণকামী পুরুষের সাধ্যানুসারে সদা দান করা উচিত। সজ্জন যজ্ঞ করা কর্তব্য ও সততই পুষ্টিজনক কর্ম করাও তাহার উচিত। ৭৭

ধর্মসহকারে ধনের উপার্জন করা কর্তব্য। ধর্মানুসারে উপার্জিত ধনকে তিন ভাগ করা উচিত এবং সজ্জনকারে ধর্ম প্রধান কর্মেরই অনুষ্ঠান করা আবশ্যক। ৭৮

নিজের উন্নতিকামী ব্যক্তিদের ধনের পূর্বোক্ত তিন ভাগের মধ্যে এক ভাগের দ্বারা ধর্ম ও অর্থ সিদ্ধি করা কর্তব্য। দ্বিতীয় ভাগের দ্বারা নিজের কামনা পূরণ করা উচিত অর্থাৎ দ্বিতীয় ভাগ নিজের উপভোগে ব্যয় করিবে এবং তৃতীয় ভাগকে পরিবর্ধন করিবে (এইভাবে প্রবৃত্তি-ধর্ম বর্ণিত হইল)। ৭৯

নিবৃত্তিরূপ ধর্ম তাহা হইতে ভিন্ন। তাহা মোক্ষের সাধনার নিমিত্ত। দেবি! আমি যথাযথভাবে তাহার বর্ণন বলিব, তুমি শ্রবণ কর। ৮০

সর্বভূতদয়া যত্নো ন চৈকগ্রামবাসিতা।
আশাপাশবিমোক্ষশ্চ শক্যতে মোক্ষকাঙ্ক্ষিণাম্ ॥৮১
ন কুটীং নোদকে সঙ্গো ন বাসসি ন চাসনে।
ন ত্রিদণ্ডে ন শয়নে নাগ্নৌ ন পরণালয়ে ॥ ৮২
অধ্যাত্মগতিচিত্তো যত্তন্মনাস্তৎপরায়ণঃ
মুক্তো যোগং প্রতি যদা প্রতিদাখ্যামমেব চ ॥ ৮৩
বৃক্ষমূলগতো নিত্যং শূন্যাগারনিবেষনঃ।
নদীপুলিনশায়ী চ নদীতীরতলঃ স্মৃতঃ ॥ ৮৪
বিমুক্তঃ সর্বসঙ্গেষু স্নেহবন্ধেষু চ দ্বিজঃ
আত্মক্ষেত্রযাজ্ঞনো ভাবঃ সমাসঙ্কেত এষ দ্বিজ ॥ ৮৫
স্থানুকৃতো নিরাহারো মোক্ষদৃষ্টেন কর্মণা।
পরিব্রজেতি যো মুক্তস্য ধর্মঃ সনাতনঃ ॥ ৮৬
ন চৈকত্র সমালম্বো ন চৈকগ্রামগোচরঃ

মুক্তো নাতীতি নিষ্ক্রো ন চৈকপুলিনেশয়ঃ ॥ ৮৭
এষ মোক্ষবিধাঃ যত্নো বেদোক্তঃ সংপথঃ সতাম্।
যো মার্গমনুযাত্যাশু পরা তস্য চ নিষ্কৃতে ॥ ৮৮
চতুর্বিধঃ ভিক্ষবস্তে কুটীচক-বহূদকৌ
হংসঃ পরমহংসশ্চ যো যঃ পশ্চাৎ স উত্তমঃ ॥ ৮৯
অতঃ পরতরং নাস্তি নাবরং ন বিরোধ্রতঃ।
অনুত্থানসুখং সৌম্যমজরামরমব্যয়ম্ ॥ ৯০

উমোবাচ।

সাংখ্যো মোক্ষধর্মশ্চ সঙ্ঘচারিত্বয়া
ত্বাদিতো জীবলোকস্য মার্গঃ শ্রেয়স্করো মহান্ ॥৯১
ঋষিধর্মং তু যং তং শ্রোতুমিচ্ছামাহং পরম্।
স্পৃহা তবতি যে নিত্যং তপোবননিবাসিষু ॥ ৯২
আচক্ষাণুমোহ্যো সঙ্কো ব্রুহ্মণ্য তপোবনম্।
তং দৃষ্ট্বা যে মনঃ প্রীতং মহেশ্বর সদা ভবেৎ ॥৯৩

সন্ন্যাসী কোনও এক স্থানে আসক্তি রাখিবে না, একই গ্রামে বসবাস করিবে না এবং কোনও একই ভীরে শয়ন করিবে না। সে সকলপ্রকার আসক্তি হইতে মুক্ত হইয়া মস্তকে বিচরণ করিবে। ৮৭

ইহাই মোক্ষধর্মজ্ঞ সৎপুরুষগণের বেদপ্রতিপাদিত বর্ত্ম ও সৎপুরুষগণ কর্তৃক আচরিত সৎপথ যে এই পথে গমন করে, তাহার ব্রহ্মলাভ লাভ হয়। ৮৮

সন্ন্যাসী চারি প্রকার—কুটীচক, বহূদক হংস ও পরমহংস। ইহাদের মধ্যে পর পর সন্ন্যাসী শ্রেষ্ঠ। ৮৯

এই পরমহংস জ্ঞানের দ্বারা প্রাপ্য আত্মজ্ঞান হইতে শ্রেষ্ঠ অন্য কিছুই নাই। এই পরমহংস-জ্ঞান কোন জ্ঞান হইতে নিম্নই নয়। পরমহংসজ্ঞানের সন্ধানে পরমাত্মা বিরোধিত হন না। ইহা দুঃখ ও সুখরহিত, সৌম্য, অজর, অমর ও অবিনাশী পদ। ৯০

উমাদেবী বলিলেন,—ভগবন্! আপনি সৎপুরুষগণ কর্তৃক আচরিত সাংখ্য ধর্ম ও মোক্ষ ধর্ম বর্ণনা করিলেন। এই উভয় পথই জীবজগতের মহাকল্যাণকারী। ৯১

ধর্মজ্ঞ! এখন আমি ঋষিধর্ম শ্রবণ করিতে ইচ্ছুক হইয়াছি। তপোবনবাসী মুনিগণের উপর আমার সর্বদা স্নেহ আছে। ৯২

মহেশ্বর! এই ঋষিধর্ম যখন আমাকে শুনাইতে যেন, সেই সময় তাহাতে দৃঢ় হইতে উচিত মুনির যেন সমস্ত তপোবন আবৃত করিয়া থাকে। ইহা দেখিয়া আমার মন সদা প্রসন্ন থাকে। ৯৩

যোক্ষাভিলাষী পুরুষগণের সমস্ত প্রাণীর প্রতিই দয়া করা উচিত। ইহাই তাহাদের ধর্ম তাহাদের সর্বদা একই গ্রামে বাস করা উচিত নয় এবং নিজেদের আশাপাশ বন্ধনকে ছেদন করিবার জন্য সর্বদা যত্ন করিয়া যাইবে ইহাই মুমুক্ষু পুরুষগণের প্রশংসাসূচক কার্য। ৮১

যোক্ষাভিলাষী পুরুষ কুটীরে (গৃহে) আসক্তি রাখিবে না, এইরূপে না জলে, না বস্ত্রে, না আসনে, না ত্রিদণ্ডে, না শয্যায়, না অগ্নিতে এবং না কোন বাসস্থানে সেই ব্যক্তি আসক্ত থাকিবে। ৮২

মুমুক্ষু পুরুষের অধ্যাত্মজ্ঞানের চিন্তা, মনন ও নিদিধ্যাসন করা উচিত। তাহার এই সবেই সদা আসক্তি রাখা কর্তব্য। সে নিরন্তর যোগাভ্যাসে প্রবৃত্ত হইয়া তত্ত্ব বিচার করিয়া যাইবে। ৮৩

সন্ন্যাসী বিষয়ে কর্তব্য হইল—সে সকলপ্রকার আসক্তি ও স্নেহবন্ধন হইতে মুক্ত হইয়া সর্বদা বৃক্ষের তলায়, শূন্য ঘরে অথবা নদীর তীরে বাস করিয়া নিজের অন্তঃকরণেই পরমাত্মার ধ্যানে আসক্ত থাকিবে। ৮৪-৮৫

যে যোগযুক্ত সন্ন্যাসী মোক্ষোপযোগী কর্ম শ্রবণ, মনন, নিদিধ্যাসনাদি দ্বারা সদা অতিবাহিত করিতে করিতে নিরাহার (বিষয়ভোগরহিত) ও কাষ্ঠবৎ স্থির হইয়া অবস্থান করে, তাহার সনাতন ধর্মের মোক্ষরূপ কর্ম লাভ হয়। ৮৬

এতন্মে সংশয়ং দেব মুনিগণং কৃতং বিভো
সর্বধর্মার্থতত্ত্বজ্ঞ দেবদেব বদস্ব মে
নিখিলেন যথা সৃষ্টং মহাদেব যথাতথম্ ॥ ১৪

শ্রীভগবানুবাচ

হন্ত তেঽহং প্রবক্ষ্যামি মুনিগণং মহাদ্ভুতম্।
যং কৃত্বা মুনয়ো যান্তি সিদ্ধিং স্বতপসা ভুবি ॥ ১৫
কেবলানাময়ীনাং যো ধর্মো ধর্মবিদাং সতাম্।
তন্মে শৃণু মহাভাগে ধর্মজ্ঞে ধর্মমাস্থিতঃ ॥ ১৬
উঞ্ছন্তি সততং যে তে ব্রাহ্মণ্যং কেবলোৎকরং শুভম্
অমৃতং ব্রহ্মণা পীতমজরত্বে প্রতিষ্ঠিতং বিধিং ॥ ১৭
এষ তেষাং বিশুদ্ধানাং কেবলানাং তপোবনে
ধর্মঃ স্বাধ্যায়কৃতো মার্গো বালখিল্যাশনৈঃ শৃণু ॥ ১৮

বিভো দেব। এই মুনিগণের যজ্ঞ সম্বন্ধে আমার মনের সংশয় আপনাকে জিজ্ঞাসা করিলাম। দেবদেব! আপনি সমস্ত যজ্ঞ ও ধর্মনীতির তত্ত্ববিষয়ে অভিজ্ঞ, অতএব মহাদেব! আমি যাহা কিছু জিজ্ঞাসা করিয়াছি, তৎসমস্তই পূর্বরূপে যথাযথভাবে আমাকে বলুন। ১৪

শ্রীভগবান্ কহিলেন,—শুভে! তোমার প্রশ্নে আমি অত্যন্ত প্রসন্ন হইয়াছি। এখন আমি মুনিগণের সর্বোত্তম যজ্ঞ বর্ণনা করিব, যাহা পালন করিয়া তাহারা নিজেদের তপস্যা দ্বারা পরম সিদ্ধিলাভ করিয়া থাকে। ১৫

মহাভাগে ধর্মজ্ঞে! সজ্জন প্রশংসিত বয়োবৃদ্ধ সাধুপুরুষ কেবল ঋষিগণের যে ধর্ম, তাহার বর্ণনা আমার নিকট হইতে শ্রবণ কর। ১৬

পুরাকালে ব্রহ্মা যজ্ঞ করিবার সময় যাহা পান করিয়াছিলেন এবং যাহা স্বর্গে বিতরণ হইয়া বিরাজিত, সেই অমৃতকে (ব্রহ্মা কর্তৃক প্রথমে পীত হওয়ায়) ব্রাহ্ম বলা হয়। সেই অমৃতের কেবলকে যাহারা অল্প অল্প করিয়া সংগ্রহ করত পান করে (এবং তাহাদেই দ্বারা জীবন-ধারণ করত তপস্যায় নিরত থাকে), তাহাদিগকে কেবল ঋষি বলা হয়। ১৭

বালখিল্যান্নসংসিদ্ধা মুনয়ঃ সূর্যমণ্ডলে
উঞ্ছে স্থিতাস্তু যে ধর্মাঃ শাকুনীং বৃত্তিমাস্থিতাঃ। ১৯
মুনিবৃত্তিং চরন্তশ্চীরবল্কলবাসসঃ
নির্ধূতাঃ সংপ্লবং প্রাপ্তা বালখিল্যাস্তপোধনাঃ ॥ ১০০
অমুষ্ঠপর্বমাত্রা যে কৃশা যে যে ব্যবস্থিতাঃ।
তপশ্চরণমাতস্থে তেষাং ধর্মফলা মহৎ ॥ ১০১
তে পুতৈঃ সমতাং যান্তি সুকৃতাধ্যায়সিদ্ধয়ে।
তোয়ন্তি দিবং সহাস্যপলা বন্ধবিধিষাঃ ॥ ১০২
যে ঘৃতে শুদ্ধমনসো ময়ারণ্যপরায়ণাঃ।
সন্তুষ্টচক্রুষ্টগাঃ পুণ্যাঃ সোমলোকচরাশ্চ যে ॥ ১০৩
শিতুলোকসমীপস্থাস্ত উঞ্ছন্তি যথাবিধি
সপ্তকালান্নমুঞ্ছন্তি যে তান্নালখিল্যাশ্চ তে ॥ ১০৪

তপোবনে। এই ঋষিগণের মার্গ সেই বিশুদ্ধ কেবল ঋষিগণেরই মার্গ। এখন বালখিল্যাশ্রম ঋষিগণের দ্বারা যে ধর্মপালন করিত হইয়াছে, তাহা শ্রবণ কর। ১৮

এই বালখিল্যগণ তপস্যা দ্বারা সিদ্ধ মুনি ইঁহারা সকলেই ব্রহ্মলোক ও সূর্যমণ্ডলে বাস করেন। সেখানে তাহারা উঞ্ছবৃত্তি অবলম্বন করিয়া শকিগণের ন্যায় এক একটি ধান্যকণা সংগ্রহ করত তাহারই দ্বারা জীবন নির্বাহ করেন। ১৯

মুনিব্রত, চীর (বল্কলত্ব) ও বসন (কৃষ্ণত্ব)—এই সকল ইহাদের পরিধেয় বস্ত্র এবং সব বালখিল্যগণ শীত-উষ্ণাদি দ্বন্দ্ব-সহিষ্ণু, সংযম অবলম্বন করিয়া ব্রহ্মচারী ও তপোধন। ১০০

ইঁহাদের প্রত্যেকের শরীর অঙ্গুষ্ঠের পর্ব-পরিমাণ। এমন ক্ষুদ্রকায় হইলে পরও তাহারা নিজ নিজ কর্তব্যে অবস্থিত থাকিয়া সদা তপস্যায় নিরত আছেন। তাহাদের তপের ফল মহৎ। ১০১

ইঁহারা কেবলদের কাম্য সিদ্ধি করিবার জন্য তাহাদের সমান ব্রত ধারণ করে এবং তপস্যার দ্বারা সমস্ত পাপকে ধ্বস্ত করিয়া নিজেদের ভেজে সম্পূর্ণ ঋদ্ধমণ্ডলকে প্রকাশিত করিয়া থাকে। ১০২

ইঁহাদের অতিরিক্ত আরও বহু তপস্বিত, ব্রহ্মবর্চস্বান এবং পুণ্যাত্মা ঋষি আছে। ইঁহাদের মধ্যে অনেকে হংসের (হংসের ন্যায় বিশুদ্ধপক্ষী), অনেকে সোমলোক 'নবাদী' এবং অনেকে আবার পিতৃলোকের নিকটে বাস করে। ইঁহারা সকলেই শাস্ত্র বিধি অনুসারে উঞ্ছবৃত্তির দ্বারা জীবিকা নির্বাহ করে। ১০৩।

বহু ঋষি সপ্তকাল (ভোজনের পর যাহারা পরে যৌ করিয়া রাখিয়া দেন, অতিথির জন্য কিছুই সংগ্রহ করি

---

* কেহ কেহ বলেন—দুগ্ধ পানের সময় বৎসের মুখে যে দুগ্ধ ফেন লাগিয়া থাকে, তাহাই অমৃত, সেই দুগ্ধ-ফেনরূপ অমৃত পানকারীকে 'কেবল' বলিয়া বুঝিতে হইবে। মহাভারত টীকাকার আচার্য নীলকণ্ঠ বলিয়াছেন—বন্ধনের পর অন্যের যে অপ্রত্যাশ নিঃসারণ করিয়া দেওয়া হয়, তাহাকে 'ফেন' বলা হয়। এই অন্নের ফেনভক্ষণকারীকেই 'কেবল' বলা হইয়া থাকে।

সোমপানাঞ্চ দেবানামুষ্মপানাং তথৈব চ
উঞ্ছবৃত্তি যে সমীপস্থাঃ সদারা নিয়তেন্দ্রিয়াঃ। ১০৫
তেষামগ্নিপরিস্পন্দঃ শিক্যঘাং চাটনী তথা।
যজ্ঞানাং চৈব পত্নানাং বজ্রঃ ধর্ম উচ্যতে ॥ ১০৬
এষ চক্রচরৈর্দেবি দেবলোকচরৈস্থিতৈঃ
ঋষিধর্মঃ সদা চীর্ণো যোঽনুতিষ্ঠতি মে শৃণু ॥ ১০৭
সর্বেষেবর্ষিধর্মেষু জ্ঞেয়োঽহিংসা সংযতেন্দ্রিয়ৈঃ
ক্রোধ-ক্রোধো ততঃ পশ্চাজ্জ্ঞেতব্যাবিতি মে মতিঃ ॥ ১০৮
অগ্নিযোত্রপরিস্পন্দো ধর্ম রাত্রিসমাসনম
সোমযজ্ঞাস্তনুষ্ঠানাঃ পঞ্চমী যজ্ঞদক্ষিণা। ১০৯
নিত্যা যজ্ঞক্রিয়া ধর্মঃ পিতৃদেবার্চনে রতিঃ
সর্বাতিথ্যক কর্তব্যমেতন্নোক্তাজিতেন বৈ ॥ ১১০
নিবৃত্তিরুপভোগেষু পোরাণানাং শ্রুতে রতিঃ

স্থণ্ডিলে শয়নে যোগঃ পাকপর্বনিষেবণম্ ॥ ১১১
ফলমূলাশনঃ বায়ুরাপঃ শৈবলভক্ষণম্।
ঋষীণাং নিয়মা হ্যেতে বৈখানসসমাহিতাঃ শ্রুতিম্ ॥ ১১২
বিধূমে সন্নমুষলে ব্যঙ্গারে ভুক্তবজ্জনে
অতীতপাত্রসঞ্চারে কালে বিগতভিক্ষুকে ॥ ১১৩
অতিথিং কাঙ্ক্ষমাণো বৈ শেষান্নভুক্তভোজনঃ
সত্যধর্মরতঃ শান্তো মুনির্ধর্মেণ যুজ্যতে ॥ ১১৪
ন তুষ্টো ন চ মানী স্যাদ্রাগপ্রসঙ্গো ন বিশ্মিতঃ।
মিত্রামিত্রসমো মৈত্রী বঃ স ধর্ম বিদুত্তমঃ ॥ ১১৫

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি
একচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১৪

রাখেন না, তাঁহাদিগকে 'লুব্ধক' বলে)। যাহারা অকৃষ্ট (ভূমির দ্বারা চূর্ণ করিয়া ভক্ষনকারীদিগকে 'অকৃষ্ট' বলে) এবং যে ঋষি আবার অন্যোন্যপক্ষ ভক্ষনকের দ্বারা যাঁহারা উঞ্ছবৃত্তের কার্য সমাধা করেন অর্থাৎ কেবল শস্যের দ্বারাই ভক্ষন করিয়া যাঁহারা ভক্ষন করেন, তাঁহাদিগকে শস্যোপজীবক বলে)। ইহাদের মধ্যে অনেকে সোমপ (চন্দ্রকিরণপানকারী) ও উষ্ণপ (সূর্য্যকিরণপায়ী) হইয়া দেবতাগণের নিকটে বাস করত নিজেদের স্ত্রীসকলের সহিত ইন্দ্রিয়বৃত্তি দ্বারা জীবন-নির্ব্বাহ করে এবং ইন্দ্রিয়সিদ্ধকে বশীকৃত করিয়া রাখে। ১০৪-১০৫

অগ্নিহোত্র, পিতৃগণের পূজা (শ্রাদ্ধ) এবং পঞ্চ যজ্ঞাঙ্গের অনুষ্ঠান—এই সমস্ত তাহাদের মুখ্য ধর্ম বলিয়া কথিত হয়।১০৬

দেবি! চক্রচারী বিচরণকারী ও দেবলোকে বাসকারী পুরোক্ত ব্রাহ্মণগণ এই ঋষিধর্মের সর্বদাই অনুষ্ঠান করিয়াছে। ইহাদের অতিরিক্ত আর যে সব ঋষি আছে, তাহাদের ধর্মও তুমি আমার নিকট হইতে শ্রবণ কর।১০৭

সমস্ত আর্ষধর্মেই ইন্দ্রিয়সংযম পূর্বক অহিংসাব্রত লাভ করা আবশ্যক। তাহার পরে কাম ও ক্রোধকেও জয় করা কর্তব্য—ইহাই আমার অভিমত। ১০৮

প্রত্যেক ঋষি পক্ষেই অগ্নিহোত্রের সম্পাদন, রাত্রিসত্রে স্থিতি, সোমযজ্ঞের অনুষ্ঠান, যজ্ঞ-বিধির জ্ঞান ও যজ্ঞে দক্ষিণাদান—এই পঞ্চ কর্মের বিধানও জানা আবশ্যক। ১০৯

নিত্য যজ্ঞের অনুষ্ঠান এবং ধর্ম পালন করা কর্তব্য। উঞ্ছবৃত্তির দ্বারা উপার্জিত অন্নে সকলের আতিথ্য-সৎকার করা ঋষিগণের পরম ধর্ম। ১১০

বিষয়ভোগ হইতে নিবৃত্তি, পৌরাণ (পথ্যভুক্ত) আহার, শয়নে (অগ্নিহোত্রগৃহে সংবৎসরব্যাপী) অনুরাগ, স্থণ্ডিলে (অগ্নিশালায়) শয়ন, পোলের অন্তরাল, শাক ও পত্র ভোজন, ফল-মূল ভক্ষণ এবং বায়ু, জল ও শৈবলা আহার—এই সব হইল ঋষিদিগের নিয়ম। ইহাদের পালনে তাহারা অধিক অর্থাৎ সর্বশ্রেষ্ঠ গতি প্রাপ্ত হয়। ১১১-১১২

যখন যূথস্থজনের মূলে যজনের যূথনির্গমন বন্ধ হইয়া যায়, মূসলের দ্বারা ধান্যকুট্টনের শব্দ আর হয় না, উনুনের অগ্নি নির্বাপিত হইয়া যায়, গৃহের সমস্ত মানুষের ভোজন সমাপ্ত হইয়া যায়, ভক্তনের (ভাজন পাত্রের) এপিঠ ওপিঠে আনা নেওয়া বন্ধ হয় এবং ভিক্ষুকগণ ভিক্ষা লইয়া গৃহে প্রত্যাবর্তন করে, এরূপ সময় পর্যায়ে ঋষিগণ অতিথির জন্য অপেক্ষা করিয়ে এবং অতিথিদিগের ভোজনের পর অবশিষ্ট অন্নাদি দ্বারা ভোজন করিবে। এরূপ করিলে সত্যধর্মে অনুরাগী শান্ত পুরুষগণ ঋষি ধর্মে যুক্ত হয় অর্থাৎ তাহাদের মুনিধর্ম পালনের ফল লাভ হয়। যে পুরুষ শত্রু ও মিত্রের প্রতি সমান বোধ করে ও সকলের প্রতি মৈত্রী ভাবসম্পন্ন, সেই পুরুষই ধর্মজ্ঞগণের মধ্যে উত্তম ঋষি। ১১৩-১১৫

শ্রীবেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে একচত্বারিংশদধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

[উমা-মহেশ্বরয়োঃ সংবাদঃ, বানপ্রস্থধর্ম্ম উৎপালনস্য চ বিধেয়োদ্বাহাদ্যস্য চ বর্ণনম্]

উমোবাচ।

দেশেষু রমণীয়েষু নদীনাং নির্ঝরেষু চ।
প্রবন্তীনাং নিকুঞ্জেষু পর্ব্বতেষু বনেষু চ॥ ১
দেশেষু চ পবিত্রেষু ফলবৎসু সমাহিতাঃ।
মূলবৎসু চ মধ্যেষু বসন্তি নিয়তব্রতাঃ॥ ২
তেষামপি বিধিঃ পুণ্যঃ শ্রোতুমিচ্ছামি শঙ্কর।
বানপ্রস্থেষু দেবেশ স্বর্গারোপজীবিষু॥ ৩

শ্রীমহেশ্বর উবাচ

বানপ্রস্থেষু যো ধর্ম্মস্তং মে শৃণু সমাহিতা।
শ্রুত্বা চৈকমনা দেবি যম বুদ্ধিপরা ভব॥ ৪
সংসিদ্ধৈর্নিয়তৈঃ সদ্ভির্নিবাসমুপাগতৈঃ।
বানপ্রস্থৈরিদং কর্ম্ম কর্ত্তব্যং শৃণু যাদৃশম্॥ ৫
(কৃত্বা পূর্বং গৃহস্থস্তু পুত্রানুদ্বাহয়েদ্যথা চ।

ফলত্রকার্থাং সম্ভূত্য ভার্য্যাং সন্ত্যজেত্ত্ব গৃহম্॥
অবস্থাপ্য মনো মৃত্যৌ বাসসাংপুরঃসরঃ।
নির্ব্যপেক্ষো বা সদ্যাহো বা বানপ্রস্থাদ্ব স ব্রজেৎ॥
দেশাঃ পরমপুণ্যাঃ যে নদীবনসমন্বিতাঃ।
অরোষমুক্তাঃ প্রায়েণ তীর্থায়তনসংযুতাঃ॥
তত্র গত্বা বিধিং জ্ঞাত্বা দীক্ষাং কুর্য্যাদ্ যথাক্রমম্।
লৌকিকৈরুপমনা কৃত্বা পরিচর্য্যাং সমাচরেৎ॥
কলোপ্যাবাপকে লৌকিকং সর্বমেবপ্রবাসনম্।
শকুলাদ্যৈপলাশকারে তাক্তদোষঃ সমাহিতঃ॥
সায়ন্প্রাতর্জুহুয়াদেকং চাগ্নিহোত্রং যথাবিধি।
কালে দৌহিত্রকাংশ্চাপি ভটাংস্তত্রৈব বারয়েৎ॥
সন্ততং বনচর্য্যাং চ সন্নিকৃষ্টফলাকরাৎ।
নীবারাদ্যেষু কালে শাকমূলোপচারয়েৎ॥

দ্বিচত্বারিংশদধিক শততম অধ্যায়।

[উমা-মহেশ্বর সংবাদ, বানপ্রস্থ ধর্ম্ম এবং তাহার পালনের বিধি ও যাবাত্মা বর্ণন।]

উমাদেবী বলিলেন,—ভগবন্! নিয়ম পূর্ব্বক ব্রতপালনকারী এবং প্রচিত বানপ্রস্থী মহাত্মারা নদীসমূহের রমণীয় তীর প্রদেশে, প্রস্রবণাসীপে, নদীর তীরবর্ত্তী নিকুঞ্জ প্রদেশে, পর্ব্বতে, বনসমূহে এবং ফল-মূলযুক্ত পবিত্র স্থানসমূহে বাস করেন। ১-২

ফলাশকারী দেবেশ! বানপ্রস্থী মহাত্মাগণ নিজেদের শরীরকে রক্ষা দিয়াই জীবন নির্ব্বাহ করেন; অতএব তাঁহাদের পালনযোগ্য যে পবিত্র কর্ত্তব্য তা নিয়ম আছে, আমি তাহাই শ্রবণ করিতে ইচ্ছুক হইয়াছি। ৩

শ্রীমহেশ্বর বলিলেন,—দেবি! (গৃহস্থ এবং) বানপ্রস্থগণের যে ধর্ম্ম, তাহা আমার নিকট হইতে একাগ্রচিত্তে শ্রবণ কর এবং শ্রবণ করত একমনা হইয়া নিজের বুদ্ধিকে ধর্ম্মে আনত করিয়া রাখ। ৪

নিয়মসমূহ পালন করিয়া সিদ্ধ বনবাসী সাধু বানপ্রস্থগণের যেরূপ ধর্ম্ম করা কর্ত্তব্য, তাহা বলিতেছি, শ্রবণ কর। ৫

(যাহার শ্রবণে গৃহস্থ হইয়া পুত্রগণের উৎপাদনের দ্বারা পিতৃঋণ হইতে মুক্তি লাভ করত পত্নীর সহিত বনবাস কামনা করিয়া পূর্ব

করিয়া যজ্ঞসম্পাদনের ঋত্বিক্‌গণকে দক্ষিণা দান করিবে।

ধৈর্য্যের দ্বারা মনকে স্থির করত যাজ্ঞিক যজ্ঞ নিষ্পন্নের পরিত্যাগ করিবে। (একাকী) হইয়া অথবা স্ত্রীর সহিত বনবাসের জন্য প্রস্থান করিবে।

নদী ও বনযুক্ত যে পরম রমণীয় পুণ্যপ্রদেশ, যাহা সাধারণতঃ অজ্ঞান হইতে মুক্ত, তীর্থ ও দেবস্থানসমূহে সুশোভিত, সেই স্থানে গমন করিয়া বিধি জ্ঞান লাভ করত ক্রমশঃ ঋষি-যজ্ঞের দীক্ষা গ্রহণ করিবে এবং লৌকিক হইবার পর একমনা হইয়া পরিচর্য্যা আরম্ভ করিবে।

প্রাতঃকালে উখিত হওয়া, দৌহিত্রাদির পালন করা, সকল দেবতাকে নমস্কার করা, নদীতে দোয়ার (দোয়ের) লেপন করিয়া স্নান করা, দোষ ও প্রমাদ ত্যাগ করা, সায়ংকাল ও প্রাতঃকালে স্নান এবং বিধি অনুসারে অগ্নিহোত্র করা, যথাসময়ে দৌহিত্রাদির পালন করা, যত্নকে ভটা ধারণ করা, কটি-দেশে বল্কল ধারণ করা, সমিধ ও পুষ্পসংগ্রহের জন্য সদা বনে বিচরণ করা, যথাসময়ে নীবারের (তৃণবাজের) দ্বারা আহরণ কর্ম্ম (এবং যজ্ঞেরই যজ্ঞ সম্পাদন) করা, শাক ও মূল সংগ্রহ করা এবং সর্ব্বদা নিজের শরীরকে শুদ্ধ রাখা—এই সব কার্য্য বানপ্রস্থী মুনির পক্ষে অত্যাবশ্যক। এইরূপের দ্বারা তাহার ধর্ম্ম সিদ্ধি হয়।

সদারক্তনখশ্মশ্রুস্তদা ধর্ম্মায় চেষ্যতে
অতিথীনাগতান্ পূর্ব্বং তৎপরস্তু সদা ভবেৎ ॥
পাদ্যেনাভ্যর্চ্চ্য সম্পূজ্য তথাহারেণ নিমন্ত্রয়েৎ।
অপ্রাশ্যপচনে কালে পিতৃদেবার্চনং তথা ॥
পশ্চাদ্বিধিনিকামস্তু যথাঃ সনাতনাঃ
নিষ্টৈর্ধর্ম্মাসনে চৈব ধর্ম্মার্থসহিতাঃ কথাঃ ॥
প্রতিশ্রয়বিভাগশ্চ ভূমিশয্যা নিশাসু বা।
ব্রতোপবাসযোগশ্চ ক্ষমা চেন্দ্রিয়নিগ্রহঃ ॥
দিবারাত্রং যথাযোগং শৌচং ধর্ম্মস্তু চিন্তনম্)
ত্রিকালমভিষেকশ্চ পিতৃদেবার্চনং তথা।
অগ্নিহোত্রপরিস্পন্দ ইষ্টিরোমবিধিস্তথা ॥ ৬
নীবারগ্রহণং চৈব ফলমূলনিষেবণম্
ইঙ্গুদৈরণ্ডতৈলানাং স্নেহার্থে চ নিষেবণম্ ॥ ৭

যোগচর্য্যাকৃতৈঃ সিদ্ধৈঃ কাম-ক্রোধবিবর্জ্জিতৈঃ
বীরশয্যামুপাসদ্ভির্বীরস্থানোপসেবিভিঃ ॥ ৮
মৃত্তৈর্যোগবরৈঃ সদ্ভির্গ্রীষ্মে পঞ্চতপোন্বিতা।
মশুকযোগনিরতৈর্বর্ষাস্বাভ্যবকাশিভিঃ ॥ ৯
যীয়াসনস্থতৈনিত্যা স্মৃণ্ডিলে শয়নং তথা।
শীততোয়াগ্নিযোগশ্চ চর্ত্তব্যো ধর্ম্মবৃদ্ধিভিঃ ॥ ১০
অকৃষ্টৈর্ব্বাহৃতৈঃ কৈশ্চ শৈবল্যোত্তরভোজনৈঃ
অশ্মকুট্টৈস্তথা দান্তৈঃ সম্প্রক্ষ্যালৈস্তথাপরৈঃ ॥ ১১
চীরবল্কলসংবীতৈর্মৃগচর্ম্মনিবাসিভিঃ
কার্য্যা যাত্রা যথাকালং যথাধর্ম্মঃ যথাবিধি ॥১২
বনজৈর্ব্যবনচর্য্যৈর্বনস্থৈর্বনগোচরৈঃ
বনং গুরুমিবাসাদ্য বস্তব্যং বনজীবিভিঃ ॥ ১৩

প্রথমে অতিথিগণের সম্বন্ধে থাকিবে, তাহাদের সর্ব্বদা তাহাদের সেবায় নিরত থাকিবে। পাদ্য ও আদ্যনাদি দিয়া তাহাদের পূজা করিয়া ভোজনের জন্য তাহাদের নিমন্ত্রণ করিবে

যখনসময়ে এরূপ বন্যদ্রব্যের দ্বারা অন্নাদি পাক করিবে, যাহা গ্রাহ্যে উৎসর্গ হয় না। সেই পক্ক অন্নের দ্বারা প্রথমে দেবতা ও পিতৃগণের পূজা করিবে তাহার পর অতিথিদিগকে তাহা ভোজন করাইবে। এরূপ করিলে পর বানপ্রস্থাশ্রমবাসী মুনির সনাতন ধর্ম্মের সিদ্ধি হয়।

যখনে উপবিষ্ট শিষ্ট পুরুষগণের দ্বারা তাহা ধর্ম্মযুক্ত কথাসমূহ শ্রবণ করা উচিত। তাহার নিজের জন্য পৃথক্ আশ্রম নির্ম্মাণ করা কর্ত্তব্য। বানপ্রস্থী মুনিকে অথবা ব্রতচারের পক্ষ্যায় শয়ন করিবে।

বানপ্রস্থাশ্রমী মুনি ব্রত ও উপবাসপালনে রত থাকিবে। সর্ব্বদা ক্ষমাভাব অবলম্বন করিয়া থাকিবে, ইন্দ্রিয়গণকে সংযত রাখিবে এবং দিবারাত্র যথানিয়ম শৌচাচার পালন করত ধর্ম্মের চিন্তা করিতে থাকিবে।)

তাহার ত্রিসন্ধ্যায় স্নান, পিতৃপুরুষ ও দেবতাগণের পূজা, অগ্নিহোত্র এবং বিধি অনুসারে যজ্ঞ করা কর্ত্তব্য। ৩

বানপ্রস্থের জীবিকার জন্য নীবার (ধান্যাদি হইতে উৎপন্ন তণ্ডুল) এবং ফল মূল সেবন করা উচিত এবং পরীরে স্নিগ্ধতা আনিবার জন্য অথবা স্নেহের দ্বারা সম্পাদনযোগ্য কার্য্য নির্ব্বাহের জন্য ইঙ্গুদ ও রেড়ীর তেল সেবন করা কর্ত্তব্য। ৭

তাহাদের যোগের অভ্যাস করিয়া ঐশ্বরে সিদ্ধি প্রাপ্ত হওয়া আবশ্যক। কাম ও ক্রোধ পরিত্যাগ করিবে। বীরাসনে উপবেশন করত বীরস্থানে (শ্মশান ও বন বনমধ্যে) নিবাস করিবে। ৮

মনকে একাগ্র করিয়া যোগসাধনায় তৎপর থাকিবে। শ্রেষ্ঠ যানপ্রস্থীর গ্রীষ্মকালে পঞ্চাগ্নির সেবা করা কর্ত্তব্য। ৯যোগসাধনে প্রসিদ্ধ বন্য যোগের অভ্যাসে নিয়মসহকারে নিরত থাকিবে। যে কোনও বস্তুকে নাধারণভাবে সেবন করা কর্ত্তব্য। ১

তাহার সদা বীরাসনে উপবেশন করা এবং বেলী অথবা অগ্নি শালায় শয়ন করা কর্ত্তব্য। বর্ষাঋতুযুক্ত বানপ্রস্থী মুনিদের জন্য তোয়াগ্নি যোগের আচরণ করা কর্ত্তব্য। অর্থাৎ শীতের সময় রাত্রিতে জলের মধ্যে থাকা, বর্ষাকালে অনাবৃত স্থানে বাস করা এবং গ্রীষ্ম কালে পঞ্চাগ্নি সেবন করা উচিত। ১০

তাহারা বায়ু অথবা জলপান করিয়া জীবন ধারণ করিবে। শেওড়াদা ভোজন করিবে। প্রস্তরে পাত্র ও কলকে চূর্ণ করিয়া ভোজন করিবে অথবা দন্তের দ্বারাই চর্ব্বণ করিয়া ভোজন করিবে। সন্ধ্যাকালনিয়ম অবলম্বন করিয়া স্নান করিবে অর্থাৎ অন্য দিনের জন্য আহার সংগ্রহ করিয়া রাখিবে না। ১১

অরোবল্কের স্থানে চীর ও বল্কল পরিধান করিবে, উত্তরীয়ের স্থানে মৃগচর্ম্মের দ্বারা নিজের গাত্র আচ্ছাদিত করিবে, তাহাদের সময়ানুসারে ধর্ম্মের উদ্দেশে বিধি সহকারে জীবাদি-স্থানে যাত্রা করা কর্ত্তব্য।১২

বানপ্রস্থগণের সদা বনেই থাকা, বনেই বিচরণ করা, বনেই

তেষাং হোমক্রিয়া ধর্মঃ পঞ্চযজ্ঞনিষেবণম্।
ভাগশ্চ পঞ্চযজ্ঞস্য বেদোক্তস্যানুপালনম্ ॥ ১৪

অষ্টাবষ্টপরত্বা চাতুর্মাস্যনিষেবণম্।
পৌর্ণমাসাদয়ো যজ্ঞা নিত্যাবশ্যস্তথৈব চ ॥ ১৫

বিমুক্তাঃ দ্বারসংঘৌর্ঘৈর্বিমুক্তাঃ সর্বসঙ্করৈঃ।
বিমুক্তাঃ সর্বপাপেভ্যশ্চরন্তি মুনয়ো বনে ॥ ১৬

শ্রুগ্‌ভাণ্ডপরমা নিত্যাঃ ক্রেত্যগ্নিপরণাঃ সদা।
সন্তঃ সংপথনিত্যা যে তে যান্তি পরমাং গতিম্ ॥ ১৭

ব্রহ্মলোকং মহাপুণ্যং সোমলোকঞ্চ শাশ্বতম্।
গচ্ছন্তি মুনয়ঃ সিদ্ধাঃ সত্যধর্ম্যাপ্তারঃ ॥ ১৮

এষ ধর্মো ময়া দেবি বানপ্রস্থাশ্রিতঃ শুভঃ।
বিস্তরেণাথ সম্প্রশ্নো যথাস্থূলমুদাহৃতঃ ॥ ১৯

ঊমোবাচ।

ভগবন্ সর্বভূতেশ সর্বভূতনমস্কৃত

যাস করা, বনেরই পথ দিয়া গমনাগমন করা এবং পুষ্পের ন্যায় বনের শয়ন গ্রহণ করিয়া বনেই জীবন নির্গমন করা উচিত। ১০

প্রতিদিন অগ্নিহোত্র ও পঞ্চ মহাযজ্ঞের বেদোক্ত বানপ্রস্থগণের ধর্ম। তাহাদের বিধানপূর্বক বেদোক্ত পঞ্চযজ্ঞের নিয়ত পালন করা কর্তব্য ॥ ১৪

অষ্টবী তিথিতে দর্শপূর্ণ অষ্টকা-প্রাভরণ যজ্ঞে নিয়ত থাকা, চাতুর্মাস্য-ব্রত পালন করা, পৌর্ণমাস ও দর্শ-আদি যজ্ঞ ও নিত্য-যজ্ঞের অনুষ্ঠান করা বানপ্রস্থ মুনির ধর্ম ॥১৫

বানপ্রস্থমুনিরা ই দ্বারগণ, সর্বপ্রকার সঙ্কর এবং সমস্ত পাপ হইতে দূরে থাকিয়া বনে বিচরণ করিবে। ১৬

স্রুক্-স্রুবাদি যজ্ঞপাত্রই তাহার পক্ষে উত্তম উপকরণ। তাহারা আহবনীয়, দক্ষিণ ও গার্হপত্য এই ত্রিবিধ অগ্নির পরম গ্রহণ করিয়া সর্বদা তাহাদেরই পরিচর্যায় নিরত থাকিবে এবং নিত্য সৎপথে বিচরণ করিবে। এইভাবে ধীর ধর্মে নিরত থাকিয়া সেই প্রেষ্ঠ পুরুষগণ পরম গতি লাভ করে। ১৭

সেই মুনিগণ এইরূপে সত্যধর্মপরায়ণ ও সিদ্ধ হন, সেইজন্য তাঁহারা মহাপুণ্যময় ব্রহ্মলোক ও সনাতন সোমলোকে গমন করেন। ১৮

দেবি! এই আমি তোমার নিকট বিস্তারসহকারে যথাযথ বানপ্রস্থ-ধর্ম মূলভাবে বর্ণনা করিলাম। ১৯

ঊমাদেবী বলিলেন,—ভগবন্! সর্বভূতেশ! সমস্ত প্রাণিগণের দ্বারা বন্দিত মহেশ্বর! জ্ঞানযোগিগণের যে ধর্ম নির্দিষ্ট

যো ধর্মো মুনিসঙ্ঘস্য সিদ্ধিমাস্থায় তং পদ ॥ ২০

সিদ্ধিমাস্থায় সংসিদ্ধাস্তথা ব্রহ্মবিদাং নিঃ

সৈষিণো দ্বারসংমুক্তাস্তেষাং ধর্মঃ কথং স্মৃতঃ ॥ ২১

শ্রীমহেশ্বর উবাচ।

সৈষিণস্তপসা দেবি সর্বে দ্বারবিহারিণঃ

তেষাং যৌক্তা ক্ষমাসক্ত বাসে রাত্রিক্ষয়ে ক্ষয়ম্ ॥ ২২

ত্রিকালমভিষেকশ্চ ভোক্ত্রং ভূমিকৃতং মহৎ

সমাধিসংপদ্ধারা মধ্যেক্তিনিষেবণম্ ॥ ২৩

যে চ তে পূর্বকথিতা ধর্মাস্তানাপ্তুবন্তি তপঃফলম্ ॥ ২৪

যদি সেবন্তি ধর্মাস্তানাপ্তুবন্তি তপঃফলম্ ॥ ২৪

যে চ দম্পতিধর্মিণঃ স্বদারনিরতেন্দ্রিয়াঃ।

চরন্তি বিধিবদ্ দৃষ্টঃ স্বদারকালাভিগামিনঃ ॥ ২৫

করা হইয়াছে, তাহা আমাকে বলুন ॥ ২০

জ্ঞানযোগীদের যাহারা সংসিদ্ধিলাভের দ্বারা ব্রহ্মবিদ্ হইয়াছে, সেই সমস্ত মুনিগণ কোন ভোজন স্থলে একাকীই স্বচ্ছন্দে বিচরণ করে এবং তাহারা আবার পত্নীর সহিতই অবস্থান করে। তাহাদের ধর্ম কিরূপ কথিত হইয়াছে? ২১

শ্রীমহেশ্বর বলিলেন,—দেবি! সকল বানপ্রস্থ মুনিই তপস্যার নিরত থাকে, তাহাদের মধ্যে অনেকে স্বচ্ছন্দে একাকীই বিচরণ করে। ইহাতে সঙ্গে রাখে না) এবং অনেকে আবার নিজ নিজ স্ত্রীর সহিতই অবস্থান করে। স্বচ্ছন্দে বিচরণকারী মুনিরা স্বচ্ছন্দে মুক্ত হইয়া থেকে যায় পরিবার করে, তাহাদের জন্য কোন এক স্থান নির্দিষ্ট থাকে না); কিন্তু যাহারা নিজ নিজ স্ত্রীর সহিত বিচরণ করে, তাহারা রাত্রিকালে নিজেদের আশ্রমেই অবস্থিত থাকে। ২২

এই দুই প্রকারেরই তপস্বিগণের এই প্রধান কর্তব্য পালন করা উচিত—তাহারা প্রতিদিন তিন কালে জলে স্নান করিবে অগ্নিতে আহুতি দিবে, সমাধিস্থ হইবে, সৎপথে চলিবে এবং পাত্রাদি কমণ্ডলুর অনুষ্ঠান করিবে ॥ ২৩

পূর্বে তোমার নিকটে বনবাসিগণের যে সব ধর্ম বলিয়াছি, সেই সব যদি তাহারা পালন করে, তবে তাহাদের নিজ নিজ তপস্যার পূর্ণ ফল লাভ হয়॥ ২৪

যে পুরুষগণ দাম্পত্য ধর্ম পালন করিতে করিতে ইহাতে নিজের মনে রাখে, তাহার সহিতই ইন্দ্রিয়সংযম পূর্বক বেদবিধিত ধর্মের

তেষামৃষিকৃতো ধর্মো ঋষিণামুপলভ্যতে।
ন কামকারাৎ কামোঽস্তু সংসেব্যো ধর্মদর্শিভিঃ ॥১৬
সর্বকৃত্যেষু যঃ সম্যগ্ দয়াত্মস্তত্রদক্ষিণাম্।
হিংসাসংযোগবিমুক্তাত্মা স বৈ ধর্মেণ যুজ্যতে ॥ ১৭
সর্বভূতাত্মকম্পী যঃ সর্বভূতার্জবব্রতঃ।
সর্বভূতাত্মভূতস্থ স বৈ ধর্মেণ যুজ্যতে ॥ ১৮
সর্ববেদেষু বা স্নানং সর্বকৃত্যেষু চার্জবম্।
উভে এতে সমে স্যাতামার্জবং বা বিশিষ্যতে ॥ ১৯
আর্জবং ধর্ম ইত্যাহুরধর্মো জিহ্ম উচ্যতে।
আর্জবেনেহ সংযুক্তো নরো ধর্মেণ যুজ্যতে ॥ ৩০
আর্জবে হ্রী রতো নিত্যং বসতাশ্রমসন্নিধৌ
তস্মাদার্জববযুক্তঃ স্যাদ্ যঃ ইচ্ছেদ্ ধর্মমাত্মনঃ ॥ ৩১
শান্তো দান্তো জিতক্রোধো ধর্মভূতো বিধিসকৃতঃ।
ধর্মে রতমনা নিত্যং নরো ধর্মেণ যুজ্যতে ॥ ৩২

আচরণ করে এবং শুভকার্যেই ঈশ্বরারাধন করে, সেই ব্যক্তিরা ধর্মানুষ্ঠানের ঔদ্যোগ্য ফললাভ করিবার জন্য লাভ হয়। ধর্মেচ্ছু পুরুষগণের কামনাবশতঃ কোনও ভোগের সেবা করা উচিত নয় ॥ ১৫-১৬

যে ব্যক্তি হিংসাযোগ হইতে মুক্ত হইয়া সমস্ত প্রাণিগণকে অভয় দক্ষিণা দান করে, তাহার ধর্মের ফল লাভ হইয়া থাকে ॥ ১৭

যে সমস্ত প্রাণিগণের উপর দয়া করে, সকলের সহিত সরলতাপূর্ণ ব্যবহার করে এবং সমস্ত ভূতগণকে আত্মভাবে দর্শন করে, সে ধর্মফলের দ্বারা যুক্ত হয় ॥ ১৮

চারিবেদে স্নাতক হইয়া বিদ্বান্ হওয়া এবং সকল জীবের প্রতি সরলতাপূর্ণ ব্যবহার করা—এই উভয়কেই সমান বলিয়া বুঝিতে হইবে অথবা সরলতাই মানুষের অধিক বলিয়া কথিত হয় ॥ ১৯

সরলতাকে ধর্ম এবং কুটিলতাকে অধর্ম বলে। সরলতাযুক্ত ব্যক্তিই এ সংসারে ধর্মের ফলভাগী হয় ॥ ৩০

যে সর্বদা সরলভাবে যুক্ত থাকে, সে বেদসমূহেই নিকটে বাস করে। সেইহেতু যে ধর্মের ফল লাভ করিতে বাসনা করে, তাহার সরলতাপূর্ণ ব্যবহারপরায়ণ হওয়া উচিত ॥ ৩১

জিতেন্দ্রিয়, জিতক্রোধী, ধর্মনিষ্ঠা, অধিকাংশ এবং সদা ধর্মপরায়ণ ব্যক্তিই ধর্মের ফলভাগী হয় ॥ ৩২

ব্যপেতভন্দ্রির্ধর্মাত্মা লঘ্বাশী সংপথাশ্রিতঃ।
চাক্ষিত্রপরমো বুদ্ধো ব্রহ্মভূয়ায় কল্পতে ॥ ৩৩

উমোবাচ।

(এষাং বাধাবরাণাং তু ধর্মজ্ঞাসি মানদ।
কৃপয়া পরয়াঽঽবিষ্টস্তন্মে ব্রূহি মহেশ্বর ॥

শ্রীমহেশ্বর উবাচ।

ধর্মং যাথাবরাণাং ত্বা শৃণু তামিনি তৎপরা ॥
ব্রতোপবাসশুদ্ধাস্তাস্তীর্থস্নানপরায়ণাঃ।
ধৃতিমন্তঃ ক্ষমাযুক্তাঃ সত্যব্রতপরায়ণাঃ ॥
পক্ষমাসোপবাসৈশ্চ কর্শিতা ধর্মদর্শিনঃ।
দেবৈঃ শ্রীভাস্তপোলোকে কৃর্বন্তঃ পরমং তপঃ ॥
কালযোগেন গচ্ছন্তি শক্রলোকং শুচিস্মিতে
তত্র যে ভোগসংযুক্তা দিব্যাস্তত্রমর্ষিতাঃ ॥
দিব্যকূবলয়সংযুক্তা বিমানবরসংযুতাঃ।
বিচরন্তি যথাকামং দিব্যস্ত্রীগণসংযুতাঃ।

যখন করে, সচ্চরিত্র ও জ্ঞানী হয়, সেই মানুষ ব্রহ্মভাব প্রাপ্ত হইয়া থাকে ॥ ৩৩

ঈশ্বরেশ্বরী বলিলেন,—(সকলকে যাবনাকারী মহেশ্বর! আমি যাবাবরগণের ধর্ম শুনিতে বাসনা করি। আপনি দয়াবতী কৃপা করিয়া আমাকে ইহা বলুন।

মহেশ্বর বলিলেন,—তামিনি! তুমি তৎপর হইয়া যাবাবরগণের ধর্ম শ্রবণ কর। ব্রত ও উপবাসের দ্বারা তাহাদের সমস্ত অশুভ দূর হইয়া যায় এবং তাহারা তীর্থস্নানে রত থাকে।

তাহারা ধৈর্যশালী, ক্ষমাবান্ ও সত্যব্রতপরায়ণ হইয়া এক এক পক্ষ ও এক এক এক মাস উপবাস করত অত্যন্ত কৃশকায় হইয়া যায়। তাহাদের দৃষ্টি সদা ধর্মেই নিবদ্ধ থাকে।

পবিত্রহাস্যময়ী দেবি! তাহারা দেব, পিতৃ ও ঋষিদের তৃপ্তি সম্পাদন করিতে করিতে কঠোর তপস্যায় রত থাকে এবং কালক্রমে মৃত্যুপ্রাপ্ত হইয়া স্বর্গলোকে গমন করে।

সেখানেও নানাপ্রকার ভোগসমূহে সংযুক্ত ও দিব্য গন্ধে পূর্ণ হইয়া দিব্য আভরণসমূহ ধারণ করত সুন্দর বিমানে উপস্থিত থাকে এবং দিব্যাঙ্গনাগণের সহিত ইচ্ছানুসারে বিচরণ করে।

দেবি! এই সব যাযাবরগণের ধর্ম আমি তোমাকে বলিলাম। এখন আর কি শুনিতে ইচ্ছা কর?

এতৎ তে কথিতং দেবি কিং ভূয়ঃ শ্রোতুমিচ্ছসি ।

ঊমোবাচ ।

তেষাং চক্রচরাণাঞ্চ ধর্মমিচ্ছামি বৈ প্রভো ।

শ্রীমহেশ্বর উবাচ

এতৎ তে কথয়িষ্যামি শৃণু শাকটিকং শুভে ।
সংবৎসরো ধুরং দদ্যাৎ শকটানাং তু সর্বদা ।
প্রার্থয়ন্তে যথাকালং শকটৈর্ভক্তকর্ষিতাঃ ।
তপোঽর্জনপরা ধীরাস্তপসা ভাবিতপ্রভাঃ ।
পর্যটন্তো দিশঃ সর্বাঃ কামক্রোধবিবর্জিতাঃ ।
তেষৈব কালযোগেন ত্রিদিবং যান্তি শোভনে ।
তত্র প্রমুদিতা ভোগৈর্বিহরন্তি যথাসুখম্ ।
এতৎ তে কথিতং দেবি কিং ভূয়ঃ শ্রোতুমিচ্ছসি ।

ঊমোবাচ ।

বৈখানসানাং বৈ ধর্মং শ্রোতুমিচ্ছামহে প্রভো ।

শ্রীমহেশ্বর উবাচ

তে বৈ বৈখানসা নাম বানপ্রস্থাঃ শুভেক্ষণে ।
তীব্রেণ তপসা যুক্তা দীপ্যন্তে স্বতেজসা ।
সত্যব্রতপরা ধীরাস্তেষাং নিষ্পন্নমং তপঃ ।
অশ্মকুট্টাস্তথান্তে চ দন্তোলূখলিনস্তথা ।
শীর্ণপর্ণাশিনশ্চান্তে উঞ্ছবৃত্তাস্তথা পরে ।
কপোতবৃত্তয়শ্চান্তে কাপোতীং বৃত্তিমাশ্রিতাঃ ।
পশুপ্রচারনিরতাঃ কেনপাশ্চ তথা পরে ।
বৃষবন্মৃগচর্যায়াং সঙ্গচন্তি তথা পরে
অম্বুভক্ষা বায়ুভক্ষাশ্চ নিরাহারাস্তথৈব চ ।
কেচিচ্চরন্তি সঘিক্ষো: পাদপূজনমুত্তমম্ ।
সঙ্গচন্তি তপো ঘোরং ব্যাধিমৃত্যুবিবর্জিতাঃ ।
ধ্রুবমেবেহ তে মৃত্যুং জীবয়ন্তি চ নিত্যশঃ ।
ইন্দ্রলোকে তথা তেষাং নিবিতা ভোগসঞ্চয়াঃ ।
অমরৈঃ সমতাং যান্তি দেবব্রহ্মগণৈর্মতাঃ ।
বরাপ্সরোভিঃ সংযুক্তাশ্চিরকালনিষেবিতে
এতৎ তে কথিতং দেবি ভূয়ঃ শ্রোতুং কিমিচ্ছসি ।

ঊমাদেবী বলিলেন,—প্রভো! বানপ্রস্থ অবলম্বনের মধ্যে যাহারা চক্রচর (চক্রযুক্ত যানে করিয়া বিচরণকারী), তাহাদের ধর্মের কথা আমি শুনিতে বাসনা করি।

শ্রীমহেশ্বর বলিলেন,—শুভে! এই আমি তোমাকে চক্রযাত্রী শাকটিক মুনিগণের ধর্ম বলিব, তুমি তাহা শ্রবণ কর।

তাহারা নিজ নিজ স্ত্রীর সহিত সদা যানের ভার বহন করিতে করিতে যথাসময়ে যানেরই দ্বারা যাইয়া ভিক্ষা প্রার্থনা করে। সদা তপস্যা অর্জন করে। এই ধীর মুনিগণ তপস্যা দ্বারা নিজেদের সমস্ত পাপ নাশ করিয়া থাকে এবং কাম ও ক্রোধরহিত হইয়া সকল দিকে পর্যটন করে।

শোভনে! এইভাবে জীবনযাপন করিতে করিতে তাহারা কাল-যোগে মৃত্যু প্রাপ্ত হইয়া স্বর্গে গমন করে এবং সেখানে দিব্য ভোগসমূহে আনন্দিত হইয়া যথাসুখে বিচরণ করিতে থাকে। দেবি! তোমার প্রশ্নের এই উত্তর প্রদান করিলাম। এখন আর কি শুনিতে বাসনা কর?

ঊমাদেবী বলিলেন,—প্রভো! এখন আমি বৈখানসগণের ধর্ম শুনিতে ইচ্ছা করি।

শ্রীমহেশ্বর বলিলেন,—শুভলোচনে! সেই বৈখানসনামক বানপ্রস্থ মুনিগণ অত্যন্ত কঠোর তপস্যায় নিরত থাকে। তাহারা নিজ নিজ তেজে দেদীপ্যমান থাকে। তাহারা সত্যব্রতপরায়ণ ও ধীর হয়। তাহাদের তপস্যার কোনরূপ ত্রুটি থাকে না।

তাহাদের মধ্যে অনেকে অশ্মকুট্ট (প্রস্তরের দ্বারা অন্ন বা ফল পেষণ করিয়া ভক্ষণ করে) অপরে দন্তোলূখলিন (দন্তেরই দ্বারা উদূখলের কার্য সম্পন্ন করে) অন্যের ভক্ষণের ভার এক একটি দিন কণা আহরণ করিয়া জীবিকা অর্জন করে। অনেকে পশুচর্যাব্রত গ্রহণ করিয়া পশুগণের ন্যায় তৃণাদি ভক্ষণ করিয়া জীবন নির্বাহ করে। অপরে কেন সংগ্রহ করিয়া ভক্ষণ করে এবং অন্য অনেক বৈখানস মৃগচর্যা আশ্রয় করত মৃগগণের ন্যায় তাহাদের সহিত বিচরণ করে।

বহু বৈখানস কেবল জলই ভক্ষণ করে। অনেকে আবার বায়ু পান করিয়াই জীবন অতিবাহিত করে এবং অন্যেরা আবার কিছুই আহার করে না। কেহ কেহ ভগবান্ বিষ্ণুর চরণারবিন্দ উত্তম রীতিতে পূজা করে।

তাহারা যোগ ও ব্রহ্মচর্যরহিত হইয়া ঘোর তপস্যা করে এবং নিজেদেরই শক্তিবলে প্রতিদিন মৃত্যুকে ভীত করে। তাহাদের জন্য ইন্দ্রলোকে রাশি রাশি ভোগ সঞ্চিত থাকে। তাহারা দেবতুল্য ভোগসম্পন্ন হইয়া দেবতাগণের সমানতা প্রাপ্ত হয়।

সতী সাধ্বী দেবি! তাহারা চিরকাল শ্রেষ্ঠ অপ্সরাগণের

উমোবাচ

ভগবন্ শ্রোতুমিচ্ছামি বালখিল্যা তপোধনান্ ।

শ্রীমহেশ্বর উবাচ

ধর্মচর্য্যা তথা দেবি বালখিল্যগণাস্তথা শৃণু ।
মুনয়ো নির্মলাঃ সর্বে নির্ধূতান্তে তপোধনাঃ ।
অঙ্গুষ্ঠমাত্রাঃ সুশ্রোণি তেজোবাহুল্যসংযুতাঃ ।
উদ্যন্তং সততং সূর্য্যং স্তবন্তো বিবিধৈঃ স্তবৈঃ ।
তাম্রতুণ্ডেষু কিরণৈঃ সহসা যান্তি নিত্যদা ।
ষোড়শস্তেষু বিপ্রাঃ স্যুর্যে ধর্মজ্ঞাঃ সত্যবাদিনঃ ।
তেষের নির্মলাঃ সন্তো লোকার্থং তু প্রতিষ্ঠিতম্ ।
লোকোদ্বাহ্যাদ্বাহ্যতে দেবি তেষামেব তপোবলাৎ ।
মহাত্মনাং তু তপসা সত্যেন চ শুচিস্মিতে ।
ক্ষময়া চ মহাভাগে ভূতানাং সংস্থিতিঃ বিভূঃ ।
প্রজার্থমপি লোকার্থং মহদ্ভিঃ ক্রিয়তে তপঃ
তপসা প্রাপ্যতে সর্বং তপসা প্রাপ্যতে ফলম্ ।
দুষ্প্রাপমপি যল্লোকে তপসা প্রাপ্যতে হি তৎ ।

উমোবাচ ।

আশ্রমাভিরতা দেব তপসা যে তপোধনাঃ ।
দীপ্যন্তঃ কথা চৈব চর্যায়াঞ্চ ভবন্তি তে ॥ ৭৪
রাজানো রাজপুত্রাশ্চ নির্ধনা যে মহাধনাঃ ।
কথমা কেন ভগবন্ প্রাপ্নুবন্তি মহাফলম্ ॥ ৭৫
নিত্যং স্নানমুপাদায় দিবাশ্চন্দনকুঙ্কুমিতাঃ
কেন বা কর্মণা দেব ভবন্তি বনগোচরাঃ ॥ ৭৬
এতন্মে সংশয়ং দেব তপশ্চর্যাসমুদ্ভবম্ ।
পরং সর্বমশেষেণ ব্রূহি ত্রিপুরনাশন ॥ ৭৭

শ্রীমহেশ্বর উবাচ ।

উপবাসব্রতৈর্যুক্তা জুহ্বতঃ সত্যবাদিনঃ ।
সংসক্তাঃ প্রেত্য সপ্তৈব সহ যোক্ত্রাণ্যমায়াঃ ॥ ৭৮
শুকুযোগশয়নে যথাকালং যথাবিধি ।
দীক্ষাং চরন্তি ধর্মাত্মা স নাগৈঃ সহ যোদ্যতে ॥ ৭৯

সহিত বাস করিয়া সুখ অনুভব করিতে থাকে। এই আমি তোমাকে বৈখানসগণের বনে বালখিল্য আর কি শুনিতে বাসনা কর?

উমাদেবী বলিলেন,—ভগবন্! এখন আমি তপোধন বালখিল্য মুনিগণের পরিচয় শুনিতে ইচ্ছা করি।

শ্রীমহেশ্বর বলিলেন,—দেবি! বালখিল্যগণের ধর্মচর্য্যা শ্রবণ কর। তাঁহারা সুসংযত পরিধান করে, বৈখ-উত্তরীয় ব্যবহার ও তপস্যাই তাঁহাদের ধন। সূর্য্যদেব তাঁহাদের দেহের উচ্চতা অঙ্গুষ্ঠমাত্রমিত পরিমাণ এবং এই দেহেই তাঁহারা একসঙ্গে বাস করে।

তাঁহারা প্রতিদিন নানাপ্রকার স্তোত্রের দ্বারা নিয়ত উদীয়মান সূর্য্যের স্তব করিতে করিতে সহসা তাঁহার কিরণসমূহের দ্বারা সকল দিকে আকৃষ্ট হইতে থাকে এবং নিজেদের সূর্য্যতুল্য কিরণসমূহের দ্বারা সকল দিক্‌কে উদ্ভাসিত করিতে থাকে। ইঁহারা সকলেই ধর্মজ্ঞ এবং সত্যবাদী।

ইহাদেরই মধ্যে লোকরক্ষার জন্য নিখিল সত্য প্রতিষ্ঠিত আছে। দেবি! এই বালখিল্যগণেরই তপোবলে এই সম্পূর্ণ জগৎ ধৃত আছে। পরিত্র-চরিতমতী মহাভাগে! এই মহাত্মাদিগের তপস্যা, সত্য ও ক্ষমার প্রভাবে সমস্ত ভূতগণের স্থিতি আছে; ইঁহারই মনীষী পুরুষগণ মনে করেন।

এই মহাপুরুষগণ সমস্ত প্রজাবর্গ ও লোকসকলের হিতের জন্য তপস্যা করেন। তপস্যার দ্বারা সব কিছুই লাভ হয়। তপস্যার দ্বারা অতীব কঠিন প্রাপ্তি হয়। জগতে যে সব দুর্লভ বস্তু আছে, তাহা তপস্যারই দ্বারা সুলভ হইয়া থাকে।)

উমাদেবী বলিলেন,—দেব! যে সব তপোধন তপস্যা নিয়েদের আশ্রম-বাসেই রত থাকে, তাহারা কোন্ আচরণের দ্বারা তপস্বী বলিয়া অভিহিত হয়? ৭৪

ভগবন্! যাহারা রাজা বা রাজকুমার অথবা যাহারা নির্ধন বা প্রভূত ধনশালী তাহারা কোন্ কর্মের প্রভাবে মহাফল প্রাপ্ত হয়? ৭৫

দেব! বনবাসী মুনিগণ কোন্ কর্মের দ্বারা দিব্য স্নান প্রাপ্ত হইয়া দিব্য চন্দনে বিভূষিত হয়? ৭৬

দেব! ত্রিপুরনাশন ত্রিলোচন! তপস্যাকে আশ্রয় করিয়া যিনি ভক্ত ফলের বিষয়ে আমার এই সন্দেহ আছে। ইঁহার সকল বিষয় আপনি পূর্ণরূপে বলুন। ৭৭

শ্রীমহেশ্বর বলিলেন,—যাহারা উপবাস ব্রতসম্পন্ন, জিতেন্দ্রিয়, হিংসারহিত ও সত্যবাদী হইয়া সিদ্ধি লাভ করিয়াছে, তাহারা মৃত্যুর পর যোগ-লোকবাসী হইয়া গন্ধর্বগণের সহিত অবস্থান করত আনন্দ ভোগ করে। ৭৮

যে ধর্মাত্মা মানুষ ন্যায়ানুসারে বিধি পূর্বক ঐযোগপ্রসিদ্ধ মন্ত্রক-যোগ অবলম্বন করিয়া শয়ন করে এবং যজ্ঞের দীক্ষা গ্রহণ

শস্যং মৃগমুখোদ্ভিন্নং যো মুনেঃ সহ ভক্ষতি।
দীক্ষিতো বৈ মুদা যুক্তঃ স গচ্ছত্যমরাবতীম্ ॥ ৪০
শৈবালং শীর্ণপর্ণং বা তদ্ব্রতী যো নিষেবতে।
শীতযোগসবৈঃ নিত্যং স গচ্ছেৎ পরমাং গতিম্ ॥ ৪১
বায়ুভক্ষোঽম্বুভক্ষো বা কন্দমূলাশনোঽপি বা।
বন্ধেষ্বৈর্ষধর্মাধারো মোহদ্বেষক্ষয়সমং গতেঃ ॥ ৪২
অগ্নিযোগসবৈঃ প্রীত্যে বিধিদৃষ্টেন কর্মণা।
চীর্ত্বা দ্বাদশবর্ষাণি রাজা ভবতি পার্থিবঃ ॥ ৪৩
আহারনিয়মং কৃত্বা মুনির্দ্বাদশবার্ষিকম্।
মরুৎ সলোকং যত্নেন রাজা ভবতি পার্থিবঃ ॥ ৪৪
স্থণ্ডিলে শুদ্ধমাকাশং পরিমৃহ্য সমন্ততঃ।
প্রবিশ্য চ মুদা যুক্তো দীক্ষাং দ্বাদশবার্ষিকীম্ ॥ ৪৫
দেহং চানশনে ত্যক্ত্বা স স্বর্গে সুখমেধতে
স্থণ্ডিলস্য ফলাভ্যুহ্যানাদি লক্ষণানি চ ॥ ৪৬

ফলানি চ মহার্হাণি চন্দ্রতুল্যানি ভামিনি
আত্মানমুপজীবন্ যো নিয়তো নিয়তাশনঃ ॥ ৪৭
দেহং ধানশনে ত্যক্ত্বা স স্বর্গং সমুপাশ্নুতে।
আত্মানমুপজীবন্ যো দীক্ষাং দ্বাদশবার্ষিকীম্ ॥ ৪৮
ত্যক্ত্বা মহার্ণবে দেহং বারুণং লোকমশ্নুতে।
আত্মানমুপজীবন্ যো দীক্ষাং দ্বাদশবার্ষিকীম্ ॥ ৪৯
অশ্মনা চরণৌ ভিত্ত্বা গুরুকেষু স মোদতে।
সাগরিত্রাহ্বস্থানাহ্বস্থানা নিয়তো বিস্রস্রিগ্রঃ ॥ ৫০
চীর্ত্বা দ্বাদশবর্ষাণি দীক্ষামেতাং মনোগতাম্।
স্বর্গলোকমবাপ্নোতি দেবেন্দ্র সহ মোদতে ॥ ৫১
আত্মানমুপজীবন্ যো দীক্ষাং দ্বাদশবার্ষিকীম্
হুত্বাগ্নৌ দেহমুৎসৃজ্য বহ্নিলোকে মহীয়তে ॥ ৫২
যস্ত দেবি যথাদ্যাহং দীক্ষিতো নিয়তো দ্বিজঃ।
আত্মন্যাত্মানমাধায় নিমগ্নো ঘর্ঘরালসঃ ॥ ৫৩

ভাষ্যনি। দেবীর উপর শয়ন করিলে প্রাণ ফলের বিষয় এইরূপে উল্লিখিত হইয়াছে। - যান, শয্যা ও চন্দ্রতুল্য উজ্জ্বল বহুমূল্য ফলসকল প্রাপ্তি হয় ॥ ৪৬½

যে কেবল নিজেরই আশ্রয়ে জীবনযাপন করিতে করিতে নিয়ম পূর্ব্বক যান করে এবং নিয়মিত ভোজন করে অথবা অনশন ব্রত গ্রহণ করিয়া দেহ ত্যাগ করে, সে স্বর্গে সুখ ভোগ করে ॥ ৪৭½

যে নিজেকেই অবলম্বন করিয়া জীবনযাপন করিতে করিতে বার বৎসরের জন্য ব্রত দীক্ষা গ্রহণ করত মহাসাগরে নিজের দেহ ত্যাগ করে, সে বরুণলোকে গমন করিয়া থাকে ॥ ৪৮½

যে নিজেরই আশ্রয়ে জীবনযাপন করিতে করিতে নিয়ম ও পরিগ্রহযুক্ত হইয়া বার বৎসরের জন্য ব্রতের দীক্ষা গ্রহণ করত দেহে প্রস্তরের দ্বারা নিজের পদযুগলকে বিদীর্ণ করিয়া পরিশেষে নিজের দেহ ত্যাগ করে, সে গুরুলোকে আনন্দ ভোগ করিয়া থাকে ॥ ৪৯-৫০

মানুষ বার বৎসর পর্য্যন্ত এই মনোগত দীক্ষা পালন করিয়া স্বর্গলোক লাভ করে এবং দেবরাজগণের সহিত সেখানে আনন্দ ভোগ করে ॥ ৫১

যে বার বৎসরের জন্য দীক্ষা গ্রহণ করিয়া নিজেরই আশ্রয়ে জীবন-যাপন করিতে করিতে স্বীয় দেহকে অগ্নিতে হোম করে সে অগ্নিলোকে প্রতিষ্ঠিত হয় ॥ ৫২

দেবি! যে ব্রাহ্মণ নিয়ম সহকারে অবস্থান করিয়া যথাবিধি বনবাস-ব্রতের দীক্ষা গ্রহণ করত নিজের মনকে পরমাত্মচিন্তে

চৌর্য্যে ব্রাহ্মণবধাদি লোকানেতাংস্ত্র মনোগতান্। ৪৩
অরক্ষণহিতা মূঢ়ে যস্মাৎ গচ্ছন্তি নারীবৃতঃ। ৪৪
বীরাজ্ঞানগতো নিত্যং বীরাসনরতস্তথা।
বীরস্থায়ী চ সততং স বীরগতিমাপ্নুয়াৎ। ৪৫
স শক্রলোকগো নিত্যং সর্বকামসুখপ্রদঃ।
দিব্যপুষ্পসমাকীর্ণো দিব্যচন্দনচর্চিতঃ। ৪৬
সুখং বসতি ধর্মাত্মা দিবি দেবগণৈঃ সহ।
বীরলোকগতো নিত্যং বীরযোগসমঃ সদা। ৪৭

যাহারা ব্রাহ্মণবধ, চৌর্য্য ও ব্যভিচারাদি দোষে দূষিত, তাহারা যে যে লোকে গমন করে, এই মনোগত লোক পাইতে পুরুষ অরক্ষিত নারীর সহিত সুখে বাস করে। যে ব্যক্তি বীরাসনে উপবেশন করিয়া অবিচলিত ভাবে বীরাসনে অবস্থান করে, সদা বীরাসনে শয়ন করে, বীরাসনে উপবেশন করে এবং বীরের ন্যায় অবস্থান করে, সেই ব্রাহ্মণ বীর গতি লাভ করে। ৪৩-৪৫

সে ইন্দ্রলোকে গমন করিয়া সদা সমস্ত কামনাসুখে সম্পন্ন হয়। তাহার উপর দিব্য পুষ্পসমূহের বর্ষণ হয় এবং সে দিব্য চন্দনে বিভূষিত হয়। ৪৬

সমৃদ্ধঃ সর্বসম্পন্নো দীপ্তিমান্ নিয়তঃ শুচিঃ
বীরাজ্ঞানং প্রপদ্যেত যস্তস্য লোকাঃ সনাতনাঃ। ৪৮
কামগেন বিমানেন স বৈ চরতি তত্ত্বতঃ
শক্রলোকগতঃ শ্রীমান্ মোদতে চ নিরাময়ঃ। ৪৯

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি উমামহেশ্বরসংবাদে
দ্বিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ। ১৪২।

সেই ব্যক্তি দেবলোকে দেবগণের সহিত সুখে বাস করে এবং বীরলোকে থাকিয়া বীরগণের সহিত সংযুক্ত হয়। ৪৭

যে সব কিছু পরিত্যাগ করিয়া বনবাসের লীলা গ্রহণ করত সত্যগুণে স্থিত নিয়তমনাঃ ও পবিত্র হইয়া বীরপথের আশ্রয় গ্রহণ করে, সে সনাতন লোকসকল প্রাপ্ত হয়। ৪৮

সে ইন্দ্রলোকে গমন করিয়া বীরোচিত ও দিব্য ভোগসম্পন্ন হইয়া আনন্দ ভোগ করে এবং ইচ্ছানুসারে গমনকারী বিমানের দ্বারা স্বচ্ছন্দে বিচরণ করিতে থাকে। ৪৯

শ্রীমহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে উমা মহেশ্বর সংবাদবিষয়ক দ্বিচত্বারিংশদধিক শততম অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত।

ত্রিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥

[ব্রাহ্মণাদিবর্ণপ্রাপ্তিবিষয়ে মানুষবর্ণানাং শুভাশুভকর্মণাং প্রাধান্যপ্রতিপাদনম্]

ঊমোবাচ।

ভগবন্ ভূতনেত্রস্থ পুরো দক্ষবিনাশন।
দক্ষক্রতুহর ব্রাহ্ম সংশয়ো মে মহানয়ম্। ১
চাতুর্বর্ণ্যং ভগবতা পূর্বং সৃষ্টং স্বয়ম্ভুবা
কেন কর্মবিপাকেন বৈশ্যো গচ্ছতি শূদ্রতাম্। ২
বৈশ্যো বা ক্ষত্রিয়ঃ কেন দ্বিজো বা ক্ষত্রিয়ো ভবেৎ।
প্রতিলোমঃ কথং দেব সঙ্কর্যো বর্ণো নিষিদ্ধতঃ। ৩
কেন বা কর্মণা বিপ্রঃ শূদ্রযোনৌ প্রজায়তে।
ক্ষত্রিয়ঃ শূদ্রতামেতি কেন বা কর্মণা দ্বিজো। ৪
এতন্মে সংশয়ং দেব বদ কৃত্তপতেঽনঘ।
ত্রয়ো বর্ণাঃ প্রকৃত্যোহ্য কথং ব্রাহ্মণামাপ্নুয়ুঃ। ৫

ত্রিচত্বারিংশদধিক শততম অধ্যায়।

[ব্রাহ্মণাদি বর্ণ প্রাপ্তি বিষয়ে মানুষের শুভাশুভ কর্মসমূহের প্রধানতাপ্রতিপাদন।]

উমাদেবী বলিলেন,—ভগদেবতার নেত্রনাশকারী, পূষার দন্ত উৎপাটনকারী, দক্ষের যজ্ঞনাশকারী ভগবন্ ত্রিলোচন! আমার মনে এই এক মহতী সংশয় আছে। ১

ভগবান্ ব্রহ্মা পূর্বকালে যে চারি বর্ণের সৃষ্টি করিয়াছিলেন, তাহাদের মধ্যে বৈশ্য কোন্ কর্মের পরিণামে শূদ্রত্ব প্রাপ্ত হয়? ২

অথবা ক্ষত্রিয় কোন্ কর্মের দ্বারা বৈশ্য হয় এবং ব্রাহ্মণ কোন্ কর্মবশতঃ ক্ষত্রিয় হয়? দেব! প্রতিলোম বর্ণ কিরূপে নিন্দিত বলা যাইতে পারে? প্রভো! কোন্ কর্মের দ্বারাই বা ব্রাহ্মণ শূদ্রযোনিতে জন্মগ্রহণ করে? অথবা কোন্ কর্মের যোগে ক্ষত্রিয় শূদ্র হইয়া যায়? ৩-৪

দেব! পাপরহিত কৃত্তপনাথ! আপনি আমার এই সংশয়ের কথা বলুন। শূদ্র, বৈশ্য ও ক্ষত্রিয়—এই তিন বর্ণের মানুষ কি প্রকারে ব্রাহ্মণত্ব লাভ করিতে পারে? ৫

শ্রীমহেশ্বর উবাচ

ব্রাহ্মণ্যং দেবি দুষ্প্রাপং বিদ্বাংস্তত্র ব্রাহ্মণঃ স্মৃতঃ।
ক্ষত্রিয়ো বৈশ্য-শূদ্রৌ বা বিদ্বাংস্যাদিতি মে মতিঃ॥ ৬
কর্মণা দুষ্কৃতেনেহ স্থানাদ্ ভ্রশ্যতি বৈ দ্বিজঃ।
জ্যেষ্ঠং বর্ণমনুপ্রাপ্য তস্মাদ্ রক্ষেদ্ বৈ দ্বিজঃ॥ ৭
দ্বিজো ব্রাহ্মণবর্ণেন ব্রাহ্মণ্যমুপজীবতি।
ক্ষত্রিয়ো বাথ বৈশ্যো বা ব্রহ্মভূয়ং স গচ্ছতি॥ ৮
যস্তু বিপ্রত্বমুৎসৃজ্য ক্ষাত্রং ধর্মং নিষেবতে।
ব্রাহ্মণ্যাৎ স পরিভ্রষ্টঃ ক্ষত্রযোনৌ প্রজায়তে॥ ৯
বৈশ্যকর্ম চ যো বিপ্রো লোভ-মোহব্যপাশ্রয়ঃ।
ব্রাহ্মণ্যং দুর্লভং প্রাপ্য করোত্যল্পমতিঃ সদা॥ ১০
স দ্বিজো বৈশ্যতামেতি বৈশ্যো বা শূদ্রতামিয়াৎ
ব্যবহারং প্রচ্যুতো বিপ্রস্তত্ত্বতঃ শূদ্রতামিয়াৎ॥ ১১
তত্রাপো নিত্যমুৎ প্রাপ্তো বর্ণভ্রষ্টো বহিষ্কৃতঃ।
ব্রহ্মলোকাৎ পরিভ্রষ্টঃ শূদ্রঃ সম্পদ্যতে তু সঃ॥ ১২

শ্রীমহেশ্বর বলিলেন,—দেবি! ব্রাহ্মণত্ব দুর্লভ। তাহা ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র—এই চারি বর্ণ বৈদনিক (প্রাকৃতিক বা স্বভাবসিদ্ধ), ইহাই আমার অভিমত। ৬

ইহা অবশ্যই যে, এই সংসারে পাপ কর্ম করিলে দ্বিজ নিজের স্থান হইতে অর্থাৎ স্বীয় বর্ণত্ব হইতে ভ্রষ্ট হয়। অতএব দ্বিজের উত্তম বর্ণে জন্ম প্রাপ্ত হইয়া নিজের মর্যাদা রক্ষা করা উচিত। ৭

যদি ক্ষত্রিয় অথবা বৈশ্য ব্রাহ্মণ ধর্ম পালন করিতে করিতে ব্রাহ্মণত্বের আশ্রয় গ্রহণ করে, তবে সে ব্রহ্মভাব প্রাপ্ত হয়। ৮

যে ব্রাহ্মণ ব্রাহ্মণত্ব ত্যাগ করিয়া ক্ষত্রিয় ধর্মের সেবা করে, সে নিজের বর্ণ হইতে ভ্রষ্ট হইয়া ক্ষত্রিয়-যোনিতে জন্ম গ্রহণ করে। ৯

যে বিপ্র দুর্লভ ব্রাহ্মণত্ব লাভ করত লোভ ও মোহের বশীভূত হইয়া নিজের অল্পবুদ্ধির জন্য বৈশ্যের কর্ম করে, সে বৈশ্য-যোনিতে জন্মগ্রহণ করিয়া থাকে। অথবা যদি বৈশ্য শূদ্রের কর্ম অবলম্বন করে, তবে সে-ও শূদ্রত্ব প্রাপ্ত হয়। শূদ্রোচিত কর্ম করিয়া নিজের বর্ণ হইতে ভ্রষ্ট ব্রাহ্মণ শূদ্রত্ব লাভ করে। ১০-১১

ব্রাহ্মণ শূদ্র-কর্ম করিয়া নিজের বর্ণ হইতে ভ্রষ্ট হইয়া জাতি হইতে বহিষ্কৃত হয় এবং মৃত্যুর পর সে ব্রহ্মলোক-প্রাপ্তি হইতে বঞ্চিত হইয়া নরকে পতিত হয়। ইহার পর সে শূদ্র-যোনিতে জন্মগ্রহণ করে। ১২

ক্ষত্রিয়ো বা মহাভাগে বৈশ্যো বা ধর্মচারিণি।
যানি কর্মাণ্যপাদায় শূদ্রকর্ম নিষেবতে॥ ১৩
স্বস্থানাৎ স পরিভ্রষ্টো বর্ণসঙ্করতাং গতঃ।
ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যঃ শূদ্রত্বং যাতি তাদৃশঃ॥ ১৪
যস্তু বৃত্তঃ যথাবর্ণেন জ্ঞানবিজ্ঞানবান্ শুচিঃ।
ধর্মজ্ঞো ধর্মনিরতঃ স ধর্মফলমশ্নুতে॥ ১৫
ইদং চৈবাপরং দেবি ব্রহ্মণা সমুদাহৃতম্।
অধ্যাত্মং নৈষ্ঠিকং সদ্ভির্বর্ণকারৈর্নিষেব্যতে॥ ১৬
উপায়ং সহিতং দেবি গৃণতো ব্রাহ্মণস্য তম্
গৃহীয়াৎ নৈব তোক্তব্যং শূদ্রায়ং নৈব কর্হিচিৎ॥ ১৭
শূদ্রান্নেন সহিতং দেবি সদা দৈবৈশ্চ তর্পিতাঃ
পিতামহমুখোৎসৃষ্টঃ প্রমানমিতি মে মতিঃ॥ ১৮
শূদ্রান্নেনাবলেপেন ভক্ষয়ে যো দ্বিজেহ দ্বিজঃ
আহিতাগ্নিস্তথা যজ্ঞা স শূদ্রযোনিতাং ব্রজেৎ॥ ১৯

মহাভাগে! বর্ণচারিণি! ক্ষত্রিয় অথবা বৈশ্যও নিজ নিজ কর্ম পরিত্যাগ করিয়া যদি শূদ্রের কর্ম করিতে থাকে, তবে তাহারা নিজ নিজ জাতি হইতে ভ্রষ্ট হইয়া বর্ণসঙ্করতা প্রাপ্ত হয় এবং পরজন্মে শূদ্র-যোনিতে জন্মগ্রহণ করে। এরূপ ব্যক্তি ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য যাহা একই না কেন, সে শূদ্রত্ব প্রাপ্ত হয়। ১৩-১৪

যে ব্যক্তি নিজের বর্ণধর্ম পালন করিতে করিতে বোধ লাভ করে এবং জ্ঞান বিজ্ঞানসম্পন্ন, পবিত্র ও ধর্মজ্ঞ হইয়া ধর্মেই নিরত থাকে, সে ধর্মের যাবতীয় ফল উপভোগ করে। ১৫

দেবি! ব্রহ্মা অন্যত্র এক কথা বলিয়াছেন—বর্ণাভিলাষী সৎপুরুষদিগের আত্মীয়ের অধ্যাত্মতত্ত্বেরই সেবা করা উচিত। ১৬

দেবি! উপযুক্ত ব্যক্তিকে অন্ন নিবেদিত। কোনও সময়ে অন্ন, ব্রাহ্মণের অন্ন, অননুমোদিতাগীর অন্ন ও দুষ্ট পুরুষের অন্নের নিষেধ। শূদ্রের অন্নও নিষিদ্ধ—তাহা কখনও ভোজন করা উচিত নয়। ১৭

দেবতা ও মহাত্মাগণ শূদ্রের অন্নকে সর্বদা নিন্দা করেন এ বিষয়ে পিতামহ ব্রহ্মার শ্রীমুখনিঃসৃত বচনই প্রমাণ—ইহাই আমার অভিমত। ১৮

যে ব্রাহ্মণ ঔদরে শূদ্রের অন্ন লইয়া তৃপ্তি বরণ করে, সে ব্রাহ্মণ অগ্নিহোত্রী বা যজ্ঞকারী যাহাই হউক না কেন তাহাকে শূদ্র-যোনিতে জন্ম গ্রহণ করিতে হইবে। ১৯

তেন শূদ্রত্বনির্দেশেন ব্রহ্মস্বানাদদাকৃতঃ
ব্রাহ্মণঃ শূদ্রভার্যেতি নাস্তি তত্র বিচারণা ॥ ১০
যস্ত্রাবেদয়বশেষেণ ষষ্ঠেষু যো দ্বিজেষু দ্বিজঃ।
তাং তাং যোনিং ব্রজেদ্ বিপ্রো যস্তামুপজীবতি ॥১১
ব্রাহ্মণস্য তু দায়াদ্য প্রাপ্য দুর্গতিং যো২বমন্যতে
অজ্ঞোজ্ঞানি চাপ্নাতি স দ্বিজত্বাং পততে বৈ। ১২
পুরাণো ব্রহ্মহা ক্ষুদ্রস্তোরো ভবতি তোঽশুচিঃ।
খাধ্যায়বর্জিতঃ পাপো লুব্ধো নৈকৃতিকঃ শঠঃ ॥ ১৩
অব্রতী বৃষলীভর্তা কৃতঘ্নী সোমবিক্রয়ী।
নিন্দিতসেবী বিপ্রো হি পততি ব্রহ্মযোনিতঃ ॥ ১৪
গুরুতল্পী গুরুদ্রোহী গুরুকুৎসারতিশ্চ যঃ
ব্রহ্মবিদ্যাপি পততি ব্রাহ্মণো ব্রহ্মযোনিতঃ ॥ ১৫
এতিস্তু কর্মভির্দেবি শুভৈরোহনিতৈস্তথা
শূদ্রো ব্রাহ্মণতাং যাতি বৈশ্যঃ ক্ষত্রিয়তাং ব্রজেৎ ॥ ১৬

ঊমাঃ শূদ্রাদের শেষভাগ স্থিত থাকায় ব্রাহ্মণ মৃত্যুর পর ব্রহ্মলোক হইতে চ্যুত হইয়া শূদ্রত্ব প্রাপ্ত হয়—ইহাতে আর অন্য কিছুই বিচার করিবার নাই। ১০

ঊমাঃ যাহার অন্নের শেষ ভাগ লইয়া যে ব্রাহ্মণ মৃত্যু প্রাপ্ত হয়, এই ব্রাহ্মণ সেই সেই যোনিতেই জন্ম গ্রহণ করে। যাহার অন্নের দ্বারা ব্রাহ্মণ জীবন নির্বাহ করে, তাহারই যোনিতে সেই ব্রাহ্মণকে জন্ম গ্রহণ করিতে হয়। ১১

যে শুদ্ধ ও দুর্লভ ব্রাহ্মণত্ব লাভ করিয়া তাহাকে অবহেলা করে এবং ভোজন করিবার অযোগ্য অন্ন ভোজন করে, সে নিশ্চয়ই ব্রাহ্মণত্ব হইতে চ্যুত হইয়া যায়। ১২

সুরাপায়ী, ব্রহ্মহত্যাকারী, নীচ, চোর, ব্রতভঙ্গকারী, অপবিত্র, স্বাধ্যায়হীন, পাপী, লোভী, কপটী, শঠ, যে ব্রত পালন করে না, শূদ্র জাতির ইচ্ছা পতি, কৃতঘ্নী (পতি জীবিত থাকিতে উপপতির দ্বারা উৎপাদিত গর্ভস্থ পুত্রের মুখে ভোজনকারী), সোমরসবিক্রয়কারী এবং নীচসেবী ব্রাহ্মণ ব্রাহ্মণজাতি হইতে ভ্রষ্ট হইয়া যায়। ১৩-১৪

যে গুরুর শয্যায় শয়ন করে, গুরুদ্রোহী এবং গুরু নিন্দায় অভ্যস্তরত, সেই ব্রাহ্মণ ব্রহ্মজ্ঞ হইলেও ব্রহ্মযোনি হইতে পতিত হয়। ১৫

দেবি! এই সব শুভ কর্ম ও আচরণের দ্বারা শূদ্র ব্রাহ্মণত্ব প্রাপ্ত হয় এবং বৈশ্য ক্ষত্রিয়ত্ব লাভ করে। ১৬

শূদ্রকর্মাণি সর্বাণি যথাবাত্তঃ যথাবিধি
শুশ্রূষায়াং পরিচর্যায়াং জ্যেষ্ঠে বর্ণে প্রযত্নতঃ ॥ ১৭
কৃষ্যাদিবিদনাঃ শূদ্রঃ সন্তঃ সংপথে স্থিতঃ
দেবদ্বিজাতিসংকর্তা সর্বাভিযাকৃতব্রতঃ ॥ ১৮
অনুকালাভিগামী চ নিয়তো নিয়তাশনঃ
গোকল্কোক্তনাথেষী শেষাক্রকৃতভোজনঃ ॥ ১৯
যথাবাসং ন ভুঞ্জীত শূদ্রো বৈশ্যস্তমশ্নতি।
ক্ষত্রযাগনরাযাদী নির্বপঃ শস্ত্রকোবিদঃ ॥ ৩০
যজতে নিত্যদৈশ্চৈব খাধ্যায়শ্রবঃ শুচিঃ
দান্তো ব্রাহ্মণসংকর্তা সর্ববর্ণবৃত্তকঃ ॥ ৩১
গৃহস্থব্রতমাস্থিতঃ দ্বিজাতিকৃতভোজনঃ।
শেষাশী বিভিতাচারো নিত্যমো নিয়তব্রতঃ ॥ ৩২
অগ্নিহোত্রমুপাসাংশ্চ জুহ্বানশ্চ যথাবিধি।
সর্বাতিথ্যমুপাস্থিতঃ শেষাক্রকৃতভোজনঃ ॥ ৩৩

শূদ্র নিজের সকল কর্ম ভালভাবে বিধিপূর্বক সম্পন্ন করিবে। নিজের কর্তব্য পালন হইতে কখনও উদ্যম হইবে না। সদা সৎপথে থাকিবে। দেবতা ও ব্রাহ্মণগণের সংকার করিবে। সকলের আতিথ্যব্রত গ্রহণ করিয়া অবস্থান করিবে। গুরুকালের স্ত্রীর সহিত সহবাস করিবে। নিয়ম পূর্বক অবস্থান করিয়া নিয়মিত ভোজন করিবে। যদ্য শুদ্ধ থাকিয়া শুদ্ধ পুরুষগণের অন্বেষণ করিবে। অতিথিসৎকার ও কৃষি যজ্ঞের ভোজনের পর অবশিষ্ট অন্নই ভোজন করিবে এবং বৃথা ঘাস ভোজন করিবে না। এই নিয়মে অবস্থিত শূদ্র (মৃত্যুর পর পুণ্য কর্মের ফল ভোগ করিয়া) বৈশ্য-যোনিতে জন্মগ্রহণ করে। ১৭-১৯½

বৈশ্য সত্যবাদী, অহংকারশূন্য, শৌচ-উচিত কর্মরহিত, ব্যক্তির সাধন বিষয়ে অভিজ্ঞ, স্বাধ্যায়সম্পন্ন এবং পবিত্র হইয়া নিত্য যজ্ঞের দ্বারা যজন করিবে। জিতেন্দ্রিয় হইয়া ব্রাহ্মণগণের সংকার করিতে করিতে সমস্ত বর্ণের উচিত কামনা করিবে। গৃহস্থ-ব্রত পালন করিতে করিতে প্রতিদিন দুই বেলা ভোজন করিবে। যজ্ঞশেষ অন্নই আহার করিবে। আহারকে ভয় করিবে। সমস্ত কামনাই ত্যাগ করিবে। অবস্থার শূদ্র হইয়া বিধি অনুসারে আহুতি দান করিতে করিতে অগ্নিহোত্র কর্ম সম্পাদন করিবে। সকলের আতিথ্যসৎকার করিয়া অবশিষ্ট অন্নই স্বয়ং ভোজন করিবে। আহবনীয়, গার্হপত্য ও দক্ষিণ—

ত্রেতাগ্নিমন্ত্রবিহিতো বৈশ্যো ভবতি বৈ দ্বিজঃ
স বৈশ্যঃ ক্ষত্রিয়কুলে শুচৌ মহতি জায়তে ॥ ৫৪
স বৈশ্যঃ ক্ষত্রিয়ো জাতো জন্মপ্রভৃতি সংস্কৃতঃ।
উপনীতো ব্রতপরো দ্বিজো ভবতি সংস্কৃতঃ ॥ ৫৫
দদাতি যজতে যজৈঃ সমৃদ্ধৈরাপ্তদক্ষিণৈঃ।
অধীত্য ধর্মশাস্ত্রাণি ত্রেতাগ্নিরতঃ সদা ৫৬
আর্তদত্তপ্রদো নিত্যং প্রজা ধর্মেণ পালয়ন্।
সদ্যঃ সদ্যানি কুরুতে নিত্যং যঃ পুণ্যদর্শনঃ ॥ ৫৭
ধর্মদণ্ডো ন নির্দণ্ডো ধর্মকীর্যানুশাসকঃ।
যজ্ঞিয়ঃ কার্যকরণৈঃ ষড়ভাগফলভুগ্ভবেৎ ॥ ৫৮
গ্রাম্যধর্মৈঃ ন সেবেত ষড়ঙ্গেলার্থকোবিদঃ।
গুরুকালে তু ধর্মাত্মা পত্নীমুপশয়েত সদা ॥ ৫৯
সদোপবাসী নিয়তঃ স্বাধ্যায়নিরতঃ শুচিঃ

এই ত্রিবিধ অগ্নিকে যজ্ঞোক্তভাবে পূর্বক পরিচর্যা করিবে। এরূপ করিলে পর বৈশ্য দ্বিজ হয়। সেই বৈশ্য পবিত্র ও মহৎ ক্ষত্রিয়কুলে জন্মগ্রহণ করে ॥ ৫৪-৫৫

ক্ষত্রিয়কুলে উৎপন্ন সেই বৈশ্য জন্ম হইতেই ক্ষত্রিয়োচিত সংস্কারে সংস্কৃত হইয়া উপনয়নের পর ব্রতচর্যা পালনে তৎপর থাকিয়া সকলসমাপ্তিতে দ্বিজ হয়। সে নানাবিধ যজ্ঞ দান করে, প্রকৃত দক্ষিণাযুক্ত সমৃদ্ধিশালী যজ্ঞসমূহের দ্বারা ভগবানের আরাধনা করে। বেদের অধ্যয়ন করিয়া ধর্মশাস্ত্রসকলও সেই বৈশ্য সদা বিধিবৎ অগ্নির সহিত গ্রহণ করিয়া তাঁহাদের আরাধনা করে। সে দুঃখিত ও পীড়িত ব্যক্তিগণকে নিজের হস্তের আশ্রয় দান করে। প্রতিদিন ধর্মানুসারে প্রজা পালন করে, তাহার সত্যসকলও হইয়া সত্যপূর্ণ ব্যবহার করে এবং দর্শন দ্বিজাতি সকলকে সুখ প্রদান করে, সে-ই শ্রেষ্ঠ ক্ষত্রিয় অথবা রাজা ॥ ৫৬-৫৭

সে ধর্মানুসারে অপরাধীকে দণ্ড দান করে, তখনও দণ্ড ত্যাগ করে না, প্রজাগণকে ধর্মকার্যের উপদেশ করে, রাজকার্য করিবার জন্য নিয়ম ও বিধানে আবদ্ধ থাকে এবং প্রজাদিগের নিকট হইতে তাহাদের আয়ের ছয় ভাগের একভাগ গ্রহণরূপে গ্রহণ করে ॥ ৫৮

কার্যানুসারে ধর্মাত্মা ক্ষত্রিয় যজ্ঞকর্তা পূর্বক গ্রাম্য ধর্মের (স্ত্রীসুখের) সেবা করিবে না। কেবল ঋতুকালেই সদা পত্নীর নিকট শয়ন করিবে ॥ ৫৯

সদা উপবাস করিবে অর্থাৎ একাদশী প্রভৃতি দিনে উপবাস

বর্হিকাস্তরিতে নিত্যং পলাশোদুম্বরে সদা ॥ ৬০
সর্বাভিষাং ত্রিবর্গস্য দূর্বাং পুষ্পমং সদা
পূজ্যাধ্যং চাত্মকামানাং নিত্যং সিদ্ধমিহ ক্রতুম্ ॥ ৬১
অর্থাদ্ বা যদি বা কামান্ন কিঞ্চিদুপলক্ষয়েৎ
পিতৃদেবাতিথিকৃতে সাধনা কুরুতে চ যঃ ॥ ৬২
স্বয়েষ্বপি যথাভাগমুপপাত্তে ভৈক্ষ্যমেব চ
ত্রিকালমগ্নিকার্যেষু তৎপরো বৈ যথাবিধি ॥ ৬৩
দোগ্ধ্রীমপহিতাং ধেনুং চাভিরূপাং বপুষ্মতীম্।
ত্রেতাগ্নিমন্ত্রসংস্কারাং সমাবিশ্য দ্বিজো ভবেৎ ॥ ৬৪
জ্ঞানবিজ্ঞানসম্পন্নঃ সংস্কৃতো বেদপারগঃ।
বিপ্রো ভবতি ধর্মাত্মা ক্ষত্রিয়ঃ যেন কর্মণা ॥ ৬৫
এতৈঃ কর্মফলৈর্দেবি ন্যূনজাতিকুলোদ্ভবঃ।
শূদ্রোঽপ্যাগমসম্পন্নো দ্বিজো ভবতি সংস্কৃতঃ ॥ ৬৬

করিবে এবং অন্য দিনে কেবল দুইবার ভোজন করিবে, যথা আর কিছু ভক্ষ করিবে না। নিয়ম অবলম্বন করিয়া থাকিবে, বেদাদি শাস্ত্রের আধ্যয়নে নিরত থাকিবে এবং প্রতিদিন পবিত্র হইয়া অগ্নিশালায় কুশের উপর বস্ত্রাবৃতদেহে শয়ন করিবে ॥ ৬০

ক্ষত্রিয় সদা শ্রীবৃদ্ধিসহকারে সকলের অভিলষিত সংকার করিতে করিতে ধর্ম, অর্থ ও কাম এই ত্রিবর্গের সেবা করিবে। পুত্রের যদি অন্ত্যেষ্টি করিয়া তাহার নিত্য অন্ন প্রার্থনা করে, তবে তাহাকে এই উত্তর দিবে যে, অন্ন প্রস্তুত আছে, যাইয়া গ্রহণ কর ॥ ৬১

ক্ষত্রিয় স্বার্থ বা কামবশতঃ কোনও বস্তুর প্রদর্শন করিবে না। যে পিতৃপুরুষ, দেবতা ও অতিথিগণের সেবার জন্য চেষ্টা করে, সে-ই শ্রেষ্ঠ ক্ষত্রিয় ॥ ৬২

ক্ষত্রিয় উপনয়নের পর নিজেরই গৃহে ন্যায়ানুসারে ভিক্ষা করিবে। তিন বেলা যথাবিধি অগ্নিহোত্রকার্য সম্পন্ন করিবে ॥ ৬৩

ক্ষত্রিয়ধর্মে অবস্থান পূর্বক ত্রিবিধ অগ্নির মন্ত্রসহকারে পরিচর্যা করিয়া পবিত্র হইয়া যদি দোগ্ধ্রী এবং ব্রাহ্মণগণের নিমিত্ত জন্য যুদ্ধে শত্রুর সম্মুখে নিহত হয়, তবে সে পরজন্মে ব্রাহ্মণ হইয়া থাকে ॥ ৬৪

এইরূপ ধর্মাত্মা ক্ষত্রিয় নিজের কর্মের দ্বারা জন্মান্তরে জ্ঞান-বিজ্ঞানসম্পন্ন, সংস্কারযুক্ত ও বেদশাস্ত্রজ্ঞ বিদ্বান্ ব্রাহ্মণ হয় ॥ ৬৫

দেবি! এই কর্মফলের প্রভাবে নীচ জাতি ও হীন কুলে উৎপন্ন শূদ্রও জন্মান্তরে শাস্ত্রজ্ঞানসম্পন্ন এবং সংস্কারযুক্ত ব্রাহ্মণ হয় ॥ ৬৬

ব্রাহ্মণো বাপসেষ্যুক্তঃ সর্বসত্ত্ববতোজনঃ।
ব্রাহ্মণ্যাং স সমুৎপন্নো শূদ্রো ভবতি তাদৃশঃ ॥ ৪৭
কর্মভিঃ শুচিভির্নিত্যং শুদ্ধাচারো বিজিতেন্দ্রিয়ঃ।
শূদ্রোঽপি দ্বিজবৎ সেব্য ইতি ব্রহ্মব্রবীৎ স্বয়ম্ ॥ ৪৮
স্বভাবঃ কর্ম চ শুভং যত্র শূদ্রোঽপি তিষ্ঠতি।
বিশিষ্টঃ স দ্বিজাতের্বৈ ইতি মে মতিঃ। ৪৯
ন যোনির্নাপি সংস্কারো ন শ্রুতং ন চ সন্ততিঃ।
কারণানি দ্বিজত্বস্য বৃত্তমেব তু কারণম্ ॥ ৫০
সর্বোঽয়ং ব্রাহ্মণো লোকে বৃত্তেন তু বিধীয়তে।
বৃত্তে স্থিতস্তু শূদ্রোঽপি ব্রাহ্মণত্বং নিয়চ্ছতি ॥ ৫১
ব্রাহ্মঃ স্বভাবঃ শূদ্রেঽপি সমঃ সর্বত্র মে মতিঃ।
নির্গুণং নির্মলং ব্রহ্ম যত্র তিষ্ঠতি স দ্বিজঃ ॥ ৫২
এতে যোনিফলা দেবি স্থানভাগনিদর্শকাঃ
স্বয়ঞ্চ বরমেবোক্তা ব্রহ্মণা সন্ততা পুরা ॥ ৫৩
ব্রাহ্মণোঽপি ত্বহং ক্ষেত্রং লোকে চরতি শাশ্বতং।

যং তত্র বীজং বপতি সা কৃষিঃ প্রেত্য ভাবিনি ॥ ৫৪
বিষসাশিনা সদা ভাব্যং সংপথালম্বিনা তথা।
ব্রাহ্মং হি মার্গমাক্রম্য বর্তিতব্যং বৃভূষতা ॥ ৫৫
সাহিতাধ্যায়িনা ভাব্যং গৃহে বৈ গৃহমেধিনা
নিত্যং স্বাধ্যায়িনা ভাব্যং ন চাধ্যায়নজীবিনা ॥ ৫৬
এবম্ভূতো হি যো বিপ্রঃ সংপথং সংপথে স্থিতঃ।
অতিক্রান্তিগতীনাং স ব্রহ্মত্বায় কল্পতে ॥ ৫৭
ব্রাহ্মণ্যং দেবি সম্প্রাপ্য রক্ষিতব্যং যত্নবতা
যোনিপ্রতিগ্রহাদ্যৈঃ কর্মভিস্ত শুচিস্মিতে ॥ ৫৮
এতৎ তে গুহ্যমাখ্যাতং যথা শূদ্রো ভবেদ্ দ্বিজঃ।
ব্রাহ্মণো বা চ্যুতো ধর্ম্যাদ্ যথা শূদ্রত্বমাপ্নুতে ॥ ৫৯

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি উমামহেশ্বরসংবাদে
ত্রিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১৪৩

ব্রাহ্মণও যদি দুরাচারী হইয়া সমস্ত সময় ভাঁড়ের ন্যায় ভোজন করিতে থাকে, তবে সে ব্রাহ্মণত্ব পরিত্যাগ করিয়া শেষটায় শূদ্র হইয়া যায়। ৪৭

শূদ্রও যদি জিতেন্দ্রিয় হইয়া পবিত্র কর্মকলাপের অনুষ্ঠানের দ্বারা নিজের অন্তঃকরণকে শুদ্ধ করে, তবে সে-ও দ্বিজেরই ন্যায় সেব্য হয়—ইহা স্বয়ং ব্রহ্মা বলিয়াছেন। ৪৮

স্বভাবও এই অধিকার দেয়, যদি শূদ্রের মধ্যে সংস্কারের ও উত্তম কর্ম বিদ্যমান থাকে, তবে সে দ্বিজাতি হইতেও অধিক মাননীয়। ৪৯

ব্রাহ্মণত্বের প্রাপ্তিতে না কেবল জন্ম, না সংস্কার, না শাস্ত্রজ্ঞান ও না সন্ততিই কারণ। ব্রাহ্মণত্বের প্রধান কারণ হইল সদাচার। ৫০

জগতে এই সকল ব্রাহ্মণ সদাচারের দ্বারাই জগতে স্থির থাকে। সদাচারে অবস্থিত শূদ্রও ব্রাহ্মণত্ব লাভ করিতে পারে। ৫১

সুজ্যোতি! ব্রহ্মের স্বভাব সর্বত্র সমান। যাহার মধ্যে সেই নির্গুণ ও নির্মল ব্রহ্ম-জ্ঞান আছে, সে-ই বাস্তবে ব্রাহ্মণ—ইহাই আমার মত। ৫২

এই যে চার বর্ণের স্থান ও বিভাগ কথিত হইয়াছে, তাহা সেই সেই জাতিতে জন্মগ্রহণ করিবার ফল। প্রজাপতিরা সৃষ্টি করিবার সময় স্বয়ংই এই কথা বলিয়াছেন। ৫৩

ভামিনি! ব্রাহ্মণ সংসারে এক মহান ক্ষেত্র। সত্য ক্ষেত্র-

শ্রীমহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে উমা-মহেশ্বরসংবাদে ত্রিচত্বারিংশদধিকশততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

চতুশ্চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

(বন্ধনমুক্তি-ধর্ম-নরক-দীর্ঘজীবনাল্পজীবনপ্রদানাং মনোবাক্কর্মকৃতানাং শুভাশুভকর্মণাং বর্ণনম্)

ঊমোবাচ।

ভগবন্ সর্বভূতেশ দেবানুসুরনমস্কৃত
ধর্মার্থার্থী নৃণাং দেব স্তুতি মেতদশংসয় বিভো ॥ ১

কর্মণা মনসা বাচা ত্রিবিধা হি নরঃ সদা
যথাহে বন্ধনৈঃ পাশৈর্মুচ্যতেঽপ্যথবা পুনঃ ॥ ২

কেন শীলেন বৃত্তেন কর্মণা কীদৃশেন বা।
সমাচারৈশ্চ কৈঃ কৈশ্চা ধর্মং যান্তীহ মানবাঃ ॥ ৩

শ্রীমহেশ্বর উবাচ

দেবি ধর্মার্থতত্ত্বজ্ঞে ধর্মনিত্যা যমে রতে।
সর্বপ্রাণিহিতঃ প্রশ্নঃ শ্রুতস্তাঃ বুদ্ধিবর্ধনঃ ॥ ৪

সত্যধর্মরতাঃ সন্তঃ সর্বলিঙ্গবিবর্জিতাঃ।
যথৈলস্তার্থতোক্তারস্তে নরাঃ স্বর্গগামিনঃ ॥৫

নাধর্মেণ ন ধর্মেণ যথাসং ছিন্নসংশয়াঃ
প্রলয়োৎপত্তিতত্ত্বজ্ঞাঃ সর্বজ্ঞাঃ সর্বদর্শিনঃ ॥ ৬

বীতরাগা বিমুচ্যন্তে পুরুষাঃ কর্মবন্ধনৈঃ
কর্মণা মনসা বাচা যে ন হিংসন্তি কিঞ্চন ॥ ৭

যে ন সজ্জন্তি কস্মিংশ্চিদ্ যে ন যথান্তি কর্মভিঃ।
প্রাণাতিপাতাদ্ বিরতাঃ শীলবন্তো দয়ান্বিতাঃ ॥ ৮

তুলাদণ্ডেপ্রিতা যাদ্যা বুচ্যন্তে কর্মবন্ধনৈঃ
সর্বভূতদয়াবন্তো বিশ্বাস্যাঃ সর্বজন্তুষু ॥ ৯

অক্রুরিংসাসমাচারাস্তে নরাঃ স্বর্গগামিনঃ
পরস্বে নিস্পৃহা নিত্যাঃ পরদারবিবর্জিতাঃ ॥ ১০

যথৈলস্তার্থতোক্তারস্তে নরাঃ স্বর্গগামিনঃ
মাতৃবৎ পরদারেষু যে নিত্যাঃ প্রতিপদ্যন্তে ॥ ১১

চতুশ্চত্বারিংশদধিক শততম অধ্যায়।

[বন্ধনমুক্তি, ধর্ম, নরক ও দীর্ঘায়ু এবং অল্পায়ু প্রদানকারী শরীর, বাক্য ও মনের দ্বারা কৃত শুভাশুভ কর্মসমূহের বর্ণন।]

উমা বলিলেন,—ভগবন্! সর্বকৃতেশ্বর! দেবাসুরবন্দিত দেব! বিভো! এখন আমাকে আপনি ধর্ম ও অর্থের স্বরূপ বলুন; যাহাতে এই বিষয়ে আমার সংশয় অপনোদিত হয়। ১

মানুষ সর্বদা মন, বাক্য ও কর্ম—এই তিনপ্রকার বন্ধনে আবদ্ধ আছে, বলুন! এই বন্ধনসমূহ হইতে সে পুনরায় কিভাবে মুক্ত হইতে পারিবে? ২

প্রভো! কিপ্রকার স্বভাব, কোন্ সদ্ব্যবহার, কিরূপ কর্ম, কোন্ সদাচারসমূহ অথবা শুভলক্ষণের দ্বারা এ জগতে মানুষ (বদ্ধ হয়, মুক্ত হয় এবং) স্বর্গে গমন করে? ৩

শ্রীমহেশ্বর বলিলেন,—ধর্ম ও অর্থতত্ত্বসমন্বিতে অভিজ্ঞা, সদা ধর্মে অবস্থিতা, ইন্দ্রিয়সংযমপরায়ণা দেবি! তোমার প্রশ্ন সমস্ত প্রাণিদিগের পক্ষেই হিতকর এবং বুদ্ধিবর্ধিকারী, তুমি ইহার উত্তর শ্রবণ কর। ৪

যে সব মানুষ ধর্মের দ্বারা উপার্জিত ধন ভোগ করে, সমস্ত আশ্রমসম্ভবা ক্রিয়াসমূহ হইতে পৃথক্ থাকিয়াও সত্য এবং ধর্মের তৎপর থাকে, তাহারাই স্বর্গে গমন করে। ৫

যাহাদের সকলপ্রকার সন্দেহ নষ্ট হইয়া গিয়াছে, যাহারা প্রলয় ও উৎপত্তির তত্ত্ব জানে, সর্বজ্ঞ ও সর্বদর্শী, সেই মহাত্মাগণ ধর্মের দ্বারাও বদ্ধ হন না এবং অধর্মের দ্বারাও বদ্ধ হন না। ৬

যাহারা মন, বাক্য ও ক্রিয়ার দ্বারা কোনও প্রাণীর হিংসা করে না এবং যাহাদের আসক্তি সর্বতোভাবে নষ্ট হইয়া গিয়াছে, সেই সব পুরুষই কর্মবন্ধন হইতে মুক্ত হন। ৭

যাহারা কোনও বিষয়ে আসক্ত হন না, কোনও প্রাণীর প্রাণ হরণ কার্যে রত থাকে না, যাহারা দয়ালু ও দয়াশীল তাহারাও কর্মবন্ধনে পতিত হন না। যাহাদের নিকট শত্রু ও মিত্র উভয়ই সমান, সেই সব জিতেন্দ্রিয় পুরুষ কর্মফলের বন্ধন হইতে মুক্ত হইয়া যান। ৮

যাহারা সকল প্রাণীর প্রতিই দয়াবান্, সমস্ত জীবের বিশ্বাস-পাত্র এবং হিংসাত্মক আচরণ পরিত্যাগ করিয়া দিয়াছে, সেই সব মানুষ স্বর্গে গমন করে। ৯

যাহাদের অন্তরের মনে কোনরূপ মমতা নাই, পরস্ত্রী-সংসর্গ হইতে সদা দূরে থাকে এবং যথাসময়ে শ্রাদ্ধ অন্নই ভোজন করে, সেই সব মানুষ স্বর্গে গমন করিয়া থাকে। ১০

যাহারা পরস্ত্রীগণকে সদা মাতৃবৎ, ভগিনীবৎ ও কন্যাবৎ বুঝিয়া শুদ্ধরূপ আচরণ করে, সেই মনুষ্যগণ স্বর্গলোকে যায়। ১১

পরদারেষু বর্তন্তে তে নরাঃ স্বর্গগামিনঃ।
দ্বৈতাদ্নিবৃত্তাঃ সন্তস্তা সন্তুষ্টাঃ স্বধনেন চ ॥ ১২
পতাগ্যাদ্যুপজীবন্তি তে নরাঃ স্বর্গগামিনঃ।
স্বদারনিরতা যে চ ঋতুকালাভিগামিনঃ ॥ ১৩
অপ্রদায়ানুপভোগাংশ্চ তে নরাঃ স্বর্গগামিনঃ।
পরদারেষু যে নিত্যং চারিত্রাদ্ব্যুপরতেলসাঃ ॥ ১৪
জিতেন্দ্রিয়াঃ শীলপরাস্তে নরাঃ স্বর্গগামিনঃ।
এষ দেবকৃতো মার্গঃ সেবিতব্যঃ সদা নরৈঃ ॥ ১৫
অকথায়কৃতশ্চৈব মার্গঃ সেব্যঃ সদা বুধৈঃ।
দানযজ্ঞতপোযুক্তঃ শীলশৌচদয়াত্মকঃ ॥ ১৬
মৃত্যুর্থং বয়হেতোর্বা সেবিতব্যঃ সদা নরৈঃ
স্বর্গদ্বারসতীমাহুর্দেব্যমুত্ত উত্তম ॥ ১৭

উমোবাচ।

যাচ্ঞা তু বধ্যতে যেন মুচ্যতেঽপাধরা পুনঃ।

তানি কর্মাণি যে দেব যৈ কৃতপতেঽনঘ ॥ ১৮

শ্রীমহেশ্বর উবাচ।

আত্মহেতোঃ পরার্থে বা নর্মহাস্যাশ্রয়াৎ তথা।
যে মৃষা ন বদন্তীহ তে নরাঃ স্বর্গগামিনঃ ॥ ১৯
মৃত্যুর্থং বয়হেতোর্বা কামকারাৎ তথৈব চ।
অনৃতং যে ন ভাষন্তে তে নরাঃ স্বর্গগামিনঃ ॥ ২০
ক্রুদ্ধান্ বাচীর্ নিরাবাধান্ মধুরাং পাপবর্জিতাম্।
যাদন্তেনাভিভাষন্তে তে নরাঃ স্বর্গগামিনঃ ॥ ২১
পরুষং যে ন ভাষন্তে কটুকং নিষ্ঠুরং তথা।
অপৈশুন্যরতাঃ সন্তস্তে নরাঃ স্বর্গগামিনঃ ॥ ২২
পিশুনাং ন প্রভাষন্তে মিত্রভেদকরীং গিরম্।
অন্যত্র মৈত্র্যা তু ভাষন্তে তে নরাঃ স্বর্গগামিনঃ ॥ ২৩
যে বর্জয়ন্তি পরুষং পরত্রোদ্বেজকং মানবাঃ
সর্বভূতদয়া দান্তাস্তে নরাঃ স্বর্গগামিনঃ ॥ ২৪

যাহারা সতত নিজেদেরই ধনে সন্তুষ্ট থাকিয়া চৌর্যবৃত্তি হইতে নিবৃত্ত হইয়াছে এবং যাহারা নিজেদের ভাগ্যের উপরই নির্ভর করিয়া জীবনযাপন করে, সেই সব মানুষ স্বর্গগামী হয় ॥ ১২ ॥

যাহারা নিজেদের স্ত্রীরই উপর অনুরক্ত থাকিয়া ঋতুকালেই তাহাদের সহিত সহবাস করে এবং অন্য স্ত্রীলোকে আসক্ত হয় না, সেই মনুষ্যগণ স্বর্গলোকে গমন করে ॥ ১৩ ॥

যাহারা নিজেদের সদাচারের দ্বারা সর্বদাই পরস্ত্রীগণের দিক্ হইতে নিজেদের চক্ষুকে আবৃত করিয়া রাখে, সেই জিতেন্দ্রিয় ও শীলপরায়ণ মনুষ্যগণ স্বর্গে গমন করে ॥ ১৪ ॥

এই পথ দেবগণ কর্তৃক রচিত। ঋষি ও বেদেরও দৃষ্ট করিয়াছে। অতএব সাধারণ মনুষ্য ও বিদ্বান্ মনুষ্য উভয় মনুষ্যগণের সদাই ইহার সেবা করা উচিত ॥ ১৫ ॥

এই পথ দান, ধর্ম ও তপস্যাযুক্ত এবং শীল, শৌচ ও দয়াময় পথ। জীবিকা এবং ধর্মের জন্য সকলেরই মনুষ্যগণের এই পথের সেবা করা উচিত। যাহারা স্বর্গলোকে বাস করিতে বাসনা করে, তাহাদের পক্ষে সেবা করিবার যোগ্য ইহা হইতে শ্রেষ্ঠ উৎকৃষ্ট পথ আর নাই ॥ ১৬-১৭

উমাদেবী বলিলেন,—নিষ্পাপ কৃতজ্ঞাত্মা! মহাদেব! কিরূপ বাক্য বলিলে অথবা সেই বাক্যের দ্বারা কীরূপ কর্ম করিলে মানুষ বন্ধনমুক্ত হয় এবং সেই বন্ধন হইতে মুক্তিলাভ করে? সেই যাচিত কর্মফলের বর্ণনা আমার নিকটে করুন ॥ ১৮

শ্রীমহেশ্বর বলিলেন,—হাস্য ও পরিহাস অবস্থাতেও নিজের জন্য কিংবা অপরের জন্য যাহারা কখনও মিথ্যা কথা বলে না, সেই মনুষ্যগণ স্বর্গলোকে গমন করে ॥ ১৯ ॥

যাহারা জীবিকার জন্য অথবা ধর্মের জন্য কিংবা স্বেচ্ছাচারিতা-বশতঃ কখনও অনৃত কথা বলে না, সেই মনুষ্যগণই স্বর্গগামী হয় ॥ ২০

যাহারা স্নিগ্ধ, মধুর, বাধারহিত, পাপহীন ও আগন্তুনস্বাধ-রূপে বাক্য প্রয়োগ করে, সেই মানুষেরাই স্বর্গে গমন করিয়া থাকে ॥ ২১

যাহারা পরুষতা করে না, কখনও কাহাকেও কটোর, কটু (উত্তেজক) ও নিষ্ঠুরতাপূর্ণ বাক্য বলে না, সেই সজ্জন পুরুষগণ স্বর্গে গমন করে ॥ ২২

যাহারা দুই বন্ধুর মধ্যে বন্ধুত্বভেদকারী পরুষতাপূর্ণ ভাষা বলে না, সত্য ও মিত্রতাপূর্ণ বাক্য বলে, সেই মানুষেরা স্বর্গে গমন করে ॥ ২৩

যে সব মানুষ অন্যকে ভীত করা বলা এবং অপরের সহিত দ্রোহ করা পরিত্যাগ করে, সকল প্রাণীর প্রতি সমান ভাব রাখে ও জিতেন্দ্রিয় হয়, সেই সব মানুষই স্বর্গে গমন করে ॥ ২৪

শঠপ্রলাপাদ্ বিরতা বিরুদ্ধপরিবর্জকাঃ।
সৌম্যপ্রলাপিনো নিত্যং তে নরাঃ স্বর্গগামিনঃ ॥ ২৪
ন কোপাদ্ ব্যাহরন্তে যে বাচং হৃদয়দারণীম্।
সাধ্বং বদন্তি ক্রুদ্ধাঽপি তে নরাঃ স্বর্গগামিনঃ ॥ ২৬
এষ বাগ্‌ভিতো দেবি ধর্মঃ সেব্যঃ সদা নরৈঃ।
শুভাঃ সত্যগুণা নিত্যং বর্জনীয়ো মৃষা বুধৈঃ ॥ ২৭

উমোবাচ।

মনসা বধ্যতে যেন কর্মণা পুরুষঃ সদা
তন্মে ব্রূহি মহাভাগ দেবদেব পিনাকধৃক্ ॥ ২৮

শ্রীমহেশ্বর উবাচ।

মানসেনেহ ধর্মেণ সংযুক্তাঃ পুরুষাঃ সদা
স্বর্গং গচ্ছন্তি কল্যাণি তন্মে কীর্তয়তঃ শৃণু ॥ ২৯
দুষ্প্রণীতেন মনসা দুষ্প্রণীতকৃতা কৃতিঃ।
মনো যস্যাতি যেনেহ শৃণু বাক্যং শুভাননে ॥ ৩০

অন্যেষাং বিভবে ক্ষুব্ধা পরস্বং দৃষ্ট্বতে যদা
মনসাপি ন হিংসন্তি তে নরাঃ স্বর্গগামিনঃ ॥ ৩১
গ্রামে গৃহে বা যে ত্যক্ত্বা পাত্রকাং বিজনে স্থিতম্।
নাভিনন্দন্তি বৈ নিত্যং তে নরাঃ স্বর্গগামিনঃ ॥ ৩২
তথৈব পরদারান্ যে কামমুক্তান্ রহোগতান্।
মনসাপি ন হিংসন্তি তে নরাঃ স্বর্গগামিনঃ ॥ ৩৩
শত্রৌ মিত্রে চ যে নিত্যং তুল্যেন মনসা নরাঃ।
ভজন্তি মৈত্রাঃ সমদা তে নরাঃ স্বর্গগামিনঃ ॥ ৩৪
শ্রুতবন্তো দয়াবন্তঃ শুচয়ঃ সত্যসঙ্গরাঃ।
দৈবতৈঃ পরিসন্তুষ্টাস্তে নরাঃ স্বর্গগামিনঃ ॥ ৩৫
অদ্বৈষ্টা যে ভূতরাসা মৈত্রীচিত্তরতাঃ সদা।
সর্বভূতদয়াবন্তস্তে নরাঃ স্বর্গগামিনঃ ॥ ৩৬
শ্রদ্ধাবন্তো দয়াবন্তস্তোষাচ্ছোষাচ্ছুভপ্রিয়াঃ।
ধর্ম্যাধর্মবিদো নিত্যং তে নরাঃ স্বর্গগামিনঃ ॥ ৩৭

যাহাদের মুখ হইতে কখনও পরুষতাপূর্ণ কথা নির্গত হয় না, যাহারা বিদ্বেষ কথা বলা পরিহার করে এবং সদা সৌম্য (অপ্রিয়সূচক) বাক্যই বলে, সেই মনুষ্যগণ স্বর্গগামী হয়। ২৪

যাহারা ক্রোধবশতঃ হৃদয়বিদীর্ণকারী বাক্য বলে না এবং ক্রুদ্ধ হইলেও সাধুতাপূর্ণ বাক্যই বলিয়া থাকে, সেই সব মানুষই স্বর্গে গমন করে। ২৬

দেবি! এই বাক্যসম্বন্ধিত ধর্ম কথিত হইল। মনুষ্যগণের সর্বদা এই ধর্মের সেবা করা উচিত। বিদ্বান্‌গণের কর্তব্য হইল—তাহারা সদা শুভ ও সত্য কথাই বলিবে এবং মিথ্যাকে সর্বতোভাবে পরিত্যাগ করিয়া দিবে (এই বাক্য-সম্বন্ধিত ধর্ম নিষ্ঠাসহকারে আচরণ করিলে পরমাত্মপদ লাভ হয়)। ২৭

উমাদেবী বলিলেন,—মহাভাগ! পিনাকধারী দেবদেব! যে মানসিক ধর্মের দ্বারা সকল মানুষ সদা বন্ধনগ্রস্ত হয়, তাহা আমাকে বলুন। ২৮

শ্রীমহেশ্বর বলিলেন,—কল্যাণি! যে সব মানুষ সদা মানস ধর্মের দ্বারা যুক্ত থাকে অর্থাৎ মনের দ্বারা ধর্মেরই চিন্তা ও আচরণ করে, তাহারা স্বর্গে গমন করিয়া থাকে। আমি এবিষয়ে যাহা বলিতেছি, তাহা শ্রবণ কর। ২৯

দুর্মতি! মানুষের মনে যদি দুর্বিচার আসে, তবে তাহার কার্যও দুর্নীতিপূর্ণ ও দূষিত হইয়া যায়, যাহার দ্বারা মন বন্ধন-গ্রস্ত হয়। এবিষয়ে আমার যাহা শ্রবণ কর। ৩০

যখন অন্যের ধন-ঐশ্বর্য দেখিয়া পতিত হয়া যায়, সেই সময়েও উহার গ্রহণেচ্ছায় যাহারা তাহার জন্য মনে মনেও কাহারও হিংসা করে না, সেই সব মানুষ স্বর্গগামী হয়। ৩১

গ্রামে বা গৃহে নির্জন স্থানে স্থিত অন্যের জনকে কখনও সম্ভাষণ করে না, সেই মনুষ্যগণই স্বর্গে গমন করিয়া থাকে। ৩২

এইভাবে যাহারা নির্জন স্থানে প্রাপ্ত কামাসক্ত পরস্ত্রীগণকে মনেও যাহাতে তাহাদের সহিত অন্যায় করিবার বিচার করে না, সেই মনুষ্যগণ স্বর্গগামী হয়। ৩৩

যে সব মনুষ্য সকলের প্রতি মৈত্রীভাব রাখিয়া তাহাদের সহিত মিলিত হয় এবং শত্রু ও মিত্রকেও সদা সমানভাবে গ্রহণ করে, সেই মনুষ্যগণ স্বর্গে গমন করিয়া থাকে। ৩৪

যাহারা শাস্ত্রজ্ঞ, দয়ালু, পবিত্র, সত্যপ্রতিজ্ঞ ও ধীর মনেই সন্তুষ্ট থাকে, সেই সব মানুষই স্বর্গে গমন করে। ৩৫

যাহাদের মনে কাহারও প্রতি দ্বেষী ভাব নাই, যাহারা আত্মসন্তুষ্ট, মৈত্রীভাবে পূর্ণহৃদয় এবং সমস্ত প্রাণীর প্রতিই সদা দয়াপরায়ণ, সেই মনুষ্যগণ স্বর্গে গমন করে। ৩৬

যাহারা শ্রদ্ধালু, দয়ালু, শুদ্ধ অন্তরিত্র এবং ধর্ম ও অধর্ম বিষয়ে অভিজ্ঞ, সেই মনুষ্যগণ স্বর্গগামী হয়। ৩৭

শুভানামশুভানাঞ্চ কর্মণাং ফলসঞ্চয়ে
বিপাকজ্ঞান্ত্ব যে দেবি তে নরাঃ স্বর্গগামিনঃ ॥ ৩৮
জারোপেতা গুরোপেতা দেবর্ষিভপরাঃ সদা।
সমুত্থানমনুপ্রাপ্তাস্তে নরাঃ স্বর্গগামিনঃ ॥ ৩৯
শুভৈঃ কর্মফলৈর্দেবি মর্ত্যেতে পরিকীর্তিতাঃ।
স্বর্গদ্বারপরা ভূত্বা কিং ত্বং জ্ঞাতুমিহেচ্ছসি ॥ ৪০

উমোবাচ।

মহান্ যে সংশয়ঃ কশ্চিন্মত্যান্ প্রতি মহেশ্বর।
তস্মাৎ ত্বা নৈপুণেনাহং মম ব্যাখ্যাতুমর্হসি ॥ ৪১
কেনাঙ্গুলভতে দীর্ঘং কমলা পুরুষং প্রভো
তপসা বাপি দেবেশ কেনাঙ্গুলভতে মহৎ ॥ ৪২
কীদৃশাস্তু খলু ভবতি কর্মণা ভুবি মানবাঃ
বিপাকং কর্মণাং দেব বক্তুমর্হস্যবিশঙ্কিত ॥ ৪৩
অপরে চ মহাভাগা মন্দভাগ্যাস্তথাপরে।
অকুলীনাস্তথা চান্যে কুলীনাশ্চ তথাপরে ॥ ৪৪
দুঃখাঃ কেচিদ্ভবন্তি নরাঃ কাষ্ঠময়া ইব
প্রিয়দর্শাস্তথা চান্যে দর্শনাদেব মানবাঃ ॥ ৪৫
দুষ্প্রজ্ঞাঃ কেচিদ্ভবন্তি কেচিদ্ভবন্তি পণ্ডিতাঃ।
মহাপ্রজ্ঞাস্তথৈবান্যে জ্ঞানবিজ্ঞানতাবিদঃ ॥ ৪৬
অল্পাবাবাস্তথা কেচিন্মহাবাবাস্তথাপরে
বৃণুষ্বৈতে পুরুষা দেব তন্মে ব্যাখ্যাতুমর্হসি ॥ ৪৭

শ্রীমহেশ্বর উবাচ।

হন্ত তেঽহং প্রবক্ষ্যামি দেবি কর্মফলোদয়ম্
মর্ত্যলোকে নরঃ সদ্যো যেন ফলমনুভবতে ॥ ৪৮
প্রাণাতিপাতে যো রৌদ্রো দণ্ডহস্তোদ্যতঃ সদা
নিত্যবুদ্ধতশস্ত্রশ্চ ভবতি কৃতকর্মণাং নরঃ ॥ ৪৯
নির্দয়ঃ সর্বভূতানাং নিত্যমুদ্বেজকশ্চ যঃ।
অপি কীটপিপীলানামবলানাং শুনির্ঘৃণঃ ॥ ৫০

দেবি! যাহারা শুভ ও অশুভ কর্মসমূহের ফলসঞ্চয় বিষয়ে পরিণামের জ্ঞাতা, সেই সব মানুষ স্বর্গে গমন করে ॥৩৮

যাহারা জ্ঞানোপায়ন, গুরুবান্, দেবতা ও দ্বিজগণের ভক্ত এবং উত্থান (উদ্যম) প্রাপ্ত হইয়াছে, সেই মনুষ্যগণ স্বর্গে গমন করিয়া থাকে ॥ ৩৯

দেবি! যাহারা শুভ কর্মফলসমূহের ফলের দ্বারা স্বর্গপথে অবস্থান করিতে ইচ্ছুক, তাহাদের বর্ণনা আমি এই স্থলে করিলাম। এখন তুমি আর কি শুনিতে বাসনা কর? ৪০

উমাদেবী বলিলেন,—মহেশ্বর! আমার মনুষ্যগণের সম্বন্ধে এক গভীর সংশয় রহিয়াছে সেইহেতু আপনি নৈপুণ্যের সহিত তাহা আমার নিকট পরিষ্কার করিয়া বলুন ॥ ৪১

প্রভো! মানুষ কোন্ কর্মের দ্বারা দীর্ঘায়ু লাভ করে? দেবেশ! কোন্ তপস্যার দ্বারাই বা মানুষ লীন আয়ু প্রাপ্ত হয়? ৪২

অনিন্দনীয় মহাদেব! এই ভূতলে কোন্ কর্মের দ্বারা মানুষের আয়ু ক্ষীণ হইয়া যায়? আপনি আমাকে কর্মসমূহের বিপাক (পরিণাম) বলুন ॥ ৪৩

এ জগতে কিছু মানুষ মহাসৌভাগ্যশালী হয়, আবার অন্য বহু মানুষ মন্দভাগ্য হয়। কিছু মানুষ নিম্নিত কুলে উৎপন্ন হয়, আবার অন্য বহু মানুষ উচ্চকুলে জন্মগ্রহণ করে ॥ ৪৪

কিছু মানুষ দুর্ভগাগ্রস্ত হইয়া কাষ্ঠময় (জড়বৎ) প্রতীত হয়, আবার অন্য একদল মানুষ আছে, তাহাদের দেখিলেই মন প্রসন্ন হইয়া যায়, তাহাদের দেখিতেও ভাল লাগে ॥ ৪৫

কিছু মানুষ দুর্বুদ্ধি বলিয়া প্রতীত হয়, কিছু মানুষ পণ্ডিত বলিয়া মনে হয় এবং অন্য বহু মানুষ জ্ঞান-বিজ্ঞান সম্পন্ন মহাপ্রাজ্ঞ বলিয়া প্রতীত হয় ॥ ৪৬

দেব! কিছু মানুষ সাধারণ ও অল্প বাধাগ্রস্ত হয় এবং অন্য বহু মানুষ আবার মহাবাধা-সমূহে পরিবৃত হইয়া থাকে। এইরূপ যে ভিন্ন ভিন্ন প্রকারের বিষম অবস্থায় পতিত মনুষ্যগণকে দেখা যায়, তাহাদের এই বিষমতার কারণ কি? তাহা আমাকে বলুন ॥ ৪৭

শ্রীমহেশ্বর বলিলেন,—দেবি! এখন আমি প্রজ্ঞাজ্ঞানসহকারে তোমাকে এই কথা বলিব, কোন্ কর্মের ফলের উদয় কিভাবে হয় এবং মর্ত্যলোকের সকল মানুষ কিভাবে নিজ নিজ কৃত কর্মের ফল ভোগ করে ॥ ৪৮

দেবি! যে মানুষ অন্যের প্রাণহরণের জন্য হস্তে দণ্ড লইয়া সর্বদা তাহার বধ ধারণ করিয়া থাকে, যে মানুষ প্রতিদিন অস্ত্র উদ্যোলিত করিয়া তাহাদের প্রাণিগণকে হত্যা করিতে থাকে, যাহার অন্তরে তাহাদের প্রতি দয়া হয় না, যে মানুষ সমস্ত প্রাণীদিগকে সর্বদা উদ্বিগ্ন করে এবং যে অত্যন্ত ক্রূর স্বভাব কীট ও পিপীলিকাগণকেও মরণদান করে, এরূপ মানুষ ঘোর নরকে পতিত হয় ॥ ৪৯-৫০½

এবম্ভূতো নরো দেবি নিরয়ং প্রতিপদ্যতে
বিপরীতস্তু ধর্মাত্মা রূপবানভিজায়তে ॥ ৫১
পাপেন কর্মণা দেবি যন্মো হিংসাত্মভির্নরঃ।
অপ্রিয়ঃ সর্বভূতানাং হীনাঙ্গুত্বং প্রপদ্যতে ॥ ৫২
নিরয়ং যাতি হিংসাত্মা যাতি স্বর্গমহিংসকঃ
যাতনাং নিরয়ে রৌদ্রাং স কৃচ্ছ্রাং লভতে নরঃ ॥ ৫৩
যঃ কশ্চিন্নিরয়াৎ তস্মাৎ সমুত্তরতি কর্হিচিৎ।
মানুষ্যং লভতে চাপি হীনাঙ্গুত্বঞ্চ গচ্ছতি ॥ ৫৪
পাপেন কর্মণা দেবি যন্মো হিংসাত্মভির্নরঃ।
অপ্রিয়ঃ সর্বভূতানাং হীনাঙ্গুত্বং প্রপদ্যতে ॥ ৫৫
যস্তু শুক্লাভিজাতীয়ঃ প্রাণিঘাতবিবর্জকঃ।
নিক্ষিপ্তদণ্ডো নির্বৈরো ন হিংসতি কদাচন ॥ ৫৬

ন ঘাতয়তি নো হন্তি ন হন্যাদ্ন চানুমোদতে।
সর্বভূতেষু সত্ত্বেষু যথাঽঽত্মনি তথা পরে ॥ ৫৭
ঈদৃশঃ পুরুষোৎকর্ষো দেবি দেবত্বমশ্নুতে
উপপদ্যান্ সুখান্ ভোগানুপপাদ্যাতি মুদা যুতঃ ॥ ৫৮
অথ চেন্মানুষং লোকে কদাচিদুপপদ্যতে।
তত্র দীর্ঘায়ুরুৎপন্নঃ স নরঃ সুখমেধতে ॥ ৫৯
এষ দীর্ঘায়ুষাং মার্গঃ সুখ্যানাং সুখিনাম্।
প্রাণিহিংসাবিমোক্ষেণ ব্রহ্মণা সমুদীরিতঃ ॥ ৬০

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি উমামহেশ্বরসংবাদে
চতুশ্চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১৪৪ ॥

যাহার স্বভাব ইতর বিনীত, সে ধর্মাত্মা ও রূপবান হয় দেবি! হিংসাপ্রিয় মানুষ নিজের পাপকর্মের জন্য অপর প্রাণিগণের যথা, সমস্ত প্রাণীরই অপ্রিয় এবং অঙ্গাদি হইয়া যায় ॥ ৫১-৫২

যাহার চিত্ত হিংসায় রত, সে নরকে গমন করে এবং যে তাহারও হিংসা করে না, সে স্বর্গে গমন করিয়া থাকে। নরকে পতিত মানুষ অত্যন্ত কষ্টদায়ক ও ভয়ংকর যাতনা ভোগ করে ॥ ৫৩

যদি কখনও কোনও জীব সেই নরক হইতে মুক্তিলাভ করে, তবে সে মনুষ্যযোনিতে জন্মগ্রহণ করিয়া থাকে, কিন্তু সেখানে তাহার আয়ু অত্যন্ত অল্প হয় ॥ ৫৪

দেবি! পাপকর্মের দ্বারা যত হিংসাপরায়ণ মানুষ সমস্ত প্রাণিগণের অপ্রিয় হওয়ায় অঙ্গাদি হইয়া যায় ॥ ৫৫

ইহার বিপরীত যে মানুষ শুভ কুলে উৎপন্ন হইয়া জীবহিংসা পরিত্যাগ করে, যে অস্ত্র ও দণ্ড ত্যাগ করিয়া রহিয়াছে, যাহার দ্বারা কখনও কাহারও হিংসা হয় না, যে আঘাত করে না, আঘাত করিবার অনুমতি দেয় না এবং আঘাতকারীকে কখনও অনুমোদন করে না, যাহার মনে সকল প্রাণীর প্রতিই সেই বিজ্ঞান থাকে এবং যে নিজেরই তুল্য অন্য প্রাণিগণকেও দয়াদৃষ্টিতে দর্শন করে, দেবি! এরূপ শ্রেষ্ঠ মানুষ দেহত্যাগের পর ও দেবলোকে আনন্দ সহকারে অতি উৎকৃষ্ট ভোগসমূহ অনুভব করে ॥ ৫৬-৫৮

অথবা যদি কোনও সময়ে সে মনুষ্য-লোকে জন্মগ্রহণ করে, তবে সেই মানুষ দীর্ঘায়ু লাভ করে ও সুখী হয় ॥ ৫৯

ইহাই সংকর্মের অনুষ্ঠানকারী, সদাচারী ও দীর্ঘজীবী মনুষ্যগণের লক্ষণ। সমস্ত প্রাণিগণের হিংসা পরিত্যাগকারী ব্রহ্মা এই পথের উপদেশ করিয়াছেন ॥ ৬০

শ্রীমন্মহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতে অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে উমা-মহেশ্বরসংবাদবিষয়ক চতুশ্চত্বারিংশদধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

পঞ্চচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

(স্বর্গ-নরকপ্রদানাম্ উত্তরাধ্যয়কূলে তপ্রাপ্তিকারকাণাঞ্চ কর্মণাং বর্ণনম্।)

উমোবাচ

কিংশীলঃ কিংসমাচারঃ পুরুষঃ কৈশ্চ কর্মভিঃ।
স্বর্গং সমভিপদ্যেত তন্মে ব্রূহি যথা ।। ১

শ্রীমহেশ্বর উবাচ।

দাতা ব্রাহ্মণসংকর্তা দীনার্তকৃপণাদিষু
ভক্ষ্যভোজ্যান্নপানানাং বাসসাঞ্চ প্রদায়কঃ ।। ২

প্রতিগ্রহান্ সতাঃ কৃপান্ প্রপাঃ পুষ্করিণীস্তথা
নৈত্যকানি চ সর্বাণি ভিন্নিচ্ছন্নমহীব চ ।। ৩

আসনং শয়নং যানং গৃহং বস্ত্রং ধনং তথা।
তস্য তাতানি সর্বাণি গাঃ ক্ষেত্রাণ্যথ যোষিতঃ ।। ৪

পুত্রস্তীতনয়া নিত্যাঃ যঃ প্রযচ্ছতি মানবঃ
এবম্ভূতো নরো দেবি দেবলোকেঽভিজায়তে ।। ৫

তত্রোষ্ণ সুচিরং কালং ভুক্ত্বা ভোগাননুত্তমান্
সহাপ্সরোভির্মুদিতো রমতে নন্দনাদিষু ।। ৬

তস্মাৎ স্বর্গাচ্যুতো লোকান্ মানুষেষু প্রজায়তে।
মহাভোগকুলে দেবি ধনধান্যসমন্বিতে ।। ৭

তত্র কামগুণৈঃ সর্বৈঃ সমুপেতো মৃদা যুতঃ।
মহাভোগো মহাকোশো ধনী ভবতি মানবঃ ।। ৮

এতে দেবি মহাভাগাঃ প্রাণিনো দানশীলিনঃ।
ব্রাহ্মণা বৈ পুরা প্রোক্তাঃ সর্ব্বস্য প্রিয়দর্শনাঃ ।। ৯

অপরে মানবা দেবি প্রদানকৃপণা দ্বিজৈঃ।
যাচিতা ন প্রযচ্ছন্তি বিদ্যমানেঽপ্যবৃদ্ধয়ঃ ।। ১০

দীনান্ধকৃপণান্ দৃষ্ট্বা ভিক্ষুকানতিদীনপি।
যাচ্যমানা নিবর্তন্তে ভিন্নালোড্যসমন্বিতাঃ ।।১১

ন ধনানি ন বাসাংসি ন ভোগান্ ন চ কাঞ্চনম্।
ন গাবো নাপ্যবিকৃতিং প্রযচ্ছন্তি কদাচন ।। ১২

অপ্রবৃত্তাস্তু যে লুব্ধা নাস্তিকা দানবর্জিতাঃ।
এবম্ভূতা নরা দেবি নিরয়ং যান্ত্যবৃদ্ধয়ঃ ।।১৩

পঞ্চচত্বারিংশদধিক শততম অধ্যায়।

[স্বর্গ ও নরকপ্রদ এবং উত্তর ও অধর কূলে তত্ত্ব প্রাপ্তিকারক কর্মসমূহের বর্ণন।]

উমাদেবী বলিলেন,—ভগবন্! মানুষ কিরূপ স্বভাব, কিরূপ সদাচার ও কোন্ কর্মসমূহের দ্বারা অথবা কোন্ দানের দ্বারা স্বর্গে গমন করে? ১

শ্রীমহেশ্বর বলিলেন,—দেবি! যে মানুষ ব্রাহ্মণগণকে সম্মান করে ও নানাবিধ বস্তু দান করে, দীন, দুঃখী ও অতিথিগণকে ভক্ষ্য, ভোজ্য, অন্ন-পান এবং বস্ত্র প্রদান করে, যান করিবার স্থান, বর্ণশালা, কূপ, প্রপা (পানীয়শালা) ও পুষ্করিণী নির্মাণ করে, দানগ্রহণকারী ব্যক্তিগণের ইচ্ছা জিজ্ঞাসা করিয়া নিত্য দান যোগ্য বস্তুসমূহ দান করে, সমস্ত নিত্য কর্ম্মের অনুষ্ঠান করে, আসন, শয্যা, যান, গৃহ, বস্ত্র, ধন, ধান্য, গো, ক্ষেত্র ও কন্যাগণকে প্রসন্নতা পূর্ব্বক দান করে, দেবি! এরূপ মানুষ দেবলোকে জন্মগ্রহণ করে। ১-৫

সেখানে দীর্ঘকাল পর্য্যন্ত বাস করিয়া উত্তম ভোগসমূহ ভোগ করিতে করিতে নন্দনাদি বনকূলে অপ্সরাগণের সহিত সে আনন্দিতচিত্তে রমণ করে। ৬

দেবি! তাহাদের সেই স্বর্গলোক হইতে চ্যুত হইয়া সে মর্ত্যলোকে আসিলে পর মনুষ্যজাতির মধ্যে মহাভোগসমৃদ্ধ কূলে জন্মগ্রহণ করে এবং ধন-ধান্যসম্পন্ন হয়। ৭

মানব-জোনিতে সে সমস্ত কমনীয় গুণে সম্পন্ন হয় এবং সানন্দে বাস করে। তাহার নিকট প্রচুর ভোগসামগ্রী সঞ্চিত থাকে। তাহার কোনও ধনভাণ্ডার বিশাল হয়। সেই মানুষ এইভাবে জন্মলাভ করে। ৮

দেবি! এই দানশীল প্রাণীরাই এরূপ মহাভোগসম্পন্নী হয়। পুরাকালে ব্রহ্মা ইহাদের এইভাবেই পরিচয় দিয়াছেন। তাহা মনুষ্যগণ সকলেরই দৃষ্টিতে প্রিয় হয়। ৯

দেবি! অন্য বহু মানুষ দানপ্রদানে কৃপণতা করে। এই সব মন্দবুদ্ধি মানুষ ব্রাহ্মণগণ প্রার্থনা করিলে পর নিজেদের নিকট ধন থাকিলেও তাহাদিগকে কিছুই দেয় না। ১০

তাহারা দীন, অন্ধ, কৃপণ, ভিক্ষুক ও অতিদিনগণকে দেখিয়াই দূরে সরিয়া যায়। এই সব ব্যক্তিগণ যাচ্ঞা করিলেও ভিক্ষার সোলুপতায় অন্ন তাহাদিগকে অর্পণ করে না। ১১

তাহারা না ধন, না বস্ত্র, না ভোগ, না সুবর্ণ, না গো, না অন্ন হইতে উৎপন্ন নানাবিধ খাদ্য বস্তু দান করে।১২

দেবি! এইরূপ অকর্ম্মণ্য, দোষী, নাস্তিক ও দানধর্ম্মবর্জিত বুদ্ধিহীন মনুষ্যগণ নরকে পতিত হয়। ১৩

তে বৈ মনুষ্যতাং যান্তি যদা কালস্য পর্যয়াৎ
ধনরিক্তে কুলে জন্ম লভন্তে পল্লবৃত্তয়ঃ ॥১৪

ক্ষুৎপিপাসাপরীতাশ্চ সর্বলোকবহিষ্কৃতাঃ
নিরাশাঃ সর্বভোগেভ্যো জীবন্তঃ পর্ণভক্ষিকাঃ ॥ ১৫

অন্নভোগকুলে জাতা অন্নভোগরতা নরাঃ
অনেন কর্মণা দেবি ভবন্ত্যধনিনো নরাঃ ॥ ১৬

অপয়ে ভক্তিনো নিত্যং মানিনঃ পাপতো ভৃতাঃ
আসনার্হাস্য যে পীঠং ন প্রযচ্ছন্ত্যাত্তেজসঃ ॥ ১৭

মার্গার্হস্য চ যে মার্গং ন যচ্ছন্ত্যাত্মবুদ্ধয়ঃ ॥
পাদ্যার্হস্য চ যে পাদ্যং ন দদন্ত্যাত্মবুদ্ধয়ঃ ॥ ১৮

অর্ঘ্যার্হান্ ন চ সৎকারৈরর্চন্তি যথাবিধি
অর্ঘ্যমাচমনীয়ং বা ন যচ্ছন্ত্যাত্মবুদ্ধয়ঃ ॥ ১৯

গুরুং চাতিথয়ং প্রেম্না গুরুত্বম্ন বৃত্তয়ে
অভিমানপ্রবৃত্তেন লোভেন সমবস্থিতাঃ ॥ ২০

সম্মানার্হাংস্তথাবমন্যে বৃত্তান্ পরিভবন্তি চ
এবংবিধা নরা দেবি সর্বে নিরয়গামিনঃ ॥ ২১

তে বৈ যদি নরাস্তস্মান্নিরয়াত্তত্তরন্তি বৈ
সর্বপুণ্যৈস্ততো জন্ম লভন্তে কুৎসিতে কুলে ॥ ২২

খপাক-পুল্কসাদীনাং কুৎসিতানামতেজসাম্ ।
কুলেষু তেষু জায়ন্তে গুরুমূত্রাপভাষিনঃ ॥ ২৩

ন তুষ্টা ন চ মানী যো দেবতা-দ্বিজপূজকঃ
লোকপূজ্যো নরস্তস্মাৎ প্রশ্রিতো মৃদুরুচ্যতে ॥ ২৪

সর্ববর্ণপ্রিয়করঃ সর্বকৃত্তহিতঃ সদা
অদ্বেষ্টা মৃদুমুখঃ শ্লক্ষ্ণঃ স্নিগ্ধবাণীপ্রদঃ সদা ॥ ২৫

আগতৈর্নৈব সর্বৈস্তু কৃতানাবহিরেকঃ
যথার্হসৎক্রিয়াপূর্বমচ্যন্তে বান্ধবাস্তথা ॥ ২৬

মার্গার্হায় দদন্মার্গং গুরু গুরুবদর্চনম্
অভিথিপ্রবরব্রতমথাত্মাগতপূজকঃ ॥ ২৭

ব্রাহ্মণ আগমন করিলে পর যাঁহাকে পূজা করে না যাঁহাকে গুরুর ন্যায় মান করিতে ইচ্ছুক হয় না, অভিমান এবং লোভের বশীভূত হইয়া তাহার সম্মানীয় মনুষ্যগণকে অপমান ও বৃথা পুরস্কারাদি তিরস্কার করে। হে দেবি! এইরূপ আচরণকারী সকল মানুষই নরকগামী হয়। ২০-২১

যদি যদি অতিক্রান্ত হইবার পর যখন তাহারা নরক হইতে মুক্তি পায় তখন তাহারা চণ্ডাল ও পুল্কসাদি নিম্নিত এবং মৃত মনুষ্যগণের মূত্রনিক্ত কুলে জন্মগ্রহণ করে। তখনও ও বৃথা পুরস্কারকারী এই সব অধম মানুষ চণ্ডালাদিগের এই নিম্নিতকুলে উৎপন্ন হয়। ২২-২৩

দেবি! যে না দৈবজ্ঞ, না অতিথিসেবী এবং যে দেবতা ও দ্বিজগণের পূজা করে, সংসারের সকল মানুষ ইহাকে পূজা বলিয়া মনে করে, যে জ্যেষ্ঠগণকে নমস্কার করে, বিনয়ী, মধুরভাষী, সকল বর্ণের মানুষেরই প্রিয়, সমস্ত প্রাণিবর্গের হিতকারী, যাহার অন্যায়ও সহিত দেখা যায়, যাহার মুখ প্রসন্ন ও স্বভাব কোমল, যে সর্বদা স্নিগ্ধসম্ভাষণযুক্ত দেখিবামাত্র কথা বলে, কোনও প্রাণীকে হিংসা করে না, সকলকে যথাযোগ্য সৎকার করিয়া পূজা করে, যে পথপ্রদান করিবার যোগ্য ব্যক্তিকে পথপ্রদান করে, গুরুকে গুরুর ন্যায় মান করে, অতিথিদিগকে আমন্ত্রিত করিয়া তাহাদের সেবায় নিরত থাকে এবং ঘরে আগত অতিথিদিগকে

যদি কালের বিপর্যয়বশতঃ এই সব মনুষ্যই মানুষ পুনরায় মনুষ্যযোনিতে জন্মগ্রহণ করে, তবে তাহারা নির্ধন কুলেই উৎপন্ন হয়। ১৪

সেখানে উহারা সদা ক্ষুধা ও পিপাসায় কষ্ট পাইতে থাকে। সকল লোক তাহাদের সমাজ হইতে বহিষ্কার করিয়া দেয়। তাহারা সর্বপ্রকার ভোগ হইতে নিরাশ হইয়া পাতাহারের দ্বারা জীবিকা নির্বাহ করে। ১৫

হে দেবি! এই পাপকর্মসমূহই মনুষ্যগণ অন্নভোগসম্পন্ন কুলে জন্মগ্রহণ করে, অন্নভোগই ভোগ করে এবং সদা নির্ধন হইয়া থাকে। ১৬

ইহা ব্যতীতও অন্য এরূপ বহু মানুষ আছে, যাহারা সদা গর্ব ও অভিমানে পূর্ণ থাকে এবং পাপে রত থাকে। এইসব অল্পবুদ্ধি মূর্খ মানুষ আসনদানের যোগ্য পূজ্য পুরুষকে বসিবার কোনও পীঠ (পীঠা বা চৌকী) পর্যন্ত দেয় না। ১৭

এইসব বুদ্ধিহীন অথবা মন্দবুদ্ধি মানুষ পথদানের যোগ্য পুরুষকে রাহাদার পথ দেয় না এবং পাদ্য অর্পণ করিবার যোগ্য পূজনীয় মানুষকে পাদ্য (পাদ ধৌত করিবার জল) ও প্রদান করে না। ১৮

কেবল উহারা নহে, উহারা অর্ঘ্যদানের যোগ্য মাননীয় ব্যক্তিগণকে নানাবিধ সৎকারের দ্বারা বিধি অনুসারে পূজা করে না অথবা এই মূর্খতা তাহাদিগকে অর্ঘ্য ও আচমনীয় প্রদান করে না। ১৯

এবমুক্তো নরো দেবি স্বর্গতিঃ প্রতিপদ্যতে ।
ভক্তো মানুষতাঃ প্রাপ্য বিশিষ্টকুলজো ভবেৎ । ১৮
তত্রাসৌ বিপুলৈর্ভোগৈঃ সর্বত্রসমাবৃতঃ ।
যথার্হদাতা চার্তেষু ধর্মচর্যাপরো ভবেৎ । ১৯
সম্মতঃ সর্বভূতানাং সর্বলোকনমস্কৃতঃ
স্বকর্মফলমাপ্নোতি স্বয়মেব নরঃ সদা । ৩০
উদারকুলজাতীয় উদারাভিজনঃ সদা ।
এষ ধর্মো ময়া প্রোক্তো বিধাত্রা স্বয়মীরিতঃ । ৩১
যস্তু রৌদ্রসমাচারঃ সর্বসত্ত্বভয়ঙ্করঃ ।
তস্যাভ্যাং যদি বা পদ্ভ্যাং বদ্ধ্বা দণ্ডেন বা পুনঃ । ৩২
লোষ্টৈঃ ভক্তৈরপূর্বৈর্বা ভক্তুং ন যাবতি শোভনে ।
হিংসার্থা নিকৃতিপ্রজ্ঞঃ প্রোদ্বেজয়তি চৈব হ । ৩৩
উপক্রামতি ভক্তুং চ উদ্বেজনকরঃ সদা ।
এবংশীলসমাচারো নিরয়ং প্রতিপদ্যতে । ৩৪
স বৈ মনুষ্যতাং গচ্ছেদ্ যদি কালস্য পর্যায়াৎ ।

যদ্যবাবাবপরিক্লিষ্টো ভাগ্যভো জায়তে নরঃ । ৩৫
লোকদ্বেষ্যোঽধমঃ পুংসাং স্বয়ং কর্মফলৈঃ কৃতৈঃ ।
এষ দেবি মনুষ্যেষু বোদ্ধব্যো জাতিবন্ধুষু । ৩৬
অপরঃ সর্বভূতানি দয়াবানুপপদ্যতি ।
মৈত্রদৃষ্টিঃ শিতৃদয়ো নির্বৈরো নিয়তেন্দ্রিয়ঃ । ৩৭
রোদ্বেজয়তি ভূতানি ন বিশ্বাসয়তে তথা ।
যস্তপাদৈঃ ক্ষুদ্রিয়ৈর্বিশ্বাস্তঃ সর্বজন্তুষু । ৩৮
ন বজ্ঞ্যা ন চ দণ্ডেন ন লোকৈর্নাধুনেন চ ।
উদ্বেজয়তি ভূতানি প্রক্তকর্মা দয়াপরঃ । ৩৯
এবংশীলসমাচারঃ স্বর্গে সমুপজায়তে ।
তত্রাসৌ ভবনে দিব্যে মুদা বসতি দেববৎ । ৪০
স চেৎ কর্মক্ষয়াদ্ভূয়ো মনুষ্যেষুপজায়তে ।
অল্পাবাধো নিরাতঙ্কঃ স জাতঃ সুখমেধতে । ৪১
সুখভাগী নিরায়াসো নিরুদ্বেগঃ সদা নরঃ ।
এষ দেবি সতাং মার্গো যাত্রা যত্র ন বিদ্যতে । ৪২

পূজা করে, এরূপ মানুষ স্বর্গে গমন করিয়া থাকে। তাহার পর যানযোনিতে আসিয়া বিশিষ্ট বংশে উৎপন্ন হয়। ১৭-১৮

সেই স্থলে সে বিপুল ভোগসমূহে সর্বপ্রকার রত্নসম্ভারে যুক্ত হইয়া সুখোপযোগী ব্রাহ্মণগণকে যথাযোগ্য দান করে এবং যথাস্থানে তৎপর থাকে। ১৯

সেখানে সকল প্রাণীই তাহাকে সম্মান করে এবং সকল মানুষই তাহাকে নমস্কার করে। এইভাবে সেই মানুষ নিজের কর্মফলসমূহের ফল লাভ করিয়াই ভোগ করে। ৩০

ধর্মাত্মা মানুষ সদা উচ্চ কুল, উচ্চ জাতি ও উচ্চ স্থানে জন্মলাভ করে। সাক্ষাৎ ব্রহ্মা কর্তৃক কথিত এই ধর্ম আমি বর্ণনা করিলাম। ৩১

শোভনে! যে মানুষের আচরণ ক্রূরতায় পূর্ণ, যে সকল প্রাণীরই ভয়কর, যে হস্ত, পদ, দণ্ড, লোষ্ট্র (মাটির ঢিল) দ্বারা প্রহার করিয়া, শূলে বধ করিয়া এবং অস্ত্রের দ্বারা জীবজন্তুদিগকে পীড়াদান করে, ক্ষুদ্র-কর্তব্যে নিপুণ হইয়া হিংসায় রত সেই জীবগণের মধ্যে উদ্বেগজনক হইয়া সেই সব জন্তুদিগের উপর আক্রমণ করে, এরূপ স্বভাব ও আচরণসম্পন্ন মানুষ নরকে পতিত হয়। ৩২-৩৪

যদি কালের বিপর্যয়ে পুনরায় মনুষ্যযোনিতে আসে, তবে বহুবিধ বাধাবিঘ্নের দ্বারা ক্লেশকর অবস্থাতে জন্মগ্রহণ করে। ৩৫

দেবি! এরূপ মানুষ নিজেরই কৃত কর্মফলের ফলভাগের মনুষ্যগণের মধ্যে এবং জ্ঞাতিবন্ধুবর্গের মধ্যে নীচ বলিয়া পরিগণিত হয় ও সকল মানুষই তাহাকে ঘৃণা করে। ৩৬

ইহার বিপরীত যে মানুষ সকল প্রাণীর প্রতি দয়াবৃষ্টি রাখে, সকলের প্রতি মিত্রভাবসম্পন্ন হয়, সকলের উপর পিতার ন্যায় স্নেহ করে, কাহারও সহিত শত্রুতা করে না, ইন্দ্রিয়গণকে বশীভূত করিয়া রাখে, যে কখনও প্রকৃতিকে নিজের অধীনে রাখিয়া কোনও জীবকে উদ্বিগ্ন করে না এবং প্রহার করে না, যাহার উপর সকল প্রাণী বিশ্বাস করে, যে হত্যা, দণ্ড ও অস্ত্রসমূহের দ্বারা প্রাণিগণকে কষ্ট দেয় না, যাহার কর্ম কোমল ও নির্দোষ হয় এবং সর্বদা দয়াপরায়ণ, এরূপ স্বভাব ও আচরণসম্পন্ন মানুষ স্বর্গলোকে গিয়া দেবভাবন করে এবং সেখানে দিব্য ভবনে দেবতাদিগের ন্যায় আনন্দসহকারে বাস করে। ৩৭-৪০

তাহাদের ভোগের পুণ্যকর্ম ক্ষীণ হইয়া গেলে যদি সে মর্ত্যলোকে জন্মগ্রহণ করে, তবে তাহার উপর বাধা-বিপত্তি অল্পই আসে এবং নির্ভয় হইয়া সুখে উন্নতি লাভ করে। সুখভাগী হইয়া সে আয়াস ও উদ্বেগরহিত জীবনযাপন করিয়া থাকে। দেবি! ইহাই হইল সৎপুরুষগণের মার্গ, যেখানে কোনরূপ বাধাবিঘ্ন থাকে না। ৪১-৪২

উমোবাচ।

ইমে মনুষ্যা দৃশ্যন্তে উদাপোহবিশারদাঃ।
জ্ঞানবিজ্ঞানসম্পন্নাঃ প্রজ্ঞাবন্তোঽর্থকোবিদাঃ ॥ ৪০
দুষ্প্রজ্ঞাস্তাপরে দেব জ্ঞানবিজ্ঞানবর্জিতাঃ।
কেন কর্মবিশেষেণ প্রজ্ঞাবান্ পুরুষো ভবেৎ ॥ ৪৪
অল্পপ্রজ্ঞো বিরূপাক্ষ কথং ভবতি মানবঃ
এতন্মে সংশয়ং ছিন্ধি সর্বধর্মবিদাং বর ॥ ৪৫
জ্ঞাত্যাস্তাপরে দেব রোগার্তাস্তাপরে তথা।
নরাঃ ক্লীবাস্তু দৃশ্যন্তে কারণং ব্রূহি তত্র বৈ ॥ ৪৬

শ্রীমহেশ্বর উবাচ।

ব্রাহ্মণান্ বেদবিদুষঃ সিদ্ধান্ বর্ষীয়সস্তথা।
পরিপৃচ্ছন্ত্যুইরহঃ কুশলাঃ কুশলং তথা ॥ ৪৭
বর্জয়ন্তোঽশুভং কর্ম সেবমানাঃ শুভং তথা।
লভন্তে স্বর্গতিং নিত্যমিহলোকে তথা সুখম্ ॥ ৪৮
স চেন্মানুষতাং যাতি মেধাবী তত্র জায়তে।
প্রজ্ঞা প্রজ্ঞাগুণং যস্য কল্যাণমুপজায়তে ॥ ৪৯

পরদারেষু যে চাপি চক্ষুশ্চাপলং প্রযুঞ্জতে
তেন দুষ্টস্বভাবেন ভ্রাম্যন্তেঽত্র ভবন্তি তে ॥ ৫০
মনসা তু প্রদুষ্টেন নরাঃ পশ্যন্তি যে স্ত্রিয়ম্
রোগার্তাস্তে ভবন্ত্যত্র নরা দুষ্কৃতকারিণঃ ॥ ৫১
যে তু মূঢ়া দুরাচারা বিযোনৌ মৈথুনং রতাঃ।
পুরুষেষু নৃশংসাশ্চ ক্লীবত্বমুপযান্তি তে ॥ ৫২
পশূংশ্চ যে ঘাতয়ন্তি যে চৈব শুষ্কবল্লরাঃ।
প্রকীর্ণমৈথুনা যে চ ক্লীবা জায়ন্তি তে নরাঃ ॥ ৫৩

উমোবাচ।

সাবদ্যং কিন্তু বৈ কর্ম নিরবদ্যং ত্বথৈব চ
জ্ঞেয়ং কুর্মহবাম্যেতি মানবো দেবসত্তম ॥ ৫৪

শ্রীমহেশ্বর উবাচ।

শ্রেয়াংসো মার্গমন্বিচ্ছন্ সদা যঃ পৃচ্ছতি দ্বিজান্।
বর্ষীয়সীং বুদ্ধিমাস্থায় স স্বর্গং সমুপাশ্নুতে ॥ ৫৫
যদি মানুষতাং দেবি কদাচিৎ স নিগচ্ছতি
মেধাবী ধারণাযুক্তঃ প্রাপ্নুয়াদ্ভাতিকাং গতিম্ ॥ ৫৬

উমাদেবী বলিলেন,—ভগবন্! এই মনুষ্যগণের মধ্যে কিছু মানুষ যাহা-প্রতিপাদনের জ্ঞান বিজ্ঞানসম্পন্ন, বুদ্ধিমান্ ও অর্থনিপুণ হয়—ইহা দেখা যায় ॥ ৩৩

দেব! আবার অন্য কিছু মানুষকে জ্ঞান-বিজ্ঞানশূন্য ও দুর্বুদ্ধি হইতে দেখা যায়। এরূপ অবস্থায় মানুষ কোন্ বিশেষ কর্ম করিলে বুদ্ধিমান্ হইয়া থাকে? ৩৪

বিরূপাক্ষ! মানুষ কেন মন্দবুদ্ধি হয়? সমস্ত ধর্মজ্ঞাগণের মধ্যে শ্রেষ্ঠ মহাদেব! আপনি আমার এই সংশয় নিরাকরণ করুন ॥ ৩৫

দেব! কিছু মানুষ অন্ধ, কিছু মানুষ রোগপীড়িত এবং অন্য বহু মানুষ আবার নপুংসক হয়। ইহারই বা কারণ কি? তাহা আমাকে বলুন ॥ ৩৬

শ্রীমহেশ্বর বলিলেন,—দেবি! যে মানুষ মহাজনগণ সিদ্ধ, বেদজ্ঞ ও বর্ষীয়ান্ ব্রাহ্মণগণকে প্রতিদিন তাঁহাদের কুশল জিজ্ঞাসা করে এবং অশুভ কর্ম ত্যাগ করিয়া শুভ কর্মের সেবা করে, সেই মানুষই পরলোকে স্বর্গ ও ইহলোকে সদা সুখলাভ করিয়া থাকে ॥ ৩৭-৪৮

যথা কাষ্ঠঞ্চ কাষ্ঠঞ্চ সমেয়াতাং মহোদধৌ
সমেতা চ ব্যপেয়াতাং তদ্বত জ্ঞাতিসমাগমঃ । ৪৪৫
অনর্থনাশাপত্তিতাঃ পুনশ্চাগমনং মতাঃ
স্নেহস্তত্র ন কর্ত্তব্যো বিপ্রযোগো হি ধ্রুবঃ । ৪৪৬
দৃষ্টিপুষ্পপ্রহারাশ্চ শরীর বনসঞ্জ্ঞকঃ
ঐশ্বর্যং যস্তুতা চেতি ন মুহ্যেত তত্র পণ্ডিতঃ । ৪৭
সুখমেকান্ততো নাস্তি শক্রত্বাপি ত্রিবিষ্টপে
কুতাপি সুখমব্যং দুঃখং সুখসমন্বিতম্ ভবেৎ । ৪৮
ন নিত্যং লভতে দুঃখং ন নিত্যং লভতে সুখম্ ।
সুখমানন্তরং দুঃখং দুঃখমানন্তরং সুখম্ । ৪৯
অন্যান্যা বিচেষ্টাঃ সর্বে পত্তব্যাস্তাঃ সমুচ্ছ্রয়াঃ
সংযোগা বিপ্রযোগান্তা মরণান্তক জীবিতম্ । ৫০

এই সনাতনধর্মে যে প্রাণীর বৃদ্ধি উদ্বেগ-দুখা, সে শোক, ব্যাধি ও বার্দ্ধক্যের দুঃখ হইতে মুক্ত হইয়া নিত্যসুখ লাভ করে। সেইজন্য সনাতন হইতে বৈরাগ্য উৎপন্নকারী ও মনকে স্থিরভাবে তাপিতকারী জ্ঞানের উপদেশ তোমাকে করিব, কারণ, অমৃতের (মোক্ষের) মূল কারণ একমাত্র 'জ্ঞান' । ৩১-৩৩

শোকে সহস্র স্থান আছে এবং ভয়েরও শত স্থান আছে। যাহারা মূর্খ মানুষের উপর প্রতিদিন নিজ নিজ প্রভাব বিস্তার করে, বিদ্বান্ পুরুষের উপর নহে । ৩৭

ধন নষ্ট হইয়া যাইলে কিংবা স্ত্রী, পুত্র বা পিতার মৃত্যু হইলে, 'অহো' আমার উপর অতিশয় দুঃখ উপস্থিত হইয়াছে এরূপ চিন্তা করিতে করিতে মানুষ শোকের স্থানে উপনীত হয় । ৩৮

কোনও দ্রব্য নষ্ট হইয়া যাইলে পর তাহার যে সব গুণ জানা আছে, তাহাদের চিন্তা করিবে না। সেই সব গুণের অনাদরকারী মানুষের শোকের বন্ধন নষ্ট হইয়া যায় । ৩৯

অপ্রিয় বস্তুর সংযোগ এবং প্রিয় বস্তুর বিয়োগ প্রাপ্ত হইলে পর অল্পবুদ্ধি মানুষ মানসিক দুঃখসমূহের দ্বারা সংযুক্ত হয় । ৪০

যে ব্যক্তি মৃত মানুষ বা নষ্ট বস্তুর জন্য শোক করে, সেই ব্যক্তি কেবল সন্তাপেরই ভাগী হইয়া থাকে। তাহার দুঃখ আর নিষ্কৃত হয় না। মরণ-যোনিতে উৎপন্ন মানুষের নিকট গর্ভাবস্থা হইতেই নানাপ্রকার দুঃখ এবং সুখ আসিতে থাকে । ৪১-৪২

সেই উভয়ের মধ্যে যদি কোনও একটি মার্গ তাহারও প্রাপ্তি হয়, তবে সেই মানুষ সুখ প্রাপ্ত হইয়া কবে উল্লসিত হইবে না এবং দুঃখ প্রাপ্ত হইয়া মানসিক চিন্তায় অভিভূত হইবে না । ৪৩

যেখানে আসক্তি হইতে থাকিবে, সেখানে যোগসঙ্গী হইবে। সেই বস্তুকে অনিষ্ট দৃষ্টিতে দর্শন করিবে, যাহাতে তাহার বিষয়ে সত্বরই বৈরাগ্য উৎপন্ন হয় । ৪৪

যেরূপ মহাসাগরে দুইটি কাষ্ঠ একত্রে ভাসিতে ভাসিতে আসিয়া পরস্পর মিলিত হয় এবং মিলিত হইয়া পুনরায় তাহারা পৃথক্ হইয়া যায়, সেইরূপে জ্ঞাতিসমেতের মিলন হইয়া থাকে । ৪৫

সকল মানুষই অন্যত্র স্থান হইতে আসিয়া থাকে এবং পুনরায় অন্যত্র স্থানেই চলিয়া যায়। অতএব তাহাদের প্রতি আসক্তিমূলক স্নেহ করা উচিত নয়, কারণ, তাহাদের সহিত বিয়োগ সুনিশ্চিত । ৪৬

দৃষ্টিরূপ পুষ্প, স্ত্রী, পত্নীরূপ বনলতা, ঐশ্বর্য ও স্বত্বতা—এই সবের প্রতি বিদ্বান্ মানুষের আসক্ত হওয়া উচিত নয়। স্বর্গে বিদ্যমান দেবতাও উদ্বেগের কেবল দুঃখ হইতে সুখই লাভ হয় না। সেখানেও অত্যন্ত অধিক দুঃখ ভোগ হয় এবং সুখ অল্পই লাভ হয় । ৪৭-৪৮

তাহারও সর্বদা দুঃখ লাভ হয় না এবং সর্বদা কেহ সুখ লাভও করিতে পারে না। দুঃখের পর দুঃখ এবং সুখের পর সুখ লাভ হইয়া থাকে । ৪৯

উদ্ভ্রান্ত বিপিপাতাংশ্চ দৃষ্ট্বা প্রত্যক্ষতঃ স্বয়ম্
অনিত্যামসুখাং চেতি ব্যবস্যেৎ সর্বমেব চ ॥ ৫১

অর্থানামার্জনে দুঃখমর্জিতানাং তু রক্ষণে।
নাশে দুঃখং ব্যয়ে দুঃখং ধিগর্থা দুঃখভাজনম্ ॥ ৫২

অর্থবন্তং নরং নিত্যং শঙ্কন্তিষ্ঠন্তি শত্রবঃ।
রাজা চোরশ্চ দায়াদা দুষ্কৃতানি তথা ৫৩ ॥ ৫৩

অর্থমেবমনর্থানাং মূলমিত্যবধারয়ন্।
ন জ্বরার্তঃ প্রবাধন্তে নরমর্থবিবর্জিতম্ ॥ ৫৪

অর্থপ্রাপ্তির্যথা দুঃখমজ্ঞিতস্য পরা সুখম্।
উপভোক্তব্যে চার্থানাং দুঃখং হি নিয়তং তথৈব ॥ ৫৫

ধনলোভেন দুষ্প্রাপ্তা ন তৃপ্তিরুপলভ্যতে।
লব্ধাশ্রয়ো বিবর্ধেত সমিদ্ধ ইব পাবকঃ ॥ ৫৬

জিত্বাপি পৃথিবীং কৃৎস্নাং ভুক্ত্বা সাগরমেখলাম্
সাগরাধার পুনঃ পারং ভোক্তুমিচ্ছত্যসংশয়ম্ ॥ ৫৭

অলং পরিগ্রহেণেহ দোষবান্ হি পরিগ্রহঃ।
কোপকারঃ কৃষির্যেষা বর্ধতে হি পরিগ্রহাৎ ॥ ৫৮

একোঽপি পৃথিবীং কৃৎস্নাং হন্তুমেকক্ষত্রাং প্রশাস্তি চ।
একশিষ্যেণ রাষ্ট্রেণ তু স চাপি নিবসেন্নৃপঃ ॥ ৫৯

তস্মিন্ রাষ্ট্রেঽপি নগরমেকমেবাধিতিষ্ঠতি
নগরেঽপি গৃহা হৈকং তবৈং তস্য নিবেশনম্ ॥ ৬০

এক এব প্রবিষ্টঃ স্যাদাবাসমুদ্গৃহেষ্বপি চ
আবাসে শয়নং হৈকং নিশি যত্র প্রলীয়তে ॥ ৬১

শয়নস্যার্ধমেবাস্য স্ত্রিয়াশ্চার্ধং বিধীয়তে।
তদপ্যেন প্রসঙ্গেন অপ্রৈবৈতে মৃতাস্তে ॥ ৬২

সর্বং মমেতি সম্মূঢ়ো বলং পঙ্ক্তি বালিশঃ
এবং সর্বোপযুক্তেষু বস্তুষসা প্রয়োজনম্ ॥ ৬৩

তণ্ডুলপ্রস্থমাত্রেণ যাত্রা স্যাৎ সর্বদেহিনাম্
তস্মাৎ ভূয়স্তরো ভোগো দুঃখায় তপনায় চ ॥ ৬৪

নাস্তি তৃষ্ণাসমং দুঃখং নাস্তি ত্যাগসমং সুখম্।
সর্বান্ কামান্ পরিত্যজ্য ব্রহ্মভূয়ায় কল্পতে ॥ ৬৫

সমস্ত সংগ্রহেরই অন্ত বিনাশ, সকল উন্নতিরই অন্ত পতন, সংযোগের অন্ত বিয়োগ এবং জীবনের অন্ত মৃত্যু। উত্থান ও পতন বরাবর প্রত্যক্ষ দর্শন করিয়া ইহা নিশ্চয় করিবে যে, এ সংসারের সব কিছুই অনিত্য ও দুঃখময়। ৫১-৫১

অর্থের অর্জনে উপার্জনে দুঃখ ভোগ হয়, উপার্জিত অর্থ সমূহের রক্ষা বিষয়েও দুঃখ লাভ হইয়া থাকে। ধনের নাশ ও ব্যয়েও দুঃখ হয়। এইরূপ দুঃখভাজন ধনকে সতত ধিক্কার। ৫২

ধনবান্ ব্যক্তিরই উপর সকলে সর্বদাই লক্ষ্য আঘাত করে—রাজা, চোর, উত্তরাধিকারী ভ্রাতাদি, অন্যান্য শত্রুগণ এবং ঋণ। প্রিয়ে! এইভাবে তুমি অর্থকে সব অনর্থের মূল বলিয়াই জানিবে। ধনহীন ব্যক্তিকে অনর্থ যাহা দিতে পারে না। ৫৩-৫৪

ধনের প্রাপ্তি অভিলষিত দুঃখদায়ক এবং অভিলষিত (বিবর্ধিত)-ই নিশ্চয় সুখ; কারণ, যখন যে-ও উপার্জন আসে, তখন নিশ্চয়ই অভিলষিত দুঃখ ভোগ করিতে হয়। ৫৫

ধনের লোভের দ্বারা তৃষ্ণার কখনও নিবৃত্তি হয় না। তৃষ্ণা বা লোভের আশ্রয় প্রাপ্ত হইলে সে প্রজ্বলিত অগ্নির ন্যায় তাহারা বৃদ্ধিই হইতে থাকে। ৫৬

চারি সমুদ্র যাহার মেখলা, সেই সম্পূর্ণা পৃথিবীকে জয় করিয়া যাহার নষ্ট হয় না। সে পুনরায় সমুদ্রের পরপার স্থিত দেশসমূহও জয় করিবার ইচ্ছা করে, ইহাতে কোনও সংশয় নাই। ৫৭

পরিগ্রহের (সংগ্রহের) দ্বারা এ সংসারে কোনও লাভ হয় না, কারণ, পরিগ্রহ যাবতীয়ে পূর্ণ থাকে কৃষি। যেমনের কীট পরিগ্রহের দ্বারাই বর্ধনপ্রাপ্ত হয়। ৫৮

যে রাজা একাকীই সমগ্র পৃথিবীকে একচ্ছত্র শাসন করে সেই রাজ্যেও কোনও একটি রাজ্যে বাস করে আবার সেই রাজ্যের কোনও এক নগরেই রাজা অবস্থান করে। সেই নগরের কোনও এক গৃহেই তাহার বিশ্রামস্থান থাকে। ৫৯-৬০

সেই গৃহের তাহার জন্য একটি মাত্র কক্ষই নির্দিষ্ট থাকে। আবার সেই কক্ষের তাহার জন্য একটি মাত্র শয্যা থাকে, যাহাতে রাজা রাত্রিকালে শয়ন করে। ৬১

সেই শয্যার মধ্যের অর্ধ ভাগ তাহার, আর অপর অর্ধভাগ রাণীর ব্যবহারে স্থির থাকে। এই প্রসঙ্গে দেখা যায় যে, সেই রাজা অতি অল্প ভাগই নিজে উপভোগ করিতে পায়। তথাপি সেই অতিশয় মূঢ় ও অজ্ঞান রাজা সমস্ত দৃশ্যমণ্ডলকে নিজের বলিয়াই মনে করে এবং সকলে নিজের বশ প্রদর্শন করে। এই ভাবে সমস্ত বস্তুসমূহের উপভোগবিষয়ে তাহার অতি অল্প বস্তুর প্রয়োজন হয়। প্রতিদিন এক প্রস্থ (এক সের) তণ্ডুলের দ্বারাই সমস্ত দেহধারী মনুষ্যদের প্রাণযাত্রা নির্বাহ হইয়া থাকে। তাহার অধিক ভোগ দুঃখ এবং সন্তাপের কারণ হয়। ৬২-৬৪

তৃষ্ণার সমান দুঃখ নাই, ত্যাগের সমান সুখ নাই। সকল কামনা পরিত্যাগ করিয়া ব্রহ্মভূয়ের জন্য প্রস্তুত হইবে। ৬৫

যা দুস্ত্যজা দুর্মতিভির্যা ন জীর্যতি জীর্যতঃ।
যোঽসৌ প্রাণান্তিকো রোগস্তাং তৃষ্ণাং ত্যজতঃ সুখম্ ॥ ৬৬

ন জাতু কামঃ কামানামুপভোগেন শাম্যতি।
হবিষা কৃষ্ণবর্ত্মেব ভূয় এবাভিবর্ধতে ॥ ৬৭

অনাদ্যন্তৌ যদা কামাবাত্মা লোকশ্চ শাশ্বতঃ।
আত্মনাবিষ্টপন্থাস্ত্বং কামাদ্যিং কথং যাস্যসি ॥ ৬৮

ইন্দ্রিয়ার্থেন সম্মোহাৎ সহস্রাকৃতলক্ষণম্।
যৎ পৃথিব্যাং ব্রীহিযবং হিরণ্যং পশবঃ স্ত্রিয়ঃ ॥ ৬৯

নালমেকস্য পর্যাপ্তমিতি পঞ্চন্ন বুধ্যতে ॥ ৭০

যচ্চ কামসুখং লোকে যচ্চ দিব্যং মহৎ সুখম্।
তৃষ্ণাক্ষয়সুখস্যৈতে নার্হতঃ ষোড়শীং কলাম্ ॥ ৭১

ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেষু নৈব বীরো নিষেবতে।
মনোবৃত্তীর্ন সংযমা নিত্যমাত্মনি যোজয়েৎ ॥ ৭২

ইন্দ্রিয়াণাং বিনর্দেন দোষমৃচ্ছত্যসংশয়ম্।
সন্নিয়ম্য তু তান্যেব ততঃ সিদ্ধিমবাপ্নুয়াৎ ॥ ৭৩

যদ্যদাত্মনি যুক্তানামৈশ্বর্যং যোঽধিগচ্ছতি।
ন চ পাপেন তানর্থৈঃ সংযুজ্যেত বিচক্ষণঃ ॥ ৭৪

অপ্রমত্তঃ সদা যুঞ্জন্নিন্দ্রিয়াণি বিচক্ষণঃ।
অবাপ্নোতীহ তেষাণ্তু ক্ষয়ং নৈবোপলভ্যতে হি ॥ ৭৫

ত্বমি কামমহঞ্চিত্ত্বা মোহসম্ভবসম্ভবঃ।
অজ্ঞানাদ্ভূমুলস্ত্বং বিদিতঃ সাদরিষ্যসে ॥ ৭৬

লোভলোভময়স্ত্বন্তঃ পুত্র দুষ্কৃতকারণম্।
আত্মানমাবিষ্টপন্থানং শ্লোকপূজো ততঃকৃতঃ ॥ ৭৭

নানাযন্ত্রপত্রাঢ্যঃ প্রমাদাং পরিবর্ধিতঃ।
মহতীভিঃ পিপাসাভিঃ সমন্তাৎ পরিবেষ্টিতঃ ॥ ৭৮

সংরোহতাকৃতপ্রজ্ঞো পাপঃ কামময়ঃ ॥ ৭৯

নৈব তোষমিতো মূঢ়ো যা ছিন্নস্তে পুনঃ ॥ ৮০

কৃচ্ছ্রাপায়েষ্বনির্তোষ্ণ স্নিগ্ধায়েষু কৃতেষু চ
দুঃখার্তিষু দুরন্তেষু কামমোক্ষেষু কা রতিঃ ॥ ৮১

দুষ্কার সমান কোনও দুঃখ নাই, তাদের সমান কোনও সুখ নাই। সমস্ত কামনাকে পরিত্যাগ করিয়া মানুষ ব্রহ্মভাব প্রাপ্ত হয়। ৬৫

বৃদ্ধাও মরণশূন্যের পক্ষে মানুষকে ত্যাগ করা কঠিন, মানুষ বৃদ্ধ হইলেও তাহার অন্তরে ভিন্ন ভাবে তখনও থাকে বুদ্ধাবস্থাপ্রাপ্ত অর্থাৎ জীর্ণ হয় না এবং যাহা প্রাণনাশক রোগ বলিয়া অভিহিত হইয়া হয়, সেই তৃষ্ণাকে পরিত্যাগ করিলেই সুখ লাভ হইয়া থাকে। ৬৬

ভোগের তৃষ্ণা কখনও বিষয়সমূহের উপভোগের দ্বারা শান্ত হয় না, যজ্ঞ ঘৃতের দ্বারা প্রজ্বলিত অগ্নির তুল্য সেই তৃষ্ণা বিষয়-ভোগের দ্বারা পুনরায় আরও অধিক বর্দ্ধিত হইয়া যায়। ৬৭

বিদ্বান মানুষ ভোগসমূহ প্রাপ্ত না হইলেই শোক পরিত্যাগ করে। আত্মানন্দী মুক্তগণ তীব্রবেগে প্রজ্বলিত ও আকর্ষণকারী অগ্নি হইতে উদ্ভূত কামনারূপ অগ্নি পূর্ণ ঘৃতকুম্ভ বিষয়সমূহের দ্বারা বোধিত করিয়া রক্ষা করে। ৬৮-৬৯

এই পৃথিবীতে যে সমস্ত ধান্য, যব, স্বর্ণ, পশু ও স্ত্রী আছে, সেই সব মিলিত হইয়াও এক পুরুষের পক্ষে পর্য্যাপ্ত হয় না। এরূপ দর্শনকারী বা জ্ঞানবান্ মানুষ তখনও ক্ষোভপ্রাপ্ত হয় না। ৭০

এ জগতে যে কামসুখ ও পরলোকে যে দিব্য মহান্ সুখ—এই উভয় মিলিত হইয়াও তৃষ্ণাক্ষয়জনিত সুখের ষোলভাগের এক ভাগের সমান হইতে পারে না। ৭১

কীর বীর মানুষ নিজেকে ইন্দ্রিয়গণকে ব্যবহার করিতে দেয় না। মনের বৃত্তিসমূহকে তাহাদিগকে সংযত করিয়া সর্বদা পরমাত্মার ধ্যানে নিযুক্ত করিবে। ইন্দ্রিয়গণকে যথেচ্ছ ভাবে পরিচালিত করিতে দিলে নিশ্চয়ই দোষপ্রাপ্তি হয় এবং তাহাদের সংযত করিয়া রাখিলে মানুষ সিদ্ধি লাভ করে। যে ব্যক্তি পরমাত্মচিন্তনে নিজের মন সংযত করিয়া ইন্দ্রিয়ের উপর প্রভুত্ব স্থাপিত করিতে পারে, সেই বিদ্বান ব্যক্তি পাপ ও অনর্থসমূহে লুব্ধ হয় না। ৭২-৭৩

যখন মানুষ সদা সাবধানে ব্যক্তিগত নিজের ইন্দ্রিয়গণকে রক্ষা করিবে, তখন ঐশ্বর্যের রক্ষা না করিলে সে মানুষ সমস্ত নরকে পতিত হয়। ৭৪

যে কামময় বৃক্ষ, যাহা মোহসম্ভবরূপী বীজ হইতে উৎপন্ন হইয়াছে। এই কামময় বিস্তীর্ণ বৃক্ষ ভূমণ্ডলেশের অবস্থিত আছে। অজ্ঞানই ইহার আদি মূল। সত্যের তত্ত্ব করিবার ইচ্ছাই তাহার ফলসেচনকারী। লোভ ও লোভ তাহার বিশাল স্কন্ধ পূর্বকৃত পাপই তাহার নায়কাগ্র। আশা-প্রবাহই তাহারই শাখা-প্রশাখা। তীব্র শোক পুষ্প এবং তা অসুর। নানাপ্রকার সন্তাপ তাহার পত্র। ইহা প্রমোদের দ্বারা বর্দ্ধিত হয়। অতিশয় তীব্র পিপাসা যা তৃষ্ণাই সদা বহিয়া সেই কামবৃক্ষকে সর্বদিকে আচ্ছাদিত করিয়া রাখিয়াছে। অজ্ঞানমূলকেই এই কামময় বৃক্ষ উৎপন্ন হইয়া বর্দ্ধিত হইতে থাকে

ইন্দ্রিয়েষু চ জীর্যৎসু ছিদ্যমানে তথাঽঽয়ুষি
পুরস্তাচ্চ ক্ষিতে মৃত্যৌ কিং সুখং পরতঃ স্মৃতম্ ॥ ৮১
ব্যাধিভিঃ পীড্যমানস্য নিত্যং শারীর-মানসৈঃ
নরস্যাকৃতকৃত্যস্য কিং সুখং মরণে সতি ॥ ৮৩
সঞ্চিন্বতোঽন্নমেবার্থং কামানামবিতৃপ্তকম্
ব্যাঘ্র: পশুমিবাদায় মৃত্যুরাদায় গচ্ছতি ॥ ৮৪
জন্ম-মৃত্যু-জরা-দুঃখৈঃ সততং সমভিদ্রুতঃ
সংসারে পচ্যমানশ্চ ন গ্লায়ত্যাত্মবিদ্ভবম্ ॥ ৮৫

উমোবাচ

কেনোপায়েন মর্ত্যানাং নিবর্ত্তেত ভয়ান্নৃকৌ
ব্যাধয়শ্চ তথৈবান্যে মহাদেবাঽভিকৃন্তি মা চিরম্ ॥ ৮৬
তপসা বা সুমহতা কর্মণা বা শ্রুতেন বা
রসায়নপ্রয়োগৈর্বা কেনাঽতোঽহি ভয়ান্নৃকৌ ॥ ৮৭

শ্রীমহেশ্বর উবাচ

নৈবমস্তি মহাভাগে ভয়ান্মৃত্যুর্নিবর্ত্তনম্

ভবানী পুরুষের মধ্যে উহা অনুচিত হয় না। যদি বা হইয়া থাকে, তবে তাহা পুনরায় চির হইয়া যায়। এই কায় বহুবিধ উপায়সমূহের দ্বারা নাশ, অনিত্য। তাহার জন্ম নিধনান্ত, তাহার আধি ও অন্যান্য দুঃখসমূহ, সুতরাং উহার সঞ্চিত সমস্ত ধনাদি ত্যাগ করিলে কি অনুরাগ হইতে পারে? ॥ ৭৬-৮১

ভক্তে! ইন্দ্রিয়গণ সমূহ জীর্ণ হইয়া যাইতেছে, আয়ু নষ্ট হইতে চলিয়াছে এবং মৃত্যু সম্মুখে বিদ্যমান— এই সব দেখিয়া সংসারে তাহার সুখের প্রতীতি হইবে? ॥ ৮২

মানুষ সদা শারীরিক ও মানসিক ব্যাধিসমূহে পীড়িত হয় এবং নিজের অপূর্ণ ইচ্ছা লইয়াই মৃত্যুমুখে পতিত হয়। অতএব এ জগতে সুখ আর কি আছে? ॥ ৮৩

মানুষ নিজের ধনাদির পুরণের জন্য নানা উপায় চিন্তা করিতে থাকে এবং কামনাসমূহে সদা অতৃপ্তই থাকিয়া যায়। তথাপি যেরূপ বনমধ্যে ব্যাঘ্র আসিয়া সহসা কোন পশুকে বল পূর্ব্বক ধরিয়া লইয়া যায়, সেইরূপ মৃত্যু সহসা আসিয়া সেই মানুষকে লইয়া যায়। জন্ম, মৃত্যু ও বার্দ্ধক্য সমস্তই নানামূর্ত্তে সদা আক্রান্ত হইয়া সংসারে মানুষ সদা পাক হইতে থাকে, তথাপি সে পাপ হইতে উদ্বিগ্ন হয় না! কি আশ্চর্য্যের বিষয়! ॥ ৮৪-৮৫

উমাদেবী বলিলেন,—ভগবন্! মহত্তপসের বার্দ্ধক্য ও মৃত্যু কোন্ উপায়ের দ্বারা নিবৃত্ত হয়? যদি উহার কোনও উপায় থাকে, তাহা হইলে উহা আমাকে বলুন, বিলম্ব করিবেন না। ॥ ৮৬

অভিমত বরোর উপলব্ধি, শাস্ত্রজ্ঞান অথবা রসায়নাদির প্রয়োগ- কোন্ উপায়ের দ্বারা মানুষ জরা ও মৃত্যুকে অতিক্রম করিতে পারে? ॥ ৮৭

শ্রীমহেশ্বর বলিলেন,—মহাভাগে! এরূপ কোন বিষয় নাই। তাপিনি! তুমি উহা জানিয়া যে যোক্ষ ব্যতীত অন্যত্র জরা ও মৃত্যুর নিবৃত্তি হয় না। ॥ ৮৮

আত্মার মুক্তি ব্যতীত মানুষ না ধনের দ্বারা, না তাহার দ্বারা এবং না ভোগ দ্বারাই মৃত্যুকে অতিক্রম করিতে পারে। ॥ ৮৯

মহৎ অধ্যবসায় ও শত যাজ্ঞের দ্বারা যোক্ষের উৎপত্তি না হইলে জরা এবং মৃত্যুকে অতিক্রম করিতে সমর্থ হয় না। ॥ ৯০

ঐশ্বর্য্য, ধন ধান্য, আধিপত্য, তপস্যা ও রসায়নপ্রয়োগ— ইহারা কেহই জরা এবং মৃত্যুকে দূর হইয়া যাইতে পারে না ॥ ৯১

রোগ, ঘোর গন্ধর্ব্ব, বিষ, নাগ ও রাক্ষসগণকে কাল নিজের বশীভূত করে। কেহই কালের অগোচরে থাকিতে পারে না। অতিবাহিত দিন, রাত্র ও রাত্রি পুনরায় ফিরিয়া আসে না। এই জীবাত্মা সেই নিরন্তর চলমান, অটল ও অবিনাশী মৃত্যুকে অবলম্বন করে। সর্পগণের খোলসের ন্যায় অতিক্রান্ত আয়ুঃ দিন আর ফিরিয়া আসে না। দিন ও রাত্রিতে ব্যাধ মনুষ্যগণের আয়ু লইয়া কাল চলিয়া যায়। ॥ ৯২-৯৪

সর্বলোকেষু জানীহি মোক্ষাদন্যত্র ভামিনি। ॥ ৮৮
ন ধনেন ন রাজ্যেন নাপ্রোপ তপসাপি বা
মরুত্বা নাতিবর্ত্তন্তে বিনা মুক্ত্যা কদাচিদপি: ॥ ৮৯
অধ্বমেধসহস্রাণি বাজপেয়শতানি চ
ন তরন্তি জরামৃত্যূ নির্বাণাধিগমাদ্ বিনা ॥ ৯০
ঐশ্বর্য্যং ধনধান্যঞ্চ বিভাগাস্তপস্যা
রসায়নপ্রয়োগাশ্চ ন তরন্তি জরান্তকৌ ॥ ৯১
ঘোরান্ গন্ধর্ব-গন্ধর্ব-বিষনাগোরগ-রাক্ষসান্।
বশগে কুরুতে কালো ন কালস্যাস্তি গোচরঃ ॥ ৯২
ন হ্যহানি নিবর্ত্তন্তে ন মাসা ন পুনঃ ক্ষপাঃ
সোঽয়ং প্রসক্তস্তেঽহোরাত্রৈরুপক্ষয়মুপায়ুষম্ ॥ ৯৩
প্রবর্ত্তে ন নিবর্ত্তেণ স্রোতঃসিদ্ধিরিবাম্ভসি
আয়ুরাদায় মর্ত্যানামহোরাত্রাণি গচ্ছন্তি ॥ ৯৪
জীবিতং সর্বভূতানামক্ষয়ং ক্ষপয়ন্নিব
অবিচ্ছেদো জন্তুনাঞ্চোতি পুনঃ পুনরুদেতি চ ॥ ৯৫

রাত্র্যাং রাত্র্যাং ব্যতীতায়ামায়ুরল্পতরং তবেৎ
গাধোদকে মৎস্য ইব কিং সুখমত্র কুমারক ॥ ৯৬
মরণং হি শরীরস্য নিশ্চিতং ধ্রুবমেব চ।
ভিত্তিরূপি ক্ষয়ং সর্বং কালসোত্তে বলং পুনঃ ॥ ৯৭
ন স্ত্রিয়েরন্ ন জীর্যেরন্ যদি স্যুঃ সর্বদেহিনঃ।
ন চামিষ্টং প্রযচ্ছেত লোকে বা প্রাণিনাং ক্বচিৎ ॥ ৯৮
অপ্রমত্তঃ প্রমত্তেষু কালো চরতি রিংস্তি।
অপ্রমত্তস্য কালস্য ক্ষয়ং প্রাপ্তো ন মুহ্যতে ॥ ৯৯
যঃ কার্যমদ্য কুর্বীত পূর্বাহ্নে চাপরাহ্ণিকম্।
কোঽপি হ্যু বেদ যদ্রাত্রৌ মৃত্যুনা নাভিযোক্ষ্যতে ॥ ১০০
বর্ষাণ্যিদং করিষ্যামি ইদং গ্রীষ্মে বসন্নহম্।
ইতি বালজনস্যেহ অন্তরায়ং ন বুধ্যতে ॥ ১০১
ইদং মে স্যাদিদং মে স্যাদিত্যেবং মনসা নরাঃ।
অসমাপ্তেষু কামেষু মৃত্যুস্তু মনসং প্রতি ॥ ১০২
কালপাশেন বদ্ধানামবশানাং তথাত্মনাম্
কা শ্রদ্ধা প্রাণিনাং মার্গে বিষমে ভ্রমতাং সদা ॥ ১০৩
মৃত্যেব ধর্মশীল ভাবনিমিত্তা হি জীবিতম্।
ফলানামিব পক্কানাং সদা হি পতনাদ্ ভয়ম্ ॥ ১০৪
কিমু তৈর্ভার্যাদৈঃ পুত্রৈর্ভার্যাদৈঃ স্ত্রিয়েরপি
একাকী সর্বমুৎসৃজ্য মৃত্যোস্তু বশমন্বিয়াং ॥ ১০৫
ভারমানাংশ্চ সম্প্রেক্ষ্য স্ত্রিয়মাণাংস্তথৈব চ।
ন সংবেগোঽস্তি চেৎ স্যাদ্ধি কাষ্ঠলোষ্টসমো হি সঃ ॥ ১০৬
বিনাশিনো ধ্রুবস্যেহ জীবিতস্য
কিং বহুভির্মিত্রপরিগ্রহৈর্নঃ।
বিভাব্য যদ্ গচ্ছতি সর্বমেবং
ক্ষণেন গন্তা ন বিলম্বতে চ ॥ ১০৭
এবং চিন্তয়তো নিত্যং সর্বার্থানামনিত্যতাম্
উদ্বেগো ভায়তে তীব্রঃ নির্বাণং পরমস্পৃশঃ ॥ ১০৮

অকস্মাৎ মৃত্যু সমস্ত প্রাণিগণের জীবনে কীল করিতে করিতে অগ্রসর হয় এবং পুনরায় ইহিত হয় ॥ ৯৫

এক এক রাত্রি অতিবাহিত হইলে নর আয়ু অতি অল্প হইয়া যায়। যেরূপ অল্প জলে স্থিত মৎস্য সুখী হইতে পারে না, সেরূপ মানুষ আয়ু ক্ষীণ হইতে থাকে, সেই পরিমিত আয়ুবিশিষ্ট মানুষের সুখানুভবের কি ফল ? ৯৬

শরীরের মৃত্যু নিশ্চিত ও অটল সকল প্রাণীই এখানে কালকবলে থাকিয়া পুনরায় কালের অধীন হইয়া যায় ॥ ৯৭

যদি সমস্ত দেহধারী প্রাণী না মরে এবং না বৃদ্ধাবস্থা হয়, তবে তাহার অনিষ্টপ্রাপ্তির ভয় না ও শোকও হয় না ॥ ৯৮

সমস্ত প্রাণিগণ অসাবধান থাকিলেও কাল সদা সাবধানে থাকে। সেই সাবধান কালের আশ্রয়ে আসিয়া কোনও প্রাণীই রক্ষা পায় না ॥ ৯৯

আগামী কালের করণীয় কার্যকে আজই নিষ্পন্ন করিবে। যে কার্য অপরাহ্ণে কর্তব্য, তাহা পূর্বাহ্ণেই সম্পন্ন করিবে। কোন্ ব্যক্তি সেই স্থানকে জানে, যে স্থানের উপর মৃত্যুর দৃষ্টি পতিত হয় না ? ১০০

অবিবেকী মানুষ এরূপ চিন্তা করে যে আগামী বর্ষাকালে এই কার্য করিব, এই কার্য গ্রীষ্ম বা বসন্তঋতুতে আরম্ভ করিব, কিন্তু উহাতে যে মৃত্যু বিঘ্নরূপ হইয়া বিদ্যমান আছে, তাহার

দিকে সেই মানুষের কোনও ধ্যানই যায়। 'ইহা আমার হইল, ইহা আমার হইবে' এইরূপ মনে মনেই সকল মানুষ কামনা করে, কিন্তু তাহাদের সেই সব কামনা পূর্ণ হইবার পূর্বেই তাহারা মৃত্যুর দিকে আকৃষ্ট হইয়া থাকে। কালপাশের দ্বারা বদ্ধ হইয়া প্রতিদিন জীব হইতে হইতে এবং সদা বিষম পথে ভ্রমণকারী প্রাণিগণের এই জীবনের উপর কি বিশ্বাস আছে ? যুবক বয়সেই মানুষ বৃদ্ধাবস্থা হইবে তারপর, জীবনের কোনও সুদৃঢ় নিশ্চিত নাই। পক্ক ফলসমূহের ন্যায় সদাই তাহাদের পতনের ভয় থাকে ॥ ১০১-১০৪

মনুষ্যের সেই স্ত্রী, পুত্র ও প্রিয় ভোগসমূহের দ্বারাও কি প্রয়োজন আছে, যখন কি সে একাই দিনে সকলকে ত্যাগ করিয়া মৃত্যুর বশীভূত হইয়া পড়ে ॥ ১০৫

সংসারে অন্যগ্রহণকারী ও স্থিয়মাণ প্রাণিগণকে দেখিবার যদি মানুষের বৈরাগ্য না হয়, তবে সে কেবল নয় কাষ্ঠ ও লোষ্ট্রের ন্যায় অচেতন ॥ ১০৬

যে বিনাশশীল, যাহার জীবন নিশ্চিত নহে, এরূপ মানুষের বন্ধু ও বিত্তজনের সংগ্রহে কি প্রয়োজন সাধিত হইবে ? তাহা সে ভালরূপে মনোযোগ সহকারে পরিত্যাগ করিয়া চলিয়া যাইবে এবং যাইয়া আর ফিরিয়া আসিবে না ॥ ১০৭

জ্ঞেয়োজ্ঞেয়েন চালাসা বিমর্শো ভাষতে পুনঃ।
বিমর্শো নাম বৈরাগ্যং সর্বত্রদ্বেষ্য ভাষতে ॥ ১০৯
বৈরাগ্যযোগ পরং প্রাপ্তা লভন্তে মানবাঃ শুভে।
মোক্ষস্যোপনিষদ্ বিদ্যা বৈরাগ্যমিতি নিশ্চিতম্ ॥১১০

এবং তে কথিতা দেবি বৈরাগ্যোৎপাদনং বহু।
এবং সঞ্চিন্ত্য সঞ্চিন্ত্য মুচ্যতে হি মুমুক্ষুভিঃ ॥ ১১১

ইত্যার্ষিকে চতুর্দশঃ অধ্যায়ঃ

এইরূপে যখন যখন পরাবরের অন্বিষ্যতা চিন্তা করিতে করিতে মানুষের সকলই পরম্পর বৈরাগ্য উৎপন্ন হয়, যাহা যোক্ষের কারণ। সেই উদ্বেগ হইতেই তাহার মনে পুনরায় বিমর্শ উৎপন্ন হয়। সমস্ত দ্রব্যেই যে বৈরাগ্য উদ্ভূত হয়, তাহারই নাম বিমর্শ। শুভে! বৈরাগ্যের দ্বারা মানবেরা পরম শান্তি লাভ হয়। বৈরাগ্য মোক্ষের নিকটস্থ ও বিদ্যা নামক, ইহা নিশ্চিতরূপে কথিত হইয়াছে। দেবি! এই আমি তোমাকে বৈরাগ্য উৎপাদনকারী যাহা বলিলাম। মুমুক্ষু মনুষ্যগণ এইরূপে বারংবার বিচার করিলে পর মুক্ত হইয়া যায়। ১০৮-১১১

অর্ষিক চতুর্দশ অধ্যায় সমাপ্ত।

অর্ষিকঃ পঞ্চদশঃ অধ্যায়ঃ।

(সাংখ্যজ্ঞানসা প্রতিপাদনা কুর্বতা ভগবতা মহেশ্বরেণাব্যক্তাদিচতুর্বিংশতিতত্ত্বোৎপত্তিপ্রকৃতীনাং বর্ণনম্)

শ্রীমহেশ্বর উবাচ।

সাংখ্যজ্ঞানং প্রবক্ষ্যামি যথাবৎ তে শুচিস্মিতে
যত জ্ঞাত্বা ন পুনর্বর্ত্তাঃ সংসারেষু প্রবর্ত্ততে ॥১
জ্ঞানেনৈব বিমুচ্যন্তে সাংখ্যাঃ সাংখ্যানকোবিদাঃ।
শাস্ত্রাণাং তু ভবো ঘোরঃ সাংখ্যং প্রাজ্ঞনিরর্থকম্ ॥ ২
পঞ্চবিংশতিকং জ্ঞানং তেষাং জ্ঞানমিতি স্মৃতম্
মূলপ্রকৃতিরব্যক্তমব্যক্তাজ্জায়তে মহান ॥ ৩
মহতোঽপ্যুদ্ভবত্যুগ্রমহংমাত্রাত্মকম্।
ইন্দ্রিয়াণি দশৈকঞ্চ মহাভূতেভ্য এব তু ॥৪
তেভ্যো ভূতানি পঞ্চভ্যঃ শরীরং বৈ প্রবর্ত্ততে

ইতি ক্ষেত্রস্য সংক্ষেপঃ চতুর্বিংশতিরিষ্যতে ॥৫
পঞ্চবিংশতিরিত্যাহুঃ পুরুষেণেহ সাংখ্যাঃ ॥ ৬
সত্ত্বং রজস্তমশ্চেতি গুণাঃ প্রকৃতিসম্ভবাঃ
তৈঃ শুভাশুভিলোকাঃ প্রকৃতিস্থাস্তথৈব তৈঃ ॥ ৭
ইচ্ছা দ্বেষঃ সুখং দুঃখং সঙ্ঘাতশ্চেতনা ধৃতিঃ।
বিকারাঃ প্রকৃতেশ্চৈতে ক্ষেত্রমিত্যয়া মনীষিভিঃ ॥ ৮
লক্ষণং চাপি সর্বেষাং বিদ্ধ্যস্যাদিত্ত পুষ্কর।
বিস্তরেণৈব বক্ষ্যামি তস্য ব্যাখ্যামহং শৃণু ॥ ৯
নিত্যমেকমনু ব্যাপি ক্রিয়াহীনমহেতুকম্
অগ্রাহ্যমিন্দ্রিয়ৈঃ সর্বৈরেতদব্যক্তলক্ষণম্ ॥১০

অর্ষিক পঞ্চদশ অধ্যায়।

[সাংখ্যজ্ঞানের প্রতিপাদন করিতে করিতে ভগবান্ মহেশ্বর কর্তৃক অব্যক্তাদি চতুর্বিংশতি তত্ত্বের উৎপত্তি প্রকৃতির বর্ণন।]

শ্রীমহেশ্বর বলিলেন, শুচিস্মিতে! এখন আমি তোমার নিকট সাংখ্যজ্ঞানের যথাবৎভাবে বর্ণন করিব, যাহা জানিয়া মানুষ পুনরায় সংসার-বন্ধনে পতিত হয় না। ১

জ্ঞানানুসারে সাংখ্যজ্ঞানীরা জ্ঞানেরই দ্বারা মুক্ত হইয়া যান। সাংখ্যবিদ্গণ তদ্ভিন্ন শাস্ত্রীয় শাস্ত্রকে নিরর্থক বলিয়া পরিহার করেন। ২

পঞ্চবিংশতি তত্ত্বের জ্ঞানই সাংখ্যজ্ঞান বলিয়া কথিত হয়। মূল প্রকৃতিকে অব্যক্ত বলে, অব্যক্ত হইতে মহত্তত্ত্বের উৎপত্তি হয়। মহত্তত্ত্ব হইতে অহঙ্কার উৎপন্ন হয় এবং অহঙ্কার হইতে পঞ্চ তন্মাত্রার উৎপত্তি হয়। তন্মাত্রা হইতে দশ ইন্দ্রিয় ও এক মনের উদ্ভব হয়। এই সব হইতে পঞ্চভূত উৎপন্ন হয় এবং পঞ্চভূতের দ্বারা এই শরীরের উৎপত্তি হয়। ইহাই ক্ষেত্রের সংক্ষেপ লক্ষণ। ইহাদিগকেই চতুর্বিংশতি তত্ত্বের সমুদায় বলা হয়। ইহাদের সহিত পুরুষকে গণনা করিলে পর সর্বসাকুল্যে পঞ্চবিংশতি তত্ত্ব হয় বলিয়া সাংখ্যবিদ্গণ বলেন। ৩-৬

সত্ত্ব, রজ ও তম—এই তিনটি প্রকৃতিজাত গুণ। প্রকৃতি এই তিনটি গুণের দ্বারা সকল লোককে সৃষ্টি করে। ইচ্ছা, দ্বেষ, সুখ, দুঃখ, সঙ্ঘাত, চেতনা ও ধৃতি—এই সকলকে মনীষী পুরুষগণেরা প্রকৃতির বিকার বলিয়া জানা আবশ্যক ॥৭-৮

এই সবের লক্ষণ এবং আরও যাহা যাহা পৃথক্ পৃথক্ বিষয় আমি বিস্তারে বর্ণনা করিব, তাহার ব্যাখ্যা তুমি শ্রবণ কর ॥ ৯

নিত্য, এক, সর্বব্যাপী সূক্ষ্ম, ব্যাপক, ক্রিয়াহীন, হেতুরহিত এবং সমস্ত ইন্দ্রিয়গণের অগ্রাহ্য—ইহা অব্যক্তের লক্ষণ। অব্যক্ত,

অব্যক্তং প্রকৃতির্মূলং প্রধানং যোনিরব্যয়ম্।
অব্যক্তস্যৈষ নামানি শব্দৈঃ পর্য্যায়বাচকৈঃ ॥ ১১

তৎ সূক্ষ্মত্বাদনির্দ্দেশ্যং তৎ সদিত্যভিধীয়তে।
তন্মূলকং জগৎ সর্বং তন্মূলা সৃষ্টিরিষ্যতে ॥ ১২

সত্ত্বাদয়ঃ প্রকৃতিজা গুণাস্তান্ প্রব্রবীম্যহম্ ॥ ১৩
সুখং প্রীতিঃ প্রকাশশ্চ ত্রয়স্তে সাত্ত্বিকা গুণাঃ।
রাগ-দ্বেষৌ সুখং দুঃখং তন্ত্রঞ্চ রজসো গুণাঃ ॥ ১৪
অপ্রকাশো ভয়ং মোহস্তন্দ্রী চ তমসো গুণাঃ ॥ ১৫
শ্রদ্ধা প্রবৃত্তী বিজ্ঞানমনসূয়োহথ ধৃতিঃ
সত্ত্বে প্রবৃত্তে বর্ধন্তে বিপরীতে বিপর্য্যয়ঃ ॥ ১৬
কাম-ক্রোধৌ মদস্তাপো লোভো মোহস্তথা মৃষা
প্রবৃত্তে পরিবর্ধন্তে রজসোত্তমি সর্বশঃ ॥ ১৭
বিষাদঃ সংশয়ো মোহস্তন্দ্রী নিদ্রা ভয়ং তথা।
তমস্যেতানি বর্ধন্তে প্রবৃত্তে হেষণেরুত ॥
এবমন্যোন্যমেতানি বর্ধন্তে চ পুনঃ পুনঃ।
হীয়ন্তে চ তথা নিত্যমভিভূতানি ভূরিশঃ ॥ ১৯

তত্র যৎ প্রীতিসংযুক্তং জ্ঞানে মনসি বা
বর্ত্ততে সাত্ত্বিকো ভাব ইত্যুপেক্ষেত তৎতদা ॥ ২০
যদা সন্তাপসংযুক্তং চিত্তমোত্তরতং ভবেৎ
বর্ত্ততে রজ ইত্যেব তদা তদাভিচিন্তয়েৎ ॥ ২১
যদা সম্মোহসংযুক্তং স্যাৎ বিষাদকরং ভবেৎ
অপ্রতর্ক্যমবিজ্ঞেয়ং তমস্তদুপধারয়েৎ ॥ ২২
সামান্যং সাত্ত্বিকো ধর্মঃ সমাসাদ্ রাজসো বধম্।
সমাসাৎ তামসঃ কামস্ত্রিবর্গঃ ত্রিগুণাঃ ক্রিয়াঃ ॥ ২৩
ব্রহ্মাদিদেবসর্গশ্চ সাত্ত্বিকীতি প্রকীর্ত্যতে
রাজসী মানুষী সৃষ্টিঃ তির্য্যগ্‌যোনিস্তু তামসী ॥ ২৪
ঊর্দ্ধং গচ্ছন্তি সত্ত্বস্থা মধ্যে তিষ্ঠন্তি রাজসাঃ
জঘন্যগুণবৃত্তিস্থা অধো গচ্ছন্তি তামসাঃ ॥ ২৫
দেব-মানুষ-তির্য্যক্ষু যদ্ভূতং সচরাচরম্
আদিপ্রভৃতি সাধুক্তং ব্যাপ্তযোনিভিরেব তৈঃ ॥ ২৬
অতঃ পরং প্রবক্ষ্যামি মহাযোনীর্নিবোধত
বিজ্ঞানং বিবেকশ্চ মহতো লক্ষণং ভবেৎ ॥ ২৭

প্রকৃতি, মূল, প্রধান, যোনি ও অবিনাশী—এই সব পর্য্যায়বাচী শব্দের দ্বারা অব্যক্তেরই নাম কথিত হয় ॥ ১০-১১

এই অব্যক্ত অত্যন্ত সূক্ষ্ম বলিয়া অনির্দ্দেশ্য—বাক্যের দ্বারা ইহার কোনও সন্ধান করা যায় না। ইহাকে 'সৎ' বলিয়া অভিহিত করা হয়। সম্পূর্ণ জগতের মূল এই অব্যক্ত এবং সৃষ্টির মূলও এই অব্যক্ত বলিয়া কথিত হয় ॥ ১২

সত্ত্বাদি যে সব প্রকৃতি-জ গুণ আছে, এখন তৎ সমস্ত বলিতেছি। সুখ, সন্তোষ ও প্রকাশ—এই তিনটি সাত্ত্বিক গুণ। রাগ-দ্বেষ, দুঃখ-সুখ ও উদ্যম—এই সব রাজসিক গুণ ॥ ১৩-১৪

অপ্রকাশ, ভয়, মোহ ও আলস্য—এই সব তামসিক গুণ। শ্রদ্ধা, ধৃতি, বিজ্ঞান, অনসূয়া, দয়া ও ধৈর্য্য—এই সকল ভাব সত্ত্ব-গুণ বর্দ্ধিত হইলে পর বর্দ্ধিত হয় এবং তমোগুণ বর্দ্ধিত হইলে ইহাদের বিপরীত ভাব অর্থাৎ বর্দ্ধিত হইয়া থাকে ॥ ১৫-১৬

কাম, ক্রোধ, মানসিক সন্তাপ, লোভ, মোহ (আসক্তি) ও মিথ্যাভাষণ—এই সমস্ত দোষ রজোগুণের বৃদ্ধি হইলে বর্দ্ধিত হয়। বিষাদ, সংশয়, মোহ, আলস্য, নিদ্রা ও ভয়—এই সব দোষ তমোগুণের বৃদ্ধিতে বর্দ্ধিত হয় ॥ ১৭-১৮

এইভাবে এই তিন গুণ বারম্বার পরস্পর বর্দ্ধিত হয় এবং পরস্পর পরস্পরের দ্বারা অভিভূত হইলে পর সদাই ক্ষীণ হইয়া যায় ॥ ১৯

ইহাদের মধ্যে শরীর অথবা মনের দ্বারা যে প্রসন্নতাযুক্ত ভাব হয়, তাহাকে সাত্ত্বিকভাব বলিয়া জানা করিবে এবং অন্য ভাব-সমূহ উপেক্ষা করিবে। যখন চিত্তে কোন উৎপন্নকারী সন্তাপযুক্ত ভাব জন্মিবে, তখন তাহাকে রজোগুণের প্রকৃতি বলিয়া চিন্তা করিবে ॥ ২০-২১

যখন মোহযুক্ত ও বিষাদ উৎপন্নকারী ভাব অন্তরীণ এবং অজ্ঞাতভাবে উদ্ভূত হইবে, তখন তাহাকে তমোগুণের কার্য্য বলিয়া জানিবে। ধর্ম সাত্ত্বিক, ধন রাজস ও কাম তামস বলিয়া কথিত হয়। এইভাবে ত্রিবর্গে (ধর্ম, অর্থ ও কামে) ক্রমশঃ তিন গুণের স্থিতি সংক্ষেপে কথিত হইয়াছে। ব্রহ্মাদি দেবতা-গণের যে সৃষ্টি, তাহা সাত্ত্বিকী সৃষ্টি বলিয়া কথিত হয়। মনুষ্য গণের সৃষ্টি রাজসী এবং তির্য্যগ্‌যোনির সৃষ্টি তামসী বলিয়া অভিহিত হয় ॥ ২২-২৪

সত্ত্বগুণে স্থিত ব্যক্তি ঊর্দ্ধলোকে (স্বর্গাদিতে) গমন করে, রজোগুণী ব্যক্তি মধ্যলোকে (মনুষ্যযোনিতে) অবস্থান করে এবং তমোগুণের কার্য্যরূপ নিদ্রা, প্রমাদ ও আলস্যাদিতে স্থিত তামস পুরুষ অধোগতি—কীট-পশু প্রভৃতি নীচযোনি এবং নরকাদি প্রাপ্ত হয়। দেবতা, মানুষ ও তির্য্যগাদি যোনিতে যে চরাচর প্রাণী আছে, তাহারা আদিকাল হইতেই এই তিন গুণের দ্বারা

মহান্ বুদ্ধির্মতিঃ প্রজ্ঞা নামানি ব্রহ্মতো বিদুঃ।
অহঙ্কারঃ স বিজ্ঞেয়ো লক্ষণেন সমান্বিতঃ ॥ ২৮
অহঙ্কারেণ সৃষ্টানাং সর্গো নানাবিধো ভবেৎ।
অহঙ্কারনিবৃত্তিহি নির্বাণায়োপপদ্যতে ॥২৯
খং বায়ুরগ্নিঃ সলিলা পৃথিবী চেতি পঞ্চমী।
মহাভূতানি সৃষ্টানাং সর্বেষাং প্রভবাপ্যয়ৌ ॥ ৩০
শব্দঃ শ্রোত্রং তথা খানি ত্রয়মাকাশসম্ভবম্।
স্পর্শবৎ প্রাণিনাং চেষ্টা পবনস্য গুণাঃ স্মৃতাঃ ॥ ৩১
রূপং পাকোঽগ্নিজো জ্যোতিস্ত্রয়ন্তেজসো গুণাঃ।
রসঃ স্নেহস্তথা জিহ্বা সৈতাস্য সলিলস্য গুণাঃ ॥ ৩২
গন্ধো ঘ্রাণং শরীরঞ্চ পৃথিব্যাস্তে গুণাস্ত্রয়ঃ।
ইতি সর্বগুণা দেবি বিধ্যাত্মা পাঞ্চভৌতিকাঃ ॥ ৩৩
গুণান্ পূর্বস্য পূর্বস্য প্রাপ্নুবন্ত্যুত্তরাণি তু
তস্মাদ্বৈকগুণাকাশে দৃশ্যন্তে কৃতসংশ্রয়ঃ ॥ ৩৪
উপলভ্যাংস্তু যে গন্ধং কোঽপি জন্তুরনৈপুণাৎ
অপাং গন্ধগুণং প্রাজ্ঞা নেচ্ছন্তি কমলেক্ষণে ॥ ৩৫

তদ্ গন্ধবদপাং নাস্তি পৃথিব্যা এব তদ্ গুণঃ।
তৃষির্গন্ধে রসে স্নেহো জ্যোতিষ্কস্যুষি সাত্ত্বিকম্ ॥ ৩৬
প্রাণাপানাত্মকো বায়ুঃ খেষ্বাকাশঃ শরীরিণাম্।
কেশাস্থিনখদন্তত্বক্‌পাণিপাদশিরাংসি চ ॥
পৃষ্ঠোদরকটিগ্রীবাঃ সর্বং ভূম্যাত্মকং স্মৃতম্ ॥ ৩৭
যৎ কিঞ্চিদপি কায়েঽস্মিন্ বাহ্যদোষসমন্বিতম্।
তৎ সর্বং ভৌতিকং বিদ্ধি দেবৈরেতদ্ব্যধায়িকম্ ॥৩৮
বুদ্ধীন্দ্রিয়াণি কর্ণ-ত্বক্-চক্ষুর্জিহ্বাঘ্র নাসিকা
কর্মেন্দ্রিয়াণি বাক্‌পাণিপায়ো মেঢ্র শুদ্ধতা ॥ ৩৯
শব্দঃ স্পর্শশ্চ রূপঞ্চ রসো গন্ধশ্চ পঞ্চমঃ।
বুদ্ধীন্দ্রিয়ার্থান্ জানীয়াদ্ ভূতেভ্যস্তদ্ধি নিঃসৃতান্ ॥ ৪০
বাক্যাং ক্রিয়া গতিঃ প্রীতিরুৎসর্গশ্চেতি পঞ্চধা
কর্মেন্দ্রিয়ার্থান্ জানীয়াৎ তে চ ভূতোদ্ভবা মতাঃ ॥ ৪১
ইন্দ্রিয়াণাং তু সর্বেষামীশ্বরং মন উচ্যতে।
প্রার্থনালক্ষণা তচ্চ ইন্দ্রিয়ং তু মনঃ স্মৃতম্ ॥ ৪২

সংযুক্ত এবং ব্যাপ্ত আছে। এখন আমি মহৎ আদি তত্ত্বসমূহের লক্ষণ বলিব। বুদ্ধির দ্বারা যে বিবেক ও জ্ঞান হয়, তাহাই পরীক্ষে মহত্তত্ত্বের লক্ষণ ॥২৫-২৭

মহান্, বুদ্ধি, মতি ও প্রজ্ঞা—এই সব মহত্তত্ত্বেরই নাম বলিয়া জানিবে। সংক্ষেপে লক্ষণের দ্বারা অহঙ্কারের বিশেষ জ্ঞান লাভ করা কর্তব্য। অহঙ্কারের দ্বারাই প্রাণিগণের নানাপ্রকার সৃষ্টি হয়। অহঙ্কারের নিবৃত্তিই মোক্ষপ্রাপ্তিকারক হইয়া থাকে ॥২৮-২৯

আকাশ, বায়ু, অগ্নি, জল ও পঞ্চমে পৃথিবী—এই পঞ্চ মহাভূত। ইহারাই সমস্ত প্রাণিগণের উৎপত্তি ও প্রলয়ের স্থান ॥ ৩০

শব্দ, শ্রবণেন্দ্রিয় ও ইন্দ্রিয়গণের ছিদ্র—এই তিনটি আকাশ হইতে উদ্ভূত হয়। স্পর্শ ও প্রাণিগণের চেষ্টা—ইহা বায়ুর গুণ বলিয়া কথিত হয় ॥ ৩১

রূপ, পাক, নেত্র ও জ্যোতি—এই চারিটি তেজের গুণ। রস, স্নেহ, জিহ্বা ও শীতলতা—এই চারিটি জলের গুণ ॥ ৩২

গন্ধ, ঘ্রাণেন্দ্রিয় ও শরীর—এই তিনটি পৃথিবীর গুণ। দেবি! এইভাবে পঞ্চভূতের সমস্ত গুণই বিখ্যাত ॥ ৩৩

উত্তরোত্তর ভূত পূর্ব পূর্ব ভূতের গুণ গ্রহণ করে (ভূতগণের পারস্পর্য ৩০ শ্লোকে দ্রষ্টব্য)। সেইজন্য এ জগতে প্রাণিগণের সৃষ্টি অনেক গুণসমূহে যুক্ত দেখা যায়। কমললোচনে! কিন্তু অযোগ্য মানুষ যে জলে দুরন্ত বা দুর্গন্ধ আছে বলিয়া গন্ধকে জলের গুণ বলে, তাহা বিদ্বান্ পুরুষগণ স্বীকার করেন না ॥ ৩৪-৩৫

জলে কোনও গন্ধই থাকে না, সেই গন্ধ পৃথিবীরই গুণ। গন্ধে তৃষি, রসে স্নেহ এবং নেত্রে তেজ বিদ্যমান আছে ॥ ৩৬

প্রাণ ও অপানের আশ্রয় বায়ু। দেহধারীদিগের দেহে যত ছিদ্র আছে, সেই সবের মধ্যে আকাশ ব্যাপ্ত আছে। কেশ, অস্থি, নখ, দন্ত, ত্বক্ (চর্ম), হস্ত, পদ, মস্তক, পৃষ্ঠ, উদর, গ্রীবা (কোমর) ও গ্রীবা—এই সমস্ত তৃষির কার্য বলিয়া কথিত হয় ॥৩৭

এই দেহে যাহা কিছু বাতু, দোষ ও মলসম্বন্ধী বস্তু আছে, সেই সবকে পাঞ্চভৌতিক বলিয়া জানিও। সমস্ত শরীরের দ্বারাই এই বিষয়ে উদার পঞ্চভূতের স্থাপিত প্রতিষ্ঠিত আছে ॥ ৩৮

কর্ণ, ত্বক্, নেত্র, জিহ্বা ও নাসিকা—এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয়। হস্ত, পদ, বাক্য, মেঢ্র (লিঙ্গ) ও গুহ্য—এই পঞ্চ কর্মেন্দ্রিয়। শব্দ, স্পর্শ, রূপ, রস ও পঞ্চমে গন্ধ—এই পাঁচটিকে পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ের বিষয় বলিয়া জানিও। ইহারা পঞ্চভূত হইতে উদ্ভূত হইয়াছে ॥ ৩৯-৪০

বাক্য, ক্রিয়া, গতি, প্রীতি ও উৎসর্গ—এই পাঁচটিকে পঞ্চ কর্মেন্দ্রিয়ের বিষয় বলিয়া জানিও। ইহারাও পঞ্চভূত হইতে

নিযুঙ্‌ক্তে চ সদা তানি কৃতানি মনসা সহ।
নিয়তে চ বিসর্গে চ মনস: কারণং প্রভু: ॥ ৪৩
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থাশ্চ সত্তাবন্ধেতনা ধৃতি:
কৃতাকৃতবিকারাশ্চ শরীরমিতি সংক্ষিতম্ ॥ ৪৪
শরীরাচ্চ পরো দেহী শরীরক ব্যপাশ্রিত:
শরীরিণ: শরীরস্থ সোঽন্তরং বেত্তি বৈ মুনি: ॥ ৪৫
রস: স্পর্শশ্চ গন্ধশ্চ রূপং শব্দবিবর্জিতম্
অশরীর: শরীরেষু বিমুঞ্চেষু নিরিন্দ্রিয়: ॥ ৪৬
অব্যক্তং সর্বদেহেষু মতোঽমরমাশ্রিতম্।
য: পশ্যেত পরমাত্মানং বন্ধনৈ: স বিমুচ্যতে ॥ ৪৭
স হি সর্বেষু ভূতেষু স্থাবরেষু চরেষু চ
বসত্যেকো মহাবীর্যো নানাভাবসমন্বিত: ॥৪৮
নৈব চোর্ধ্বং ন তির্যক্ চ নাবজ্ঞায় কদাচন
ইন্দ্রিয়ৈরিহ বুধ্যা বা ন দৃশ্যেত কদাচন ॥ ৪৯

উৎপন্ন হইয়াছে বলিয়া অভিহিত হয়। সমস্ত ইন্দ্রিয়গণের স্বামী বা প্রেরক মনকে বলা হয়। তাহার লক্ষণ হইল প্রার্থনা (কোনও বস্তুর বাসনা)। এই মনকেও ইন্দ্রিয় বলিয়া মানা হয় ॥ ৪১-৪২

যে প্রভু (আত্মা) মনের নিয়ন্ত্রণ ও সৃষ্টির কারণ, তিনিই মন সহ সমস্ত কৃতগণকে সদা বিভিন্ন কার্যে নিযুক্ত করেন। ইন্দ্রিয়গণ, ইন্দ্রিয়ের বিষয়সমূহ, সত্তাব, চেতনা, ধৃতি এবং কৃতাকৃত বিকার—এই সব মিলিত হইয়াই শরীর (রূপে স্থিত) হয় ॥ ৪৩-৪৪

শরীর হইতে পর শরীরধারী আত্মা যিনি শরীরকেই আশ্রয় করিয়া অবস্থান করেন। যিনি শরীর ও শরীরীর (শরীরধারী আত্মার) মধ্যে পার্থক্য জানেন, তিনিই মুনি ॥ ৪৫

রস, স্পর্শ, গন্ধ, রূপ ও শব্দবর্জিত, ইন্দ্রিয়হীন অশরীরী আত্মাকে শরীরের মধ্যেই দর্শন করিবার বাসনা করিবে ॥ ৪৬

যিনি সমস্ত মর্ত্যদেহে অব্যক্তভাবে স্থিত এবং অমর, সেই পরমাত্মাকে যিনি দর্শন করেন, তিনি বন্ধন হইতে মুক্ত হইয়া যান ॥ ৪৭

নানা ভাবসমূহে যুক্ত এই মহাপরাক্রমশালী পরমাত্মা একাকীই সমস্ত চরাচর কৃতগণের বাস করেন। তিনি না ঊর্ধ্বে, না এদিক্ ওদিকে এবং না নিম্নে কখনও দৃষ্টিগোচর হন। তিনি এ জগতে ইন্দ্রিয়গণের দ্বারা বা বুদ্ধির দ্বারা কদাপি দৃষ্ট হন না ॥ ৪৮-৪৯

নবদ্বারং পুরং গত্বা সত্তত্বং নিয়তো বশী
ঈশ্বর: সর্বলোকেষু স্বাবরস্য চরস্য চ ॥ ৫০
অনেবাহ্যমনুদ্যোগমনু: স মহদুত্তমম্
বহ্বধা সর্বভূতানি ব্যাপ্য ভিষ্ঠতি শাশ্বতম্ ॥ ৫১
ক্ষেত্রজ্ঞমেকত: কৃত্বা সর্বং ক্ষেত্রমথৈকত:।
এবং সাংখ্যেন জ্ঞানী সংযত: সততং ভবেৎ ॥ ৫২
পুরুষ: প্রকৃতিস্থো হি ভুঙ্‌ক্তে প্রকৃতিজান্ গুণান্
অকর্তারলেপকো নিত্যো মহাত্মা সর্বকর্মণাম্ ॥ ৫৩
কার্যকরণকর্তৃত্বে হেতু: প্রকৃতিরুচ্যতে
পুরুষ: সুখ-দুঃখানাং ভোক্তৃত্বে হেতুরুচ্যতে ॥ ৫৪
অজরোঽমরমচিন্ত্যোঽক্ষয়ব্যোমোঽক্ষর: সনাতন:
দেহী ত্বেকময়ো দেহে ভিন্নভিন্নাত্মপরো বিভু: ॥ ৫৫
অপরে সর্বলোকান্ত ব্যাপ্য ভিষ্ঠত্যনীশ্বরম্।
ক্রুধ্যতে কেচিদবৈত্রৈব ভিন্নভৈদমবাপ্নিতম্ ॥ ৫৬

নবদ্বারবিশিষ্ট নগরে (শরীরে) বাস করিয়া তিনি সদা নিয়ম সহকারে বাস করেন এবং সকলকে বশীভূত করিয়া রাখেন। সম্পূর্ণ লোকসমূহে চরাচর প্রাণিগণের শাসনকারী ঈশ্বরও তিনি। তাঁহাকে অনু হইতেও অনু এবং মহৎ হইতেও মহত্তর বলিয়া বর্ণনা করা হয়। তিনি নানাপ্রকারের সকল প্রাণিগণকে ব্যাপ্ত করত সদা অবস্থিত আছেন। ক্ষেত্রজ্ঞকে (আত্মাকে) এক দিকে এবং অন্য দিকে সমস্ত ক্ষেত্রকে (দেহকে) পৃথক্ করিয়া রাখিবে। সংযতস্বভাব জ্ঞানী পুরুষ সদা এইভাবে নিজের হৃদয়ে বিচার করিবেন—ভক্ত ও ভোক্তার পার্থক্য বিবেচনা করিবেন ॥ ৫০-৫২

পুরুষ প্রকৃতিতে অবস্থান করিয়াই তাহার দ্বারা উৎপন্ন ত্রিগুণাত্মক পদার্থসমূহ ভোগ করেন। তিনি অকর্তা, নির্লেপ, নিত্য ও সমস্ত কর্মসমূহের মহাত্ম (সাক্ষী) ॥ ৫৩

কার্য ও করণকে উৎপন্ন করিবার হেতুকেই প্রকৃতি বলা হয় এবং পুরুষ (জীবাত্মা) সুখ-দুঃখসমূহের ভোক্তাগের হেতু বলিয়া কথিত হন। অপরে অনেকে মনে করেন যে, ভোক্তাময় আত্মা এই শরীরের মধ্যে অবস্থিত। তিনি অজর, অচিন্তনীয়, অব্যয় ও সনাতন। অন্য বিচারকগণ মনে করেন যে, সমস্ত লোক-সকলকে ব্যাপ্ত করিয়া অবস্থিত পরমেশ্বরই ভিন্নরূপে ভোক্তার ন্যায় এই শরীরে জীবাত্মারূপে বিদ্যমান আছেন ॥ ৫৪-৫৬

অপরে নাস্তিকা মূঢ়া ভিন্নভাং মূলদর্শনৈঃ।
নাস্ত্যাত্মেতি বিনিশ্চিত্য প্রভাতে নিরয়ালয়াঃ। ৫৭
এবং নানাবিধানের বিমুহ্যন্তি মহেশ্বরম্। ৫৮

উমোবাচ

ঊর্ধ্বযান্ ব্রাহ্মণো লোকে নিত্যমক্ষরমব্যয়ম্
অশ্রাদ্ধা সর্বদেহেষু হেতুস্তত্র সুরর্ষভঃ। ৫৯

শ্রীমহেশ্বর উবাচ

ঋষিভিস্তাপি দেবৈশ্চ ব্যক্তমেষ ন দৃশ্যতে।
দৃষ্ট্বা তু তং মহাত্মানঃ পুনর্জন্ম নিবর্ততে। ৬০
তস্মাৎ তদ্দর্শনায়ৈব বিদ্যতে পরমা গতিঃ
ইতি তে কথিতো দেবি সাংখ্যযোগঃ সনাতনঃ। ৬১
কপিলাদিভিরাচার্যৈঃ সেবিতঃ পরমর্ষিভিঃ। ৬২

ইত্যাদিকঃ পঞ্চদশঃ অধ্যায়ঃ।

অপর নাস্তিক মূর্খ বহুতর স্থূল দর্শনশাস্ত্রের দ্বারা ভিন্ন হওয়ায় আত্মা সত্তাই মানে না; 'আত্মা নাই' এরূপ নিশ্চয় করিয়া সেই প্রভাবে নরকেই বাস করে। এই ভাবে মহেশ্বরের বিষয়ে সকল মানুষ নানাপ্রকার পরামর্শ করে। ৫৭-৫৮

উমাদেবী বলিলেন,—ভগবন্! জগতে যে বিদ্বান্‌ব্রাহ্মণ আছেন, তিনি বলেন যে, সৎ শরীরে নিত্য, অক্ষয়, অবিনাশী আত্মা অবশ্যই আছেন কিন্তু তাঁহার সত্তার কি কারণ আছে, তাহা জানা অত্যন্ত কঠিন। ৫৯

শ্রীমহেশ্বর বলিলেন,—দেবি! ঋষি ও দেবতাগণও এই পরমাত্মাকে প্রত্যক্ষ দর্শন করিতে পারেন না। যিনি যথার্থে সেই পরমাত্মাকে সাক্ষাৎকার করেন, তিনি পুনরায় এসংসারে ফিরিয়া আসেন না দেবি! অতএব সেই পরমাত্মার দর্শনেরই দ্বারা তাঁহার পরম গতি লাভ হইয়া যায়। এইভাবে এই সনাতন সাংখ্য যোগ তোমাকে আমি বলিলাম। এই সাংখ্যযোগ কপিলাদি আচার্য ও মহর্ষিগণের দ্বারা সেবিত। ৬০-৬২

অধিক পঞ্চদশ অধ্যায় সমাপ্ত।

॥ অধিকঃ ষোড়শঃ অধ্যায়ঃ। ॥

[যোগবর্ষপ্রতিপাদনপূর্বকং তৎফলবর্ণনম্]

শ্রীমহেশ্বর উবাচ

সাংখ্যজ্ঞানে নিযুক্তানাং যথাবৎ কৌশিকং ময়া
যোগবর্ষং পুনঃ কৃৎস্নং কৌত্তিষ্যামি তে শৃণু। ১
স চ যোগো দ্বিধা ভিন্নো ব্রহ্মদেবর্ষিসম্মতঃ।
সনাতনমুভয়োরপি মূলাং প্রচোদিতম্। ২
স চাষ্টগুণবৈশ্বর্যমধিকৃত্য বিধীয়তে।
সাযুজ্যং সর্বদেবানাং যোগবর্ষঃ পরাশ্রিতঃ। ৩
জ্ঞানং সর্বস্য যোগস্য মূলমিত্যবধারয়।
ব্রতোপবাসনিয়মৈঃ তৎ সর্বং চাপি বৃংহয়েৎ। ৪

ঐকাগ্র্যং বুদ্ধিমনসোরিন্দ্রিয়াণাং সর্বশঃ
আত্মনোঽথ্যয়নং প্রাজ্ঞে জ্ঞানমেতৎ তু যোগিনাম্। ৫
অর্চয়েদ্ ব্রাহ্মণানগ্নিং দেবতায়তনানি চ
বর্জয়েদশিবং ভাবং সর্বসত্ত্বসুখাপ্তিদঃ। ৬
দানমধ্যয়নং শ্রদ্ধা ব্রতানি নিয়মাস্তথা।
সত্যমাহারশুদ্ধিশ্চ শৌচমিন্দ্রিয়নিগ্রহঃ। ৭
এতৈস্তু বর্ধতে তেজঃ পাপং চাপ্যবধূয়তে। ৮
নির্ধূতপাপস্তেজস্বী নিরাবাধো জিতেন্দ্রিয়ঃ
অযোধো নির্মলো ধাতুঃ পশ্চাদ্ যোগং সমাচরেৎ। ৯

অধিক ষোড়শ অধ্যায়।

[যোগবর্ষ প্রতিপাদন পূর্বক তাহার ফল বর্ণন।]

শ্রীমহেশ্বর বলিলেন,—দেবি! যাঁহারা সাংখ্যজ্ঞানে নিযুক্ত, তাঁহাদের জন্য আমি যথাযথভাবে বর্ণনা করিলাম। এখন আমি তোমাকে পুনরায় সম্পূর্ণ যোগবর্ষ বলিব, তুমি তাহা শ্রবণ কর। ১

ব্রহ্মর্ষি ও দেবর্ষিগণের সম্মত সেই যোগ সগুণ ও নির্গুণ ভেদে দুই প্রকার। এই উভয়েরই পাশুপত শাস্ত্রোক্ত সনাতন সম্বন্ধ। ২

অণিমা, মহিমা, গরিমা, লঘিমা, প্রাপ্তি, প্রাকাম্য, ঈশিত্ব ও বশিত্ব—এই আট দেবর্ষিসিদ্ধ ঐশ্বর্য্যের উপর অধিকার করিয়া যোগের অনুষ্ঠান করা হইয়া থাকে। সমস্ত দেবতাগণের সাযুজ্য রূপ পরমাত্মাকে আশ্রয় করিয়া অবস্থিত এই যোগবর্ষ। জানই হইল সমস্ত যোগের মূল, ইহা জানিও। ব্রত, উপবাস ও নিয়মসমূহের দ্বারা সাধকের সেই সব জ্ঞান বৃদ্ধি করা কর্তব্য। ৩-৪

বুদ্ধিযুক্তা দেবি! অধিনাশী আত্মার বুদ্ধি, মন ও সমস্ত ইন্দ্রিয়গণের একাগ্রতা হউক, ইহাই যোগিগণের জ্ঞান। (এই জ্ঞান লাভ করিতে হইলে) ব্রাহ্মণগণ, অগ্নি ও দেবমন্দির-সমূহের পূজা করিবে এবং পূর্ণভাবে সমস্তরূপ অবলম্বন করিয়া অযথার্থিক ভাবকে পরিত্যাগ করিবে। ৫-৬

একান্তে বিজনে দেশে সর্বতঃ সংবৃতে গুহে।
কৃষ্ণাজিনোত্তরে তল্পে শান্তীর্ণে মৃদুতূলে কুশৈঃ॥ ১০
উপবিষ্টাসনে তস্মিন্নুজুকায়শিরোধরঃ।
অবাগ্রঃ সুখমাসীনঃ প্রাঞ্জলিঃ ন বিকম্পয়েৎ॥ ১১
সংপ্রেক্ষ্য নাসিকাগ্রং স্বং দিশশ্চানবলোকয়ন্॥১২
মনোঽহঙ্কারণং যেষি যোগসোপনিষদ্ গুরোঃ।
তস্মাৎ সর্বপ্রযত্নেন মনোঽহঙ্কারণং সদা॥ ১৩
তৎকৃত্বোক্তং গুহো জিহ্বাং ত্রাণং চক্ষুশ্চ সংহরেৎ।
পঞ্চেন্দ্রিয়াণি সপ্তাত্র মনসি স্থাপয়েদ্ বুধঃ॥ ১৪
সর্বং চাপোহ্য সংকল্পমাত্মনি স্থাপয়েন্মনঃ।
যদৈতদ্ব্যবতিষ্ঠেত মনঃ ষষ্ঠানি চাত্মনি॥ ১৫
প্রাণাপানৌ তদা তস্য যুগপৎ স্থিতিতো বশে
প্রাণে হি বশমাপন্নে যোগাসিদ্ধির্ধ্রুবা ভবেৎ॥১৬
শরীরং চিন্তয়েৎ সর্বং বিপাটা চ সমীপতঃ

অন্তর্দেহগতাংশ্চাপি প্রাণাদীনঃ পরিচিন্তয়েৎ॥ ১৮
ততো মূর্ধানমগ্নিঞ্চ শরীরং পরিপালয়েৎ
প্রাণো মূর্ধনি চ বাসো বর্ততামো বিচেষ্টতে॥১৮
সজ্জন্ত সর্বকৃত্যাস্থা পুরুষঃ স সনাতনঃ
মনো বুদ্ধিরহঙ্কারো ভূতানি বিষয়াশ্চ সঃ॥ ১৯
বস্তিমূলা গুদা চৈব পায়বক্ত সমাশ্রিতঃ
বহন মূত্রং পুরীষঞ্চ সদাপানঃ প্রবর্ততে॥ ২০
অথ প্রবৃত্তির্দেহেষু কর্মাপানসমন্বয়ম্।
উদীরয়ন্ সর্বগাত্রান্ অত ঊর্ধ্বং প্রবর্ততে॥২১
উদান ইতি যঃ পিণ্ডস্তামূর্ধ্বপ্রাণ ঊষ্মণা॥ ২১
সন্তো সন্তো স নির্বিষ্টঃ সর্বচেষ্টাপ্রবর্তকঃ
শরীরেষু মনুষ্যাণাং যান উষ্ণাগমিষ্যতে॥ ২৩
বায়ুঃ স্থূলো চ স্থিরশ্চ সমানোঽগ্নিঃ সমীরণঃ
স এষ সর্বচেষ্টানামন্তরালে নিবর্তকঃ॥ ২৪

দান, অধ্যান, প্রধ্যা, ব্রত, 'এষ' সত্য, আত্মার শুদ্ধি, পৌষ ও ইন্দ্রিয়নিগ্রহ ইত্যাদির দ্বারা ভেতরের দুঃখ হয় এবং পাপ ক্ষালিত হইয়া যায়॥ ৭-৮

যাহার পাপ ধৌত হইয়া গিয়াছে, সে প্রথমে জেতব্যী, নিদ্রাহার, জিতেন্দ্রিয়, অযোগ, নির্মল এবং মনকে বশ করিতে সমর্থ হয়। তাহার পর যোগের অভ্যাস করিবে॥ ৯

একান্ত নির্জন প্রদেশে, যাহা চারিদিকেই আবৃত ও পবিত্র, সেখানে কোমল কুশসমূহের দ্বারা এক আসন রচনা করিবে এবং তাহা ভালভাবে সেখানে পাতিয়া লইবে॥ ১০

সেই আসনে উপবেশন করত নিজের শরীর ও গ্রীবাকে ঋজু (সোজা) করিয়া রাখিবে এবং কোনও রূপ ব্যাপ্রতা থাকিতে দিবে না। মুখের সহিত সেই আসনে বসিয়া নিজের অঙ্গসকলকে কম্পিত করিবে না অর্থাৎ একটু ভিন্ন ভেলাইবে না ও দুলাইবে না। নিজের নাসিকার অগ্রভাগের উপর দৃষ্টি নিবদ্ধ করিয়া এবং কোনও দিকের প্রতি দৃষ্টিপাত না করিয়া ধ্যানমগ্ন হইবে॥ ১১-১২

যেহি! মনকে দৃঢ়ভাবে স্থাপিত করাই যোগসিদ্ধির কারণ; অতএব সর্বতোভাবে বিশেষ যত্নের দ্বারা মনকে সদা বশে রাখিবে। ত্বক্, কর্ণ, জিহ্বা, নাসিকা ও নেত্র—এই সব ইন্দ্রিয়কে স্পর্শাদি বিষয়সমূহ হইতে নিবৃত্ত করিয়া রাখিবে। এই পঞ্চ ইন্দ্রিয়কে একাগ্র করত বিদ্বান্ পুরুষ তাহাদিগকে মনে স্থাপিত করিবে॥ ১৩-১৪

তাহার পর সমস্ত সঙ্কল্পকে ত্যাগ করিয়া মনকে আত্মার মধ্যে স্থাপিত করিবে। যখন মন সহ পঞ্চ ইন্দ্রিয় আত্মাতে স্থির হইয়া যাইবে, তখন প্রাণ ও অপান বায়ু একই সঙ্গে সাধকের বশে আসিবে। প্রাণ বশীকৃত হইবার পর যোগসিদ্ধি নিশ্চিত হইয়া যায়। এই সময় সম্পূর্ণ শরীরকে নিজে হইতে বিশ্লিষ্ট করিয়া চিন্তা করিবে যে, ইহা কি? শরীরের মধ্যে যে প্রাণের গতি, তাহারও উপর বিশেষ চিন্তা করিবে॥ ১৫-১৭

তাহার পর মূর্ধা, অগ্নি ও শরীরের পরিপালন করিবে। মূর্ধাতেই প্রাণের স্থিতি, যাহা বারম্বারে বর্তমান থাকিয়া নানা রূপ চেষ্টা করে। সদা সন্তুষ্ট হইয়া স্থিত প্রাণই সমস্ত কৃতকর্মগণের আত্মা সনাতন পুরুষ। তিনিই মন, বুদ্ধি, অহঙ্কার, পঞ্চকৃত ও এই বিষয়-সকল। বস্তির মূলভাগ, গুহ্য ও অস্থি আশ্রিত হইয়া স্থিত অপান বায়ু সদা মলমূত্র বহন করিতে করিতে নিজের কার্যে প্রবৃত্ত থাকে। যে বায়ু সমস্ত ধাতুসমূহকে উপরে উত্থাপিত করিতে করিতে অপান বায়ু হইতেও উপরের দিকে উত্থিত হইতে থাকে, অন্যান্যভূতগণ মনুষ্যগণ তাহাকে 'উদান' বায়ু বলিয়া জানে॥ ১৮-২২

যে বায়ু মনুষ্যগণের শরীরের প্রতি সন্ধিতে প্রবিষ্ট হইয়া তাহাদের সমস্ত চেষ্টার প্রবর্তক হয়, সেই বায়ুকে 'ব্যান' বলা হয়। যে বায়ু সকল ধাতুতে এবং অস্থিতেও ব্যাপ্ত থাকে, সেই

প্রাণানাং সন্নিপাতেঽস্মিন্ সংসর্গাদ্ যঃ প্রজায়তে
উষ্মা সোঽগ্নিরিতি জ্ঞেয়ঃ সোঽন্নং পচতি দেহিনাম্ ।২৪
অপান-প্রাণয়োর্মধ্যে ব্যানোদানাবুপাশ্রিতৌ ।
সমধিত্বঃ সমানেন সমান্ পচতি পাবকঃ । ২৬
শরীরময়ো নাড়িঃ স্যান্নাড্যামগ্নিঃ প্রতিষ্ঠিতঃ ।
অত্রৌ প্রাণাশ্চ সংযুক্তা প্রাণোদ্যমা ব্যবস্থিতঃ । ২৭
পক্বাশয়স্যধো নাভেরূর্ধ্বমামাশয়স্যথ ।
নাড়িমধ্যে শরীরস্য সর্বপ্রাণাশ্চ সংশ্রিতাঃ । ২৮
স্থিতাঃ প্রাণাবরাঃ সর্বে তির্যগূর্ধ্বমধস্তথা ।
বহন্ত্যন্নরসান্ নাড্যো দশপ্রাণাগ্নিচোদিতাঃ । ২৯
যোগিনামেষ মার্গস্তু পঞ্চস্বেতেষু তিষ্ঠতি ।
ভিন্নত্রয়ঃ সমাসীনো মূর্ধন্যাত্মানমাদধেৎ । ৩০
মূর্ধন্যাত্মানমাধায় ক্রব্যোর্মধ্যে মনস্তথা
সন্নিরুদ্য ততঃ প্রাণানাত্মান্ চিন্তয়েৎ পরম্ । ৩১
প্রাণে তূপানং যুঞ্জীত প্রাণাচ্চাপানকর্মণি

প্রাণাপানগতী রুদ্ধ্বা প্রাণায়ামপরো ভবেৎ । ৩২
এবমন্তঃ প্রযুঞ্জীত পঞ্চ প্রাণান্ পরস্পরম্ ।
বিজনে সন্বিতাত্মাত্মা মুনির্যুঞ্জীত নিষ্কলুষম্ । ৩৩
অপ্রমত্তশ্চিন্তয়েদ্ যোগী উত্থায় চ পুনঃ পুনঃ ।
তিষ্ঠন্ গচ্ছন্ স্বপন্ যাপি যুঞ্জীতৈবমতন্দ্রিতঃ ।৩৪
এবং নিযুঞ্জতস্তস্য যোগিনো যুক্তচেতসঃ ।
প্রসীদতি মনঃ ক্ষিপ্রং প্রসন্নে দৃশ্যতে পরম্ । ৩৫
বিধূম ইব দীপ্তোঽগ্নিরাদিত্য ইব রশ্মিমান্ ।
বৈদ্যুতোঽগ্নিরিবাকাশে দৃশ্যতে২য়ং দৃশেস্তথা । ৩৬
দৃষ্ট্বা তদা মনো জ্যোতিরৈশ্বর্যাদীশ্বরীয়তে ।
প্রাপ্নোতি পরমং স্থানং স্থূলধীরা সুরৈরপি । ৩৭
ইমান্ যোগস্য দোষান্ত্বং দৃষ্টেশ্চ পরিরক্ষতে ।
দোষৈর্বিযুক্তো বরারোহে যোগিনাং কবিভিঃ স্মৃতঃ ।৩৮
কামঃ ক্রোধো ভয়ং স্বপ্নঃ স্নেহমত্যশনং তথা ।
বৈচিত্র্যং ব্যাধিরালস্যং লোলত্বং দশমঃ স্মৃতঃ । ৩৯

অগ্নিরূপ ধাতুকে 'সমান' বায়ু বলে। এই বায়ুই অগ্নিসংযোগে সমস্ত দেহাকে নিযুক্ত করিয়া থাকে। ২৩-২৪

সমস্ত প্রাণবায়ুর পরস্পর সংযোগ হইলে পর সংসর্গবশতঃ যে তাপের উদ্ভব হয়, তাহাকে অগ্নি বলিয়া জানিবে। এই অগ্নিদেহধারিগণের ভক্ষিত অন্নকে পরিপাক করে। অপান ও প্রাণ বায়ুর মধ্যভাগে ব্যান এবং উদান বায়ু অবস্থান করে। সমান বায়ুর দ্বারা যুক্ত হইয়া অগ্নি সমস্তভাগে অন্নকে পরিপাক করিয়া থাকে। শরীরের মধ্যভাগে নাভি। এই নাভির মধ্যেই অগ্নি প্রতিষ্ঠিত আছে। এই অগ্নিতে প্রাণ সংযুক্ত হইয়া আছে এবং প্রাণে আত্মা অবস্থিত আছেন। ২৫-২৭

নাভির নিম্নে পক্বাশয় ও উপরে আমাশয়। শরীরের মধ্যভাগে নাভি এবং সমস্ত প্রাণ তাহাকে আশ্রয় করিয়াই অবস্থান করিতেছে। সমস্ত প্রাণাদি বায়ু উপরে, নিম্নে ও পার্শ্বে সর্বত্রই বিচরণ করে। নাগ, কূর্ম, কৃকর, দেবদত্ত, ধনঞ্জয়, প্রাণ, অপান সমান, উদান ও ব্যান—এই দশ প্রাণ বায়ু এবং অগ্নির দ্বারা প্রেরিত হইয়া নাড়ীসমূহ অন্নরস বহন করে। ইহাই যোগিগণের মার্গ, যাহা প্রাণাদি পঞ্চ বায়ুতে অবস্থিত। সাধকের কর্তব্য হইল—সে প্রথমে তার কমল আসনের উপর আসীন থাকিয়া আত্মাকে ব্রহ্মরন্ধ্রে স্থাপিত করিবে। ২৮-৩০

মূর্ধাতে আত্মাকে স্থাপিত করিয়া দুই ভ্রূর মধ্যে মনকে অবরুদ্ধ করিবে। তাহার পর প্রাণকে সর্বতোভাবে রুদ্ধ করিয়া পরমাত্মার চিন্তা করিবে। প্রাণে অপানকে এবং অপান কর্মে প্রাণকে যোগ করিবে। তদনন্তর প্রাণ ও অপানের গতি অবরোধ করিয়া প্রাণায়ামে তৎপর হইবে। ৩১-৩২

এইভাবে একান্ত প্রদেশে উপবেশন করত বিশুদ্ধাত্মা মুনি নিজের অন্তঃকরণে পঞ্চ প্রাণকে পরস্পর যোগ করিবে এবং নীরবে উচ্ছ্বাসরহিত হইয়া অপ্রান্ত অবস্থায় ধ্যানরত হইবে। যোগী পুরুষ বারম্বার উত্থিত হইয়াও গমন, শয়ন ও অবস্থান করিয়াও অলসতা ত্যাগ করত যোগাভ্যাসে নিরত থাকে। ৩৩-৩৪

এইভাবে যাহার চিত্ত ধ্যানে সংলগ্ন থাকে, এরূপ যোগাভ্যাস-পরায়ণ যোগীর মন শীঘ্রই প্রসন্ন হইয়া যায় এবং মন প্রসন্ন হইলে পর পরমাত্মতত্ত্বের সাক্ষাৎকার হইয়া যায়। ৩৫

সেই সময় অগ্নিশূন্য পুরুষ পরমাত্মা ধূমহীন প্রজ্বলিত অগ্নি, কিরণবিহীন সূর্য এবং আকাশে চমকিত বিদ্যুতের ন্যায় দৃষ্ট হইয়া থাকেন। ৩৬

এই অবস্থায় মনের দ্বারা জ্যোতির্ময় পরমেশ্বরের দর্শন লাভ করত যোগী অনির্বাচ্য এই ঐশ্বর্যে বৃত হইয়া দেবতাগণেরও দুর্লভ পরম পদ প্রাপ্ত হন। ৩৭

বরারোহে! বিদ্বান্ পুরুষগণ বলেন যে, দোষসমূহের যোগীদিগের মার্গে বিঘ্নপ্রাপ্তি হয়। তাঁহারা যোগের নিম্নলিখিত দশ প্রকার দোষ বলিয়া থাকেন। ৩৮

এতৈস্তেষাং তবেদ্ বিদ্বো দশভির্দেবকারিতৈঃ।
তস্মাদেতানপাস্যাথো যুঞ্জীত চ পরং মনঃ ॥ ৪০
ইত্যাপি শুশ্রুবাংস্তৌ যোগস্য পরিচক্রতে
শুশ্রৈস্তরুষিভির্দিব্যৈর্দেবর্ষাভিরগম্যতে ॥ ৪১
অণিমা মহিমা চৈব প্রাপ্তিঃ প্রাকাম্যমেব চ
ঈশিত্বঞ্চ বশিত্বঞ্চ যত্র কামাবসায়িতা ॥ ৪২
এতানষ্টৌ গুণান্ প্রাপ্য কপর্দিন্ যোগিনাং বরাঃ।
ঈশাঃ সর্বস্য লোকস্য দেবানপ্যভিপেরতে ॥ ৪৩
যোগোঽস্তি নৈবাত্যশিনো ন চৈকান্তমশ্নতঃ।
ন চাতিস্বপ্নশীলস্য নাতিজাগরতস্তথা ॥ ৪৪
যুক্তাহারবিহারস্য যুক্তচেষ্টস্য কর্মসু।
যুক্তস্বপ্নাববোধস্য যোগো ভবতি দুঃখহা ॥ ৪৫

অন্যেষ্বেষ বিধানেষু সাধুত্বাং তং প্রচক্ষতে।
সাধুত্বাং দেবসাৎ কৃত্বা প্রযুঞ্জীতাত্মভক্তিত ॥ ৪৬
অবহুমনসা দেবি নিত্যং তদসহচেতসা।
সাধুত্বা প্রাপ্যতে দেবৈর্যত্নেন মহতা চিরাৎ ॥ ৪৭
ইতিভির্নবভির্হৌমৈঃ প্রণবৈর্নিত্যচিন্তয়া।
অর্চয়িত্বা যথাশক্তি ধ্যাত্বা দেবং বিশন্তি তে ॥ ৪৮
সাযুজ্যানাং বিশিষ্টত্বং মামকা বৈষ্ণবা তথা।
মাং প্রাপ্য ন নিবর্তন্তে বিষ্ণুং বা শুক্ললোচনে ॥ ৪৯
ইতি তে কথিতো দেবি যোগধর্মঃ সনাতনঃ
ন শক্যাঃ প্রাপ্তুমন্যৈর্যো যোগধর্মমৃতা বিনা ॥ ৫০

ইত্যাত্রিক: ষোড়শ অধ্যায়:

ব্যক্তি যথাযোগ্য আহার-বিহারকারী, সকল কর্মে উপযুক্ত চেষ্টাপরায়ণ, প্রয়োজনমত নিদ্রিত সময় যথাযথ নিদ্রা যায় এবং জাগরিত থাকে এই বিধানের দ্বারা দেবসাযুজ্য লাভ হয়। নিম্নের উক্তির দ্বারা দেবসাযুজ্য প্রাপ্ত হইয়া যোগসাধনার উৎপত্তি হইবে দেবি! কৃতনিশ্চয় একাগ্র ও অনন্য চিত্ত হইয়া নীরবকাল সর্বাত্ম বিশেষ প্রযত্ন করিলে পর দেবতাদের সহিত সাযুজ্য লাভ হয় যোগীরা কহিয়া, পূজা, হোম, প্রণাম এবং নিত্য ধ্যানের দ্বারা যথাশক্তি আরাধনা করত নিজ নিজ ইষ্টদেবের সকলে প্রবিষ্ট হইয়া যান। ৪৫-৪৮

শুক্ল-লোচনে! সকল দেবসাযুজ্যের মধ্যে আমার এবং শ্রীবিষ্ণুর সাযুজ্য শ্রেষ্ঠ আমাকে বা শ্রীবিষ্ণুকে প্রাপ্ত হইয়া মানুষেরা পুনরায় সংসারে ফিরিয়া আসে না দেবি! এইভাবে আমি তোমায় নিকটে বলিলাম যোগধর্ম বর্ণনা করিলাম তুমি ব্যতীত অন্য কেহই এই যোগধর্মের বিষয়ে প্রশ্ন করিতে সমর্থ হয় না ॥ ৪৯-৫০

অধিক ষোড়শ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

অধিকঃ সপ্তদশঃ অধ্যায়ঃ।

[পাশুপত-যোগবর্ণনম্, শিবলিঙ্গপূজামাহাত্ম্যকথনঞ্চ।]

ঋষয় ঊচুঃ।

ত্রিযক্ষ ত্রিদশশ্রেষ্ঠ ত্রাম্বক ত্রিদশাধিপ।
ত্রিপুরান্তক কামারে ত্রিদশগুরো ॥ ১

দক্ষযজ্ঞপ্রমথন ভূতপাশোপবিত্রিদৃক।
নমস্তে লোকপালেশ লোকপালবরপ্রদ ॥ ২

নৈকপাশপর্যাকুলব্যাপ্তজ্ঞানমুত্তমম্
অপ্রতর্ক্যমবিজ্ঞেয়ঃ সাংখ্যযোগসমন্বিতম্ ॥ ৩

ভবতা পরিপূর্ণেন শ্রুতো মম ভাবিতম্
ইদানীং শ্রোতুমিচ্ছামি সাদুতো ব্রহ্মতঃ বিভো ॥৪

কথা পরিচরন্ত্যেতে ভক্ত্যাত্মা পরমেষ্ঠিনম্
আচারঃ কীদৃশস্তেষাং কেন তুষ্টো ভবেশ ভবান্ ॥৫

বর্ণয়ানং ত্বয়া সাক্ষাৎ শ্রীনয়ত্যধিকং হি মাম্ ॥৬

শ্রীমহেশ্বর উবাচ।

হন্ত তে কথয়িষ্যামি মম সাযুজ্যমদ্ভুতম্।
যেন তে ন নিবর্ত্তন্তে মুক্তাঃ পরমযোগিনঃ ॥ ৭

অব্যক্তোঽহমচিন্ত্যোঽহং পূর্বৈরপি মুমুক্ষুভিঃ।
সাংখ্য-যোগৌ সদা শুষ্টৌ সর্বং চাপি চরাচরম্ ॥৮

অর্চনীয়োঽহমীশোঽহমবাপ্তোঽহং সনাতনঃ।
অহং প্রসন্নো ভক্তানাং দদাম্যমরতামপি ॥ ৯

ন মাং বিদুঃ সুরগণাঃ মুনয়শ্চ তপোধনাঃ।
তৎপ্রিয়ার্থমহং দেবি মর্ষিকৃত্তিং ত্রয়ীং তে ॥ ১০

আশ্রমেষ্বস্তমুর্ত্যোঽহং চরুরো ব্রাহ্মণান্ শুচে
মদ্ভক্তান্ নির্ধনান্ পুণ্যান্ সমানীয় তপস্বিনঃ ॥ ১১

ব্যাচষ্টেঽহং তথা দেবি যোগং পাশুপতং মহৎ ১২

গৃহীত্বা তত্ত্ব তৈঃ সর্বং মুখাচ্চ মম দক্ষিণাৎ।
শ্রুত্বা তৎ ত্রিষু লোকেষু স্থাপিতা চাপি তৈঃ পুনঃ ॥১৩

অধিক সপ্তদশ অধ্যায়।

[পাশুপত-যোগ বর্ণন এবং শিবলিঙ্গ পূজনের মাহাত্ম্য কথন।]

ঋষিরা বলিলেন,—ত্রিলোচন! ত্রিদশ (দেব)-শ্রেষ্ঠ! আপনি ত্রিলোকের পিতা দেবেশ্বর, আপনি ত্রিপুরান্তকর, কামদেবের সম্পূর্ণ অঙ্গকে ভস্মীভূত করিয়াছেন, আপনি নিজযজ্ঞে প্রমথের ধারণ করিয়াছিলেন, আমার বিরোধ নষ্ট করিতে না পারিয়া আপনি আমার পিতা প্রজাপতি দক্ষের যজ্ঞ ধ্বংস করিয়া বিনষ্টছিলেন, আপনি ঘোর তেজে ত্রিশূল ধারণ করেন, নরক সঙ্কটে নাশ করেন এবং লোকপালগণেরও রক্ষাকর্তা ও লোকপালগণের ঈশ্বর। আপনাকে নমস্কার ॥ ১-২

আমি জিজ্ঞাসা করিলে ও ভক্তিতে উৎসুক আপনি আমাকে আপনি এই উত্তম আধ্যাত্মজ্ঞান বলিলেন। ইহা অনেক পাশসমূহে যুক্ত, অনন্ত, অতর্কণীয়, অবিজ্ঞেয় এবং সাংখ্যযোগের দ্বারা সমন্বিত। প্রভো! এখন আমি আপনার নিকট হইতে আপনারই সাযুজ্যের বিষয় শ্রবণ করিতে ইচ্ছুক হইয়াছি। এই তত্ত্বজ্ঞগণ পরমেষ্ঠী আপনাকে কিভাবে পরিচর্য্যা (আরাধনা) করেন? তাঁহাদের আচার কিরূপ? কোন্ সাধনার দ্বারা আপনি সন্তুষ্ট হন? সাক্ষাৎ আপনার দ্বারা প্রতিপাদিত হইলে পর এই বিষয় আমাকে অধিক প্রীতি প্রদান করিবে ॥ ৩-৬

শ্রীমহেশ্বর বলিলেন,—দেবি! আমি প্রসন্নতার সহিত আমার এই অদ্ভুত সাযুজ্যের কথা তোমার নিকট বর্ণনা করিব। যাহার দ্বারা মুক্ত হইয়া সেই মহাযোগী পুরুষগণ আর সংসারে প্রত্যাবর্তন করেন না ॥ ৭

পূর্ব্বজাত অতএব মহাপ্রাজ্ঞ মুমুক্ষু পুরুষগণের দ্বারাও আমি অব্যক্ত ও অচিন্তনীয়ই রহিয়াছি। আমি সাংখ্য ও যোগের সৃষ্টি করিয়াছি। সমস্ত চরাচর জগৎকেও আমিই উৎপন্ন করিয়াছি ॥ ৮

আমি পূজনীয় ঈশ্বর। আমিই অবিনাশী সনাতন পরম পুরুষ। আমি প্রসন্ন হইয়া নিজের ভক্তগণকে অমরত্বও প্রদান করি ॥ ৯

দেবতা ও তপোধন মুনিগণও আমাকে যথার্থরূপে জানিতে পারেন না। দেবি! তোমার প্রিয় করিবার বাসনায় আমি আমার বিকৃতির কথা বলিব। শুচে! দেবি! আমি ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বানপ্রস্থ ও সন্ন্যাস—এই চার আশ্রম হইতে পুণ্যাত্মা, আমার ভক্ত, নির্ধনচিত্ত চারিজন তপস্বী ব্রাহ্মণকে আনিয়া তাহাদের সমক্ষে সর্ব্বোৎকৃষ্ট পাশুপত যোগের ব্যাখ্যা করিয়াছিলাম ॥ ১০-১২

আমার দক্ষিণাস্য মুখ হইতে এই সব উপদেশ শ্রবণ করিয়া তাহারা গ্রহণ করিয়াছিল এবং পুনরায় এই তিন লোকে তাহা

ইদানীঞ্চ ত্বয়া পৃষ্টো যদ্যদ্যেন্নরা: শৃণু । ১৪
অহং পশুপতির্নাম মদ্ভক্তা যে চ মানবা: ।
সর্বে পাশুপতা জ্ঞেয়া ভস্মদণ্ডিনস্তনুত্রাণা: । ১৫
রক্ষার্থং মঙ্গলার্থঞ্চ পবিত্রার্থঞ্চ তাপিনি
নিজার্থং চৈব ভক্তানাং তস্য তস্য ময়া পূজা । ১৬
তেন সন্ত্রিভসর্বাঙ্গা ভস্মনা ব্রহ্মচারিণ: ।
জটিলা মুণ্ডিতা বাপি নানাকারশিখণ্ডিন: । ১৭
বিরূপাঃ পিঙ্গলাশ্চান্ধা নগ্না নানাপ্রকারিণ: ।
ভৈক্ষচরন্তঃ সর্বত্র নিঃস্পৃহা নির্পরিগ্রহাঃ । ১৮
কৃপাত্রহস্তা মদ্ভক্তা সন্নিবেশিতমূর্ধজা:
চরন্তো নিখিলা লোকা: মম হর্ষবিবর্ধনা: । ১৯
মম পাশুপতং দিব্যং যোগশাস্ত্রমনুত্তমম্ ।
পূজ্যা সর্বেষু লোকেষু বিমুক্তস্তন্ত্রবস্তি তে । ২০
এবং নিত্যাভিযুক্তানাং মদ্ভক্তানাং তপস্বিনাম্
উপায়ং চিন্তয়াম্যাশু যেন মামুপযন্তি তে । ২১

স্থাপিতা ত্রিষু লোকেষু শিবলিঙ্গং ময়া মম
নমস্কারেণ বা তস্য মুচ্যন্তে সর্বকিল্বিষৈঃ । ২২
ইষ্টৈঃ দত্তমনীতঞ্চ যজ্ঞাস্ত বহুদক্ষিণা: ।
শিবলিঙ্গপ্রণামস্য কলাং নার্হন্তি ষোড়শীম্ । ২৩
অর্চয়া শিবলিঙ্গস্য পরিতুষ্যাম্যহং প্রিয়ে
শিবলিঙ্গার্চনায়াস্তু বিধানমপি যে শৃণু । ২৪
গোক্ষীর-নবনীতাভ্যামর্চয়েদ্ যঃ শিবং মম
ইষ্টান্ বরমবাপ্নোতি তৎ তৎ ফলমবাপ্নুয়াৎ । ২৫
ঘৃতমণ্ডেন যো ভিত্ত্বামর্চয়েদ্ যঃ শিবং মম
স ফলং প্রাপ্নুয়াদ্ভক্ত্যা ব্রাহ্মণ্যাগ্নিহোত্রিণঃ । ২৬
কেবলেনাপি তোয়েন স্নাপয়েদ্ যঃ শিবং মম ।
স চাপি লভতে পুণ্যং প্রিয়ঙ্গু লভতে নরঃ । ২৭
সঘৃতং গুগ্গুলং সম্যগ্ ধূপয়েদ্ যঃ শিবান্তিকে ।
সোমযজ্ঞস্য তু যজ্ঞস্য যৎ ফলং তস্য তদ্ ভবেৎ । ২৮
যস্তু গুগ্গুলসিদ্ধেন কেবলেনাপি ধূপয়েৎ
তস্য চ প্রদানস্য যৎ ফলং তস্য তদ্ ভবেৎ । ২৯

স্থাপিত করে। এই সমস্ত ভূমি জিজ্ঞাসা করিলে পর আমি সেই পাশুপত-যোগ বর্ণনা করিতেছি, একমনে তাহা শ্রবণ কর। আমারই নাম পশুপতি। নিজেদের রোমে রোমে ভস্মলেপনকারী অর্থাৎ সর্বাঙ্গে ভস্মলেপনকারী যে সকল মানুষ আমার ভক্ত, তাহারাদিগকে 'পাশুপত' বলিয়া জানিও। ১৩-১৪

জানিনি! পূজাকালে আমি রক্ষার জন্য, মঙ্গলের জন্য, পবিত্রতার জন্য এবং পরিচয়ের (চিহ্নের) জন্যও নিজের ভক্তগণকে ভস্ম প্রদান করিয়াছিলাম। সেই ভস্মের দ্বারা সমস্ত অঙ্গকে লিপ্ত করিয়া ব্রহ্মচর্য্যপালনকারী জটাধারী, মুণ্ডিত কিংবা নানাপ্রকার শিখাধারী, বিরূপরূপে, পিঙ্গলবর্ণ, নগ্নদেহ এবং নানাবিধ বেশ ধারণ করত নিঃস্পৃহ ও পরিগ্রহশূন্য ভক্তগণ আমাতেই মনঃসংযোগ করিয়া বৃত্তিলাভের পাত্র হইতে গ্রহণ পূর্বক সর্বদিকে ভিক্ষার জন্য বিচরণ করিতে থাকে। সমস্ত লোকে বিচরণ করিতে করিতে এই ভক্তেরা বিশেষভাবে আমার হৃদয় হরণ করে। ১৫-১৯

সকল লোকে আমার উত্তম সুখ ও দিব্য পাশুপত যোগ-শাস্ত্রের বিচার করিতে করিতে সেই ভক্তগণ বিচরণ করে। ২০

এইভাবে নিত্য আমারই চিন্তায় সকল আমার তপস্বী ভক্তগণের জন্য আমি এরূপ উপায় চিন্তা করিতে থাকি, যাহাতে তাহারা শীঘ্রই আমাকে লাভ করিতে পারে। ২১

তিন লোকে আমি আমারই স্বয়ম্ভূত শিবলিঙ্গ স্থাপিত করিয়াছি, যাহাকে নমস্কার করিয়াই সকল মানুষ সর্ববিধ পাপ হইতে মুক্ত হইয়া যায়। যোগ, দান, অধ্যয়ন ও বহুদক্ষিণা-বিশিষ্ট যজ্ঞ শিবলিঙ্গকে প্রণাম করিয়া প্রাপ্ত পুণ্যের ষোল ভাগের একভাগের সমান হইতে পারে না। ২২-২৩

প্রিয়ে! শিবলিঙ্গ-পূজার দ্বারা আমি অত্যন্ত সন্তুষ্ট হই। ভূমি শিবলিঙ্গ-পূজা বিধান আমার নিকট হইতে শ্রবণ কর। ২৪

যে ব্যক্তি গোদুগ্ধ ও নবনীতের (মাখনের) দ্বারা আমার শিবলিঙ্গের পূজা করে, তাহার সেই ফলই লাভ হইয়া থাকে, যাহা অগ্নিহোত্র যজ্ঞ করিলে প্রাপ্ত হওয়া যায়। যে প্রতিদিন ঘৃত-মণ্ডের দ্বারা আমার শিবলিঙ্গের পূজা করে, সেই মানুষ প্রতিদিন অগ্নিহোত্রকারী ব্রাহ্মণের তুল্য পুণ্যভাগী হইয়া থাকে। যে কেবল জলের দ্বারাও আমার শিবলিঙ্গকে স্নান করায়, সেই মানুষও পুণ্য লাভ করে এবং অন্তিম ফল প্রাপ্ত হয়। ২৫-২৭

যে মানুষ শিবলিঙ্গের নিকটে ঘৃতমিশ্রিত গুগ্গুলের উত্তম ধূপ নিবেদন করে, সেই মানুষ সোমযজ্ঞনামক যজ্ঞের ফলপ্রাপ্ত হয়। যে কেবল গুগ্গুলের সিদ্ধের দ্বারা ধূপদান করে, তাহার সুবর্ণ-

যস্তু নানাবিধৈঃ পুষ্পৈরস্য লিঙ্গং সমর্চয়েৎ।
স বৈ মেদুসমস্রজ্যা যজ্ঞস্য ফলমাপ্নুয়াৎ ॥ ৩০
যস্তু মেণাস্তরং গত্বা শিবলিঙ্গং সমর্চয়েৎ
তস্যাৎ সর্বমনুষ্যেষু নাস্তি মে প্রিয়কৃত্তমঃ ॥ ৩১
এবং নানাবিধৈর্ভক্ত্যা শিবলিঙ্গং সমর্চয়েৎ।
মৎসমানো মনুষ্যেষু ন পুনর্জায়তে নরঃ ॥ ৩২
অর্চয়ন্তিহ যস্ত্বাত্র রুদ্রৈকপরায়ণঃ স্তবৈরেষ
ভক্ত্যা মামর্চয়েন্নিত্যং শিবলিঙ্গেষ্বতন্দ্রিতঃ ॥ ৩৩
পলাশবিল্বপত্রাণি রাজবৃক্ষপ্রভূতয়া
অর্চপুষ্পাণি মেধ্যানি মৎপ্রিয়াণি বিশেষতঃ ॥ ৩৪
ফলং বা যদি বা শাকং পুষ্পং বা যদি বা জলম্।
যস্তু সন্ত্যজতে দেবি ভক্তেরুদ্রমনানসৈঃ ॥ ৩৫
ন্নাপি পরিভূয়েত্যা নাস্তি লোকেষু দুর্লভম্।

তস্যাৎ তে সততং ভক্ত্যা মায়েবাত্যর্চয়ন্ত্যত ॥ ৩৬
মদ্ভক্তা ন বিনশ্যন্তি মদ্ভক্তা যান্তকক্ষয়াঃ।
মদ্ভক্তাঃ সর্বলোকেষু পূজনীয়া বিশেষতঃ ॥ ৩৭
মদ্বেষিণশ্চ যে মর্ত্যা মদ্ভক্তদ্বেষিণোঽপি বা।
যান্তি তে নরকং ঘোরমিষ্টা ক্রুদ্ধপতৈরপি ॥৩৮
এতৎ তে সর্বমাখ্যাতং যোগং পাশুপতং মহৎ।
মদ্ভক্তৈরনুভূতৈর্যৈঃ শ্রাব্যমেতদ্ দিনে দিনে ॥ ৩৯
শৃণুয়াদ্ বঃ পঠেদ্ বাপি মদ্ভক্তং ধর্মনিন্দকম্
ধর্মং কীর্তিং ধনং রাজ্যং লভতে স নরোত্তমঃ ॥ ৪০
ইত্যার্ষে শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
অনুশাসনপর্বণি দানধর্মপর্বণি উমামহেশ্বরসংবাদে
পঞ্চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১৪৫

লোকের ফললাভ হয়। যে নানাপ্রকার পুষ্পসমূহের দ্বারা আমার লিঙ্গের পূজা করে, সে সমস্ত যজ্ঞের ফললাভ হয়। যে মেষশাবরে যাইয়া শিবলিঙ্গের পূজা করে, সকল মানুষের মধ্যে তাহা হইতে আমার অধিক প্রিয়কারী মানুষ আর কেহ নাই। ৩০-৩১

এইভাবে নানাবিধ দ্রব্যসমূহের দ্বারা যে শিবলিঙ্গের পূজা করে, সে মনুষ্যগণের মধ্যে আমারই সমান হইয়া যায়। সে আর এ সংসারে পুনরায় জন্মগ্রহণ করে না। অতএব ভক্ত ব্যক্তির প্রতিদিন অর্চনা, নমস্কার, উপহার ও স্তোত্রসমূহের দ্বারা আমার ভক্তগণ শিবলিঙ্গকেই আমার পূজা করিবে। পলাশ ও বিল্বপত্র, রাজবৃক্ষের পুষ্পরাজি এবং পবিত্র আরণ্যপুষ্পসমূহ আমার বিশেষ প্রিয় বস্তু। ৩২-৩৩

দেবি! আমাতে মনোনিবেশকারী আমার ভক্তগণ প্রদত্ত ফল, পুষ্প, শাক অথবা জলও আমাকে বিশেষ প্রীতিপ্রদান করে। আমি সন্তুষ্ট হইয়া থাকিলে পর সকল লোকে আর কিছুই দুর্লভ থাকে না, সেইজন্য তখন সকলে আমারই পূজা করে। ৩৪-৩৬

আমার ভক্তগণ কখনও নষ্ট হয় না, আমার ভক্তগণ সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া যায় এবং আমার ভক্তগণ তিন লোকে বিশেষ ভাবে পূজনীয় হয়। যে সব মানুষ আমাকে বা আমার ভক্তদিগকে দ্বেষ করে, তাহারা শত যজ্ঞের অনুষ্ঠান করিলেও নরকে পতিত হয়। ৩৭-৩৮

দেবি! এইভাবে আমি তোমার নিকটে মহান্ পাশুপত-যোগের ব্যাখ্যা করিলাম। আমার প্রতি ভক্তিমান্ সকল মানুষেরই প্রতিদিন এই উপাখ্যান শ্রবণ করা উচিত। যে নরোত্তম মানুষ আমার এই ঋষিনিন্দক অর্থাৎ ঋষিবিদ্বেষে আমার এই সিদ্ধান্ত শ্রবণ করে বা পাঠ করে, সে ইহলোকে ধন-ধান্য ও কীর্তি এবং পরলোকে স্বর্গ প্রাপ্ত হয়। ৩৯-৪০

আদিক সপ্তদশ অধ্যায় সমাপ্ত।

শ্রীমহর্ষি বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের অনুশাসনপর্বান্তর্গত দানধর্মপর্বে উমা-মহেশ্বর সংবাদবিষয়ক পঞ্চত্বারিংশদধিক শততম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষট্‌চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

[পার্ব্বতীদেবীকর্ত্তৃক স্ত্রীধর্ম্মবর্ণনম্]

নারদ উবাচ।

এবমুক্তঃ মহাদেবঃ শ্রোতুকামঃ স্বয়ং প্রভুঃ।
অনুকূলাং প্রিয়াং ভার্য্যাং পার্ব্বত্যাং সমভাষত ॥ ১

শ্রীমহেশ্বর উবাচ

পরমাবরজে বরজে তপোবনবিবাসিনি
সাধ্বি শুভ্র শুকেশান্তে হিমবৎপর্ব্বতাত্মজে ॥ ২
দক্ষে শরমোপেতে নিয়মে বরচারিণি।
পৃচ্ছামি ত্বাং বরারোহে পৃষ্টা বদ যদেপ্সিতম্ ॥ ৩
সাবিত্রী ব্রহ্মণঃ সাধ্বী কৌশিকস্য সতী সতী
(লক্ষ্মীর্বিষ্ণোঃ প্রিয়া ভার্য্যা ধৃতির্ভার্য্যা যমস্য তু)
সন্ত্বাৎ সমানো ব্যানশ্চ ইতি যজ্ঞবিদো বিদুঃ
প্রাণাপানাব্যবাভাগো ভরোর্মধ্যে হুতাশনঃ ॥ ১২
এতদ্ রূপমুদানস্য পরমং ব্রাহ্মণা বিদুঃ
নির্ঋত্যামতি বৈ ক্ষেত্রং তন্মে নিগদতঃ শৃণু ॥ ১৩
অবোরাত্রমিদং বৃষ্ণঃ ভরোর্মধ্যে হুতাশনঃ ।
এতদ্ রূপমুদানস্য পরমং ব্রাহ্মণা বিদুঃ ॥ ১৪
সজ্ঞানজৈব তদ্ বৃষ্ণঃ ভরোর্মধ্যে হুতাশনঃ ।
এতদ্ রূপমুদানস্য পরমং ব্রাহ্মণা বিদুঃ ॥ ১৫
ঊর্ধ্বং সমানো ব্যানশ্চ ব্যসাতে কবী তেন তৎ ।
তৃতীয়া তু সমানেন সূনরেব ব্যদসাতে ॥ ১৬
শান্ত্যর্থং ব্যানমেতত্ত শান্তির্ত্রহ্ম সনাতনম্ ।
এতদ্ রূপমুদানস্য পরমং ব্রাহ্মণা বিদুঃ ॥ ১৭

ইতি শ্রীমদ্ভাগবতে মহাসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
আথর্বণিকে পর্বণি অনুগীতাপর্বণি ব্রাহ্মণগীতাসু
চতুশ্চিংশোঽধ্যায়ঃ ॥ ১৪

নারদ বলিলেন—"সত্য হইতে বর্ষ জন্মায়, প্রজিতর পর্জ, রস এবং রূপ হইতেও বর্ষ জন্মিয়া থাকে ॥ ৫

শুক্র ও শোণিত যে মিলন (যাহার দ্বারা ভ্রূণমণ্ডল সৃষ্ট হয়), তাহার পূর্বেই প্রাণের ক্রিয়া আরম্ভ হয়। প্রাণের দ্বারা শুক্র বিকৃত হইলে পর অপানের অপানের কার্য আরম্ভ হয় ॥ ৬

শুক্র কিংবা রস হইতেও বর্ষ (যা আনন্দ দ্বারা হইতে ভ্রূণমণ্ডলের উৎপত্তি বলিয়া জ্ঞাতিতে উক্ত) সম্ভূত হয়। এবং এই বর্ষই উদানরূপে কার্যকারণসম্বন্ধ মিথুনের মধ্যে যা ও হইয়া থাকে ॥ ৭

ফাল হইতে শুক্র জন্মায়, শুক্র হইতে রসের উৎপত্তি হয়। সমান ও ব্যান-জনিত শুক্র ও রক্ত এই দুইটিকে সাধারণ (সাধারণ) বলা হয় ॥ ৮

প্রাণ ও অপান এই উভয়ে উর্ধ্বে ও অধোদেশে যাইয়া থাকে। ব্যান ও সমান এই দুইটিকে যথাক্রমে বৃষ্ণ (বৃষভ) বলা হইয়া থাকে ॥ ৯

অগ্নি অর্থাৎ পরমাত্মাই সর্বদেবস্বরূপ, ইহাই ঈশ্বরের আদেশ, এবং ব্রাহ্মণ বুদ্ধির দ্বারা এই জ্ঞানই লাভ করিয়া থাকেন ॥ ১০

সেই অগ্নিরই ঘৃত হইল উপোষণ এবং রজোগুণ তাহার ভস্ম।

সেই অগ্নি যাহাকে হবিঃ প্রক্ষিপ্ত হয়, তাহা হইতেই এই সমস্ত ভস্মরূপ সৃষ্টি হয় ॥ ১১

যজ্ঞবিদ্‌গণ বলিয়া থাকেন যে, সত্ত্বগুণ হইতে সমান ও ব্যান উৎপন্ন হয়। প্রাণ ও অপান এ-দুটি যেন বজ্রভাগ আর তাহার মধ্যে আহুতন অগ্নির স্থিতি দেখা যায় ॥ ১২

উদানের এই শ্রেষ্ঠ রূপই ব্রাহ্মণেরা জানিতেন—যাহা নির্ঋতি (অর্থাৎ বিস্তৃতিহীন) বলে ; তাহা বলিতেছি, শুন ॥ ১৩

দিন ও রাত্রি এই দুইটি বৃষ্ণ, ইহাদের মধ্যভাগে আছেন অগ্নি। উদানের এই শ্রেষ্ঠ রূপই ব্রাহ্মণেরা জানিতেন ॥ ১৪

সৎ এবং অসৎ এই দুটি বৃষ্ণ। ইহাদের মধ্যস্থলেই অগ্নির স্থিতি। উদানের এই পরম রূপই ব্রাহ্মণেরা জানিতেন ॥ ১৫

ঊর্ধ্ব অর্থাৎ ব্রহ্ম যে সনাতনাত্মক ক্ষেত্রের দ্বারা সমান ও ব্যান রূপে প্রকল্পিত হন—তাহা হইতেই সেই কবি বিস্তারপ্রাপ্ত হয়। জাগ্রৎ ও স্বপ্নের অতিরিক্ত যে তৃতীয় অবস্থা (সুষুপ্তি) তাহার দ্বারা উপলক্ষিত ব্রহ্ম সমানের দ্বারাই নিক্ষিপ্ত হন ॥ ১৬

কেবল ব্যানই শান্তিস্বরূপ। শান্তিই সনাতন ব্রহ্ম। উদানের এই শ্রেষ্ঠ রূপই ব্রাহ্মণগণ জানিতেন ॥ ১৭

শ্রীমদ্ভাগবদ্ধি বেদব্যাসপ্রণীত মহাসাহস্রী সংহিতা শ্রীমদ্ভাগবতে আথর্বণিকপর্বান্তর্গত অনুগীতাপর্বে ব্রাহ্মণগীতা-প্রসঙ্গে চতুশ্চিংশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত।

পঞ্চবিংশোঽধ্যায়ঃ।

[চাক্ষুষৌত্র-যজ্ঞবর্ণনম্]

ব্রাহ্মণ উবাচ

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
চাক্ষুষৌত্রবিধানস্য বিধানমিহ যাদৃশম্॥ ১

তস্য সর্বস্য বিধিবদ্ বিধানমুপদিশ্যতে।
শৃণু মে সমতো ভদ্রে রহস্যমিদমদ্ভুতম্॥ ২

করণং কর্ম কর্তা চ মোক্ষ ইত্যেব তাদৃশি
চত্বার এতে হোতারো বৈরিঞ্চস্য জগদ্ধাতুম্॥ ৩

হেতুনা সাধনেনৈব শৃণু সর্বমশেষতঃ
ঘ্রাণং জিহ্বা চ চক্ষুশ্চ ত্বক্ চ শ্রোত্রক পঞ্চমম্।
মনো বুদ্ধিশ্চ সপ্তৈতে বিজ্ঞেয়া গুণবেত্তবঃ॥ ৪

গন্ধো রসশ্চ রূপঞ্চ স্পর্শঃ শব্দশ্চ পঞ্চমঃ
মন্তব্যাশ্চাথ বোদ্ধব্যাঃ সপ্তৈতে কর্মবেত্তবঃ॥ ৫

ঘ্রাতা গন্ধবিদ্যা দ্রষ্টা বক্তা শ্রোতা চ পঞ্চমঃ।
মন্তা বোদ্ধা চ সপ্তৈতে বিজ্ঞেয়াঃ কর্তৃবেত্তবঃ॥ ৬

গন্ধাদয়ো গুণাস্ত্বেতে গুণবন্তঃ শুভাশুভম্।
অনেক নির্গুণোঽনন্তঃ সপ্তৈতে মোক্ষবেত্তবঃ॥ ৭

বিদুষাং বুধ্যমানানাং স্বং স্বং স্থানং যথাবিধি।
গুণান্তে দেবতাভূতাঃ সন্ততং ভুঞ্জতে হবিঃ॥ ৮

অমন্যমানস্তেঽবিদ্বান্ মন্যতে যাপলপ্যতে।
আত্মার্থে পাঠয়ন্নন্যং মমত্বেনোপজুষ্যতে॥ ৯

অভক্ষ্যাভক্ষণং চৈব যত্তপানক ভক্ষ্যতে তম্
স চান্নং ভক্ষ্যতি তং চান্নং স হন্যা ভক্ষ্যতে পুনঃ॥ ১০

হন্যা ভক্ষয়িতা বিদ্বান্ পুনর্ভবতি ঘাতকঃ
ন চান্নাজ্জায়তে কশ্চিন্ মৃত্যো নাম ব্যতিক্রমঃ॥ ১১

মনসা গম্যতে যচ্চ সচ্চ বাচা নিগদ্যতে
শ্রোত্রেণ শ্রূয়তে যচ্চ তচ্ছুষা যচ্চ দৃশ্যতে॥ ১২

পঞ্চবিংশ অধ্যায়।

[চাক্ষুষৌত্র যজ্ঞের বর্ণনা।]

ব্রাহ্মণ বলিলেন— এই বিষয়ে চারজন হোতার দ্বারা সম্পাদিত যজ্ঞ যেরূপে বিহিত হইয়াছিল, তাহার পুরাতন আর একটি ইতিহাসও দৃষ্টান্তস্বরূপ বিজ্ঞগণ কর্তৃক কথিত হয়॥ ১

সেই যজ্ঞের বিধান ও অনিষ্পিষ্ট নিয়ম যত্নে যেরূপে উপদিষ্ট হয়, তাহা এক অপূর্ব্ব ঘটনা। হে ভদ্রে! তাহা বলিতেছি শুন॥২

করণ, কর্ম, কর্ত্তা ও মোক্ষ—এই চারজন হোতার দ্বারা সমস্ত জগৎ আবৃত হইয়া আছে॥৩

ইহাদের যে সমস্ত হেতু আছে, তাহা যুক্তির দ্বারা দেবতাবিদ্ হয়, সেই সকল সম্পূর্ণরূপে শুন। ঘ্রাণ, জিহ্বা, চক্ষু, ত্বক্ ও শ্রোত্র এই পাঁচটি এবং মন ও বুদ্ধি এই সাতটিকে গুণবান্ বলিয়া জানিবে॥ ৪

গন্ধ, রস, রূপ, শব্দ, স্পর্শ, মন্তব্য ও বোদ্ধব্য এই সাতটি কর্ম্মবেত্তা হেতু॥ ৫

আঘ্রাণকর্ত্তা, ভক্ষণকর্ত্তা, দ্রষ্টা, বক্তা, শ্রোতা, মননকর্ত্তা ও বোদ্ধা—এই সাতটিকে কর্ত্তৃ-বেত্তা হেতু বলা হয়॥ ৬

গুণবান্ ইন্দ্রিয়সকল শুভ কিংবা অশুভ যে যে বিষয়ের গুণ উপভোগ করিয়া থাকে আর যিনি আত্মা অর্থাৎ সর্ব্বময় "আমি" তিনি নির্গুণ ও অনন্ত হইয়া জানিলে পর এই সাতটিই আবার মোক্ষবেত্তা হয় অর্থাৎ যতদিন ইন্দ্রিয়ের উপভোগ গুণগুলিতে থাকে, ততদিন ঐ সাতটি ভোগ হেতু হয়, আর যখন "আমি নির্গুণ অনন্ত" এই বোধ জন্মায় তখন উহারাই মোক্ষ-কারণরূপে দাঁড়ায়॥ ৭

ইহারা বিভিন্ন বিষয় বুঝিতে পারেন সেই সব বিদ্যানগণের ইন্দ্রিয়ের গুণগুলি যথা স্থানে যথাবিধি জানিয়া দেবতাদিগের ন্যায় হবিঃ অর্থাৎ গ্রহণ করিয়া থাকে॥ ৮

আর যে অবিদ্বান্, সে যাহা গ্রহণকালে তাহার প্রতি মমত্ব বোধ করে এবং নিজের জন্য অন্য পাক করিয়া সেই মমত্বের দ্বারাই ভোগপ্রাপ্ত হয়॥ ৯

অভক্ষ্যভক্ষণ ও মদ্যপান তাহাদের নাশের কারণ হয়। সেই বিষয় যাহা তাহাকে এবং সেই অন্নকে ভোগ নাশ করেই সে সেই অন্ন গ্রহণ করিয়া নিজের হত হয়, সেই অন্নকেও নাশ করে॥ ১০

যিনি বিদ্বান্ হইয়া এই অন্ন ভোজন করেন—তিনি পুনরায় ভক্ষয়িতাবান্ (ঈশ্বর) হইয়া অন্যান্যের জন্য দিতে পারেন। তাঁহার দ্বারা কৃতঘ্নতার সেই অন্নে কোনও দুষ্ট দোষ লাগে না॥১১

মনের দ্বারা যাহা যাহা জানা যায়, বাক্যের দ্বারা যাহা যাহা বলা যায়, কর্ণের দ্বারা যাহা যাহা শ্রবণ করা যায়, চক্ষুর দ্বারা যাহা যাহা দেখা যায়,

স্পর্শেন স্পৃশ্যতে যচ্চ ঘ্রাণেন ঘ্রায়তে চ যৎ।
মনসেষ্টানি সাংযম্য ধ্রুবীস্তেতানি সর্বশঃ ॥ ১৩
ওপবৎসাবকো মন্ত্রং সৌম্যত্বেহস্তুঃশরীরগঃ
যোগযজ্ঞঃ প্রবৃত্তো যে জ্ঞানঘৃক্ষিপ্রদোহনঃ
প্রাণস্তোত্রেঽপানশস্ত্রঃ সর্বত্যাগদক্ষিণঃ ॥ ১৪
কর্তাস্মুবন্তা ব্রহ্মাত্মা যোজ্যাত্মর্ষিঃ কৃতস্তুতিঃ।
তত্র প্রশান্তা তত্ত্বস্রবপরোক্ষেণ দীক্ষিতা ॥ ১৫

স্পর্শের দ্বারা যাহা স্পর্শ করা যায়, নাসিকা দ্বারা যাহা ঘ্রাণ করা যায়—এই সইপ্রকার বিষয়কে শব্দ রবির ন্যায় চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক ও মন এই ছয়টি ইন্দ্রিয়ে আহুতি দিতে হয় অর্থাৎ সংযত করিতে হয়। তার ফলে এই যোগের অধিকারভূত জীবাত্মা আত্মাদন জীবের শরীর মধ্যে বাহিরে প্রকাশিত হয়। ১২-১৩½

(ব্রাহ্মণ বলিতেছেন) আমি এই অধিকারকে জ্ঞান হইতে উদ্ভূত যোগ-যজ্ঞই আরম্ভ করিয়াছি। ইহাতে প্রাণই স্তোত্র, অপান শস্ত্র, আর কর্মফলাদি সর্বত্যাগ ইহার উত্তম দক্ষিণা ॥১৪

অহংব্রহ্মবাদী কর্তা, মননশীল অন্তর্যামী, আর ব্রহ্মাত্মক আত্মা ইহারা যথাক্রমে হোতা, অধ্বর্যু ও উদ্গাতা। সত্যভাষণ ইহার

তত্ত্বজ্ঞাপাত্র বলিছে নারায়ণধিষ্ণো জনাঃ।
নারায়ণায় দেবায় যত্রিষ্ণন্ পশুন্ পুরা ॥১৬
তত্র সন্নামি গচ্ছন্তি তত্র চাত্মনিদর্শনম্।
যেবং নারায়ণং ভীক্ত সর্বাত্মানং নিযোধ তম্ ॥ ১৭
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
আধ্যেধিকে পর্বণি অনুগীতাপর্বণি ব্রাহ্মণগীতাসু
ষড়্বিংশোঽধ্যায়ঃ ॥২৫

প্রশাসনের পত্র, আর নির্ভীক বা মোক্ষই ইহার অন্তিম লক্ষ্য বা দক্ষিণা ॥ ১৫

নারায়ণ অর্থাৎ ব্রহ্মকে ইহারা জানেন, সেই পুরুষগণ এই বিষয়ক তত্ত্বকথার উল্লেখ করেন। নারায়ণরূপ দেবদেবকে প্রাপ্ত হইবার তত্ত্ব পুরাকালে তত্ত্বজ্ঞ ঋষিগণ যজ্ঞে পশুদিগকে বলি দিতেন ॥ ১৬

তদ্দর্শনপ্রাপ্তি হইলে সব সিদ্ধ পুরুষ দেখাদের সাযুজ্য লাভ করেন তাহার নিদর্শন বৈদিকীয় ঋগ্বেদিনে "এতৎ সাম্যবায়ন্তে" ইত্যাদি মন্ত্রে পাই। হে ভীরু (ব্রাহ্মণি) তুমি সেই সর্বাত্মা নারায়ণকে বুঝিতে চেষ্টা কর ॥ ১৭

শ্রীমদ্ভগবদ্গীতা বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের আধ্যেধিকপর্বান্তর্গত অনুগীতাপর্বে ব্রাহ্মণগীতাপ্রসঙ্গে ষড়্বিংশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত।

ষড়্বিংশোঽধ্যায়ঃ।

(অন্তর্যামিণঃ প্রাধান্যকথনম্ ।)

ব্রাহ্মণ উবাচ

একঃ শাস্তা ন দ্বিতীয়োঽস্তি শাস্তা
যো শুক্রমন্তমহমনুব্রবীমি
তেনৈব যুক্তঃ প্রবহাদ্বিযোনঃ
যথা নিমুক্তোঽস্মি তথা বহামি ॥
একো গুরুর্নাস্তি ততো দ্বিতীয়ো
যো শুক্রমন্তমহমনুব্রবীমি

তেনানুশিষ্টা গুরুণা সকেব
পরাভূতা দানবাঃ সর্ব এব ॥ ২
একোবন্ধুর্নাস্তি ততো দ্বিতীয়ো
যো শুক্রমন্তমহমনুব্রবীমি।
তেনানুশিষ্টা বান্ধবা বন্ধুবন্তঃ
সপ্তর্ষয়শ্চৈব দিবি প্রতান্তি ॥ ৩

ষড়্বিংশ অধ্যায়।

[অন্তর্যামীর প্রাধান্য কথন।]

ব্রাহ্মণ বলিলেন—জগতের একজনই শাসক আছেন, দ্বিতীয় কোন শাসক নাই। যিনি সকলকের হৃদয়ে বিরাজ করেন তাঁহাকে প্রকাশ করিয়া বলিতেছি যেরূপ চালু ভূমির উপর দিয়া জল নিম্নমুখে অবশ্যভাবে প্রবাহিত হয়, সেইরূপ তাঁহারই দ্বারা সঞ্চালিত হইয়া আমি 'যেইরূপ তিনি যথাইচ্ছেন' সেই রূপই বহিয়া যাইতেছি ॥ ১

একজনই গুরু আছেন। দ্বিতীয় কোন গুরু নাই। যিনি সকলকের হৃদয়স্থিত সেই পরমাত্মাকেই আমি গুরু বলিয়া উল্লেখ করিতেছি। সেই গুরুর দ্বারা অনুশাসিত হইয়াই সমস্ত দানবগণ পরাজিত হয় ॥ ২

একজনই বন্ধু আছেন। তাঁহা ব্যতীত দ্বিতীয় বন্ধু নাই। সেই যিনি সকলকের হৃদয়ে অধিষ্ঠিত, তাঁহার কথাই বলিতেছি, শুন। তাঁহার দ্বারা অনুশাসিত হইয়াই বন্ধুগণ পরস্পরের বন্ধুত্ব ভোগ করেন এবং সপ্তর্ষিগণ আকাশে প্রকাশিত হন ॥ ৩

একঃ শ্রোতা ন চাস্তি ততো দ্বিতীয়ো
যো লক্ষ্যতত্ত্বমবমন্তুমলং বভূবুঃ।
তস্মিন্ গুরৌ গুরুতরাং নিদধুঃ
শক্রো গতঃ সর্বলোকাদয়ত্বম্ ॥ ৪

একো বেত্তা নাস্তি ততো দ্বিতীয়ো
যো লক্ষ্যতত্ত্বমবমন্তুমলং বভূবুঃ
তেনানুদিষ্টা গুরুণা সহৈব
লোকে দিষ্টাঃ পরমাঃ সর্ব এব ॥ ৫

অন্যাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
প্রজাপতৌ পরমনাম্নি দেবর্ষীণাঞ্চ সংবিদম্ ॥৬

দেবর্ষয়স্তু নাগাল্লোপ্যসুরান্ত প্রজাপতিম্
পর্য্যপৃচ্ছন্নুপাসীনাঃ শ্রোতো নঃ শ্রোতাস্তীতি ॥৭

তেষাং প্রোবাচ ভগবান্ শ্রেয়ঃ সমনুপৃচ্ছতাম্
ওমিত্যেকাক্ষরং ব্রহ্ম তে শ্রুত্বা প্রাক্রমন্ দিশঃ ॥ ৮

তেষাং প্রক্রমমাণানামুপদেশমথাব্রবীৎ।
সর্পাণাং দাশনে ভাবঃ প্রবৃত্তঃ পুরুষেষু তু ॥ ৯

অসুরাণাং প্রবৃত্তস্তু দম্ভভাবঃ পরাবরঃ
দানে দেবা ব্যবসিতা দমশ্চেব মহর্ষয়ঃ ॥১০

একং শাস্ত্রায়মানাস্তু শব্দৈরেকৈস্ত সংস্কৃতাঃ।
নানা ব্যবসিতাঃ সর্বে সর্প-দেবর্ষি-দানবাঃ ॥১১

শৃণোত্যাত্ম প্রোচ্যমানং গৃহ্ণাতি চ যথাতথম্।
পৃচ্ছত্যুতস্মতে কৃত্বা গুরুভ্যো ন বিভেতি ॥ ১২

তত্র চানুমতে কৃত্ব তঃ পশ্চাৎ প্রবর্ততে।
গুরুর্যোদ্ধা চ শ্রোতা চ বেত্তা চ স্মৃতি নিঃসৃতঃ ॥ ১৩

পাপেন বিচরল্লোকে পাপচারী ভবত্যয়ম্।
শুভেন বিচরল্লোকে শুভচারী ভবত্যুত ॥১৪

কামাচারী তু কামেন য ইন্দ্রিয়সুখে রতঃ।
ব্রহ্মচারী সদৈবৈষ য ইন্দ্রিয়জয়ে রতঃ ॥ ১৫

এজনই শ্রোতা আছেন, তিনি ব্যতীত অপর কেহ শ্রোতা নাই। যিনি লক্ষ্যতত্ত্বের হৃদয়-কমলবাসী, সেই পরমাত্মার বিষয়ই আমি বলিতেছি। ইন্দ্র সেই গুরুর নিকটে গুরুকুলবাসের যিনি পালন করিয়াছিলেন বলিয়াই সমস্ত লোকের অধীশ্বরত্ব ও অমরত্ব লাভ করেন। ৪

এজনই শত্রু আছেন, তিনি অপেক্ষা দ্বিতীয় কোনও শত্রু নাই। যিনি লক্ষ্যতত্ত্বের হৃদয়ে নিবাস করেন, সেই পরমাত্মার কথা আমি বলিতেছি। সেই গুরুর দ্বারা প্রজোপদিষ্ট হইয়াই এই জগতে সর্পগণ সর্বদা বেদজ্ঞানবান হইয়া থাকে। ৫

এ-বিষয়ের একটি পুরাতন ইতিহাসের উদাহরণ বিদ্বানগণ দিয়া থাকেন। তাহা হইল প্রজাপতি ব্রহ্মার সংবাদ সর্পগণ, ঋষিগণ ও দেবতাগণের সংবাদ। ৬

একদা দেবতাগণ, ঋষিগণ ও নাগগণ ব্রহ্মার নিকটে যাইয়া উপদেশপূর্বক জিজ্ঞাসা করিয়াছিলেন আমাদের কিভাবে কল্যাণ হইবে? তাহা আপনি বলুন। ৭

তাঁহারা এইরূপে জ্যোতিষবহ প্রশ্ন করিলে ভগবান্ ব্রহ্মা "ওম্" এই একাক্ষর ব্রহ্মস্বরূপ বস্তু উচ্চারণ করেন। তাহা শুনিয়া তাঁহারা স্ব স্ব স্থানে প্রস্থান করিলেন। ৮

ফিরিয়া গিয়া তাঁহারা যখন সেই উপদেশের অর্থের উপর নিজ নিজ বুদ্ধি অনুসারে বিচার করিতে থাকিলেন, তখন সর্পগণের প্রবৃত্তিই দংশন প্রভৃতি ব্যাপিয়া গেল, অসুরগণের দম্ভভাবের উৎপত্তি হইল এবং দেবগণ দানকার্যে প্রবৃত্ত হইলেন, আর মহর্ষিগণ ইন্দ্রিয়দমনে প্রবৃত্ত হইলেন। ৯-১০

যদিও একজনই শাসক আচার্যকে তাঁহারা আশ্রয় করিয়াছিলেন এবং একটিই শব্দের দ্বারা তাঁহাদের সংস্কার হইয়াছিল, তথাপি সর্পগণের, দেবগণের, ঋষিগণের ও দানবগণের বিভিন্ন প্রকার ভাব উৎপন্ন হইল। ১১

গুরু যখন উপদেশ করেন, তখন শিষ্যগণ সকলেই তাঁহার দ্বারা কথিত উপদেশ শোনেন, কিন্তু নিজ নিজ সংস্কারানুসারে তাহা গ্রহণ করেন, তাই নিজ আত্মা দ্বারাই জিজ্ঞাসার পক্ষে আর কোনও গুরু নাই। ১২

সেই ভাবজ্ঞবাণী আত্মা অনুমতি করিলে তবেই জীব কর্মে প্রবর্তিত হয়। এইভাবে হৃদয়ে প্রকটিত পরমাত্মাই হইলেন গুরু, যোদ্ধা, শ্রোতা ও বেত্তা। ১৩

যে লোক জগতে পাপকর্ম করিয়া বিচরণ করে, তাহাকে পাপচারী ও যিনি শুভকর্ম করিয়া থাকেন, তাঁহাকে শুভচারী বলা হয়। ১৪

যে ব্যক্তি ইন্দ্রিয়সুখে রত হয়, তাহাকে কামচারী ও যিনি সর্বদা ইন্দ্রিয়জয়ে চেষ্টিত থাকেন, তাঁহাকে ব্রহ্মচারী বলা হয়। ১৫

অপেক্ষত্তত্তবর্গা তু কেবলা ব্রহ্মণি স্থিতঃ।
ব্রহ্মভূতস্তয়ালোকে ব্রহ্মচারী ভবত্যয়ম্ ॥ ১৬
ব্রহ্মৈব সমিবস্তস্য ব্রহ্মাগ্নির্ব্রহ্মণস্তবঃ।
আপো ব্রহ্ম গুরুর্ব্রহ্ম স ব্রহ্মণি সমাহিতঃ ॥ ১৭

এতদেবোপনিষদং পৃষ্টঃ ব্রহ্মর্ষয়ো বিদুর্ষাঃ।
বিধিবচ্চাবপন্নস্তু ক্ষেত্রজ্ঞেনানুদর্শিতঃ ॥ ১৮
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
আশ্বমেধিকে পর্বণি অনুগীতাপর্বণি ব্রাহ্মণগীতাসু
ষড়্‌বিংশোঽধ্যায়ঃ ॥ ২৬

যিনি ব্রহ্ম ও কর্ম ত্যাগ করিয়া কেবল ব্রহ্মেই স্থিতি লাভ করত ব্রহ্মের সহিত একীভূত হইয়াছেন, এই লোকে তাঁহাকেই ব্রহ্মচারী বলে। ১৬

ব্রহ্মই তাঁহার সমিধ, ব্রহ্মই অগ্নি, তিনি ব্রহ্ম হইতেই উৎপন্ন, ব্রহ্মই তাঁহার স্তব, গুরুও ব্রহ্ম এবং তিনি ব্রহ্মেই সমাহিত থাকেন। ১৭

ব্রহ্মর্ষিগণ এই উপনিষদ্ পৃষ্ট (জিজ্ঞাসিত) হইয়াই ব্রহ্মতত্ত্ব বলিয়া থাকেন। ১৮

এইরূপ পৃষ্ট (জিজ্ঞাসিত) হইলেই ব্রহ্মতত্ত্ব বলিয়া পণ্ডিতগণ অভিহিত করেন। ভগবানই উপদেশপ্রদান করিয়া প্রকৃত আত্মজ্ঞানী পুরুষ এই ব্রহ্মতত্ত্বকে জানিয়া সর্বদা তাহাই পালন করেন। ১৯

শ্রীমহাভারতে বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা শ্রীমহাভারতের আশ্বমেধিকপর্বান্তর্গত অনুগীতাপর্বে ব্রাহ্মণগীতা-প্রসঙ্গে ষড়্‌বিংশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত।

সপ্তবিংশোঽধ্যায়ঃ।

[অধ্যাত্মবিষয়ক-মহাবনবর্ণনম্]

ব্রাহ্মণ উবাচ

সপ্তদ্বারপরিক্ষয়ং শোকহর্ষবিমোক্ষণম্
মোহান্ধকারতিমিরং লোভব্যাধিমহৌষধম্ ॥ ১
বিষয়ৈকাত্মতাজ্ঞানং কামক্রোধবিরোধকম্
ভগবান্ মহাতপাঃ প্রবিষ্টোঽস্মি মহদ্ বনম্ ॥ ২

ব্রাহ্মণ্যুবাচ।

ক তদ্ বনং মহাপ্রাজ্ঞ কে বৃক্ষাঃ সরিতশ্চ কাঃ
গিরয়ঃ পর্বতাশ্চৈব কিতদ্ভানি তদ্ বনম্ ॥ ৩

ব্রাহ্মণ উবাচ।

নৈতদস্তি পৃথগ্‌ভাবঃ কিঞ্চিদত্র ভবেদ্ ভুবম্।
নৈতদস্ত্যপৃথগ্‌ভাবঃ কিঞ্চিদ্ দুঃখতরং ততঃ ॥ ৪
তস্মাদ্‌ভবতরং নাস্তি ন ভবোঽস্তি মহত্তরম্।
নাস্তি তস্মাৎ সূক্ষ্মতরং নাস্ত্যতঃ পরমং সুখম্ ॥ ৫
ন তত্রাবিদ্ধ লোঽস্তি ন প্রলুব্ধস্তি চ দ্বিজাঃ।
ন চ বিদ্যতি কেষাঞ্চিৎ ক্ষেত্যো বিদ্যতি কেবল ॥ ৬

সপ্তবিংশ অধ্যায়।

[অধ্যাত্মবিষয়ক মহারণ্যের বর্ণনা।]

ব্রাহ্মণ বলিলেন—হে মহাপ্রাজ্ঞ! যাহা সপ্তদ্বারবিশিষ্ট শরীরকে ক্ষয় করিয়া দেয়, শোক এবং হর্ষকে দূর করিয়া দেয়, মোহরূপ ঘোর অন্ধকারকে দূর করে, লোভ, ব্যাধি প্রভৃতি মহৌষধস্বরূপ, পরম-অর্থাদি দুঃখনাশ বিষয়সকলের মায়াদেই যাহাতে একান্তই প্রবেশ করিতে হয়, কাম-ক্রোধাদি মহাবিপক্ষগণ সেই অতি দুর্গম সংসার অতিক্রম করিয়া আমি এক মহাবনে প্রবেশ করিয়াছি ১-২

ব্রাহ্মণী বলিলেন—হে মহাপ্রাজ্ঞ! তোমার সেই মহান্ অরণ্য? তথায় কি কি বৃক্ষই বা আছে? কি কি নদী আছে? কি কি পর্বতাদিই বা তথায় বিদ্যমান? সেই বনে যাইবার পথই বা কতদূর? ৩

ব্রাহ্মণ বলিলেন—এই বনে (ব্রহ্মে) অতিরিক্ত বলিতে কিছুই নাই। তোমাকে—উহাতেই তাহা অবগত। লৌকিক সুখ বা দুঃখও তথায় নাই। ৪

তাহার অপেক্ষা দুঃখতর কিছু নাই, তাহার অপেক্ষা মহত্তরও কিছু নাই, তাহা হইতে সূক্ষ্মতর কিছু নাই এবং তাহার সমান সুখও অন্য কিছু নাই। ৫

বিজ্ঞগণ সেই বনে প্রবেশ করিয়া মোহও করেন না, হর্ষও প্রকাশ করেন না, কোনও প্রাণিবধকে ভয় পান না এবং তাঁহাদেরও কেহ ভয় পায় না। ৬

তস্মিন্ বনে সপ্ত মহাদ্রুমাণ্ড
ফলানি সপ্তাভিষদন্ত সপ্ত
সপ্তাশ্রমাঃ সপ্ত সমাবসন্ত
দীক্ষান্ত সপ্তেত্তরদন্যরূপম্ ॥ ।

পঞ্চবর্ণানি দিব্যানি পুষ্পাণি চ ফলানি চ ।
সৃজন্তঃ পাদপাস্তত্র ব্যাপ্য তিষ্ঠন্তি তদ্ বনম্ ॥ ৮

ত্রিবর্ণানি দ্বিবর্ণানি পুষ্পাণি চ ফলানি চ ।
সৃজন্তঃ পাদপাস্তত্র ব্যাপ্য তিষ্ঠন্তি তদ্ বনম্ ॥৯

ত্রয়ঃস্তীব্যেকবর্ণানি পুষ্পাণি চ ফলানি চ
সৃজন্তঃ পাদপাস্তত্র ব্যাপ্য তিষ্ঠন্তি তদ্ বনম্ ॥ ১০

বহুরূপ্যাস্তবর্ণানি পুষ্পাণি চ ফলানি চ ।
বিসৃজন্তো মহাবৃক্ষো তদ্ বনং ব্যাপ্য তিষ্ঠত ॥ ১১

সেই বনে মহৎ, অত্যন্ত ও পক্ক তমালতরুর সাতটি মহাবৃক্ষ রহিয়াছে, তাহাতে জ্ঞান, অভিমান ও পঞ্চমহাভূততরুর সাতটি ফল রহিয়াছে, সেই ফল ভক্ষণার্থ জ্ঞ তা, মননকর্তৃ শ্রোতা, দ্রষ্টা, ঘ্রাতা, স্পর্শকর্তা ও বাগকর্তা—এই সাতজন অতিথি আছেন। তৎতৎকর্মানুযায়ী ক্রিয়াফলভোক্তারূপ সাতটি আশ্রম তথায় অবস্থিত আছে। তাহাতে (শ্রোত্রমনোযোগ) রূপ, বেদ অভিনিবেশাদি সাত প্রকার সমাধি ও তাহাদের মূলীভূত বর্ণাশ্রমব্রহ্মচর্য (নিত্য) যাহাতে আশ্রয় লইবার বর্ণাশ্রম) রূপ সাত প্রকারের দীক্ষা প্রচলিত আছে। অরূপ ব্রহ্মে এই মহাবনের রূপ অব্যক্ত হয়। ৭

গন্ধ, স্পর্শ, রূপ, রস ও শব্দ এই পাঁচটি বর্ণের অলৌকিক ফল ও পুষ্প উৎপন্নকারী এরূপ বৃক্ষসমূহে সেই বন সমাবৃত। ৮

কৃষ্ণ বর্ণবিশিষ্ট দ্বিবর্ণ ও দুই বর্ণের পুষ্প ও ফল সৃজনকারী উদ্ভিদগণরূপ বৃক্ষসমূহ সেই বনকে ব্যাপিয়াছে। ৯

যাহারা তিনবর্ণ ও একবর্ণবিশিষ্ট ফল ও পুষ্প সৃজন করে, সেইরূপ অনেক বৃক্ষ সেই বন ব্যাপিয়া রহিয়াছে। ১০

যাহারা নানাবর্ণযুক্ত ও একবর্ণবিশিষ্ট বহু পুষ্প ও ফল প্রসব করে, সেইরূপ অনেক বৃক্ষ সেই বন ব্যাপ্ত করিয়া তাহাতে—বর্তমান আছে। ১১

একো যত্রিঃ সুমনা ব্রাহ্মণোঽত্র
পঞ্চেন্দ্রিয়াণি সমিবন্ত্রাত্র সন্তি ।
ভোক্ত্যো মোক্ষঃ সপ্ত ফলন্তি দীক্ষা
গুণাঃ ফলাভিষদঃ ফলাণাঃ ॥ ১৩

আতিথ্যং প্রতিপৃত্তি তত্র তত্র মহর্ষয়ঃ
অতিথেষু প্রলীনেষু বেদভূয় রোচতে বনম্ ॥ ১৪

প্রজ্ঞাবৃক্ষঃ মোক্ষফলঃ শান্তিচ্ছায়াসমন্বিতম্
জ্ঞানাস্ত্রয়ঃ তৃপ্তিভোহমন্তঃক্ষেত্রজ্ঞস্তরুম্ ॥১৫

দেহবিলক্ষণস্থি তং সন্তুষ্টেষ্বাং শান্তি তঃ পুনঃ
ঊর্ধ্বঃ চাধস্ত দ্বিধাক্ চ তস্ত নাস্তোঽবিগম্যতে ॥ ১৬

সপ্ত স্থিরত্বত্র বসন্তি সন্ত-
স্তব চ মৃথা তাসুরভ্যো ভনিত্যাঃ
ঊর্ধ্বা বসন্তাবসন্তে প্রজাতাঃ
সর্বান্ যথা সত্যাবন্তিস্তাতা চ ॥ ১৭

কৃষ্ণৈব প্রতিষ্ঠিতন্তি পুনস্তাহোপবর্ষন্তি চ ।
সপ্ত সপ্তর্ষয়ঃ স্থিতা দর্শিষ্টপ্রমুখৈঃ সহ ॥ ১৮

সেখানে অত্যন্তবর্ণ বহুতর পুষ্প ও ফলের উৎপাদক দুইটী বৃহৎ বৃক্ষ সেই বন ব্যাপ্ত করিয়া রহিয়াছে ॥১২

এই বনে একটী অগ্নি ও একজন ব্রহ্মচর্যে ব্রাহ্মণ আছেন এবং ইহাতে পঞ্চজ্ঞানেন্দ্রিয়রূপ সুন্দর সমিধ্ রহিয়াছে, তাহা হইতে মোক্ষ ফল, সপ্তবিধ দীক্ষা উদ্ভিদ্ হইতেছে, বহুতর গুণ আছে, ফল হইতেছে এবং ফলভোক্তা অতিথিরাও অবস্থান করিতেছেন ॥ ১৩

সেই মহাবিপদ এই বনে আতিথ্য গ্রহণ করেন এবং পূজা পাইলে অতিথিই তাহার নষ্ট হইয়া যায়। তাহার পর সেই ব্রহ্মরূপ বন বিষণ্ণভাবে ঃকাশিত হয় ॥ ১৪

মন, বুদ্ধি ও পাঁচটী জ্ঞানেন্দ্রিয়—এই সাতটীর সাতটী ব্যাপার সেই বৈতবনে বিচরণ করে। তত্ত্বজ্ঞানের প্রভাবে সেই সাতটী ফল পাইলে মুমুক্ষু ব্যক্তির বৈত বিনষ্ট অদ্বৈত ব্রহ্মবনে রুচি হইয়া থাকে। তত্ত্বজ্ঞান তাহার বৃক্ষ, বৃদ্ধি তাহার ফল, শান্তি তাহার ছায়া, জ্ঞান তাহাতে থাকে, তৃপ্তি তাহার জল এবং অন্তরাত্মাই তাহার ক্ষেত্রী ॥ ১৫

যে সকল সাধু পুরুষ সেই বনে গমন করেন, তাঁহাদের আর জন্ম হয় না এবং সেই সাধু পুরুষগণের উপরে, নীচে ও পার্শ্বে অন্ত পাওয়া যায় না ॥ ১৬

সেখানে সপ্ত স্ত্রী বাস করেন। ইঁহারা লজ্জাবশতঃ অধো-

যশো মেধা তপশ্চৈব বিজয়: সিদ্ধয়স্তথা:
এবমেষাস্থবর্তন্তে সত্ত্ব জ্যোতীংষি ভাস্বরম্ ॥ ৯
শিখর: পর্বতাশ্চৈব সন্তি তত্র সমাসতা ।
নক্ষত্রং সরিতো বাপি বহন্ত্যো ব্রহ্মসম্ভবম্ ॥ ১০
নদীনাং সঙ্গমশ্চৈব সন্তি তত্র সমাসত:
স্বাধ্যক্তৃত্বা যতো যান্তি সাক্ষাদেব পিতামহম্ ॥ ১১
কৃশাশা: পুত্রতাপাশ্চ তপসা দগ্ধকিল্বিষা:
আত্মন্যাত্মানমাবিশ্য ব্রহ্মাণং সমুপাসতে ॥ ১২

শমদমপরা শান্তসি বিদ্যাবন্তাবিদো জনা:
তত্রারণ্যমভিপ্রেত্য যথা বীরভিজায়ত ॥ ১৩
এতদ্বেদেষু পরা পুণ্যময়ন্যা ব্রাহ্মণা বিদু:।
বিদিত্বা চানুবিদ্যন্তি ক্ষেত্রজ্ঞেনানুদর্শিতা ॥ ১৪

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং আরণ্যকে পর্বণি অনুগীতাপর্বণি ব্রাহ্মণগীতাসু সপ্তবিংশোধ্যায়: ॥ ২৭

যাননোত্তো তত্র নদীসমূহের সঙ্গম হইয়াছে। যে বনে কেবল স্বাধ্যায়পরা যোষিগণ সাক্ষাৎ ব্রহ্মকে লাভ করেন। ১১

অল্প আহারযুক্ত, সমাহীন নিয়তমনস্কি, শান্তচিত্ত ও তপস্যার প্রভাবে পাপবিহীন ব্রাহ্মণেরা পরমাত্মাতে জীবাত্মাকে দর্শন করিয়া ব্রহ্মার উপাসনা করেন ১২।

বিদ্যাবলে বনাভিমুখে গমনেরও এই বনে পরওপরের উৎপত্তি হয় বলিয়া প্রকাশ করেন। শুভতায় যত যোগী সেই বনে যাইয়া তপস্যাচরণ দিন হইয়াছেন। ১৩

ব্রাহ্মণগণ বেদ ও বিদিত্বি পবিত্র বনকে জানেন এবং তত্ত্ব জ্ঞানের উপদেশপ্রভাবে প্রবৃদ্ধ হইয়া আত্মজ্ঞানী পুরুষ সেই ব্রহ্ম লাভে পারেন: জানিয়া সম-তমাদি সাধন সমূহের অভ্যাসে নিযুক্ত হন। ১৪

শ্রীমদ্ভগবদ্গীতা বেদব্যাসবিরচিত শত সাহস্রী সংহিতা শ্রীমহাভারতে আরণ্যকপর্ব তর্গত অনুগীতাপর্বে ব্রাহ্মণগীতা-প্রসঙ্গে সপ্তবিংশতম অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত।

অষ্টাবিংশোঽধ্যায়ঃ।

[জ্ঞানিনাং পুরুষাণাং স্থিতেঃ, অক্ষর্যু-পত্যোঃ সংবাদস্য চ বর্ণনম্।]

ব্রাহ্মণ উবাচ

গন্ধান্ন জিঘ্রামি রসান্ন বেদ্মি
রূপং ন পশ্যামি ন চ স্পৃশামি।
ন চাপি শব্দান্ বিবিধান্ শৃণোমি
ন চাপি সঙ্কল্পমুপৈমি কিঞ্চিৎ ॥ ১

অর্থানিষ্টান্ কাময়তে স্বভাব:
সর্বান্ দ্বেষ্যান্ প্রদ্বিষতে স্বভাব:।
কামদ্বেষাবুভয়ত: স্বভাবাৎ
প্রাবাপাণৌ তন্ত্রবাহ্যিবেশ্য ॥২

স্বভাবই (বৃত্যাদি) ত্যাগী বিষয়সমূহ কামনা করিয়া থাকে এবং সকল অনিষ্ট বস্তুর উপর দ্বেষ করিয়া থাকে; কাম ও দ্বেষ এই দুইটি স্বভাব হইতেই উদ্ভূত হয়; স্বভাববশতঃই প্রাণ ও অপান জীবের দেহে প্রবেশ করিয়া অবস্থান করে ২।

তেভ্যস্তাভ্যাংস্তেষু নিত্যান্তে ভাবান্
ভূতাত্মানং লক্ষয়েরন্ শরীরে
তস্মিংস্তিষ্ঠন্যপি সক্তঃ কথঞ্চিৎ
ক্ষয়ং ক্রোধাত্তাঃ ক্ষয়তা মৃত্যুনা চ ॥৩

অকামমানস্য চ সর্বকামা
নবিধিবানস্য চ সর্বলোভান্
ন মে স্বভাবেষু ভবন্তি লেপা-
স্তোয়স্য বিন্দোরিব পুষ্করেষু ॥ ৪

নিত্যস্য চৈতস্য ভবন্ত্যনিত্যা
নিষ্টাফলাশস্য বহুফলাশাঃ
ন সজ্জতে কর্মসু ভোগজালং
দ্বিজো যথা সূর্যসা মণ্ডলানি ॥ ৫

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্
অজমূর্যস্য যতিসংবাদং তং নিবোধ যশস্বিনি ॥৬

প্রোক্তবানাপ পতং দৃষ্ট্বা যজ্ঞকর্মণ্যবাস্তবীং
যতিরজমূর্যমাসীনো বিশ্বেদেবমিতি শুশ্রুম ॥৭

এই ইতিহাসটি যাহা বেদবাদের বিষয়ীভূত হইতে ভিন্ন, তাহাদের যথাযথ নিত্য ভাবগুলিকে এবং তাহাদের অন্তরে যে জীবাত্মা, এই শরীরে কেবল তাঁহাদেরই আমি প্রত্যক্ষ করিয়া থাকি এবং সেই জীবাত্মাতে নিষ্ঠা রাখিয়া কোনও প্রকারেই আমি কাম, ক্রোধ, ভয় ও মৃত্যুর দ্বারা বশ হই না। ৩

আমি যদিও সমস্ত বস্তু কামনা করি না, লোভাদি সমস্ত দোষের প্রতিও আমার বিদ্বেষ নাই যেরূপ পদ্মপত্রে জল লিপ্ত হয় না, সেইরূপ আমার স্বভাবে রাগদ্বেষাদির স্পর্শ নাই। ৪

নানা স্বভাববিশিষ্ট ইন্দ্রিয়াদির বিষয়োপভোগ কর্মের নিত্যই হইয়া আত্মাকর্তৃক আমার এই সকল (ভোগসমূহ) অনিত্য বলিয়া প্রতীত হয়। ভোগের এই বিরাট জালও আমাকে কর্মে নিবদ্ধ করিতে পারে না, যেমন সূর্যের কিরণজাল কখনও সূর্যকে আকাশে লিপ্ত করিতে পারে না, তদ্রূপ। ৫

হে যশস্বিনি! এই বিষয়ে বহুপূর্বেকার উক্তি ও এক সন্ন্যাসীর সংবাদরূপ এই পুরাতন ইতিহাসের উদাহরণ মৃত্যুগণ দিয়া থাকেন, তাহা তুমি শ্রবণ কর। ৬

যজ্ঞ-কার্যে যদি প্রজাদের বিদ্বিষ্ট এক পশুকে প্রোক্ষণ করা হইতেছে দেখিয়া বিবেকে উদয়িত কোনও সন্ন্যাসী নিন্দা করত অজমূর্যকে বলিয়াছিলেন—'ইহারা কি সব'। ৭

তমজমূর্যঃ প্রত্যুবাচ নায়ং ছাগো বিনঙ্ক্ষ্যতি।
প্রেক্ষা যোক্ষ্যতে জন্তুর্যদি ক্রতিরিয়ং তথা ॥ ৮
যো জন্তা পার্থিবো ভাগঃ পৃথিব্যাং স প্রলিষ্যতি।
যদন্ত বায়ুজং কিঞ্চিদপস্তৎ স্রপ্স্যতেঽম্ভসি ॥ ৯
সূর্যশ্চক্ষুর্দিশঃ শ্রোত্রং প্রাণোঽন্তং দিবমেব চ।
আগমে বর্তমানস্য ন মে দেহোঽস্তি কস্যচিৎ ॥১০

ঋত্বিগ্বাচ

প্রাণৈর্বিযোগে ছাগস্য যদি শ্রেয়ঃ প্রপশ্যসি।
ছাগার্থে বর্ততে যজ্ঞো ভবতঃ কিং প্রয়োজনম্ ॥ ১১
অত্র ত্বাং মন্যতাং ভ্রাতা পিতা মাতা সখেতি চ
মন্যন্তামৈন্দ্রবায়বীং পরমন্তু বিশেষতঃ ॥ ১২
এবমেবানুনয়ন্তস্তান্ ভবান ক্রষ্টুমর্হতি
তেষামনুমতং কৃত্বা সত্যা কর্তুং হিচারণা ॥ ১৩
প্রাণা অপাস্য ছাগস্য প্রাশিতাস্তে যথৌদনম্।
শারীরঃ কেবলঃ শিষ্ট ইন্দ্রেণেতি হ যে মতিঃ ॥ ১৪

অজমূর্য তাঁহাকে প্রত্যুত্তরে বলিয়াছিলেন—এই ছাগ নিশ্চই হইতেছে না। পরন্তু যদি 'ইন্দ্রই নীরোগ ইত্যাদি' শ্রুতি সত্য হয়, তবে এই পশু বলাদানে প্রাণ হইবে। ৮

ইহার শরীরের যে অংশ মৃত্তিকা হইতে জন্মাইয়াছিল, তাহা মৃত্তিকাতেই মিশিয়া যাইবে। শরীরের যে অংশ জল হইতে আসিয়াছিল, তাহা জলেই প্রবেশ করিবে। ৯

ইহার চক্ষু সূর্যে, কর্ণ দিক্‌সমূহে এবং প্রাণ আকাশে লয় হইবে। সুতরাং আমি বেদবিহিত মার্গেরই অনুবর্তন করিতেছি বলিয়া আমার কোনও দোষ ঘটিতেছে না। ১০

সন্ন্যাসী বলিলেন—প্রাণ বিয়োগ হইলে যদি আপনি ছাগটির কল্যাণই দেখিতে পান, তাহা হইলে ছাগের জন্যই এই যজ্ঞ বলিতে হয়, আপনার ইহাতে কি প্রয়োজন? ১১

এই প্রাণ-বিয়োগে আপনার ভ্রাতা যদি কল্যাণই হইবে মনে করেন, তবে এই পশু আপনাকে ভ্রাতা, পিতা, মাতা ও সখা বলিয়া মনে করুক এবং আপনি এই পরাধীন পশুটিকে ধর্মে উদ্যত করিয়া নিজেকে ইহার ভ্রাতা প্রভৃতি মনে করুন। ১২

মহাত্মা অজমূর্য। আপনি তাঁহাদিগকে দেখিয়া ও অনুমতি লইয়া ইহাতে যজ্ঞার্থ বধ বিচার করিতে পারেন। ১৩

যেহেতু এই ছাগের প্রাণ ও ইন্দ্রিয়সমূহকে আপনি নিজ

ইত্যনন্ত তু ভূম্যেন শরীরেণ বিচেতসা।
হিংসানির্বেষ্টুকামানামিত্যনং পশুসংজ্ঞিতম্ ॥ ১৪
অহিংসা সর্বযজ্ঞানামিতি বৃদ্ধানুশাসনম্।
যদহিত্র তবেৎ কর্ম তৎ কার্য্যমিতি নিশ্চয়ে ॥ ১৬
অহিংসেতি প্রতিজ্ঞেয়ং যদি বজ্ঞ্যামহঃ পরম্।
শক্যা বহুবিধা কর্তুং ভবতা কার্যানুশাসনম্ ॥১৭
অহিংসা সর্বভূতানাং নিত্যমস্মাসু রোচতে
প্রত্যক্ষতঃ সাধনায়ো ন পরোক্ষমুপাশ্রয়ে ॥ ১৮

অঙ্গিরা উবাচ

ভূমের্গন্ধগুণান্ হত্বা ক্ষে পিবস্তাপোরসান্ রসান্।
জ্যোতিষাং পঙ্ক্তসে রূপং স্পৃশন্তমিলজান্ গুণান্ ॥ ১৯
শ্রুণোত্যাকাশজান্ শব্দান্ মনসা মন্যসে মতিম্।
সর্বান্যেতানি ভূতানি প্রাণা ইতি চ মন্যসে ॥ ২০
প্রাণাদানে নিবৃত্তোঽসি হিংসায়াং বর্ততে ভবান্।
নাস্তি চেষ্টা বিনা হিংসাং কিংবা ত্বং মন্যসে দ্বিজ ॥ ২১

ঋষিরুবাচ।

অক্ষরঞ্চ ক্ষরঞ্চৈব দ্বৈবী ভাবোঽয়মাত্মনঃ।
অক্ষরং তত্র সদ্ভাবঃ পঞ্চধাঽয়ং ক্ষর উচ্যতে ॥ ২২
প্রাণো জিহ্বা মনঃ সত্ত্বং সদ্ভাবো রজসা সহ।
তাবৈতেঽভিবিমুক্তস্য নির্বপন্তি নিরাশিষঃ ॥ ২৩
সমস্ত সর্বকৃত্যেষু নির্মমস্য জিতাত্মনঃ।
সমন্তাৎ পরিমুক্তস্য ন ভয়ং বিদ্যতে ক্বচিৎ ॥ ২৪

অঙ্গিরা উবাচ।

সন্ধিরেবেহ সংবাসঃ কার্য্যো মতিমতা বয়।
ভবতো বি মতং শ্রুত্বা প্রতিভাতি মতির্মম ॥ ২৫
ভগবন্ ভগবদ্বুদ্ধ্যা প্রতিপন্নো ভবীময়ম্।
ভবা মমকৃতং কর্তুমাপন্নায়োদ্বহি যে দ্বিজ ॥ ২৬

ব্রাহ্মণ উবাচ।

উপপন্ন্যা বর্ততুক্ষীং বর্তমানস্ততঃ পরম্।
অঙ্গিরা অপি নির্বেদাৎ প্রচচার মহাবনে ॥ ২৭

বিধ উৎপত্তি যদি লীন হইয়া গিয়াছেন, আমার তো মনে হয় ইহার চেষ্টাহীন দেহটি মাত্র পড়িয়া আছে। ১৪

আশ্বাস্য। আপনারা হিংসাদি পাপের নিবৃত্তির জন্য যে যজ্ঞ করেন, তাহাতে আমার ঘৃণা-তৃণা। এই নিষ্ঠুর শরীরটিকেই ব্যবহার করেন। এই পশুটিকে আপনাদের যজ্ঞাদির ইন্ধন জোগাইতে হয়। ১৫

সর্বভূতে কায়মনোবাক্যে হিংসা না করাই প্রাচীনগণের অনুশাসন। যে কর্ম হিংসাত্মক নহে, কেবল তাহাই করণীয় বলিয়া আমরা জানি। ১৬

যদি ইহার পরও কিছু বলিতে হয়, তবে বলিতেছি শুনুন—'হিংসা করিব না' এইরূপ প্রতিজ্ঞা আপনার করা উচিত। অন্যথায় বহুবিধ পাপকর্ম হইবার সম্ভাবনা। ১৭

যেহেতু আমরা প্রত্যক্ষ ফলের ভক্তনা করি, পরলোকাদি পরোক্ষ ফলের নহে,—সেই হেতু সর্বভূতে অহিংসারূপ ব্যবহারিক প্রত্যক্ষ ফলই বর্তমানে আমাদের কর্তিকর হয়। ১৮

অঙ্গিরা বলিলেন—সর্বভূতের মধ্যেই প্রাণ আছে তাহা যদি মনে করেন,—তাহা হইলে বৃষ্টি হইতে আপনি রস, গুণ, গুণ ভোগ করিতেছেন, জলের গুণ রস আপনি পান করিতেছেন, তেজের গুণ রূপ আপনি দেখিতেছেন, বায়ুর স্পর্শ গুণ আপনি ভোগ করিতেছেন, আকাশজাত শব্দ শ্রবণ করিতেছেন, মনের দ্বারা মননীয় বিষয় চিন্তা করিতেছেন। এইরূপ এক দিকে পঞ্চবিধ প্রাণ সংহার হইতে নিবৃত্ত হইয়াও আপনি অন্য দিকে হিংসাতেই রত আছেন যে দ্বিজ। হিংসা ব্যতীত আপনি কোনও কায়িক কর্ম করিতে পারেন না, তাহাই অহিংসা পালন করিব বলিয়া কি করিয়া জানিতেছেন? ১৯-২১

ঋষি বলিলেন—আত্মার বিবিধ ভাব আছে, একটি অক্ষর অপরটি ক্ষর। সর্বদা অবিনাশী সত্তাবিশিষ্ট ভাবটি অক্ষর ও যাহা বিনাশশীল নিত্য অপরিপূর্ণ তাহাকে ক্ষর বলা হয়। ২২

প্রাণ, জিহ্বা, মন এবং রজোগুণ সহিত সত্ত্ব গুণ ইহারা ক্ষর অর্থাৎ মায়া সহিত সত্তাভাব বলিয়া কথিত হয়। ইহাদের ওইতে বিমুক্ত নির্দ্বন্দ্ব, নিষ্কাম সমস্ত প্রাণিগণের প্রতি সমভাবাপন্ন, মমতাহীন, জিতাত্মা এবং সর্বতোভাবে বন্ধনমুক্ত পুরুষের কোথাও কোনও ভয় থাকে না। ২৩-২৪

অঙ্গিরা বলিলেন—হে মতিমান্! এই জগতে সাধুজনের সঙ্গেই বাস করা উচিত, আপনার কথা শুনিয়া আমার ইহাই মনে হইতেছে। ভগবন্, বিশ্বরূপ! আমি আপনার উপদেশ প্রাপ্ত হইয়া ইহাই বুঝিয়া বলিতেছি যে, যেন-তন যাহা ব্রত সম্পাদনকারী আমার কোন অপরাধ হইতেছে না। ২৫-২৬

ব্রাহ্মণ বলিলেন—এইরূপ বুক্তির দ্বারা সন্তানী নীরব হইয়া রহিলেন। অঙ্গিরা ঘোর পরিত্যাগ করিয়া মহাবন আশ্রমে উৎপন্ন হইলেন। ২৭

এবমেতাদৃশং যোগং যুঞ্জতে ব্রাহ্মণা বিদুঃ।
বিদিত্বা চানুতিষ্ঠন্তি জ্ঞেয়জ্ঞেনার্থদর্শিনা ॥২৮

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
আশ্বমেধিকে পর্বণি অনুগীতাপর্বণি ব্রাহ্মণগীতাসু
অষ্টাত্রিংশোঽধ্যায়ঃ ॥ ১৮

এইরূপে যোগের গতি সুবিধার ব্রাহ্মণগণ জানেন এবং তদনুসারে কার্য করিয়া থাকেন ॥ ২৮

শ্রীবেদব্যাসবিরচিত শতসাহস্রী সংহিতা শ্রীমহাভারতে আশ্বমেধিক পর্বান্তর্গত অনুগীতাপর্বে ব্রাহ্মণগীতা-প্রসঙ্গে অষ্টাত্রিংশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত।

একোনত্রিংশোঽধ্যায়ঃ।

[পরশুরামেণ ক্ষত্রিয়কুলস্য বিনাশঃ]

ব্রাহ্মণ উবাচ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্
কার্তবীর্যস্য সংবাদং সমুদ্রস্য চ ভাবিনি ॥ ১

কার্তবীর্যার্জুনো নাম রাজা বাহুসহস্রবান্
যেন সাগরপর্যন্তা ধনুষা নির্জিতা মহী ॥ ২

স কদাচিৎ সমুদ্রান্তে বিচরন্ বলদর্পিতঃ।
অবাকিরন্ শরশতৈঃ সমুদ্রমিতি নঃ শ্রুতম্ ॥ ৩

তং সমুদ্রো নমস্কৃত্বা কৃতাঞ্জলিরভাষত।
মা মুঞ্চ বীর নারাচান্ ত্রহি কিং করবাণি তে ॥ ৪

মদাশ্রয়াণি ভূতানি ঋষিপত্নীর্যশস্বিনীঃ
যবীয়সে ব্রাহ্মণায় ত্বং ন্যাসভূতাং দেহ্যুত্তরাং দিশো ॥ ৫

অর্জুন উবাচ।

যৎসংখ্যো যদি সংগ্রামে প্রত্যনীকবলঃ ক্বচিৎ।
বিদ্যতে তং সমাচক্ষ্ব যঃ সমাস্তীত মাং যুধে ॥ ৬

সমুদ্র উবাচ।

মহর্ষির্জমদগ্নিস্তে যদি রাজন্ পরিশ্রুতঃ
তস্য পুত্রত্বমাপিথ্য যথাবৎ কর্তুমর্হসি ॥ ৭

ততঃ স রাজা প্রযযৌ ক্রোধেন মহতা বৃতঃ
স তমাশ্রমমাগম্য রামমেবাবপদ্যত ॥ ৮

স রাম প্রতিবৃত্তানি চকার সহ বন্ধুভিঃ।
আয়াসং জনয়ামাস রাজ্ঞশ্চ মহাত্মনঃ ॥ ৯

ততস্তেজঃ প্রজজ্বাল রামস্যামিততেজসঃ
প্রবৃদ্ধং হিপুরৈস্তানি তদা কমললোচনে ॥ ১০

একোনত্রিংশ অধ্যায়

[পরশুরাম কর্তৃক ক্ষত্রিয়কুলের বিনাশ]

ব্রাহ্মণ বলিলেন—এই বিষয়ের একটি প্রাচীন সংবাদ উদাহরণস্বরূপ উদ্ধৃত করিয়া ঋষিগণ বলিয়া থাকেন। হে ভাবিনি! তাহা হইল কার্তবীর্য ও সমুদ্রের উপাখ্যান ॥ ১

কার্তবীর্যার্জুন নামক এক রাজা ছিলেন, যাঁহার সহস্রটি বাহু ছিল এবং যিনি বীয় বহুর সাহায্যে সাগরান্ত সমগ্র পৃথিবী জয় করিয়াছিলেন ॥ ২

শোনা যায়, তিনি কোন সময়ে সমুদ্রতটে বলদর্পে বিচরণ করিতেছিলেন এবং তৎকালে শত শত বাণের দ্বারা সমুদ্রকে মথন করিয়াছিলেন। তখন সমুদ্র তাঁহাকে নমস্কার করিয়া কৃতাঞ্জলি হইয়া বলিলেন—হে বীর! আপনি এইরূপে শর নিক্ষেপ করিবেন না, আপনার জন্য কি করিতে হইবে বলুন ॥ ৩-৪

হে রাজশ্রেষ্ঠ! হে প্রভো! আমার আশ্রিত যে সকল যৎস্য মকরাদি জীবগণ আপনার নিক্ষিপ্ত মহাবাণের দ্বারা নিহত হইতেছে, তাহাদের অন্যত্র স্থান করুন ॥ ৫

অর্জুন বলিলেন—যদি কোথাও যুদ্ধে আমার সমকক্ষ মহাবীরী অস্ত্র কেহ থাকে এবং যে আমার সহিত সংগ্রামে অবতীর্ণ হইবে, তবে তাহা বলুন, যিনি সংগ্রামে আমার সম্মুখীন হইতে পারিবেন ॥ ৬

সমুদ্র বলিলেন—"হে রাজন্! যদি আপনি মহর্ষি জমদগ্নির নাম শুনিয়া থাকেন, তাহা হইলে শুনুন, তাঁহার পুত্র আপনার যথাযথভাবে আপ্যায়ন করিতে সমর্থ হইবেন। তখন সেই রাজা অত্যন্ত ক্রোধের বশীভূত হইয়া মথন করিলেন এবং সেই আশ্রমে গিয়া পরশুরামের নিকট উপস্থিত হইলেন। বন্ধুগণের সহিত পরশুরামের এমন বিরোধিতা করিতে লাগিলেন যে, তিনি পরশুরামকে বিব্রত করিলেন, তখন সেই অমিততেজা পরশুরামের ব্রহ্মতেজ কমললোচনে জ্বলিয়া পদ্মকৈশরকে দগ্ধ করিতে লাগিল। যেরূপ বহ্নি বাধাযুক্ত বৃক্ষকে কুঠারাঘাতে বলশালী

ততঃ পরশুমাদায় স তং বাহুসহস্রিণম্।
চিচ্ছেদ সহসা রামো বহুশাখমিব দ্রুমম্ ॥ ১১
তং হতং পতিতং দৃষ্ট্বা সংভ্রান্তাঃ সর্বযাতয়ঃ।
অসীনাদায় শক্তীশ্চ তার্গবং পর্যবারয়ন্ ॥ ১২
রামোঽপি ধনুরাদায় রথমাস্থায় সত্বরঃ
বিনদ্য নরবর্যাণি বাণবর্ষৈঃ পাণিষং বলম্ ॥ ১৩
ততস্তু ক্ষত্রিয়াঃ কেচিজ্জামদগ্ন্যভয়াদ্দিতাঃ
বিবিশুর্গিরিদুর্গাণি মৃগাঃ সিংহাদিতা ইব ॥ ১৪
তেষাং স্ত্রীষ্বিহিতং কর্ম তত্তদ্রামানুমন্ত্রিতাম্
প্রজা বৃষলতাং প্রাপ্তা ব্রাহ্মণানামদর্শনাৎ ॥ ১৫
এবং তে ক্ষত্রবন্ধ্বস্তু হৈহয়াঃ পুত্রপৌত্রকৈঃ সহ।
বৃষলত্বং পরিগতা ন্যূষুর্নানাদিশো দ্বিজাঃ ॥ ১৬
ততস্তু হতবীরাসু ক্ষত্রিয়াসু পুনঃ পুনঃ।
দ্বিজৈরুৎপাদিতাঃ পুত্রাঃ ক্ষত্রং জাতমরোগ্যং তদুত্তম ॥ ১৭

একবিংশতিমেবান্তে ভ্রাতরং বাগদক্ষিণম্।
দিব্যা প্রোবাচ মধুরা সর্বলোকপরিশ্রুতা ॥ ১৮
রাম রাম নিবর্তস্ব কং গুণং তাত পশ্যসি।
ক্ষত্রবন্ধুনিমান্ প্রাণৈর্বিপ্রয়োজ্য পুনঃ পুনঃ ॥ ১৯
ভবৈব তু মহাত্মানমৃচীকপ্রমুখাস্তদা।
পিতামহা মহাভাগ নিবর্ত্যন্তামুবাচ হ ॥ ২০
নিভৃতঞ্চমমুস্তাত রামঃ প্রোবাচ তানৃষীন্।
নার্হন্তীহ ভবন্তো মাং নিবারয়িতুমিত্যুত ॥ ২১

পিতর ঊচুঃ।

নার্হসে ক্ষত্রবন্ধূনাং নিহন্তুং ভরতর্ষভ।
নেষ যুক্তস্ত্বয়া রাজন্ ব্রাহ্মণেন সতা নৃপান্ ॥ ২২

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
আশ্বমেধিকে পর্বণি অনুগীতাপর্বণি ব্রাহ্মণীতাসু
একোনত্রিংশোঽধ্যায়ঃ ॥ ২৯

ব্যক্তি ছেদন করিয়া থাকেন সেইরূপ পরশুরাম পরশু দ্বারা সেই সমস্ত বৃক্ষকে ছেদন করিলেন। ৭-১১

তাঁহাকে পাতিত ও নিহত দেখিয়া সংভ্রান্ত ভৃগুর সকল বন্ধুগণ তখনই ও শক্তিসমূহ লইয়া পরশুরামের চতুর্দিকে আক্রমণ করিল। ১২

পরশুরামও নীল রথে আরোহণ করিয়া বহু বাণে পরশুরাম বর্ষণ করিতে করিতে তাহাদের সৈন্য ধ্বংস করিতে লাগিলেন। ১৩

তখন সিংহের দ্বারা তাড়িত মৃগসমূহের মত সেই ক্ষত্রিয়গণ কেহ কেহ পরশুরি-ভয়ের ভয়ে দুর্গম গিরিসমূহে প্রবেশ করিল। ১৪

তাহারা পরশুরামের ভয়ে নিজ নিজ কর্তব্য কর্মের অনুষ্ঠান না করায় এবং বহুদিন ব্রাহ্মণগণকে দর্শন না করায় সেই ক্ষত্রিয়-জনসমূহ শূদ্রত্ব প্রাপ্ত হইল। ১৫

এইরূপে হৈহয়, তালজঙ্ঘ (বেণোক্ত) পুত্র ও শর্যাতি প্রভৃতির সন্তানগণ এবং ঐ তাহাদের ভৃগুবংশীয় পুরোহিতগণ ভার্গবদিগের দ্বারা ক্ষত্রিয়ত্বপরিত্যক্ত ব্রাহ্মণত্বপ্রাপ্ত পুত্রত্ব প্রাপ্ত হইল। ১৬

তারপর অন্যান্য ক্ষত্রিয়সমূহগণ গর্ভে ব্রাহ্মণগণ পুনরায় যে সকল পুত্র উৎপাদন করিয়াছিলেন, ঔর্বঋষি-পুত্র পরশুরাম একবিংশতিবার পৃথিবী নিঃক্ষত্রিয়া করিয়া যজ্ঞ সমাপন করিলেন। ১৭

এইরূপে এক বংশতিবার ক্ষত্রিয়-কুল বিনাশের পর একটী দিব্যা অশরীরী বাক্য পরশুরামকে লক্ষ্য করিয়া মধুর স্বরে সকল লোকের শ্রবণযোগ্য হইয়া প্রকাশিত হইল। হে পরশুরাম! হে পরশুরাম! তুমি নিবৃত্ত হও। বৎস! বারংবার এই সকল নামমাত্র ক্ষত্রিয়গণদিগকে বধের প্রয়োজন করিয়া তোমার কি লাভ হইতেছে? ১৮-১৯

এইরূপে সেই মহাত্মাকে ঋচীক প্রমুখ পিতামহেরা বলিতে লাগিলেন—হে মহাত্মা! এই ক্ষত্রিয়-বিনাশ কর্ম হইতে নিবৃত্ত হও। ২০

যিনি পিতৃগণের প্রিয় করিতে অক্ষম, সেই পরশুরাম সেই ঋষিগণকে বলিলেন—আপনারা আমাকে এইভাবে নিবৃত্ত করিবেন না। ২১

পিতৃগণ বলিলেন—"হে দ্বিজাতি বীরগণের মধ্যে শ্রেষ্ঠ! এইভাবে তুমি নিরস্ত্র ক্ষত্রিয়গণকে হত্যা করিতে পার না। তোমার মত মহাত্মাগণের পক্ষে এইরূপে ব্রাহ্মণবর্গকে হত্যা করা উচিত নহে। ২২

শ্রীমহাভারতে বেদব্যাসরচিত আশ্বমেধিক পর্বাধ্যায়ের অনুগীতাসমূহে ব্রাহ্মণগীতাসমূহে একোনত্রিংশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত।

ত্রিংশোঽধ্যায়ঃ।

[অলর্কস্য ধ্যানযোগমুপাস্যতো পিতৃভিঃ পরওত্রায় প্রবোধদানম্, তৎসা পরওত্রায়সা সিদ্ধিলাভশ্চ]

পিতর উচুঃ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
শ্রুত্বা চ তৎ তথা কার্য্যং তবতা দ্বিজসত্তম ॥১

অলর্কো নাম রাজর্ষিরভবৎ সুমহাতপাঃ।
ধর্মজ্ঞঃ সত্যবাদী চ মাহাত্মা সুদৃঢ়ব্রতঃ ॥ ২

সসাগরাম্বরাং বুভুজে বিনির্জিত্য মহীমিমাম্।
ইত্বা সুদুস্ত্যজং কামং মনঃ সূক্ষ্মে সমাদধে ॥ ৩

স্থিতস্ত বৃক্ষমূলেষু ত্যক্ত চিন্তা বভূব হ
উৎপন্না সুমহৎকষ্টং সূক্ষ্ম প্রতি মহামতে ॥ ৪

অলর্ক উবাচ

মনসো যে বলং ভ্রাতঃ মনো জিত্বা ব্রবো ভয়ঃ
অন্যত্র বাণান্ বাণাগ্রাম শক্নুতিঃ পরবারয়ঃ ॥ ৫

প্রতি শরনিক্ষেপ ক'রব। ৫

যে মন চাঞ্চল্যবশতঃ সমস্ত ধারণগণকে কষ্ট করাইয়া থাকে, সেই মনের প্রতি আমি এইবার দৃঢ়তাসহ বৈরাগ্য বাণসমূহ যোজন করিব। ৬

মন বলিল—এই সকল তুল বাণ, হে অলর্ক! সূক্ষ্মতম আমাকে তোমরাপেই ভিন্ন করিতে না, ইহারা তোমারই মর্মস্থান ভিন্ন করিবে এবং তুমিই বরং 'তুমরধা হইয়া মৃত্যুমুখে পতিত হইবে। ৭

অতএব এমন অন্য কোন বাণীয় বাণসমূহের সন্ধান কর, যাহা দ্বারা আমাকে ভগ্ন করিতে পারিবে। তাহা শুনিয়া অলর্ক বিশেষভাবে চিন্তা করিয়া এই কথা বলিলেন। ৮

অলর্ক বলিলেন—'দূর দূর ধরিয়া অন্য অন্য ধরিয়া যত প্রকারের গন্ধ আঘ্রাণ করিয়াও আমার বাসিকা পুনরায় সেই গন্ধের জন্যই লোলুপ হইতেছে। ইহার অন্য ঘ্রাণেন্দ্রিয়ের উচ্ছেদে এই আমি তীক্ষ্ণবাণ বাণসমূহ নিক্ষেপ করিতেছি। ৯

ঘ্রাণ বলিল—'হে অলর্ক! এই তুল বাণসকল আমার (অর্থাৎ তুলবায়ুবাহবাসী সূক্ষ্ম ঘ্রাণ শক্তির) বিনাশ করিতে সমর্থ নহে। ইহারা বরং তোমারই ঘোর মর্মস্থান ভিন্ন করিবে এবং ভিন্নমর্মা হইয়া তুমি মৃত্যুবরণ করিবে। ১০

ত্রিংশ অধ্যায়।

[অলর্কের ধ্যানযোগের উপদেশ দিয়া পিতৃগণ কর্তৃক পরওত্রায়কে প্রবোধদান এবং তৎসাধারা পরওত্রায়ের সিদ্ধিলাভ।]

পিতৃগণ পরওত্রায়কে বলিলেন—'হে ব্রাহ্মণশ্রেষ্ঠ! এই বিষয়ের প্রাচীন একটি পুরাতন ইতিহাস বৃদ্ধগণ বলিয়া থাকেন। তাহা শুনিয়া তোমার তদনুযায়ী কার্য্য করা উচিত। ১

অলর্ক নামে একজন অত্যন্ত মহাতপস্বী রাজর্ষি ছিলেন। তিনি ধর্মজ্ঞ, সত্যবাদী, মহাত্মা ও দৃঢ় ব্রতে দৃঢ় ছিলেন। ২

তিনি সসাগরা এই পৃথিবীকে বাহুবলের দ্বারা সম্পূর্ণরূপে জয় করিয়া, নানা প্রকার তপশ্চরণ কর্ম আচরণ করিয়া অতঃপর সূক্ষ্ম উচ্চতত্ত্বসমূহে মন সমাহিত করেন। ৩

যে মহামতে! বৃক্ষতলে বসিয়া বৃহৎ রাজসিক কর্মসমূহ ত্যাগ করিয়া তিনি দুঃখের অতীতবিষয়ে চিন্তা করিতে লাগিলেন। ৪

আপন মনে অলর্ক বলিতে লাগিলেন—এ যাবৎ কত যুদ্ধে আমি জয়লাভ করিয়াছি, তাহাতে যদিই আমাকে বল যোগাইয়াছে। কাজেই এই মনকে জয় করিতে পারিলে আমার সর্বত্র জয় নিশ্চিত। অনুমা অতঃপর ইন্দ্রিয়সমূহ দ্বারা পরিবেষ্টিত আমি বাহিরের পরিবর্তে অন্তর অর্থাৎ ঘোর সঙ্কীর্ণ বিপুলগণের

অন্যান্ বাণান্ সমীক্ষ্য বৈদ্যাঃ মাং সূদয়িষ্যন্তি
তচ্ছ্রুত্বা স বিচিন্ত্যাথ ততো বচনমব্রবীৎ । ১১

অলর্ক উবাচ ।

ইত্যা খাদুর রসান্ ভুক্ত্বা তাভ্যেব প্রতিসৃধ্যতি ।
তস্মাজ্জিহ্বাং প্রতি পরান্ প্রতিযোৎস্যামহং শিতান্ ।১২

জিহ্বোবাচ ।

নেমে বাণাস্তরিষ্যন্তি মামলর্ক কথঞ্চন ।
ভবৈব মর্ম ভেৎস্যন্তি ভিন্নমর্মা মরিষ্যসি । ১৩
অন্যান্ বাণান্ সমীক্ষ্য বৈদ্যাঃ মাং সূদয়িষ্যন্তি ।
তচ্ছ্রুত্বা স বিচিন্ত্যাথ ততো বচনমব্রবীৎ । ১৪

অলর্ক উবাচ ।

স্পৃষ্ট্বা ঋষিবিষান্ স্পর্শাংস্তাভ্যেব প্রতিসৃধ্যতি ।
তস্মাৎ ত্বচং পাটয়িষ্যে বিষিতৈঃ কণ্ডপত্রিভিঃ । ১৫

ত্বগুবাচ ।

নেমে বাণাস্তরিষ্যন্তি মামলর্ক কথঞ্চন
ভবৈব মর্ম ভেৎস্যন্তি ভিন্নমর্মা মরিষ্যসি । ১৬

অন্যান্ বাণান্ সমীক্ষ্য বৈদ্যাঃ মাং সূদয়িষ্যন্তি
তচ্ছ্রুত্বা স বিচিন্ত্যাথ ততো বচনমব্রবীৎ । ১৭

অলর্ক উবাচ ।

ক্ষুত্বা তু বিবিধান্ শব্দাংস্তাভ্যেব প্রতিসৃধ্যতি ।
তস্মাচ্ছ্রোত্রং প্রতিশরান্ প্রতি যুক্তাম্যহং শিতান্ ।১৮

শ্রোত্রমুবাচ ।

নেমে বাণাস্তরিষ্যন্তি মামলর্ক কথঞ্চন ।
ভবৈব মর্ম ভেৎস্যন্তি ততো হাসিসি জীবিতম্ । ১৯
অন্যান্ বাণান্ সমীক্ষ্য বৈদ্যাঃ মাং সূদয়িষ্যন্তি ।
তচ্ছ্রুত্বা স বিচিন্ত্যাথ ততো বচনমব্রবীৎ । ২০

অলর্ক উবাচ ।

দৃষ্ট্বা রূপাণি বহুশস্তাভ্যেব প্রতিসৃধ্যতি ।
তস্মাচ্চক্ষুর্নিষ্কাশি নিশিতৈঃ সাহকৈরহম্ । ২১

চক্ষুরুবাচ ।

নেমে বাণাস্তরিষ্যন্তি মামলর্ক কথঞ্চন ।
ভবৈব মর্ম ভেৎস্যন্তি ভিন্নমর্মা মরিষ্যসি । ২২

অতএব অন্য বাণসমূহের সন্ধান কর, যারা দ্বারা আমাকে বধ্য করিতে পারিবে।' তাহা শুনিয়া বিশেষরূপে চিন্তা করিয়া তিনি এই কথা বলিলেন। ১১

অলর্ক বলিলেন, 'এই জিহ্বা সকল সুস্বাদু রসসমূহ উপভোগ করিয়া পুনরায় সেই রস গ্রহণের জন্যই লালায়িত হয়, অতএব এই জিহ্বার প্রতি আমি তীক্ষ্ণধারসমূহ কেপণ করিব।' ১২

জিহ্বা বলিল—'হে অলর্ক! এই বাণসমূহ তোমার উপায়ের দ্বারা আমার পক্ষিগণ আমাকে ছেদন করিতে সমর্থ নহে। ইহারা তোমার নিজেরই মর্ম ভিন্ন করিবে এবং মর্মভেদহেতু তুমিই মৃত্যুমুখে পতিত হইবে। ১৩

অতএব তুমি অন্য কোন বাণসমূহের সন্ধান কর, যাহাদের দ্বারা আমাকে বিনাশ করিতে পারিবে। তাহা শুনিয়া তিনি বিশেষভাবে চিন্তা করিয়া তাহাকে এই কথা বলিলেন। ১৪

অলর্ক বলিলেন—'যদিও ত্বক্ স্পর্শ করিয়াও ঋষিদিগের পুনরায় সেই স্পর্শের শক্যতাতেই প্রসূত হইয়া থাকে, অতএব নানা প্রকার শরসমূহের দ্বারা ত্বককে আমি উৎপাটন করিব। ১৫

ত্বক্ বলিল—'হে অলর্ক! এই সব বাণসমূহ (আপাততঃ চর্মস্পর্শ করিলেও) অন্তরালবর্তী সূক্ষ্ম স্পর্শশক্তি আমাকে কোন প্রকারেই ভেদ করিয়া যাইতে পারিবে না। ইহারা তোমারই মর্মস্থল ভেদ করিবে এবং মর্ম ভিন্ন হওয়ায় তুমি মরিয়া যাইবে। ১৬

তাহাতে তুমি অন্য বাণসমূহের অন্বেষণ কর, যারা দ্বারা আমাকে বধ করিতে পারিবে'। তাহা শুনিয়া তিনি ভালভাবে চিন্তা করিয়া অন্তঃসার এই কথা বলিলেন। ১৭

অলর্ক বলিলেন—বিভিন্ন প্রকারের শব্দ শুনিয়াও তাহাদের অন্য কর্ম শিক্ষা করে, এই কারণে কর্ণের উদ্দেশে আমি তীক্ষ্ণাগ্র বাণসমূহ নিক্ষেপ করিতেছি। ১৮

শ্রোত্র বলিল—হে অলর্ক! এই সব বাণগুলি শুধু শ্রবণ শক্তিরই আমার কিছুই করিতে পারিবে না। তোমারই মর্ম ইহারা ভেদ করিবে এবং ভিন্নমর্মা হইয়া তোমারই জীবন ধ্বংস হইবে। তাহাতে তুমি অন্য বাণসমূহ অন্বেষণ কর, যারা দ্বারা আমাকে নিহত করিতে পারিবে। ১৯।

ইহা শুনিয়া তিনি বিশেষভাবে চিন্তা করিয়া অন্তঃসার এই কথা বলিলেন। ২০

অলর্ক বলিলেন—'চক্ষু বহুবিধ বিভিন্নরূপ দেখিবার আমার সেই রূপের অন্যই লোলুপতা প্রকাশ করে, এইজন্য আমি তীক্ষ্ণধার বাণসমূহ দ্বারা চক্ষুকে বধ্য করিতেছি'। ২১

চক্ষু বলিল—'হে অলর্ক! এই বাণসকল কখনই আমাকে

অন্যান্ বাণান্ সমীক্ষস্ব বৈষ্ণ মাং মূঢ়চিত্তসি।
তস্মাদ্ধা স বিচিন্ত্যাথ ততো বচনমব্রবীৎ। ২৩

অলর্ক উবাচ

ইহং নিষ্ঠা বহুবিধা প্রজ্ঞয়া ত্বধ্যবস্যতি।
তস্মাদ্ বুদ্ধিং প্রতি পরান্ প্রতিযোক্ষ্যামহে শিতান্।২৪

বৃদ্ধিরুবাচ।

নেমে বাণাস্তরিষ্যন্তি মামলর্ক কথঞ্চন।
তবৈব মর্ম ভেৎস্যন্তি ক্ষিপ্রমগ্র্যা মরিষ্যসি।
অন্যান্ বাণান্ সমীক্ষস্ব বৈষ্ণ মাং মূঢ়চিত্তসি। ২৫

ব্রাহ্মণ উবাচ।

ততোঽলর্কস্তপো ঘোরং তেঽবৈবাস্যায় তুষ্টবুঃ।
ন্যাধ্যগচ্ছৎ পরং শ্রেয়ো বাণমেতেষু সপ্তসু। ২৬

সুসমাহিতচেতাস্তু স ততোঽচিন্তয়ৎ প্রভুঃ।
স বিচিন্ত্য চিরং কালমলর্কো দ্বিজসত্তম। ২৭

ন্যাধ্যগচ্ছৎ পরং শ্রেয়ো যোগমাস্থিতবান্ বরঃ।
স একাগ্রং মনঃ কৃত্বা নিষ্কলো যোগমাস্থিতঃ। ২৮
ইন্দ্রিয়াণি তথাত্মানং বাণেনৈকেন বীর্যবান্।
যোগেনাত্মানমাবিশ্য সিদ্ধিং পরমবাপ্তবান্ ঋষিঃ। ২৯
বিস্মিতস্ত্বপি রাজর্ষিরিমাং প্রাপ্য ত্বগাং হ
অহো কষ্টং বতাতি: সর্বং রাজ্যমুপাসিতম্। ৩০
ভোগতৃষ্ণাসমাযুক্তৈঃ পূর্বং রাজ্যমুপাসিতম্।
ইতি পশ্চাদ্ব্যয়া জ্ঞাত্বা যোগায়াস্তি পরং সুখম্। ৩১
ইতি ক্ষমমুজানীতি রাম রা ক্ষত্রিয়ান্ ভুবি
ততো যোগমুপাতিষ্ঠৎ ততঃ শ্রেয়োঽভিপত্স্যসে। ৩২
ইত্যুক্তঃ স ততো ঘোরং জ্ঞানলব্ধ্যা পিতামহৈঃ
আস্থিতঃ সুমহাভাগো বর্ষো সিষ্ঠিত দুর্গমম্। ৩৩

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
ভীষ্মপর্বণি শ্রীমদ্ভগবদ্গীতাসু
ব্রাহ্মণগীতাসু

॥ ত্রিংশোঽধ্যায়ঃ ॥

অর্থাৎ সূক্ষ্ম বর্ণন শক্তিহীন ইন্দ্রিয়কে অভিভূত করিতে পারিবে না। ইহারা প্রভৃতি তোমারই বর্ষীয়স তেজ করিবে (অর্থাৎ তীব্র পাশবিক যন্ত্রণার তাহা হইবে) এবং ভিন্নবর্ণা হইয়া তুমি মরিয়া যাইবে। ২২

তুমি যদ্যপি এমন অস্ত্র প্রভৃতি বাণসমূহের সন্ধান কর, যাহাতে তুমি আমাকে বধ করিতে পারিবে।' তাহা শুনিয়া তিনি মনেমনেভাবে চিন্তা করিয়া এই কথা বলিলেন। ২৩

রাজর্ষি অলর্ক বলিলেন—'এই নিষ্ঠাত্রিতা বুদ্ধি নিজ জ্ঞানশক্তির দ্বারা নিজের বিবিধ বিষয় নিরূপণ করিয়া থাকে, অতএব এই বুদ্ধির প্রতি আমি তীক্ষ্ণবাণসমূহ নিক্ষেপ করিলাম'। ২৪

বুদ্ধি (তাহা শুনিয়া) বলিল—'অলর্ক! এই সুন্দর শক্তিযুক্ত পরকৃতনির্মিত বাণসমূহ কোনও ক্রমেই সুস্বরূপবাসিনী আমাকে স্পর্শ করিতে পারিবে না। ইহারা তোমারই বর্ষবিধ করিবে আর বিভক্তবর্ণা হইয়া তুমি নিজেই মরিয়া যাইবে। অতএব তুমি আমাকে যাহা যাহা উৎপাত করিতে পারিবে, এমন অস্ত্র বাণসমূহ অন্বেষণ কর। ২৫

ব্রাহ্মণ বলিলেন—অতঃপর অলর্ক সেই স্থানেই বসিয়া সূক্ষ্ম যোগ তপস্যা করিতে লাগিলেন। তখাপি তিনি এই শাস্ত্রটিকে আয়ত্তে আনিতে পারে, এরূপ বাণ বহু চেষ্টা করিয়াও পাইলেন না। ২৬

সেই শত্রুবিনাশী রাজা অলর্ক পরাধিতে সম্যক্ বশ হইয়া অতঃপর চিন্তা করিলেন 'বলবত্তর' দীর্ঘকাল বিশেষ ভাবে চিন্তা করিয়াও সেই বুদ্ধিবাসনের দ্বারা শ্রেষ্ঠ রাজর্ষি যোগ অপেক্ষা শ্রেষ্ঠ সেই পরম তত্ত্বকে জানিতে পারিলেন না। তখন তিনি মনকে একাগ্র করিয়া নিষ্কল হইয়া যোগে স্থির হইলেন। ২৭-২৮

অতঃপর সেই বীর্যশালী রাজা একটী ধ্যানযোগরূপ বাণের দ্বারা ইন্দ্রিয়গণকে সম্যক পরাজয় করিলেন। ২৯

রাজর্ষি বিস্মিত হইয়া তখন এই রূপ কথা যেন বিলাপ-রীতির মত বলিতে লাগিলেন—অহো! কি দুঃখের কথা যে, আমি এ যাবৎ কেবল বাহ্য আচারেরই অনুষ্ঠান করিয়া আসিয়াছি। ভোগের তৃষ্ণায় আকুল হইয়া ইতঃপূর্বে রাজ্যশাসন করিয়াছি। যোগ অপেক্ষা পরতর সুখ যে নাই—তাহা ত' আমি এতকাল পরে জানিতে পারিলাম। ৩০-৩১

এই আখ্যায়িকা পরতত্ত্বরূপে বলিয়া পিতৃগণ বলিলেন—হে রাম! এই পার্থিবীর তত্ত্ব সম্যক্ বিদিত হইয়া আর ক্ষত্রিয়গণকে হত্যা করিও না। যদ্যপি তাহার তপস্যা কর, তাহা হইলে তুমি পরম কল্যাণ লাভ করিবে। ৩২

পিতামহগণ ইহা বলিলে মহাযোগধ্যানশালী সেই ভগবদ্ভিরা সুমহান্ যোগে প্রতিষ্ঠিত হইয়া দুর্গম সিদ্ধি লাভ করিলেন। ৩৩

শ্রীমহাভারত শতসাহস্রী সংহিতা মহাভারতের অষ্টাদশপর্বের অন্তর্গত ভগবদ্গীতাপর্বে ব্রাহ্মণগীতাপর্বে ত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একত্রিংশোঽধ্যায়ঃ।

[রাজা অম্বরীষের নীতারা আধ্যাত্মিকাঃ পরাভ্যবিষয়িকা গাথারা বর্ণনম্]

ব্রাহ্মণ উবাচ

ত্রয়ো বৈ রিপবো লোকে নবধা গুণতঃ স্মৃতাঃ।
প্রহর্ষঃ প্রীতিরানন্দস্ত্রয়স্তে সাত্ত্বিকা গুণাঃ। ১
তৃষ্ণা ক্রোধোঽভিসাদশ্চ রাজসাস্তে গুণাঃ স্মৃতাঃ।
ভ্রমস্তন্দ্রা চ মোহশ্চ ত্রয়স্তে তামসা গুণাঃ। ২
এতান্ নিকৃত্য বৃত্তিজ্ঞো ব্রাহ্মণস্ত্রৈগুণ্যভিক্ষুঃ।
ভেজুং পরাঙ্মুখং প্রপাতাত্মা জিতেন্দ্রিয়ঃ। ৩
অত্র গাথাঃ কীর্তয়ন্তি পুরাবৃত্তবিদো জনাঃ।
অম্বরীষো বা নীতা রাজা পূর্বং প্রপাদাত্মা। ৪
সমৃদ্ধীর্ষু দোষেষু বাধ্যমানেষু সাধুষু
জগ্রাহ তরসা রাজ্যমম্বরীষো মহাযশাঃ। ৫
স নিগৃহ্যাত্মনো দোষান্ সাধূন্ সম্ভিপূজা চ
জগাম মহত্যাং সিদ্ধিং গাথাশ্চেমা জগাদ হ। ৬

তৃষ্ণিষ্ঠং বিজিতা দোষা নিকৃতাঃ সর্বসত্ত্বতঃ।
এতো দোষো বরিষ্ঠশ্চ যদা সন্ন হতো ময়া। ৭
যৎপ্রযুক্তো জন্তুরয়ং বৈগুণ্যান্ যাতিমচ্ছতি।
তৃষ্ণার্ত ইহ নির্ত্রাণি যাবন্যানো ন বুধ্যতে। ৮
অজাত্মানমি যেনেহ প্রযুক্তঃ সেবতে নরঃ।
তং লোভমসিতিষ্ণীকৈর্নিকৃত্য সুখমেধতে। ৯
লোভাদ্ধি জায়তে তৃষ্ণা তদ্ভিন্তা প্রবর্ততে।
স লিপ্যমানো লভতে তৃষ্টিষ্ঠং রাজসান্ গুণান্।
তদ্বাহ্যো তু লভতে তৃষ্টিষ্ঠং তামসান্ গুণান্। ১০
স বৈগুণ্যৈঃ সংস্তবদেহবন্ধনঃ
পুনঃ পুনর্জাতি কর্ম চেহতে।
জন্মক্ষয়ে ত্রিষ্বিকীর্যতেঽসৌ
মৃত্যুঃ পুনর্গচ্ছতি জন্মনৈব। ১১

একত্রিংশ অধ্যায়।

[রাজা অম্বরীষ কর্তৃক গীত আধ্যাত্মিক পরাভ্যবিষয়ক গাথা বর্ণন]

ব্রাহ্মণ বলিলেন—ইহলোকে ত্রিগুণ (সত্ত্ব রজঃ তম) হইতে তিনটি শত্রু। বৃদ্ধিতেজে ইহারা নষ্ট প্রকার, এইরূপ বলা হইয়া থাকে। প্রার্থিত পদার্থপ্রাপ্তির সম্ভাবনায় যে হর্ষ, তাহা পাইলে যে প্রীতি এবং তাহার উপভোগে যে আনন্দ, এই তিনটিকে সাত্ত্বিক গুণ বলা হইয়া থাকে। ১

বিষয়ের জন্য যে তৃষ্ণা; তাহা বাধাপ্রাপ্ত হইলে যে ক্রোধ, এবং দেহাদি এই তিনটি রজোগুণের মূর্তি বলিয়া কথিত হইয়াছে। গ্লানি, তন্দ্রা ও মোহ এই তিনটি তমোগুণের লক্ষণমূর্তি। ২

বৈরাগ্যবান্, প্রশান্তাত্মা, জিতেন্দ্রিয় ব্যক্তি আত্মস্থানীয় হইয়া পরবর্তাদি বাসনসমূহ দ্বারা এই পূর্বোক্ত গুণসমূহকে উচ্ছেদ করিয়া তবে অন্য লক্ষকে তার কর্তৃত্বে ফেলিতে হয়। ৩

এই বিষয়ে পুরাতত্ত্ববিদ্ জ্ঞানিগণ একটি সত্যেতিহাস উল্লেখ করিয়া থাকেন, যাহা পূর্বে শত্রুবিনাশকারণ রাজা অম্বরীষ কর্তৃক গীত হইয়াছিল। ৪

যখন তাঁহার আত্মার চিত্তরাজ্যে ত্রিগুণাত্মক পাপিগণ প্রবল হইয়াছিল এবং বিবেকাদি সদ্‌গুণসমূহ সাধুগণ অবলম্বিত হইতেছিলেন, সেই সময় মহাযশস্বী রাজা অম্বরীষ নিজ হাতে তাঁর অন্যান্যস্বরাজ্যের শাসনভার তুলিয়া লইয়াছিলেন। ৫

তিনি নিজ দোষগুলিকে দমন করিয়া এবং সদ্‌গুণসকলকে বিশেষভাবে বর্ধিত করিয়া অতি মহান্ এক সিদ্ধি প্রাপ্ত হইলেন এবং এই গান গাহিলেন। ৬

আহা, আমি এযাবৎকাল যতগুলি দোষ জয় করিয়াছি এবং অন্যান্য সমস্ত বাহ্য ও আন্তর শত্রুকেই হত্যা করিয়াছি; কিন্তু একটি বলবত্তর দুরন্ত দোষ বাকী রহিয়া গিয়াছে, যাহাকে আমি আজিও বধ করিতে পারি নাই। ৭

এই সেই মহাদোষ, যাহার দ্বারা প্রেরিত হইয়া জীব বৈরাগ্য অবলম্বন না করিয়া, না বুঝিয়া, তৃষ্ণার্ত হইয়া বিষয়াভিমুখে অধোগতি প্রাপ্ত হয়। ৮

যাহার দ্বারা প্রযোজিত হইয়া মানব অকর্তব্য (নিষিদ্ধ) কর্মেও রত হয়, সেই লোভরূপক শত্রুকে তীক্ষ্ণ জ্ঞান-তরবারি দ্বারা ছিন্ন করিয়া মানব পরমানন্দ লাভ করিয়া থাকে। ৯

(অকস্মাৎ ভাত): লোভ হইতেই তৃষ্ণার প্রবাহরূপ বিষয়-তৃষ্ণা সঞ্জাত হয় এবং তাহা হইতেই বিষয়রক্ষণাবেক্ষণ চিন্তার উপস্থিতি হয়। লোভে লিপ্ত মনুষ্য এইরূপে ক্রমে রজস্তম রাজসিক গুণসমূহ প্রাপ্ত হয় এবং সেইগুলি প্রাপ্ত হইলে পর ক্রমে অধিক মাত্রায় তামস গুণসমূহে আক্রান্ত হয়। ১০

সেই লোভ-পতিত জীব সেই রাজস ও তামস গুণগুলির দ্বারা দেবদেহরূপে ক্রমেই গাঢ়তর আবদ্ধ হইয়া পুনঃ পুনঃ জন্মগ্রহণ করে ও অন্য-অন্যান্য কর্মের কর্তা হইয়া চলে। জীবনান্তে দেহ বিশ্লিষ্টপ্রায় ও গলিত হইলে মৃত্যুমুখে পতিত হয়।

তস্মাদেতাং সদাগম্যেভ্য লোভং
নিগৃহ্য বৃত্ত্যাত্মনি রাজমিচ্ছেৎ।
এতদ্ রাজ্যং শাশ্বতস্তোহ রাজ্য-
মাহৈষোঽ রাজা বিদিতো যথাবৎ। ১১

ইতি রাজ্ঞাম্বরীষেণ গাথা গীতা যশস্বিনা।
অবিরাজ্যাং পুরস্কৃত্য লোভমেকং নিগৃহ্যতা। ১০
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
আশ্বমেধিকে পর্বণি অনুশীতাপর্বণি ব্রাহ্মণগীতাসু
একত্রিংশোঽধ্যায়ঃ। ৩।

এবং পুনরায় জন্ম ও মৃত্যুর বন্ধনে বদ্ধ হইয়া আবর্তিত হইতে থাকে। ১১

অতএব এই লোভকে বিনয়সহকারে জানিয়া ধৈর্য সহকারে তাহাকে নিগৃহীত করিয়া আত্মার উপর রাজত্ব (অর্থাৎ অধিকার প্রতিষ্ঠা) করিতে চেষ্টা করিবে। এই আত্মরাজ্যই রাজ্য; ইহা ব্যতীত আর কোন রাজ্যই বস্তুতঃ স্বরাজ্য নহে, আর নিজ আত্মাতেই যথার্থতঃ রাজা বলিয়া জানিবে। ১২

যশস্বী রাজা অম্বরীষ একমাত্র মহাত্মাগণ লোভকে দমন করিয়া স্বীয় আত্মাতে অন্যান্য রাজ্যাভাবে চিত্তের সম্মুখে রাখিয়া এই গান গাহিয়াছিলেন। ১৩

শ্রীমন্মহর্ষি বেদব্যাসরচিত শতসাহস্রী সংহিতা শ্রীমহাভারতে আশ্বমেধিক পর্বান্তর্গত অনুশীতাপর্বে
ব্রাহ্মণগীতাপ্রসঙ্গে একত্রিংশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত।

দ্বাত্রিংশোঽধ্যায়ঃ।

[ব্রাহ্মণরূপিণো ধর্মস্য জনকস্য চ সমক্ষ-ত্যাগবিষয়কঃ সংবাদঃ]

ব্রাহ্মণ উবাচ

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্
ব্রাহ্মণস্য চ সংবাদং জনকস্য চ ভাবিনি। ১
ব্রাহ্মণং জনকো রাজা সহঃ কশ্চিৎচিকাসসি।
বিবৃণে মে ন বক্তব্যমিতি সিষ্টার্থবন্নতীং। ২
ইত্যুক্তঃ প্রত্যুবাচাথ ব্রাহ্মণো রাজসত্তমম্
আচক্ষ্ব বিবৃণং রাজন্ যথাবত্তব বক্ষে স্থিতঃ। ৩

সোঽব্রবীত্ত বিবৃণে রাজ্ঞো বক্তমিচ্ছাম্যহং বিভো।
যচ্চন্তে কর্তুমিচ্ছামি যথাবাত্তু মহীপতে। ৪
ইত্যুক্তস্ত তদা রাজা ব্রাহ্মণেন যশস্বিনা।
মুহূর্তমিব বিনিঃশ্বস্য ন কিঞ্চিৎ প্রত্যভাষত। ৫
তমাসীনং ব্যায়মমানং রাজানমমিতৌজসম্
কম্পমানঃ সদাগচ্ছদ্ ভানুমন্তমিব প্রভঃ। ৬
সমাশ্বাস্য ততো রাজা বিগতং কম্পমেব তদা
তত্রো মুহূর্তমিব তা ব্রাহ্মণং বাক্যমব্রবীৎ। ৭

হে ক্ষত্তাবরম্ ব্রাহ্মণ! ইহা জানিয়া আমি তত্ত্ব অর্থাৎ আপনার রাজা-বহির্ভূত রাজ্য যাহা করিতে চাই, যেরূপে (যাহে যাহে রাজ্যজা সর্বদা পালনীয়, সেইরূপে) আপনার আদেশানুসারে আমি যথাশাস্ত্র কার্য তাহাতে ইচ্ছুক। ৪

সেই ধ্যানিমান্ ব্রাহ্মণ এই কথা বলিলে রাজর্ষি জনক বারংবার উষ্ণ দীর্ঘশ্বাস মোচন করিয়া কিছুই প্রত্যুত্তর দিতে পারিলেন না। ৫

সেই অধিতেজস্বী রাজা যখন বসিয়া বসিয়া চিন্তা করিতেছেন এমন সময় সূর্যকে যেরূপ রাহু গ্রাস করে, সেইরূপ তাঁহাকে একটি অন্ধকার আসিয়া আক্রমণ করিল। ৬

পরে সমাশ্বস্ত আশ্বস্ত হইয়া রাজা সেই মোহ বিমুক্তি হইলে পর এক মুহূর্ত নীরব থাকিয়া সেই ব্রাহ্মণকে এই কথা বলিলেন। ৭

জনক উবাচ

পিতৃপৈতামহে রাজ্যে যজ্ঞে জনপদে সতি
বিষয়ং নাবিজানামি বিচিন্বন্ পৃথিবীমিমাম্ ॥ ৮
নাবিজ্ঞাতা যদা পৃথ্ব্যাং মিথিলা মাপিতা ময়া।
নাথ্যজ্ঞাতা যদা তস্যাং খণ্ডশো মাপিতা ময়া ॥ ৯
নাথ্যজ্ঞাতা তথা তস্যাং তথা মে কুণ্ডলোদ্ভবং।
অতো মে কুণ্ডলস্থান্তে মতিঃ পুনরুপস্থিতা ॥ ১০
তথা ন বিষয়ং মন্যে সর্বো বা বিষয়ো মম।
আত্মাপি চায়ং ন মম সর্বা বা পৃথিবী মম ॥ ১১
যথা মম তথাত্মেতি মতে দ্বিজোত্তম।
উদ্ভূতা যাবদুৎসাহা তুলাভ্যাং যাবদুদ্ধৃতে ॥ ১২

ব্রাহ্মণ উবাচ।

পিতৃপৈতামহে রাজ্যে যজ্ঞে জনপদে সতি।
ত্বয়ি কাং মতিমাস্থায় মমত্বং বর্জিতং ত্বয়া ॥ ১৩

জনক বলিলেন—পণ্ডিত পিতৃপৈতামহরাজ্যের এই জনপদ আমার রাজ্য বলিয়া প্রতিষ্ঠিত, তথাপি বিশেষ বিচার পূর্বক আমি এই সমস্ত পৃথিবী খুঁজিয়া দেখিয়া এই অর্থে "আমার রাজ্য" বলিয়া কিছু খুঁজিয়া পাইতেছি না। ৮

"সমস্ত পৃথিবী কি আমার রাজ্য?"—ইহা অনুসন্ধান করিয়া যখন দেখিলাম তাহা নহে, তখন মিথিলা কি আমার রাজ্য তাহা চিন্তা করিলাম, যখন দেখিলাম, না তাহাও আমার নিজ রাজ্য নহে, তখন নিজ প্রজাগণের উপর আমার অধিকার কতটুকু—তাহা খুঁজিয়া দেখিলাম; যখন দেখিলাম সেখানেও আমার অধিকার নাই, তখন আমার চিত্তে মোহাতঙ্কের উদয়িত হইল। অনুসন্ধানে মোহ দূর হইলে পর আমার আমার এই বুদ্ধি প্রকাশিত হইয়াছে। ৯-১০

কোন স্থানই আমার রাজ্য নহে, আমার সর্বত্রই আমারই রাজ্য। এক দৃষ্টিতে এই দেহও আমার নহে, অন্য দৃষ্টিতে সমস্তা বসুধাই আমার। ১১

এই রাজ্য যেরূপ আমার সেরূপ ইহা অন্যেরও—ইহাই আমি অনুমান মনে করিতেছি। অতএব যে দ্বিজোত্তম! আপনার বক্তব্যে ইচ্ছা এই রাজ্যে যান করুন এবং বক্তব্যে এই রাজ্যে বাস করিবেন, ততদিন ইহার সম্পদাদি ভোগও করুন। ১২

ব্রাহ্মণ প্রশ্ন করিলেন—হে নৃপ! আপনার অভিপ্রায়ে এই পিতৃপৈতামহরূপ পালিত যজ্ঞ জনপদ পরিত্যাগে কোন্ বিশেষ কারণ বৈ বুদ্ধিং সমাশ্রিত্য সর্বে বৈ বিষয়স্তব।
নাবৈষি বিষয়ং যেন সর্বো বা বিষয়স্তব ॥ ১৪

জনক উবাচ

অন্তবন্ত ইহাবন্তো বিদিতাঃ সর্বকর্মসু।
নাথ্যগচ্ছময়া তস্মাদমেয়মিতি যদ্ ভবেৎ ॥ ১৫
কস্তেমিতি কস্য ধর্মিতি বেদবচস্তথা।
নাথ্যগচ্ছময়া বুদ্ধ্যা মমেদমিতি যদ্ ভবেৎ ॥ ১৬
এতাং বুদ্ধিং সমাশ্রিত্য মমত্বং বর্জিতং ময়া।
শৃণু বুদ্ধিং যয়া ত্যক্তা সর্বত্র বিষয়ো মম ॥ ১৭
নাহমাত্মার্থমিচ্ছামি সত্ত্বাদ্ ত্রাণসম্ভবাদপি।
তস্মাদ্ নিত্যতা ত্বাত্মার্থে স্থিতিস্তি নিত্যতা ॥ ১৮
নাহমাত্মার্থমিচ্ছামি রসানাস্বেঽপি বর্তত:
আপো মে নিত্যতাস্তস্মাদ্ রসে স্থিতিস্তি নিত্যতা ॥ ১৯

বুদ্ধিতে আপনি বিরাজে মমত্ব বোধ ত্যাগ করিলেন? তাহা বলুন। ১৩

কোন্ বুদ্ধি আশ্রয় করিয়া আপনি সর্বত্র নিজত্বাভাব জানিতেছেন, কোন্ বুদ্ধিতেই বা কিছুই আপনার রাজ্য নহে, আমার সমস্ত বিশ্বই আপনার রাজ্য, তাহা বলিতেছেন? ১৪

জনক বলিলেন—এই সংসারে সকল কর্মাচরণে প্রাণ দেহ-দ্রব্যাদি-উপাদানই সমস্ত অবস্থাই সান্ত (অন্তযুক্ত)। এই কারণেই আমি এমন কোন বস্তুই পাইলাম না, যাহাকে "ইহা আমার" এইরূপে নির্দিষ্ট করিতে পারি। ১৫

যেরূপ বলিয়া থাকেন—ইহা (এই বস্তু) কাহার? ইহা কাহার ধন? (অর্থাৎ কাহারও নহে।) এই শ্রুতি বুদ্ধির দ্বারা বিচার করিয়া "ইহা আমার" বলিতে পারি, এমন বস্তু পাইলাম না। ১৬

এই বুদ্ধি আশ্রয়েই আমি সর্ব বিষয়ে মমত্ব ত্যাগ করিয়াছি। আমার যে বুদ্ধির আশ্রয়ে আমি সর্বত্র আমার রাজ্য এইরূপ জানিয়াছি, তাহা শুনুন। ১৭

আমার প্রাণেন্দ্রিয়-প্রবৃত্তি পঞ্চভূতকে আমি নিজের জন্য ইচ্ছা করি না, এই কারণে আমার নিকট সমস্ত পৃথিবী অবিভক্ত, মৃন্ময়ী বলিয়া প্রতীত হয়। ১৮

আমার মুখে বর্তমান থাকিলেও আমি রসসমূহকে নিজের তৃপ্তির জন্য ইচ্ছা করি না। সেইজন্য সমস্ত জল আমার দ্বারা বিজিত, অতএব তাহা সর্বদা আমার বশে থাকে। ১৯

নাহমাত্মার্থমিচ্ছামি ইমাঃ জ্যোতিংষ্ক চক্ষুষঃ।
তস্মাত্ত্বে নিহিতং জ্যোতির্দিবং তিষ্ঠতি নিত্যদা ॥ ২০
নাহমাত্মার্থমিচ্ছামি স্পর্শাংস্ত্বচি গতাংশ্চ যে
তস্মাত্ত্বে নিহিতো বায়ুর্বশে তিষ্ঠতি নিত্যদা ॥ ২১
নাহমাত্মার্থমিচ্ছামি শব্দান্ শ্রোত্রগতানপি।
তস্মাত্ত্বে নিহিতাঃ শব্দা বশে তিষ্ঠন্তি নিত্যদা ॥ ২২
নাহমাত্মার্থমিচ্ছামি মনো নিত্যং মনোঽন্তরে
মনো মে নিহিতং তস্মাত্ত্বয়ি বশে তিষ্ঠতি নিত্যদা ॥২৩
যেষেতদ্যান্ত পিতৃদ্যান্ত কৃতজ্যোঽধিধিষ্ঠিতং সদ

ইত্যর্থং সর্ব এবেতি সমাবস্থা ভবন্তি বৈ ॥ ২৪
ততঃ প্রহস্য জনকঃ ব্রাহ্মণঃ পুনরব্রবীৎ।
বিজ্ঞিজ্ঞাসার্থমেতদ্বৈ বিদ্ধি মাং ধর্মমাগতম্ ॥ ২৫
ত্বদস্য ব্রহ্মলাভস্য দুর্বারস্যানিবর্তিনঃ
সত্ত্বমেমিনিরুদ্ধস্য চক্রসৌক্ষ্যঃ প্রবর্তকঃ ॥ ২৬

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
আশ্বমেধিকে পর্বণি অনুগীতাপর্বণি ব্রাহ্মণগীতাসু
ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩৩ ॥

যেষেতু লোকের বিষয়ীভূত আলোক ও গুণসমূহকে আমি নিজের জন্য ইচ্ছা করি না, সেইজন্যই সমস্ত জ্যোতি আমার দৃষ্টি শক্তিরূপ এবং তাহা সর্বদা আমার বশে থাকে। ২০

আমার ত্বকের সহিত সংলগ্ন হইলেও আমি স্পর্শসমূহকে নিজের জন্য ইচ্ছা করি না, অতএব বায়ুকে আমি জয় করিয়াছি এবং তাহা সর্বদা আমার বশে থাকে। ২১

কর্ণসমূহের গ্রাহ্যবিষয়ীভূত শব্দকে আমি নিজের জন্য কামনা করি না, অতএব আমি শব্দগুলিকে জয় করিয়াছি এবং শব্দসমূহ এই জন্য নিত্য আমার বশীভূত। ২২

মনের ভিতরে উহার মননীয় বিষয়সমূহের আমি নিজের জন্য কামনা করি না, তাই মনকে আমি জয় করিয়াছি এবং মন সর্বদা আমার বশে থাকে। ২৩

আমার সমস্ত জ্ঞান-করণ জ্ঞেয়ভূত, বিষয়সমূহ ও অভিবিষয়গুলির অধীন হইয়া থাকে। ২৪

অতঃপর জানিতে আসিয়া জনক ব্রাহ্মণকে উদ্দেশ্যে ব্রাহ্মণ পুনরায় বলিলেন—'তোমাকে সহজে করিবার জন্য আমি যজ্ঞ যজ্ঞ এখানে উপস্থিত হইয়াছিলাম, আমাকে 'চালিয়া লও'। ২৫

এইরূপ বুঝিয়াছি এই সংসারে সত্ত্বগুণ-বিশিষ্ট দেহিসমূহযুক্ত দুর্বারগতি পশ্চাৎপদরহিত 'ব্রহ্মলাভরূপ' যন্ত্রচক্রের ক্ষুদ্রই একমাত্র চালক। ২৬

শ্রীমন্মহর্ষি বেদব্যাসরচিত শতসাহস্রী সংহিতা শ্রীমহাভারতে আশ্বমেধিক পর্বান্তর্গত অনুগীতা পর্বের ব্রাহ্মণ-গীতাপ্রসঙ্গে ত্রয়স্ত্রিংশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত।

ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ।

[ব্রাহ্মণের স্ব-পত্নীসমীপে স্বীয়-জ্ঞাননিষ্ঠরূপতা পরিচয়দানম্]

ব্রাহ্মণ উবাচ।

নাহং তথা ভীরু চরামি লোকে
যথা ত্বং মাং ভর্তৃকুলে অবুধ্যাঃ
বিপ্রোষ্যমি মুক্তোঽস্মি বনেচরোঽস্মি
পূর্বস্বধর্মা ব্রতযাতুধান্যাঃ ॥ ১

নাহমস্মি যথা মাং ত্বং পশ্যসে চ শুভাশুভে।
ন্যস্তা ব্যাপ্তমিদং সর্বং যৎ কিঞ্চিজ্জগতীগতম্ ॥ ২
যে কেচিজ্জন্তবো লোকে জঙ্গমাঃ স্থাবরাশ্চ হ।
তেষাং মামন্তকং বিদ্ধি দারুণামিব পাবকম্ ॥ ৩

ত্রয়স্ত্রিংশ অধ্যায়।

[ব্রাহ্মণ কর্তৃক স্ব-পত্নীর নিকট নিজ জ্ঞাননিষ্ঠ স্বরূপের পরিচয় প্রদান।]

ব্রাহ্মণ বলিলেন—ভীরু! তুমি নিজবুদ্ধিতে আমাকে যেরূপ মনে করিয়া ভর্ৎসনা করিতেছ, আমি এই সংসারে সেইরূপ সাধারণ দেহাভিমানিদিগের ন্যায় আচরণ করি না। আমি ব্রাহ্মণ, মুক্ত, যতি, বানপ্রস্থী, দার্হত্য ধর্মাবলম্বী এবং ব্রতচারী—এখনকে সংসর্গে।

তুমি পাপপুণ্যাদি শুভাশুভকর্মনিষ্ঠ আমাকে যেইরূপ দেখিতেছ, আমি সেইরূপ নহি। যেহেতু এই জগতে যাহা কিছু আছে সেই সকল আমাতেই ব্যাপ্ত। ২

যেরূপ ভীষণাকৃতি বিনাশকারী দারুণ অগ্নি, সেইরূপ সংসারে চর-অচর যত জন্তুগণ আছে, আমাকে তাহাদের সকলের অন্তকারী বলিয়া জানিও। ৩

রাজ্যং পৃথিব্যাং সর্ব্বস্যামথবাপি ত্রিবিষ্টপে
তথা বুদ্ধিরিয়ং যেষু বুদ্ধ্যেব বনং মম ॥ ৪
একং পন্থা ব্রাহ্মণানাং বেদ গন্ধাস্তু তাদৃশঃ
গৃহেষু বনবাসেষু গুরুবাসেষু ভিক্ষুষু ॥ ৫
ত্রিভির্হেতুভিরন্যোন্যৈরেকা বুদ্ধিরুপাসাতে
ব্রাহ্মীলিঙ্গপ্রবৃত্তাস্যা যেষাং বুদ্ধিঃ সনাতনী ॥ ৬
তে ত্বামেবমুপায়ান্তি সহিতাঃ সাগরং যথা।

বুদ্ধ্যাহং গময়ান্তে মার্গং যত্নায়েন ন সম্যতে ॥
আত্মন্যস্তানি কর্মাণি পত্নীং কর্মবনন্ন ॥ ৭
তস্মাৎ তে সুভগে নাস্তি পরলোককৃতা ভয়ম্।
তস্যাবস্যাবনিয়তা মৈষাস্যাননমেষ্যসি ॥৮
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
আশ্বমেধিকে পর্বণি অনুগীতাপর্বণি ব্রাহ্মণগীতাসু
ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩৩

সমস্ত পৃথিবীতে যে বিশাল রাজ্য বিস্তৃত এবং স্বর্গলোকের যাহা বিষ্ণু আছে, তাহা এই বুদ্ধি আনিতে পারে, আর এই বুদ্ধিই আমার ধন। ৪

ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বানপ্রস্থ এবং সন্ন্যাস আশ্রমে স্থিত ব্রাহ্মণগণের জন্যও একটি পথ আছে, তাহা ব্রহ্মজ্ঞানমার্গ—যাহা ব্রহ্মবিদ্‌গণ অভিলক্ষ্য করেন। ৫

বহুবিধ অনৈকান্তিক চিহ্নসমূহ যাহা করিয়াও যাঁহারা এক বুদ্ধিতে স্থিত হন, তাঁহারা নানা লক্ষণাক্রান্ত নানা আশ্রমবাসী হইলেও তাঁহাদের বুদ্ধি সনাতনাত্মিকা হইয়া থাকে (যেমন নদীসমূহ সাগরের প্রতি একলক্ষ্যে ছুটিয়া যায়, তেমন তাঁহারাও শেষ পর্য্যন্ত এক মহাত্মাতে গমন করেন)। ৬

এই যে স্বর্গার্থে সিদ্ধি, অসিদ্ধি, ইষ্টানিষ্ট, লাভালাভে সমযোগরূপে বুদ্ধিযোগের দ্বারা অপ্রমত্ত হইতে হয়, যাহার দ্বারা ইহার অনুসরণ করা যায় না। যেহেতু—আমি ইহা অযুক্ত কর্মসমূহের হেতু হইল শুনিয়াছি। ৭

হে সুভগে! এইজন্য বলিতেছি—পরলোকে তোমার কি হইবে এই বিষয়ে তুমি অবহিত হও। পরমাত্মার চিন্তা করিতে করিতে তুমি আমার যিনি আত্মা। যিনি সর্বকৃতাত্মারূপে সংস্থিত তেমনই) তাঁহাতেই বিলীন হইবে। ৮

শ্রীমদ্ভগবদ্গীতা বেদব্যাসবিরচিত শতসাহস্রী সংহিতা শ্রীমহাভারতে আশ্বমেধিক পর্বান্তর্গত অনুগীতাপর্বে ব্রাহ্মণগীতা-প্রসঙ্গে ত্রয়স্ত্রিংশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত।

চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ।

[ভগবতো শ্রীকৃষ্ণেন ব্রাহ্মণ-ব্রাহ্মণী ক্ষেত্রজ্ঞসংবাদ-কথনপ্রসঙ্গে ব্রাহ্মণ-গীতায়া উপসংহারঃ।]

ব্রাহ্মণ্যুবাচ

নেয়মস্মাভ্যুনা শক্যা বেদিতুং নাকৃতাত্মনা
যস্ত্বং চাত্মক সাক্ষাত্তু বিষ্ণুরুক্তো মতো মম ॥ ১
উপায়ং তং মম ব্রূহি যেনৈষা লভ্যতে মতিঃ

তস্যাস্তে কারণং বৃত্তো যত এষা প্রবর্ত্ততে ॥ ২

ব্রাহ্মণ উবাচ।

অরণী ব্রাহ্মণী বিদ্ধি শুক্রস্যোত্তরারণিঃ।
তপঃ শ্রুতেঽভিমন্থীতো জাতাগ্নির্জায়তে ততঃ ॥ ৩

চতুস্ত্রিংশ অধ্যায়।

[ভগবান্ শ্রীকৃষ্ণ কর্তৃক ব্রাহ্মণ ব্রাহ্মণী ও ক্ষেত্রজ্ঞের রহস্য কথনপ্রসঙ্গে ব্রাহ্মণ-গীতার উপসংহার।]

ব্রাহ্মণী বলিলেন—আমার বুদ্ধি অল্প এবং অকৃতাত্মা অজ্ঞ, অতএব আপনি সংক্ষেপে যে মহান্ জ্ঞানের উপদেশ করিলেন, সেই সারবৎ উপদেশের মর্মগ্রহণ আমার পক্ষে কঠিন। আমি তাহা ভবিষ্যতে ধারণা করিতে পারিতেছি না। ১

যাহাতে আমারও এই বুদ্ধি হয়, সেই উপায় আপনি আমাকে বলুন। আমার মনে হয়, যাহাতে এই বুদ্ধি হয়, সেই উপায়ের নির্দেশ আপনার নিকট হইতে পাওয়া যাইবে। ২

ব্রাহ্মণ বলিলেন—তুমি বুদ্ধিকে (অরণী) অরণী বলিয়া জানিবে আর শুক্রকে উত্তরারণী বলিয়া জানিবে। তপস্যা এবং শ্রুতিপাঠরূপ যাগযজ্ঞাদির দ্বারা ঐ অরণিদ্বয়ের মন্থন করিলে জ্ঞানাগ্নি জন্মিয়া উঠে। ৩

ব্রাহ্মণ্যুবাচ।

যদিদং ব্রাহ্মণো লিঙ্গং ক্ষেত্রজ্ঞ ইতি সংজ্ঞিতম্।
গ্রহীতুং যেন যজ্জক্যাৎ লক্ষণং তস্য তৎ কু ।।৪

ব্রাহ্মণ উবাচ।

অলিঙ্গো নির্গুণশ্চৈব কারণং নাস্য লক্ষ্যতে।
উপায়মেব বক্ষ্যামি যেন গৃহ্যেত বা ন বা ।৫
সম্যগুপায়ো দৃষ্টশ্চ ভ্রমদৈরিহ লক্ষ্যতে
কর্মবুদ্ধিরবুদ্ধিত্বাজ্জ্ঞানলিঙ্গৈরিবাত্মিকম্ ।৬
ইদং কার্যমিদং নেতি ন যোক্ষ্যেঽপনিশ্চিতে
পশ্যতঃ শৃণ্বতো বুদ্ধিরাত্মনো যেষু তায়তে ।৭
যাবত্তং ইহ শব্দৌঘাস্তাবন্তোঽশেষান্ প্রকল্পয়েৎ।
অব্যক্তান্ ব্যক্তরূপাংশ্চ শব্দযোনিশ্চ সত্প্রভঃ ।৮
সর্বাত্মানার্থমূর্তাংশ্চ সর্বান প্রত্যক্ষহেতুকান্

ব্রাহ্মণী বলিলেন—এই যে ক্ষেত্রজ নামধারী মহীয়ান্‌গুণ জীবাত্মা, তাহাকে কিরূপে গ্রহণকরা যায় বলিয়া বলা হইয়া থাকে? যেহেতু জীবাত্মা তো হয়ের অগম্য এবং যাহা যাহার অগম্য, তাহা তাহার সহিত গ্রহণসম্বন্ধে সম্বন্ধযুক্ত কি করিয়া হয়? ৪

ব্রাহ্মণ বলিলেন—দেহী জীব "ইহা এইরূপ" এই প্রকার নির্দেশ দ্বারা নির্দেশের অযোগ্য এবং সেজন্য নির্গুণ যেহেতু ইহার বিশেষীত অর্থাৎ সগুণ এবং সলিঙ্গ (নির্দেশ) হইবার কোনও হেতু উৎপন্ন হয় না। অতএবপ্রকৃত আমি তোমাকে সেই উপায় বলিতেছি, যাহার দ্বারা প্রমাণসমূহে ক্ষেত্রজ্ঞে জীবাত্মাকে গ্রহণ বলিয়া বুঝা যায়, অথবা ইহা বুঝা যায় যে, তাহাকে বুঝা যায় না ।৫

কর্মবুদ্ধি যাহারা ভ্রমবশতঃ আত্মাকে সাধারণ মনে করে। কিন্তু ভ্রমও যেমন পুনঃপুন উপলব্ধিতে ভ্রমন করিতে করিতে ও তাহার গতিবিধি মূলকে লক্ষ্য করে, সেইরূপ যাহাদের বুদ্ধি কর্ম-মোহিত হইয়াছে, তাহারা সকল কর্মের মধ্যেও জ্ঞান-স্বরূপাদির দ্বারা অনন্ত আত্মাকে পৃথকভাবে জানিয়া থাকেন। (অর্থাৎ নিষ্কৈবিধিত্বাদি কর্মসমূহ দ্বারা মোহিত না হইলে শত ভ্রমন-ভ্রমন করিলেও বুদ্ধির 'কে আত্মনিষ্ঠ হওয়া সম্ভব নহে) আর উত্তরূপ বুদ্ধির অভাবে অজ্ঞান নিশ্চিতই আত্মাকে জানাদি সকলের লক্ষিত বলিয়া মনে করে। ৬

যতঃ পরা ন বিদ্যেত ততোঽন্যাসে ভবিষ্যতি ।৯

শ্রীভগবানুবাচ।

ততস্তু তস্যা ব্রাহ্মণ্যা মতিঃ ক্ষেত্রজ্ঞসাত্মরে।
ক্ষেত্রজ্ঞানেন পরতঃ ক্ষেত্রেভ্যঃ প্রবর্ততে ।১০

অর্জুন উবাচ

ক নু সা ব্রাহ্মণী কৃষ্ণ ক চাসৌ ব্রাহ্মণর্ষভঃ
যাভ্যাং সিদ্ধিরিয়ং প্রাপ্তা তাবুভৌ মম মেঽচ্যুত ।১১

শ্রীভগবানুবাচ

মনো মে ব্রাহ্মণঃ বিদ্ধি বুদ্ধির্ মে বিদ্ধি ব্রাহ্মণীম্।
ক্ষেত্রজ্ঞ ইতি যচ্চোক্তঃ সোঽহমেব ধনঞ্জয় ।১২

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
আশ্বমেধিকে পর্বণি অনুগীতাপর্বণী ব্রাহ্মণগীতাসু
চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ ৩৪

ইহ তত্ত্বতঃ, ইহা অতত্ত্বতঃ এইরূপ বিধান মোক্ষমার্গে অর্থাৎ নিষ্কৈবল্যের পথে বিচরণকালে উপস্থিত হয় না (অর্থাৎ তাহার নিষিদ্ধ -উত্তর প্রকার কর্মসন্ন্যাসীই ইহার অধিকারী) কেবল ইহা এবং ইহা নহে তত্ত্বা এই দুই প্রকারের বুদ্ধি যে সাধন-সমূহে আত্মায় আশ্রিত হয়, তাহাই যথার্থ সাধন। ৭

তুমি যত পার, এই জগতের শত বা সহস্র সংখ্যক ব্যক্ত বা অব্যক্ত আশ্রয়সমূহ তত্ত্বতঃ কর না কেন সেই সকল প্রত্যক্ষের হেতু পরার্থসমূহ কখনও পারমার্থিক সত্য হইতে পারে না। যাহার পরে আর কিছু নাই, সেই তত্ত্বস্বরূপের সাক্ষাৎকার "ইহা নয় ইহা নয়", এইরূপ বিচারের অভ্যাসের দ্বারাই হইয়া থাকে। ৮-৯

শ্রীভগবান্ বলিলেন—এইরূপে উপস্থিত হইবার পর সেই ব্রাহ্মণীর বুদ্ধি যাহা ক্ষেত্রজ্ঞ আত্মা সম্পর্কে সংশয়মুক্ত ছিল, তাহা ক্ষেত্রের জ্ঞান হইবার পর (অর্থাৎ ক্ষেত্রের যোগ ত্যাগ করিয়া) ক্ষেত্রজ্ঞের জীবাত্মাসমূহের অন্তর্যামিত্বে গত হইল। ১০

অর্জুন বলিলেন—অচ্যুত! যে ব্রাহ্মণী এইরূপ আত্মতত্ত্বে নিত হইয়াছেন, তাঁহাদের উভয়ের স্বরূপ আমার নিকট বর্ণনা করুন ।১১

শ্রীভগবান্ বলিলেন—মনকে ব্রাহ্মণ এবং বুদ্ধিকে ব্রাহ্মণী বলিয়া জানিও। আর ক্ষেত্রজ্ঞ বলিয়া যাহার কথা বলা হইল হে ধনঞ্জয়! তিনি (আর কেহ নহেন) আমিই। ১২

শ্রীমন্নবি যেদব্যাসরচিত শতসাহস্রী সংহিতা শ্রীমহাভারতের আশ্বমেধিকপর্বান্তর্গত অনুগীতাপর্বে ব্রাহ্মণগীতাপ্রসঙ্গে চতুস্ত্রিংশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত।

পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ।

। শ্রীকৃষ্ণেনার্জুনসমীপে মোক্ষধর্ম্মস্য বর্ণনম্, গুরুশিষ্যসংবাদে ব্রহ্মণো মহত্ত্বাদ্যুক্ত প্রশ্নোত্তরকথনঞ্চ ।

অর্জুন উবাচ

ব্রহ্ম যৎ পরমং জ্ঞেয়ং তত্ত্বে ব্যাখ্যাতুমর্হসি
ভবতো হি প্রসাদেন সুক্ষ্মে মে রমতে মতিঃ। ১

বাসুদেব উবাচ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
সংবাদং মোক্ষসংযুক্তং শিষ্যস্য গুরুণা সহ। ২

কশ্চিদ্ ব্রাহ্মণমাসীনমাচার্য্যং সংশিতব্রতম্।
শিষ্যঃ প্রপচ্ছ মেধাবী কিংস্বিদ্ভ্রেয়ঃ পরন্তপ। ৩

তস্মৈবন্তা প্রপন্নোঽহং নিঃশ্রেয়সপরায়ণঃ।
যাচে ত্বাং শিরসা বিপ্র যদ্ ব্রূয়াং ব্রূহি তন্মম। ৪

তমেবমাদিনং পার্থ শিষ্যং গুরুরুবাচ হ।
সর্ব্বং তু তে প্রবক্ষ্যামি যত্র বৈ সংশয়ো দ্বিজ। ৫

ইত্যুক্তঃ স কুরুশ্রেষ্ঠ গুরুণা গুরুবৎসলঃ
প্রাঞ্জলিঃ পরিপপ্রচ্ছ বরমস্মৈ মহাত্মনে। ৬

শিষ্য উবাচ।

কুতস্ত্বাবং কুতশ্চ ত্বং সত্যং ব্রূহি বদ পরম্।
কুতো জাতানি ভূতানি স্থাবরাণি চরাণি চ। ৭

কেন জীবন্তি ভূতানি তেষামায়ুশ্চ কিং পরম্।
কিং সত্যং কিং তপো বিপ্র কে গুণাঃ সন্তিহোত্রিতাঃ। ৮

কে পন্থানঃ কিমাক্ষ্যং স্যাঃ কিং সুখং কিঞ্চ দুষ্কৃতম্।
এতান্ মে ভগবন্ প্রশ্নান্ যথাবত্তথ্যান্ সুব্রত। ৯

বক্তুমর্হসি বিপ্রর্ষে যথাবদিহ তত্ত্বতঃ
ত্বত্তঃ কস্তান্ প্রশ্নবেত্তান্ বক্তুমিহার্হতি। ১০

ব্রূহি সর্ব্ববিদাং শ্রেষ্ঠ পরং কৌতূহলং মম
মোক্ষধর্ম্মার্থকুশলো ভবাঁল্লোকেষু গীয়তে। ১১

পঞ্চত্রিংশ অধ্যায়

[শ্রীকৃষ্ণ কর্ত্তৃক অর্জুন সকাশে মোক্ষ ধর্ম্মের বর্ণনা এবং গুরু-শিষ্য সংবাদে ব্রহ্ম ও সর্ব্ববিদের প্রশ্নোত্তর কথন।]

অর্জুন বলিলেন—ভগবন্! বেহেতু আপনার কৃপায় (আপনার উক্তভাবোক্তত উপদেশাবলী শুনিয়ে শুনিয়ে) আমার বুদ্ধি এক্ষণে সূক্ষ্ম বিষয়সমূহে বিচরণ করিতেছে, আপনি আমাকে যাহাকে সেই পরব্রহ্মকে ব্রহ্মের (অর্থাৎ যাহা জানিলে সমস্ত কিছু জানা হয়, এইরূপ শ্রুতি আছে) তত্ত্ব ব্যাখ্যা করিতে যোগ্য। ১

বাসুদেব শ্রীকৃষ্ণ বলিলেন—সখে! এ বিষয়েও জানিবার এক প্রাচীন ইতিহাস উদাহরণস্বরূপ কীর্ত্তন করিয়া থাকেন, তাহা শুন। তাহা হইল গুরুর সহিত শিষ্যের মোক্ষবিষয়ক আলাপন। ২

যতীব ব্রত পালনে দৃঢ়নিষ্ঠ আচার্য্যশালীন কোন ব্রাহ্মণকে বসিয়া থাকিতে দেখিয়া তাঁহার এক বুদ্ধিমান্ শিষ্য তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, 'হে ব্রাহ্মণ শ্রেষ্ঠ গুরুদেব! এই জগতে শ্রেয় (কল্যাণার্থ) কি?। ৩

পরম তপস্যার জন্য ব্যাকুলচিত্ত আমি মোক্ষৈশ্বর্য্যশালী আপনার শরণাগত। হে বিপ্র! আমি নতশিরে আপনার নিকট ইহাই ভিক্ষা করিতেছি। মোক্ষার্থী আমাকে যাহা বলা উচিত মনে করেন, তাহাই বলুন। ৪

পার্থ! শিষ্য এইরূপ বলিতে থাকিলে গুরুদেব তাহাকে বলিলেন—'হে ব্রাহ্মণ! তোমার যে যে বিষয়ে সংশয় আছে (প্রকাশ কর)। আমি তোমাকে সকল কিছুই বলিব। ৫

হে কুরুকুলশ্রেষ্ঠ! বরদাতি পাণ্ডব! সেই গুরুপ্রসন্ন শিষ্যকে তাহার গুরুদেব এই কথা বলিলে পর শিষ্য কৃতাঞ্জলি হইয়া যাহা সারাংশে জিজ্ঞাসা করিয়াছিলেন, তাহা বলিতেছি শ্রবণ কর। ৬

শিষ্য বলিলেন—গুরো! কোন্ উৎস হইতে আমি আসিলাম আপনি আসিলেন এবং কোথা হইতে এই স্থাবর ও জঙ্গম ভূত-সকল জন্ম গ্রহণ করিল? সেই পরম সত্যকে আপনি বুঝাইয়া দিন। ৭

চরাচর ভূতসমূহ কিসের আশ্রয়ে বাঁচিয়া থাকে? আয়ু অধিক পক্ষে কত হইতে পারে? সত্য কাহাকে বলে? তপস্যা কি? সন্ধ্যাবন্দনা কোন্ কোন্ প্রকারে প্রপাসনা করিতে হয়? ৮

ইহলোকে জীবনিবহের কল্যাণকর মার্গগুলি কি কি? সুখ কিসে হয়? পাপই বা কাহাকে বলে? হে ভগবন্! যেহেতু আপনি যথার্থে নিষ্ঠাবান্ ব্রাহ্মণশ্রেষ্ঠ, সেইহেতু আপনি আমার এই প্রশ্নগুলির যথার্থ উত্তর দিতে পারেন। আপনি ব্যতীত এই সকল দুরূহ প্রশ্নের সদুত্তরদাতা এজগতে আর কেহই বা আছেন। ৯-১০

যেহেতু আপনি মোক্ষধর্ম্মের স্বরূপবিষয়ে অভিজ্ঞ বলিয়া

সর্বসংশয়সংচ্ছেত্তা ত্বদন্যো ন চ বিদ্যতে।
সংসারভীরবস্ত্বৈব মোক্ষকামাস্তথা বয়ম্ ॥ ১২

বাসুদেব উবাচ।

তস্মৈ সম্প্রতিপন্নায় যথাবৎ পরিপৃচ্ছতে।
শিষ্যায় গুণযুক্তায় শান্তায় প্রিয়বর্তিনে ॥ ১৩
দ্বাদ্ধাকৃতায় দান্তায় যততে ব্রহ্মচারিণে।
তাম্ প্রজ্ঞানব্রবীৎ পার্থ মেধাবী স বৃহস্পতিঃ
গুরুঃ কুরুকুলশ্রেষ্ঠ সম্যক্ সর্বানরিন্দম ॥ ১৪

গুরুরুবাচ।

ব্রহ্মণোক্তমিদং সর্বমৃষিপ্রবরসেবিতম্।
যেনবিদ্যাঃ সমাশ্রিত্য তত্ত্বভৃতার্থভাবনম্ ॥ ১৫
জ্ঞানং ত্বেব পরা বিদ্যা সন্ন্যাসো তপ উত্তমম্।
ব্রহ্ম বেদ নিরাবাধং জ্ঞানত্বাদ্ বিনিশ্চয়াৎ
সর্বভূতস্থমাত্মানং স সর্বগতিমিচ্ছতে ॥ ১৬
যো বিদ্যান্ সহসংবাসং বিবাসঞ্চৈব পশ্যতি।
তথৈবৈকত্ব-নানাত্বে স দুঃখাৎ পরিমুচ্যতে ॥ ১৭
যো ন কাময়তে কিঞ্চিৎ কিঞ্চিদ্বিদ্বিমন্যতে।
ইহলোকস্য এষৈব ব্রহ্মভূয়ায় কল্পতে ॥ ১৮
প্রধানগুণতত্ত্বজ্ঞঃ সর্বভূতবিধানবিৎ।
নির্মমো নিরহঙ্কারো মুচ্যতে নাত্র সংশয়ঃ ॥ ১৯
অব্যক্তযোনিপ্রভবো বুদ্ধিস্কন্ধমহো মহান্।
মহাহঙ্কারবিটপ ইন্দ্রিয়াঙ্কুরকোটরঃ ॥ ২০
মহাভূতবিশেষশ্চ বিশেষপ্রতিশাখবান্
সন্ধ্যাপর্বঃ সন্ধ্যাপুষ্পঃ সদা শুভফলোদয়ঃ ॥ ২১
অক্ষীয়ঃ সর্বভূতানাং ব্রহ্মযোনিঃ সনাতনঃ
এবন্ত জ্ঞাত্বা চ তত্ত্বানি জ্ঞানেন পরমার্ষিনা ॥ ২২

লোকসমাজে বিখ্যাত, অতএব যে ব্রহ্মজনসমাজের মহাঋষি। আমার এই প্রথম জিজ্ঞাসার উত্তরে ঋষিবরে আপনি বিস্তৃত বলুন ॥ ১১

আমরা সংসারমহাভয়ের ভয়ে একান্ত আতঙ্কিত এবং ইহা হইতে মুক্তি লাভ করিতে একান্ত ব্যাকুল। আপনার তুল্য সর্ব সংশয়চ্ছেদে সমর্থ উপদেষ্টা অন্য কেহ নাই ॥ ১২

বাসুদেবতনয় শ্রীকৃষ্ণ বলিলেন—হে পৃথাপুত্র! কুরুকুলশ্রেষ্ঠ! শত্রুনিবারণকারী! যেই সম্পূর্ণ মহাগুরু, যথাবিধি প্রশ্ন জিজ্ঞাসাকারী, গুণবান্, শমগুণান্বিত, গুরুদেবের প্রীতিসম্পাদক, দ্বারা তার সর্বত্র তাঁহার অনুগমনশীল, ইন্দ্রিয়দমনে সমর্থ, উদ্যমশীল, ব্রহ্মচর্য্যব্রতাচরণকারী শিষ্যকে অধিকারী জানিয়া সেই বৃহস্পতি ব্রহ্মনিষ্ঠ গুরু সেই সকল প্রশ্নের যথাযথ উত্তর বলিতে আরম্ভ করিলেন ॥ ১৩-১৪

গুরুদেব বলিলেন—বৎস! এই যে সমস্তবিষয়ক বিদ্যার দ্বারা যাহা ব্রহ্মা বেদবিদ্যার আশ্রয়ে পূর্বে ব্যাখ্যা করিয়াছিলেন, অতঃপর পরম্পরাক্রমে এই পরম তত্ত্ব সমস্ত ঋষিমণ্ডলীগণ আলোচনা করিয়াছেন—আমরা তাহাই তোমাকে বলিতেছি শুন ॥ ১৫

জ্ঞানকেই আমরা পরম ব্রহ্ম বলিয়া জানি এবং সর্ব ঊর্ধ্বলক্ষ্যসাধনের সন্ন্যাসকেই উত্তম তপস্যা বলিয়া জানি। যিনি নৈষ্কর্ম্মিক যাবদ্‌ভূত জ্ঞান (চৈতন্য)-তত্ত্বকে নিঃসংশয়ে জানিয়াছেন এবং তদ্দ্বারা নিজ আত্মাকে সর্বভূতের মধ্যে প্রত্যক্ষ করিয়াছেন, তাঁহাকে সর্বগতি (সর্বব্যাপক) বলা হইয়া থাকে ॥ ১৬

"আমি যেই সত্য আত্মা" এই বিদ্যা যাঁহার আয়ত্ত এবং তত্ত্বজ্ঞ যিনি যেইমত সাযোগ এবং বিয়োগ; এতদ্ব এবং নানাত্বকে তত্ত্বতঃ এককৃতিতে দেখেন—'তুমি সর্বত্বের হইতে মুক্ত হও' (যেহেতু যত দর্শনই দুঃখ) ॥ ১৭

যিনি কোন কিছুই কামনা করেন না, কোন কিছু লইয়াই অভিমান করেন না, তিনি ইহলোকে থাকিয়াই ব্রহ্মভূত হন—অর্থাৎ জীবন্মুক্ত লাভ করেন ॥ ১৮

যিনি পরা ও অপরা প্রকৃতি এবং সত্ত্ব-রজঃ-তমোগুণের স্বরূপ বিজ্ঞাত আছেন এবং সর্বভূতের তত্ত্ব-বিধানশক্তি বিধান যাঁহার পরিজ্ঞাত, সেই মমত্ব বোধরহিত আমি এবং আমার ইত্যাকার অহংভাবশূন্য ব্যক্তি মুক্ত হন—ইহাতে সন্দেহ নাই ॥ ১৯

এই বেদব্রহ্মের মহাবৃক্ষ একটি বিরাট বৃক্ষের সহিত তুলনীয়, যাহার মূল বীজ হইল অব্যক্ত প্রকৃতি, বুদ্ধি যাহার স্কন্ধ, মহৎ অহংকার যাহার পল্লব ইন্দ্রিয়রূপ কোটর যাহার আছে; ক্ষিত্যাদি পঞ্চ মহাভূত যাহার শাখা, তাহারাই প্রশাখাযুক্ত; সংবৎসর পক্ষসমূহ দ্বারা সর্বদা বর্ধিত, ঊর্ধ্বমুখবিচরে নিত্য শোভিত, সর্বদা শুভাশুভ ঊর্ধ্ব-ফল সংযোগকারী শোভিত সর্বভূতের ঔষধরাজ, সনাতন ব্রহ্মরূপ বীজযুক্ত এই বেদরূপ বৃক্ষকে এবং তাহার আনুষঙ্গিক সমাক্ তত্ত্বগুলিকে জানিয়া মুমুক্ষু ভিন্ন রূপে মহা-

হিত্বা চামরতাং প্রাপ্তা ভবন্তি মৃত্যু-জন্মনী
কৃতভব্যাস্তবিষ্যন্তি বর্ষতঃ মার্গিনস্তথম্। নিত্যসন্ত্যপরিজ্ঞাতাঃ পুরাকল্পে সনাতনম্। ২৩
প্রবক্ষ্যেঽহং মহাপ্রাজ্ঞ পদমুত্তমমেব তে
বুদ্ধ্যা যদিহ সাংখ্যিনা ভবন্তীহ মনীষিণঃ। ২৪
উপসমার্থং পূর্বং জিজ্ঞাসন্তঃ পরন্তপম্।
প্রজাপতি-ভবদ্ভ্যাং গৌতমো ভার্গবস্তথা। ২৫
যবিষ্ঠঃ কল্পপশ্চৈব বিশ্বামিত্রোঽত্রিরেব চ
মার্গান্ সর্বান্ পরিক্রম্য পরিশ্রান্তাঃ স্বকর্মভিঃ। ২৬
ভবিষ্যন্তীহ বৃদ্ধঃ পুত্রকৃতা তু তে দ্বিজাঃ।
ঋষয়স্তর্ষসম্ভবনে ব্রহ্মাণং বীতকল্মষম্। ২৭
তং প্রণম্য মহাত্মানং সুখাসীনং মহর্ষয়ঃ
পপ্রচ্ছুর্বিনয়োপেতা নৈঃশ্রেয়সমিহ পরম্। ২৮
কথং কর্ম ক্রিয়াং সাধু কথং মুচ্যেত কিল্বিষাৎ।

কে নো মার্গাঃ শিবাশ্চ স্যুঃ
কিং সত্যং কিম্ব দুষ্কৃতম্। ২৯
কো ছেত্তা কর্মণাং মার্গো প্রাপ্নুর্যুর্দিক্ষিণোত্তরৌ।
প্রলয়ং চাপবর্গং চ ভূতানাং প্রভবাপ্যয়ৌ। ৩০
ইত্যুক্তঃ স মুনিস্তৈর্বৈ তাদৃগ্ভাবং প্রপিতামহঃ।
তৎ তেভ্যঃ সম্প্রবক্ষ্যামি শৃণু নিত্তু যথাগমম্। ৩১

ব্রহ্মোবাচ।

সত্যাদ্ ভূতানি জাতানি স্থাবরাণি চরাণি চ।
তপসা তানি জীবন্তি ইতি তদ্ বিদ্ধি সুব্রতাঃ
স্থাং যোনিং সমতিক্রম্য বর্ততে যেন কর্মণা। ৩২
সত্যং হি গুণসাযুক্তং নিত্যং পঞ্চলক্ষণম্। ৩৩
ব্রহ্ম সত্যং তপঃ সত্যং সত্যঞ্চৈব প্রজাপতিঃ।
সত্যাদ্ ভূতানি জাতানি সত্যং ভূতময়ং জগৎ। ৩৪
তস্মাৎ সত্যময়া বিপ্রা নিত্যং যোগপরায়ণাঃ।
অতীতক্রোধসন্তাপা নিয়তা দমসেবিনঃ। ৩৫

ভবনাদি সহায়ে এই প্রশ্ন দুষ্কৃতে হেতুন করিয়া ভবদ্ভূত্যার অতীত হইয়া অবস্থা প্রাপ্ত হন। ২২-২৪।

যে মহাজ্ঞানবান্ (জ্ঞানবান্ না হইলে এই সকল সূক্ষ্ম বিষয়ে সংশয় জাগিবে কেন?)। অতীত, বর্তমান ও ভবিষ্যৎ, তথা ধর্ম অর্থ ও কামের স্বরূপ যাহাতে নিহিত রহে, সিদ্ধ মুনিগণ যাহা জানিয়া থাকেন, যাহা প্রাচীন কাল হইতে প্রচলিত, চিরন্তন এক শ্রেষ্ঠ স্থিতির কথা তোমাকে বলিব, যাহা বুঝিয়া মনীষিগণ ইহলোকেই সম্পূর্ণ রূপের লাভ করেন। ২৫-২৮।

পূর্বকালের কথা; প্রজাপতি কশ্যপ, ভরদ্বাজ, গৌতম, কৃতজনন্দন ভৃগু, যবিষ্ঠ, কশ্যপ, বিশ্বামিত্র এবং অত্রি এই মহর্ষিগণ নিজ নিজ কর্ম দ্বারা সর্বপ্রকার পথ পরিক্রমা করিয়া পরিশ্রান্ত হইয়া পড়েন। তাহাদের তাঁহারা তাঁহাদের মধ্যে পরম বৃদ্ধ ঋষি স্বাধিষ্ঠানকে অগ্রবর্তী করিয়া ব্রহ্মলোকে গিয়াছিলেন এবং তথায় মূর্তে অবস্থানকারী পাপস্পর্শরহিত ব্রহ্মার সহিত সাক্ষাৎ করিলেন। অতঃপর সেই মহর্ষিবৃন্দ তাঁহাকে প্রণাম করিয়া স্রষ্টার পরম শ্রেয়স্করিবরে ২৯-৩৪ শ্লোক এই প্রশ্ন করিলেন। ২৯-৩৮

সৎ কর্ম কিরূপে করা উচিত? কিভাবে পাপ হইতে মুক্তি পাওয়া যায়? কল্যাণের পথ তুমি কি কি? সত্য কি? দুষ্কর্ম বা কাহাকে বলে? ১-৩

কর্মের সেই দুই মার্গই বা কি? তাহার যারা যথাক্রমে দক্ষিণায়ন ও উত্তরায়ণ প্রাপ্ত হওয়া যায়? প্রলয় কখন হয়? অপবর্গ (অর্থাৎ মোক্ষ) তাহাকে বলে? প্রাণিভাবগণের উদ্ভব ও বিলয় কিরূপে হয়? ৩০

মুনিগণকথন এইরূপ বলিলে পর লোকপিতামহ প্রপিতামহ ব্রহ্মা যারা বলিয়াছিলেন, হে নিত্তু! আমি শাস্ত্রানুসারে তাহাই তোমাকে বুঝাইয়া বলিতেছি, শ্রবণ কর। ৩১

ব্রহ্মা বলিলেন—সত্য হইতে স্থাবর ও জঙ্গম ভূতসকল জন্মিয়া থাকে এবং কর্মফল তপস্যার দ্বারা জীবন ধারণ করিয়া থাকে। হে শ্রেষ্ঠ ব্রতপালক মহর্ষিগণ! আপনারা মূল নিবিকার ব্রহ্মস্বভাব জ্ঞান করিয়া তাহারা নিজ গুণ কর্মফলে ব্রহ্মণ করিয়া থাকে—এইরূপ বিধিত হইল। ৩২

বস্তুতঃ সত্যই গুণসূত্রের দ্বারা যুক্ত হইয়া পাঁচ প্রকার বিভিন্ন লক্ষণে লক্ষিত হইয়া থাকেন। ৩৩

ব্রহ্ম অর্থাৎ ঈশ্বর, তপস্যা অর্থাৎ ধর্ম, প্রজাপতি অর্থাৎ জীব, যোগাদি কৃৎসকল এবং জগদাদি প্রভৃতি জগৎ এই পাঁচটিই জগদ্বিত অবস্থায় সত্যের পাঁচটি রূপ। ৩৪

এইজন্যই সজ্জনা যোগপরায়ণ, ক্রোধাদি সন্তাপশূন্য, সংযত, ধর্মিষ্ঠ ব্রাহ্মণগণ সতত সত্যের আশ্রয় গ্রহণ করিয়া থাকেন। ৩৫

অন্যোন্যনিয়তান্ বৈতান্ ধর্মসেতুপ্রবর্তকান্ ।
তানহং সম্প্রবক্ষ্যামি শাশ্বতান্ লোকিকাধিকান্ ॥ ৩৬
চাতুর্বিদ্যং তথা বর্ণাশ্চাতুরাশ্রম্যমিত্যপি ।
ধর্মমেকং চতুষ্পাদং ত্রিভাগাহমনীষিণঃ ॥ ৩৭
পশ্যন্তে যং প্রবক্ষ্যামি শিবং ক্ষেমকরং দ্বিজাঃ ।
নিয়তং ব্রহ্মভাবায় গত্বা পূর্বং মনীষিভিঃ ॥ ৩৮
গদতশ্চাত্র মহাভাগা নিখিলেন পরঃ পরম্ ॥ ৩৯
ব্রহ্মচারিকমেবাহুরাশ্রমং প্রথমং পদম্
গার্হস্থ্যং তু দ্বিতীয়ং স্যাদ্ বানপ্রস্থমতঃ পরম্
ততঃ পরং তু বিজ্ঞেয়মযাচ্যং পরমং পদম্ ॥ ৪০
জ্যোতিষাকাশমাদিত্যো বায়ুরিন্দ্রঃ প্রজাপতিঃ ।
যোপৈতি যাবদধ্যায়ং তাবদেতান্ ন পশ্যতি ॥ ৪১
তস্মোপায়ং প্রবক্ষ্যামি পুরুষায় তব নিযোধত ।

ফলমূলানিলভুজো মুনীনাং বসতাং বনে ॥ ৪২
বানপ্রস্থ দ্বিজাতীনাং ত্রয়াণামুপদিশ্যতে
সর্বেষামেব বর্ণানাং গার্হস্থ্যাৎ তু বিধীয়তে ॥ ৪৩
ব্রহ্মলক্ষণসিদ্ধ্যৈতাং ধর্মং ধীরাঃ প্রচক্ষতে ।
ইত্যেতাং দেবযানা যং পন্থানঃ পরিকীর্তিতাঃ ।
সপ্তর্ষয়শ্চিতা যৈঃ কর্মভির্দেবলেন তু ॥ ৪৪
এতেষাং পৃথগবাপ্তে যো ধর্মং সংশিতব্রতঃ ।
কালাং পঞ্চত্বমাপ্তস্য সহৈব প্রভবাপ্যয়ৌ ॥ ৪৫
অতস্তত্ত্বানি বক্ষ্যামি যথাবদ্যোন হেতুনা ।
বিষয়ত্বানি সর্বাণি বর্তমানানি তাগমৈঃ ॥ ৪৬
মহানাত্মা তথাব্যক্তমহঙ্কারস্তথৈব চ ।
ইন্দ্রিয়াণি দশৈকঞ্চ মহাভূতানি পঞ্চ চ ॥ ৪৭
বিশেষাঃ পঞ্চভূতানামিতি সর্গঃ সনাতনঃ ।
চতুর্বিংশতিরেকা চ তত্ত্বসংখ্যা প্রকীর্তিতা ॥ ৪৮

পরস্পরের সহায়তা ও সহযোগের ভাবে বর্ণাশ্রম অবস্থিত্যাদী, বিদ্বান্ ও বর্ণাশ্রম ধর্মের রক্ষক ব্রাহ্মণগণের নিকট অনুনা আদি সনাতন লোকরক্ষণাবেক্ষণকারী ধর্মের কথা বলিব। ৩৬

চারিটি বিদ্যা (ধর্ম, অর্থ, কাম ও মোক্ষবিষয়ক), চারিটি (ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র) বর্ণ, চারিটি (ব্রহ্ম চর্য্য, গার্হস্থ্য, বানপ্রস্থ ও সন্ন্যাস) আশ্রম এই সকলের দ্বারা গঠিত এক চতুষ্পাদ ধর্মের কথা মনীষিগণ বারংবার বলিয়া থাকেন। ৩৭

হে দ্বিজগণ! আপনাদের আমি এক সনাতন কল্যাণের পথ নির্দেশ করিব, যাহা অবলম্বন করিয়া পূর্বপুরুষকালের মনীষিগণ ব্রহ্মস্বরূপতা লাভের প্রাপ্ত হইতেন। ৩৮

হে মহাভাগগণ! এই আমি অত্যন্ত দুরূহ সেই পরম পথের কথা বলিতেছি, যাহা সম্পূর্ণ ভাবে সেই ব্রহ্ম পরপ্রাপ্তিস্বরূপ, আপনারা আমার নিকট হইতে শুনুন। ৩৯

চতুষ্পাদ সেই ধর্মের প্রথম পদ হইল ব্রহ্মচর্য্যাশ্রম, দ্বিতীয় হইল গার্হস্থ্যাশ্রম, অতঃপর বানপ্রস্থ এবং সন্ন্যাস-রূপ অব্যয় পদটিকে আধ্যাত্মিক পরমপদ বলিয়া জানিবেন। ৪০

যতক্ষণ পর্যন্ত অধ্যাত্ম জ্ঞান না হয়, ততক্ষণ মানব এই সকল জ্যোতি, আকাশ, সূর্য, বায়ু, ইন্দ্র ও প্রজাপতি ইঁহাদের যথার্থ স্বরূপ জানিতে পারে না। ৪১

এক্ষে সেই আত্মজ্ঞানের উপায় বলিতেছি, তাহা শুনুন।

ফল-মূল এবং বায়ুভক্ষণ আহার পূর্বক বনে বাস করিয়া মুনিগণের দ্বারা আচরণীয় যে বানপ্রস্থ, তাহা কেবল ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য এই দ্বিজ বর্ণত্রয়ের জন্য উপদিষ্ট হইয়াছে। প্রত্যুত গার্হস্থ্যাশ্রম সকল বর্ণের জন্য বিহিত আছে। ৪২-৪৩

পঞ্চত্বপ্রাপ্ত ধর্মের লক্ষণসমূহ প্রভৃতি অর্থাৎ আত্মিক বৃদ্ধি নির্ণয় করিয়াছেন এই প্রকারে আপনাদিগের নিকটে সেই দেবযানপ্রাপ্তির মার্গসমূহের কথা কীর্তন করিলাম, যাহা আত্রয় করিয়া বৈখানস মহাপুরুষ ধর্মের বিধানসমূহ লঙ্ঘন করেন না। ৪৪

সেই ব্রহ্মনিষ্ঠ ব্যক্তি এই মার্গসমূহের যে কোনটিকে পৃথক-ভাবে আচরণ করিয়া থাকে, সে তাহাদ্বারা কৃতগুণের উৎপত্তি-বিনাশের তত্ত্ব দর্শন করিতে সমর্থ হয়। ৪৫

অতএব আমি যথাযথ যুক্তিসমূহের সহায়ে এই সকল তত্ত্বের উপদেশ করিব, যেগুলি বিভিন্ন পদার্থে পৃথক্ পৃথক্ ভাবে অবস্থান করে। ৪৬

পুরুষ (আত্মা), মহৎতত্ত্ব, প্রকৃতি, অহঙ্কার, দশেন্দ্রিয় ও মন এক মহাকৃতি, তাহাদের সহিত পাঁচটি বিশেষ গুণ (আকাশের শব্দ, পৃথিবীর গন্ধ, তেজের রূপ, বায়ুর স্পর্শ এবং জলের রস)—ইহাদের দ্বারা অনাদি সৃষ্টিপ্রবাহ প্রবর্তিত হয়। তত্ত্বের সংখ্যা পঁচিশটি বলিয়া পরিকীর্তিত। ৪৭-৪৮

উত্তানায়ৈব যো বেদ সর্বেষাং প্রভবাপ্যয়ৌ।
স ধীরঃ সর্বভূতেষু ন মোহমধিগচ্ছতি ॥৯৯
উত্তানি যো বেদয়তে যথাতথং
গুণাংশ্চ সর্বানখিলাংশ্চ দেবতাঃ।
বিধূতপাপ্মা প্রবিমুচ্য বন্ধনং
স সর্বলোকানমলান্ সমশ্নুতে ॥ ৫০

ইতি শ্রীমদ্ভাগবতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
আথর্বেদিকে পর্বণি অনুশীলাপর্বণি গুরুশিষ্যসংবাদে
পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩৫

যিনি এই উত্তানসূত্রের আদি ও অন্ত বিশেষভাবে জানেন, সেই বিজ্ঞ ব্যক্তি কোনও পদার্থে মোহমুগ্ধ হন না। ৪৯
যিনি যথাযথভাবে এই তত্ত্বগুলিকে জানেন, সকল গুণ ও সমস্ত দেবতাগণের বিষয় জানেন, তাঁহার পাপসকল জানিয়া দ্বারা তাঁহাকে ত্যাগ করায় তিনি বন্ধন-মুক্ত হন এবং সমস্ত বিশ্ব লোকের পবিত্র সুখ উপভোগ করিতে থাকেন। ৫০

শ্রীমদ্ভাগবতে বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা মহাভারতের আথর্বেদিক-ধীবর্পর্ব অনুশীলাপর্বে গুরু শিষ্যসংবাদে পঞ্চত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ ॥

[ব্রহ্মণা ওঙ্কারোদ্ভব, তৎকার্যাদি, ফলশ্রুতি ও বর্ণবিচার]

ব্রহ্মোবাচ

ওঙ্কারাদ্ব্যক্তমুদ্ভূতং সর্বব্যাপি ধ্রুবং স্থিরম্।
নবদ্বারং পুরং বিদ্যাৎ ত্রিগুণং পঞ্চধাতুকম্ ॥ ১
একাদশপরিক্ষেপং মনোব্যাকরণাত্মকম্।
বুদ্ধিধাম্নিকমিত্যেতৎ পরমেকাক্ষরং ভবেৎ ॥২
ত্রীণি শ্রোতাংসি বাক্তাত্মপ্রাণাঃস্তে পুনঃ পুনঃ।
প্রনাড্যস্তিস্র এবৈতাঃ প্রবর্ততে গুণাধিষ্ঠাঃ। ৩
তমো রজস্তথা সত্ত্বং গুণানেতান্ প্রচক্ষতে।
অন্যোন্যমিথুনাঃ সর্বে তথান্যোন্যানুজীবিনঃ ॥ ৪
অন্যোন্যাপাশ্রয়াশ্চাপি তথান্যোন্যানুবর্তিনঃ।
অন্যোন্যব্যতিষক্তাশ্চ ত্রিগুণাঃ পঞ্চধাতবঃ ॥ ৫
তমসো মিথুনং সত্ত্বং সত্ত্বস্য মিথুনং রজঃ
রজসশ্চাপি সত্ত্বং স্যাৎ সত্ত্বস্য মিথুনং তমঃ ॥ ৬
নিয়মাত্তে তমো যত্র রজস্তত্র প্রবর্ততে
নিয়মাত্তে রজো যত্র সত্ত্বং তত্র প্রবর্ততে ॥ ৭
নৈসর্গিকস্তু তমসো বিদ্যাৎ ত্রিগুণং মোহসংজ্ঞিতম্।
অবর্ণলক্ষণা চৈব নিদ্রা পাপকর্মণঃ।
তামসং ফলমেতত্তু দৃশ্যতে চাপি সঙ্গতম্ ॥ ৮

ষট্‌ত্রিংশ অধ্যায়।

[ব্রহ্মাকর্তৃক ওঙ্কারোদ্ভব, উহার কার্য এবং ফলের বর্ণনা।]

ব্রহ্মা বলিলেন—যে ওঙ্কারনিধি পুরুষ ব্যাপ্ত সেই তত্ত্ব-সমূহের মধ্যে সাম্যাবস্থায় অবস্থিত ওঙ্কারকে অব্যক্ত প্রকৃতি বলিয়া জানিবেন তাহা সর্ব কার্যের মধ্যে ব্যাপ্ত, অবিনাশী এবং অক্ষর বা কর্মবীজস্বরূপ। সেই অব্যক্তই উত্তরিত (বৈষম্যা-প্রাপ্ত) হইলে পর শ্রোত্র, ত্বক্, চক্ষু, রসনা, মন, বুদ্ধি, প্রাণ ও অহঙ্কার এই নয়টি বিষয়-ভোগের দ্বারযুক্ত পঞ্চধাতুযুক্ত পুর অর্থাৎ শরীর নির্মিত হয়। ১

বিষয়-ভোগবাসনার দ্বারাই জীবাত্মাকে চতুর্দিকে বিক্ষিপ্ত করে সেই একাদশটি ইন্দ্রিয় (এবং বস্তুত সকল প্রকারই) মনের দ্বারাই অভিব্যাপ্ত হয়। ইন্দ্রিয়ের মধ্যে একাদশ অর্থাৎ মনই শ্রেষ্ঠ এবং বুদ্ধি ইহার এই নবদ্বার নবদ্বের পালিকা। ২

চিন্তনীয় তিনটি প্রবাহ আছে (শুক্ল অর্থাৎ হিংসাদিরহিত ধর্মপ্রবণতা, কৃষ্ণ অর্থাৎ হিংসাপ্রবণতা এবং শুক্ল-কৃষ্ণ অর্থাৎ হিংসাকৃত ধর্মপ্রবণতা) যাহারা সংস্কারবশতঃ তিনটী নাড়ীর সাহায্যে মস্তিষ্কের ভিতরে এবং ওপরে থাকিয়া বহিয়া চলে। ৩

তম, রজ ও সত্ত্ব এই তিনটিকে গুণ বলা হয়। এই গুণত্রয় পরস্পরের সহিতই এবং একে অপরের আশ্রয়ে কিংবা এক অবস্থিত থাকে। ৪

তাহারা একে অপরের আশ্রিত, পরস্পর পরস্পরের অনুগামী এবং পরস্পরে মিশ্রিত হইয়া থাকে। এই গুণত্রয়ের দ্বারাই ত্রিগুণ-তেজ-মরুদ্‌ব্যোমাত্মক ভূতপঞ্চক নির্মিত। ৫

তম ও সত্ত্বের পরস্পর সম্পর্ক হইল প্রতিদ্বন্দ্বিতার অর্থাৎ একটি প্রবল হইলে অপরটি ক্ষীণ হয়, সেইরূপ সত্ত্ব-রজের এবং রজ-সত্ত্বের এবং সত্ত্ব ও তমের সম্বন্ধও প্রতিদ্বন্দ্বিতার। ৬

যেখানে তমোগুণ নিয়ত হয়, সেখানেই রজের প্রকাশ হয় এবং যেখানে রজের নিরোধ হয়, সেখানেই সত্ত্বের প্রকাশ হয়। ৭

ত্রিগুণাত্মিকা তমোগুণ রাত্রির অন্ধকারের ন্যায়। মোহ তাহার নামান্তর। অবর্ণ তাহার লক্ষণ এবং পাপকর্মকারিগণের

প্রকৃত্যাঽঽত্মকমেবাহু রজঃ পর্য্যায়তাঽঽত্মকম্
প্রবৃত্তং সর্বভূতেষু দৃশ্যত্বৎপত্তিলক্ষণম্ । ৯
প্রকাশং সর্বভূতেষু লাঘবং শ্রদ্দধানতা
সাত্ত্বিকং রূপমেবং তু লাঘবং সাধুসম্মিতম্ । ১০
এতেষাং গুণতত্ত্বানি যজ্ঞান্তে তত্ত্বদৃষ্টয়ঃ ।
সম্যগ্‌ব্যায়ামযুক্তানি তত্ত্বতত্ত্বানি বোধত । ১১
সম্মোহোঽজ্ঞানমত্যাগঃ কর্মণামবিনির্ণয়ঃ
স্বপ্নঃ তন্দ্রা ভয়ং লোভঃ স্বত্বং মৃক্তত্বমেব চ । ১২
অনুদ্ভিত্তাবিধানঞ্চ নাস্তিক্যং ভিন্নবৃত্তিতা ।
নির্বিশেষত্বমত্বত্বা তমস্যনুগুণস্মৃতা । ১৩
অকৃতে কৃতমানিত্বমজ্ঞানে জ্ঞানমানিতা
অযৌক্তী বিকৃতাভাবো দ্রব্যক্ষঃ মূঢ়ভাবনা । ১৪
অমার্জবমসংজ্ঞত্বং কর্ম পাপবতেজনা
গুরুত্বং সপ্তভাবত্বমবিশিষ্টবর্ণাগুপতিঃ । ১৫
সর্ব এতে গুণা বৃত্তাস্তামসাঃ সম্প্রকীর্তিতাঃ ।
যে চান্যে বিহিতা ভাবা
লোকেঽস্মিন্ তামসাস্মৃতাঃ । ১৬
তত্র তত্র নিষজ্যন্তে সর্বে তে তামসা গুণাঃ ।
পরিবাদকথা নিত্যা দেবব্রাহ্মণবৈরিতা । ১৭
অত্যাসক্তাঽঽসনানন্দ মোহো মদ্যাত্মথাক্ষমা
মৎসরস্তৈশ্চ ভূতেষু তামসঃ বৃত্তমিষ্যতে । ১৮
বৃথারম্ভা হি যে কেচিদ্ বৃথা দানানি যানি চ ।
বৃথা শুশ্রূষিতোঽর্থং তামসং বৃত্তমিষ্যতে । ১৯
অতিবাদোঽতিভিক্ষা চ মাৎসর্যমতিনিত্যা ।
অশ্রদ্দধানতা চৈব তামসং বৃত্তমিষ্যতে । ২০
এতাবিধাশ্চ যে কেচিল্লোকেঽস্মিন্ পাপকর্মিণঃ ।
মনুষ্যা ভিন্নমর্যাদাস্তে সর্বে তামসাঃ স্মৃতাঃ । ২১
তেষাং যোনীঃ প্রবক্ষ্যামি নিয়তাঃ পাপকর্মিণাম্
অধাঽনিয়তাত্মানো যে তির্যগ্‌যোনিয়ু যান্তি তে । ২২

যথো তাহা নিত্য সংস্থিত। অন্য গুণের সহিত মিলিত হইলেও তমোগুণের এই সকল বৈশিষ্ট্য প্রকট হইয়া থাকে। ৮

রজোগুণকে প্রকৃতিস্বরূপ বলিয়াছেন—এই রজ বৈশল্যেরই, কারণ, সর্বভূতে তাহার প্রভাব সকলই এবং উৎপাদন বা প্রবর্তনই ইহার চিহ্ন। ৯

সর্বভূতে প্রকাশ, লঘুত্ব এবং শ্রদ্ধাশীলতা এইগুলি সত্ত্বগুণের রূপ। ইহাদের মধ্যে যাহার লাঘব অর্থাৎ গুরুত্বীনতাকে সাধুগণ প্রশংসা করিয়া থাকেন। ১০

হে মুনিগণ! এইবার আমি তাত্ত্বিক যুক্তিজালের সাহায্যে এই গুণত্রয়ের প্রথমে সংক্ষেপে ও পরে বিস্তৃতভাবে যথাযথ বর্ণনা করিব, এই সকল তত্ত্বকথা সাবধানে শুনুন। ১১

বিষয়াসক্তিহীন সম্যক্ যোগ, অজ্ঞান, ত্যাগের অভাব, কর্তব্য-বিষয়ে অজ্ঞতা, নিদ্রালুতা, দম্ভভাব, ভয়, লোভ, আপনা হইতেই সংকর্মে যোগদর্শন, বৃত্তিরোধ, অপরিণামদর্শিতা, দেব-বিরোধিতা, দুঃখীলতা (আত্মবিস্মৃতি) জ্ঞানময় বিচারের অভাব, অযত্ন অর্থাৎ সকল ইন্দ্রিয়কর্মের অভাব বিষয়ে প্রবৃত্তি, হিংস্রতা অশুচিতা ইত্যাদি নীচগুণের প্রবলতা, অকার্যকে কার্য এবং অজ্ঞানকে জ্ঞান (অর্থাৎ কিছু না জানিয়াও জানিয়াছি ইত্যা) মৌঢ্যবোধের অভাব, বিধির কর্মে অপ্রবৃত্তি, অবিশ্বাস, মূর্খের ভাব চিত্তাধারা, দুষ্টিলতা, বুদ্ধিহীনতা বা মূঢ়তা, পাপকর্ম, নির্জ্ঞতিকা, আলস্যাদির কারণে দেহের ভারবোধ, ভাবশক্তির একান্ত অভাব, ইন্দ্রিয়গণের উপর অধিকারহীনতা (অর্থাৎ অসংযম) এবং হেয় কর্মে আসক্তি—এই সকল দুষ্কর্ম তামসিক বৃত্তি বলিয়া কথিত হয়। অন্যান্য যে সকল ভাব নিম্নে বলিয়া বলা হইয়াছে তাহারা সকলেই তমোগুণের কার্য। ১২-১৬½

সর্বদা দেবতা, ব্রাহ্মণ ও বেদের নিন্দা করা, দান করিবার অনিচ্ছা, অতিমান, মোহ, ক্রোধ, অক্ষমা। অর্থাৎ অনিষ্টকারীর প্রতি প্রতিশোধ স্পৃহা) পরশ্রীকাতরতা—এই সকল তমোগুণের প্রবৃত্তি জীবনের মধ্যে দুই হয়। ১৭-১৮

বিবিধ বিষয়সক্তির বৃথা কার্যের চেষ্টা, বৃথা দানাদ্রে অকালে দান, দেবতা অতিথি ইত্যাদির ভোজনের পূর্বে বৃথা ভক্ষণ ইহাও তামস বৃত্তি বলিয়া কথিত আছে। ১৯

গুরুজনের সহিত স্পর্ধা করিয়া তর্ক করা, অসহনশীলতা, দ্বেষ, অংহঙ্কার এবং অশ্রদ্ধা ও তমোগুণের বৃত্তি বলিয়া খ্যাত। ২০

এই জগতে যখের মর্যাদালঙ্ঘনকারী এবং পাপাচারী যে কোনও মনুষ্য এইরূপ হউক না কেন—তাহারা তামস প্রকৃতি বলিয়া কথিত হয়। ২১

এই সকল পাপকর্মকারিগণের জন্য পরজন্মে যে সমস্ত যোনি নির্দিষ্ট হইয়াছে, তাহা ব্যাখ্যা করিয়া বলিব ইহাদের মধ্যে যেসব কেহ নিম্নস্থ নরকে যায়, আবার যেসব কেহ তির্যগ্‌যোনিতে জন্মাইয়া থাকে। ২২

স্থাবরাণি চ ভূতানি পশবো বাহনানি চ
ক্রব্যাদা দংষ্ট্রিণঃ ক্রূরাঃ কৃমিকীট বিহঙ্গমাঃ। ২৩
অতঃ তমস্তরৈশ্চৈব সর্বে চাপি চতুষ্পদাঃ।
উষ্ট্রাশ্চ বধিরা মূর্খা যে চান্যে পাপযোনিগঃ। ২৪
মনুষ্যত্বমসি দুর্ব্বাপ্তা যত্কর্ম্মকৃতলক্ষণাঃ।
অধাক্‌স্রোতস্ত ইত্যেতে মনুষ্যত্বমসি তামসাঃ। ২৫
তেষামুৎকর্ষমুক্তেষু বক্ষ্যামাহমতঃ পরম্।
যথা তে সুকৃতাঁল্লোকান্লব্ধ্বন্তে পুণ্যকর্ম্মিণঃ। ২৬
অন্যথা প্রতিপদ্যন্তে বিবৃদ্ধা যে চ কর্ম্মতঃ
যত্কর্ম্মনিস্তানাহ ব্রাহ্মণানাং তপৈধিতাম্। ২৭
সাক্ষাদ্যোনের্জ্জায়ন্তি যজমানাঃ সলোকতাম্।
স্বর্গে মজ্জন্তি দেবানামিত্যেষা বৈদিকী শ্রুতিঃ। ২৮
অন্যথা প্রতিপদ্যন্তে বিবৃদ্ধাঃ যেষু কর্ম্মসু।
পুনরাবৃত্তিমায়ান্তে তত্তস্তীহ মানুষাঃ। ২৯
পাপযোনিং সমাপন্নাশ্চাণ্ডালা মূকচুচুকাঃ।
বর্ষান্ পর্য্যায়শস্তাপি প্রাপ্নুবন্ত্যুত্তরোত্তরম্। ৩০
সূত্রযোনিমথিক্রম্য যে চান্যে তামসা গুণাঃ।
স্রোতোমধ্যে সমাপন্না বর্ত্তন্তে তামসে গুণে। ৩১
অভিধ্যজ্ঞ কাব্যেষু মহামোহ ইতি স্মৃতঃ।
অথবো মুনয়ো দেবা মুক্তস্তত্র সুখেপ্সবঃ। ৩২
তমো মোহো মহামোহস্তামিস্রঃ ক্রোধসংজ্ঞিতঃ
মরণং তত্তথামিস্রস্তামিস্রঃ ক্রোধ উচ্যতে। ৩৩
বর্ণতো গুণতশ্চৈব যোনিতশ্চৈব তত্ত্বতঃ।
সর্বমেতত্তমো বিদ্যাঃ কীর্ত্তিতা যো যথাবিধি। ৩৪
কো যেতদ্ বুধ্যতে সাধু কো যেতদ্ সাধু পশ্যতি
অন্তস্তে তত্ত্বদর্শী যত্তমসস্তত্ত্বলক্ষণম্। ৩৫

কৃমি-পক্ষীজাতি স্থাবর পর্য্যন্ত, কীট, পশু ঘোনাদিবাহন, রাক্ষস, সর্প, কৃমিকীট, পক্ষী, অশুভ প্রাণী, সকল চতুষ্পদ জন্তু, উষ্ট্র, বধির, মূক এবং অন্যান্য পাপযোনিগ্রস্ত যাবতীয় সকলেই তমোগুণে মুগ্ধিয়া রহিয়াছে। দুষ্কৃতগণ নিজ নিজ কর্ম অনুসারে দুঃখ পাইয়া থাকে। তমোগুণের এই সকল ভাবসম্বন্ধিকে "অধাক্‌স্রোতা" বলে, যেহেতু ইহাদের 'চরমগতি অধোদিকে প্রবাহিত হয়। ২৩-২৫

তথাপি এই তামস ব্যক্তিদেরও উৎকর্ষ এবং উত্থান কিরূপে হয় এবং কিরূপে তাহারা পুণ্য কর্ম করিয়া শ্রেষ্ঠ শ্রেষ্ঠ লোকসমূহ প্রাপ্ত হয়, তাহা অতঃপর বলিতেছি। ২৬

বিপরীত যোনিচক্রে প্রাণিগণ তামসদেহের পাপকর্মের ভোগ সম্পূর্ণ হইয়া গেলে পর পূর্বকৃত পুণ্যকর্মের উদয়ে ঊর্দ্ধ সংসারপ্রবাহে স্বকর্মনিষ্ঠ ব্রাহ্মণগণের সমান লোক প্রাপ্ত হয়—অর্থাৎ তাহাদের মূলে উৎপন্ন হওয়া তমোময় পুনরায় বর্দ্ধিষ্ণু হইয়া উর্দ্ধ দিকে উঠিয়া দেবতাগণের দ্বারা সেবিত স্বর্গলোকে চলিয়া যায়—এইরূপে যেরে আরোহ হইয়াছে। ২৭-২৮

পুনর্জন্মকারক সকাম ধর্মাচরণ করিয়া মানব নিজ নিজ কর্ম দ্বারা যেরূপভাবে পাইবে পরে যখন অন্য যোনি প্রাপ্ত হয়, তখন ইহলোকে মনুষ্য হইয়া থাকে। ২৯

তাহাদের মধ্যে কেহ কেহ অবশিষ্ট পাপকর্মের ফলভোগ

করিবার জন্য চণ্ডাল, মূক (বোবা) এবং চুচুক (ভোতলা) ইত্যাদি নিকৃষ্ট জন্ম লাভ করিয়া পরে পর্য্যায়ক্রমে উত্তরোত্তর উচ্চ উচ্চ জন্মসমূহ প্রাপ্ত হয়। ৩০

কেহ কেহ সূত্রযোনি পার হইয়াও তামস গুণযুক্তই রহিয়া যায় এবং তাহারই স্রোতের টানে পড়িয়া তামসিক কার্য্যেই লিপ্ত থাকে। ৩১

ঐ তিনপ্রকার তামস ভোগসমূহে আসক্তি মহামোহ বলিয়া কথিত হয়। ঋষিমুনিগণও স্বর্গের লিপ্সায় মোহিত হইয়া থাকেন। ৩২

তম (অবিদ্যা), মোহ (আত্মভ্রান্তি), মহামোহ (বিষয়ান্ধতা), ক্রোধ যাহার অন্য নাম সেই তামিস্র এবং তদ্রূপ অন্ধতামিস্র এই পাঁচ প্রকারের তামসী প্রকৃতির কথা জ্ঞানিগণ বলিয়া থাকেন। ৩৩

হে বিপ্রবৃন্দ! বর্ণ, গুণ, যোনি এবং তত্ত্ব অনুসারে আমি আপনাদের নিকট তমোগুণের কথা সর্ব্বতোভাবে যেরিয়ত (শাস্ত্রানুসারে) তীর্ত্তন করিলাম। ৩৪

জ্ঞাতব্য ব্যক্তির কি করিয়াই বা এই সকল তত্ত্ব জানা করিয়া বুঝিতে বা দেখিতে পাইবে? যাহা তত্ত্ব নহে, তাহাকে তত্ত্ব মনে করাই (সকল বিষয়ে বিপরীত বুদ্ধিই) তমোগুণকে চিনিবার যথার্থ লক্ষণ। ৩৫

অমোঘতা বহুবিধাঃ প্রকীর্তিতা
যথাবদুক্তঞ্চ তমঃ পরাবরম্।
নরো হি যো বেদ গুণানিমান্ সদা
স তামসৈঃ সর্বগুণৈঃ প্রমুচ্যতে ॥ ৩০

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং আরণ্যকে পর্বণি অনুশীতাপর্বণি গুরুশিষ্যসংবাদে ষট্ত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩৬

এইভাবে তমোগুণের লক্ষণ ও তাহার কার্যকলাপ নানা প্রকারের গুণসমূহ যথাযথরূপে বর্ণিত হইয়াছে এবং তমোগুণ হইতে প্রাপ্ত উচ্চ নীচ যোনির প্রাপ্তির কথাও যথাযথ প্রকারে

ঋষিগণ বেদব্যাসপ্রণীত শতসাহস্রী সংহিতা শ্রীমহাভারতের

বর্ণিত হইয়াছে। যে মানুষ এই সব গুণকে সদা যথার্থভাবে জানিতে পারে, সে সর্বপ্রকার তামসগুণ হইতে মুক্ত হয় ॥ ৩০

আধ্যাত্মিক পর্বান্তর্গত অনুশীতাপর্বে গুরুশিষ্য-সংবাদে

ষট্ত্রিংশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত।

সপ্তত্রিংশোঽধ্যায়ঃ।

[রজোগুণস্য কার্যাবর্ণনম্, তস্য জ্ঞানস্য ফলকথনঞ্চ]

ব্রহ্মোবাচ।

রজোঽহং যং প্রবক্ষ্যামি যথাবদ্বেদনে সতাম্।
নিবোধেহ মহাভাগা গুণবৃত্তং রাজসম্ ॥ ১
সন্তাপো রূপমায়াসঃ সুখ-দুঃখে হিমাতপৌ
ঐশ্বর্যং বিগ্রহঃ সন্ধির্দ্বৈধীভাবোঽথ তিতিক্ষা ॥ ২
বলং শৌর্যং মদো রোষো ব্যায়ামফলজীবিতি
ঈর্ষ্যোলা পিশুনা মুদ্ভঃ মমত্বং পরিপালনম্ ॥৩
যব-বন্ধ-পরিক্লেশাঃ ক্রয়ো বিক্রয় এব চ
নিকৃতি র্দ্বিতি স্তিতীতি পরমর্ষাবকর্ষনম্ ॥ ৪

ব্রহ্মা বলিলেন—হে মহাভাগ সজ্জননিষেবিতমহিমন্ !
এইবার আমি যথাযথভাবে রজোগুণের কথা এবং রাজসগুণের কার্য ও বৃত্তিসমূহের কথা বলিব, মনোযোগের সহিত শ্রবণ করুন ॥ ১

সন্তাপ, রূপ, প্রয়াস, সুখ-দুঃখ, শীত, গ্রীষ্ম, ঐশ্বর্য, সংগ্রাম, দ্বৈধীভাব, মনের অপ্রীতি, কথা, বল, বীরত্ব, মদ, ক্রোধ, ব্যায়াম, কলহ, ঈর্ষা, অন্যজনের ইষ্টে, পরশ্রীকাতরতা, বৃথাপ্রিয়তা, মূঢ়তাবশ, দুষ্টুমাদির পরিপোষণ, দম্ভ, বন্ধন, ক্লেশ, ক্রয়, বিক্রয়, "কাটো, ছিন্ন করো, ভিন্ন করো," এইভাবে অপরের সর্বনাশসাধন, চাঞ্চল্য, অস্থিরতা এবং হরণ, পরের ছিদ্র অন্বিষ্কার, লোকের কথা চিন্তা করা, অনুতাপ, মাৎসর্য (পরশ্রীকাতরতা), নানা প্রকারের সংসারিক ভাবে ভাবিত হওয়া, বিদ্যা কথা, বিদ্যা দান করা, সংশয়পূর্ব বিচার, ভিন্নতার সহিত কথা বলা,

উগ্রং দারুণমাক্রোশঃ পরজিঘ্রাংসুসাধনম্।
লোকচিন্তানুচিন্তা চ মৎসরঃ পরিতাপনম্ ॥ ৫
মৃষা বাদো মৃষা দম্ভো বিকল্পঃ পরিতাপনম্
নিন্দা স্তুতিঃ প্রশংসা চ প্রস্তাবঃ পারবর্ষণম্ ॥ ৬
পরিচর্যানুশুশ্রূষা সেবা ভুক্তা ব্যপাশ্রয়ঃ
যুদ্ধো নয়ঃ প্রমাথশ্চ পরিযাঃ পরিগ্রহঃ ॥ ৭
সংস্কারা যে চ লোকেষু প্রবর্ত্তন্তে পৃথক্ পৃথক্।
বৃত্তু নারীষু তুল্যেষু ক্রিয়াসু শয়নেষু চ ॥ ৮
সন্তাপোঽপ্রত্যয়শ্চৈব ব্রতানি নিয়মাশ্চ যে।
আশীর্যুক্তানি কর্মাণি পৌর্তানি বিবিধানি চ ॥ ৯

নিন্দা, প্রশংসা, পরাক্রম, বলাৎকার, ব্যাধবৃত্তিতে (যথা প্রতিজ্ঞাভঙ্গের আশ্রয়) রোগীর পরিচর্যা এবং ঐশ্বর্যবান্ লোকের দাসত্ব করা, সেবা করা, ভোগকরণ, পরাজিত থাকা, ব্যবহার পরিপাটী, নীতি, প্রহার (অপব্যয়), নিন্দা (পরিহাস) এবং পরিগ্রহ (পরের দান গ্রহণ)—এই সকল রজোগুণের কার্য ॥ ২-৭

সংসারে পুরুষ, স্ত্রী, অজাত জীব, ক্রয় ও বৃদ্ধাদিতে যে সব পৃথক্ পৃথক্ সংস্কার পরিলক্ষিত হয়, তৎসমস্তই রজোগুণের প্রেরণার ফল ॥ ৮

দার্শনিক তত্ত্ব, সন্দেহ, সত্যে শ্রদ্ধানিবারণ, বাহ্যিক ধর্মাচরণাদি কর্ম, পৃথিবী-কূপাদি খনন প্রভৃতি বিবিধ পূর্তকর্ম, স্বাধ্যায় (যজ্ঞাদি), নমস্কার (পূজাদি), সত্যাকার (জ্ঞাতাদি), বহুবিক্রিয়া, যাজন, অধ্যাপনা, তথা যজন এবং অধ্যয়ন, দান ও

আহারারো মনস্তারঃ অবাকারো বষট্‌ক্রিয়া।
রাজবাধ্যাপনে হ্যেতে ব্রহ্মনাধ্যয়নে অপি ॥ ১০

দানং প্রতিগ্রহশ্চৈব প্রায়শ্চিত্তানি যজ্ঞনম্
ইহা মে স্যাদিহা মে স্যাৎ ত্রেতা গুণসমুদ্ভবঃ ॥ ১১

অভিজোহেজ্যা আয়া নিকৃতির্মান এব চ।
তৈজস হিংসা জুগুপ্সা চ পরিতাপঃ প্রজাগরঃ ॥ ১২

দম্ভো দর্পোঽথ রাগশ্চ তৈক্ষ্ণ্যং প্রীতিঃ প্রমোদনম্।
নৃত্তঞ্চ জনবাদশ্চ সম্বতাঃ স্ত্রীকৃতাশ্চ যে ॥ ১৩

নৃত্যা-বাদিত্র-গীতানাং প্রসঙ্গা যে চ কেচন।
সর্ব এতে গুণা বিপ্রা রাজসাঃ সম্প্রকীর্তিতাঃ ॥ ১৪

ভূত-ভব্য-ভবিষ্যাণাং ভাবানাং ভূবি ভাবনাঃ।
ত্রিধর্মনিরতা নিত্যা ধর্মৈশ্বর্যং কাম ইত্যপি ॥ ১৫

কামমূঢ়াঃ প্রমোদন্তে সর্বকামসমৃদ্ধিভিঃ
অবাক্‌স্রোতস ইত্যেতে মনুষ্যা রজসা মৃতাঃ ॥ ১৬

অস্মিল্লোকে প্রমোদন্তে জায়মানাঃ পুনঃ পুনঃ।
প্রেত্য তামিস্রকীর্যন্তে ঐহলৌকিকদেব চ
বদন্তি প্রতিমূঢ়ত্বে তপরস্যাথ জুহ্বতি ॥ ১৭

রজোগুণা যে বহবস্তানুকীর্তিতা
যথাবদুক্ত গুণমুত্তমেব চ
নরোঽপি যো বেদ গুণানিমান্ সদা
স রাজসৈঃ সর্বগুণৈর্বিমুচ্যতে ॥ ১৮

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
আশ্বমেধিকে পর্বণি অনুগীতাপর্বণি গুরুশিষ্যসংবাদে
সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৭

দানগ্রহণ, প্রায়শ্চিত্ত ও যাজন করাকে রাজসিক বলিয়া মনে করা হয় ॥ ৯-১০

"ইহা আমার হউক, ইহা আমার হউক" এই প্রকার বিষয় প্রাপ্তির আশায় যে আসক্তিযুক্ত উৎসুকতা, তাহার কারণও রজোগুণ ॥ ১১

হে বিপ্রগণ! পরের বিদ্বেষাচরণ, দম্ভ, দর্প, রাগ, সকাম ভক্তি, বিষয়ে প্রীতি, প্রমোদ, নৃত্যক্রিয়া, লোকের সহিত কলহ, স্তীজনের সহিত সঙ্গ, নৃত্য, বাদ্য এবং গীতের আয়োজন—ইহাদের মধ্যে যে কোনোটিই রাজগুণ বলিয়া কীর্তিত হয় ॥ ১১-১৪

যে মানব অতীত, ভবিষ্যৎ ও বর্তমান পদার্থের চিন্তা করিয়া থাকে, ধর্ম, অর্থ ও কাম এই ত্রিবর্গের জন্য নিত্য চেষ্টিত থাকে এবং কামনাহীন হইয়া সর্বপ্রকার ভোগৈশ্বর্যের সাহায্যে স্ফূর্তি করিয়া কাল কাটায়, তাহাদের রজোগুণের দ্বারা পরিবৃত অবাক্‌স্রোতা অর্থাৎ নিম্নগতি বলিয়া জানিবে ॥ ১৫-১৬

এই জাতীয় মনুষ্য এই সংসারে বারংবার জন্মগ্রহণ করিয়া বিষয়-সুখের জন্য ইহলোকে ও পরলোকে বদ্ধপরিকর হয় এবং তৎকারণবশে ঘোর প্রতিগ্রহ, তর্পণ ও যজ্ঞ করিয়া থাকে ॥ ১৭

রজোগুণের অন্যান্য ও বহুপ্রকার বৈচিত্র্য যথাবিধি কীর্তন করিলাম। যে মানব এই সকল গুণের কথা বিস্তৃত হয়, সে সর্বপ্রকার রাজসগুণসমূহ হইতে মুক্ত হইতে পারে ॥ ১৮

শ্রীমহর্ষি বেদব্যাসরচিত শতসাহস্রী সংহিতা শ্রীমহাভারতে আশ্বমেধিক পর্বান্তর্গত অনুগীতাপর্বে গুরুশিষ্য-সংবাদে সপ্তত্রিংশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত।

অষ্টত্রিংশোঽধ্যায়ঃ।

[সত্ত্বগুণস্য কার্যাবর্ণনম্, তস্য জ্ঞানস্য ফলবর্ণনঞ্চ]

ব্রহ্মোবাচ।

অতঃ পরং প্রবক্ষ্যামি তৃতীয়ং গুণমুত্তমম্।
সর্বভূতহিতং লোকে সত্ত্বাং বর্গমনিন্দিতম্ ॥ ১
আনন্দঃ প্রীতিরক্লেকঃ প্রাকাম্যঃ সুখমেব চ।
অকার্পণ্যমসংরম্ভঃ সন্তোষঃ শ্রদ্দধানতা ॥ ২
ক্ষমা মূর্তিরহিংসা চ সমতা সত্যমার্জবম্।
অক্রোধশ্চানসূয়া চ শৌচং দাক্ষ্যং পরাক্রমঃ ॥ ৩
মুধা জ্ঞানং মুধা মৃত্যুঃ মুধা সেবা মুধা শ্রমঃ।
এবং যো মন্যতে ধর্মং স্যাৎ সোঽমুত্রাত্মভক্ষবান্ ॥ ৪
নির্যমো নিয়তাহারো নিরাশীঃ সর্বতঃ সমঃ।
অকামভুক্ত ইত্যেব সত্ত্বাং বর্গঃ সনাতনঃ ॥ ৫
বিজ্ঞেয়ো দ্বৌত্তিতিক্ষা চ ত্যাগঃ শৌঽমতন্দ্রিতা।
আনৃশংস্যমসংস্যানো দয়া ভূতেষ্বপৈশুনম্ ॥ ৬
হর্ষস্তুষ্টিরিন্দ্রিয়স্য বিনয়ঃ সাধুবৃত্তিতা।
শান্তিরর্থেষু শুচিত্বং শুদ্ধা বুদ্ধিরিয়োনম্ ॥ ৭
উপেক্ষা ব্রহ্মচর্যঞ্চ পরিত্যাগশ্চ সর্বশঃ
নির্মমত্বমনাশীষ্টমপরিক্ষতত্বরতা ॥ ৮
মুধা দানং মুধা যজ্ঞো মুধাঽধীতং মুধা শ্রুতম্।
মুধা প্রতিগ্রহশ্চৈব মুধা ধর্মো মুধা তপঃ ॥ ৯
এবংবৃত্তান্ত যে কেচিল্লোকেঽস্মিন্ সত্ত্বসংজ্ঞাঃ।
ব্রাহ্মণা ব্রহ্মযোনিস্থাস্তে যান্তি সাধুমনিনঃ ॥ ১০
হত্বা সর্বাণি পাপানি নিঃশোকো হ্যথ মানবঃ।
বিরং প্রাপ্য তু তে ধীরাঃ কূর্বতে বৈ তত্তনুঃ ॥ ১১
ঈশিত্বঞ্চ বশিত্বঞ্চ মনুষ্যঃ মনসস্ত্ব তে।
বিকূর্বতে মহাত্মানো দেবাস্ত্রিদিবগা ইব ॥ ১২
ঊর্ধ্বস্রোতস ইত্যেতে দেবা বৈকারিকাঃ স্মৃতাঃ।
বিকূর্বন্তঃ প্রকৃত্যা বৈ বিরং প্রাপ্যাত্মতত্ত্বতঃ ॥ ১৩

অষ্টাত্রিংশ অধ্যায়।

[সত্ত্বগুণের কার্য্য বর্ণনা এবং তাহা জানিবার ফল কথন।]

ব্রহ্মা বলিলেন—অতঃপর আমি তৃতীয় এবং শ্রেষ্ঠ গুণের বিষয় কীর্ত্তন করিব। সংসারে সেই সত্ত্বগুণই সর্বজীবের হিতসাধনকারী সজ্জনগণের ধর্ম এবং অনিন্দনীয়। ১

আনন্দ, প্রসন্নতা, ইন্দ্রিয়ের প্রকাশ, সুখ, অকৃপণতা (উদারতা), নির্ভীকতা, সন্তোষ, শ্রদ্ধা, ক্ষমা (কেহ কাহাকেও অনিষ্টকারীর অনিষ্ট না করা)। ধৈর্য্য, অহিংসা, সমতা, সত্যবাদিতা, সারল্য, অক্রোধ, ঘৃণারাহিত্য, আত্মস্থ ও বাহ্য শৌচ, কর্মে দক্ষতা এবং বীর্য্য—এই সকল সত্ত্বগুণের কার্য্য। ২-৩

সাংসারিক বিষয়ে জ্ঞান বৃথা, ভোগেচ্ছা প্রভৃতি ধর্মাচরণ বৃথা, বৃথা সেবা এবং শ্রম- এইরূপ সংসারের অসারতা জানিয়া যে নিবৃত্তিধর্মের আচরণে নিযুক্ত হয়, সে পরলোকে নিত্যসুখ ভোগ করিয়া থাকে। ৪

পুত্র-পরিজন-ধনসম্পত্তিতে "ইহা আমার" এইরূপ বোধের অভাব, আশাবর্জিত হওয়া, সর্বভূতে সমজ্ঞান, নিত্যবস্তু এগুলিই সত্ত্বলোকের প্রাপক ধর্ম বলিয়া উক্ত হইয়াছে। ৫

শান্তভাব, লজ্জা, সহনশীলতা, ত্যাগ, শৌচ এবং অনলসতা, কোমলতা, যোগযুক্ততা, সর্বজীবে দয়া, অপ্রেমবিহীনা, সর্বদা উৎফুল্লতা, তুষ্টি, কোনও বিষয়ে অসূয়া না করা, বিনয়, সচ্চরিত্রতা, শান্তি কর্মে শুচিভাবে প্রবৃত্ত হওয়া, শুদ্ধ ও সংযতভাব-প্রাহিণী বুদ্ধি, আশা ও ইচ্ছাকে রুদ্ধ রাখা, পাপীর প্রতি উপেক্ষা, ব্রহ্মচর্য্য, সর্ববিষয়ত্যাগ, নির্মমতা, ফলকামনাবর্জন, নিয়ত অধ্যয়নে ধর্মপালন, দান, যজ্ঞ, অধিক শাস্ত্রপাঠ, সকাম ব্রতপালন, অপরের প্রদত্ত দানগ্রহণ, ধর্মাদি কার্য্যের ধর্মপালন,- পণ্ডিত লোকগণ সত্ত্বগুণের ফলস্বরূপ—এই সকলই বৃথা"—এইরূপ ভাবে যাহার স্বভাব, সে সেই ইহকে না কেন তাহাকে সত্ত্বগুণান্বিত, ব্রাহ্মণ, পণ্ডিত এবং ব্রহ্মযোনি স্থিত বলিয়া জানিবে। ৬-১০

জ্ঞানবান্ মানবগণ সকল পাপ নিঃশেষে হত করত শোক-রহিত হইয়া ধর্ম লাভ করিয়া পরে কর্মফলের ভক্ত নানা প্রকার শরীর ধারণ করিয়া থাকেন। ১১

সত্ত্বগুণে প্রতিষ্ঠিত মহাত্মাগণ ধর্মবলী দেবগণের ন্যায় ঈশিত্ব (সর্বভূতের প্রভুত্ব করিবার ক্ষমতা), বশিত্ব, (সকলকে বশ করার ক্ষমতা) অমিমা (অণুর ন্যায় সূক্ষ্ম হইবার ক্ষমতা) লঘিমা ইত্যাদি মানসিক সিদ্ধি পাইয়া থাকেন। তাঁহারা ঊর্ধ্ব স্রোতা এবং বৈকারিক দেবতা বলিয়া অভিহিত হন ।১২-১

যোগবলে ধর্ম প্রাপ্তির পর তাঁহাদের চিত্ত সেই সেই ভোগ-

যদ্ যদিচ্ছান্তি তৎ সর্ব্বং ভজন্তে বিভজন্তি চ
ইত্যেতৎ সাত্ত্বিকং বৃত্তং কথিতং বো দ্বিজর্ষভাঃ
এতদ্ বিজ্ঞায় সততং বিদ্বিদ্বদ্ যদ্ যদিচ্ছতি ॥ ১৪
প্রকীর্ত্তিতাঃ সত্ত্বগুণা বিশেষতো

নরস্তু যো বেদ গুণাংশ্চিমান্ সদা
গুণান্ স ভুঙ্‌ক্তে ন গুণৈঃ স মুচ্যতে ॥ ১৫
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্
আশ্বমেধিকে পর্ব্বণি অনুশীতাপর্ব্বণি শুক-শিষ্যসংবাদে
অষ্টত্রিংশোঽধ্যায়ঃ ॥ ৩৮

যথাবদুক্তঃ গুণবৃত্তমেব চ ।

অনিত্য সত্ত্বতত্ত্বজ্ঞ দ্বারা বিরচিত হয়। সেই সমস্ত ঔষধিরা যাহা যাহা লাভে, সেই সেই বস্তুই প্রাপ্ত হন ও নিজেদের দ্বারা ভোগ করিয়া থাকেন। ১৩

হে দ্বিজশ্রেষ্ঠগণ! সত্ত্বগুণ প্রভৃতির তথা এই আশ্রমাচরণের বলিলাম। যথাশাস্ত্র ইহা বিজ্ঞাত হইলে পর যাহা ভাবনা করেন তাহাই প্রাপ্ত হন। ১৪

বিশেষভাবে সত্ত্বগুণের লক্ষণ যথাবিধি বলিলাম এবং সেই গুণের বৃত্তির তথাও বলিলাম। যে মানব এই সকল গুণের তথা সর্ব্বদা বিদিত থাকে, সে এই সকল গুণ দ্বারা ভোগ করে, কিন্তু গুণের তাহাদের দ্বারা বিবশ হয় না। ১৫

শ্রীমহর্ষি বেদব্যাসবিরচিত শতসাহস্রী সংহিতা শ্রীমহাভারতের আশ্বমেধিক পর্ব্বান্তর্গত অনুশীতাপর্ব্বে গুরুশিষ্য সংবাদে অষ্টত্রিংশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত।

একোনচত্বারিংশোঽধ্যায়ঃ।

[সত্ত্বপ্রভৃতিগুণানাং প্রকৃতেশ্চ নানাত্বং বর্ণনম্।]

ব্রহ্মোবাচ।

নৈব শক্যা গুণা বক্তুং পৃথক্‌ত্বেনেহ সর্ব্বশঃ।
অবিভিন্নানি দৃশ্যন্তে রজঃ সত্ত্বং তমস্তথা ॥ ১
অন্যোন্যমথ রজ্যন্তে জন্তোর্দেহে চরাচরান্
অন্যোন্যমাশ্রিতাঃ সর্ব্বে তথান্যোন্যানুজীবিনঃ ॥ ২
যাবৎ সত্ত্বং রজস্তাবদ্ বর্ত্ততে নাত্র সংশয়ঃ।
যাবদ্ধ্যস্তি সত্ত্বস্থ রজস্তাবদ্ধ্যহোচ্যতে ॥ ৩
সাহত্বা বর্ত্ততে যাত্রা সহিতাঃ সত্ত্বচারিণঃ

সত্ত্বাদ্ধ্যস্তরো জেতে বর্ত্তন্তে হেত্বহেতুভিঃ ॥ ৪
উদ্রেকব্যতিরিক্তানাং তেষামন্যোন্যবর্ত্তিনাম্।
বক্ষ্যতে তদ্ যথা নূনং ব্যতিরিক্তস্য সর্ব্বশঃ ॥ ৫
ব্যতিরিক্তং তমো যত্র তির্য্যগ্‌ভাবগতং ভবেৎ।
অল্পং তত্র রজো জ্ঞেয়ং সত্ত্বমল্পতরং তথা ॥ ৬
উদ্রিক্তং রজো যত্র মধ্যস্রোতো গতং ভবেৎ।
অল্পং তত্র তমো জ্ঞেয়ং সত্ত্বমল্পতরং তথা ॥ ৭

একোনচত্বারিংশ অধ্যায়।

[সত্ত্ব প্রভৃতি গুণ এবং প্রকৃতির নানাত্বের বর্ণনা।]

ব্রহ্মা বলিলেন- হে মহর্ষিগণ! সত্ত্ব, রজঃ ও তমঃ এই তিনটি গুণ সর্ব্বদা পৃথক্‌ভাবে বর্ণনা করা যায় না, যেহেতু ইহারা পরস্পরের সহিত ওতপ্রোতভাবে মিশিয়া থাকে। ১

ইহারা সকলে পরস্পরের সঙ্গে অন্তর্ভুক্ত, পরস্পরের দ্বারা অনুপ্রাণিত, পরস্পরের আশ্রিত ও পরস্পরের অনুসরণকারী। ২

ইহাতে কোনও সন্দেহ নাই যে, এই জগতে যতদিন পর্য্যন্ত সত্ত্বগুণ কোন কিছুর মধ্যে বর্ত্তমান থাকে, ততদিন পর্য্যন্ত তাহাতে রজোগুণ থাকে এবং যতক্ষণ পর্য্যন্ত তমোগুণ থাকে, ততক্ষণ তাহার সহিত সত্ত্ব ও রজোগুণও বিদ্যমান থাকে। ৩

কোনও কারণ থাকুক আর না থাকুক এই গুণত্রয় সর্ব্বদা একসঙ্গে চলিয়া যায়, একসঙ্গে থাকে, একসঙ্গে বিচরণ করে, একসঙ্গে কর্ম্মে প্রবৃত্ত হয়। ৪

যদিও ইহারা পরস্পরের অনুগামী, তথাপি তাহাদের কোনওটির কোথাও উদ্ভব বা কোথাও বা ক্ষীণতা দৃষ্ট হয়। কিভাবে এই গুণসমূহের কোনটির ন্যূনতা কোনটির বা প্রাবল্য হয়, তাহা এইবার বলিব। ৫

তির্য্যগ্ যোনিতে যেখানে তমোগুণের প্রাবল্য হয়, সেখানেও সামান্য পরিমাণ রজোগুণও তদপেক্ষা ও অল্পতর সত্ত্বগুণ আছে বলিয়া জানিবেন। ৬

মধ্যস্রোতা অর্থাৎ সাধারণ মনুষ্য যোনিতে যথায় রজোগুণের প্রাবল্য পরিলক্ষিত হয়, সেখানেও অল্প তমোগুণ এবং আরও অল্প সত্ত্বগুণ আছে বলিয়া জানিবেন। ৭

শ্রীশ্রীঠাকুরের বাণী

ব্রহ্ম হতে কীট পর্য্যন্ত সকলের মৃত্যুর ভয় আছে। একদিন না একদিন সকলকেই মৃত্যু করালবদন ব্যাদান করে গ্রাস করেই। তাই মৃত্যুভয়ে ভীতগণ ভীত। অমৃতপানে মানুষ অমর হয় ব'লে অমৃতকে লোকে জগতের শ্রেষ্ঠ জিনিষ বলে জানে। তাই নামকে অমৃতের সঙ্গে তুলনা দেয়। অমৃতের চেয়ে কিছু শ্রেষ্ঠ পদার্থ নাই ব'লে। কিন্তু নাম অমৃতের চেয়েও শ্রেষ্ঠতম কারণ সাগর-মন্থনোদ্ভূত অমৃত পানে দেবগণ অমর হয়েছেন বটে, কিন্তু তাঁদের দুঃখ-জ্বালা-যন্ত্রণার অবসান হয় নাই। দেবরাজ ইন্দ্র—তিনি সর্ব্বদা ব্যাকুল-হৃদয়ে অবস্থান করেন, কে কখন তপস্যা ক'রে তাঁর ইন্দ্রত্বপদ কেড়ে নেবে এ চিন্তা তিনি অহরহঃ করছেন। যদি কেহ উগ্রতপস্যা করে, তপস্যা ভঙ্গ করিবার জন্য কত উদ্যোগ আয়োজন তাঁকে করতে হয়। অনন্তর যিনি তপস্যায় সিদ্ধ হন, অগ্রে স্বর্গরাজ্য আক্রমণ ক'রে দেবগণকে স্বর্গচ্যুত করে দেন। তৎকালে দেবগণ সহ ইন্দ্রকে মানুষের মত পথে পথে ঘুরে বেড়াতে হয়। অমৃত পান করে অমর হয়েও তাঁদের জ্বালা নিবৃত্তি হয় নাই। আর এই পরম মহামৃত নাম যিনি পান করেন, তাঁর আর ইহলোক-পরলোকের কোন ভাবনা থাকে না; তিনি প্রতিনিয়ত আনন্দসাগরে ভাসতে থাকেন। পূর্ণাহংস্বরূপ-প্রেমলাভে তিনি জগতে থেকেও জগতে থাকেন না। বিশ্বসংসার তাঁর চৈতন্যময় শ্রীভগবানে পরিণত হয়ে যায়; ভগবান ভিন্ন তাঁর আর কিছু থাকে না।

Regd. No. WB/NC-57

JAISHTHA
1382 B.S. :

Aryashastra

Mahabharata—84
May—June 1975

শ্রীশ্রীঠাকুরের বাণী

(১)

তুলসী হইলেন সত্ত্বগুণের প্রকট মূর্ত্তি। তুলসীর পত্রে, তুলসীর কাষ্ঠে, তুলসীর গন্ধে, তুলসীমূলের মৃত্তিকায় প্রচুর সত্ত্বগুণ নিশ্চল-ভাবে অবস্থান করে। তুলসীর সেবায় মন সত্ত্বগুণে নিমজ্জিত হয়। তুলসীর গন্ধ নাসিকারন্ধ্র দ্বারা অন্তরে প্রবেশ করিয়া আন্তর-তমঃ নাশ করে, তুলসী-মৃত্তিকা পবন বাহিরের তমঃ নাশ করে।

(২)

এই সংসারে শোক দুঃখ রোগ অভাব জন্য সুখ ঐশ্বর্য্য সাধুবাদ নিন্দাবাদ ইত্যাদি কুকুরের মত ঘেউ ঘেউ করিবেই। তাহাদিগকে গ্রাহ্য না করিয়া, 'রাম রাম' করিতে করিতে অগ্রসর হইতে পারিলে, তাহারা কিছুক্ষণ চীৎকার করিয়া পশ্চাদ্ধাবন করিবে, তাহার পর আপনা-আপনি নীরব হইয়া যাইবে।



2 FEB. 1976

শ্রীরামরঞ্জন ভাদুড়ী-ব্যাকরণতীর্থ কর্তৃক শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়, ৭১২, পি, ডব্লিউ, ডি, রোড, কলিকাতা-৩৫ হইতে প্রকাশিত ও শান্তনবান প্রেস, বরাবিলন ৮৯, পি, ডব্লিউ, ডি, রোড, কলিকাতা-৩৫ হইতে মুদ্রাপিত।